অষ্টাদশাক্ষরমন্ত্রমধিকৃত্য শ্রীশিবেনোক্তং ॥

ব্যর্থত্বে হেতুঃ লেখ্যতি শ্রীমদিতি। তাদৃশী শ্রীগোপালদেবসদৃশী শক্তির্যেষাং তেষু ॥১০০॥ নানাবিধা আহ্বয়া নামানি জন্মভানি চ জন্মনক্ষত্রাণি যেষাং বর্ণাদীনাং তেষ্বপি মধ্যে তেষাং নানাহ্বয়জন্মভেষু সৎস্বপি এষ শ্রীগোপালমন্ত্রোঽভিবাঞ্ছিতানাং ফলানাং শীঘ্রমেব দাতা ॥ ১০১ ॥

অন্যান্য তন্ত্র হইতে পরিজ্ঞাত হইবে, ব্যর্থতা প্রযুক্ত বাহুল্য ভয়ে এ স্থানে ঐসকল লিখিত হইল না ॥ ৯৯ ॥

শ্রীমান্ গোপালদেব যেমন অণিমাদি ঐশ্বর্য্য সকল প্রকাশ করিয়া থাকেন,তাদৃশ তাঁহার মন্ত্র সকলেতেও ঐশ্বর্য্যপ্রদত্ব শক্তিসকল আছে। অতএব ঐ মন্ত্র সকলের কোন বিচার করার প্রয়োজন নাই ॥ ১০০ ॥

এই বিষয় ক্রমদীপিকায় যথা ॥

এই গোপালমন্ত্র, যত বর্ণ, যত আশ্রম, স্ত্রীজাতি এবং যাহাদিগের নাম ও জন্ম নক্ষত্র ভিন্ন প্রকার অর্থাৎ মন্ত্রের আদ্যক্ষরের সহিত যাহাদিগের নামের ও জন্মনক্ষত্রের আদ্যক্ষরের মেলন হয় না, সেই সকলকেই শীঘ্র অভিবাঞ্ছিত ফল প্রদান করেন ॥ ১০১ ॥

ত্রৈলোক্যসম্মোহন তন্ত্রেও অষ্টাদশাক্ষর
মন্ত্রকে অধিকার করিয়া শ্রীশিব বলিয়াছেন ॥

নচাত্র শাত্রবা দোষা নর্ণস্বাদিবিচারণা।
ঋক্ষরাশিবিচারো বা ন কর্ত্তব্যো মনৌ প্রিয়ে।
কেচিচ্ছিন্নাশ্চ রুদ্ধাশ্চ কেচিন্মদসমুদ্ধতাঃ।
মলিনাঃ স্তম্ভিতাঃ কেচিৎ কীলিতা দূষিতা অপি।

অত্র অস্মিন্ মন্ত্রে শাত্রবাঃ শক্রসম্বন্ধিনো দোষাঃ সিদ্ধাদিশোধনোক্তাঃ। ঋণস্ক স্বং ধনঞ্চ তদাদিবিচারণা চ ন কর্ত্তব্যা। অন্যমন্ত্রাণাং দোষানাহ কেচিদিতি। উক্তঞ্চ ছিন্না-দীনাং লক্ষণং শারদাতিলকে। মনোর্যস্যাদিমধ্যান্তেম্বানীলং বীজমুচ্যতে। সংযুক্তং বা বিযুক্তং বা স্বরাক্রান্তং ত্রিধা পুনঃ। চতুর্দ্ধা পঞ্চধা বাথ স মন্ত্রশ্ছিন্নসংজ্ঞকঃ। মায়া নমামি চ পদং নাস্তি যস্মিন্ স কীলিতঃ। একং মধ্যে দ্বয়ং মূর্দ্ধ্নি যস্মিন্নস্ত্রপুরন্দরৌ। ন বিদ্যেতে স মন্ত্রঃ স্যাৎ স্তম্ভিতঃ সিদ্ধিরোধনঃ। আদিমধ্যাবসানেষু ভবেদ্বর্ণচতুষ্টয়ং। যস্য মন্ত্রঃ স মলিনো মন্ত্রবিদ্ভিঃ বিবর্জ্জয়েৎ। মন্ত্রো [illegible] বা [illegible] সপ্তাদশ[illegible]। ফট্কার-

প্রিয়ে! অষ্টাদশাক্ষর গোপালমন্ত্রে সিদ্ধাদি শোধনোক্ত শক্র-জনিত দোষ সকল নাই, ঋণ ধন বিচারের প্রয়োজন নাই, নক্ষত্র রাশির বিচারও করিবে না॥

অপর কতক গুলিন মন্ত্র ছিন্ন, কতক গুলিন মন্ত্র রুদ্ধ, কতক গুলিন মন্ত্র মদোম্মত্ত, কতক গুলিন মন্ত্র মলিন, কতক গুলিন মন্ত্র স্তম্ভিত ও কীলিত এবং কতক গুলিন দূষিত। কিন্তু এই অষ্টাদশাক্ষর গোপাল-মন্ত্র উল্লিখিত দোষ সকলে সংস্পৃষ্ট নহে, অতএব ইহা ত্রিভুবনের মধ্যে উৎকৃষ্ট॥

তাৎপর্য্য। ছিন্নাদি মন্ত্রের লক্ষণ শারদাতিলকে বর্ণিত হইয়াছে যথা যে মন্ত্রের আদি মধ্য ও অন্তে বায়ুবীজ অর্থাৎ 'যং' থাকে তাহা সংযুক্তই থাকু বা বিযুক্তই থাকুক, যদি তিনবার অথবা চারিবার কিম্বা পাঁচবার স্বরবর্ণ সংযুক্ত হয়, তাহা হইলে সেই মন্ত্রকে ছিন্ন বলে। যে মন্ত্রে মায়াবীজ 'হ্রীং ও নমামি' পদ নাই তাহার নাম কীলিত, যে মন্ত্রের মধ্য-ভাগে অস্ত্র ও ইন্দ্রের অর্থাৎ ইহাদিগের বীজের একটী এবং শেষভাগে দুইটী না থাকে সেই মন্ত্রের নাম স্তম্ভিত, ইহা সিদ্ধিকে রোধ করে। যে মন্ত্রের আদি মধ্যে ও অন্তে চারিটী বর্ণ থাকে তাহার নাম মলিন,

এতৈর্দোষৈর্যুতো নায়ং যস্তস্ত্রিভুবনোত্তম ইতি ॥ ১০২ ॥

সামান্যতশ্চ যথা বৃহদ্গৌতমীয়ে ॥

অথ কৃষ্ণমনূন্ বক্ষ্যে দৃষ্টাদৃষ্টফলপ্রদান্।

যান্ বৈ বিজ্ঞায মুনয়ো লেভিরে মুক্তিমঞ্জসা।

গৃহস্থা বনগাশ্চৈব যতয়ো ব্রহ্মচারিণঃ।

স্ত্রিয়ঃ শূদ্রাদয়শ্চৈব সর্ব্বে যত্রাধিকারিণঃ।

নাত্র চিন্ত্যোঽরিশুদ্ধ্যাদি নারিমিত্রাদিলক্ষণং।

নবা প্রয়াসবাহুল্যং সাধনে ন পরিশ্রমঃ।

অজ্ঞানতূলরাশেশ্চ অনলঃ ক্ষণমাত্রতঃ।

পঞ্চকাদিগো মদোন্মত্ত উদীরিতঃ। যস্ত মধ্যে দকারো বা ক্রোধো বা মূর্দ্ধনি ত্রিধা। অস্ত্রং তিষ্ঠতি মন্ত্রঃ স তিরস্কৃত ইতীরিত ইত্যাদি। অযমষ্টাদশাক্ষরঃ শ্রীগোপালমন্ত্রঃ ॥ ১০২ ॥

এবং সম্মোহনতন্ত্রাদ্যুক্তপ্রকারেণ। অন্যেষু শ্রীগোপালদেবমন্ত্রব্যতিরিক্তেষু। পরে সিদ্ধাদিশোধনোক্তদোষতো হন্যেঽপি ছিন্নাদয়ঃ। তদর্থমিতি। যে কেচিদন্যমন্ত্রসাধকা

মন্ত্রবেত্তারা ঈদৃশ মন্ত্রকে বর্জন করিবেন। মন্ত্র অথবা বিদ্যার সপ্তদশ বর্ণ এবং আদিভাগে পাঁচটী ফট্কার থাকে তাহার নাম মদোন্মত্ত। আর যে মন্ত্রের মধ্যে দকার এবং শেষভাগে তিনবার অস্ত্র অর্থাৎ ফট্ থাকে তাহার নাম দূষিত ॥ ১০২ ॥

সামান্যতো যথা বৃহদ্গৌতমীয়ে ॥

অনন্তর দৃষ্ট ও অদৃষ্ট ফল প্রদানকারি কৃষ্ণমন্ত্র সকল বর্ণন করিব, যে সমুদায় অবগত হইয়া মুনিগণ অনায়াসে মুক্তিলাভ করিয়াছিলেন এবং যে সকল মন্ত্রে গৃহস্থ, বানপ্রস্থ, যতি, ব্রহ্মচারী, স্ত্রীজাতি ও শূদ্র ইত্যাদি সকলেরই অধিকার আছে। ইহাতে অরি-শুদ্ধি প্রভৃতির বিচার নাই, অরিমিত্রাদিও দেখিতে হয় না, সাধনে যত্নের বাহুল্য নাই এবং পরিশ্রমও করিতে হয় না ॥

ইহা ক্ষণমাত্রেই অজ্ঞান রূপ তূলা রাশির পক্ষে অনল সদৃশ হইয়া থাকেন। ইহাতে সিদ্ধ, সাধ্য, সুসিদ্ধ ও অরি বিচার করা আবশ্যক

সিদ্ধসাধ্যসুসিদ্ধারিরূপা নাত্র বিচারণা।
সর্ব্বেষাং সিদ্ধমন্ত্রাণাং যতো ব্রহ্মাক্ষরো মনুঃ।
প্রজাপতিরবাপাগ্র্যং দেবরাজ্যং শচীপতিঃ।
অবাপুস্ত্রিদশাঃ স্বর্গং বাগীশত্বং বৃহস্পতিরিত্যাদি।
তথাত্রৈবাগ্রে।
বিষ্ণুভক্ত্যা বিশেষেণ কিং ন সিধ্যতি ভূতলে।
কীটাদিব্রহ্মপর্য্যন্তং গোবিন্দানুগ্রহান্মুনে।
সর্ব্বসম্পত্তিনিলয়াঃ সর্ব্বত্রাপ্যকুতোভয়াঃ।
ইত্যাদি কথিতং কিঞ্চিন্মাহাত্ম্যং বো মুনীশ্বরাঃ।
আকাশে তারকা যদ্বৎ সিন্ধোঃ সৈকতসৃষ্টিবৎ।
এতদ্ বিজ্ঞানমাত্রেণ লভেন্মুক্তিং চতুর্ব্বিধাং।
এতদন্যেষু মন্ত্রেষু দোষাঃ সন্তি পরে চ যে।

ভবেয়ুস্তেষাং তদ্দোষশোধনার্থমিত্যর্থঃ। তচ্চ তাৎপর্য্যেণ শ্রীগোপালদেবমন্ত্রমাহাত্ম্য

করে না। কারণ যত যত সিদ্ধমন্ত্র আছে তৎ সমুদায়ের মধ্যে এই মন্ত্রের অক্ষর সকল ব্রহ্মস্বরূপ॥

এই মন্ত্রের প্রভাবে ব্রহ্মা সকলের শ্রেষ্ঠতা, শচীপতি দেবরাজ্য, দেবতা সকল স্বর্গ ও বৃহস্পতি বাগীশত্ব প্রাপ্ত হইয়াছেন॥

ঐ স্থানের কিঞ্চিৎ পরে॥

হে মুনে! বিষ্ণুর ভক্তিবিশেষ দ্বারা পৃথিবীর মধ্যে কি না সিদ্ধি হয়?। গোবিন্দের অনুগ্রহে কীটাদি ব্রহ্ম পর্য্যন্তও সর্ব্ব সম্পত্তির আবাস স্থান হয়েন এবং তাঁহাদের কাহা হইতেও ভয় হয় না॥

হে মুনীশ্বরগণ! আপনাদিগকে এই কিঞ্চিন্মাহাত্ম্য বলিলাম, সমগ্র মাহাত্ম্য যেমন আকাশে নক্ষত্র সমূহ, যেমন সমুদ্রতটে বালুকা সৃষ্টি। ইহা বিশেষ রূপে জানিতে পারিলেই চতুর্ব্বিধা মুক্তি লাভ হয়॥

ইহা ভিন্ন অন্যান্য মন্ত্রে যে অপরাপর দোষ সকল আছে, তৎ

তদর্থং মন্ত্রসংস্কারা লিখ্যন্তে তন্ত্রতো দশ ॥ ১০৩ ॥

অথ মন্ত্রসংস্কারাঃ ॥

শারদাতিলকে।

জননং জীবনঞ্চেতি তাড়নং রোধনং তথা।

অথাভিষেকো বিমলীকরণাপ্যায়নে পুনঃ।

তর্পণং দীপনং গুপ্তি র্দশৈতা মন্ত্র সংক্রিয়াঃ।

মন্ত্রাণাং মাতৃকামধ্যাদুদ্ধারো জননং স্মৃতং।

প্রণবান্তরিতান্ কৃত্বা মন্ত্রবর্ণান্ জপেৎ সুধীঃ।

এতজ্জীবনমিত্যাহু র্মন্ত্র তন্ত্রবিশারদাঃ।

মনোর্বর্ণান্ সমালিখ্য তাড়য়েচ্চন্দনাম্ভসা।

প্রত্যেকং বায়ুনা মন্ত্রী তাড়নং তদুদাহৃতং।

বিলিখ্য মন্ত্রং তং মন্ত্রী প্রসূনৈঃ করবীরজৈঃ।

তন্মন্ত্রাক্ষরসংখ্যাতৈ র্হন্যাদ্বক্তেন রোধনং।

বিখ্যাপনার্থমেবেতি ভাবঃ। তন্ত্রত আগম শাস্ত্রোক্তা হত্তাথঃ ॥ ১০৩ ॥

জ্যোতির্মন্ত্রেণেত্যুক্তং তমেবাহ তারমিতি। ব্যোমেত্যাদিনা তত্ত্বীজং বোধ্যতে।

সমুদায়ের প্রতীকারের নিমিত্ত তন্ত্র হইতে দশ প্রকার মন্ত্র সংস্কার লিখিত হইতেছে ॥ ১০৩ ॥

অথ মন্ত্রসংস্কার যথা শারদাতিলকে ॥

জনন, জীবন, তাড়ন, রোধন, অভিষেক, বিমলীকরণ, আপ্যায়ন, তর্পণ, দীপন ও গোপন এই দশ প্রকার মন্ত্রসংস্কার ॥

মাতৃকাযন্ত্রের মধ্য হইতে মন্ত্র সকলের উদ্ধারকে জনন বলে। ধীর ব্যক্তি প্রণব দ্বারা আবরণ করিয়া মন্ত্রের বর্ণ সকল জপ করিবেন, মন্ত্র তন্ত্র বিশারদ পণ্ডিতগণ ইহাকে জীবন বলিয়া থাকেন। মন্ত্রজ্ঞ ব্যক্তি "যং" এই বায়ু বীজ উচ্চারণ পূর্ব্বক চন্দন জল দ্বারা মন্ত্রের প্রত্যেক বর্ণকে আঘাত করিবেন, ইহাকেই তাড়ন বলে। মন্ত্রজ্ঞ-ব্যক্তি মন্ত্র লিখিয়া মন্ত্রের অক্ষরের যত সংখ্যা তত গুলি করবীর পুষ্প-দ্বারা যত্ন পূর্ব্বক সেই মন্ত্রকে তাড়না করিবেন, ইহারই নাম রোধন।

স্বতন্ত্রোক্তবিধানেন মন্ত্রী মন্ত্রার্ণসংখ্যয়া।
অশ্বত্থপল্লবৈর্মন্ত্রমভিষিঞ্চেদ্বিশুদ্ধয়ে।
সংচিন্ত্য মনসা মন্ত্রং জ্যোতির্মন্ত্রেণ নির্দ্দহেৎ।
মন্ত্রে মূলত্রয়ং মন্ত্রী বিমলীকরণং ত্বিদং।
তার ব্যোমাগ্নি মনুযুগ্দণ্ডী জ্যোতির্মনুর্মতঃ।
কুশোদকেন জপ্তেন প্রত্যর্ণং প্রোক্ষণং মনোঃ।
তেন মন্ত্রেণ বিধিবদেতদাপ্যায়নং স্মৃতং।
মন্ত্রেণ বারিণা যন্ত্রে তর্পণং তর্পণং স্মৃতং।
তার-মায়া-রমাযোগো মনোর্দীপনমুচ্যতে।
জপ্যমানস্য মন্ত্রস্য গোপনং ত্বপ্রকাশনং।
বলিত্বাৎ কৃষ্ণমন্ত্রাণাং সংস্কারাপেক্ষণং নহি।
সামান্যোদ্দেশমাত্রেণ তথাপ্যেতদুদীরিতং॥ ১০৪॥

এবমগ্রে মায়াদাবপি॥ ১০৪॥

মন্ত্রবেত্তা স্বীয় তন্ত্রোক্ত বিধানানুসারে মন্ত্রের যতগুলি বর্ণ তত সংখ্যক অশ্বত্থ পত্র দ্বারা বিশুদ্ধির নিমিত্ত মন্ত্রকে অভিষেক করিবেন। মন্ত্রি-ব্যক্তি মনোমধ্যে মন্ত্রকে চিন্তা করিয়া মন্ত্র মধ্যগত মূলত্রয়কে জ্যোতি-র্মন্ত্র দ্বারা দাহন করিবেন, ইহাকেই বিমলীকরণ বলে। প্রণব (ওঁ), আকাশ, অগ্নি ও মন্ত্র সংযুক্ত দণ্ডী অর্থাৎ 'ওঁ হং রং ঔং' ইহা জ্যোতি-র্মন্ত্র বলিয়া সম্মত। যাহাতে জপ করা হইয়াছে, এরূপ কুশজল দ্বারা মন্ত্রের প্রত্যেক বর্ণকে সেই মন্ত্র সহকারে বিধি অনুসারে প্রোক্ষণ করার নাম আপ্যায়ন। মন্ত্রপাঠ পূর্ব্বক জল দ্বারা যন্ত্র মধ্যে তর্পণ করার নাম তর্পণ। তার মায়া ও লক্ষ্মীযোগ অর্থাৎ "ওঁ হ্রীং শ্রীং" মন্ত্রের দীপন বলিয়া কথিত। যে মন্ত্র জপ করিতে হইবে, তাহাকে প্রকাশ না করার নাম গোপন। কৃষ্ণমন্ত্র সকল বলবান্ প্রযুক্ত, সংস্কা-রের অপেক্ষা নাই। তথাপি সামান্যত উদ্দেশ করিয়াই ইহা কথিত হইল॥ ১০৪॥

॥ * ॥ ইতি শ্রীগোপালভট্টবিলিখিতে ভগবদ্ভক্তিবিলাসে গৌরবো নাম প্রথমো বিলাসঃ ॥ * ॥ ১ ॥ * ॥

॥ * ॥ ইতি শ্রীভগবদ্ভক্তিবিলাসটীকায়াং দিগ্দর্শিন্যাং প্রথমোবিলাসঃ ॥ * ॥

॥ * ॥ ইতি শ্রীগোপালভট্টগোস্বামি বিলিখিত শ্রীভগবদ্ভক্তিবিলাসে শ্রীরামনারায়ণ বিদ্যারত্ন কৃতানুবাদে গৌরবনামকঃ প্রথমোবিলাসঃ ॥ * ॥

সমাপ্তঃ।

অথ দ্বিতীয়বিলাসঃ।

তং শ্রীমৎকৃষ্ণচৈতন্যদেবং বন্দে জগদ্গুরুং।
যস্যানুকম্পয়া শ্বাপি মহাব্ধিং সন্তরেৎ সুখং ॥ ১ ॥

অথ দীক্ষাবিধিঃ ॥

দীক্ষাবিধি র্লিখ্যতেঽত্রানুসৃত্য ক্রমদীপিকাং।
বিনা দীক্ষাং হি পূজায়াং নাধিকারোঽস্তি কস্যচিৎ ॥ ২ ॥

নমঃ শ্রীকৃষ্ণায় ভগবতে ভদ্রবনচন্দ্রায় ॥ অন্ধঃ পশ্যতি শাস্ত্রাণি শিলা তরতি বারিধিং। যস্য প্রভাবতো বন্দে তং শ্রীচৈতন্যমীশ্বরং। কর্ত্তব্যাংশস্য বিজ্ঞানমবশ্যং সম্যগিষ্যতে। অতো যস্তত্র সংক্ষিপ্তো গ্রন্থঃ সোঽয়ং প্রপঞ্চ্যতে। তত্রাদৌ বিবিধমতাকুলিত-দীক্ষাবিধি-লিখনে পরমাশক্ত্যাগ্যাত্মনো ভগবদনুগ্রহেণ শক্ততাং সম্ভাবয়ন্নিব প্রারিপ্সিত সিদ্ধয়ে পূর্ব্ববদ্ গুরুরূপমিষ্টদেবতং প্রণমতি তমিতি। শ্রীমান্ কৃষ্ণশ্চাসৌ চৈতন্যদেবশ্চ পরমাত্মেতি তং। পক্ষে শ্রীকৃষ্ণচৈতন্যেতি বিখ্যাতদেবমীশ্বরং। সাক্ষাত্তন্ত্রোপদেষ্টৃত্বাসম্ভবেঽপি চিত্তাধিষ্ঠাতৃত্বাদনা সর্ব্বেষামপি জীবানাং পরমগুরুতয়াত্মনোঽপি সএব গুরুরিত্যভিপ্রেত্য লিখতি জগদ্গুরুমিতি। পক্ষে সর্ব্বত্রৈব ভগবন্নামসংকীর্ত্তনপ্রধানভক্তিপ্রচারণাজ্জগতাং গুরুত্বেন বিশেষতো দীনজনবিষয়ক সমগ্রোপদেশানুগ্রহেণ গুরুমিতি ॥ ১ ॥

ক্রমদীপিকামনুসৃত্যেতি শ্রীকেশবাচার্য্যবিরচিত-ক্রমদীপিকাখ্য-গ্রন্থোক্তানুসারেণৈব নতু তদুক্তবিরোধেনেত্যর্থঃ। দীক্ষাবিধিলিখনে হেতুঃ। বিনেতি। হি যতঃ ॥ ২ ॥

যাঁহার কৃপায় কুক্কুরও সুখে মহাসাগর উত্তীর্ণ হয়, সেই জগদ্গুরু শ্রীকৃষ্ণচৈতন্যদেবকে নমস্কার করি ॥ ১ ॥

অথ দীক্ষাবিধি ॥

কেশবাচার্য্য-বিরচিত ক্রমদীপিকা নামক গ্রন্থের অনুসারে দীক্ষাবিধি লিখিত হইতেছে। দীক্ষাব্যতিরেকে কাহারই পূজাতে অধিকার নাই ॥ ২ ॥

অথ দীক্ষানিত্যতা ॥

আগমে ॥

দ্বিজানামনুপেতানাং স্বকর্ম্মাধ্যয়নাদিষু ।
যথাধিকারো নাস্তীহ স্যাচ্চোপনয়নাদনু ।
তথাত্রাদীক্ষিতানান্তু মন্ত্রদেবার্চ্চনাদিষু ।
নাধিকারোঽস্ত্যতঃ কুর্য্যাদাত্মানং শিবসংস্তুতং ॥

স্কান্দে কার্ত্তিকপ্রসঙ্গে শ্রীব্রহ্মনারদসম্বাদে ।

তে নরাঃ পশবো লোকে কিং তেষাং জীবনে ফলং ।

অনুপেতানাং অকৃতোপনয়নানাং। উপনয়নাৎ যজ্ঞোপবীতদানাৎ অনু অনন্তরং তু অধিকারঃ স্যাদেব। শিবসংস্তুতমিতি দীক্ষিতমিত্যর্থঃ প্রধানত্বেন শ্রীবিষ্ণুদীক্ষাগ্রহণাৎ শ্রীশিবস্যাপি সম্যক্ স্তুতিবিষয়মিতি ভাবঃ। এবঞ্চ দীক্ষাং বিনা পূজায়ামনধিকারাৎ, তথা। শালগ্রামশিলাপূজাং বিনা যোঽশ্নাতি কিঞ্চন। স চাণ্ডালাদিবিষ্ঠায়ামাকল্পং জায়তে কৃমিরিত্যাদি বচনৈঃ পূজায়াশ্চাবশ্যকত্বাদ্দীক্ষায়া নিত্যত্বং সিদ্ধ্যতি। শ্রীশালগ্রাম-শিলাধিষ্ঠানং বর্গেষু মুখ্যত্বাৎ সর্ব্বাণ্যেব ভগবদধিষ্ঠানান্যুপলক্ষয়তি। নিত্যত্বমেব ব্রহ্ম-বচনেন সাধয়তি তে নরা ইতি। জনার্দ্দনো যৈর্নার্চ্চিত ইতি দীক্ষাং বিনার্চ্চনা-

---

অথ দীক্ষার নিত্যতা ॥

আগমে অর্থাৎ তন্ত্রে ॥

এই পৃথিবীতে যে সকল দ্বিজাতির যজ্ঞোপবীত হয় নাই, তাঁহাদিগের যেমন নিজ কর্ত্তব্য কর্ম্ম অধ্যয়নাদিতে অধিকার নাই কিন্তু যজ্ঞোপবীত হইলে অধিকার জন্মে, তদ্রূপ এই ক্ষিতিতলে যাঁহাদিগের দীক্ষা হয় নাই তাঁহাদিগেরও পূজাদিতে অধিকার নাই, একারণ আত্মাকে অর্থাৎ স্বীয় শরীরকে দীক্ষিত করিবে।

স্কন্দপুরাণে কার্ত্তিকপ্রসঙ্গে ব্রহ্মনারদ-
সম্বাদে যথা ॥

যে সকল নর বিষ্ণুদীক্ষা লাভ করিতে পারে নাই অথবা জনার্দ্দনের পূজা করে নাই তাহারা লোকমধ্যে পশু, তাহাদিগের জীবন ধারণ

যৈর্ন লব্ধা হরেদীক্ষা নার্চ্চিতো বা জনার্দ্দনঃ ॥ ৩ ॥

তত্রৈব শ্রীরুক্মাঙ্গদমোহিনীসম্বাদে বিষ্ণুযামলে চ ॥

অদীক্ষিতস্য বামোরু কৃতং সর্ব্বং নিরর্থকং ।

পশুযোনিমবাপ্নোতি দীক্ষাবিরহিতো জনঃ ॥ ৪ ॥

বিশেষতো বিষ্ণুযামলে ॥

স্নেহাদ্বা লোভতো বাপি যো গৃহ্লীয়াদদীক্ষয়া ।

তস্মিন্ গুরৌ সশিষ্যেতু দেবতাশাপ আপতেৎ ॥ ৫ ॥

বিষ্ণুরহস্যে চ ॥

অবিজ্ঞায় বিধানোক্তাং হরিপূজাবিধিক্রিয়াং ।

সিদ্ধেঃ ॥ ৩ ॥ ৪ ॥

অদীক্ষয়া দীক্ষাবিধিব্যতিরেকেণ দেবতানাং সর্ব্বাসামেব । তত্তন্মন্ত্রাধিষ্ঠাতৃদেবতায়া বা শাপঃ। যদ্যপি পূর্ব্বং লিখিতায়াঃ শ্রীগুরুপসত্তে নিত্যতয়া দীক্ষায়া অপি নিত্যতা সিদ্ধৈব তথাপ্যুপসত্তেবাশ্রয়ণমাত্রতাবিবক্ষয়া দীক্ষায়াশ্চ সবিধিমন্ত্রগ্রহণাদিরূপতয়া পৃথগুল্লেখ ইতি দিক্ ॥ ৫ ॥

ননু যথাকথঞ্চিদ্ভগবদর্চ্চনেন মহাফলং শ্রূয়তে অতো গুরোঃ সকাশাদ্দীক্ষাগ্রহণে কোঽয়মাগ্রহস্তত্রাহ অবিজ্ঞায়েতি। হরিপূজাবিধেঃ ক্রিয়ামনুষ্ঠানং বিধানোক্তাং পূর্ব্বপূর্ব্ব-

করায় ফল কি ? ॥ ৩ ॥

ঐ স্কন্দপুরাণে শ্রীরুক্মাঙ্গদ ও মোহিনীরসম্বাদে তথা বিষ্ণুযামলেতেও ॥

হে বামোরু ! যে ব্যক্তি দীক্ষা গ্রহণ করে নাই তাহার সমুদায় কর্ম্ম নিরর্থক অর্থাৎ কোন কর্ম্মের ফল হয় না। যে মনুষ্যের দীক্ষা লাভ হয় নাই সে পশুযোনি প্রাপ্ত হয় ॥ ৪ ॥

বিশেষ করিয়া বিষ্ণুযামলে বলিয়াছেন ॥

স্নেহ প্রযুক্তই হউক বা লোভ হেতুই হউক, যে গুরু, দীক্ষা ব্যতিরেকে শিষ্য গ্রহণ করেন, সেই গুরুতে এবং সেই শিষ্যেতেও সমস্ত দেবতার শাপ আসিয়া উপস্থিত হয় ॥ ৫ ॥

বিষ্ণুরহস্যেতেও যথা ॥

অহে ! যদি বল যথাকথঞ্চিৎরূপে বিষ্ণুর আরাধনা করিলে মহা-

কুর্ব্বন্ ভক্ত্যা সমাপ্নোতি শতভাগং বিধানতঃ ॥ ৬ ॥
অথ দীক্ষামাহাত্ম্যং বিষ্ণুযামলে ॥
দিব্যংজ্ঞানং যতো দদ্যাৎ কুর্য্যাৎ পাপস্য সংক্ষয়ং ।
তস্মাদ্দীক্ষেতি সা প্রোক্তা দেশিকৈস্তত্ত্বকোবিদৈঃ ।
অতো গুরুং প্রণম্যৈবং সর্ব্বস্বং বিনিবেদ্য চ ।
গৃহ্লীয়াদ্বৈষ্ণবং মন্ত্রং দীক্ষাপূর্ব্বং বিধানতঃ ॥
স্কান্দে ॥

রূপদেষ্টৃভি র্যথাবিধ্যেবোপদিষ্টাং শ্রীগুরুমুখাদবিজ্ঞায় বিশেষেণাজ্ঞাত্বা বিধানতো ভক্ত্যা কুর্ব্বন্নপি শতাংশানামেকমংশং লভতে। গুর্ব্বনপেক্ষয়া পূর্ব্ব পূর্ব্ব শিষ্টদর্শিতমার্গানাদরেণ পূজাফলং ন সম্যগ্ভবতীতি ভাবঃ ॥ ৬ ॥

নিত্যত্বমেব দ্রঢয়ন নিত্যত্বেঽপি দর্শপৌর্ণমাসাদিবৎ ফলবিশেষঞ্চ দর্শয়ন দীক্ষামাহাত্ম্যং

ফল শুনা যায়, তবে গুরুর নিকট হইতে দীক্ষা গ্রহণে এ আগ্রহ কেন ?। ইহার উত্তর এই যে, পূর্ব্ব পূর্ব্ব উপদেষ্টৃগণ যেরূপ বিধানে হরিপূজার অনুষ্ঠান উপদেশ করিয়াছেন,তাহা শ্রীগুরুমুখ হইতে বিশেষ প্রকারে পরিজ্ঞাত না হইয়া বিধান পূর্ব্বক ভক্তিসহকারে পূজা করিলেও পূজাফলের শত ভাগের এক ভাগমাত্র লাভ হয় ॥

অর্থাৎ গুরু অপেক্ষা না করা তথা পূর্ব্ব পূর্ব্ব মহাজনদিগের দর্শিত পথের অনাদর নিমিত্ত সমগ্ররূপে পূজার ফল প্রাপ্তি হয় না ॥ ৬ ॥

অথ দীক্ষামাহাত্ম্য যথা—

বিষ্ণুযামলে ॥

যে দিব্য জ্ঞান প্রদান করে এবং যে সমগ্ররূপে পাপ ক্ষয় করে এজন্য তত্ত্বজ্ঞ গুরুজনেরা তাহাকে দীক্ষা বলিয়া নির্দ্দেশ করিয়াছেন। অতএব গুরুদেবকে এই প্রকারে প্রণাম করিয়া এবং তাঁহাকে সর্ব্বস্ব নিবেদন করিয়া বিধি অনুসারে দীক্ষা পূর্ব্বক বিষ্ণুমন্ত্র গ্রহণ করিবে ॥

তত্রৈব শ্রীব্রহ্মনারদসম্বাদে ॥

তপস্বিনঃ কর্ম্মনিষ্ঠাঃ শ্রেষ্ঠাস্তে বৈ নরা ভুবি।
প্রাপ্তা যৈস্তু হরের্দ্দীক্ষা সর্ব্বদুঃখবিমোচনী ॥

তত্ত্বসাগরে চ ॥

যথা কাঞ্চনতাং যাতি কাংস্যং রসবিধানতঃ।
তথা দীক্ষাবিধানেন দ্বিজত্বং জায়তে নৃণাং ॥

অথ দীক্ষাকালঃ ॥

তত্র মাসশুদ্ধিঃ। আগমে।

মন্ত্রস্বীকরণং চৈত্রে বহুদুঃখফলপ্রদং।
বৈশাখে রত্নলাভঃ স্যাজ্জ্যৈষ্ঠে তু মরণং ধ্রুবং।
আষাঢ়ে বন্ধুনাশঃ স্যাৎ শ্রাবণে তু ভয়াবহং।
প্রজাহানি র্ভাদ্রপদে সর্ব্বত্র শুভমাশ্বিনে।

লিখতি নিবামিতি বিভিঃ। তপস্বিন ইতি। শ্রেষ্ঠা জ্ঞানাদিনিষ্ঠেভ্যঃ পরমোত্তমাঃ।

স্কন্দপুরাণেও ঐ কার্ত্তিকপ্রসঙ্গে ব্রহ্মনারদসম্বাদে যথা ॥

যে সকল মনুষ্য সর্ব্বদুঃখ-বিমোচনকারিণী বিষ্ণুদীক্ষা প্রাপ্ত হইয়াছেন, পৃথিবীর মধ্যে তাঁহারাই তপস্বী, তাঁহারাই কর্ম্মনিষ্ঠ ও তাঁহারাই শ্রেষ্ঠ ॥

তত্ত্বসাগরেতেও ॥

যেমন বিধানানুসারে পারদ সংযোগ করায় কাংস্য স্বর্ণত্ব প্রাপ্ত হয়, তদ্রূপ দীক্ষাবিধান দ্বারা মনুষ্যদিগের দ্বিজত্ব প্রাপ্তি হইয়া থাকে ॥

অথ দীক্ষাকাল ॥

তন্মধ্যে মাসশুদ্ধি যথা তন্ত্রে ॥

আচার্য্যগণ বলিয়াছেন,চৈত্রমাসে মন্ত্র গ্রহণ করিলে ঐ মন্ত্র বহুতর দুঃখ ফল প্রদান করেন, বৈশাখ মাসে মন্ত্র গ্রহণ করিলে রত্ন লাভ হয়, জ্যৈষ্ঠমাসে নিশ্চয় মরণ ঘটে, আষাঢ়মাসে বন্ধু নাশ, শ্রাবণমাসে ভয়, ভাদ্রমাসে সন্তানের হানি, আশ্বিনমাসে সর্ব্ব প্রকার শুভ, কার্ত্তিক-

কার্ত্তিকে ধনবৃদ্ধিঃ স্যান্মার্গশীর্ষে শুভপ্রদং।
পৌষেতু জ্ঞানহানিঃ স্যান্মাঘে মেধাবিবর্দ্ধনং।
ফাল্গুনে সর্ব্ববশ্যত্বমাচার্য্যৈঃ পরিকীর্ত্তিতং ॥ ৭ ॥

কচিচ্চ।

সমৃদ্ধিঃ শ্রাবণে নূনং জ্ঞানং স্যাৎ কার্ত্তিকে তথা।
ফাল্গুনেঽপি সমৃদ্ধিঃ স্যান্মলমাসং পরিত্যজেৎ ॥

গৌতমীয়ে ॥

মন্ত্রারম্ভস্তু চৈত্রে স্যাৎ সমস্তপুরুষার্থদঃ।
বৈশাখে রত্নলাভঃ স্যাজ্ জ্যৈষ্ঠেতু মরণং ধ্রুবং।
আষাঢ়ে বন্ধুনাশঃ স্যাৎ পূর্ণায়ুঃ শ্রাবণে ভবেৎ।
প্রজানাশো ভবেদ্ ভাদ্রে আশ্বিনে রত্নসঞ্চয়ঃ।
কার্ত্তিকে মন্ত্রসিদ্ধিঃ স্যান্মার্গশীর্ষে তথা ভবেৎ।

নৃণাং সর্ব্বেষামেব বিজত্বং বিপ্রতা ॥ ৭ ॥

কচিচ্চেতি অগস্ত্যসংহিতাদ্যনুসারি-শ্রীরামার্চ্চনচন্দ্রিকায়াং। পূর্ব্বোক্তেনাবিবোধস্ত মন্ত্র

মাসে ধনবৃদ্ধি, অগ্রহায়ণমাসে কল্যাণ, পৌষমাসে জ্ঞানহানি, মাঘ-মাসে বুদ্ধিবৃদ্ধি এবং ফাল্গুনমাসে সকলে বশ্যত্ব অর্থাৎ সকলকে বশী-ভূত করিবার শক্তি প্রাপ্তি হয় ॥ ৭ ॥

কোন গ্রন্থে বলিয়াছেন ॥

শ্রাবণ মাসে মন্ত্র গ্রহণ করিলে নিশ্চয় সমৃদ্ধি, কার্ত্তিক মাসে জ্ঞান এবং ফাল্গুন মাসেও সমৃদ্ধি লাভ হইবে, কিন্তু মলমাস পরিত্যাগ করিতে হইবে অর্থাৎ মলমাসে মন্ত্র গ্রহণ করিবে না ॥

গৌতমীয়তন্ত্রে যথা ॥

মন্ত্রগ্রহণ চৈত্রমাসে হইলে সমস্ত পুরুষার্থ প্রদান করে, বৈশাখে মন্ত্র গৃহীত হইলে রত্ন লাভ হয়, জ্যৈষ্ঠে নিশ্চয় মরণ ঘটে। আষাঢ়ে বন্ধুনাশ হয়, শ্রাবণমাসে পরিপূর্ণ আয়ুঃ প্রাপ্তি করায়। ভাদ্রমাসে প্রজানাশ, আশ্বিনে রত্নসঞ্চয়, কার্ত্তিকে ও অগ্রহায়ণে মন্ত্রসিদ্ধি, পৌষে

পৌষেতু শত্রুপীড়া স্যাম্মাঘে মেধাবিবর্দ্ধনং।
ফাল্গুনে সর্ব্বকামাঃ স্যু র্মলমাসং পরিত্যজেৎ ॥
স্কান্দে তত্রৈব শ্রীরুক্মাঙ্গদমোহিনীসম্বাদে ॥
কার্ত্তিকেতু কৃতা দীক্ষা নৃণাং জন্ম-নিকৃন্তনী।
তস্মাৎ সর্ব্বপ্রযত্নেন দীক্ষাং কুর্ব্বীত কার্ত্তিকে ॥ ইতি ॥ ৮ ॥
শ্রীমদ্গোপালমন্ত্রাণাং দীক্ষয়াস্তু ন দূষ্যতি।
চৈত্রমাসে যদুক্তা তদ্দীক্ষা তত্রৈব দেশিকৈঃ ॥ ৯ ॥
অথ বারশুদ্ধিঃ ॥
রবৌ গুরৌ তথা সোমে কর্ত্তব্যং বুধশুক্রযোঃ ॥

ভেদেন বিবিধফলভেদাপেক্ষয়া মতভেদেন বা জ্ঞেয়ঃ। এবমগ্রেঽপি ॥ ৮ ॥

এবং নিষিদ্ধেঽপি চৈত্রে শ্রীগোপালমন্ত্রদীক্ষামনুজানাতি শ্রীমদিতি। যদযস্মাত্তেষাং শ্রীগোপালমন্ত্রাণাং দীক্ষা চৈত্রে এব উক্তা শ্রীকেশবাচার্য্যাদিভিঃ। তথাচ ক্রমদীপিকায়াং। চৈত্রে কৃতৈব তন্মাসি কর্ম্মেতি। ত্রৈলোক্যসম্মোহন কল্পে চ। মধুমাসে তু সংপ্রাপ্তে দ্বাদশ্যাং সমুপোষিতঃ। আপূর্য্যমাণপক্ষেতু সংশুদ্ধিং ভাবয়েত্তত ইতি ॥ ৯ ॥

শত্রুপীড়া, মাঘে, মেধাবৃদ্ধি এবং ফাল্গুনে সর্ব্ব প্রকার কাম প্রাপ্তি হয়, কিন্তু মলমাস পরিত্যাগ করিবে ॥

স্কন্দপুরাণে সেই স্থানে অর্থাৎ কার্ত্তিক-প্রসঙ্গ
শ্রীরুক্মাঙ্গদ ও মোহিনী-সম্বাদে যথা ॥

কার্ত্তিকমাসে দীক্ষাকৃত হইলে ঐ দীক্ষা মনুষ্যদিগের জন্মচ্ছেদন করে অতএব সর্ব্ব প্রকারে যত্নসহকারে কার্ত্তিকমাসে দীক্ষা করিবে ॥৮॥

পূর্ব্বে যে চৈত্র মাসে দীক্ষা নিষিদ্ধ বলিয়া উক্ত হইয়াছে কিন্তু তাহা শ্রীমদ্গোপালদেবের মন্ত্র-দীক্ষায় নিষিদ্ধ হয় না, যেহেতু মন্ত্রাচার্য্যেরা ঐ চৈত্রমাসেই শ্রীমদ্গোপালমন্ত্রের দীক্ষা-বিধান করিয়াছেন ॥ ৯ ॥

অথ বারশুদ্ধি ॥

রবি, বৃহস্পতি, সোম, বুধ এবং শুক্র এই পাঁচ বারে দীক্ষা গ্রহণ

অথ নক্ষত্রশুদ্ধিঃ ॥

নারদতন্ত্রে ॥

রোহিণী শ্রবণার্দ্রা চ ধনিষ্ঠা চোত্তরা ত্রয়ঃ।

পুষ্যং শতভিষশ্চৈব দীক্ষানক্ষত্রমুচ্যতে ॥

ক্বচিচ্চ ॥

অশ্বিনী-রোহিণী-স্বাতি-বিশাখা-হস্ত-ভেষু চ।

জ্যেষ্ঠোত্তরাত্রয়েষ্বেব কুর্য্যান্মন্ত্রাভিষেচনং ॥ ১০ ॥

অথ তিথিশুদ্ধিঃ ॥

সারসংগ্রহে ॥

দ্বিতীয়া পঞ্চমী চৈব ষষ্ঠী চৈব বিশেষতঃ।

দ্বাদশ্যামপি কর্ত্তব্যং ত্রয়োদশ্যামথাপি চ ॥

অশ্বিন্যাদিনক্ষত্রেষ্বত্র পূর্ব্বোক্তেন বিরোধাভাবেঽপি ততো বিশেষলাভেন ক্বচিচ্চেতি প্রযোগঃ। এবমগ্রেঽপি মন্ত্রাভিষেচনং দীক্ষাং ॥ ১০ ॥

করা কর্ত্তব্য ॥

অথ নক্ষত্রশুদ্ধি ॥

যথা নারদতন্ত্রে ॥

রোহিণী, শ্রবণা, আর্দ্রা, ধনিষ্ঠা, উত্তরাত্রয় অর্থাৎ উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া ও উত্তরভাদ্রপদ, তথা পুষ্যা ও শতভিষা এই নয়টীকে দীক্ষাবিষয়ক নক্ষত্র বলা যায় ॥

কোন স্থানে বলিয়াছেন ॥

অশ্বিনী, রোহিণী, স্বাতি, বিশাখা, হস্তা এবং জ্যেষ্ঠা, উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া ও উত্তরভাদ্রপদ এই নয় নক্ষত্রে দীক্ষা করিবে ॥ ১০ ॥

অথ তিথিশুদ্ধি ॥

সারসংগ্রহে ॥

দ্বিতীয়া, পঞ্চমী এবং ষষ্ঠী, বিশদরূপে তথা দ্বাদশী ও ত্রয়োদশী-তেও দীক্ষা করিবে ॥

ক্বচিচ্চ ॥

পূর্ণিমা পঞ্চমী চৈব দ্বিতীয়া সপ্তমী তথা।
ত্রয়োদশী চ দশমী প্রশস্তা সর্ব্বকামদা॥ ইতি।

এবং শুদ্ধে দিনে শুক্লপক্ষে শুক্রগুরূদয়ে।
সল্লগ্নে চন্দ্রতারানুকূলে দীক্ষা প্রশস্যতে ॥ ১১ ॥

অথাত্রাপবাদঃ। রুদ্রযামলে ॥

সত্তীর্থেঽর্কবিধুগ্রাসে তন্তুদামনপর্ব্বণোঃ।
মন্ত্রদীক্ষাং প্রকুর্ব্বীত মাসর্ক্ষাদি ন শোধয়েৎ ॥ ১২ ॥

স্থলগ্নচন্দ্রতারাদিবলমত্র সদৈব হি।
লব্ধোঽত্র মন্ত্রো দীর্ঘায়ুঃ সম্পৎ সন্ততিবর্দ্ধনঃ ॥ ১৩ ॥

শুক্রস্য গুরোশ্চ বৃহস্পতেরুদয়ে সতি নতত্তসময়ে ॥ ১১ ॥

তন্তুপর্ব্ব শ্রাবণে পবিত্রারোপণোৎসবঃ দামনপর্ব্ব চৈত্রে দমনকারোপণোৎসবস্তয়োঃ ॥১২।

অত্র সত্তীর্থাদৌ ॥ ১৩ ॥

কোন স্থানে বলিয়াছেন ॥

পূর্ণিমা, পঞ্চমী, দ্বিতীয়া, সপ্তমী, ত্রয়োদশী ও দশমীপ্রভৃতি তিথি সকলবিষয়ে প্রশস্ত এবং ইহারা সর্ব্বকাম প্রদান করিয়া থাকে। এই প্রকার শুদ্ধদিবসে শুক্লপক্ষে শুক্র ও বৃহস্পতির উদয়কালে, উত্তম লগ্নে এবং চন্দ্র তারা অনুকূলে যে দীক্ষা তাহাই প্রশস্ত ॥ ১১ ॥

এই দীক্ষা-বিষয়ে বিশেষব্যবস্থা রুদ্রযামলে যথা—

প্রধানতীর্থে সূর্য্য ও চন্দ্র-গ্রহণসময়ে, তন্তুপর্ব্বে অর্থাৎ শ্রাবণ মাসে পবিত্রারোপণোৎসব দিবসে তথা দামনপর্ব্ব অর্থাৎ চৈত্রমাসে দমনকারোপণোৎসব দিবসে মন্ত্র দীক্ষা করিবে, ইহাতে মাস ও নক্ষত্রাদির শোধন করিবে না ॥ ১২ ॥

এই সকল শুভলগ্ন ও চন্দ্রতারাদির বল, সকল সময়েই আবশ্যক। সত্তীর্থাদিতে মন্ত্রলাভ হইলেই ঐ মন্ত্র দীর্ঘায়ুঃ ও সম্পৎ সন্ততি বৃদ্ধি করে ॥ ১৩ ॥

অন্যত্র ॥

সূর্য্যগ্রহণকালেন সমানো নাস্তি কশ্চন ।

তত্র সদযৎ কৃতং সর্ব্বমনন্তফলদং ভবেৎ ।

ন মাসতিথিবারাদিশোধনং সূর্য্যপর্ব্বণি ॥ ১৪ ॥

তত্ত্বসারে চ ॥

দুর্ল্লভে সদ্গুরূণাঞ্চ সকৃৎসঙ্গ উপস্থিতে ॥

তদনুজ্ঞা যদা লব্ধা স দীক্ষাবসরো মহান্ ।

গ্রামে বা যদি বারণ্যে ক্ষেত্রে বা দিবসে নিশি ।

আগচ্ছতি গুরুর্দৈবাদ্যদা দীক্ষা তদাজ্ঞয়া ।

যদৈবেচ্ছা তদা দীক্ষা গুরোরাজ্ঞানুরূপতঃ ।

ন তীর্থং ন ব্রতং হোমো ন স্নানং ন জপক্রিয়া ।

সত্তীর্থাদিস্বপি মধ্যে সূর্য্যপর্ব্বণঃ প্রাশস্ত্যং দর্শয়তি সূর্য্যেতি সার্দ্ধেন ॥ ১৪ ॥

তচ্চ তত্রাপি পুনরপবাদং দর্শয়তি যদৈবেতি সার্দ্ধেন ॥ ১৫ ॥

অন্যত্র বলিয়াছেন ॥

সূর্য্যগ্রহণকালের তুল্য আর কাল নাই, তাহাতে যাহা যাহা করিবে তৎসমুদায় অনন্ত ফলপ্রদ হইয়া থাকে। সূর্য্যগ্রহণে মাস, তিথি ও বারাদি শোধন করিবে না ॥ ১৪ ॥

তত্ত্বসাগরেতেও বলিয়াছেন ॥

সদ্গুরু সকলের সঙ্গলাভ অতিশয় দুর্ল্লভ, একবার মাত্র সঙ্গ উপস্থিত হইলে, তিনি যখন অনুমতি করিবেন তখনই দীক্ষার প্রশস্তকাল ॥

গ্রামেই হউক বা অরণ্যেই হউক কিম্বা ক্ষেত্রে অথবা দিবসে কিম্বা রাত্রিতেই হউক, যখনই দৈবক্রমে গুরু আগমন করেন, তাঁহার আজ্ঞা ক্রমে তখনই দীক্ষা হইতে পারে। গুরুর যখনই ইচ্ছা হইবে, তাঁহার আজ্ঞানুসারে তখনই দীক্ষা হইবে।

সদ্গুরু স্বেচ্ছাবশতঃ আসিয়া উপস্থিত হইলে, না তীর্থ, না ব্রত,

দীক্ষায়াঃ কারণং কিন্তু স্বেচ্ছাপ্রাপ্তে তু সদ্গুরৌ ॥ ১৫ ॥

অথ মণ্ডপনির্ম্মাণবিধিঃ ॥

ক্রিয়াবত্যাদিভেদেন ভবেদ্দীক্ষা চতুর্ব্বিধা।
তত্র ক্রিয়াবতী দীক্ষা সংক্ষেপেণৈব লিখ্যতে ॥ ১৬ ॥

ভূমিং সংস্কৃত্য তস্যাং চার্চ্চয়িত্বা বাস্তুদেবতাঃ।
সপ্তহস্তমিতং কুর্য্যান্মণ্ডপং রম্যবেদিকং ॥ ১৭ ॥

আদিশব্দেন কলাত্মা বর্ণময়ী বেধময়ী চ। তথাচ শারদাতিলকে। চতুর্ব্বিধা সা সন্দিষ্টা ক্রিয়াবত্যাদিভেদতঃ। ক্রিয়াময়ী বর্ণময়ী কলাত্মা বেধময্যপীতি ॥ ১৬ ॥

সংস্কৃত্য তুষকেশাঙ্গারাস্থি--শর্করাদিদোষাপসারণেনোপস্কৃত্য। বাস্তুদেবতার্চ্চনবিধিস্তু প্রসিদ্ধএব শারদাতিলকাদিগ্রন্থসম্মতোঽগ্রে প্রাসাদনির্ম্মাণে লেখ্যো বাহুল্যভয়াদত্র ন লিখ্যতে। সপ্তভি র্হস্তৈঃ পরিমিতং। কেচিচ্চ ষড়্ভিরষ্টভি র্দ্বাদশভির্বা হস্তৈর্মিতং মণ্ডপমিচ্ছন্তি। তথাচ বশিষ্ঠসংহিতায়াং। ষড়্দ্বাদশাষ্টভির্হস্তৈঃ ষোড়শৈর্ব্বা সমন্ততঃ ইতি। রম্যা অত্যন্তদৈর্ঘ্যহ্রস্বোচ্চনীচত্বাদিরাহিত্যেন শোভনা বেদিকা যস্মিন্ তৎ। তাঞ্চ মণ্ডপমধ্যে রচয়েৎ। তথা চোক্তং। পঞ্চহস্তমিতাং তত্র চতুরস্রাং চতুর্ম্মুখাং। হস্তমাত্রোচ্ছ্রিতাং রম্যাং মধ্যে বেদীং প্রকল্পয়েদিতি। বশিষ্ঠসংহিতায়াঞ্চ। বায়ব্যে বাথ ঐশান্যে পূজাবেদীং প্রকল্পয়েৎ। হস্তোন্নতাঞ্চ বিস্তীর্ণাং চতুরস্রাং সমন্তত ইতি। অত্রচ বিরোধো মতভেদাদিনা মণ্ডপভেদেন পরিহরণীয়ঃ। মণ্ডপানুমানেনৈব মধ্যে বেদীমুত্তমাং রচয়েদিতি স্থিতিঃ ॥ ১৭ ॥

না হোম, না স্নান, না জপকর্ম্ম, ইহারা সকল দীক্ষার প্রতি কারণ হইতে পারে না অর্থাৎ এ সকলের আর প্রয়োজন করে না ॥ ১৫ ॥

অথ মণ্ডপনির্ম্মাণবিধি ॥

ক্রিয়াবত্যাদি অর্থাৎ ক্রিয়াবতী, কলাত্মা, বর্ণময়ী ও বেধময়ী ভেদে দীক্ষা চারিপ্রকার হয়। এস্থলে সংক্ষেপে ক্রিয়াবতী দীক্ষাই লিখিত হইতেছে ॥ ১৬ ॥

ভূমি সংস্কার করিয়া তাহাতে বাস্তুদেবতার পূজা পূর্ব্বক মনোহর বেদী সংযুক্ত সপ্তহস্তপরিমিত মণ্ডপ নির্ম্মাণ করিবে ॥ ১৭ ॥

অষ্টধ্বজং চতুর্দ্বারং ক্ষীরপাদপতোরণং।
ত্রিগুণীকৃতসূত্রাঢ্যং কুশমালাভিবেষ্টিতং ॥ ১৮ ॥

অথ কুণ্ডনির্ম্মাণবিধিঃ ॥

তস্মিংশ্চ দিশি কৌবের্য্যাং চতুষ্কোণং ত্রিমেখলং।
কুণ্ডং কুর্য্যাচ্চতুর্ব্বিংশত্যঙ্গুলিপ্রমিতং বুধঃ ॥ ১৯ ॥
খাতং ত্রিমেখলোচ্ছ্রায়সহিতং তাবদাচরেৎ।

মণ্ডপমেব বিশিনষ্টি অষ্টেতি। অষ্টদিক্ষু অষ্টৌ ধ্বজা যস্মিন্ তৎ। ক্ষীরযুক্তৈঃ পাদপৈঃ প্লক্ষাদিভি র্হস্তমাত্রং ভূম্যাস্থনির্খাতৈস্তোরণং বহির্দ্বারং যস্মিন্ তৎ। তথাচ মৎস্যপুরাণে। প্লাক্ষং দ্বারং ভবেৎ পূর্ব্বং যাম্যমৌড়ুম্বরং ভবেৎ। পশ্চাদশ্বত্থঘটিতং নৈয়গ্রোধং তথোত্তরমিতি। ত্রিগুণীকৃতেন সূত্রেণ আঢ্যয়া যুক্তয়া কুশমালয়া অভিতো বেষ্টিতং। সর্ব্বতো নিবদ্ধকুশজাতেন ত্রিগুণিতসূত্রেণ পরিবৃতমিত্যর্থঃ। কেচিচ্চ ত্রিসূত্র্যা কুশময় রজ্জ্বোপবেষ্টিতমিত্যাহুঃ ॥ ১৮ ॥

তস্মিন্ মণ্ডপে। তিস্রো মেখলাঃ খাতাদ্বহিরুপর্য্যুপরি যথাবিধি নির্ম্মীয়মাণা বপ্রা যস্মিন্ তৎ ॥ ১৯ ॥

তাবচ্চতুর্বিংশত্যঙ্গুলিপরিমিতং খাতঞ্চ তিসৃণাং মেখলানামুচ্ছ্রায়ো নবাঙ্গুলপরিমিতস্তেন সহিতমেব কুর্য্যাৎ নতু ভূম্যন্তরে চ তাবৎ সর্ব্বং খাতং খনেদিত্যর্থঃ। এবঞ্চ মেখলা-

ঐ মণ্ডপের আট্‌দিকে আট্ ধ্বজ, চারিদিকে চারি দ্বার, প্লক্ষপ্রভৃতি ক্ষীর বিশিষ্ট বৃক্ষের চারিটী তোরণ অর্থাৎ বহির্দ্বার থাকিবে। অপর ঐ বেদী ত্রিগুণীকৃত সূত্র সমন্বিত কুশমালা দ্বারা অর্থাৎ ত্রিপক কুশ সূত্র দ্বারা বেদীকে বেষ্টন করিবে ॥ ১৮ ॥

অথ কুণ্ডনির্ম্মাণ বিধি ॥

জ্ঞানবান্ ব্যক্তি সেই মণ্ডপের উত্তরদিকে চতুষ্কোণ তিনটী মেখলা অর্থাৎ প্রাচীর বিশিষ্ট চতুর্ব্বিংশতি অঙ্গুল পরিমিত কুণ্ড অর্থাৎ খাত প্রস্তুত করিবে ॥ ১৯ ॥

খাতকে মেখলাত্রয়ের উচ্চতার সহিত একত্র করিয়া তাবৎ পরিমাণে পরিমিত অর্থাৎ চতুর্ব্বিংশতি অঙ্গুলি পরিমাণ বিশিষ্ট করিবেন,

তস্মাৎ খাতাদ্বহিঃ কুর্য্যাৎ কণ্ঠমেকাঙ্গুলং ধ্রুবং ॥ ২০ ॥
তত্রাদ্যমেখলোচ্ছ্রায়বিস্তারৌ চতুরঙ্গুলৌ।
ত্র্যঙ্গুলৌ তৌ দ্বিতীয়ায়াস্তৃতীয়ায়া যুগাঙ্গুলৌ ॥ ২১ ॥
যোনিঞ্চ পশ্চিমে ভাগে মেখলাত্রিতয়োপরি।
ষড়ঙ্গুলাঞ্চ বিস্তারে দৈর্ঘ্যে চ দ্বাদশাঙ্গুলাং।

ত্রয়াদধঃ পঞ্চদশাঙ্গুলানি খনেৎ। তেন চ মেখলাত্রয়োচ্ছ্রায়েণ চ মিলিত্বা চতুর্বিংশত্যঙ্গুল-গর্ত্তসম্পত্ত্যা যথোক্তং কুণ্ডং সিদ্ধ্যতীতি জ্ঞেয়ং। কেচিচ্চ মন্যন্তে ভূম্যন্তরে চতুর্বিংশত্যঙ্গুলি-পরিমিতং খাতং। তস্মাদুপরি মেখলাত্রয়ং পৃথগেবেতি। যৎ খাতং মেখলাত্রয়াধো ভূম্যন্তঃ কৃতমস্তি তস্মাৎ ধ্রুবমবশ্যমেব ॥ ২০ ॥

তত্র কুণ্ডে। আদ্যায়াঃ প্রথমায়াঃ মেখলায়াঃ উচ্ছ্রায়ঃ উচ্চতা বিস্তারঃ দ্বিতীয়মেখলায়াস্ত তৌ উচ্ছ্রায়বিস্তারৌ যুগাঙ্গুলৌ দ্ব্যঙ্গুলৌ এবমাসামুচ্ছ্রায়ো নবাঙ্গুলপরিমিতঃ সিদ্ধঃ ॥ ২১ ॥

যোনিঞ্চ কুণ্ডস্য পশ্চিমভাগে কুর্য্যাদিতি স্বাভাময়ঃ। গজস্য হস্তিনোঽধরস্য ওষ্ঠস্যেবাকৃতিঃ অগ্রে সঙ্কুচিতাঽধোবিস্তৃতা অশ্বত্থদলসদৃশী যস্যাস্তাং। বিধিবদিতি সাচ প্রাঙ্মুখী। তস্যাঃ পরিতশ্চৈকাঙ্গুলা মেখলা কার্য্যা কুণ্ডমধ্যে চ প্রবিষ্টং যোন্যগ্রমেকাঙ্গুলং যোনিমূলে চ গজকুম্ভদ্বয়াকৃতিবৃত্তদ্বয়মর্ঘ্যপাত্রস্যেব কার্য্যমিত্যর্থঃ। তথা চ বশিষ্ঠ-

ইহাতে মেখলাত্রয়ের পরিমাণ নয় অঙ্গুলি, সুতরাং খাতের পরিমাণ পঞ্চদশ অঙ্গুলি হইবে। সেই খাতের বহির্ভাগে অর্থাৎ পূর্ব্বোক্ত পঞ্চদশ অঙ্গুলির ঊর্দ্ধদেশে অবশ্যই একাঙ্গুলিপরিমিত কণ্ঠ অর্থাৎ রেখা কল্পনা করিবেন ॥ ২০ ॥

সেই কুণ্ডে প্রথম মেখলার উচ্চতা ও বিস্তার চারি অঙ্গুল, দ্বিতীয়-মেখলার উচ্চতা ও বিস্তার তিন অঙ্গুল এবং তৃতীয় মেখলার উচ্চতা ও বিস্তার দুই অঙ্গুল পরিমিত ॥ ২১ ॥

আর মেখলাত্রিতয়ের উপরি পশ্চিম ভাগে বিধানানুসারে যোনি কল্পনা করিবেন। ঐ যোনি বিস্তারে ছয় অঙ্গুল, দৈর্ঘ্যে দ্বাদশ অঙ্গুল এবং উচ্চে একাঙ্গুল ও মধ্যভাগে ছিদ্র বিশিষ্ট, আকারে হস্তির

একাঙ্গুলাং তথোচ্ছ্রায়ে মধ্যে ছিদ্রসমন্বিতাং।
গজাধরাকৃতিং কুর্য্যাদ্বিধিবন্মেখলান্বিতাং ॥ ২২ ॥
শতার্দ্ধহোমে কুণ্ডং স্যাদূর্দ্ধমুষ্টিকরোন্মিতং ॥ ২৩ ॥
শতহোমেঽরত্নিমাত্রং সহস্রে পাণিনা মিতং।

সংহিতায়াং। গৃহস্যৈশানভাগেতু মণ্ডপং কারয়েদ্বুধঃ। ষড়্দ্বাদশাষ্টভির্হস্তৈঃ ষোড়শৈর্ব্বা সমন্ততঃ। চতুর্দ্বারসমাযুক্তং তোরণাদ্যৈরলঙ্কৃতং। কুণ্ডং তন্মধ্যভাগে তু কারয়েচ্চতুরস্রকং। বিতস্তিদ্বয়খাতং যৎ কুণ্ডং সচতুরঙ্গুলং। বিপ্রাণাং ক্ষত্রিয়াণাং তদঙ্গুলত্রয়সংযুতং। বৈশ্যানাং দ্ব্যঙ্গুলাধিক্যং শূদ্রাণাং হস্তমাত্রকং। প্রথমা মেখলা তত্র দ্বাদশাঙ্গুলবিস্তৃতা। চতুর্ভিরঙ্গুলৈস্তস্যাশ্চোন্নতত্বং সমন্ততঃ। তস্যাশ্চোপরি বপ্রঃ স্যাচ্চতুরঙ্গুলমুন্নতঃ। বপ্রো মেখলা। অষ্টাভিরঙ্গুলৈঃ সম্যগ্বিস্তীর্ণস্তু সমন্ততঃ। তস্যোপরি পুনঃ কার্য্যো বপ্রঃ সোঽপি তৃতীয়কঃ। চতুরঙ্গুলবিস্তীর্ণশ্চোন্নতশ্চ তথাবিধঃ। যোনিশ্চ পশ্চিমে ভাগে প্রাঙ্মুখী মধ্যসংস্থিতা। ষড়ঙ্গুলৈশ্চ বিস্তীর্ণা চায়তা দ্বাদশাঙ্গুলৈঃ। পৃষ্ঠোন্নতা গজৌষ্ঠোব সচ্ছিদ্রা মধ্যমোন্নতা। কণ্ঠোঽষ্টযবমাত্রঃ স্যাৎ কুণ্ডেচ করমাত্রকে। কণ্ঠো যত্নেন কর্ত্তব্যো ভুক্তিমুক্তিফলেপ্সুভিঃ। নাভিরপ্যথবা কুণ্ডমেকমেখলকং ভবেদিতি ॥ ২২ ॥

অপরমপি কিঞ্চিদ্বিশেষং লিখতি শতার্দ্ধেতি। সহস্রে হোমানাং। এবমগ্রেঽপি ॥ ২৩ ॥

তৈস্তৈস্তৈঃ। তাদৃশমিতি যাবদ্দৈর্ঘ্যে বিস্তারে চ তাবদধস্তাদপি খাতং কুর্য্যাদিত্যর্থঃ।

অধর সদৃশ ও চারিদিকে মেখলা থাকিবে।

বিধানানুসারে বলার তাৎপর্য্য এই যে, যোনির মুখ পূর্ব্বদিকে করিতে হইবে। উহার চতুর্দ্দিকে একাঙ্গুলি পরিমাণে মেখলা করিবে, যোনির অগ্রভাগ একাঙ্গুল পরিমাণ কুণ্ডমধ্যে প্রবিষ্ট থাকিবে এবং যোনির মূলদেশ গজকুম্ভের আকার তুই বৃত্ত অর্থাৎ গোলাকৃতি নির্ম্মাণ করিতে হইবে ॥ ২২ ॥

যে স্থলে অর্দ্ধ শত অর্থাৎ পঞ্চাশৎ হোম করিতে হইবে, সে স্থলে ঊর্দ্ধ মুষ্টিবদ্ধহস্ত পরিমিত জানিতে হইবে ॥ ২৩ ॥

যে স্থলে শতহোম করিতে হইবে সে স্থলে অরত্নিমাত্র অর্থাৎ

লক্ষে চতুর্ভির্হস্তৈশ্চ কোটৌ তৈরষ্টভির্মিতং।
চতুরস্রং কুণ্ডখাতং কুর্ব্বীতাধশ্চ তাদৃশং॥ ২৪॥
হোমস্ত্বধিকসংখ্যাকঃ কুণ্ডে বৈ ন্যূনসংখ্যয়া।
কৃতে কার্য্যো নচ ন্যূনসংখ্যাকঃ সংখ্যয়াধিকে॥ ২৫॥
যথাবিধ্যেব কর্ত্তব্যং কুণ্ডং যত্নেন ধীমতা।
অন্যথা বহবো দোষা ভবেয়ুর্ব্বহুদুঃখদাঃ॥ ২৬॥
তদুক্তং তান্ত্রিকৈঃ॥

তচ্চ মেখলোচ্ছ্রায়সহিতমেব জ্ঞেয়মিতি পূর্ব্বং লিখিতমেব॥ ২৪॥

তত্রৈবাপরমপি বিশেষং লিখতি হোমস্ত্বিতি। ন্যূনয়া হোমসংখ্যাতোঽল্পয়া সংখ্যয়া কৃতে কুণ্ডে অধিকা কুণ্ডসংখ্যাতো বহুলা সংখ্যা যস্য স কার্য্যঃ ন্যূনসংখ্যায়া হ্যধিকসংখ্যায়া-মন্তর্ভাবাৎ। নচ ন্যূনসংখ্যাকো হোমোঽধিকসংখ্যাকে কুণ্ডে কার্য্য ইত্যর্থঃ। তদুক্তং চাভিযুক্তৈঃ। ন্যূনসংখ্যোদিতে কুণ্ডে হ্যধিকো হোমো বিধীয়তে। অধিককুণ্ডোন্যূনস্তু নাধিকে শস্যতে ক্বচিদিতি॥ ২৫॥

যথোক্তবিধিকুণ্ডনির্ম্মাণে গুণং তদুল্লঙ্ঘনে চ দোষং লিখতি যথেতি॥ ২৬॥

কনিষ্ঠাঙ্গুলির অগ্রভাগ পর্য্যন্ত হস্ত পরিমিত, যে স্থলে সহস্রহোম, তথায় হস্তপরিমিত, যে স্থলে লক্ষহোম সে স্থলে চারিহস্ত এবং যে স্থলে কোটিহোম তথায় অষ্টহস্ত পরিমিত কুণ্ড হইবে। ঐ কুণ্ডের দীর্ঘ ও বিস্তার যত হইবে তাহার নিম্ন ভাগও ততই করিবেন॥ ২৪॥

এই স্থলে অপর কোন বিশেষ বিধি লিখিতেছেন॥

হোমের যত সংখ্যা তদপেক্ষা ন্যূন সংখ্যার পরিমাণে বিরচিত কুণ্ডে, কুণ্ডের সংখ্যা অপেক্ষা অধিক সংখ্যার হোম করিতে পারিবে, হোমের সংখ্যা অপেক্ষা অধিক সংখ্যার পরিমাণে নির্ম্মিত কুণ্ডে কুণ্ড-সংখ্যা অপেক্ষা ন্যূন-সংখ্যার হোম করিবে না॥ ২৫॥

বুদ্ধিমান্ ব্যক্তি যত্ন পূর্ব্বক যথাবিধি কুণ্ড নির্ম্মাণ করিবেন, তাহা না হইলে বহু বহু কষ্টপ্রদ অনেক দোষ উপস্থিত হয়॥

এই কারণে তান্ত্রিক সকল বলিয়াছেন॥

এবং লক্ষণসংযুক্তং কুণ্ডমিষ্টফলপ্রদং।
অনেকদোষদং কুণ্ডং যত্র ন্যূনাধিকং ভবেৎ।
তস্মাৎ সম্যক্ পরীক্ষ্যৈব কর্ত্তব্যং শুভমিচ্ছতা।
হস্তমাত্রং স্থণ্ডিলং বা সংক্ষিপ্তে হোমকর্ম্মণি॥
হারীতেনাপি॥
বিস্তারাধিক্যহীনত্বে অল্পায়ুর্জায়তে ধ্রুবং।
খাতাধিক্যে ভবেদ্রোগী হীনে তু ধনসংক্ষয়ঃ।
কুণ্ডে বক্রে চ সন্তাপো মরণং ছিন্নমেখলে।
শোকস্তু মেখলোনত্বে তদাধিক্যে পশুক্ষয়ঃ।
ভার্য্যানাশো যোনিহীনে কণ্ঠহীনে শুভক্ষয়ঃ॥ ২৭॥
অঙ্গুলিপরিমাণং চোক্তং॥

মেখলায়া ঊনত্বে ন্যূনতায়াং সত্যাং তস্যা মেখলায়া আধিক্যে॥ ২৭॥

এই প্রকার লক্ষণ সংযুক্ত কুণ্ড হইলে অভীষ্ট ফল প্রদান করে, যে স্থলে কুণ্ড ন্যূনাধিক অর্থাৎ বিহিত পরিমাণে নির্ম্মিত না হয়, তথায় অনেকানেক দোষ উদ্ভাবন করে। অতএব যাঁহার মঙ্গল লাভে অভিলাষ আছে, তিনি সম্যক্ প্রকারে পরীক্ষা করিয়াই কুণ্ডনির্ম্মাণ করিবেন, অথবা হোমকর্ম্ম সংক্ষিপ্ত হইলে এক হস্ত পরিমিত স্থণ্ডিল অর্থাৎ বালুকারচিত হোমীয় অগ্নিস্থান প্রস্তুত করিবেন॥

হারীতও বলিয়াছেন॥

কুণ্ডবিস্তারের আধিক্য বা ন্যূন হইলে নিশ্চয়ই পরমায়ুর অল্পতা হয়, খাতের আধিক্য হইলে রোগী হয়, খাতের অল্পতা হইলে ধনহানি ঘটিয়া থাকে। কুণ্ড বক্র হইলে সন্তাপ, মেখলা ছিন্ন হইলে মরণ, মেখলার ঊন হইলে শোক, তাহার আধিক্য হইলে পশুক্ষয়, যোনি হীন হইলে ভার্য্যানাশ এবং কণ্ঠহীন হইলে মঙ্গল বিনষ্ট হইয়া থাকে॥ ২৭॥

অঙ্গুলির পরিমাণও বলিয়াছেন॥

তির্য্যগ্ যবোদরাণ্যষ্টাবূর্দ্ধা বা ব্রীহয়স্ত্রয়ঃ।
জ্ঞেয়মঙ্গুলিমানং তু মধ্যমা মধ্যপর্ব্বণেতি।

কুণ্ডনির্ম্মাণাদাবপেক্ষ্যামঙ্গুলমানঞ্চ লিখতি। মধ্যমায়া অঙ্গুলের্মধ্যং পর্ব্ব বা। অন্যত্রাপ্যুক্তং। আহুর্মন্ত্রবিদোঽঙ্গুলং বসুযবৈস্তির্য্যক্ চ সংস্থাপিতৈস্তালং দ্বাদশভিশ্চ তৈঃ পরিমিতং হস্তো দ্বিতালঃ পুনঃ। তৌ দ্বৌ কিষ্কুরিমৌ ধনুশ্চ ধনুষাং ক্রোশঃ সহস্রং ভবেত্তৌ গব্যূতিমুদাহরন্তি মুনয়স্তাভিস্ত্রিভির্যোজনমিতি। বসুযবৈঃ অষ্টভির্যবৈঃ। তৈরঙ্গুলৈঃ। ইমৌ দ্বৌ কিষ্কুঃ। স্রুক্স্রুবয়োর্হোমার্থকপাত্রয়োঃ। প্রক্রিয়া নির্ম্মাণাদিবিধিঃ। তৎপ্রভৃতিকোঽত্র কুণ্ডাদিনির্ম্মাণপ্রকরণে যোঽন্যো বিশেষোঽপেক্ষিতঃ স্যাৎ স বশিষ্ঠসংহিতাদিগ্রন্থাদ্বিজ্ঞাতব্যোঽভিজ্ঞৈঃ। আদিশব্দেন অঙ্কুরারোপণবিধ্যাদিঃ। অত্র গ্রন্থেচ আধিক্যভীত্যা গ্রন্থবিস্তারভয়েন স ন লিখ্যতে। স্রুক্স্রুবলক্ষণং চ বশিষ্ঠসংহিতায়ামুক্তং। স্রুবং বাহুপ্রমাণেন হোমার্থং বিদধীত বৈ। চতুরস্রং বিধায়াদৌ সপ্তপঞ্চাঙ্গুলক্রমাৎ। তৃতীয়াংশেন গর্ত্তঃ স্যাত্তদগ্রং বৃত্তশোভিতং। খাত্বা সমং তির্য্যগূর্দ্ধং তদধঃ শোধয়েদ্বহিঃ। চতুর্থাংশং চাঙ্গুলস্য শেষাচ্চার্দ্ধং তদন্ততঃ। রম্যাঞ্চ মেখলাং খাতে শিষ্টেনার্দ্ধেন কারয়েৎ। কুর্য্যাত্ত্রিভাগবিস্তারমঙ্গুষ্ঠেন সমাযুতং। সার্দ্ধমঙ্গুষ্ঠকং চ স্যাত্তদগ্রে তু মুখং ভবেৎ। চতুরঙ্গুলবিস্তারং পঞ্চাঙ্গুলমথাপি বা। ত্রিবর্য়াঙ্গুলকং তস্য মধ্যাস্তস্থ সুশোভনং। সুষিরং কণ্ঠদেশে স্যাদ্বিশেদযাবৎ কনীয়সী। শেষং দণ্ডং তু কর্ত্তব্যং যথারুচি বিচিত্রিতং। চতুষ্কোণসমাযুক্তো হস্তমাত্রঃ স্রুবো ভবেৎ। চতুষ্কং শোভনং বৃত্তং দ্ব্যঙ্গুলং বিদধীত বৈ। যথাল্পপঙ্কে গোঃ পাদং রুচিরং দৃশ্যতে যথা। পলাশপত্রে নিশ্ছিদ্রে রুচিরে স্রুক্স্রুবৌ মুনে। বিদধ্যাদ্বাশ্বত্থপত্রে সংক্ষিপ্তে হোমকর্ম্মণীতি। শারদাতিলকে চ। প্রকল্পয়েৎ স্রুচং বিদ্বান্ বক্ষ্যমাণেন বর্ত্মনা। শ্রীপর্ণী-শিংশপা ক্ষীর-শাখিষ্বেকতমং বুধঃ। গৃহীত্বা বিতস্ত্যঙ্কস্তমাত্রং ষট্‌ত্রিংশতা পুনঃ। বিংশত্যংশৈ র্ভবেৎ কুণ্ডো বেদী তৈরষ্টভি র্ভবেৎ। একাংশেন মিতঃ কণ্ঠঃ সপ্তভাগমিতং মুখং। বেদীত্র্যংশেন বিস্তারঃ কণ্ঠস্য পরিকীর্ত্তিতঃ। অগ্রং কণ্ঠসমানং স্যান্মুখে মার্গং প্রকল্পয়েৎ। কনিষ্ঠাঙ্গুলিমানেন সর্পিষো নির্গমায় চ। বেদীমধ্যে বিধাতব্যা ভাগেনৈকেন কর্ণিকা। বিদধীত বহিস্তস্যা একাংশেনাভিতোঽবটঃ।

গ্রন্থে আট্ যবোদর অথবা ঊর্দ্ধে তিন যব হইলে তাহাকে অঙ্গুলির পরিমাণ জানিবে কিন্তু এই অঙ্গুলির পরিমাণ মধ্যমাঙ্গুলির মধ্য পর্ব্বের অর্থাৎ গ্রন্থির পরিমাণ পরিমিত।

বিশেষোঽপেক্ষিতোঽন্যত্র স্রুক্-স্রুব-প্রক্রিয়াদিকঃ ।
জ্ঞেয়ো গ্রন্থান্তরাৎ সোঽত্রাধিক্যভীত্যা ন লিখ্যতে ॥ ২৮ ॥

অথ দীক্ষামণ্ডলবিধিঃ ॥

অথোক্ষিতে পঞ্চগব্যৈর্গন্ধাম্ভোভিশ্চ মণ্ডপে ॥
যথাবিধি লিখেদ্দীক্ষামণ্ডলং বেদিকোপরি ॥ ২৯ ॥
তন্মধ্যে চাষ্টপত্রাব্জং বহির্বৃত্তত্রয়ং ততঃ ।

তস্য খাতং ত্রিভির্ভাগৈ র্বৃত্তমর্দ্ধাংশতোবহিঃ । অংশেনৈকেন পরিতো দলানি পরিকল্পয়েৎ । মেখলামুখবেদ্যোঃ স্যাৎ পরিতোঽর্দ্ধাংশমানতঃ । দণ্ডমূলাগ্রয়োঃ কুণ্ডী গুণবেদাংশকৈঃ ক্রমাৎ । কুণ্ডী বসযুগাংশে স্যাদ্দণ্ডস্থানাৎ ঈরিতঃ । ষড় ভিরংশৈঃ পৃষ্ঠভাগো বেদাঃ কূর্ম্মাকৃতির্ভবেৎ । হংসস্য বা হস্তিনো বা পত্রিণো বা মুখং লিখেৎ । মুখস্য পৃষ্ঠভাগে স্যাৎ সুপ্রোক্ষ্য লক্ষণং স্রুচঃ । স্রুচশ্চতুর্বিংশতিভির্ভাগৈর্ব্বা রচয়েৎ স্রুবং । দ্বাবিংশত্যা দণ্ডমানমংশৈরেতস্য কীর্ত্তিতং । চতুর্বিংশতিরানাহঃ কর্ষাজ্যগ্রাহি তচ্ছিবঃ । অংশদ্বয়েন নিখনেৎ পঙ্কে মৃগপদাকৃতিং । দণ্ডমূলাগ্রয়োঃ কুণ্ডী ভবেৎ কঙ্কণভূষিতেতি ॥ ২৮ ॥

অধুনা মণ্ডলবিধিং দর্শয়তি অথেতি ত্রিভিঃ । উক্ষিতে প্রোক্ষিতে পঞ্চগব্যৈঃ সুগন্ধিভির্জলৈশ্চ । যথাবিধীতি সর্ব্বত্রাগ্রেঽপ্যনুবর্ত্তনীয়ং । বেদিকায়া মণ্ডপান্তর্ব্বিরচিতায়া বেদ্যা উপরি ॥ ২৯ ॥

তস্য মণ্ডলস্য মধ্যেঽষ্টপত্রং পদ্মং লিখেদিতি পরেণ পূর্ব্বেণ বান্বয়ঃ । ততস্তস্মাদব্জাদ্বহির্বৃত্ত-

এই কুণ্ডনির্ম্মাণ প্রকরণে স্রুক্ স্রুবের নির্ম্মাণাদি-বিধি তথা অন্যান্য যে সকল বিষয়ের অপেক্ষা হইবে, তৎসমুদায় গ্রন্থান্তর অর্থাৎ বশিষ্ঠসংহিতাদি গ্রন্থ হইতে জানিতে হইবে বিস্তার-ভয়ে তাহা এস্থলে লিখিত হইল না ॥ ২৮ ॥

অথ দীক্ষামণ্ডল-বিধি ॥

অনন্তর পঞ্চগব্য (দধি, দুগ্ধ, ঘৃত, গোময় ও গোমূত্র) তথা গন্ধজলদ্বারা মণ্ডপ সেচন করিয়া তাহাতে বেদিকার উপরে যথাবিধি দীক্ষামণ্ডল লিখিবে ॥ ২৯ ॥

পরে ঐ মণ্ডলের মধ্যে অষ্টদলপদ্ম, ঐ পদ্মের বহির্ভাগে তিনটী

তেতো রাশীংস্ততঃ পীঠং চতুষ্পাদসমন্বিতং।
তস্মাদ্বহিশ্চতুর্দ্দিক্ষু লিখেদ্বীথীচতুষ্টয়ং।
শোভোপশোভাকোণাঢ্যং ততো দ্বারচতুষ্টয়ং ॥ ৩০ ॥
অথ দীক্ষাঙ্গপূজা ॥

ত্রয়ং ততো বৃত্তত্রয়াদ্বহিঃ রাশীন্ মেষাদীন্ দ্বাদশ। তেভ্যো বহিঃপাদচতুষ্টয়যুক্তং পীঠং আসনং। তস্মাদ্বহিশ্চতস্রো বীথ্যঃ। তস্মাদ্বহিশ্চত্বারি দ্বারাণি। তদুভয়তঃ সর্ব্বত্র শোভাং। তৎপার্শ্বতশ্চোপশোভাং। তৎপ্রান্তেষু চত্বারি কোণানীত্যর্থঃ। তত্রায়ং সন্নিবেশঃ। আদৌ সপ্তদশোর্দ্ধরেখা লিখেৎ ।পশ্চাত্তদুপরি সমভাগেন তাবতীস্তির্য্যগ্রেখা লিখেৎ। এবং ষট্-পঞ্চাশদধিকং কোষ্ঠানাং শত দ্বয়ং ভবতি তেষু চ মধ্যে ষোড়শকোষ্ঠানি মার্জ্জয়িত্বা তত্র পদ্মং তদ্বহির্বৃত্তত্রয়ং চাঙ্কয়েৎ। তদ্বহিঃ পঙ্‌ক্তিদ্বয়স্থানাষ্টাধিক চত্বারিংশৎ মার্জ্জয়িত্বা তত্র দ্বাদশ-রাশীন্ কল্পয়েৎ। তত্র রাশিসন্নিবেশার্থং পদ্মদলাগ্রবর্ত্তিবৃত্তত্রয়স্থ পীঠ সম্বন্ধিবাহ্যপঙ্‌ক্তেশ্চ মধ্যে পূর্ব্বপশ্চিমদক্ষিণোত্তররেখাচতুষ্টয়মঙ্কয়েৎ। তদ্বহিরেকপঙ্‌ক্তিস্থানি ষট্‌ত্রিংশৎ মার্জ্জয়িত্বা পীঠং তত্রৈব কোণেষু তত্র পাদচতুষ্কঞ্চ কল্পয়েৎ। তদ্বহিরেকপঙ্‌ক্তিস্থানি চতুশ্চত্বারিংশৎ মার্জ্জয়িত্বা চতুর্দ্দিক্ষু চতুর্বীথীঃ প্রকল্পয়েৎ। তদ্বহিশ্চ পঙ্‌ক্তিদ্বয়স্থে দ্বাদশাধিক শতকোষ্ঠে-শ্চতুর্দ্দিক্ষু চত্বারি দ্বারাণি তদুভয়তঃ শোভাং তদনন্তরমুপশোভাং তদনন্তরঞ্চ চতুষ্কোণানীতি তত্রাপ্যয়ং প্রকারঃ বাহ্যপঙ্‌ক্তিস্থমধ্যকোষ্ঠচতুষ্টয়ং তদভ্যন্তরপঙ্‌ক্তিস্থ মধ্যকোষ্ঠদ্বয়ং চেত্যেবং দ্বারস্যৈকস্মিন্ ভাগে কোষ্ঠ ষট্‌কেনৈকা শোভা ভবতি। তথা বাহ্য পঙ্‌ক্তিস্থমেকং কোষ্ঠং তদভ্যন্তর পঙ্‌ক্তিস্থকোষ্ঠত্রয়ং চেত্যেবং কোষ্ঠচতুষ্টয়েনৈকোপশোভা ভবতি। তথা বাহ্য-পঙ্‌ক্তিস্থং কোষ্ঠত্রয়ং তদভ্যন্তর পঙ্‌ক্তিস্থমেকঞ্চেত্যেবং কোষ্ঠচতুষ্কেণ কোণমিতি। এবমপর-স্মিন্নপি ভাগে শোভোপশোভাকোণানি জ্ঞেয়ানি। এবমেবান্যদিক্‌ত্রয়েঽপীতি মিলিত্বা দ্বাদশাধিককোষ্ঠশতং ভবতীতি দিক্ ॥ ৩০ ॥

গোলাকার মণ্ডল, তাহার পর দ্বাদশরাশি, তদনন্তর চারিচরণবিশিষ্ট পীঠ অর্থাৎ সিংহাসন, তাহার বাহিরে চারিদিকে চারিটী পথ, তাহার পর চারিটী দ্বার, প্রত্যেক দ্বারের উভয়পার্শ্বে শোভা, তাহার পর উপ-শোভা এবং তাহার পর চতুষ্কোণ লিখিবে ॥ ৩০ ॥

অথ দীক্ষাঙ্গপূজা ॥

প্রাতঃকৃত্যং গুরুঃ কৃত্বা যথাস্থানং ন্যসেত্ততঃ।
শঙ্খং পূজোপচারাংশ্চ পুরোলেখ্যপ্রকারতঃ ॥ ৩১ ॥
তত্রাদৌ কুম্ভস্থাপনবিধিঃ ॥
গুরূন্ গণেশং চাভ্যর্চ্চ্য পীঠপূজাং বিধায় চ।

অধুনা কলসস্থাপনবিধিং দর্শয়তি প্রাতঃকৃত্যমিত্যাদিনা ভোজ্যার্পণবিধীত্যন্তেন। প্রাতঃকৃত্যং প্রাতঃস্নানমারভ্যাত্মার্পণান্তং ভগবদর্চ্চনং যাবন্নিত্যকর্ম্ম কৃত্বা সমাপ্য। কথং পুরোঽগ্রে লেখ্যপ্রকারেণ। তৎপ্রকারশ্চাগ্রে মুখ্যপূজাপ্রসঙ্গে ব্যক্তো ভাবীত্যর্থঃ। এবমন্যত্রাপ্যগ্রে সর্ব্বত্র বোদ্ধব্যং। যথাস্থানমিতি। প্রাঙ্মুখো মণ্ডলস্যাগ্রে স্বাসনোপবিষ্টো দীক্ষাসংকল্পং বিধায় মাতৃকাদিন্যাসান্ কৃত্বা স্ববামাগ্রে শঙ্খং পূজোপচারাংশ্চার্ঘ্যাদিদ্রব্যাণি স্বস্বপাত্রে পরিপূর্য্য যথোত্তরং স্থাপয়িত্বা দক্ষিণভাগে চ পুষ্পাদীনি ন্যসেদিত্যাদিকং জ্ঞেয়ং। এতচ্চাগ্রে মুখ্যপূজাপ্রকরণে প্রপঞ্চ্য লেখ্যমেব ॥ ৩১ ॥

গুরূন্ নিজগুরু-পরমগুর্ব্বাদীন্ শ্রীনারদাদীংশ্চান্যানপি পূর্ব্বসিদ্ধান্ ভাগবতান্ মণ্ডলাস্থঃ পীঠস্যোত্তরে বায়ব্যকোণাদৈশানকোণপর্য্যন্তমভ্যর্চ্চ্য। চতুর্থীনমোঽন্তৈস্তত্তন্নামভির্গন্ধাদিনা সংপূজ্য প্রণামমুদ্রাং প্রদর্শ্যানুজ্ঞামাদায় গণেশঞ্চ তদ্দক্ষিণভাগে বাম্যাং যথোক্তমভ্যর্চ্চ্য নির্ব্বিঘ্নতাং প্রার্থ্য মণ্ডলমধ্যভাগে পীঠস্য পূজাং চ লেখ্যবিধিনৈব কৃত্বা পদ্মস্য মণ্ডলাস্ত-

গুরু প্রাতঃকৃত্য অর্থাৎ প্রাতঃস্নান আরম্ভ করিয়া আত্মসমর্পণ পর্য্যন্ত ভগবদর্চ্চন প্রভৃতি নিত্যকর্ম্ম সমাপন করিয়া অগ্রে যে রীতি লেখা হইবে, সেই রীতি অনুসারে যথাযোগ্য স্থানে পূজার দ্রব্য সকল স্থাপন করিবেন, অর্থাৎ গুরু পূর্ব্বমুখ হইয়া দীক্ষামণ্ডলের সম্মুখে স্বীয় আসনে উপবেশন পূর্ব্বক দীক্ষা-বিষয়ক সঙ্কল্প করিয়া মাতৃকান্যাস পুরঃসর আপনার বামদিকে অগ্রে শঙ্খ, পূজোপকরণ ও অর্ঘ্যাদি দ্রব্য সকল স্ব স্ব পাত্রে পরিপূর্ণ করিয়া উত্তরোত্তর স্থাপন করতঃ দক্ষিণভাগে পুষ্পাদি রাখিবেন ॥ ৩১ ॥

দীক্ষাবিষয়ে প্রথমতঃ কুম্ভস্থাপনবিধি।

গুরুবর্গ ও গণেশের অর্চ্চনা পূর্ব্বক পীঠপূজা বিধান করিয়া পদ্ম

পদ্মমধ্যে ন্যসেৎ শালীংস্তণ্ডুলাংশ্চ কুশাংস্তথা ॥ ৩২ ॥
বহ্নের্দশ কলা যাদিবর্ণাদ্যাশ্চ কুশোপরি।

লিখিতস্য মধ্যে কর্ণিকোপরি শালীন্ ধান্যানি একাঢ়কপরিমিতানি তথা তদষ্টমাংশ পরিমিত-শুক্লতণ্ডুলান্যপি ন্যস্য তদুপরি দর্ভান্ বিন্যসেদিত্যেবং গ্রন্থান্তরানুসারেণ বিজ্ঞেয়ং। তত্রচ কূর্চ্চাক্ষতযুতান্ দর্ভানিতি জ্ঞেয়ং। কূর্চ্চোঽত্র কুশত্রয়ঘটিতব্রহ্মগ্রন্থিঃ। কুশমুষ্টিরিতি কেচিদাহুঃ ॥ ৩২ ॥

কুশানামুপরি চ বহ্নে দশকলাঃ প্রাদক্ষিণ্যেন ন্যস্য গন্ধপুষ্পাদিনা তা এব পূজয়িত্বা তারং প্রণবং জপন্ সন্ তদ্দর্ভোপর্য্যেব কলসং স্থাপয়েৎ। কথং ভূতাঃ। যকারাদি-র্যেষাং তে বর্ণা আদ্যা আদিস্থিতা যাসাং তাঃ যকারাদিক্ষকারান্তদশাক্ষরশিরস্কা ইত্যর্থঃ।

মধ্যে ধান্য, আতপতণ্ডুল ও কুশ স্থাপন করিবেন।

তাৎপর্য্য, যিনি গুরু তিনি আপনার গুরু ও পরমগুরু প্রভৃতি তথা নারদাদি অন্যান্য পূর্ব্বসিদ্ধ ভগবদ্ভক্তদিগকে মণ্ডলের অন্তবর্ত্তি-পীঠের উত্তরে বায়ব্যকোণ হইতে ঐশান্যকোণ পর্য্যন্ত পূজা করিয়া অর্থাৎ চতুর্থী বিভক্তি ও নমঃ শব্দ অন্তে বিধান পূর্ব্বক সেই সেই নাম উল্লেখ অর্থাৎ "গুরবে নমঃ" ইত্যাদি মন্ত্র উচ্চারণ করত গন্ধাদি দ্বারা পূজা করিয়া প্রণামমুদ্রা প্রদর্শন করাইবেন, পরে গুর্ব্বাদির অনুজ্ঞা গ্রহণ পুরঃসর তাঁহার অগ্রবর্ত্তি-পথে যথোক্ত বিধানানুসারে গণেশের পূজা করিয়া নির্ব্বিঘ্নতা প্রার্থনা করত মণ্ডলের মধ্যভাগে অগ্রে লেখ্য বিধি দ্বারা পীঠের পূজা করিবেন।

তদনন্তর মণ্ডলান্তর্গত লিখিত-পদ্মের মধ্যে কর্ণিকার উপরে এক আঢ়ক পরিমিত ধান্য, ধান্যের অষ্টমাংশ পরিমিত শুক্লতণ্ডুল স্থাপন করিয়া তাহার পর কুশত্রয় ঘটিত ব্রহ্মগ্রন্থি সম্বলিত কুশসকল আস্তৃত করিবেন অথবা একমুষ্টি কুশ তাহার উপর বিস্তার করিয়া দিবেন ॥৩২॥

তৎপরে কুশের উপরে অগ্নির দশ কলা অর্থাৎ যাঁহাদের আদিতে যকারাদি ক্ষকার পর্য্যন্ত বর্ণ সকল আছে, তাঁহাদিগকে স্থাপন পূর্ব্বক

ন্যস্যাভ্যর্চ্য জপংস্তারং ন্যসেৎ কুম্ভং যথোদিতং ॥ ৩৩ ॥

তাশ্চোক্তাঃ ॥

ধূম্রার্চ্চিরুষ্মা জ্বলনী জ্বালিনী বিস্ফুলিঙ্গিনী।

সুশ্রীঃ সুরূপা কপিলা হব্যকব্যবহে অপীতি ॥ ৩৪ ॥

কাদ্যৈষ্ঠান্তৈর্যুতা ভাদ্যৈর্ডান্তৈশ্চার্ণৈর্বিলোমগৈঃ।

যথোদিতং শাস্ত্রবিদ্ভিরুক্তমনতিক্রম্য অনেন নবং লোহিতমব্রণং ত্রিগুণীকৃত্য কন্যাকর্ত্তিত-শোভনকার্পাসসূত্রৈরস্ত্রমন্ত্রেণ ত্রির্বেষ্টিতমগুরুধূপামোদিতামত্যাদিকং বোদ্ধব্যং। যথোদিত-মিত্যেতদগ্রে হপ্যনুবর্ত্তনীয়ং ॥ ৩৩ ॥

হব্যবহা কব্যবহা চেতি দ্বে। প্রয়োগশ্চায়ং। ধূর্ম্মার্চ্চিষে নম ইত্যাদি। কেচিচ্চ দশদলকমলং সঞ্চিন্ত্য তৎকর্ণিকায়াং মং বহ্নিমণ্ডলায় নম ইতি ন্যস্য তদ্দশদলেষু দশ-বহ্নিকলা ন্যসেদিত্যাহুঃ। এবমেব হৃদি দ্বাদশদলং ভ্রূমধ্যে চ ষোড়শদলং কমলং সংচিন্ত্য অং অর্কমণ্ডলায় নমঃ উং সোমমণ্ডলায় নম ইতি ক্রমেণ তত্তৎকর্ণিকয়োর্ন্যস্য তত্তদ্দলেষ্বেব সূর্য্য-সোম-কলা ন্যসেদিত্যাহুঃ। অন্যে চ আসামষ্টত্রিংশতাং বহ্ন্যাদিকলানামন্যাসাঞ্চ পঞ্চাশতাং প্রণবকলানাং শুদ্ধজলপূর্ণে শঙ্খ এব ন্যাসমাহুঃ ॥ ৩৪ ॥

অধুনা তস্মিন্ কুম্ভে সূর্য্যকলানাং ন্যাসাদিকং লিখতি কাদ্যৈরিতি। ককারাদ্যৈষ্ঠকারান্তৈ-

---

গন্ধ পুষ্পাদি দ্বারা পূজা করিয়া প্রণব জপ করিতে করিতে ঐ কুশ সকলের উপরে যথোক্ত প্রকারে কুম্ভ স্থাপন করিবেন অর্থাৎ শাস্ত্রবেত্তাদিগের মত উল্লঙ্ঘন না করিয়া তাঁহাদিগেরই মতানুসারে নূতন ও রক্তবর্ণ অচ্ছিদ্র কুম্ভকে কন্যানির্ম্মিত শোভন ত্রিগুণীকৃত কার্পাসসূত্র দ্বারা "ফট্" এই মন্ত্র উচ্চারণ পূর্ব্বক তিনবার বেষ্টন করত অগুরু ও ধূপের সৌরভ (ধূম) যুক্ত করিয়া স্থাপন করিবেন ॥ ৩৩ ॥

পণ্ডিতগণ কর্ত্তৃক অগ্নির দশকলা উক্ত হইয়াছে যথা—

ধূর্ম্মার্চ্চি, উষ্মা, জ্বলনী, জ্বালিনী, বিস্ফুলিঙ্গিনী, সুশ্রী, সুরূপা, কপিলা, হব্যবহা ও কব্যবহা ॥ ৩৪ ॥

অনুলোম ক্রমে ককারাদি ঠকারান্ত তথা বিপরীত ক্রমে ভকারাদি

সূর্য্যস্য চ কলাঃ কুম্ভে দ্বাদশ ন্যস্য পূজয়েৎ ॥

তাশ্চোক্তাঃ ॥

তপনী তাপনী ধূম্রা ভ্রামরী জ্বালিনী রুচিঃ।

সুষুম্না ভোগদা বিশ্বা বোধিনী ধারিণী ক্ষমেতি ॥ ৩৫ ॥

কুম্ভান্তর্নিক্ষিপেন্মূলমন্ত্রেণ কুসুমং সিতং।

সাক্ষতং সসিতং স্বর্ণং সরত্নং চ কুশাংস্তথা ॥ ৩৬ ॥

বর্ণৈর্বর্ণৈর্যুক্তাঃ দ্বাদশাপি কলাঃ। চকারঃ সমুচ্চয়ে। ভকারাদৈর্ডকারান্তৈ র্ব্বর্ণৈরপি যুক্তাঃ নন্থ ভকারাদীনাং দ্বাদশ বর্ণানাং ডকারান্ততা কথং স্যাৎ ক্রমেণ ঙকারান্ততাপ্রাপ্তেস্তত্রাহ বিলোমগৈ ব্যুৎক্রমপ্রাপ্তৈঃ। অয়মর্থঃ। অনুলোমপঠিতককারাদ্যেকৈকমক্ষরং প্রতিলোম-পঠিতভকারাদ্যেকৈকাক্ষরেণ সহিতমাদৌ সূর্য্যকলাসু সংযোজ্য ন্যাসাদিকং কুর্য্যাদিতি। প্রযোগশ্চ কং ভং তপন্যৈ নম ইত্যাদি ॥ ৩৫ ॥

ততশ্চোক্তপ্রকারেণাধাররূপমগ্নিং কুম্ভরূপং। সূর্য্যঞ্চ বিচিন্ত্য কুম্ভস্য তস্য অন্তর্মধ্যে শুক্ল-কুসুমাদিকং ক্ষিপেৎ। সসিতং সশর্করং। তদুক্তং। প্রোক্ষালয়িত্বা তন্মধ্যে শুক্লপুষ্পং সিতা-যুতং। স্বর্ণং রত্নঞ্চ কূর্চ্চঞ্চ মূলেনৈব বিনিক্ষিপেদিতি। যচ্চ মূলগ্রন্থার্থাদধিকং কিঞ্চিল্লিখ্যতে তৎ পূর্ব্বগতস্য যথোদিতসিদ্ধ্যস্যানুবর্ত্তনাদিতি জ্ঞেয়ং ॥ ৩৬ ॥

ডকারান্ত বর্ণ সকলের সহিত সংযুক্ত করিয়া সূর্য্যের দ্বাদশ কলা কুম্ভে স্থাপন করিয়া পূজা করিবেন।

সূর্য্যের দ্বাদশকলা উক্ত হইয়াছে যথা—

তপনী, তাপনী, ধূম্রা, ভ্রামরী, জ্বালিনী, রুচি, সুষুম্না, ভোগদা, বিশ্বা, বোধনী, ধারিণী ও ক্ষমা।

উক্ত কলা সকলের প্রয়োগ যথা ॥

"কং ভং তপন্যৈ নমঃ। খং বং তাপিন্যৈ নমঃ। গং ফং ধূম্রায়ৈ নমঃ"। ইত্যাদি ক্রমে মন্ত্র জানিতে হইবে ॥ ৩৫ ॥

উল্লিখিত মন্ত্র উচ্চারণ পূর্ব্বক কুম্ভের মধ্যে শ্বেতবর্ণ পুষ্প, আতপ-তণ্ডুল, শর্করা, রত্নের সহিত সুবর্ণ এবং কুশ নিক্ষেপ করিবেন ॥ ৩৬ ॥

কুম্ভঞ্চ বিধিনা তীর্থাম্বুনা শুদ্ধেন পূরয়েৎ।
জলে চেন্দুকলা ন্যস্য সস্বরাঃ ষোড়শার্চ্চয়েৎ ॥ ৩৭ ॥
তাশ্চোক্তাঃ।
অমৃতা মানদা পূষা তুষ্টিঃ পুষ্টীরতি র্ধৃতিঃ।
শশিনী চন্দ্রিকা কান্তি র্জ্যোৎস্না শ্রীঃ প্রীতিরঙ্গদা।
পূর্ণা পূর্ণামৃতা চেতি ॥ ৩৮ ॥

বিধিনেতি পীঠকুম্ভয়োরৈক্যং বিচিন্ত্য বিলোমপঠিতৈঃ ক্ষকারাদ্যৈরকারান্তৈর্মাতৃকাক্ষরৈর্বারত্রয়ং মূলমন্ত্রজপেন কুম্ভং তং কেবলবিমলতীর্থোদকেন পূরয়েৎ। অত্রচ শক্তৌ কর্পূরাদিজলৈঃ গব্যদুগ্ধৈঃ পঞ্চগব্যৈঃ সর্ব্বৌষধিজলৈঃ ক্ষীরদ্রুমাদি-ক্বাথজলৈরন্যৈর্ব্বা মহৌষধিতোয়ৈঃ পূরয়েদিতি। স্বরাঃ অকারাদ্যাশ্চতুর্দ্দশ। সাংচর্য্যাদ্বিসর্গানুস্বারৌ চেতি ষোড়শ। তৎসহিতা ইন্দোঃ কলাঃ ষোড়শ কুম্ভোদকে বিধিনা ক্রমেণ গন্ধ পুষ্পাদিনা পূজয়েৎ ॥ ৩৭ ॥

জ্যোৎস্না চৈকা শ্রীশ্চৈকা পূর্ণামৃতা চৈকা ইতি দ্বে। প্রয়োগশ্চ অং অমৃতায়ৈ নম ইত্যাদি ॥ ৩৮ ॥

অনন্তর বিধি অনুসারে * পবিত্র তীর্থজল দ্বারা কুম্ভ পূর্ণ করিবেন, পরে ঐ কুম্ভস্থ জলে ষোড়শ স্বরবর্ণ সংযুক্ত চন্দ্রের ষোড়শ কলা স্থাপন করিয়া পূজা করিবেন ॥ ৩৭ ॥

চন্দ্রের ষোড়শকলা উক্ত হইয়াছে যথা ॥

অমৃতা, মানদা, পূষা, তুষ্টি, পুষ্টি, রতি, ধৃতি, শশিনী, চন্দ্রিকা, কান্তি, জ্যোৎস্না, শ্রী, প্রীতি, অঙ্গদা, পূর্ণা ও পূর্ণামৃতা। "অং অমৃতায়ৈ নমঃ" পূজাকালীন এইরূপ মন্ত্র কল্পনা করিবেন ॥ ৩৮ ॥

* বিধি যথা। পীঠ ও কুম্ভের ঐক্য ভাবনা করিয়া বিপরীতক্রমে পঠিত ক্ষকারাদি অকারান্ত মাতৃকাবর্ণ স্বরূপ মূলমন্ত্র তিনবার জপ করিয়া কেবল বিশুদ্ধ তীর্থ জলে কুম্ভ পূর্ণ করিবেন। আর যদি সমর্থ হয়েন তাহা হইলে কর্পূরাদি সংযুক্ত জল, গব্যদুগ্ধ, পঞ্চগব্য, সর্ব্বৌষধি জল, বটবৃক্ষ প্রভৃতির ক্বাথ, অথবা অন্য জল কিম্বা মহৌষধি মিশ্রিত জল দ্বারা কুম্ভ পূর্ণ করিবেন।

অথ শঙ্খস্থাপনবিধিঃ ॥

শুদ্ধাম্বুপূরিতে শঙ্খে ক্ষিপ্ত্বা গন্ধাষ্টকং কলাঃ।
আবাহ্য সর্ব্বাস্তাঃ প্রাণপ্রতিষ্ঠামাচরেৎ ক্রমাৎ ॥ ৩৯ ॥

গন্ধাষ্টকঞ্চোক্তং ॥

উশীরং কুঙ্কুমং কুষ্ঠং বালকং চাগুরুমু্রা।
জটামাংসী চন্দনঞ্চেতীষ্টং গন্ধাষ্টকং হরেরিতি ॥ ৪০ ॥

কৈশ্চিচ্চন্দন-কর্পূরাগুরু-কুঙ্কুম-রোচনাঃ।

অথ শঙ্খপূরণবিধিঃ দর্শয়তি শুদ্ধেতি। পূর্ব্বশ্লোকস্থং বিধিনেতানুবর্ত্তত এব। অতোহি মূলমন্ত্রেণ শুদ্ধাম্বুনা পরিপূরিতে। শঙ্খৌ চ পূর্ব্ববৎ কর্পূরজলাদিনা পূরিত ইতি জ্ঞেয়ং। তাঃ পূর্ব্বোক্তাঃ। বহ্ন্যর্কেন্দু কলাঃ সর্ব্বাঃ শঙ্খ এব ক্রমাৎ পৃথক্ পৃথগাবাহ্য তাসাং প্রাণপ্রতিষ্ঠাং ক্রমেণৈব কুর্য্যাৎ। তত্তৎ প্রাণপ্রতিষ্ঠাপ্রকারশ্চ শ্রীপুরুষোত্তমবনবিরচিতক্রমদীপিকা টীকাদি-গ্রন্থান্তরতো বিজ্ঞেয়ঃ ॥ ৩৯ ॥

ইত্যেতৎ গন্ধাষ্টকং। হরেঃ শ্রীকৃষ্ণস্য। ইষ্টং প্রিয়ং ॥ ৪০ ॥

অথ শঙ্খস্থাপন বিধি—

পবিত্র জল দ্বারা শঙ্খ পূর্ণ করিয়া তাহার মধ্যে অষ্টগন্ধ নিক্ষেপ করিবেন, পরে ঐ শঙ্খের জলে পূর্ব্বোক্ত চন্দ্রের ষোড়শ কলা আহ্বান করিয়া একে একে সকলের প্রাণপ্রতিষ্ঠা করিবেন ॥ ৩৯ ॥

অষ্টগন্ধ উক্ত হইয়াছে যথা ॥

উশীর, কুঙ্কুম, কুষ্ঠ, বালক, অগুরু, মুরা, জটামাংসী ও চন্দন, এই অষ্টগন্ধ হরির প্রিয় ॥

উল্লিখিত দ্রব্য সকলের নামান্তর যথা—

বেণামূল, কুঙ্কুম অর্থাৎ জাফ্‌রান্, কুড়, বালা, অগুরু, তালপর্ণী, জটামাংসী ও শুভ্রচন্দন, এই কএকটীকে অষ্টগন্ধ বলে, ইহার দ্বারা হরি অতিশয় প্রীত হইয়া থাকেন ॥ ৪০ ॥

কোন কোন পণ্ডিত, চন্দন, কর্পূর, অগুরু, কুঙ্কুম, রোচনা (রক্ত

কক্কোলকপিমাংস্যশ্চ গন্ধাষ্টকমিদং মতং ॥ ৪১ ॥
তথৈবাকারজা বর্ণৈঃ কাদিভি র্দশভির্দ্দশ ।
উকারজাষ্টকারাদ্যৈঃ পকারাদ্যৈর্মকারজাঃ ।
চতস্রো বিন্দুজাঃ যাদ্যৈশ্চতুর্ভির্নাদজাঃ কলাঃ ।
স্বরৈঃ ষোড়ভির্যুক্তা ন্যসেচ্ছঙ্খে চ ষোড়শ ॥
তাশ্চোক্তাঃ ॥
সৃষ্টি ঋর্দ্ধিঃ স্মৃতির্মেধা কান্তির্লক্ষ্মীর্ধৃতিঃ স্থিরা ।
স্থিতিঃ সিদ্ধিরকারোত্থাঃ কলা দশ সমীরিতাঃ ।
জরা চ পালিনী শান্তিরৈশ্বরী রতিকামিকে ।

কপিঃ শিহ্লকঃ ॥ ৪১ ॥

অথ পঞ্চাশৎপ্রণবকলানাং ন্যাসং লিখতি তথৈবেতি অকারজা দশ কলাঃ ককারাদিভি-র্দ্দশভির্বর্ণৈর্যুক্তা স্তস্মিন্নেব শঙ্খে ন্যসেদিতি দ্বাভ্যামন্বয়ঃ । দশভিরিতি চানুবর্ত্তত এব অত-উকারজা দশ টকারাদ্যৈ র্দশভির্বর্ণৈর্যুক্তাঃ । দশেতি মকারজাশ্চ দশ পকারাদ্যৈর্দশভির্যুক্তা ইতি জ্ঞেয়ং । যকারাদ্যৈশ্চতুর্ভির্বর্ণৈ র্যুক্তাশ্চতস্রো বিন্দুজাঃ কলা ন্যসেৎ । নাদজাঃ ষোড়শ চ কলাঃ ষোড়শভিঃ স্বরৈঃ অকারাদিভির্যুক্তা ন্যসেৎ ॥ ৪২ ॥

কম্বল) কক্কোল, শিহ্লক (শিলারস) ও জটামাংসী এই আটটীকে গন্ধাষ্টক বলিয়া সম্মতি প্রকাশ করিয়াছেন ॥ ৪১ ॥

উল্লিখিত প্রকারেই অকারজাত দশকলা ককারাদি দশবর্ণের সহিত, উকারজাত দশকলা টকারাদি দশ বর্ণের সহিত, মকারজ দশ-কলা পকারাদি দশ বর্ণের সহিত বিন্দুজাত চারিটী কলা যকারাদি চারি বর্ণের সহিত এবং নাদজাত ষোড়শকলা ষোড়শ স্বরবর্ণের সহিত শঙ্খমধ্যে স্থাপন করিবেন ॥

কলা সকল উক্ত হইয়াছে যথা—

সৃষ্টি, ঋদ্ধি, স্মৃতি, মেধা, কান্তি, লক্ষ্মী, ধৃতি, স্থিরা, স্থিতি ও সিদ্ধি এই দশ কলা অকারজাত বলিয়া কীর্ত্তিত হইয়াছে ।

জয়া, পালিনী, শান্তি, ঐশ্বরী, রতি, কামিকা, বরদা, হ্লাদিনী, প্রীতি,

বরদাহ্লাদিনী প্রীতির্দীর্ঘা চোকারজাঃ কলাঃ।
তীক্ষ্ণা রৌদ্রা ভয়া নিদ্রা তন্দ্রী ক্ষুৎ ক্রোধনী ক্রিয়া।
উৎকারী চৈব মৃত্যুশ্চ মকারাক্ষরজাঃ কলাঃ।
বিন্দোরপি চতস্রঃ স্যুঃ পীতা শ্বেতারুণাসিতা ॥ ৪২ ॥
নিবৃত্তিশ্চ প্রতিষ্ঠা চ বিদ্যা শান্তিস্তথৈব চ।
ইন্ধিকা দীপিকা চৈব রেচিকা মোচিকা পরা।
সূক্ষ্মা সূক্ষ্মামৃতা জ্ঞানাজ্ঞানা চাপ্যায়নী তথা।
ব্যাপিনী ব্যোমরূপা চ অনন্তা নাদসম্ভবা ইতি ॥ ৪৩ ॥
ন্যাসং কলানাং সর্ব্বাসাং কুর্য্যাদেকৈকশঃ ক্রমাৎ।

নিবৃত্ত্যাদয়ো নাদজাঃ ষোড়শ। ক্বচিচ্চ। সূক্ষ্মাসূক্ষ্মেতি পাঠঃ। ততশ্চ সূক্ষ্মা একা সূক্ষ্মা-মৃতা চৈকা পূর্ণা পূর্ণামৃতা চেত্যেবং। কেষাঞ্চিন্মতে চ অনন্তা ইতি বহুবচনান্তং নাদসম্ভবা ইত্যস্য বিশেষণং। তথাচ শারদাতিলকে। অনন্তাঃ স্বরসংযুতা ইতি। ততশ্চ সূক্ষ্মা একা অসূক্ষ্মা চৈকা মৃতা চৈকেতি তিস্রঃ ॥ ৪৩ ॥

ন্যাসপ্রকারং লিখতি ন্যাসমিতি। তৈস্তৈঃ প্রা গুক্তিষ্টৈর্ব্বর্ণৈঃ সহ। প্রয়োগশ্চ কং সৃষ্ট্যৈ নম ইত্যাদি। কেচিচ্চ প্রণবাদ্যমেব সর্ব্বং তত্তন্ন্যাসমাহুঃ। তথান্যে চ অকারকলানাং পাদদ্বয়সন্ধ্যগ্রেষু উকারকলানাঞ্চ করদ্বয়সন্ধ্যগ্রেষু মকারকলানাঞ্চ গুদাদ্যঙ্গেষু দশসু বিন্দু

এবং দীর্ঘা এই দশ কলা উকারজাত। তীক্ষ্ণা, রৌদ্রা, ভয়া, নিদ্রা, তন্দ্রী, ক্ষুৎ, ক্রোধনী, ক্রিয়া, উৎকারী ও মৃত্যু এই দশকলা মকারজাত। বিন্দু অর্থাৎ অনুস্বার হইতেও চারিটী কলা হইয়াছে, যথা পীতা, শ্বেতা, অরুণা ও অসিতা ॥ ৪২ ॥

নিবৃত্তি, প্রতিষ্ঠা, বিদ্যা, শান্তি, ইন্ধিকা, দীপিকা, রেচিকা, মোচিকা, সূক্ষ্মা, অসূক্ষ্মা, মৃতা, জ্ঞানা, অজ্ঞানা, আপ্যায়নী, ব্যাপিনী ও ব্যোমরূপা এই ষোলটী স্বরযুক্ত ও নাদ অর্থাৎ চন্দ্রবিন্দু হইতে উৎপন্ন হইয়াছে ॥ ৪৩ ॥

নমঃ শব্দ অন্তে দিয়া পূর্ব্বে যে সকল বর্ণ উদ্দেশ করা হইয়াছে, সেই সকল বর্ণের সহিত চতুর্থী বিভক্তি সম্পন্ন নাম সকল উচ্চারণ করিয়া

নামোচ্চার্য্য চতুর্থ্যন্তং তত্তদ্বর্ণৈর্নমোঽন্তকং ॥ ৪৪ ॥
পূর্ব্বং প্রাণপ্রতিষ্ঠায়াস্তাসামাবাহনাৎ পরং ।
ঋচঃ পঞ্চ যথাস্থানং পঠেত্তাশ্চার্চ্চয়েৎ কলাঃ ।
হংসঃ শুচিষদিত্যাদৌ প্রতদ্বিষ্ণুস্ততঃ পরং ।
ত্রিয়ম্বকং তৎসবিতুর্বিষ্ণুর্যোনিমিতি ক্রমাৎ ॥ ৪৫ ॥
তচ্চ শঙ্খোদকং কুম্ভে মূলমন্ত্রেণ নিক্ষিপেৎ ।
পিদধ্যাত্তন্মুখং শক্রবল্লী-চূতাদি-পল্লবৈঃ ॥ ৪৬ ॥

কলানাঞ্চ কণ্ঠচিবুকভ্রূদ্বয়েষু নাদকলানাঞ্চ তত্তন্ন্যাসস্থানেষু প্রকারভেদেন ন্যাসমাহুঃ । তত্তৎ-প্রতিষ্ঠাদিবিধিশ্চ শ্রীপুরুষোত্তমবন-বিরচিতক্রমদীপিকাটীকাদিগ্রন্থতো বিশেষেণাবগন্তব্যঃ ॥৪৪

কিঞ্চ পূর্ব্বমিতি তাসামকারজাদিকলানাঃ । যথাস্থানমিতি শঙ্খজলেঽকারপ্রভবাণাং কলানামাবাহনানন্তরং প্রাণপ্রতিষ্ঠায়াশ্চ প্রাক্ হংসঃ শুচিষদিত্যৃচং । উকারপ্রভবাণাঞ্চ প্রতদ্বিষ্ণুরিতি । মকারপ্রভবাণাঞ্চ ত্রিয়ম্বকমিতি । বিন্দুপ্রভবাণাঞ্চ তৎসবিতুরিতি । নাদ-প্রভবাণাঞ্চ বিষ্ণুর্যোনির্মিতি ক্রমাৎ পঠেদিতি জ্ঞেয়ং । কচিচ্চ ত্র্যম্বকমিতি পাঠঃ ॥ ৪৫ ॥

তৎকলান্যাসসংস্কৃতঞ্চ শঙ্খস্থমুদকং কুম্ভে প্রাক্ স্থাপিতে তস্মিন্ অর্পয়েৎ । তস্য কুম্ভস্য মুখং শক্রবল্যা ইন্দ্রবল্যা আম্রাদ পল্লবৈশ্চাচ্ছাদয়েৎ । আদিশব্দাদশ্বত্থাদি ॥ ৪৬ ॥

অর্থাৎ 'কং সৃষ্ট্যৈ নমঃ, খং ঋদ্ধ্যৈ নমঃ' ইত্যাদি ক্রমে একে একে সমস্ত কলা স্থাপন করিবেন ॥ ৪৪ ॥

ঐ সকলের আবাহনের পরে এবং প্রাণপ্রতিষ্ঠার পূর্ব্বে যথাস্থানে পাঁচটী ঋক্ অর্থাৎ মন্ত্র উচ্চারণ এবং কলা সকলের পূজা করিবেন ॥

প্রথমে "হংসঃ শুচিষৎ" তাহার পর "প্রতদ্বিষ্ণুঃ" ক্রমে "ত্রিয়ম্বকং" "তৎসবিতুঃ" ও "বিষ্ণুর্যোনিং" এই পাঁচটী ঋক্ ॥ ৪৫ ॥

মূলমন্ত্র উচ্চারণ পূর্ব্বক শঙ্খের সেই জল কুম্ভমধ্যে নিক্ষেপ করিবেন । ঐ কুম্ভের মুখ শক্রবল্লী অর্থাৎ রাখাল শসা নামক লতাবিশেষ ও আম্রাদির পল্লব দ্বারা আচ্ছাদন করিবেন ॥ ৪৬ ॥

শরাবেণাথ পুষ্পাদি যুক্তেনাচ্ছাদ্য তৎ পুনঃ।
সংবেষ্ট্য বস্ত্রযুগ্মেন ততঃ কুম্ভঞ্চ মণ্ডয়েৎ॥ ৪৭॥

অথ কুম্ভে ভগবৎপূজাবিধিঃ॥

তস্মিন্নাবাহ্য কলসে পরং তেজো যথাবিধি।
সকলীকৃত্য চাচার্য্যঃ পূজয়েদাসনাদিভিঃ।

সকলীকরণং চোক্তং॥

দেবতাঙ্গে ষড়ঙ্গানাং ন্যাসঃ স্যাৎ সকলীকৃতিঃ॥ ৪৮॥

তৎ কুম্ভমুখং পুষ্পাদিসহিতেন শরাবেণ পুনরুপরি আচ্ছাদ্য। আদিশব্দেন ফলতণ্ডুলাদি। পুনশ্চ তন্মুখমেব বস্ত্রদ্বয়েন বেষ্টয়িত্বা মণ্ডয়েৎ পুষ্পচন্দনাদিনা॥ ৪৭॥

পরং তৈজঃ নরাকৃতি পরং ব্রহ্ম শ্রীকৃষ্ণং। যথা বিধীয়তে মূলমন্ত্রেণ শ্রীমূর্ত্তিং সঞ্চিন্ত্য করাভ্যাং পুষ্পাঞ্জলিমাদায় প্রবহনাসাপুটেন হৃদয়াদ্দেবতেজঃ পুষ্পাঞ্জলাবানীয় কলসাদিকল্পিত-মূর্ত্তাবাবাহনং তন্মন্ত্রেণ কুর্য্যাদিত্যর্থঃ। আসনাদিভিরুপচারৈঃ। তে চাগ্রে নিত্যপূজাপ্রসঙ্গে বিস্তার্য্য লেখ্যাঃ॥ ৪৮॥

অনন্তর পুষ্পাদি সংযুক্ত শরাব দ্বারা পুনরায় আচ্ছাদন করিয়া দুই খানি বস্ত্র দ্বারা বেষ্টন করত পরে পুষ্প চন্দনাদি দ্বারা কুম্ভকে অলঙ্কৃত করিবেন॥ ৪৭॥

অথ কুম্ভমধ্যে শ্রীভগবানের পূজাবিধি॥

আচার্য্য অর্থাৎ গুরু সেই কলসে বিধি অনুসারে * নরাকৃতি পর-ব্রহ্ম শ্রীকৃষ্ণকে আবাহন করিয়া সকলীকরণ পূর্ব্বক আসনাদি দ্বারা পূজা করিবেন।

সকলীকরণ উক্ত হইয়াছে যথা॥

দেবতার অঙ্গে যে ষড়ঙ্গ ন্যাস তাহাকে সকলীকরণ বলে॥ ৪৮॥

* বিধি যথা। মূলমন্ত্র দ্বারা শ্রীমূর্ত্তিকে চিন্তা করিয়া হস্তদ্বয়ে পুষ্পাঞ্জলি গ্রহণ পূর্ব্বক প্রবহমান নাসাপুট দ্বারা হৃদয় হইতে ব্রহ্মতেজঃ ঐ পুষ্পাঞ্জলিতে আনয়ন করিয়া কলসাদিতে যে মূর্ত্তিকে কল্পনা করা হইয়াছে সেই মূর্ত্তিতে তদীয় মন্ত্রদ্বারা আবাহন করিবেন॥

কেচিচ্চাহুঃ করন্যাসপীঠন্যাসৌ বিনাখিলৈঃ।
ন্যাসৈস্তত্তেজসঃ সাঙ্গীকরণং সকলীকৃতিঃ ॥ ৪৯ ॥
এবঞ্চ কুম্ভে তং সাঙ্গোপাঙ্গং সাবরণং প্রভুং।
অগ্রতোলেখ্যবিধিনার্চ্চয়েদ্ভোজ্যার্পণাবধি ॥ ৫০ ॥
নৈবেদ্যার্পণতঃ পশ্চান্মণ্ডলস্য চ সর্ব্বতঃ।
সদীপান্ পৈষ্টিকান্ ন্যস্যেৎ সবীজাঙ্কুরভাজনান্ ॥ ৫১ ॥

অথ দীক্ষাহোমবিধিঃ ॥

ততো দীক্ষাঙ্গহোমার্থং কুণ্ডং প্রাগ্বিহিতং গুরুঃ।

কিমাহুস্তদেব লিখতি করেত্যাদি। তস্য ব্রহ্মস্বরূপস্য তেজসঃ সাঙ্গীকরণং ধ্যানেন সাকারতাপাদনং ॥ ৪৯ ॥

তং নরাকৃতিপরব্রহ্মরূপং প্রভুং শ্রীকৃষ্ণং। এবমাবাহনাদিনা নৈবেদ্যসমর্পণান্তমর্চ্চয়েৎ। কথং অগ্রে নিত্যপূজাপ্রসঙ্গে মুখ্যস্থানে লেখ্যেন প্রকারেণ অতস্তত্রৈব তৎসর্ব্বপ্রকারো বিস্তার্য্য লেখ্যস্তদ্দৃষ্ট্যাহত্রাপি তথৈব পূজা কর্ত্তব্যা অধুনা তল্লিখনেনালমিত্যর্থঃ ॥ ৫০ ॥

বীজাঙ্কুরপাত্রসহিতান্ সত উত্তমান্ গব্যঘৃতাদিসাধিতান্ সম্যগুজ্জ্বলিতান্ দীপান্ মণ্ডলস্য পরিতঃ স্থাপয়েৎ। পৈষ্টিকান্ পিষ্টেন যবচূর্ণাদিনা নির্ম্মিতান্ পাত্রানিত্যর্থঃ ॥ ৫১ ॥

অপর কেহ কেহ বলিয়াছেন, করন্যাস ও পীঠন্যাস ব্যতিরেকে অন্য সমস্ত ন্যাস দ্বারা সেই ব্রহ্মস্বরূপ তেজের ধ্যানযোগে সাকারতা সম্পাদনের নাম সকলীকরণ ॥ ৪৯ ॥

এই প্রকারে কুম্ভে অঙ্গ, উপাঙ্গ ও আবরণের সহিত প্রভু শ্রীকৃষ্ণকে অগ্রে যে বিধি লেখা হইবে, তদনুসারে নৈবেদ্যসমর্পণ পর্য্যন্ত পূজা করিবেন ॥ ৫০ ॥

নৈবেদ্য অর্পণ করিয়া পরে মণ্ডলের চতুর্দ্দিকে বীজাঙ্কুর পাত্রসহিত গব্য ঘৃতাদি সাধিত প্রজ্বলিত দীপ (বর্ত্তিকা) সম্পন্ন পৈষ্টিক অর্থাৎ যবচূর্ণ-নির্ম্মিতপাত্র সকল স্থাপন করিবেন ॥ ৫১ ॥

অথ দীক্ষাহোমবিধি ॥

তাহার পর দীক্ষাঙ্গ হোমের নিমিত্ত পূর্ব্বে যে কুণ্ড বিধান করা

সংমার্জ্য দর্ভমার্জ্জন্যা যথাবিধ্যুপলেপয়েৎ।
বিকীর্য্য সর্ষপাংস্তত্র গব্যৈঃ সংপ্রোক্ষ্য পঞ্চভিঃ।
মধ্যে সংপূজয়েদ্বাস্তু পুরুষং দিক্ষু তৎপতীন্ ॥ ৫২ ॥
শোষণাদীনি কুণ্ডস্য কৃত্বা প্রোক্ষ্য কুশাম্বুভিঃ।
উল্লিখ্য চাস্মিন্ যোন্যাদিসহিতং মণ্ডলং লিখেৎ ॥ ৫৩ ॥
শ্রীবীজং মধ্যযোনৌ চ বিলিখ্যাভ্যুক্ষ্য পূজয়েৎ।

দীক্ষাহোমবিধিং লিখতি তত ইত্যাদিনা যথোদিতমিত্যন্তেন। যথাবিধীতি। বায়ুবীজজপ্তদর্ভমার্জ্জন্যাদি সমমাগ্নেয়ীমারভ্য প্রাদক্ষিণ্যেন সংমার্জ্য তথৈব বরুণবীজেন লেপনং কুর্য্যাদিত্যর্থঃ। যথাবিধীত্যস্যাগ্রেঽপি সর্ব্বত্রানুবর্ত্তনং কার্য্যং। তত্তৎপ্রকারবিশেষশ্চ গ্রন্থান্তরতো জ্ঞেয়ঃ। সর্ষপান্ অস্ত্রমন্ত্রজপ্তান্ তত্র কুণ্ডে দিক্ষু চ দশসু তৎপতীন্ দিক্পালান্ ॥ ৫২ ॥

আদিশব্দেন দহনপ্লাবনকাঠিন্যাদীনি। কুশযুক্তৈরম্বুভিঃ। উল্লিখ্য উল্লেখনঞ্চ কৃত্বা। অস্মিন্ কুণ্ডে। আদিশব্দাচ্চক্রবৃত্তাদি ॥ ৫৩ ॥

অথাগ্নিসংস্কারং লিখিষ্যন্নাদৌ তৎপ্রতিষ্ঠাং লিখতি শ্রীবীজমিতি ত্রিভিঃ। পুষ্পাদিনা যদ্বিষ্টরং শয্যা তৎ। যদ্বা পুষ্পাদিকমেব বিষ্টরত্বেন কল্পয়িত্বা তত্র মধ্যযোনাবেব নিধায়

হইয়াছে, গুরু কুশনির্ম্মিত সম্মার্জ্জনী দ্বারা ঐ কুণ্ড সম্যক্‌রূপে যথাবিধি অর্থাৎ সম্মার্জ্জনীর উপর বায়ুবীজ জপ করিয়া অগ্নিকোণ হইতে মার্জন এবং ঐ প্রকারে বরুণবীজ দ্বারা লেপন করিবেন।

অনন্তর "ফট্" এই অস্ত্র-মন্ত্র জপ করিয়া ঐ স্থানে সর্ষপ বিকীর্ণ অর্থাৎ ছড়াইয়া দিয়া পঞ্চগব্য দ্বারা প্রোক্ষণ (সেচন) করত মধ্যস্থলে বাস্তুপুরুষের এবং দশদিকে ইন্দ্র, অগ্নি, যম, নৈঋত, বরুণ, বায়ু, কুবের, ঈশান, ব্রহ্মা ও অনন্ত এই দশ দিক্‌পালের পূজা করিবেন ॥ ৫২ ॥

পরে পূজা-প্রকরণের লিখিতানুসারে কুণ্ডের শোষণ, দহন, প্লাবন ও কাঠিন্যাদি করিয়া কুশ জলদ্বারা প্রোক্ষণ করত বিলিখন পূর্ব্বক এই কুণ্ডে যোনি প্রভৃতির সহিত মণ্ডল লিখিবেন ॥ ৫৩ ॥

নিধায় তত্র পুষ্পাদি বিষ্টরং সাধু কল্পয়েৎ ॥ ৫৪ ॥
তত্র লক্ষ্মীমৃতুস্নাতাং বিষ্ণুঞ্চাবাহ্য পূজয়েৎ ॥
তাম্রাদিপাত্রেণানীয়াগ্রতোঽগ্নিং স্থাপয়েচ্ছুভং ॥ ৫৫ ॥
গন্ধাদিনাগ্নিমভ্যর্চ্চ্য বিষ্ণোঃ সংক্রীড়তঃ শ্রিয়া।
রেতো রূপং বিচিন্ত্যামুং কুণ্ডং তারেণ চার্চ্চয়েৎ ॥ ৫৬ ॥
বৈশ্বানরেতি মন্ত্রেণাচ্ছাদ্যাগ্নিং তং সমিদ্ধনৈঃ।
চিৎপিঙ্গলেতি প্রজ্বাল্যোপতিষ্ঠেদগ্নিমিত্যমুং ॥ ৫৭ ॥

আদিশব্দেন অক্ষতকূর্চ্চৌ ॥ ৫৪ ॥

শুভং অনিন্দিতং। তথা চোক্তং। অন্যথা বিধিনৈবাগ্নিমাহিতাগ্নে র্গৃহাদপি। আনীয় চাদদীতাত্র কুশৈঃ প্রজ্বাল্য যত্নত ইতি ॥ ৫৫ ॥

শ্রিয়া সহ সংক্রীড়ত আদ্যবসমনুভবতঃ। অমুং অগ্নিং। তারেণ প্রণবেন ॥ ৫৬ ॥

এবমগ্নেঃ প্রতিষ্ঠাবিধিং লিখিত্বোপস্থানবিধিং লিখতি বৈশ্বেতি। বৈশ্বানরেতি মন্ত্রস্যাদ্যাক্ষরাণি। এবমগ্রেঽপি। সমিদ্ভিঃ কাষ্ঠৈর্বিহিতৈঃ কাষ্ঠৈরিন্ধনৈ রাচ্ছাদ্য। চিৎপিঙ্গলেতি মন্ত্রেণ। অগ্নিমিতি মন্ত্রেণ অমুং অগ্নিমুপতিষ্ঠেৎ ॥ ৫৭ ॥

যোনিমধ্যে শ্রীবীজ লিখিয়া জল দ্বারা অভিষেক করিয়া পূজা করিবেন। তাহার উপর পুষ্পাদি স্থাপন করিয়া উত্তমরূপে শয্যা রচনা করিবেন ॥ ৫৪ ॥

অনন্তর তাহাতে ঋতুস্নাতা লক্ষ্মী ও বিষ্ণুকে আবাহন করিয়া পূজা করিবেন। পরে তাম্রাদি পাত্রে করিয়া আনয়ন করত সম্মুখে পবিত্র অগ্নি অর্থাৎ যাহা সাগ্নিক ব্রাহ্মণের গৃহ হইতে আনীত ও কুশদ্বারা প্রজ্বালিত তাহা স্থাপন করিবেন ॥ ৫৫ ॥

পরে চন্দনাদি দ্বারা অগ্নির পূজা করিয়া ঐ অগ্নিকে লক্ষ্মীর সহিত ক্রীড়াকারি বিষ্ণুর রেতঃস্বরূপ ভাবনা করত প্রণব দ্বারা কুণ্ডের পূজা করিবেন ॥ ৫৬ ॥

"বৈশ্বানর" এই মন্ত্র দ্বারা সেই অগ্নিকে আচ্ছাদন করত "চিৎপিঙ্গল" এই মন্ত্র উচ্চারণ পূর্ব্বক বিহিত কাষ্ঠ দ্বারা প্রজ্বালন করিয়া অগ্নির উপস্থান অর্থাৎ উপাসনা করিবেন ॥ ৫৭ ॥

জিহ্বা ন্যসেৎ সপ্ত তস্মিন্নপ্যঙ্গেষ্বঙ্গদেবতাঃ।
ষট্‌সু ষট্ ন্যস্য মূর্ত্তীশ্চ ন্যস্যাষ্টাভ্যর্চ্চয়েচ্চ তাঃ ॥ ৫৮ ॥

সপ্তজিহ্বাশ্চোক্তাঃ ॥

হিরণ্যা গগনা রক্তা তথা কৃষ্ণা চ সুপ্রভা।
বহুরূপাতিরূপা চ সপ্ত জিহ্বা বসোরিমাঃ ॥ ৫৯ ॥

অথাঙ্গদেবতাং ॥

সহস্রার্চ্চিঃ স্বস্তিপূর্ণ উত্তিষ্ঠ পুরুষস্তথা।
ধূমব্যাপী সপ্তজিহ্বা ধনুর্ধর ইতি স্মৃতঃ ॥

অষ্ট মূর্ত্তয়শ্চ ॥

জাতবেদাঃ সপ্তজিহ্বো হব্যবাহন এব চ।

অথ সংস্কারার্থমেব প্রথমং ন্যাসাদিকং লিখতি জিহ্বা ইতি চতুর্ভিঃ। ষট্‌সু অঙ্গেষু মূর্দ্ধাদিষু। ষট্ অঙ্গদেবতা ন্যস্য অষ্টৌ মূর্ত্তীশ্চ ন্যস্য তাশ্চ জিহ্বাঙ্গদেবতামূর্ত্তীঃ প্রত্যেকং চতুর্থীনমোঽন্ততত্তন্নামভিঃ পূজয়েৎ ॥ ৫৮ ॥

বসোরগ্নেঃ। কেচিচ্চ পদ্মরাগা সুপর্ণীত্যাদ্যাঃ সপ্ত জিহ্বা অত্রাগ্নিমন্যন্তে ॥ ৫৯ ॥

বিশ্বমুখো দেবমুখশ্চেতি দ্বৌ। তথা চ শারদাতিলকে, জাতবেদাঃ সপ্তজিহ্বো হব্যবাহন-

---

পরে সেই অগ্নিতে অগ্নির সপ্তজিহ্বা ও ছয় অঙ্গে ছয় দেবতা স্থাপন করিবেন এবং ঐ অগ্নিতে অষ্টমূর্ত্তিও স্থাপনা করিয়া তৎসমুদায়ের পূজা করিবেন ॥ ৫৮ ॥

অগ্নির সপ্তজিহ্বা উক্ত হইয়াছে যথা—

হিরণ্যা, গগনা, রক্তা, কৃষ্ণা, সুপ্রভা, বহুরূপা ও অতিরূপা এই সাতটী অগ্নির জিহ্বা ॥ ৫৯ ॥

অগ্নির অঙ্গদেবতা যথা—

সহস্রার্চ্চিঃ, স্বস্তিপূর্ণ, উত্তিষ্ঠ, পুরুষ, ধূমব্যাপিন্, সপ্তজিহ্বা ও ধনুর্ধর, এই সাতটী অগ্নির অঙ্গ বলিয়া কথিত হইয়াছে ॥

অগ্নির অষ্ট মূর্ত্তি যথা—

জাতবেদা, সপ্তজিহ্ব, হব্যবাহন, অশ্বোদরজ, বৈশ্বানর, কৌমার-

অশ্বোদরজসংজ্ঞশ্চ তথা বৈশ্বানরোঽপরঃ।
কৌমারতেজাশ্চ তথা বিশ্বদেবমুখাহ্বয়াবিতি ॥ ৬০ ॥
ততো বর্হিঃ পরিস্তীর্য্য সংস্কৃত্যাজ্যং যথাবিধি।
হুত্বা চ ব্যাহৃতীঃ পশ্চাত্ত্রীন্ বারান্ জুহুয়াৎপুনঃ।
ততোঽস্য গর্ব্ভাধানাদীন্ বিবাহান্তান্ যথাক্রমং।
সংস্কারানাচরেদুক্তমন্ত্রেণাষ্টাহুতৈস্তথা ॥ ৬১ ॥
ইত্থং হি সংস্কৃতে বহ্নৌ পীঠমভ্যর্চ্চ তত্রচ।
দেবমাবাহ্য গন্ধাদিদীপান্তাবিধিনার্চ্চয়েৎ ॥ ৬২ ॥

সংজ্ঞকঃ। অশ্বোদরজসংজ্ঞোঽন্যস্তথা বৈশ্বানরাহ্বয়ঃ। কৌমারতেজাঃ স্যাদ্বিশ্বমুখো দেবমুখস্তথেতি ॥ ৬০ ॥

পরিস্তীর্য্য কুশাঙ্কুরাদিনা অগ্নেঃ পরিস্তরণং কৃত্বা। যথাবিধীতি সর্ব্বত্রৈব সম্বন্ধনীয়ং। তচ্চ তাপনাদ্যুৎপবনাদিনাজ্যসংস্কারাদিপ্রকারাশ্চ যাজ্ঞিকেষু সুপ্রসিদ্ধ এব অত্রাপেক্ষিতশ্চেৎ শ্রীপুরুষোত্তমবনবিরচিতক্রমদীপিকাটীকাগ্রন্থতো জ্ঞেয়ঃ। পশ্চাৎ প্রণবব্যাহৃতীর্যথাবিধি হুত্বা বৈশ্বানরেত্যাদিনা অগ্নের্মূলমন্ত্রেণ পুনস্ত্রিকৃত্বো জুহুয়াৎ। শাস্ত্রোক্তেন মন্ত্রেণ স্বাহান্তপ্রণবেনাগ্নেনচ তত্তৎকর্ম্মাবয়বকেণ মন্ত্রেণ আহুত্যষ্টকেন চ অস্য বহ্নেঃ সংস্কারান্ ক্রমেণ কুর্য্যাৎ। তত্তদ্বিধিরপি তত্তদ্গ্রন্থত এব বিশেষতো জ্ঞেয়ঃ ॥ ৬১ ॥

তত্র তস্মিন্ পীঠে। গন্ধার্পণমারভ্য দীপার্পণপর্য্যন্তমর্চ্চয়েদিত্যর্থঃ। দীপান্তার্চ্চনস্যাগ্নিজিহ্বায়াঃ পীঠার্চ্চনদেবাবাহনাদি বিধিশ্চাগ্রে ব্যক্তো ভাবী ॥ ৬২ ॥

তেজা, বিশ্বমুখ ও দেবমুখ এই আটটী অগ্নির মূর্ত্তি ॥ ৬০ ॥

তাহার পর অগ্নির চতুর্দ্দিকে কুশাঙ্কুরাদি বিস্তার করিয়া যথাবিধি ঘৃত শোধন করত ব্যাহৃতিহোম করিয়া পরে পুনর্ব্বার তিনবার হোম করিবেন ॥

তদনন্তর শাস্ত্রোক্ত মন্ত্র দ্বারা আটবার হোম করিয়া যথাক্রমে এই অগ্নির গর্ব্ভাধানাদি বিবাহ পর্য্যন্ত সমুদায় সংস্কার করিবেন ॥ ৬১ ॥

অগ্নি এইরূপে সংস্কৃত হইলে তাহাতে পীঠ পূজা করিয়া, সেই পীঠে দেবতাকে আহ্বান করত গন্ধার্পণ আরম্ভ করিয়া দীপদান পর্য্যন্ত

তস্মাগ্নিং দেব-রসনাং সংকল্প্যাষ্টোত্তরং বুধঃ।
সহস্রং জুহুয়াৎ সর্পিঃ শর্করাপায়সৈর্যুতৈঃ॥ ৬৩॥
হুত্বাজ্যেনাথ মহতী র্ব্যাহৃতীর্ব্বিধিনা কৃতী।
গ্রহর্ক্ষকরণাদিভ্যো বলিং দদ্যাদ্যথোদিতং॥

অথ হোমদ্রব্যপরিমাণং॥

কর্ষমাত্রং ঘৃতং হোমে শুক্তিমাত্রং পয়ঃ স্মৃতং।
উক্তানি পঞ্চগব্যানি তৎসমানি মনীষিভিঃ।
তৎ সমং মধুদুগ্ধান্নমক্ষমাত্রমুদাহৃতং।

তং সংস্কৃতমগ্নিঞ্চ দেবস্য ভগবতো জিহ্বাত্বেন সংকল্প্য। যুতৈর্মিলিতৈঃ॥ ৬৩॥

অথ অনন্তরং মহাব্যাহৃতীর্ব্বিধিনা শাস্ত্রোক্তপ্রকারেণ আজ্যেন হুত্বা। কৃতীতি। এবং হোমং সমাপ্যাত্মানং শিবাঞ্চ প্রসাদাম্বুভিরভ্যুক্ষ্য হুতভস্মনা তিলকং কুর্য্যাদিত্যাদিকং কৃতিত্বং জ্ঞেয়ং। যথোদিতমিতি মণ্ডলমধ্যে রাশিস্থানেষু তত্তন্মন্ত্রৈস্তত্তৎক্রমেণ হোমাবশিষ্ট-পায়স-তৃতীয়াংশেন গ্রহাদিভ্যো বলিং দদ্যাৎ। তত্তৎপ্রকারবিশেষোঽপি তত্রৈব জ্ঞেয়ঃ। আদিশব্দাচ্চ মীনমেষয়োরন্তরালে সিংহব্যাঘ্রবরাহখরগজবৃষভাদীনাং বলির্জ্ঞেয়ঃ। তথা চতুর্থাংশেন মণ্ডলস্য দক্ষিণভাগে গোময়োপলিপ্তপ্রদেশেঽগ্নয়ে তেজোঽধিপতয়ে বিষ্ণুপার্ষদেভ্যশ্চ সর্ব্বেভ্যো বলির্দ্দেয় ইত্যাদি বোদ্ধব্যং। তত্র চ সর্ব্বে তত্তন্মন্ত্রা জলগন্ধপুষ্পদানে নমোঽন্তা বলিদানে স্বাহান্তাঃ। পুনর্জলদানে তু তৃপ্যান্তাং অগন্তব্যা

শাস্ত্র বিধানানুসারে পূজা করিবেন॥ ৬২॥

অনন্তর সেই অগ্নিকে ভগবানের জিহ্বা কল্পনা করিয়া জ্ঞানবান্ ব্যক্তি ঘৃত, শর্করা ও পায়স দ্বারা অষ্টোত্তর সহস্র হোম করিবেন॥৬৩॥

পরে কর্ত্তা ঘৃত দ্বারা বিধানানুসারে মহাব্যাহৃতি হোম করিয়া গ্রহ, নক্ষত্র ও করণাদিকে যথাবিধি নৈবেদ্য দান করিবেন॥

অথ হোমদ্রব্যের পরিমাণ॥

পণ্ডিতগণ হোমকার্য্যে ঘৃত কর্ষমাত্র অর্থাৎ এক তোলা, দুগ্ধ শুক্তি মাত্র অর্থাৎ চারি তোলা এবং পঞ্চগব্য ও মধু প্রত্যেকে এক তোলা পরিমাণ কহিয়াছেন। আর পায়স অক্ষমাত্র অর্থাৎ এক তোলা, দধি প্রসৃতিমাত্র অর্থাৎ এক গণ্ডূষ এবং লাজ (খৈ) মুষ্টি পরিমিত হইবে

দধিপ্রসৃতিমাত্রং স্যাৎ লাজাঃ স্যুর্মুষ্টিসংমিতা ইত্যাদি ॥৬৪॥

অথ নত্বাম্বুপানার্থং প্রদায়াচমনানিচ।

আত্মার্পণান্তমভ্যর্চ্চ্য লেখ্যেন বিধিনাচরেৎ ॥ ৬৫ ॥

অথ গুরুশিষ্যনিয়মাদি ॥

ব্রতস্থং বাগ্‌যতং শিষ্যং প্রবেশ্যাথ যথাবিধি।

তদ্দেহে মাতৃকাং সাঙ্গাং ন্যস্যাথোপদিশেচ্চ তাং ॥ ৬৬ ॥

দেবং সাবরণং কুম্ভগতং চানুস্মরন্ গুরুঃ।

ইতি দিক্। যথোদ্দমিত্যস্যাগ্রেহপ্যনুবর্ত্তনং কার্য্যং ॥ ৬৪ ॥

অথ বলিদানানন্তরং প্রণামং কৃত্বা পানার্থং সংস্কৃতং জলং পশ্চাদাচমনার্থঞ্চ জলং প্রদায় তত্তৎপ্রকারোহপ্যপেক্ষিতো নিত্যপূজাপ্রসঙ্গে ব্যক্তো ভাব্যেব। অম্বুপ্রদানানন্তরমন্ত্যং কৃত্যং বিষ্বক্সেনায় নৈবেদ্যাংশপ্রদানং ভগবতে চ গণ্ডূষাদ্যর্পণমারভ্য আত্মার্পণান্তং সর্ব্বং সমাপয়েৎ। তচ্চাগ্রে নিত্যপূজাপ্রসঙ্গে লেখ্যপ্রকারেণৈবেত্যর্থঃ ॥ ৬৫ ॥

অথানন্তরং উপবাসপরং মৌনিনং শিষ্যং পূর্ব্বশিষ্যৈঃ প্রবেশ্য। যথাবিধীতি প্রণামং কারয়িত্বা প্রোক্ষণীবারিণাহস্ত্রমন্ত্রেণ তং সংপ্রোক্ষ্য কিঞ্চিৎ পঞ্চগব্যপ্রাশনং কারয়িত্বা চ তদ্দেহে মাতৃকাঙ্গানি মাতৃকাঞ্চ ন্যস্য ধ্যানপূর্ব্বাং মাতৃকাং তস্মৈ গুরুরুপদিশেদিত্যর্থঃ ॥ ৬৬ ॥

যথাবিধীত্যস্যানুবর্ত্তত এব। অতশ্চ আবরণসহিতং ভগবন্তং তৎস্থাপিতকলসগতং

ইত্যাদি ॥ ৬৪ ॥

অনন্তর নমস্কার করিয়া পান ও আচমনের নিমিত্ত জল প্রদান করিয়া আত্মনিবেদন পর্য্যন্ত পূজা করত পরে যে বিধি লেখা হইবে তদনুসারে কার্য্য করিবেন ॥ ৬৫ ॥

অথ গুরুশিষ্য-নিয়মাদি ॥

গুরু, উপবাসস্থ মৌনি শিষ্যকে যথাবিধি প্রবেশ করাইয়া তাঁহার দেহে অঙ্গ সহিত মাতৃকান্যাস করত বিধানানুসারে ঐ মাতৃকা উপদেশ করিবেন ॥ ৬৬ ॥

অনন্তর গুরুদেব আবরণ সহিত ভগবান্ কুম্ভমধ্যে অবস্থিতি করিতেছেন এইরূপ চিন্তা করিয়া অষ্টোত্তর সহস্র জপ করত কিঞ্চিৎ পঞ্চ

জপ্ত্বাষ্টোত্তরসাহস্রং শয়ীত প্রাশ্য কিঞ্চন ॥ ৬৭ ॥
দর্ভোপর্য্যজিনেষ্বেণে নিবিষ্টো মাতৃকাং স্মরন্।
গুরুঞ্চ শিষ্যো নিদ্রাণং তাং শয়ীত জপন্ ব্রতী ॥ ৬৮ ॥
ইতি পূর্ব্বদিনকৃত্যং ॥
অথ তদ্দিনকৃত্যানি।
প্রাতঃ কৃত্যং গুরুঃ কৃত্বা কুম্ভং চাভ্যর্চ্চ্য পূর্ব্ববৎ।
হুত্বা দত্ত্বা বলিং কর্ম্মান্যৎ কুর্য্যাৎ স্বার্পণাবধি ॥ ৬৯ ॥
সংহারমুদ্রয়া কৃষ্ণে সংযোজ্যাবৃতিদেবতাঃ।

চিন্তয়ন্ সন্ তৎ কলসজলং স্পৃষ্ট্বাঽষ্টোত্তরসহস্রং জপ্ত্বা পুষ্পাঞ্জলিং কৃত্বাঽভিবন্দ্য পঞ্চগব্যাদিকং কিঞ্চিৎ প্রাশ্য দীক্ষাসম্বন্ধিক্রিয়াকাণ্ডাদিকং চানুসন্দধানঃ পবিত্রশয্যায়াং শয়নং কুর্য্যাদিত্যর্থঃ ॥ ৬৭ ॥

শিষ্যোঽপি মাতৃকোপদেশং প্রাপ্য দর্ভোপরি কৃষ্ণাজিনোপবিষ্টঃ সন্ মাতৃকাং গুরুঞ্চ ধ্যায়ন্ মাতৃকাং নিদ্রাবশান্তং জপন্ কৃতোপবাসঃ পূর্ব্বশিরস্ক উত্তরশিরস্কো বা শয়ীতেতি ॥৬৮॥

প্রাতঃকৃত্যং প্রাতঃস্নানমারভ্যাত্মার্পণান্তং যাবদশেষং কর্ম্ম সমাপ্য। কুম্ভস্থং ভগবন্তং পূর্ব্ববদভ্যর্চ্চ্য হোমঞ্চ তত্রৈব কৃত্বা বলিঞ্চ দত্ত্বা বলিদানানন্তরং যদন্যৎ পানার্থজলসমর্পণাদি কর্ম্ম আত্মার্পণান্তং সর্ব্বমেব পুনঃ কুম্ভে কুর্য্যাদিত্যর্থঃ ॥ ৬৯ ॥

গব্য ভোজন করিয়া শয়ন করিবেন ॥ ৬৭ ॥

শিষ্য উপবাস পরায়ণ হইয়া কুশের উপর মৃগচর্ম্ম স্থাপন পূর্ব্বক তদুপরি উপবেশন করত মাতৃকা অর্থাৎ বর্ণমালা ও গুরুদেবকে ধ্যান করিবেন, পরে নিদ্রিতা সেই মাতৃকা জপ করিয়া পূর্ব্বশিরস্ক অথবা উত্তরশিরস্ক হইয়া শয়ন করিবেন। এই সমুদায় পূর্ব্বদিনের কার্য্য ॥৬৮॥

অথ দীক্ষাগ্রহণ দিবসের কার্য্য ॥

গুরু প্রাতঃকৃত্য সমাপন করিয়া পূর্ব্বের ন্যায় কুম্ভের পূজা, হোম ও বলিপ্রদান করত আত্মসমর্পণ পর্য্যন্ত অন্যান্য কর্ম্ম করিবেন ॥ ৬৯ ॥

পরে সংহারমুদ্রা * দ্বারা আবরণদেবতা সকলকে শ্রীকৃষ্ণে যোজনা

---

* অধোমুখ স্থিত বামহস্তের উপর ঊর্দ্ধমুখস্থ দক্ষিণ হস্ত রাখিয়া বিস্তারিত অঙ্গুলি সকলকে পরস্পর গ্রন্থন পূর্ব্বক পরিবর্ত্তন অর্থাৎ উলটাইয়া আনার নাম সংহার মুদ্রা।

তঞ্চামৃতময়ং ধ্যাত্বা স্বস্মিংশ্চাগ্নিং বিলাপয়েৎ ॥ ৭০ ॥
ধ্বজতোরণদিক্‌কুম্ভমণ্ডপাদ্যধিদেবতাঃ।
সর্ব্বা বিভাব্য চিদ্রূপাঃ কুম্ভে সংযোজ্য পূজয়েৎ ॥ ৭১ ॥
অতো গুরুং গণেশঞ্চ বিষ্বক্‌সেনঞ্চ পূজয়েৎ।
উদ্বাস্য কলসং স্পৃষ্ট্বা শতমষ্টোত্তরং জপেৎ ॥ ৭২ ॥
কৃতোপবাসঃ শিষ্যোঽথ প্রাতঃকৃত্যং বিধায় সঃ।
শুক্লবস্ত্রঃ সুবেশঃ সন্ বিপ্রান্ দ্রব্যেন তোষয়েৎ ॥ ৭৩ ॥

আবরণদেবতা গুরুগণেশব্যতিরিক্তা ভবতি উদ্বাসনেন সংযোজ্য লীনা ইতি বিভাব্য তঞ্চ দেবং অমৃতময়ং নিষ্কলপূর্ণানন্দরূপেণাবস্থিতং ধ্যাত্বা বিলাপয়েৎ লীনত্বেন চিন্তয়েৎ॥ ৭০॥

ধ্বজাদীনামধিষ্ঠাতৃদেবতাঃ আদিশব্দেন মণ্ডলকুণ্ডাদিঃ ॥ ৭১ ॥

অত ইতি গুরুং শিবস্থাদ্বাস্যাভ্যর্চ্চ্য গণেশঞ্চাকাশ উদ্বাস্যাভ্যর্চ্চ্য যাগাবশিষ্টদ্রব্যেণ বিষ্বক্‌সেনং চাভ্যর্চ্চ্যাকাশ এবোদ্বাস্যেত্যর্থঃ ॥ ৭২ ॥

প্রাতঃকৃত্যং স্নানাদ্যাবশ্যকং কর্ম্ম। স দীক্ষার্থী শুক্লে বস্ত্রে যস্য তথাভূতঃ সন্। সুশোভনো বেশোঽলঙ্কারো যস্য তথাভূতঃ সন্ হোমাদিকৃতো বিপ্রান্ গোভূমিবস্ত্রধান্যাদিদ্রব্যেণ তোষয়েৎ ॥ ৭৩ ॥

অর্থাৎ শ্রীকৃষ্ণে লীন হইয়াছেন এইরূপ ভাবনা করিয়া, পশ্চাৎ সেই শ্রীকৃষ্ণকে নির্ম্মল পূর্ণানন্দ স্বরূপে অবস্থিত ধ্যান করত আপনাতে অগ্নি লীন করিবেন অর্থাৎ আমাতে অগ্নিমিশ্রিত এইরূপ ভাবনা করিবেন॥৭০

তদনন্তর ধ্বজ, তোরণ, দিক্, কুম্ভ, মণ্ডপাদির অধিষ্ঠাত্রী দেবতা সকলকে ব্রহ্মস্বরূপ ভাবনা করিয়া কুম্ভে সংযোজন করত পূজা করিবেন ॥ ৭১ ॥

ইহার পর গুরু, গণেশ ও বিষ্বক্‌সেনকে পূজা করিবেন, পরে বিসর্জ্জন করিয়া কলসস্পর্শ করত একশত অষ্টবার জপ করিবেন ॥ ৭২ ॥

অনন্তর সেই কৃতোপবাস শিষ্য স্নানপ্রভৃতি আবশ্যকীয় প্রাতঃকৃত্য সকল সমাপন করিয়া শুক্লবস্ত্র ও সুন্দর বেশধারণ পূর্ব্বক গো, ভূমি,

গুরুঞ্চ ভগবদ্দৃষ্ট্যা পরিক্রম্য প্রণম্যচ।
দত্তোক্তাং দক্ষিণাং তস্মৈ স্বশরীরং সমর্পয়েৎ ॥ ৭৪ ॥
তথাচ দশমস্কন্ধে ॥
ইয়দেব হি সচ্ছিষৈ্যঃ কর্ত্তব্যং গুরুনিষ্কৃতং।
যদ্বৈ বিশুদ্ধভাবেন সর্ব্বার্থাত্মার্পণং গুরৌ ॥ ৭৫ ॥
অথাভিষেচনবিধিঃ ॥
যাগালয়াদুত্তরস্যামাশায়াং স্নানমণ্ডপে।

ভগবদ্দৃষ্ট্যা ভগবানেবায়ং সাক্ষাদিত্যেবং বুদ্ধ্যেত্যর্থঃ। উক্তাং শাস্ত্রেণ। তথাহি স্ব বিত্তার্দ্ধং চতুর্থাংশং দশাংশং বাথ শক্তিত ইতি। এষাচ গুরুসন্তোষণার্থা প্রথমা দক্ষিণা মন্ত্র-দাক্ষিণা চান্যা মন্ত্রদানানন্তরং লেখ্যা ॥ ৭৪ ॥

নিষ্কৃতং প্রত্যুপকারঃ। সর্ব্বেষামর্থানামাত্মনশ্চার্পণং ॥ ৭৫ ॥

গুরুকৃত্যং লিখতি যাগেত্যাদি ষড়্ভিঃ। আশায়াং দিশি। অত্র চায়ং বিধির্দ্রষ্টব্যঃ। গোময়াদিনোপলিপ্তে বিবিক্তে বিতানাদ্যলঙ্কৃতে মণ্ডপে পদ্মস্বস্তিকাদিকমুদ্ধৃত্য তত্র পীঠং স্থাপয়িত্বা তস্মিংশ্চ শিষ্যং পূর্ব্বাভিমুখমুপবেশ্য স্বয়ঞ্চ তদভিমুখমুপবিশ্য শোষণদহনপ্লাবনাদি

বস্ত্র ও ধান্যাদি দ্রব্য দ্বারা ব্রহ্মণদিগকে সন্তুষ্ট করিবেন ॥ ৭৩ ॥

গুরু সাক্ষাৎ ভগবান্ এইরূপ করিয়া তাঁহাকে প্রণাম ও প্রদক্ষিণ করত শাস্ত্রোক্ত দক্ষিণা দান পূর্ব্বক স্বীয় শরীর সমর্পণ করিবেন ॥ ৭৪ ॥

দশমস্কন্ধে ৮০ অধ্যায়ে ৩২ শ্লোকে এই বিষয় উক্ত হইয়াছে যথা —

গুরুকে অতীব বিশুদ্ধভাবে যে, আপনার নিখিল অর্থ এবং আত্মা-পর্য্যন্ত নিবেদন করা, ইহাই সৎশিষ্যের গুরু নিকটে নিষ্কৃতি লাভ অর্থাৎ কর্ত্তব্য প্রত্যুপকার ॥ ৭৫ ॥

অথ অভিষেক বিধি ॥

যাগালয়ের উত্তরদিকে স্নান মণ্ডপের মধ্যস্থ পীঠে ঐ শিষ্যকে উপ-বেশন করাইয়া শোষণাদি করাইবেন।

তাৎপর্য্য। গুরুকৃত্য যথা—গোময়াদি দ্বারা লিপ্ত, নির্জন ও চন্দ্রা-তপ ভূষিত মণ্ডপে পদ্ম স্বস্তিকাদি বিরচন পূর্ব্বক তাহাতে পীঠ স্থাপন করিয়া সেই পীঠে শিষ্যকে পূর্ব্বমুখে উপবেশন করাইয়া গুরু স্বয়ং

পীঠে নিবেশ্য তং শিষ্যং কারয়েচ্ছোষণাদিকং ॥ ৭৬ ॥
পীঠন্যাসান্তমখিলং মাতৃকান্যাসপূর্ব্বকং।
ন্যাসং শিষ্যতনৌ কৃত্বা পীঠমন্ত্রেণ পূজয়েৎ ॥ ৭৭ ॥
সদূর্ব্বাক্ষতপুষ্পাঞ্চ মূর্দ্ধ্নি শিষ্যস্য রোচনাং।
নিধায় কলসং তস্যান্তিকে বাদ্যাদিনা নয়েৎ ॥ ৭৮ ॥
শ্রীকৃষ্ণমথ সংপ্রার্থ্য গুরুঃ কুম্ভস্য বাসসা।

রূপাং ভূতশুদ্ধিং তস্য কারয়েদিতি ॥ ৭৬ ॥

পূজয়েত্তদ্দেহ এব ভগবন্তমুদ্দিশ্য পুষ্পাঞ্জলিং কুর্য্যাদিত্যর্থঃ ॥ ৭৭ ॥

দূর্ব্বাক্ষতপুষ্পসহিতাং গোরোচনাং। তয়া তিলকং তস্য কারয়েদিতি কেচিদাহুঃ। তস্য শিষ্যস্যান্তিকে কলসং পূর্ব্বসংস্কৃতকুম্ভং বিশ্বস্তসাধুজনহস্তেন নয়েৎ। আদিশব্দেন বিপ্রাশীর্ব্বাদ মঙ্গলঘোষগীতকীর্ত্তনাদি ॥ ৭৮ ॥

অথানন্তরং হে ভগবন্ মদীয়ান্তঃকরণে সন্নিধিবিশেষং কৃত্বা শিশোরস্য সাধুগুণসম্পন্নস্যানুগ্রহং কর্ত্তুমর্হসীতি সংপ্রার্থ্য। স্বয়মুত্তরাভিমুখো বামহস্তেন কুম্ভং ধারয়ন্ কুম্ভমুখবর্ত্তিবস্ত্রেণ শিষ্যং নীরাজ্য তৎকুম্ভমুখস্থপল্লবাদিকং শিষ্যস্য মস্তকেঽর্পয়েদিতি বিধিরত্র

শিষ্যের সম্মুখে উপবেশন করত তাহার শোষণ, দহন ও প্লাবনাদিরূপ ভূতশুদ্ধি করাইবেন ॥ ৭৬ ॥

পরে, শিষ্যের শরীরে মাতৃকা ন্যাসাদি পীঠন্যাস পর্য্যন্ত সমস্ত ন্যাস করিয়া পীঠমন্ত্র দ্বারা পূজা করিবেন অর্থাৎ শিষ্যের দেহেতেই ভগবানকে উদ্দেশ করিয়া পুষ্পাঞ্জলি প্রদান করিবেন ॥ ৭৭ ॥

তৎপরে শিষ্যের মস্তকে দূর্ব্বা, আতপ তণ্ডুল ও পুষ্পের সহিত গোরোচনা স্থাপন করিয়া তাহার নিকট বাদ্যযন্ত্র বাদন পূর্ব্বক পূর্ব্ব সংস্কৃত কলস বিশ্বস্ত সাধুজনের হস্ত দ্বারা আনয়ন করাইবেন ॥ ৭৮ ॥

তদনন্তর গুরু শ্রীকৃষ্ণের নিকট প্রার্থনা করিয়া অর্থাৎ "হে ভগবন্! আমার অন্তঃকরণে বিশেষরূপে সন্নিধান করত সাধুগুণসম্পন্ন এই শিশুর প্রতি অনুগ্রহ বিধান করিতে যোগ্য হউন" এইরূপ প্রার্থনা করণান্তর কলসের বস্ত্র দ্বারা শিষ্যকে নীরাজন করিয়া তাহার মস্তকে

নীরাজ্য শিষ্যং তন্মূর্দ্ধ্নি ন্যসেত্তৎ পল্লবাদিকং ॥ ৭৯ ॥

তদুক্তং ॥

বিধিবৎ কুম্ভমুদ্ধৃত্য তন্মুখস্থান্ সুরদ্রুমান্।
শিশোঃ শিরসি বিন্যস্য মাতৃকাং মনসা জপেৎ ॥ ৮০ ॥

ততঃ কুম্ভাম্ভসা শিষ্যং প্রোক্ষ্য ত্রির্মূলমন্ত্রতঃ।
বিপ্রাশীর্মঙ্গলোদ্ঘোষৈরভিষিঞ্চেন্মনূন্ পঠন্ ॥ ৮১ ॥

অথাভিষেকমন্ত্রাঃ ॥

বশিষ্ঠসংহিতায়াং ॥

সুরাস্ত্বামভিষিঞ্চন্তু ব্রহ্মবিষ্ণুমহেশ্বরাঃ।
বাসুদেবো জগন্নাথস্তথা সঙ্কর্ষণো বিভুঃ।
প্রদ্যুম্নশ্চানিরুদ্ধশ্চ ভবন্তু বিভবায় তে।

দ্রষ্টব্যঃ ॥ ৭৯ ॥

তদেবাভিব্যঞ্জয়তি বিধিবদিতি। সুরদ্রুমান্ কুম্ভমুখন্যস্তান্ অশ্বত্থপল্লবানিত্যর্থঃ ॥ ৮০ ॥

বারত্রয়ং মূলমন্ত্রেণ প্রথমং প্রোক্ষ্য পশ্চাৎ কুম্ভং তং করাভ্যাং গৃহীত্বা তজ্জলেন শিষ্যস্য সর্ব্বাঙ্গং পূরয়ন্ মূর্দ্ধণ্যভিষেকং কুর্য্যাদিত্যর্থঃ। মনূন্মন্ত্রান্ ॥ ৮১ ॥

ঐ কলসের পল্লবাদি স্থাপন করিবেন ॥ ৭৯ ॥

এই বিষয় উক্ত হইয়াছে যথা ॥

বিধিপূর্ব্বক কুম্ভ উত্তোলন করিয়া তাহার মুখস্থ অশ্বত্থপল্লব সকল শিশুর মস্তকে স্থাপন করিয়া মনোমধ্যে মাতৃকা জপ করিবেন ॥ ৮০ ॥

তাহার পর মূলমন্ত্র উচ্চারণ পূর্ব্বক কুম্ভের জলদ্বারা শিষ্যকে তিন-বার প্রোক্ষণ অর্থাৎ তাহার গাত্রে জলসেচন করিয়া মন্ত্র সকল পাঠ করিতে করিতে ব্রাহ্মণদিগের আশীর্ব্বাদ এবং মঙ্গল শব্দ সহকারে অভিষেক করিবেন ॥ ৮১ ॥

অথ অভিষেকের মন্ত্র সকল যথা ॥

বশিষ্ঠসংহিতায় ॥

ব্রহ্মা, বিষ্ণু, মহেশ্বর প্রভৃতি দেবগণ তোমাকে অভিষেক করুন। বাসুদেব, জগন্নাথ তথা বিভু সঙ্কর্ষণ, প্রদ্যুম্ন ও অনিরুদ্ধ তোমার মঙ্গল বিধান করুন ॥

আখণ্ডলোঽগ্নির্ভগবান্ যমো বৈ নিঋর্তিস্তথা।
বরুণঃ পবনশ্চৈব ধনাধ্যক্ষস্তথা শিবঃ।
ব্রহ্মণা সহিতা হ্যেতে দিক্‌পালাঃ পান্তু বঃ সদা।
কীর্তির্লক্ষ্মীর্ধৃতির্মেধা পুষ্টিঃ শ্রদ্ধা ক্রিয়া গতিঃ।
বুদ্ধির্লজ্জা বপুঃ শান্তির্মায়া নিদ্রা চ ভাবনা।
এতাস্ত্বামভিষিঞ্চন্তু রাহুঃ কেতুশ্চ পূজিতাঃ।
দেব-দানব-গন্ধর্ব্বা-যক্ষ-রাক্ষস-পন্নগাঃ।
ঋষয়ো মুনয়ো গাবো দেবমাতর এব চ।
দেবপত্ন্যো ধ্রুবা নাগা দৈত্যা অপ্সরসাং গণাঃ।
অস্ত্রাণি সর্ব্বশাস্ত্রাণি রাজানো বাহনানি চ।
ঔষধানি চ রত্নানি কালস্যাবয়বাশ্চ যে।
সরিতঃ সাগরাঃ শৈলাস্তীর্থানি জলদা নদাঃ।
এতে ত্বামভিষিঞ্চন্তু ধর্ম্মকামার্থসিদ্ধয়ে॥ ৮২॥

দানবাঃ দনোঃ পুত্রাঃ দৈত্যাঃ দিতেঃ পুত্রা ইতি ভেদঃ। অস্ত্রাণি শরাদীনি শস্ত্রাণি খড়্গাদীনি॥ ৮২॥

ইন্দ্র, অগ্নি, ভগবান্, যম, নির্ঋতি, বরুণ, পবন, কুবের ও শিব। আর ব্রহ্মার সহিত এই সকল দিক্‌পাল সর্ব্বদা তোমাকে রক্ষা করুন॥

কীর্ত্তি, লক্ষ্মী, ধৃতি, মেধা, শ্রদ্ধা, ক্রিয়া, বুদ্ধি, লজ্জা, বপুঃ, শান্তি, মায়া, নিদ্রা ও ভাবনা, তথা রাহু ও কেতু ইহাঁরা পূজিত হইয়া তোমাকে অভিষেক করুন॥

দেব, দানব, গন্ধর্ব্ব, যক্ষ, রাক্ষস, পন্নগ, ঋষি, মুনি, গো, দেবমাতৃগণ, দেবপত্নীগণ, ধ্রুবগণ, নাগগণ, দৈত্যগণ, অপ্সরোগণ, সমুদায় অস্ত্র শস্ত্র, রাজগণ, বাহনসকল, ঔষধ ও রত্নসমুদায়, তথা যে সকল দণ্ড মুহূর্ত্তাদিকালের অবয়ব, আর নদী, সমুদ্র, পর্ব্বত, তীর্থসমুদায়, মেঘ ও নদ ইহারা সকল ধর্ম্ম, অর্থ, কাম সিদ্ধির নিমিত্ত তোমাকে অভিষেক করুন॥ ৮২॥

অথ মন্ত্রকথনবিধিঃ ॥

পরিধায়াংশুকে শিষ্য আচান্তো যাগমণ্ডপে।
গত্বা ভক্ত্যা গুরুং নত্বা গুরোরাসীত দক্ষিণে ॥ ৮৩ ॥
গুরুঃ সমর্প্য গন্ধাদীন্ পুরুষাহারসংমিতং।
নিবেদ্য পায়সং কৃষ্ণে কুর্য্যাৎ পুষ্পাঞ্জলিং ততঃ ॥ ৮৪ ॥
সাম্প্রদায়িকমুদ্রাদিভূষিতং তং কৃতাঞ্জলিং।

অংশুকে বস্ত্রযুগ্মং নবং সিতং পরিধায় স্নানবাসোঽস্পৃশন্ কৃতাচমনঃ সন্ ভক্ত্যা নত্বেতি ভগবদ্বুদ্ধ্যা বহুশোঽষ্টাঙ্গপ্রণামং সপাদগ্রহণং কৃত্বেত্যর্থঃ। গুরোস্তস্য পূর্ব্বাভিমুখমুপবিষ্টস্য প্রাগেব কৃতপ্রাণায়ামষড়ঙ্গন্যাসাদিকস্য দক্ষিণভাগে তদেকচিত্তোঽভিমুখো বদ্ধাঞ্জলিঃ সন্ উপবিশেদিতি জ্ঞেয়ং ॥ ৮৩ ॥

আদিশব্দেন পুষ্পধূপাদীন্ ॥ ৮৪ ॥

অথ মন্ত্রকথন বিধি অর্থাৎ মন্ত্র বলিবার ব্যবস্থা ॥

শিষ্য নববস্ত্র পরিধান ও নূতন উত্তরীয় ধারণ করিয়া আচমন পূর্ব্বক যজ্ঞমণ্ডপে গমন করত ভক্তিপূর্ব্বক গুরুদেবকে নমস্কার করিয়া গুরুদেবের দক্ষিণদিকে উপবেশন করিবেন।

তাৎপর্য্য। নূতন শুভ্রবর্ণ বস্ত্র পরিধান করিবেন, কিন্তু যে বস্ত্র পরিধান করিয়া স্নান করা হইয়াছিল তাহা আর স্পর্শ করিবেন না, যজ্ঞমণ্ডপে গিয়া আচমন করত গুরুদেবকে সাক্ষাৎ ভগবান্ জ্ঞান করিয়া চরণধারণ পূর্ব্বক বহুবার অষ্টাঙ্গ প্রণাম করিবেন। পরে পূর্ব্বাভিমুখে উপবিষ্ট, যিনি পূর্ব্বেই প্রাণায়াম ও ষড়ঙ্গন্যাসাদি করিয়াছিলেন সেই গুরুদেবের দক্ষিণভাগে তদ্গতচিত্ত ও সম্মুখবর্ত্তী হইয়া কৃতাঞ্জলি পুটে উপবেশন করিবেন ॥ ৮৩ ॥

গুরু গন্ধাদি সমর্পণ করিয়া একজন পুরুষের আহার সম্পন্ন হইতে পারে এমত পায়স শ্রীকৃষ্ণে নিবেদন করিয়া পুষ্পাঞ্জলি প্রদান করিবেন ॥ ৮৪ ॥

গুরু সাম্প্রদায়িক অর্থাৎ গুরুপরম্পরা-প্রচলিত মুদ্রা অর্থাৎ তিলক

পঞ্চাঙ্গপ্রমুখৈর্ন্যাসৈঃ কুর্য্যাৎ শ্রীকৃষ্ণসাচ্ছিশুং ॥ ৮৫ ॥

ন্যস্য পাণিতলং মূর্দ্ধ্নি তস্য কর্ণে চ দক্ষিণে।

সাংপ্রদায়িকং গুরুপরম্পরাসিদ্ধং। মুদ্রাতিলকমালাদি স্বর্ণাঙ্গুরীয়কাদি চ তেন ভূষিতং। শিশুং নিজশিশুত্বেন বর্ত্তমানমিতি স্নেহবিষয়তা সূচিতা। তং শিষ্যং। শ্রীকৃষ্ণসাৎ কুর্য্যাৎ শ্রীকৃষ্ণায় সমর্পয়েৎ ॥ ৮৫ ॥

তস্য শিষ্যস্য মূর্দ্ধ্নি স্বকরতলং নিধায়। বিধিবদিত্যাত্রায়ং বিধির্দ্রষ্টব্যঃ। নিমীলিতনয়নং শিষ্যং পটান্তরিত উপবিষ্টো গুরুরিদং বদেৎ দিব্যদৃষ্ট্যা ভগবন্তমবলোকয়েতি ততঃ স্বুবর্ণশলাকয়া তং বক্ষসি স্পৃশেৎ অথ শিষ্যো মহাফলমেকং দত্ত্বা বদেদিদং ময়ি প্রসীদ লোচ-

মালা ও স্বর্ণাঙ্গুরীয়ক প্রভৃতি দ্বারা অলঙ্কৃত, কৃতাঞ্জলি সেই শিশুকে পঞ্চাঙ্গ প্রভৃতি ন্যাস করিয়া শ্রীকৃষ্ণে সমর্পণ করিবেন ॥ ৮৫ ॥

পরে তাঁহার মস্তকে করতল স্থাপন করিয়া যথা বিধি ঋষ্যাদিযুক্ত মন্ত্র তদীয় দক্ষিণ কর্ণে উচ্চারণ করিবেন।

তাৎপর্য্য। শিষ্য লোচনমুদ্রিত করিয়া রহিবেন, গুরু আপনার ও শিষ্যের অঙ্গ সমুদায় বস্ত্রাচ্ছাদিত করিয়া এই কথা বলিবেন "দিব্য দৃষ্টি দ্বারা ভগবান্‌কে অবলোকন কর"। তাহার পর স্বর্ণ শলাকা দ্বারা শিষ্যের বক্ষঃস্থল স্পর্শ করিবেন। অনন্তর শিষ্য একটী মহাফল অর্থাৎ নারিকেল প্রদান করিয়া এই কথা বলিবেন, "আমার প্রতি প্রসন্ন হউন, লোচনযুগলে অবলোকন করুন।" পরে "অজ্ঞানতিমিরান্ধস্য জ্ঞানাঞ্জন শলাকয়া। চক্ষুরুন্মীলিতং যেন তস্মৈ শ্রীগুরবে নমঃ" এই মন্ত্রপাঠ করিয়া শিষ্য নেত্রদ্বয় উন্মীলন করিবেন। তাহার পরে গুরু বিকশিতনয়নসম্পন্ন শিষ্যের শরীরে ভগবান্ আবির্ভূত হইয়াছেন এইরূপ ভাবনা করিয়া ঐ ভগবান্‌কে গন্ধাদি দ্বারা অলঙ্কৃত ও পঞ্চোপচারে পূজা করত উত্তম সময়ে গীত বাদ্যাদি মঙ্গল শব্দ দ্বারা শিষ্যের মস্তকে হস্ত প্রদান করিবেন। পশ্চাৎ ঋষি, ছন্দঃ ও দেবতাদি উপদেশ করিয়া মূলমন্ত্র তিনবার দক্ষিণ কর্ণে বলিবেন ॥

মন্ত্র দীর্ঘ হইলে শিষ্য যে পর্য্যন্ত মন্ত্র গ্রহণ করিতে না পারিবেন

ঋষ্যাদি যুক্তং বিধিবন্মন্ত্রং বারত্রয়ং বদেৎ ॥
দীর্ঘমন্ত্রঞ্চ শিষ্যস্য যাবদাগ্রহণং পঠেৎ।
গুরু-দৈবত-মন্ত্রৈক্যং শিষ্যস্তং ভাবয়ন্ পঠেৎ ॥ ৮৬ ॥
সাক্ষতং গুরুরাদায় বারি শিষ্যস্য দক্ষিণে।
করেঽর্পয়েদ্বদন্মন্ত্রোঽয়ং সমোঽস্ত্বাবয়োরিতি ॥ ৮৭ ॥
স্বস্মাজ্জ্যোতির্ম্ময়ীং বিদ্যাং গচ্ছন্তীং ভাবয়েদ্গুরুঃ।
আগতাং ভাবয়েচ্ছিষ্যো ধন্যোঽস্মীতি বিশেষতঃ ॥ ৮৮ ॥
মহাপ্রসাদং শিষ্যায় দত্ত্বা তৎপায়সং গুরুঃ।

নাভ্যাং বিলোকয়েতি। অজ্ঞানতিমিরান্ধস্যেত্যাদি পঠেচ্চ। অথোন্মীলিতনয়নস্য শিষ্যস্য তনৌ ভগবন্তমাবির্ভূতং ভাবয়ন্ গন্ধাদিভিরলঙ্কৃত্য পঞ্চোপচারৈশ্চ সংপূজ্য সুমুহূর্ত্তে গীত-বাদ্যাদিমঙ্গলঘোষেণ শিষ্যস্য শিরসি করতলং ন্যস্য ঋষিচ্ছন্দো দেবতাদিকমুপদিশ্য মূল-মন্ত্রং বারত্রয়ং দক্ষিণকর্ণে ব্রূয়াদিতি। আ সম্যক্ গ্রহণং যাবৎ শিষ্যেণ মন্ত্রো যাবতা ধৃতো ভবেত্তাবদ্বারং পঠেদিত্যর্থঃ। গুরুশ্চ দেবতা চ মন্ত্রশ্চ তেষামৈক্যং চিন্তয়ন্ তং মন্ত্রমুচ্চারয়েৎ ॥৮৬॥

ইতঃ পরময়ং মন্ত্রো মম তব চ সমোঽস্তু তুল্যফলদো ভবত্বিত্যেতদ্বদন্ ॥ ৮৭ ॥

স্বস্মাদ্গচ্ছন্তীং মন্ত্রাত্মিকাং বিদ্যাং। ধন্যোঽস্মীতি বিশেষতো ভাবয়েৎ ॥ ৮৮ ॥

গুরু সেই পর্য্যন্ত পাঠ করিবেন। শিষ্য, গুরু, দেবতা ও মন্ত্রকে অভিন্ন জ্ঞান করিয়া মন্ত্র পাঠ করিবেন ॥ ৮৬ ॥

গুরু এই মন্ত্র তোমার ও আমার সহিত সম অর্থাৎ তুল্য ফল প্রদান করুন, এই বলিয়া শিষ্যের দক্ষিণকরে আতপ তণ্ডুলের সহিত জল প্রদান করিবেন ॥ ৮৭ ॥

গুরু ভাবনা করিবেন, আমার দেহ হইতে জ্যোতির্ম্ময়ী অর্থাৎ মন্ত্রাত্মিকা বিদ্যা শিষ্যের শরীরে গমন করিতেছেন এবং শিষ্য ভাবনা করিবেন,ঐ জ্যোতির্ম্ময়ী বিদ্যা গুরুদেবের দেহ হইতে আমার দেহে আগমন করিলেন। বিশেষতঃ আমি ধন্য হইলাম এইরূপ চিন্তা করিবেন॥৮৮

গুরু ঐ মহাপ্রসাদ পায়স শিষ্যকে প্রদান করিয়া শুভ আশীর্ব্বাদ

নিদধ্যাদক্ষতান্মূর্দ্ধ্নি তস্য যচ্ছন্ শুভাশিষঃ ॥
গুরুণা কৃপয়া দত্তং শিষ্যশ্চাবাপ্য তং মনুং ।
অষ্টোত্তরশতং জপ্ত্বা সময়ান্ শৃণুয়াত্ততঃ ॥ ৮৯ ॥

অথ সময়াঃ ।

শ্রীনারদপঞ্চরাত্রে ॥

স্বমন্ত্রো-নোপদেষ্টব্যো বক্তব্যশ্চ ন সংসদি ।
গোপনীয়ং তথা শাস্ত্রং রক্ষণীয়ং শরীরবৎ ।
বৈষ্ণবানাং পরা ভক্তিরাচার্য্যাণাং বিশেষতঃ ।
পূজনঞ্চ যথাশক্তি তানাপন্নাংশ্চ পালয়েৎ ॥ ৯০ ॥

ভদ্ভগবান্নিবেদিতং পুরুষোত্তমাহারপারামিতং মহাপ্রসাদরূপং পায়সং দত্ত্বা। শুভাশিষঃ। আয়ুরারোগ্যমৈশ্বর্য্যমবিনাশঃ স্বয়ং জয়ঃ। সৌভাগ্যঞ্চ পুনশ্চায়ুর্ম্মাকং চাস্তু সর্ব্বদেবতা-হ্যুক্তাঃ। জপ্ত্বা আবর্ত্ত্য। ততস্তস্মাদ্গুরোঃ সকাশাৎ সময়ান্ আচারান্ ন্যাসধ্যানাদীন্ অন্যানপি বৈষ্ণবধর্ম্মান্ শৃণুয়াৎ ॥ ৮৯ ॥

শাস্ত্রং শ্রীভাগবতাদি পূজাদিসম্বন্ধি বা ॥ ৯০ ॥

সকল প্রদান করত, তাঁহার মস্তকে আতপতণ্ডুল অর্পণ করিবেন ॥

গুরু কৃপা করিয়া যে মন্ত্র দান করিলেন, শিষ্য সেই মন্ত্র প্রাপ্ত হইয়া একশত অষ্টবার জপ করত তাঁহার নিকট সময় অর্থাৎ আচার, ন্যাস, ধ্যান ও অন্যান্য বৈষ্ণবধর্ম্ম সকল শ্রবণ করিবেন ॥ ৮৯ ॥

অথ সময় সকল । শ্রীনারদপঞ্চরাত্রে ॥

গুরু যে মন্ত্রে স্বয়ং উপদিষ্ট হইয়াছেন, সে মন্ত্র শিষ্যকে উপদেশ করিবেন না, লোকসম্মুখে উচ্চারণ করিবেন না, শাস্ত্রের অর্থাৎ শ্রীমদ্ভাগবত অথবা পূজাদি সম্বন্ধীয় গ্রন্থের ন্যায় গোপন এবং শরীরের ন্যায় রক্ষা করিবেন ।

বৈষ্ণবদিগের বিশেষতঃ গুরুবর্গের প্রতি পরমা ভক্তি করিবে, তাঁহাদিগকে যথাশক্তি পূজা করিবে এবং তাঁহারা বিপদ্গ্রস্ত হইলে তাঁহাদিগকে রক্ষা করিবে ॥ ৯০ ॥

প্রাপ্তমায়তনাদ্বিষ্ণোঃ শিরসা প্রণতো বহেৎ।
নিঃক্ষিপেদম্ভসি ততো ন পতেদবনৌ যথা ॥ ৯১ ॥
সোমসূর্য্যান্তরস্থঞ্চ গবাশ্বত্থাগ্নিমধ্যগং।
ভাবয়েদ্দেবতং বিষ্ণুং গুরুবিপ্রশরীরগং।
যত্র যত্র পরীবাদো মাৎসর্য্যাচ্ছ্রূয়তে গুরোঃ।
তত্র তত্র ন বস্তব্যং নির্যায়াৎ সংস্মরন্ হরিং।
যৈঃ কৃতা চ গুরোর্নিন্দা বিভোঃ শাস্ত্রস্য নারদ।
নাপি তৈঃ সহ বস্তব্যং বক্তব্যং বা কথঞ্চন।
প্রদক্ষিণে প্রয়াণে চ প্রদানে চ বিশেষতঃ।
প্রভাতে চ প্রবাসে চ স্বমন্ত্রং বহুশঃ স্মরেৎ।

আপন্নান্ আপদগতান্ সতঃ। প্রাপ্তং নির্ম্মাল্যাদি। অতএবোক্তং তত্রৈব প্রায়শ্চিত্ত-প্রকরণে। বিষ্ণোর্নিবেদিতং প্রাপ্য নিক্ষিপেৎ যত্র কুত্রচিৎ। অযোগ্যস্যাথ বা দদ্যাৎ সোঽয়মষ্টশতং জপেদিতি ॥ ৯১ ॥

বিষ্ণোর্ভগবতঃ ॥ ৯২ ॥

বিষ্ণুমন্দির হইতে নির্ম্মাল্যাদি প্রাপ্ত হইলে প্রণাম করিয়া মস্তকে ধারণ করিবে, তাহার পর জলে নিক্ষেপ করিবে, যেন মৃত্তিকায় পতিত না হয় ॥ ৯১ ॥

আরাধ্যদেব শ্রীবিষ্ণুকে চন্দ্র সূর্য্যের মধ্যস্থ, গো, অশ্বত্থ ও অগ্নির মধ্যগত এবং গুরু ও ব্রাহ্মণের শরীর স্থিতরূপে ভাবনা করিবে ॥

যেস্থানে যেস্থানে মাৎসর্য্য হেতু গুরুদেবের নিন্দা হইতেছে শ্রবণ করিবে, সেই স্থানে সেই স্থানে অবস্থিতি করিবে না। হরিস্মরণ পূর্ব্বক তথা হইতে প্রস্থান করিবে ॥

হে নারদ! যাহারা গুরুদেবের, ভগবানের ও শাস্ত্রের নিন্দা করিয়াছে, তাহাদের সহিত কখন সহবাস বা কথোপকথন করিবে না ॥

বিশেষরূপে প্রদক্ষিণকালে, গমন সময়ে দানকালে, তথা প্রভাতে ও প্রবাসে বারম্বার স্বীয় মন্ত্র স্মরণ করিবে ॥

স্বপ্নে বাক্ষিসমক্ষং বা আশ্চর্য্যমতিহর্ষদং ।
অকস্মাদযদি জায়েত ন খ্যাতব্যং গুরোর্বিনা ॥ ৯২ ॥

পঞ্চরাত্রান্তরে ॥

সময়াংশ্চ প্রবক্ষ্যামি সংক্ষেপাৎ পঞ্চরাত্রিকাৎ ।
ন ভক্ষয়েন্মৎস্যমাংসং কূর্ম্মশূকরকাংস্তথা ॥ ৯৩ ॥
কাংস্যপাত্রে ন ভুঞ্জীত ন প্লক্ষবটপত্রয়োঃ ।
দেবাগারে ন নিষ্ঠীবেৎ ক্ষুতং চাত্র বিবর্জয়েৎ ।
ন সোপানৎকচরণঃ প্রবিশেদন্তরং ক্বচিৎ ॥ ৯৪ ॥

মৎস্যমাংসে নিষিদ্ধে অপি পুনঃ কূর্ম্মাদানষেধঃ কদাচিদ্রোগাদিনা মাংসাশিনোঽপ্যবশ্যং তদ্বর্জনায় ॥ ৯৩ ॥

দেবাগার ইত্যগ্রেঽপ্যনুবর্ত্তত এব । ততশ্চ অনন্তরং দেবাগারাভ্যন্তরমিত্যর্থঃ । ক্বচিৎ কদাচিদপি । যদ্বা কস্মিংশ্চিদপি দেবাগারে ॥ ৯৪ ॥

স্বপ্নে অথবা চক্ষুর সম্মুখে অকস্মাদযদি কোন অতি হর্ষজনক আশ্চর্য্য দৃষ্ট হয়, তাহা গুরুদেব ব্যতিরেকে অন্য কাহারও নিকট ব্যক্ত করিবে না ॥ ৯২ ॥

অন্য পঞ্চরাত্রে যথা—

পঞ্চরাত্রি হইতে সংক্ষেপে আচার সকল বলিতেছি। মৎস্য, মাংস তথা কচ্ছপ ও শূকর ভক্ষণ করিবে না ॥

তাৎপর্য্য বৈষ্ণবাচারে সামান্যতঃ মৎস্য, মাংস ভোজন নিষিদ্ধ, কিন্তু কচ্ছপ ও শূকর এই দুই মাংস মধ্যে গণ্য হইলেও পুনরায় নামোল্লেখ করার কারণ এই যে, রোগাদি জন্য কখন মাংস ভোজন বিহিত হইলেও কচ্ছপ ও শূকর মাংস একেবারে বর্জন করিবে, কদাচ ভক্ষণ করিবে না ॥ ৯৩ ॥

কাংস্যপাত্রে অথবা অশ্বত্থ কিম্বা বট ইহাদের পত্রে ভোজন করিবে না। দেবগৃহে নিষ্ঠীবন অর্থাৎ থুথু ফেলিবে না এবং ক্ষুতকার অর্থাৎ হাঁচিবে না। কখনও পদে পাদুকা দিয়া দেবগৃহে প্রবেশ করিবে না ॥ ৯৪ ॥

একাদশ্যাং নচাশ্নীয়াৎ পক্ষয়োরুভয়োরপি।
জাগরং নিশি কুর্ব্বীত বিশেষাচ্চার্চ্চয়েদ্বিভুং ॥ ৯৫ ॥

সম্মোহনতন্ত্রে চ ॥

গোপয়েদ্দেবতামিষ্টাং গোপয়েদ্গুরুমাত্মনঃ।
গোপয়েচ্চ নিজং মন্ত্রং গোপয়েন্নিজমালিকামিতি ॥ ৯৬ ॥
চতুর্য্যুক্‌শতসংখ্যেষু প্রাগ্‌গুরোঃ সময়েষু চ।
শিষ্যেণাঙ্গীকৃতেষ্বেব দীক্ষা কৈশ্চন মন্যতে ॥ ৯৭ ॥

তথাচ বিষ্ণুযামলে ॥

গুরুঃ পরীক্ষয়েচ্ছিষ্যং সংবৎসরমতন্দ্রিতঃ ॥

বিশেষাদিতি অন্যতিথিভ্যো বিশেষেণ একাদশ্যাং তত্রাপি বিশেষতো জাগরণে হর্চ্চয়েদিত্যর্থঃ ॥ ৯৫ ॥ ৯৬ ॥

সময়শ্রবণে মতান্তরং লিখতি চতুর্য্যগিতি। প্রাক্ প্রথমং গুরোঃ সকাশাদঙ্গীকৃতেষ্বেব ॥ ৯৭ ॥

বিহিতান্ বিধেয়ানিত্যর্থঃ। চতুর্য্যুক্‌শতং ॥ ৯৮ ॥

শুক্ল ও কৃষ্ণ এই দুই পক্ষেরই একাদশীতে ভোজন করিবে না, একাদশীর রাত্রিতে জাগরণ এবং বিশেষ করিয়া ভগবানের পূজা করিবে ॥ ৯৫ ॥

সম্মোহন তন্ত্রেতেও ॥

অভীষ্টদেবকে গোপন করিবে, আপনার গুরুকে গোপন করিবে, নিজমন্ত্রকে গোপন করিবে এবং নিজের মালা গোপনে রাখিবে ॥৯৬॥

কেহ কেহ বলিয়াছেন শিষ্য প্রথমতঃ গুরুর একশত চারিটী নিয়ম অঙ্গীকার করিলেই দীক্ষিত হইতে পারে ॥ ৯৭ ॥

এই বিষয় বিষ্ণুযামলে যথা—

গুরু মনোযোগ পূর্ব্বক একবৎসর শিষ্যকে পরীক্ষা করিবেন এবং একশত চারিটী কর্ত্তব্য ও পরিত্যাজ্য নিয়ম সকল শ্রবণ করাই-

নিয়মান্ বিহিতান্ বর্জ্যান্ শ্রাবয়েচ্চ চতুঃশতং ॥ ৯৮ ॥
ব্রাহ্মে মুহূর্ত্তে উত্থানং মহাবিষ্ণোঃ প্রবোধনং।
নীরাজনঞ্চ বাদ্যেন প্রাতঃস্নানং বিধানতঃ ॥ ৯৯ ॥
বিশুদ্ধাহতযুগ্বস্ত্রধারণং দেবতার্চ্চনং।
গোপীচন্দনমৃৎস্নায়াঃ সর্ব্বদা চোর্দ্ধ্বপুণ্ড্রকং।
পঞ্চায়ুধানাং বিধৃতিশ্চরণামৃতসেবনং।
তুলসীমণিমালাদিভূষাধারণমন্বহং।
নির্ম্মাল্যোদ্বাসনং বিষ্ণোস্তচ্চন্দনবিলেপনং ॥ ১০০ ॥
শালগ্রামশিলাপূজা প্রতিমাসু চ ভক্তিতঃ।

অত্রাদৌ দ্বিপঞ্চাশদ্বিহিতানাহ ব্রাহ্ম ইত্যাদিনা চিন্তনমিত্যন্তেন ॥ ৯৯ ॥

বিশুদ্ধঞ্চ পবিত্রং আহতঞ্চ নূতনং। পাঠান্তরে বিশুদ্ধেন জলেনাহৃতমানীতং যং যুগ্বস্ত্রং বস্ত্রযুগ্মং তস্য ধারণং দেবতায়া নিজেষ্টদৈবতস্য অর্চ্চনং তর্পণাদিনা জলে পূজনং। পাঠান্তরে ঽপি স এবার্থঃ ॥ ১০০ ॥

শালগ্রামশিলায়াং পূজা প্রতিমাসু চ পূজেত্যেব একো নিয়মঃ নির্ম্মাল্যতুলস্যা ভক্ষঃ

বেন ॥ ৯৮ ॥

নিয়মসকল যথা ॥

ব্রাহ্মমুহূর্ত্তে উত্থান। ১। মহাবিষ্ণুর প্রবোধন। ২। বাদ্যের সহিত আরাত্রিক। ৩। বিধিপূর্ব্বক প্রাতঃস্নান ॥ ৪ ॥ ৯৯ ॥

পবিত্র নূতন পরিধেয় ও উত্তরীয় ধারণ। ৫। অভীষ্টদেবের পূজন। ৬। গোপীচন্দন ও উত্তম মৃত্তিকা দ্বারা সর্ব্বদা ঊর্দ্ধ্বপুণ্ড্র করণ। ৭। প্রত্যহ পঞ্চায়ুধ, অর্থাৎ শঙ্খ, চক্র, গদা, খড়্গ ও বাণের সহিত ধনু ধারণ। ৮। চরণামৃতসেবন। ৯। এবং তুলসী ও মণিমালাদি ভূষা ধারণ। ১০। বিষ্ণুর নির্ম্মাল্য দূরীকরণ। ১১। বিষ্ণুর নির্ম্মাল্য চন্দন অঙ্গে বিলেপন। ১২ ॥ ১০০ ॥

ভক্তিপূর্ব্বক শালগ্রাম শিলা ও প্রতিমা সকলেতে ইষ্টদেবের পূজা

নির্ম্মাল্যতুলসীভক্ষস্তুলস্যবচয়ো বিধেঃ ॥ ১০১ ॥
বিধিনা তান্ত্রিকী সন্ধ্যা শিখাবন্ধোহি কর্ম্মণি।
বিষ্ণুপাদোদকেনৈব পিতৄণাং তর্পণক্রিয়া।
মহারাজোপচারৈশ্চ শক্ত্যাং সংপূজনং হরেঃ ॥ ১০২ ॥
বিষ্ণুভক্ত্যবিরোধেন নিত্যনৈমিত্তিকী ক্রিয়া।
ভূতশুদ্ধ্যাদিকরণং ন্যাসাঃ সর্ব্বে যথাবিধি।
নবীনফলপুষ্পাদের্ভক্তিতঃ সংনিবেদনং।
তুলসীপূজনং নিত্যং শ্রীভাগবতপূজনং ॥ ১০৩ ॥
ত্রিকালং বিষ্ণুপূজা চ পুরাণশ্রুতিরন্বহং।
বিষ্ণো নির্বেদিতানাং বৈ বস্ত্রাদীনাঞ্চ ধারণং ॥ ১০৪ ॥

ভক্ষণং। ভূষেতি বা পাঠঃ। ভূষণত্বেন মস্তকাদৌ ধারণমিত্যর্থঃ। বিধের্যথাবিধীত্যর্থঃ ॥১০১॥
শক্ত্যাং শক্তৌ সত্যাং। শক্ত্যেতি পাঠেঽপি স এবার্থঃ। এবমগ্রেঽপি ॥ ১০২ ॥
যা বিষ্ণুভক্ত্যা সহ বিরুদ্ধা ন ভবতীত্যর্থঃ। পাঠান্তরং স্পষ্টং ॥ ১০৩ ॥
পুরাণানাং শ্রীভাগবতাদীনাং শ্রুতিঃ শ্রবণং ॥ ১০৪ ॥

করণ। ১৩। নির্ম্মাল্য তুলসী ভক্ষণ অথবা ভূষণ স্বরূপে মস্তকে ধারণ। ১৪। বিধি অনুসারে তুলসীচয়ন। ১৫ ॥ ১০১ ॥

বিধিপূর্ব্বক তান্ত্রিকী সন্ধ্যা। ১৬। ধর্ম্মকার্য্যে শিখাবন্ধন করণ। ১৭। বিষ্ণুপাদোদকের দ্বারাই পিতৃলোকের তর্পণ। ১৮। শক্তি থাকিলে মহারাজোপচারে হরির পূজা করণ ॥ ১৯ ॥ ১০২ ॥

যাহা বিষ্ণুভক্তির সহিত বিরুদ্ধ না হয় এমত নিত্য নৈমিত্তিক কর্ম্ম করণ। ২০। ভূতশুদ্ধ্যাদি ও যথাবিধি সমুদায় ন্যাস করণ। ২১। নূতন ফল পুষ্পাদি ভক্তিপূর্ব্বক ভগবান্‌কে নিবেদন। ২২। নিত্য তুলসী পূজা। ২৩। ও নিত্য শ্রীভাগবতপূজা ॥ ২৪ ॥ ১০৩ ॥

প্রত্যহ ত্রিকালে বিষ্ণুপূজা। ২৫। প্রত্যহ পুরাণশ্রবণ। ২৬। বিষ্ণুর নিবেদিত বস্ত্রাদির ধারণ ॥ ২৭ ॥ ১০৪ ॥

সর্ব্বেষাং পুণ্যকার্য্যাণাং স্বামিদৃষ্ট্যা প্রবর্ত্তনং।
গুর্ব্বাজ্ঞাগ্রহণং তত্র বিশ্বাসো গুরুণোদিতে ॥ ১০৫ ॥
যথা স্বমুদ্রারচনং গীতনৃত্যাদিভক্তিতঃ।
শঙ্খাদিধ্বনিমাঙ্গল্যলীলাদ্যভিনয়ো হরেঃ।
নিত্যহোমবিধানঞ্চ বলিদানং যথাবিধি ॥ ১০৬ ॥
সাধূনাং স্বাগতং পূজা শেষনৈবেদ্যভোজনং।
তাম্বূলশেষগ্রহণং বৈষ্ণবৈঃ সহ সঙ্গমঃ।
বিশিষ্টধর্ম্মজিজ্ঞাসা দশম্যাদিদিনত্রয়ে।
ব্রতে নিয়মতঃ স্বাস্থ্যং সন্তোষো যেন কেন বৈ।

স্বামিদৃষ্ট্যা ভগবদাজ্ঞাবুদ্ধ্যা যথা নিযুক্তোঽস্মি তথা করোমীতি বুদ্ধ্যা বা। যদ্বা। স্বামীতি বুদ্ধ্যা দাসভাবেনেত্যর্থঃ ॥ ১০৫ ॥

যথাস্বং নিজমন্ত্রদেবতানুসারেণ মুদ্রাণাং রচনং বন্ধনং। তথা স্বেতি পাঠেঽপি স এবার্থঃ ॥ ১০৬ ॥

স্বাগতং পূজা চেত্যেক এব নিয়মঃ। বিশেষতো ধর্ম্মস্য বৈষ্ণবকৃতাস্য। যদ্বা। বিশিষ্টধর্ম্মস্য ভগবদ্ধর্ম্মস্য জিজ্ঞাসা। দশম্যাদিদিনত্রয়েষু দশম্যেকাদশীদ্বাদশীষু যত্র তত্র ভক্ষণাদি-

---

ভগবানের আজ্ঞা এইরূপ বোধ করিয়া সমুদায় পুণ্যকার্য্যে প্রবৃত্ত হওন। ২৮। গুরুর আজ্ঞা গ্রহণ। ২৯। গুরুবাক্যে বিশ্বাস। ৩০ ॥১০৫॥

সম্প্রদায় অনুসারে নিজ মন্ত্র দেবতার তিলক রচন। ৩১। ভক্তি সহকারে গীত। ৩২। ও নৃত্যাদি। ৩৩। হরির সম্বন্ধে শঙ্খের মঙ্গলধ্বনি। ৩৪। লীলার অনুকরণ। ৩৫। যথাবিধি নিত্য হোম বিধান।৩৬। নিত্য নৈবেদ্যার্পণ। ৩৭ ॥ ১০৬ ॥

সাধুগণের অভ্যর্থনা। ৩৯। এবং পূজাকরণ। ৩৯। শেষ নৈবেদ্য ভোজন। ৪০। তাম্বূল শেষ গ্রহণ।৪১। বৈষ্ণবের সহিত সঙ্গ করণ।৪২। দশমী আদি দিনত্রয়ে বিশিষ্ট ধর্ম্মের জিজ্ঞাসা করণ। ৪৩। একাদশী ব্রত বিষয়ে নিয়ম ধারণ করায় অসুস্থ না হইয়া সুস্থ অবস্থায় অবস্থিতি

পর্ব্বযাত্রাদিকরণং বাসরাষ্টকসদ্বিধিঃ।
বিষ্ণোঃ সর্ব্বর্ত্তুচর্য্যা চ মহারাজোপচারতঃ।
সর্ব্বেষাং বৈষ্ণবানাঞ্চ ব্রতানাং পরিপালনং।
গুরাবীশ্বরভাবশ্চ তুলসীসংগ্রহঃ সদা ॥ ১০৭ ॥
শয়নাদ্যুপচারশ্চ রামাদীনাঞ্চ চিন্তনং ॥ ১০৮ ॥
সন্ধ্যয়োঃ শয়নং নৈব ন শৌচং মৃত্তিকাং বিনা।
তিষ্ঠতাচমনং নৈব তথা গুর্ব্বাসনাসনং।
গুর্ব্বগ্রে পাদবিস্তারশ্ছায়ায়া লঙ্ঘনং গুরোঃ।

নিয়মঃ তস্মিন্ নিয়মেন স্থাস্যঃ শ্রদ্ধয়া স্থৈর্য্যমিত্যর্থঃ। পর্ব্ব জন্মাষ্টম্যাদিমহোৎসবঃ। যাত্রা দেবালয়াদিগমনং। আদিশব্দেন তুলসীপুষ্পবাটিকাদিতত্ত্বদ্বিধানং। বাসরাষ্টকং অষ্ট মহাদ্বাদশ্যঃ। তস্য সদ্বিধিঃ সৎকারঃ যথাবিধি প্রতিপালনমিত্যর্থঃ। সর্ব্বেষু ঋতুষু বসন্তাদিষু চর্য্যা তত্তৎকালীনপুষ্পাদিভিঃ পরিচর্য্যা দোলান্দোলনাদিক্রিয়া বা। সা চ মহারাজোপচারতঃ শক্তৌ সত্যামিতি জ্ঞেয়ঃ ॥ ১০৭ ॥

শয়নং শয্যা আদিশব্দাৎ পাদসম্বাহনাদিঃ। তত্তদ্রূপো বা উপচারঃ রামাদীনাং চিন্তনং। রামং স্কন্দং হনুমন্তং বৈনতেয়ং বৃকোদরং। শয়নে যঃ স্মরেন্নিত্যং দুঃস্বপ্নস্তস্য নশ্যতি ইত্যাদ্যুক্তেঃ ॥ ১০৮ ॥

অধুনা বর্জ্যান্ দ্বিপঞ্চাশন্নিয়মানাহ সন্ধ্যয়োরিত্যাদিনা সদেত্যন্তেন। নৈবেতি সর্ব্ব-

হওন। ৪৪। পর্ব্ব অর্থাৎ জন্মাষ্টমী প্রভৃতির মহোৎসব তথা যাত্রা অর্থাৎ দেবালয়াদি গমন করণ। ৪৫। অষ্ট মহাদ্বাদশীর সদ্ব্যবস্থানুসারে প্রতিপাদন। ৪৬। সমুদায় ঋতুতে মহারাজোপচারে বিষ্ণুর পূজা। ৪৭। সমস্ত বৈষ্ণবব্রতের পরিপালন। ৪৮। গুরুতে ঈশ্বর বুদ্ধি। ৪৯। সর্ব্বদা তুলসীসংগ্রহকরণ। ৫০ ॥ ১০৭ ॥

শয়নাদি উপহার প্রদান। ৫১। শয়নকালে রামাদির চিন্তন অর্থাৎ "রামং স্কন্দং হনুমন্তং বৈনতেয়ং বৃকোদরং। শয়নে যঃ স্মরেন্নিত্যং দুঃস্বপ্নস্তস্য নশ্যতি" এই মন্ত্র স্মরণ ॥ ৫২ ॥ ১০৮ ॥

উভয় সন্ধ্যায় শয়ন না করা। ৫৩। মৃত্তিকা ব্যতিরেকে শৌচ না করা। ৫৪। দণ্ডায়মান হইয়া আচমন না করা। ৫৫। গুরুর আসনে উপবেশন না করা। ৫৬। গুরুর অগ্রে পাদবিস্তার। ৫৭। ও

শক্তৌ স্নানক্রিয়াহানি র্দেবতার্চ্চনলোপনং ॥ ১০৯ ॥
দেবতানাং গুরূণাঞ্চ প্রত্যুত্থানাদ্যভাবনং।
গুরোঃ পুরস্তাৎ পাণ্ডিত্যং প্রৌঢ়পাদক্রিয়া তথা ॥ ১১০ ॥
অমন্ত্রতিলকাচামো নীলীবস্ত্রবিধারণং।
অভক্তৈঃ সহ মৈত্র্যাদি অসচ্ছাস্ত্রপরিগ্রহঃ।
তুচ্ছসঙ্গসুখাসক্তি র্মদ্যমাংসনিষেবণং ॥ ১১১ ॥
মাদকৌষধসেবা চ মসুরাদ্যন্নভোজনং।
শাকং তুম্বীকলঞ্জাদি তথাহভক্তান্নসংগ্রহঃ।

ত্রাগ্রেহপানুবর্ণাতে ॥ ১০৯ ॥

প্রত্যুত্থানাদীনাং অভাবনং অকরণমিত্যর্থঃ। প্রৌঢ়পাদলক্ষণমুক্তং। আসনারূঢ়পাদস্তু জানুনোর্ব্বাথ জঙ্ঘয়োঃ। কৃতাবশক্থিকো যস্তু প্রৌঢ়পাদঃ স উচ্যতে ॥ ১১০ ॥

মন্ত্রং বিনা তিলকং আচামশ্চাচমনমিতি। দ্বাভ্যামেক এব নিয়মঃ ॥ ১১১ ॥

আদিশব্দেন দগ্ধান্নাদি। আদিশব্দাৎ বৃন্তাকাদি। অভক্তাৎ অবৈষ্ণবাৎ অন্নস্য সংগ্রহঃ পরিগ্রহঃ সংগ্রহশব্দেন ক্ষুৎপীড়য়োদরভরণমাত্রান্নগ্রহণমনুজ্ঞাতং ॥ ১১২ ॥

গুরুর ছায়া লঙ্ঘন না করা। ৫৮। শক্তি থাকিতে স্নানকার্য্যে হানি না করা। ৫৯। দেবতার পূজালোপ না করা। ৬০ ॥ ১০৯ ॥

দেবতা ও গুরুবর্গের প্রত্যুত্থানাদি দ্বারা অভ্যর্থনা না করা। ৬১। গুরুর অগ্রে পাণ্ডিত্য প্রকাশ না করা। ৬২। ঊর্দ্ধজানু হইয়া উপবেশন না করা। ৬৩ ॥ ১১০ ॥

মন্ত্র ব্যতিরেকে তিলক রচনা।৬৪। ও আচমন না করা।৬৫। নীলী-বস্ত্র পরিধান না করা।৬৬। অভক্তের অর্থাৎ হরিবিমুখের সহিত মিত্রতাদি না করা। ৬৭। অসৎশাস্ত্র গ্রহণ না করা। ৬৮। তুচ্ছসঙ্গ ও তুচ্ছসুখে আসক্তি না করা।৬৯। মদ্য মাংস সেবন না করা। ৭০ ॥১১১॥

মাদক ঔষধ সেবন না করা।৭১। মসুরাদি অন্ন ভোজন না করা।৭২। শাক, তুম্বী ও কলঞ্জ অর্থাৎ বিষাক্ত শস্ত্র দ্বারা হত মৃগপক্ষি ভক্ষণ

অবৈষ্ণবব্রতারম্ভস্তথা জপ্যমবৈষ্ণবং ॥ ১১২ ॥
অভিচারাদিকরণং শক্ত্যা গৌণোপচারকং।
শোকাদিপারবশ্যঞ্চ দিগ্বিদ্ধৈকাদশীব্রতং।
শুক্লা কৃষ্ণা বিভেদশ্চাসদ্ব্যাপারো ব্রতে তথা।
শক্তৌ ফলাদিভুক্তিশ্চ শ্রাদ্ধং চৈকাদশীদিনে ॥ ১১৩ ॥
দ্বাদশ্যাঞ্চ দিবাস্বাপস্তুলস্যবচয়স্তথা।
তত্র বিষ্ণোর্দিবাস্নানং শ্রাদ্ধং হ্যর্য্যনিবেদিতৈঃ ॥ ১১৪ ॥
বৃদ্ধাবতুলসীশ্রাদ্ধং তথা শ্রাদ্ধমবৈষ্ণবং।

দিক্‌দশমী। ব্রতে অসদ্ব্যাপারঃ দ্যূতক্রীড়াদিঃ ॥ ১১৩ ॥

তত্র দ্বাদশ্যাং ॥ ১১৪ ॥

বৃদ্ধৌ বৃদ্ধিশ্রাদ্ধে তুলসীং বিনা শ্রাদ্ধং অবৈষ্ণবং বৈষ্ণবজনরহিতং ভগবদনিবেদিতা-

না করা। ৭৩। অবৈষ্ণবের নিকট হইতে অন্ন সংগ্রহ * না করা। ৭৪। বিষ্ণুসম্বন্ধ ব্যতিরেকে অন্য ব্রত আচরণ না করা। ৭৫। বিষ্ণুমন্ত্র ভিন্ন অন্য মন্ত্র জপ না করা। ৭৬ ॥ ১১২ ॥

অভিচারাদি অর্থাৎ মারণ উচ্চাটন প্রভৃতি না করা। ৭৭। সামর্থ্য থাকিতে ন্যূনকল্পে উপচার প্রদান না করা। ৭৮। শোকাদির বশীভূত না হওয়া। ৭৯। দশমীবিদ্ধ একাদশীব্রত না করা। ৮০। শুক্ল ও কৃষ্ণ-পক্ষীয় একাদশীকে বিশেষ না করা। ৮১। ব্রতধারণ করিয়া অসদ্ব্যাপার অর্থাৎ দ্যূতক্রীড়াদি না করা। ৮২। সামর্থ্য থাকিতে ব্রতদিনে ফলাদি ভোজন না করা। ৮৩। একাদশী ব্রতদিনে শ্রাদ্ধ না করা।৮৪ ॥ ১১৩ ॥

দ্বাদশীর দিবসে নিদ্রা না যাওয়া। ৮৫। দ্বাদশীতে তুলসীচয়ন না করা। ৮৬। দ্বাদশীতে দিবাতে বিষ্ণুকে স্নান না করান। ৮৭। বিষ্ণুর অনিবেদিত অন্ন দ্বারা শ্রাদ্ধ না করা। ৮৮ ॥ ১১৪ ॥

বৃদ্ধিশ্রাদ্ধে তুলসী ব্যতিরেকে শ্রাদ্ধ না করা। ৮৯। তথা বৈষ্ণব-

* ক্ষুধায় পীড়িত ব্যক্তির উদর ভরণমাত্র অন্নের গ্রহণকে সংগ্রহ বলে।

চরণামৃতপানেঽপি শুদ্ধ্যর্থাচমনক্রিয়া ॥ ১১৫ ॥
কাষ্ঠাসনোপবিষ্টেন বাসুদেবস্য পূজনং।
পূজাকালেঽসদালাপঃ করবীরাদিপূজনং ॥ ১১৬ ॥
আয়সং ধূপপাত্রাদি তির্য্যক্‌পুণ্ড্রং প্রমাদতঃ।
পূজা চাসংস্কৃতৈর্দ্রব্যৈস্তথা চঞ্চলচিত্ততঃ ॥ ১১৭ ॥
একহস্তপ্রণামাদি অকালে স্বামিদর্শনং।
পর্য্যুষিতাদিদুষ্টানামন্নাদীনাং নিবেদনং ॥ ১১৮ ॥

ন্নাদিবিহিতং বা। চরণামৃতপানে সত্যপি শুদ্ধ্যর্থং ইতরজলপানবিহিতাচমনং যথাকথঞ্চিৎ পূর্ব্বজাতশুদ্ধেঃ পাবিত্র্যায়াচমনমিত্যর্থঃ ॥ ১১৫ ॥

করবীরশব্দেন গৃহকরবীরং। আদিশব্দাচ্চার্কাদি জ্ঞেয়ং। তেন বস্তুগবস্তঃ পূজনং। তৎ ॥ ১১৬ ॥

প্রমাদতোঽপি ॥ ১১৭ ॥

আদিশব্দেন এক প্রদক্ষিণাদি। যদ্যপি এতৎ সর্ব্বমগ্রে লেখ্যতত্তৎ প্রকরণে বিশেষতোঽভিব্যক্তং ভাবি তথাপি সুখবোধায়াত্র কিঞ্চিদ্বিবৃতং ॥ ১১৮ ॥

ভিন্ন শ্রাদ্ধ না করা অর্থাৎ অবৈষ্ণব পুরোহিত দ্বারা কিম্বা বিষ্ণুনির্ম্মাল্য ব্যতিরেকে শ্রাদ্ধ না করণ। ৯০। চরণামৃত পান সত্ত্বে শুদ্ধির নিমিত্ত অন্যজল দ্বারা আচমন না করা। ৯১ ॥ ১১৫ ॥

কাষ্ঠাসনে উপবেশন করিয়া বাসুদেবের পূজা না করা। ৯২। পূজাকালে অসৎ আলাপ না করা। ৯৩। করবীর আদি অর্থাৎ গৃহজাত করবীর ও আদিশব্দ প্রযুক্ত আকন্দপুষ্পাদি দ্বারা পূজা না করা।৯৪॥১১৬

লৌহময় ধূপপাত্রাদি ব্যবহার না করা। ৯৫। ভ্রমপ্রযুক্তও বক্র পুণ্ড্র না করা। ৯৬। অপবিত্র দ্রব্য দ্বারা তথা চঞ্চলচিত্ত হইয়া পূজা না করা। ৯৭ ॥ ১১৭ ॥

একহস্ত দ্বারা নমস্কার ও একবারমাত্র প্রদক্ষিণ না করা। ৯৮। পর্য্যুষিত অথবা দূষিত অন্নাদি নিবেদন না করা। ৯৮ ॥ ১১৮ ॥

সংখ্যাং বিনা মন্ত্রজপস্তথা মন্ত্রপ্রকাশনং।
সদা শক্ত্যাং মুখ্যলোপো গৌণকালপরিগ্রহঃ।
প্রসাদাগ্রহণং বিষ্ণো র্বর্জ্জয়েদ্বৈষ্ণবঃ সদা।
চতুঃশতং বিধীনেতান্ নিষেধান্ শ্রাবয়েদ্গুরুঃ ॥ ১১৯ ॥
অঙ্গীকারে কৃতে বাঢ়ং তন্নীরাজনপূর্ব্বকং।
দেবপূজাং কারয়িত্বা দক্ষকর্ণে মনুং জপেদিতি ॥ ১২০ ॥
ততশ্চোত্থায় পূর্ণাত্মা দণ্ডবৎপ্রণমেদ্গুরুং।
তৎপাদপঙ্কজং শিষ্যঃ প্রতিষ্ঠাপ্য স্বমূর্দ্ধনি ॥ ১২১ ॥

শক্ত্যাং শক্তৌ সত্যামপি। কদাসক্ত্যেতি পাঠে কুৎসিতকর্ম্মাদ্যভিনিবেশেন মুখ্যকালস্থ লোপঃ। অতএব গৌণকালস্য পরিগ্রহ ইত্যেক এব নিয়মঃ ॥ ১১৯ ॥

বাঢ়ং অঙ্গীকারে। শিষ্যেণ তেষাং স্বীকারে কৃতে সতি। তস্য শিষ্যস্য নীরাজন-পূর্ব্বকং ॥ ১২০ ॥

তস্য গুরোঃ পাদপঙ্কজং স্বীয়মূর্দ্ধনি প্রতিষ্ঠাপ্য চিরং ভক্ত্যা নিধায় ॥ ১২১ ॥

সংখ্যা ব্যতিরেকে মন্ত্র জপ না করা। ১০০। ও মন্ত্র প্রকাশ না করা। ১০১। শক্তি থাকিতে সকল বিষয়ে মুখ্যকালের লোপ। ১০২। এবং গৌণকালের পরিগ্রহ না করা। ১০৩। এবং বিষ্ণুর প্রসাদ গ্রহণে অনাদর প্রকাশ না করা। ১০৪। বৈষ্ণব ব্যক্তি সর্ব্বদা এই সকল নিয়ম গ্রহণ করিবেন। গুরু এই একশত চারিটী আচার শিষ্যকে শ্রবণ করাইবেন ॥ ১১৯ ॥

শিষ্য নিয়ম সকল অঙ্গীকার করিলাম বলিয়া স্বীকার করিলে, তাঁহার নীরাজন পূর্ব্বক দেবতার পূজা করাইয়া তদীয় দক্ষিণ কর্ণে মন্ত্র জপ করিবেন ॥ ১২০ ॥

অনন্তর শিষ্য প্রসন্ন মনে গাত্রোত্থান করিয়া দণ্ডবৎ ভক্তিসহকারে বহুক্ষণ যাবৎ গুরুপাদপদ্ম মস্তকে ধারণ করিয়া দণ্ডবৎ প্রণাম করিবেন ॥ ১২১ ॥

অথ ন্যাসান্ গুরুঃ স্বস্মিন্ কৃত্বান্তর্যজনং তথা।
সাষ্টং সহস্রং তন্মন্ত্রং স্বশক্ত্যক্ষতয়ে জপেৎ।
শিষ্যঃ কুম্ভাদি তৎসর্ব্বং দ্রব্যমন্যচ্চ শক্তিতঃ।
দত্ত্বাভ্যর্চ্চ্য গুরুং নত্বা বিপ্রান্ সংপূজ্য ভোজয়েৎ॥ ১২২॥
শ্রীগুরোর্ব্রাহ্মণানাঞ্চ শুভাশীর্ভিঃ সমেধিতঃ।
তাননুজ্ঞাপ্য গুর্ব্বাদীন্ ভুঞ্জীত সহ বন্ধুভিঃ॥ ১২৩॥
ইতি দীক্ষাবিধানেন যো মন্ত্রং লভতে গুরোঃ।
স ভাগ্যবান্ চিরঞ্জীবী কৃতকৃত্যশ্চ জায়তে॥ ১২৪॥

তমুপদিষ্টং মন্ত্রং অষ্টোত্তরসহস্রবারান্ জপেৎ। স্বশক্তেঃ অক্ষতয়ে অহানয়ে স্বসামর্থ্য-রক্ষণার্থমিত্যর্থঃ। তৎ দীক্ষার্থানীতং মণ্ডপস্থিতং কুম্ভাদিকং সর্ব্বমেব দ্রব্যং। অন্যচ্চ মন্ত্রদক্ষিণাদিরূপং। তদুক্তং। পশ্চাৎ স্বমাত্মনা গুরুং যত্নেন তোষয়েৎ। গুরুপুত্র-কলত্রাদীংস্তোষয়েৎ কনকাদিভিরিতি। বিপ্রান্ ব্রাহ্মণান্ শক্ত্যা সম্যক্ পূজয়িত্বা॥ ১২২॥

সমেধিতঃ সম্যগ্বর্দ্ধিতঃ॥ ১২৩॥

ইতি অনেনোক্তেন গুরোঃ সকাশাৎ॥ ১২৪॥

তৎ পরে গুরু আপনাতে সমস্ত ন্যাস ও মনোমধ্যে পূজা করিয়া শক্তির রক্ষা নিমিত্ত অর্থাৎ শিষ্যকে মন্ত্র প্রদান করাতে নিজদেহে প্রদত্ত মন্ত্রের কোন শক্তির হ্রাস না হয়, একারণ ঐ মন্ত্র এক সহস্র অষ্টবার জপ করিবেন। শিষ্য কুম্ভ প্রভৃতি তৎসমুদায় দ্রব্য এবং শক্ত্যনুসারে অন্যান্য দ্রব্যও গুরুকে প্রদান পূর্ব্বক পূজা ও প্রণাম করত পরে ব্রাহ্মণদিগকে পূজা করিয়া ভোজন করাইবেন॥ ১২২॥

তদনন্তর শ্রীগুরুদেবের তথা ব্রাহ্মণদিগের শুভ আশীর্ব্বাদ সকল দ্বারা সম্বর্দ্ধিত হইয়া গুরু ও সেই সকল ব্রাহ্মণদিগের অনুমতি গ্রহণ করত বন্ধুবর্গের সহিত ভোজন করিবেন॥ ১২৩॥

যে ব্যক্তি এইরূপ বিধানানুসারে গুরুদেবের নিকট হইতে মন্ত্র প্রাপ্ত হয়েন, তিনি ভাগ্যবান্, চিরজীবী ও কৃতার্থ হয়েন॥ ১২৪॥

তথাচ সম্মোহনতন্ত্রে। শ্রীশিবোমাসম্বাদে ॥

এবং যঃ কুরুতে মর্ত্ত্যঃ করে তস্য বিভূতয়ঃ।
অতঃ পরং মহাভাগে নান্যৎ কর্ম্মাস্তি ভূতলে।
যস্যাচরণমাত্রেণ সাক্ষাৎ কৃষ্ণঃ প্রসীদতি ॥ ১২৫ ॥

প্রায়ঃ প্রপঞ্চসারাদাবুক্তোঽয়ং তান্ত্রিকো বিধিঃ।
দীক্ষায়া লিখ্যতে দিব্যো বিধিঃ পৌরাণিকোঽধুনা ॥ ১২৬ ॥

অথ বরাহপুরাণোক্তদীক্ষাবিধিঃ ॥

ইদানীং শৃণু মে দেবি পঞ্চপাতকনাশনং।

এবমুক্তপ্রকারেণ। হে মহাভাগে দেবি ॥ ১২৫ ॥

অয়ং লিখিতো যো দীক্ষাবিধিঃ স প্রায়স্তান্ত্রিকঃ। যতঃ প্রপঞ্চসারাদৌ তন্ত্রোক্তানুসারিণি গ্রন্থে উক্তঃ। তথাচ ক্রমদীপিকায়াং। প্রপঞ্চসারপ্রথিতাত্র দীক্ষেত্যাদি। দিব্য ইতি পুরাণানাং মাহাত্ম্যবিশেষাৎ। তথাচ পাদ্মে শ্রীশিবপার্ব্বতীসম্বাদে। বেদার্থাদধিকং মান্যং পুরাণার্থঞ্চ ভামিনীতি। যদ্বা। নিজপ্রিয়তমাং শ্রীধরণীং প্রতি পৃথ্বীসমুদ্ধারকেণ শ্রীভগবতা সাক্ষাদুক্তত্বাৎ ॥ ১২৬ ॥

হে দেবি ধরণি। যজনং পূজাবিধিঃ। যদ্যপি স্বয়মেবায়ং ভগবান্ বিষ্ণুস্তথাপি পরমবিনয়া-

---

এই বিষয় সম্মোহনতন্ত্রে।

শ্রীশিব ও উমাদেবীর সম্বাদে যথা ॥

যে মনুষ্য এই প্রকার কার্য্য করেন, সমুদায় ঐশ্বর্য্য তাঁহার করস্থিত। হে মহাভাগে! ভূতলে ইহার পর অন্য কর্ম্ম নাই, যাহার আচরণ মাত্রে সাক্ষাৎ শ্রীকৃষ্ণ প্রসন্ন হয়েন ॥ ১২৫ ॥

এই বিধি প্রায় তান্ত্রিক, যেহেতু প্রপঞ্চসারাদিতে উক্ত হইয়াছে। এক্ষণে পুরাণ শাস্ত্রোক্ত উৎকৃষ্ট দীক্ষা বিধি লিখিত হইতেছে ॥ ১২৬ ॥

অথ বরাহপুরাণোক্তদীক্ষাবিধি ॥

শ্রীভগবান্ বরাহদেব আপনার প্রিয়তমা ধরণীকে উদ্ধার করিয়া সাক্ষাৎ বলিয়াছেন, হে দেবি! এক্ষণে দেবদেব বিষ্ণুর পূজাবিধি,

যজনং দেবদেবস্য বিষ্ণোঃ পুত্র-বসুপ্রদং ॥ ১২৭ ॥
ইহ জন্মনি দারিদ্র্য-ব্যাধি-কুষ্ঠাদি-পীড়িতঃ।
অলক্ষ্মীবানপুত্রস্তু যো ভবেৎ পুরুষো ভুবি।
তস্য সদ্যো ভবেল্লক্ষ্মীরায়ুর্বিত্তং সুতাঃ সুখং ॥ ১২৮ ॥
দৃষ্ট্বা তু মণ্ডলে দেবি দেবং দেব্যা সমন্বিতং।
নারায়ণং পরং দেবং যঃ পশ্যতি বিধানতঃ।
পূজিতং নবনাভে তু ষোড়শাষ্টদলে তথা।
আচার্য্যদর্শিতং দেবং মন্ত্রমূর্ত্তিমযোনিজং ॥ ১২৯ ॥
কার্ত্তিকে মাসি শুক্লায়াং দ্বাদশ্যান্তু বিশেষতঃ।

দিনা আত্মানং সাক্ষাদানার্দ্দশন্ বিষ্ণোরিত্যুক্তবান্। এবমগ্রেঽপি বোদ্ধব্যং ॥ ১২৭ ॥ ১২৮ ॥

কুতো লক্ষ্ম্যাদিকং ভবতি তদাহ দৃষ্ট্বেতি দ্বাভ্যাং। মণ্ডলে সর্ব্বতোভদ্রাদৌ। দর্শন-প্রকারমেবাহ নারায়ণমিতি। নবনাভে চক্রে ষোড়শারেঽষ্টপত্রে বেত্যর্থঃ। এতচ্চাগ্রে ব্যক্তং ভাবি। আচার্য্যোপদিষ্টং মন্ত্রমূর্ত্তিং দেবং যঃ পশ্যতি মন্ত্রং সম্যক্ জানাতি তস্য লক্ষ্ম্যাদিকং সদ্য এব ভবতীত্যর্থঃ ॥ ১২৯ ॥

দীক্ষাকালমাহ কার্ত্তিক ইতি সার্দ্ধেন। শুক্লায়াং শুক্লায়াং। সর্ব্বাস্বিতি মার্গশীর্ষমাঘাদি-

যদ্দ্বারা পঞ্চ মহাপাতক নাশ এবং পুত্র ও ধন প্রদান করে, তাহা আমার নিকট শ্রবণ কর ॥ ১২৭ ॥

এই জন্মে যে পুরুষ দারিদ্র্য, ব্যাধি ও কুষ্ঠাদি দ্বারা পীড়িত এবং এই পৃথিবীতে যিনি অলক্ষ্মী বিশিষ্ট ও পুত্রহীন, তাহার সদ্যঃ লক্ষ্মী-লাভ, পরমায়ু, ধন, পুত্র ও সুখলাভ হয় ॥ ১২৮ ॥

হে দেবি! যদি বল লক্ষ্ম্যাদিলাভ কিরূপে হইবে তাহার প্রকার এই যে, যে ব্যক্তি বিধানানুসারে সর্ব্বতোভদ্রাদি মণ্ডলে লক্ষ্মীর সহিত পরমব্রহ্ম নারায়ণকে দর্শন করেন অথবা নবনাভ ষোড়শার চক্রে কিম্বা অষ্টদল পদ্মে গুরূপদিষ্ট অযোনিসম্ভব মন্ত্রমূর্ত্তি স্বরূপ দেবকে পূজা করেন তাঁহার ঐ সমুদায় লাভ হইয়া থাকে ॥ ১২৯ ॥

দীক্ষাকাল যথা—

হে মহাভাগে! বিশেষ করিয়া কার্ত্তিকমাসের শুক্লা দ্বাদশীতে তথা

সর্ব্বাসু চ যজেদ্দেবং দ্বাদশীষু বিধানতঃ।
সংক্রান্তৌ চ মহাভাগে চন্দ্রসূর্য্যগ্রহেঽপি বা।
যঃ পশ্যতি হরিং দেবং পূজিতং গুরুণা শুভে।
তস্য সদ্যো ভবেত্তুষ্টিঃ পাপধ্বংসোঽপ্যশেষতঃ॥ ১৩০॥
স সামান্যো হি দেবানাং ভবতীতি ন সংশয়ঃ॥ ১৩১॥
ব্রাহ্মণক্ষত্রিয়বিশাং শূদ্রাণাঞ্চ পরীক্ষণং।
সম্বৎসরং গুরুঃ কুর্য্যাজ্জাতিশৌচক্রিয়াদিভিঃ॥ ১৩২॥
উপসন্নাংস্ততো জ্ঞাত্বা হৃদয়েনাবধারয়েৎ।

চতুষ্টয়শ্রাবণাশ্বিনানাং শুক্লদ্বাদশীষু চেতি গ্রহাশ্ববাসুসারতো জ্ঞেয়ং। তথা সংক্রান্তাবিতি। তত্তন্মাসসংক্রান্তিষ্বপীত্যর্থঃ। এবমগ্রেঽপি বোদ্ধব্যং॥ ১৩০॥

দেবানাং ব্রহ্মাদীনাং সামান্যঃ সদৃশ ইত্যর্থঃ॥ ১৩১॥

দীক্ষাধিকারিণ আহ ব্রাহ্মণেতি সার্দ্ধদ্বয়েন। ভক্তানামিতি পাঠেঽপি সেবকানাং শূদ্রাণামিত্যর্থঃ॥ ১৩২॥

উপসন্নান্ নিকটাগতান্ প্রতি ততঃ সংবৎসরানন্তরমেব জাত্যাদি জ্ঞাত্বা দীক্ষায়া যোগ্যা অযোগ্যা বেতি মনসা বিচারয়েৎ। যদ্বা। সহবাসাদিনা নিকটবর্ত্তিনঃ সতস্তান্ জ্ঞাত্বা ব্যবহারাদিনা পরীক্ষ্য হৃদয়েন বুদ্ধ্যা অবধারয়েৎ। দীক্ষাযোগ্যত্বেন নিশ্চিনুয়াৎ। যদ্বা।

সকল দ্বাদশীতে অর্থাৎ অগ্রহায়ণ, মাঘ, ফাল্গুন, চৈত্র, বৈশাখ, শ্রাবণ ও আশ্বিনমাসের শুক্লা দ্বাদশীতে শ্রীকৃষ্ণকে পূজা করিবেন। অথবা হে শুভে! যে ব্যক্তি উল্লিখিত মাস সকলের সংক্রান্তি দিবসে, তথা চন্দ্রগ্রহণ ও সূর্য্যগ্রহণ সময়ে নারায়ণদেবকে গুরুদেব-কর্ত্তৃক পূজিত দর্শন করেন, তাঁহার সদ্যঃ তুষ্টিলাভ ও অশেষ পাপ ধ্বংস হয়॥ ১৩০॥

এবং তিনি ব্রহ্মাদি দেবগণের তুল্য হয়েন, এবিষয়ে কোন সংশয় নাই॥ ১৩১॥

গুরু, ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্রের জাতি, শুদ্ধাচার এবং কর্ম্মাদি-সকল দ্বারা একবৎসরকাল পরীক্ষা করিবেন॥ ১৩২॥

তাহার পর ঐ সকলকে নিকটস্থ অবগত হইয়া মনোমধ্যে যোগ্য

তেঽপি ভক্তিমতো জ্ঞাত্বা আত্মনঃ পরমেশ্বরং ॥
সম্বৎসরং গুরোর্ভক্তিং কুর্য্যুর্বিষ্ণাবিবাচলাং ॥ ১৩৩ ॥
সম্বৎসরে ততঃ পূর্ণে গুরুঞ্চৈব প্রসাদয়েৎ ॥ ১৩৪ ॥
ভগবংস্ত্বৎপ্রসাদেন সংসারার্ণবতারণং ।
ইচ্ছামস্ত্বৈহিকীং লক্ষ্মীং বিশেষেণ তপোধন ॥ ১৩৫ ॥
এবমভ্যর্থ্য মেধাবী গুরুং বিষ্ণুমিবাগ্রতঃ ।
অভ্যর্চ্চ্য তদনুজ্ঞাতো দশম্যাং কার্ত্তিকস্য তু ।
ক্ষীরবৃক্ষসমুদ্ভূতং মন্ত্রিতং পরমেষ্ঠিনা ।

উপসন্নান্ কৃতোপসাত্তকান্ দীক্ষাধিকারিণ ইতি দৃঢ়ং জানীয়াদিত্যর্থঃ। উপপন্নানিতি পাঠেঽপি তথৈবার্থঃ। ভক্তিমতঃ ভক্তিযুক্তান্ আত্মনঃ স্বান্ প্রতি পরমেশ্বরং গুরুং জ্ঞাত্বা। যদ্বা। ষষ্ঠ্যান্তমেব পদদ্বয়ং। ততশ্চ ভক্তিমত ইত্যাত্মনো বিশেষণং। যদ্বা। ভক্তিমন্তঃ প্রীতিযুক্তাঃ সন্তঃ গুরুমাত্মনঃ পরমেশ্বরং জ্ঞাত্বা। ততশ্চ ভক্তিমত ইত্যার্ষং ॥ ১৩৩ ॥

তেষু যঃ পরীক্ষিতঃ শিষ্যঃ স প্রসাদয়েৎ ॥ ১৩৪ ॥

তৎপ্রকারমেবাহ ভগবন্নিতি। ইচ্ছাম ইতি বহুত্বং নিজপুত্রাদ্যপেক্ষয়া ॥ ১৩৫ ॥

অভ্যর্থ্য প্রার্থ্য। অভ্যর্চ্চ্য ধনাদিনা সংমান্য। তেন গুরুণাঽনুজ্ঞাতঃ সন্। কার্ত্তিকস্য দশম্যাং ক্ষীরযুক্তবৃক্ষোদ্ভূতং দন্তকাষ্ঠং পরমেষ্ঠিনা মূলমন্ত্রেণ মন্ত্রিতং সায়ং সন্ধ্যানন্তরং ভক্ষ-

---

অযোগ্য বিচার করিবেন। উঁহারাও নিজের পক্ষে গুরুকে পরমেশ্বর জ্ঞান করিয়া যেমন বিষ্ণুর প্রতি তদ্রূপ গুরুর প্রতি একবৎসরকাল অবিচল ভক্তি করিবেন ॥ ১১৩ ॥

সম্বৎসর পূর্ণ হইলে পর, গুরুকে প্রসন্ন করাইবেন ॥ ১৩৪ ॥

হে ভগবন্! হে তপোধন! আপনার প্রসন্নতায় সংসারসাগরের পার তথা পুত্র পৌত্রাদিক্রমে ঐহিক সৌভাগ্য বিশেষরূপে লাভ করিতে বাসনা করি ॥ ১৩৫ ॥

বুদ্ধিমান্ শিষ্য এই প্রকার প্রার্থনা করিয়া অগ্রে বিষ্ণুর ন্যায় গুরুদেবের পূজা করিবেন, পরে তাঁহার আজ্ঞা গ্রহণ করিয়া কার্ত্তিকমাসের শুক্লা দশমীতে ক্ষীরসম্পন্ন বৃক্ষজাত এবং মূলমন্ত্র দ্বারা মন্ত্রিত দন্তকাষ্ঠ

ভক্ষয়িত্বা শয়ীতোর্ব্যাং দেবদেবস্য সন্নিধৌ ॥ ১৩৬ ॥
স্বপ্নান্ দৃষ্ট্বা গুরোরগ্রে শ্রাবয়েত বিচক্ষণঃ।
ততঃ শুভাশুভং তদ্বদালপেৎ পরমো গুরুঃ।
একাদশ্যামুপোষ্যাথ স্নাত্বা দেবালয়ং ব্রজেৎ ॥ ১৩৭ ॥
গুরুশ্চ মণ্ডলং ভূমৌ কল্পিতায়ান্তু বর্ত্তয়েৎ।
লক্ষণৈর্বিবিধৈর্ভূমিং লক্ষয়িত্বা বিধানতঃ।
ষোড়শারং লিখেচ্চক্রং নবনাভমথাপি বা।
অষ্টপত্রমথো বাপি লিখিত্বা দর্শয়েদ্বুধঃ ॥ ১৩৮ ॥
নেত্রবন্ধং প্রকুর্ব্বীত সিতবস্ত্রেণ যত্নতঃ।

য়িত্বা দেবালয়ে ভূমৌ শয়ীত ॥ ১৩৬ ॥

তদ্বদিতি স্বপ্নানুসারেণেত্যর্থঃ। তদুক্তং। ক্রূরস্বপ্নেঽধমা দীক্ষাঽদুষ্টস্বপ্নে তু মধ্যমা। উত্তমস্বপ্নপূর্ব্বা তু দীক্ষা সর্ব্বোত্তমা মতা ইতি ॥ ১৩৭ ॥

কল্পিতায়াং সংস্কৃতায়াং। বর্ত্তয়েৎ বিরচয়েৎ। বিধানত ইতি পুণ্যাহং স্বস্ত্যাদিকং বাচয়িত্বেত্যাদিকং বোদ্ধব্যং। এবমগ্রেঽপ্যস্য পদস্যানুবর্ত্তনাদ্বিজ্ঞেয়মিতি দিক্। পঞ্চবর্ণেন রজসা যথাশোভং লিখেৎ ॥ ১৩৮ ॥

চর্ব্বণ করিয়া দেবদেবের সন্নিহিত ভূমিতে শয়ন করিয়া রহিবেন ॥ ১৩৬

বিচক্ষণ শিষ্য রাত্রিতে স্বপ্ন দেখিয়া অগ্রে গুরুদেবকে শ্রবণ করাইবেন, পরে সদ্গুরু তদনুসারে শুভাশুভ পর্য্যালোচনা করিবেন। তদনন্তর শিষ্য একাদশীতে উপবাস করিয়া দ্বাদশীতে স্নান করত দেবালয়ে গমন করিবেন ॥ ১৩৭ ॥

গুরু পূর্ব্ব বিধানানুসারে যাহার সংস্কার করা হইয়াছে এইরূপ ভূমিতে মণ্ডল রচনা করিবেন। পরে বিবিধ লক্ষণ দ্বারা ভূমি নির্দ্দিষ্ট করিয়া বিধি অনুসারে অর্থাৎ "পুণ্যাহং স্বস্তি" ইত্যাদি পাঠ করিয়া ষোড়শার অথবা নবনাভ চক্র লিখিবেন। কিম্বা অষ্টদল পদ্ম লিখিয়া দেখাইবেন ॥ ১৩৮ ॥

যত্ন পূর্ব্বক শুভ্রবস্ত্র দ্বারা শিষ্যদিগের চক্ষু বন্ধন করিবেন এবং পুষ্প

বর্ণানুক্রমতঃ শিষ্যান্ পুষ্পহস্তান্ প্রবেশয়েৎ॥ ১৩৯॥

নবনাভং যদা কুর্য্যান্মণ্ডলং বর্ণকৈর্ব্বুধঃ।
তদানীং পূর্ব্বতো দেবমিন্দ্রমৈন্দ্র্যাং তু পূজয়েৎ॥ ১৪০॥

লোকপালমথাগ্নেয্যামগ্নিং সংপূজয়েদ্দ্বিজঃ।
যমং তদনু যাম্যায়াং নৈঋ৴ত্যাং নিঋ৴তিং ন্যসেৎ।
বারুণ্যাং বরুণং চৈব বায়ব্যাং পবনং যজেৎ॥ ১৪১॥

ধনদং চোত্তরে ন্যস্য রুদ্রমৈশানগোচরে।

শুক্লবস্ত্রেণ নেত্রবন্ধং শিষ্যাণাং কুর্য্যাৎ। শিষ্যাণাং প্রবেশনঞ্চ মণ্ডপান্তঃস্থাপিতকলসেষু ভগবত ইন্দ্রাদীনাঞ্চ পূজানন্তরমেব জ্ঞেয়ং॥ ১৩৯॥

বর্ণকৈঃ পঞ্চবর্ণৈশ্চূর্ণাদিভিঃ। ইন্দ্রমৈন্দ্র্যাং পূজয়েদিত্যত্র দিঙ্মণ্ডলে চ বিন্যস্যেত্যাদিবক্ষ্যমাণবচনতো গ্রন্থান্তরানুসারতশ্চৈবং বিধানং জ্ঞেয়ং নবনাভমণ্ডলে প্রাগাদিক্রমেণাষ্টাসু দিক্ষ্বষ্টকলসান্ মধ্যে চৈকমিত্যেবং নবকলসান্ একাকারানব্রণান্ দধ্যক্ষতবস্ত্রযুগ্মপুষ্পমালাগন্ধালঙ্কৃতান্ অন্তঃপ্রক্ষিপ্তপঞ্চপল্লবসপ্তমৃত্তিকাতীর্থোদকপূরিতান্ উপরিস্থাপিতযবশাল্যন্যতরপূর্ণ সদীপশরাবমুখান্ যবানাং ব্রীহীণাং চোপরি বিন্যস্যাদৌ মধ্যকলসে মূলমন্ত্রেণ ভগবন্তমাবাহনাদিগন্ধপুষ্পাদ্যৈরুপচারৈঃ সংপূজ্য পশ্চাদিন্দ্রং পূর্ব্বস্যাং দিশি অগ্ন্যাদীংশ্চ স্বস্বদিশি ক্রমেণ পূজয়েদিতি॥ ১৪০॥

দ্বিজো গুরুঃ। ন্যসেদিতি তত্র স্থাপিতকলসে আবাহ্য পূজয়েদিত্যর্থঃ॥ ১৪১॥

সংপূজ্য পূজয়িত্বা। বিধানেত্যুক্তেরেবং জ্ঞেয়ং। ব্যাহৃতিভিঃ শুক্লাক্ষতৈঃ ইন্দ্রাগচ্ছেত্যাদিপ্রয়োগেণাবাহ্য প্রণবাদিনা চতুর্থীনমোঽন্তেন তত্তন্নামমন্ত্রেণ সশক্তিকান্ সপরিবারান্

হস্তে দিয়া বর্ণানুসারে প্রবেশ করাইবেন॥ ১৩৯॥

যখন নবনাভমণ্ডল করিবেন তখন পঞ্চবর্ণ চূর্ণ দ্বারা পূর্ব্বদিকে দেব-ইন্দ্রকে পূজা করিবেন॥ ১৪০॥

গুরু অগ্নিকোণে লোকপাল অগ্নিকে, তাহার পর দক্ষিণদিকে যমকে, নৈঋ৴তকোণে নিঋ৴তিকে, পশ্চিমদিকে বরুণকে এবং বায়ুকোণে পবনকে পূজা করিবেন॥ ১৪১॥

আর উত্তরদিকে কুবেরকে এবং ঈশানকোণে রুদ্রকে পূজা করিবেন

সংপূজ্যৈবং বিধানেন দিক্‌পত্রেষু বিশেষতঃ।
মধ্যপত্রে তথা বিষ্ণুমর্চ্চয়েৎ পরমেশ্বরং ॥ ১৪২ ॥
পূর্ব্বপত্রে বলং পূজ্যং প্রদ্যুম্নং দক্ষিণে তথা।
অনিরুদ্ধং তথা পূজ্যং পশ্চিমে চোত্তরে তথা।
পূজয়েদ্বাসুদেবং তু সর্ব্বপাতকশান্তিদং ॥ ১৪৩ ॥
ঐশান্যাং বিন্যসেচ্ছঙ্খমাগ্নেয্যাং চক্রমেব চ।
সৌম্যায়ান্তু গদা পূজ্যা বায়ব্যাং পদ্মমেব চ।
নৈঋর্ত্যাং মুষলং পূজ্যং দক্ষিণে গরুড়ং তথা।

সায়ুধান্ সবাহনান্ সগন্ধপুষ্পাদ্যৈরুপচারৈঃ। সংপূজ্যেতি বিধানেনেতি পদমগ্রেঽপ্যনুবর্ত্তনীয়ং ॥ ১৪২ ॥

ততো মধ্যমকলসস্যৈব পরিতঃ পূর্ব্বদক্ষিণপশ্চিমোত্তরপত্রেষু শ্রীসঙ্কর্ষণ প্রদ্যুম্নানিরুদ্ধ-বাসুদেবান্ ক্রমেণ তথৈব পূজয়েদিত্যাহ পূর্ব্বেতি সার্দ্ধেন ॥ ১৪৩ ॥

এইরূপে প্রত্যেক দিক্‌পত্রে বিধানানুসারে বিশেষ করিয়া দিক্‌পাল সকলকে পূজা করত মধ্যপত্রে পরমেশ্বর বিষ্ণুকে পূজা করিবেন ॥

তাৎপর্য্য। ভূর্ভুবঃ স্বঃ উচ্চারণ পূর্ব্বক আতপতণ্ডুল প্রক্ষেপ করত "ইন্দ্র আগচ্ছ" এই বলিয়া আহ্বান করিয়া পরে প্রণব (ওঁ) পূর্ব্বে ও নমঃ শব্দ পরে দিয়া চতুর্থীবিভক্তি যোগ করত দেবগণের নামোচ্চারণ পূর্ব্বক গন্ধ পুষ্পাদি উপচার দ্বারা তাঁহাদের ও তাঁহাদের শক্তি পরিবার অস্ত্র ও বাহন সকলের পূজা করিবে ॥ ১৪২ ॥

তাহার পর মধ্যস্থাপিত কলসের পূর্ব্বপত্রে শ্রীসঙ্কর্ষণের, দক্ষিণপত্রে প্রদ্যুম্নের ও পশ্চিম পত্রে অনিরুদ্ধের পূজা করিয়া উত্তরপত্রে সমুদায় পাতকের উপশমকারি বাসুদেবকে পূজা করিবে ॥ ১৪৩ ॥

ঈশানকোণে শঙ্খের, অগ্নিকোণে চক্রের, উত্তরদিকে গদার, বায়ু-কোণে পদ্মের, নৈঋর্তকোণে মুষলের এবং দক্ষিণদিকে গরুড়ের পূজা করিবে। বুদ্ধিমান্ ব্যক্তি দেবদেবের বামদিকে লক্ষ্মীর পূজা করি-

বামতো বিন্যসেল্লক্ষ্মীং দেবদেবস্য বুদ্ধিমান্ ।
ধনুশ্চৈব চ খড়্গঞ্চ দেবস্য পুরতো ন্যসেৎ ।
শ্রীবৎসং কৌস্তুভঞ্চৈব দেবস্য পুরতোঽর্চ্চয়েৎ ।
এবং পূজ্য যথান্যায়ং দেবদেবং জনার্দ্দনং ।
দিগ্বগুলে চ বিন্যস্য চাষ্টৌ কুম্ভান্ বিধানতঃ ।
বৈষ্ণবং কলসঞ্চৈব নবমং তত্র কল্পয়েৎ ॥ ১৪৪ ॥
স্নাপয়েন্মুক্তিকামাংস্তু বৈষ্ণবেন ঘটেন তু ।
শ্রীকামান্ স্নাপয়েত্তদ্বদৈন্দ্রেণাথ ঘটেন তু ।
জয়প্রতাপকামাংস্তু আগ্নেয়েনাভিষেচয়েৎ ।
মৃত্যুঞ্জয়বিধানেন যাম্যেন স্নপনং তথা ।
দুষ্টপ্রধ্বংসনায়ালং নৈর্ঋতেন বিধীয়তে ।

যথান্যায়ং যথোচিতং পূজ্য সংপূজ্য । তচ্চ ক্রমদীপিকাদ্যনুসারেণ দ্রষ্টব্যং ॥ ১৪৪ ॥

ততো ধূপদীপাদ্যোরশেষৈরুপচারৈর্ভগবন্তমিন্দ্রাদীংশ্চ পূজয়িত্বা শিষ্যায় মণ্ডলং দর্শয়িত্বা পুষ্পাঞ্জলিপূর্ব্বকং প্রণামং কারয়িত্বা বৈষ্ণবাদিভির্নবভিরেব কলসৈঃ শিষ্যং স্নাপয়েদিতি জ্ঞেয়ং । তত্র চ কলসভেদেন ফলভেদমাহ স্নাপয়েদিতি চতুর্ভিঃ ॥ ১৪৫ ॥

বেন। তথা সম্মুখে ধনু ও খড়্গের পূজা করিবেন। আর শ্রীবৎস ও কৌস্তুভ এই দুইকেও ভগবানের সম্মুখে পূজা করিবেন। এইরূপে বিধানপূর্ব্বক দেবদেব জনার্দ্দনকে পূজা করিয়া এবং বিধানানুসারে অষ্টদিকে অষ্ট কুম্ভ স্থাপন করিয়া বিষ্ণুসম্বন্ধীয় নবম কলস সেই স্থানে স্থাপন করিবেন ॥ ১৪৪ ॥

যাঁহারা মুক্তি কামনা করিবেন তাঁহাদিগকে বিষ্ণুর কলস দ্বারা স্নান করাইবেন। যাঁহারা সম্পত্তি কামনা করিবেন তাঁহাদিগকে ইন্দ্রের ঘট দ্বারা স্নান করাইবেন। যাঁহারা জয় ও প্রতাপ কামনা করিবেন তাঁহাদিগকে অগ্নিসম্বন্ধীয় ঘটে স্নান করাইবেন। যাঁহারা মৃত্যু জয় করিতে ইচ্ছা করিবেন তাঁহাদিগকে যমের কলস দ্বারা স্নান করাইবেন। যাঁহারা একেবারে দুষ্টের সংহার বাসনা করিবেন, তাঁহাদের

শান্তয়ে বারুণেনাথ পাপনাশায় বায়বং।
দ্রব্যসম্পত্তিকামস্য কৌবেরেণ বিধীয়তে।
রৌদ্রেণ জ্ঞানহেতুস্তু লোকপালঘটাস্ত্বিমে॥ ১৪৫॥
একৈকেন নরঃ স্নাতঃ সর্ব্বপাপবিবর্জ্জিতঃ।
ভবেদব্যাহতজ্ঞানঃ শ্রীমাংশ্চ পুরুষঃ সদা।
কিং পুনর্নবভিঃ স্নাতো নরঃ পাতকবর্জ্জিতঃ।
জায়তে বিষ্ণুসদৃশঃ সদ্যো রাজাথ বা পুনঃ॥ ১৪৬॥
অথবা দিক্ষু সর্ব্বাসু যথাসংখ্যেন লোকপান্।
পূজয়েৎ স্বস্বনাম্না তু ষড়্ভিন্নেন বিধানতঃ॥ ১৪৭॥

পুনশ্চৈকৈকেন স্নানস্য ফলবিশেষং সমুচ্চিতৈশ্চ তৈর্ম্মহাফলমাহ একৈকেনেতি দ্বাভ্যাং॥১৪৬

পূজায়াং পক্ষান্তরমাহ অথ বেতি। স্বস্বনাম্না স্বস্বনামমন্ত্রেণ হৃদয়াদিক্রমেণ ষড়্ভিন্নেন ইন্দ্রাদীনাং ষড়ঙ্গপূজা কার্য্যেত্যর্থঃ॥ ১৪৭॥

সম্বন্ধে নৈঋতের কলস দ্বারা স্নান বিধান করাইবেন। যাঁহারা শান্তির নিমিত্ত অভিলাষী হইবেন, তাঁহাদিগকে বরুণের কলস দ্বারা, পাপ বিনাশ কামিদিগকে বায়ুর কলস দ্বারা, দ্রব্য সম্পত্তি অভিলাষুকদিগকে কুবেরের কলস দ্বারা স্নান করাইবেন, আর যাঁহারা জ্ঞানলাভে ইচ্ছা করিবেন তাঁহাদের রুদ্র কলস দ্বারা স্নান করা বিধেয়। এই সমুদায় গুলি লোকপালদিগের কলস॥ ১৪৫॥

যে পুরুষ একটীমাত্র কলস দ্বারা স্নান করিবেন তিনি সর্ব্বদা সর্ব্ব-পাপ বর্জ্জিত, অবিনশ্বর জ্ঞানশালী ও শ্রীমান্ হইবেন। আর যে ব্যক্তি নয়টী কলস দ্বারাই স্নান করিবেন, তাঁহার কথা অধিক কি বলিব, সেই নর সদ্যঃ সমস্ত পাতক বর্জ্জিত এবং বিষ্ণুসদৃশ কিম্বা রাজা হইবেন॥ ১৪৬॥

অথবা সকল দিকে যথা সংখ্যায় স্বস্ব নাম উচ্চারণ করিয়া লোক পালদিগের হৃদয়াদিক্রমে ষড়ঙ্গভেদে পূজা করিবেন॥ ১৪৭॥

এবং সংপূজ্য দেবাংস্তু লোকপালান্ প্রসন্নধীঃ।
পশ্চাৎ পরীক্ষিতান্ শিষ্যান্ বদ্ধনেত্রান্ প্রবেশয়েৎ।
আগ্নেয়ধারণাদগ্ধান্ বায়ুনা বিধুতাংস্ততঃ।
সোমেনাপ্যায়িতান্ পশ্চাচ্ছ্রাবয়েন্নিয়মান্ বুধঃ॥ ১৪৮॥
ন নিন্দেদ্ব্রাহ্মণান্দেবান্ বিষ্ণুং ব্রহ্মাণমেব চ।
রুদ্রমাদিত্যমগ্নিঞ্চ লোকপালান্ গ্রহাংস্তথা।
বন্দেত বৈষ্ণবং চাপি পুরুষং পূর্ব্বদীক্ষিতং॥ ১৪৯॥
এবন্তু সময়ান্ শ্রাব্য পশ্চাদ্ধোমং তু কারয়েৎ।
তত্ত্বানি শিষ্যদেহেষু বিন্যস্য চ বিশোধয়েৎ॥

অথ পরিহিতশুক্লনববস্ত্রং তাদৃগুত্তরীয়মাচান্তমলঙ্কৃতং শুক্লবস্ত্রবদ্ধনেত্রং শিষ্যং মণ্ডলং প্রদক্ষিণেন প্রবেশ্য প্রাঙ্মুখমুপবিষ্টং তং বায্বগ্নিবরুণবীজৈঃ কৃতভূতশুদ্ধিং প্রণতং প্রহ্বীভূতং সময়ান্ শ্রাবয়েদিত্যাহ এবমিতি দ্বাভ্যাং। আগ্নেয্যা ধারণয়া দগ্ধানিতি তদ্দগ্ধত্বং ধ্যানেনৈবেতি জ্ঞেয়ং। এবমগ্রেঽপি॥ ১৪৮॥

সময়ানেবাহ ন নিন্দেদিতি সার্দ্ধেন। পূর্ব্বদীক্ষিতং দীক্ষাক্রমেণ স্বস্মাৎ জ্যেষ্ঠমিত্যর্থঃ। ব্রাহ্মণাদীনামেতেষাং বন্দনাদিনা সম্মাননৈব কার্য্যা নতু কদাচিদপি নিন্দেত্যর্থঃ॥ ১৪৯॥

শ্রাব্য শ্রাবয়িত্বা। শিষ্যেণ সহর্ষং তদঙ্গীকারে কৃতে পশ্চাদ্ধোমং কুর্য্যাৎ। তত্ত্বানি বিন্যস্য ক্রমদীপিকাদ্যুক্তত্বন্যাসাদিকং কৃত্বা তদ্দেহাৎ বিশোধয়েৎ। হোমবিধিমাহ ষোড়-

এইরূপে লোকপাল দেবতাদিগকে পূজা করিয়া প্রসন্নচিত্ত গুরু পশ্চাৎ পরীক্ষিত বদ্ধনেত্র শিষ্যদিগকে প্রবেশ করাইবেন।

তদনন্তর অগ্নি, বায়ু ও বরুণের বীজ দ্বারা শিষ্যদিগের ভূতশুদ্ধি করাইয়া নিয়ম সকল শ্রবণ করাইবেন॥ ১৪৮॥

ব্রাহ্মণ, দেবতা, বিষ্ণু, ব্রহ্মা, রুদ্র, সূর্য্য, অগ্নি, লোকপাল, গ্রহ, তথা পূর্ব্বদীক্ষিত বৈষ্ণব ইহাঁদের নিন্দা করিবে না, বন্দনা করিবে॥ ২৪৯॥

গুরু এই সকল নিয়ম শ্রবণ করাইয়া পশ্চাৎ হোম করিবেন এবং শিষ্যের সর্ব্ব শরীরে তত্ত্ব সকল বিন্যাস করিয়া শোধন করিবেন।

ওঁ নমো ভগবতে বিষ্ণবে সর্ব্বরূপিণে হুঁ স্বাহা।
ষোড়শাক্ষরমন্ত্রেণ হোময়েজ্জ্বলিতানলঃ।
গর্ব্ভাধানাদিকাশ্চৈব ক্রিয়াঃ সর্ব্বাশ্চ কারয়েৎ।
ত্রিভিস্ত্রিভিরাহুতিভির্দেবদেবস্য সন্নিধৌ।
ততোঽপনীয় দৃগ্বন্ধং পুরঃ শিষ্যং নিবেশ্য চ।

শেতি সার্দ্ধেন। হোমযেৎ। হোমং কুর্য্যাৎ। তৎপ্রকারমেব শিষ্যং দর্শয়তি গর্ব্ভেতি। আদিশব্দেন পুংসবন-সীমন্তোন্নয়ন-জাতকর্ম্ম-নামকরণান্নপ্রাশন-চৌড়োপনয়ন-স্নান-বিবাহাখ্যাঃ সংস্কারাঃ। অত্র চায়ং প্রকারো গ্রন্থান্তরানুসারেণ দ্রষ্টব্যঃ। ষোড়শারচক্রেঽষ্টদলকমলে বা পীঠপূজাং কৃত্বাবাহনাদিভিরুপচারৈর্ভগবন্তমভ্যর্চ্চ্য স্বগৃহ্যোক্ত-বিধিনাগ্নিস্থাপনাদি কর্ম্ম পূর্ব্বলিখিতবদ্বিধায়াত্রোক্তেন ষোড়শাক্ষরমন্ত্রেণাগ্নের্গর্ব্ভাধানাদিসংস্কারান্ কুর্য্যাৎ। তত্র চ প্রত্যেকং সংস্কারমাহুতিত্রয়ং জুহুয়াদিতি। কিঞ্চ। অনন্তরমাজ্যভাগান্তে মূলমন্ত্রেণাগ্নৌ দেবমাবাহ্য গন্ধাদিভিরুপচারৈরভ্যর্চ্চ্য ষোড়শাক্ষরমন্ত্রেণাষ্টোত্তরং সহস্রং শতং বা সংস্কৃতাজ্যেন জুহুয়াৎ। ততঃ শিষ্টকৃতাদিহোমশেষং সমাপ্য পূর্ণাহুতিং দত্ত্বা বৈশ্বানরং প্রণবাদিনমোঽন্তমন্ত্রেণ গন্ধাদিভিরুপচারৈরভ্যর্চ্চ্য শিষ্যং প্রণময্য মণ্ডলস্যৈশানদিশি পুষ্পাদিবিভূষিতায়াং ভুবি রচিতভদ্রপীঠমানীযাস্ত্রমন্ত্রাদিমন্ত্রিতৈঃ পুষ্পৈঃ সন্তাব্য পাশনিরাকরণবুদ্ধ্যা নেত্রবন্ধনবস্ত্রমপনীয় জ্ঞানরূপ-হৈমশলাকয়া নয়নে উন্মীল্য পুষ্পাঞ্জলিং গ্রাহয়িত্বা। অজ্ঞানতিমিরান্ধস্য জ্ঞানাঞ্জনশলাকয়া। চক্ষুরুন্মীলিতং যেন তস্মৈ শ্রীগুরবে নম ইতি গুরুপাদয়োর্দত্তপুষ্পাঞ্জলিং ভদ্রপীঠে পুরতঃ উপবিষ্টো গুরুঃ স্বন্যস্তাসনে তমুপবেশ্য শক্ত্যুচ্ছলনমার্গেণ নিজমধ্যমনাড়ীং তন্মধ্যমনাড্যাং সমাবিশন্তীং বিচিন্ত্য শক্তিঞ্চ তন্নাশিকতয়া তদ্ধৃদয়ে সমুল্লসন্তীং পরিভাব্য স্বহৃদয়াচ্চ পববিদ্যাং বর্ণরূপেণ চিদানন্দস্ফুলিঙ্গমালামিব তদ্বদনং প্রবিশন্তীং ধ্যায়েৎ। ততশ্চ মূলমন্ত্রং ত্রিঃ শিষ্যকর্ণে শ্রাবয়েৎ। পশ্চাদর্ঘ্যপাত্রজলেন অমুকর্ষিমমুকচ্ছন্দস্কমমুকদেবতাকমমুকনাম্নে মহ্যং শায় তুভ্যমহং সংপ্রদদে অয়ং চাবয়োঃ সমানফলপ্রদো ভবত্বিতি জলং তদ্ধস্তে নিক্ষিপেৎ। তথৈব শিষ্যোঽপি গুরু-

পরে অগ্নি প্রজ্বলিত করিয়া "ওঁ নমো ভগবতে বিষ্ণবে সর্ব্বরূপিণে হুঁ স্বাহা" এই ষোড়শাক্ষর মন্ত্র দ্বারা হোম করিবেন এবং দেবতার সন্নিধানে তিন তিন আহুতি দ্বারা গর্ব্ভাধানাদি কার্য্য সমুদায় করিবেন।

তাহার পর গুরু শিষ্যের চক্ষু বন্ধন উন্মোচন পূর্ব্বক সম্মুখে উপ-

প্রায়ঃ পূর্ব্বোক্তবিধিনা মন্ত্রং তস্মৈ গুরুর্দ্দিশেৎ ॥ ১৫০ ॥
হোমান্তে দীক্ষিতঃ পশ্চাদ্দাপয়েদ্গুরুদক্ষিণাং।
হস্ত্যশ্ব-রত্ন-কটকং হেম-গ্রামাদিকং নৃপঃ।
দাপয়েদ্গুরবে প্রাজ্ঞো মধ্যমো মধ্যমাং তথা।
দাপয়েদিতরো যুগ্মং সহিরণ্যং যথাবিধি ॥ ১৫১ ॥
এবং কৃতে তু যৎ পুণ্যং মাহাত্ম্যং জায়তে ধরে।
তদশক্যং তু গদিতুমপি বর্ষশতৈরপি ॥ ১৫২ ॥
দীক্ষিতাত্মা গুরো ভূর্ত্বা বারাহং শৃণুয়াদযদি।

দেবতামন্ত্রৈক্যং ভাবয়ন্ যথাশক্তি জপেদিতি ॥ ১৫০ ॥

ততশ্চ পুণ্যাহং বাচয়িত্বা গুরবে দক্ষিণাং দদ্যাদিত্যাহ হোমান্ত ইতি। দীক্ষিতঃ গৃহীত-দীক্ষাকঃ সন্। নৃপ ইতি রাজতুল্যশক্তিশ্চেদিত্যর্থঃ। যুগ্মং বস্ত্রদ্বয়ং তৎপশ্চাচ্চৈবমত্র বিধানং জ্ঞেয়ং। অদ্য প্রভৃতি যাবজ্জীবং শ্রীবিষ্ণুপ্রীতিকামঃ প্রত্যহং ভগবন্তং শ্রীকৃষ্ণং পূজয়িষ্য ইতি সংকল্প্য দেবং গুরূপদিষ্টমার্গেণ পূজয়িত্বা সর্ব্বদেবতা উদ্বাস্য ব্রাহ্মণান্ ভোজয়িত্বা দীক্ষোপকরণজাতং গুরবে নিবেদ্য স্বজনানপি সম্মানয়েদিতি ॥ ১৫১ ॥

দীক্ষাফলমাহ এবমিত্যাদিনা শ্রুতিরিত্যন্তেন ॥ ১৫২ ॥

জয় মাধব-শব্দার্থমানসোল্লাসপুস্তকান্। দীক্ষাপদ্ধতিমালোচ্য টীকেয়ং লিখিতা ময়া।

বেশন করাইয়া প্রায় পূর্ব্বোক্ত বিধি দ্বারা তাঁহাকে মন্ত্র উপদেশ করিবেন ॥ ১৫০ ॥

হোমান্তে দীক্ষাপ্রাপ্ত প্রাজ্ঞ শিষ্য রাজার তুল্য শক্তিশালী হইলে গুরুদেবকে হস্তী, অশ্ব, রত্নালঙ্কার, স্বর্ণ এবং গ্রামাদি দক্ষিণা প্রদান করিবেন। মধ্যম ব্যক্তি হইলে মধ্য প্রকারের দক্ষিণা প্রদান করিবেন। তদ্ভিন্ন অন্য ব্যক্তি যথাবিধি স্বর্ণের সহিত বস্ত্রযুগল দান করিবেন ॥ ১৫১

হে ধরণি! এই প্রকারে কার্য্য করিলে যে পুণ্য ও মাহাত্ম্য জন্মে তাহা এক শত বৎসরেও বলিতে সমর্থ হওয়া যায় না ॥ ১৫২ ॥

শিষ্য গুরুর নিকট হইতে দীক্ষা প্রাপ্ত হইয়া যদি বরাহপুরাণ শ্রবণ

তেন বেদাঃ পুরাণানি সর্ব্বে মন্ত্রাঃ সুসংগ্রহাঃ।
জপ্তাঃ স্যুঃ পুষ্করে তীর্থে প্রয়াগে সিন্ধুসাগরে।
দেবহ্রদে কুরুক্ষেত্রে বারাণস্যাং বিশেষতঃ।
গ্রহণে বিষুবে চৈব যৎ ফলং জপতাং ভবেৎ।
তৎ ফলং দ্বিগুণং তস্য দীক্ষিতো যঃ শৃণোতি চ।
দেবা অপি তপঃ কৃত্বা ধ্যায়ন্তি চ বদন্তি চ।
কদা মে ভারতে বর্ষে জন্ম স্যাদ্ভূতধারিণি।
দীক্ষিতাশ্চ ভবিষ্যামো বারাহং শৃণুমঃ কদা।
বারাহং ষোড়শাত্মানং যুক্ত্বা দেহে কদাচন।
পশ্যামঃ পরমং স্থানং যদ্গত্বা ন পুনর্ভবেৎ॥ ১৫৩॥

বারাহং বরাহপুরাণং। ষোড়শানাং শ্রীভাগবত-ব্যতিরিক্ত-পদ্মপুরাণাদীনাং। আত্মানং আশ্রয়ং প্রবর্ত্তকং বা প্রথমং শ্রীব্যাসতস্তস্যৈবাবির্ভাবপ্রসিদ্ধেঃ দেহে যুক্ত্বা শ্রবণাদিনা সংযুজ্য। যদ্বা। ষোড়শানাং তত্ত্বানামাত্মানমধিষ্ঠাতারং ষোড়শযজ্ঞমূর্ত্তিং বা শ্রীবরাহরূপং ভগবন্তং দেহে মনঃপ্রধানে ইন্দ্রিয়াদ্যাত্মকে বা ধ্যানাদিনা সাক্ষাদিব স্ফোরয়িত্বা॥ ১৫৩॥

করেন তাহা হইলে তাঁহার সমস্ত বেদ, সমস্ত পুরাণ ও সমস্ত মন্ত্র সুন্দররূপে সংগ্রহ হয় এবং পুষ্করতীর্থে, প্রয়াগে, সাগরসঙ্গমে, নৈমিষারণ্যে, কুরুক্ষেত্রে ও বিশেষ করিয়া কাশীতে পাঠ করার ফল হয়॥

অপর গ্রহণকালীন ও বিষুবসংক্রান্তিতে জপ করিলে যে ফল হয়, আর যিনি দীক্ষিত হইয়া বরাহপুরাণ শ্রবণ করেন তিনি উহার দ্বিগুণ ফল লাভ করেন॥

হে ভূতধাত্রি ধরণি! দেবগণও তপস্যা করিয়া চিন্তা করেন এবং বলিয়া থাকেন, কবে আমাদের ভারতবর্ষে জন্ম হইবে ও কবে আমরা দীক্ষিত হইয়া বরাহপুরাণ শ্রবণ করিব॥

কবে শ্রীমদ্ভাগবত ব্যতিরিক্ত পদ্মাদি ষোড়শ পুরাণের আশ্রয় স্বরূপ বরাহপুরাণ দেহে সংযুক্ত করিয়া অর্থাৎ শ্রবণাদি দ্বারা উহাঁর পূজা করিয়া পরম স্থান দর্শন করিব, যে স্থানে গমন করিলে আর পুনরায়

এবং জল্পন্তি বিবুধা মনসা চিন্তয়ন্তি চ।
বারাহযাগং কার্ত্তিক্যাং কদা দ্রক্ষ্যামহে ধরে ॥ ১৫৪ ॥
এষ তে বিধিরুদ্দিষ্টো ময়া তে ভূতধারিণি।
দেবগন্ধর্ব্বযক্ষাণাং সর্ব্বথা দুর্ল্লভো হ্যসৌ।
এবং যো বেত্তি তত্ত্বেন যশ্চ পশ্যতি মণ্ডলং।
যশ্চেমং শৃণুয়াদ্দেবি সর্ব্বে মুক্তা ইতি শ্রুতিঃ ॥ ১৫৫ ॥
অথ সংক্ষিপ্তদীক্ষা ॥
সংক্ষিপ্তশ্চাথ দীক্ষায়া বিধিরেষ বিলিখ্যতে।
মুখ্যকল্পে হ্যশক্তস্য জনস্য স্যাদ্ধিতায় যঃ।
সুমুহূর্ত্তেঽথ সংপ্রাপ্তে সর্ব্বতোভদ্রমণ্ডলে।

কিং চিন্তয়ন্তি তদাহ বারাহযাগমিতি। হে ধরে ইতি তচ্চিন্তনং কথয়ন্ শ্রীবরাহো ভগবান্ ধরণীং সম্বোধয়তি ॥ ১৫৪ ॥ উদ্দিষ্টঃ সংক্ষেপেণ কথিতঃ ॥ ১৫৫ ॥
অশক্তস্য হিতায় যঃ স্যাৎ ॥

জন্মগ্রহণ করিতে হয় না ॥ ১৫৩ ॥

হে ধরিত্রি! কবে কার্ত্তিকী পূর্ণিমায় বরাহযাগ দর্শন করিব, দেবতারা এইরূপ মনে মনে চিন্তা করেন ও বলিয়া থাকেন ॥ ১৫৪ ॥

হে ভূতধারিণি ধরণি! আমি তোমাকে এই বিধি সংক্ষেপে বলিলাম কিন্তু ইহা দেব, গন্ধর্ব্ব ও যক্ষগণের সর্ব্ব প্রকারে দুর্ল্লভ ॥

যিনি যথার্থরূপে এই সকল জানিতে পারেন, আর যিনি মণ্ডল দর্শন করেন এবং যিনি ইহা শ্রবণ করেন, হে দেবি! তাঁহারা সকলেই মুক্ত হইবেন, এইরূপ শ্রুতি আছে ॥ ১৫৫ ॥

অথ সংক্ষিপ্ত দীক্ষা ॥

অনন্তর দীক্ষার এই সংক্ষিপ্ত বিধি লিখিত হইতেছে, যাহা মুখ্যকল্পে অশক্ত ব্যক্তির হিতের নিমিত্ত হইতে পারে। শোভন কাল উপস্থিত হইলে, সর্ব্বতো ভদ্রমণ্ডলে গন্ধপুষ্পাদি ভূষিত, বস্ত্রাচ্ছাদিত, জলপূর্ণ,

নূতনং গন্ধপুষ্পাদিমণ্ডিতং কলসং ন্যসেৎ।
বস্ত্রাবৃতং পয়ঃপূর্ণং পঞ্চপল্লবসংযুতং।
সর্ব্বৌষধি-পঞ্চরত্ন-মৃৎস্না-সপ্তকগর্ভিতং॥
মৃত্তিকাশ্চ সপ্তোক্তাঃ॥
অশ্বস্থানাদ্গজস্থানাদ্বল্মীকাচ্চ চতুষ্পথাৎ।
রাজদ্বারাচ্চ গোষ্ঠাচ্চ নদ্যাঃ কূলান্মৃদঃ স্মৃতা ইতি॥
কৃষ্ণমভ্যর্চ্চ্য তং কুম্ভং কুশকূর্চ্চেন দেশিকঃ।
দেয়মন্ত্রেণ সাষ্টস্তু সহস্রমভিমন্ত্রয়েৎ॥ ১৫৬॥
তদদ্ভিঃ পূর্ব্ববচ্ছিষ্যমভিষিচ্য দিশেন্মনুং।
শিষ্যোঽর্চ্চয়েদ্গুরুং ভক্ত্যা যথাশক্তি দ্বিজানপি॥ ১৫৭॥

সাষ্টং অষ্টোত্তরং সহস্রং॥ ১৫৬॥ দিশেৎ কথয়েৎ॥ ১৫৭॥

আম্র, জম্বু, কপিত্থ, দাড়িম্ব ও বিল্ব এই পঞ্চপল্লব সংযুক্ত নূতন কলস স্থাপন করিবেন কিন্তু তাহার মধ্যে সর্ব্বৌষধি, অর্থাৎ মুরা, মাংসী, বচ, কুড়, শৈলজ, হরিদ্রা, কুঙ্কুম, স্বঠী, চম্পক ও মুথা, আর পঞ্চরত্ন অর্থাৎ কাঞ্চন, হীরক, নীলকান্তমণি, পদ্মরাগমণি ও মুক্তা এবং উৎকৃষ্ট সপ্ত মৃত্তিকা স্থাপন করিতে হইবে॥

সপ্তমৃত্তিকা উক্ত হইয়াছে যথা—

অশ্বশালা, হস্তিশালা, বল্মীক, চতুষ্পথ, রাজদ্বার, গোষ্ঠ ও নদীকূল এই সপ্ত স্থান হইতে আনীত মৃত্তিকাকে সপ্ত মৃত্তিকা বলিয়া থাকে॥

গুরু শ্রীকৃষ্ণের পূজা করিয়া যে মন্ত্র প্রদান করা হইবে, সেই মন্ত্র দ্বারা কুশের ব্রহ্মগ্রন্থি সহকারে এক সহস্র অষ্টবার ঐ কুম্ভকে মন্ত্রিত অর্থাৎ তাহার উপর জপ করিবেন॥ ১৫৬॥

পরে ঐ কুম্ভের জলদ্বারা পূর্ব্বকথিত বিধি অনুসারে শিষ্যকে অভিষেক করিয়া মন্ত্র উপদেশ করিবেন। শিষ্য ভক্তি সহকারে যথাশক্তি গুরুদেব ও ব্রাহ্মণদিগেরর পূজা করিবেন॥ ১৫৭॥

অথোপদেশস্তত্ত্বসারে ॥

অত্রাপ্যশক্তঃ কশ্চিচ্চেদজমভ্যর্চ্চ্য সাক্ষতং।
তদম্ভসাভিষিচ্যাষ্ট বারান্মূলেন কে করং।
নিধায়ামুং জপেৎ কর্ণে উপদেশে স্বয়ং বিধিঃ।
চন্দ্রসূর্য্যগ্রহে তীর্থে সিদ্ধক্ষেত্রে শিবালয়ে।
মন্ত্রমাত্র প্রকথনমুপদেশঃ স উচ্যতে ॥ ১৫৮ ॥
তত্র তত্রৈব বিশেষঃ শ্রীনারদপঞ্চরাত্রে ॥
বিত্তলোভাদ্বিমুক্তস্য স্বল্পবিত্তস্য দেহিনঃ।
সংসারভয়ভীতস্য বিষ্ণুভক্তস্য তত্ত্বতঃ।
অগ্নাবাজ্যান্বিতে বীজৈঃ সলিলৈঃ কেবলৈশ্চ বা।
দ্রব্যহীনস্য কুর্ব্বীত বচসানুগ্রহং গুরুঃ ॥ ১৫৯ ॥

কে মস্তকে করং নিধায়। অমুং মূলমন্ত্রং ॥ ১৫৮ ॥

পূর্ব্বলিখিতবিস্তীর্ণে সংক্ষিপ্তে চ বিধাবপবাদং লিখতি বিত্তেতি সার্দ্ধৈঃ পঞ্চভিঃ। বীজৈর্যবাদিভিঃ বচসৈব বা ॥ ১৫৯ ॥

অথ তত্ত্বসারের উপদেশ যথা—

যদি কেহ ইহাতেও অশক্ত হয়েন, তবে আতপতণ্ডুলের সহিত একটী পদ্মকে পূজা করিয়া তাহার জলদ্বারা মূলমন্ত্র পাঠ করত শিষ্যকে আটবার অভিষেক করিবেন। পরে তাহার মস্তকে হস্ত দিয়া মূল মন্ত্র কর্ণে জপ করিবেন। উপদেশে এই বিধি উক্ত হইয়াছে।

অথবা চন্দ্রগ্রহণ, সূর্য্যগ্রহণ, তীর্থ, সিদ্ধক্ষেত্র ও শিবালয়, এই সকল স্থানে কেবল মন্ত্র প্রদান করাকেই উপদেশ বলে ॥ ১৫৮ ॥

নারদ পঞ্চরাত্রে ঐ ঐ বিষয়ে বিশেষ করিয়া বলা হইয়াছে ॥

যে ব্যক্তির ধনলোভ নাই, ধনসম্পত্তিও সামান্য, তিনি যদি সংসার ভয়ে ভীত হয়েন এবং যথার্থরূপে বিষ্ণুতে ভক্তি করেন তাহা হইলে তাঁহার কোন দ্রব্য সম্পত্তি না থাকিলেও গুরু ঘৃতসংযুক্ত অগ্নিতে যবাদি বীজ দ্বারা অথবা সলিল দ্বারা হোম করিয়া তাঁহার প্রতি মন্ত্র

যঃ সমঃ সর্ব্বভূতেষু বিরাগো বীতমৎসরঃ।
জিতেন্দ্রিয়ঃ শুচির্দক্ষঃ সর্ব্বাঙ্গাবয়বান্বিতঃ।
কর্ম্মণা মনসা বাচা ভীতে চাভয়দঃ সদা।
সমবুদ্ধিপদং প্রাপ্তস্তত্রাপি ভগবন্ময়ঃ।
পঞ্চকালপরশ্চৈব পঞ্চরাত্রার্থবিত্তথা।
বিষ্ণুতত্ত্বং পরিজ্ঞায় একং চানেকভেদগং।
দীক্ষয়েন্মেদিনীং সর্ব্বাং কিং পুনশ্চোপসন্নতান্ ॥ ১৬০ ॥

অথ মন্ত্রদানমাহাত্ম্যং। স্কান্দে ব্রহ্মনারদসম্বাদে ॥

ইহ কীর্ত্তিং বদান্যত্বং প্রজাবৃদ্ধিং ধনং সুখং।

নহু তথা দীক্ষাবিধিঃ কথং সম্পূর্ণোঽস্মিতাহ য ইতি সার্দ্ধাভ্রিভিঃ। সর্ব্বৈরঙ্গস্থ দেহস্থাবয়বৈরন্বিতঃ। সমবুদ্ধীনাং জ্ঞানিনাং পদং পঞ্চসু কালেষু যংকৃত্যং তৎপর ইত্যর্থঃ। একমপ্যনেকভেদপ্রাপ্তমিতি ভেদাভেদসিদ্ধান্তাপেক্ষয়া উপসন্নতান্ ভক্ত্যা প্রপন্নানিত্যর্থঃ ॥ ১৬০ ॥

প্রদান রূপ অনুগ্রহ করিবেন ॥ ১৫৯ ॥

যিনি সর্ব্ব প্রাণির প্রতি সম অর্থাৎ কোন ইতর বিশেষ করেন না, যাঁহার কোন বস্তুতে আসক্তি নাই, যাঁহার মাৎসর্য্য দূর হইয়াছে, যিনি জিতেন্দ্রিয়, পবিত্র আচারশালী ও পটু, যাঁহার কোন অঙ্গ হানি হয় নাই সমুদায় অঙ্গ পরিপূর্ণ আছে, যিনি কর্ম্ম, মন ও বাক্য দ্বারা সর্ব্বদা ভীত-ব্যক্তিতে অভয়দান করেন, যিনি জ্ঞানিগণের পদ প্রাপ্ত হইয়াছেন, যিনি সেই পদ প্রাপ্ত হইয়া পুনরায় ভগবৎস্বরূপ হইয়াছেন, যিনি পঞ্চ কালের ক্রিয়া সকল করিয়া থাকেন, যিনি পঞ্চরাত্র গ্রন্থের অর্থ অবগত আছেন, এরূপ ব্যক্তি অনেক ভেদ প্রাপ্ত অথচ এক বিষ্ণুতত্ত্ব অবগত হইয়া আশ্রিত ভক্তদিগের কথা দূরে থাকুক সমুদায় পৃথিবীকেই দীক্ষা দান করিতে পারেন ॥ ১৬০ ॥

অথ মন্ত্রদানমাহাত্ম্য ॥

স্কন্দপুরাণে ব্রহ্মনারদ সম্বাদে যথা ॥

যিনি সাত্ত্বিক অর্থাৎ কপট শূন্য ও শ্রদ্ধাবান্, তিনি বিদ্যাদান দ্বারা

বিদ্যাদানেন লভতে সাত্ত্বিকো নাত্র সংশয়ঃ ॥
যথা সুরাণাং সর্ব্বেষাং পরমঃ পরমেশ্বরঃ।
তথৈব সর্ব্বদানানাং বিদ্যাদানং পরং স্মৃতং ॥ ১৬১ ॥
যাবচ্চ পাতকং তেন কৃতং জন্মশতৈরপি।
তৎ সর্ব্বং নাশমাপ্নোতি বিদ্যাদানেন দেহিনাং।
বিদ্যাদানাৎ পরং দানং ন ভূতং ন ভবিষ্যতি।
যেন দত্তেন চাপ্নোতি শিবং পরমকারণং ॥ ১৬২ ॥

॥ ※ ॥ ইতি শ্রীগোপালভট্টবিলিখিতে ভগবদ্ভক্তিবিলাসে দৈক্ষিকো নাম দ্বিতীয়ো বিলাসঃ ॥ ※ ॥ ২ ॥ ※ ॥

বিদ্যামন্ত্র এবাত্র সর্ব্বপুরুষার্থোপায়ত্বাৎ। অতএব ক্রমদীপিকায়াং। বিদ্যাং ন যঃ সর্ব্ববিৎসুরীতি। কীর্ত্তিং প্রতিষ্ঠাং। বদান্যত্বঞ্চ দানশীলতাং। যদ্বা। বদান্যস্বরূপাং কীর্ত্তিং কৃতমহাদানত্বাৎ। সাত্ত্বিকঃ নিষ্কপটঃ শ্রদ্ধাবান্ বা ॥ ১৬১ ॥

দেহিনাং দেহিনঃ প্রতি। শিবং মঙ্গলরূপং পরমসুখাত্মকং বা পরমকারণং শ্রীব্রহ্মশ্রী কৃষ্ণং বা ॥ ১৬২ ॥

॥ * ॥ ইতি দ্বিতীয়োবিলাসঃ ॥ * ॥

ইহলোকে যশ, বদান্যতা, সন্ততিবৃদ্ধি, ধন ও সুখ লাভ করিয়া থাকেন, এবিষয়ে সন্দেহ নাই ॥

যেমন ভগবান্ নারায়ণ সমস্ত দেবগণের শ্রেষ্ঠ, তেমনি সমুদায় দান অপেক্ষা বিদ্যা দান শ্রেষ্ঠ বলিয়া কথিত হইয়াছে ॥ ৬১ ॥

যে ব্যক্তি একশত জন্মেতেও পাপ করিয়াছেন, তিনি যদি দেহধারি মানব কুলকে বিদ্যা দান করেন, তাহা হইলে তাঁহার সমুদায় পাতক নাশ প্রাপ্ত হয় ॥

বিদ্যাদান হইতে আর শ্রেষ্ঠ দান হয় নাই ও হইবে না, যে দান দ্বারা মঙ্গল স্বরূপ পরব্রহ্ম শ্রীকৃষ্ণকে প্রাপ্ত হইয়া থাকেন ॥ ১৬২ ॥

॥ ※ ॥ ইতি শ্রীগোপালভট্ট বিলিখিতে ভগবদ্ভক্তিবিলাসে শ্রীরামনারায়ণ-বিদ্যারত্ন কৃতানুবাদে দীক্ষাবিষয়কো নাম দ্বিতীয়ো বিলাসঃ সমাপ্তঃ ॥※

অথ তৃতীয়ো বিলাসঃ।

বন্দেঽনন্তাদ্ভুতৈশ্বর্য্যং শ্রীচৈতন্যং মহাপ্রভুং।
নীচোঽপি যৎ প্রসাদাৎ স্যাৎ সদাচারপ্রবর্ত্তকঃ॥ ১॥
পুংসো গৃহীতদীক্ষস্য শ্রীকৃষ্ণং পূজয়িষ্যতঃ।
আচারো লিখ্যতে কৃত্যং শ্রুতিস্মৃত্যনুসারতঃ॥ ২॥
অথ দীক্ষিতস্য পূজায়া নিত্যতা॥
আগমে॥
লব্ধা মন্ত্রস্তু যো নিত্যং নার্চ্চয়েন্মন্ত্রদেবতাং।

শ্রীহরিঃ। প্রভুঃ শ্রীকৃষ্ণচৈতন্যো জীয়াৎ যৎকৃপয়া ভবেৎ। শ্বাপি সিংহস্তৃণং মেরুর্মূর্খো বিদ্বান্ মৃতোঽসুমান্। নিকৃষ্টস্যাপ্যাত্মনঃ সদাচারলিখনে শ্রীভগবতোঽনুকম্পয়াধিকারং সামর্থ্যঞ্চ দ্যোতয়ংস্তং প্রণমতি বন্দ ইতি। যস্য প্রসাদাদ্ধেতোর্নীচজনোঽপি লিখনাদি দ্বারা সদাচারাণাং প্রবর্ত্তকো ভবতি। অত্র হেতুঃ। অনন্তমদ্ভুতং চাবিতর্ক্যং ঐশ্বর্য্যং প্রভাবো যস্য তং। যতো মহাপ্রভুং পরমেশ্বরং॥ ১॥

পুংসঃ পুংমাত্রস্যেত্যর্থঃ।. শ্রীবিষ্ণুদীক্ষাগ্রহণমাত্রেণ সর্ব্বেষামেব তত্রাধিকারাৎ। যদ্যপি স্ত্রীণামপ্যধিকারোঽস্তি ইতি পূর্ব্বং লিখিতং তথাপি কর্ম্মসু পুংসঃ প্রাধান্যাৎ পুংস ইত্যত্র লিখিতং। এবমগ্রে লেখ্যং ব্রাহ্মণমিত্যাদিকমপ্যূহ্যং। শ্রীকৃষ্ণং পূজয়িষ্যত ইতি তৎপূজার্থক ইত্যর্থঃ। শ্রুত্যাদ্যনুসারেণ কৃত্যং অবশ্যং কর্ত্তুং যোগ্যং যদ্ যৎ কর্ম্ম শ্রুতিস্মৃত্যনুসারত-ইত্যস্য লিখ্যত ইত্যনেন বা সম্বন্ধঃ॥ ২॥

নমু পূজাবিধিরেব লিখ্যতাং কিমনাচারলিখনেনেত্যাশঙ্ক্য প্রথমং সদাচারস্য নিত্যতাং

নীচ ব্যক্তিও যাঁহার অনুগ্রহে সদাচার সকল করিতে পারে, আমি সেই অনন্ত ও অদ্ভুত ঐশ্বর্য্যশালী শ্রীকৃষ্ণচৈতন্য মহাপ্রভুকে বন্দনা করি॥ ১॥

যে পুরুষ দীক্ষা গ্রহণ করিয়াছেন এবং শ্রীকৃষ্ণের পূজা করিবেন, আমি তাঁহার নিমিত্ত শ্রুতি স্মৃতি অনুসারে আচার সকল লিখিতেছি॥ ২॥

অথ দীক্ষিত ব্যক্তির পূজার নিত্যতা॥

আগমে যথা॥

যিনি মন্ত্র লাভ করিয়া নিত্য মন্ত্রদেবতাকে পূজা না করেন, তাঁহার

সর্ব্বকর্ম্মাফলং তস্যানিষ্টং যচ্ছতি দেবতেতি ॥

অথ সদাচারঃ ॥

ন কিঞ্চিৎ কস্যচিৎ সিধ্যেৎ সদাচারং বিনা যতঃ।
তস্মাদবশ্যং সর্ব্বত্র সদাচারো হ্যপেক্ষ্যতে ॥ ৩ ॥

অথ সদাচারস্য নিত্যতা।

মার্কণ্ডেয়পুরাণে।

শ্রীমদালসাঽলর্কসম্বাদে ॥

গৃহস্থেন সদা কার্য্যমাচারপরিপালনং।
নহ্যাচারবিহীনস্য সুখমত্র পরত্র চ।
যজ্ঞদানতপাংসীহ পুরুষস্য ন ভূতয়ে।
ভবন্তি, যঃ সদাচারং সমুল্লঙ্ঘ্য প্রবর্ত্ততে ॥ ৪ ॥

লিখতি ন কিঞ্চিদিতি। হি নিশ্চয়ে এতেন শাস্ত্রাদ প্রমাণং স্যাচ ৩ং ॥ ৩ ॥

অন্যঃ সদাচারাদ্বিষ্ণোরারাধনাৎ পরঃ পন্থাঃ কেবলযোগাভ্যাসাদিঃ তস্য বিষ্ণোস্তোষকারকো ন ভবতি। অতএবোক্তং প্রথমস্কন্ধে। সবৈ পুংসাং পরো ধর্ম্মো যতো ভক্তিরধোক্ষজ ইতি ধর্ম্মস্ত সদাচার লক্ষণএব ॥ ৪ ॥

সমুদায় কর্ম্ম বিফল, মন্ত্রদেবতা তাঁহার অনিষ্ট প্রদান করিয়া থাকেন ॥

অথ সদাচার ॥

যেহেতু সদাচার ব্যতিরেকে কোন ব্যক্তির কোন কার্য্যই সিদ্ধ হয় না, সেই কারণে সকল বিষয়ে সদাচারের আবশ্যক করে ॥ ৩ ॥

অথ সদাচারের নিত্যতা ॥

মার্কণ্ডেয়পুরাণে শ্রীমদালস ও অলর্কের সম্বাদে যথা ॥

গৃহস্থ ব্যক্তিরা সর্ব্বদা আচার প্রতিপালন করিবে, আচার-হীন হইলে তাহার ইহলোক বা পরলোক কোন লোকেই সুখ লাভ হয় না। যে পুরুষ সদাচার লঙ্ঘন করিয়া কার্য্য করেন, যজ্ঞ, দান ও তপস্যা ইহলোকে তাহার মঙ্গল করিতে সমর্থ হয় না ॥ ৪ ॥

ভবিষ্যোত্তরে চ শ্রীকৃষ্ণযুধিষ্ঠিরসম্বাদে ॥

আচারহীনং ন পুনন্তি বেদা যদ্যপ্যধীতা সহ ষড়্ভিরঙ্গৈঃ।
ছন্দাংস্যেনং মৃত্যুকালে ত্যজন্তি নীড়ং শকুন্তাইব জাতপক্ষাঃ॥৫॥
কপালস্থং যথা তোয়ং শ্ব-দৃতৌ বা যথা পয়ঃ।
দুষ্টং স্যাৎ স্থানদোষেণ বৃত্তহীনে তথাশুভং।
আচাররহিতো রাজন্নেহ নামুত্র নন্দতীতি।
লেখ্যেন স্মরণাদীনাং নিত্যত্বেনৈব সেৎস্যতি।
স্মরণাদ্যাত্মকস্যাপি সদাচারস্য নিত্যতা ॥ ৬ ॥

মৃত্যুকালে ত্যজন্তি পরলোকে কিমপি ফলং ন প্রযচ্ছন্তীত্যর্থঃ ॥ ৫ ॥

বৃত্তং সদাচারঃ তেন হীনে শুভং তীর্থাটনাদি পুণ্যকর্ম্ম। নন্বন্যৈরপি বিশেষবচনৈঃ স্পষ্টসদাচারস্য নিত্যত্বং লিখ্যতাং তত্র লিখতি লেখ্যেনেতি। স্মরণাদীনাং স্মরণমারভ্যাত্র গ্রন্থে লেখ্যানাং নিত্যপক্ষমাসাদিকৃত্যানাং অগ্রে লেখ্যেন নিত্যত্বেনৈব সদাচারস্য নিত্যতা সেৎস্যত্যেব অতএব অধুনা তত্তদ্বচনলিখনবাহুল্যেনালমিতি ভাবঃ। নন্ন ভগবৎস্মরণাদে-র্নিত্যতয়া সদাচারস্য নিত্যতা কথমস্তু তত্র লিখতি। স্মরণাদ্যাত্মকস্যেতি সদাচারস্যৈব তত্ত-ল্লক্ষণত্বাদিত্যর্থঃ ॥ ৬ ॥ ৭ ॥

ভবিষ্যপুরাণের উত্তরখণ্ডে।

শ্রীকৃষ্ণ ও যুধিষ্ঠিরের সম্বাদে যথা ॥

যে ব্যক্তি আচার-হীন, তিনি যদি ষড়ঙ্গের সহিত বেদসকল অধ্যয়ন করেন, তথাপি বেদসকল তাঁহাকে পবিত্র করেন না। যেমন জাত-পক্ষ পক্ষিগণ নীড় পরিত্যাগ করে, তাহার ন্যায় বেদ সকল তাঁহাকে পরিত্যাগ করিয়া থাকেন অর্থাৎ পরলোকে তাঁহাকে কোন ফল প্রদান করেন না ॥ ৫ ॥

যেমন নর-কপাল অথবা কুক্কুরচর্ম্মনির্ম্মিত পাত্রস্থ জল আধারদোষে দূষিত হয়, তাহার ন্যায় সদাচারহীন ব্যক্তির শুভ অর্থাৎ তীর্থাটনাদি পুণ্য কর্ম্ম দূষিত হয়। হে রাজন্! যে ব্যক্তি আচার-হীন, ইহকালে ও পরকালে তাহার আনন্দ নাই ॥

পরে লিখিত হইবে, স্মরণাদি অবশ্য কর্ত্তব্যতা, তদ্দারাই প্রতিপন্ন

অথ সদাচারমাহাত্ম্যং বিষ্ণুপুরাণে ।
তত্রৈব গৃহিধর্ম্মপ্রসঙ্গে ॥
সদাচারবতা পুংসা জিতৌ লোকাবুভাবপি ॥ ৭ ॥
সাধবঃ ক্ষীণদোষাস্তু সচ্ছব্দঃ সাধুবাচকঃ ।
তেষামাচরণং যত্তু সদাচারঃ স উচ্যতে ॥ ৮ ॥
কাশীখণ্ডে স্কন্দাগস্ত্যসম্বাদে ॥
অনধ্যয়নশীলঞ্চ সদাচারবিলঙ্ঘিনং ।
সালস্যঞ্চ দুরন্নাদং ব্রাহ্মণং বাধতেঽন্তকঃ ।
ততোঽভ্যসেৎ প্রযত্নেন সদাচারং সদা দ্বিজঃ ।

সদাচারস্যৈব লক্ষণমাহ সাধব ইতি ॥ ৮ ॥

যদ্যপি কাশীখণ্ডমাধুনিকং কল্পিতং কাব্যমিতি পুরাণতত্ত্ববিৎসু প্রসিদ্ধং তথাপি তদাকার স্কান্দ-বায়ব্য-কৌর্ম্মাদি-প্রোক্তপাদিত-সদাচার-বিষয়কাণি কানিচিদ্বচনানি স্মৃতিসঙ্কলিতান্যত্র সংগৃহীতানি ইত্যদোষঃ । অনধ্যয়নশীলমিতি সালস্যমিতি দুরন্নাদমিতি চ দৃষ্টান্তত্বেন

হইতেছে, সদাচার অবশ্য কর্ত্তব্য, যেহেতু স্মরণাদিই সদাচার ॥ ৬ ॥

অথ সদাচার-মাহাত্ম্য ॥

বিষ্ণুপুরাণের সেই স্থলেই গৃহস্থধর্ম্ম-প্রসঙ্গে ॥

যে ব্যক্তি সদাচারবিশিষ্ট তিনি ইহলোক ও পরলোক জয় করিয়াছেন ॥ ৭ ॥

সদাচারের লক্ষণ এই যে, যাঁহাদের কোন দোষ নাই, তাঁহারাই সাধু, সৎশব্দ সাধুকেই বলিয়া থাকে, সাধুদিগের যে আচরণ তাহাই সদাচার বলিয়া কথিত হয় ॥

কাশীখণ্ডে কার্ত্তিকেয় ও অগস্ত্যসম্বাদে যথা—

যিনি শাস্ত্র অধ্যয়ন করেন না, যিনি অলসপ্রকৃতি এবং যিনি দুষ্ট-অন্ন ভোজন করেন এরূপ ব্রাহ্মণকে যম বাধা করিয়া থাকেন অর্থাৎ দণ্ড প্রদান করেন ॥

অতএব ব্রাহ্মণ যত্নপূর্ব্বক সর্ব্বদা সদাচার অভ্যাস করিবেন । তীর্থ

তীর্থান্যপ্যভিলষন্তি সদাচারসমাগমং ॥ ৯ ॥

ভবিষ্যোত্তরে চ তত্রৈব ॥

আচারপ্রভবো ধর্ম্মঃ সন্তশ্চাচারলক্ষণাঃ।
সাধূনাঞ্চ যথাবৃত্তং স সদাচার ইষ্যতে ॥
তস্মাৎ কুর্য্যাৎ সদাচারং য ইচ্ছেদ্গতিমাত্মনঃ।
সর্ব্বলক্ষণহীনোঽপি সমুদাচারবান্নৃপ।
শ্রদ্দধানোঽনসূয়শ্চ সর্ব্বান্ কামানবাপ্নুয়াৎ ॥ ১০ ॥

কিঞ্চ ॥

আচার এব ধর্ম্মস্য মূলং রাজন্ কুলস্য চ।
আচারাদ্বিচ্যুতো জন্তুর্ন কুলীনো ন ধার্ম্মিকঃ ॥

কিঞ্চ ॥

হেতুত্বেন বোক্তং। তত্রচ তেষাং হেতুহেতুমত্তা যথাক্রমমূহ্যা ॥ ৯ ॥
সম্যগুৎকৃষ্ট আচারঃ সমুদাচারঃ সদাচার এব তদ্বান্ ॥ ১০ ॥

সকলও সদাচার ব্যক্তির সমাগম অভিলাষ করেন ॥ ৯ ॥

ভবিষ্যপুরাণের উত্তরখণ্ডেও সদাচার প্রসঙ্গে বলিয়াছেন ॥

ধর্ম্ম আচার হইতে উৎপন্ন হয়, সাধুগণ আচারসম্পন্ন, সাধু সকল যেরূপ আচার করিয়া থাকেন, তাহাই সদাচার বলিয়া কথিত হয়, অতএব যিনি আপনার সদ্গতি ইচ্ছা করেন, তিনি সদাচার-পরায়ণ হইবেন। হে রাজন্! মনুষ্য সর্ব্বলক্ষণ হীন হইয়াও যদি সদাচার-পরায়ণ, শ্রদ্ধাশীল ও অসূয়াবর্জ্জিত হয়েন তাহা হইলে তাঁহার সমুদায় কাম পরিপূর্ণ হয় অর্থাৎ যাহা ইচ্ছা করিবেন তাঁহার তাহাই সুসিদ্ধ হয় ॥ ১০

আরও বলিয়াছেন ॥

হে রাজন্! আচারই ধর্ম্মের মূল ও আচারই বংশের মূল। যে মনুষ্য আচার হইতে বিচ্যুত হয় তাহাকে কুলীন বলিতে পারি না এবং তাহাকে ধার্ম্মিকও বলিতে পারি না ॥

আরও বলিয়াছেন ॥

আচারো ভূতিজনন আচারঃ কীর্ত্তিবর্দ্ধনঃ।
আচারাদ্বর্দ্ধতে হ্যায়ুরাচারো হন্ত্যলক্ষণং॥ ১১॥
আচার এব নৃপপুঙ্গব সেব্যমানো
ধর্ম্মার্থকামফলদো ভবিতেহ পুংসাং।
তস্মাৎ সদৈব বিদুষাবহিতেন রাজন্
শাস্ত্রোদিতো হ্যনুদিনং পরিপালনীয়ঃ॥ ১২॥
অথ তত্র নিত্যকৃত্যানি॥
ব্রাহ্মে মুহূর্ত্ত উত্থায় কৃষ্ণ কৃষ্ণেতি কীর্ত্তয়ন্।

অলক্ষণং দারিদ্র্যাদি অপমৃত্যাদি বা॥ ১১॥

যথা স্মরণাদীনাং নিত্যতয়া সদাচারস্য নিত্যতা তথা তেষাং মাহাত্ম্যেনাপ্যস্য মাহাত্ম্যং সিদ্ধ্যেদেবেতি লিখিতন্যায়েন স্পষ্টত্বায় লিখিতং॥ ১২॥

সদাচারমেব নিত্য-পক্ষ-মাসাদি-কৃত্যেন গ্রন্থসমাপ্তিপর্য্যন্তং লিখন্ আদৌ তত্র নিত্য-কৃত্যানি লিখতি ব্রাহ্ম ইত্যাদিনা। কৃষ্ণ কৃষ্ণেতি কীর্ত্তয়ন্ সমুত্থায় দন্তানাং ধাবনং শোধনং। তচ্চ কদাচিদ্বিহিতকাষ্ঠৈঃ কদাচিত্তৃণাদিভিশ্চ। তত্র পূজানিরতানাং শ্রীভগবৎ

আচার ঐশ্বর্য্য উৎপন্ন করে, আচার কীর্ত্তি বৃদ্ধি করে, আচার হইতে পরমায়ুঃ বর্দ্ধিত হয় এবং আচার অলক্ষণ অর্থাৎ দরিদ্রতা অথবা অপমৃত্যু প্রভৃতি নষ্ট করে॥ ১১॥

হে নৃপশ্রেষ্ঠ! যে সকল ব্যক্তি আচারের অনুষ্ঠান করেন, আচারই ইহলোকে তাঁহাদিগকে ধর্ম্ম, অর্থ ও কাম রূপ ফল প্রদান করিয়া থাকেন। অতএব হে রাজন্! পণ্ডিতগণ সর্ব্বদাই সাবধান হইয়া প্রতি-দিন শাস্ত্রোক্ত আচার অবশ্য প্রতিপালন করিবেন॥ ১২॥

* অথ তন্মধ্যে নিত্যকর্ম্ম সকল॥

ব্রাহ্মমুহূর্ত্তে কৃষ্ণ কৃষ্ণ কীর্ত্তন করিতে করিতে গাত্রোত্থান করিয়া

* গ্রন্থ সমাপ্তি পর্য্যন্ত যাহা কিছু লিখিত হইবে, তৎ সমুদায় সদাচারের অন্তর্গত কিন্তু তাহার মধ্যে প্রথমতঃ নিত্যকর্ম্ম লিখিত হইতেছে॥

প্রক্ষাল্য পাণিপাদৌ চ দন্তধাবনমাচরেৎ ॥ ১৩ ॥

আচম্য বসনং রাত্রেস্ত্যক্‌ত্বান্যৎ পরিধায় চ।

পুনরাচমনে কুর্য্যাল্লেখ্যেন বিধিনাগ্রতঃ ॥ ১৪ ॥

অথেচ্ছন্ পরমাং শুদ্ধিং মূর্দ্ধ্নি ধ্যাত্বা গুরোঃ পদৌ।

প্রবোধনাদ্যর্থং তদগ্রে গমিষ্যতাং ততঃ প্রাগধুনৈব যুক্তং। যত উক্তং শ্রীবরাহেণ। দন্তকাষ্ঠমখাদিত্বা যস্তু মামুপসর্পতি। সর্ব্বকালকৃতং কর্ম্ম তেনৈবৈকেন নশ্যতীতি। তত্র চ দন্তকাষ্ঠমখাদিত্বেতি দন্তানশোধয়িত্বেতি জ্ঞেয়ং। প্রতিপদাদিষু দন্তকাষ্ঠনিষেধাৎ। তদ্বিশেষশ্চাগ্রে বিস্তরতো ব্যক্তো ভাবী ॥ ১৩ ॥

রাত্রেঃ রাত্রৌ পরিহিতমিত্যর্থঃ। অন্যৎ শুদ্ধবসনং। আচমনে আচমনদ্বয়ং। তথা চোক্তং। শুক্লবাসঃ পরীধায় তথা দৃষ্ট্বাপ্যমঙ্গলং। প্রমাদাদশুচিং স্পৃষ্টা দ্বিরাচান্তঃ শুচির্ভবেদিতি। নহু দন্তধাবনাদিকমত্র কথ্যতাং তত্র লিখতি। অগ্রতস্তওমুখ্যপ্রকরণে লেখ্যেন বিধিনেতি। ব্রাহ্মমুহূর্ত্তকৃত্যলিখনপ্রকরণে প্রাতঃস্মরণকীর্ত্তনাদিমুখ্যকর্ম্মপরিত্যাগে নোত্থান-মাত্রলিখনানন্তরং দন্তধাবনাদিবিধিবিস্তারলেখো ন যুক্তঃ অতোঽগ্রে জ্ঞেয়ং ॥ ১৪ ॥

পরমামুৎকৃষ্টাং বহিরন্তর্বিশোধনাৎ শ্রীগুরুপদধ্যানে চাগমোক্তোঽয়ং বিশেষো দ্রষ্টব্যঃ। ব্রহ্মরন্ধ্রস্থিতে পদ্মে সহস্রদলশোভিতে। শ্রীগুরুং পরমাত্মানং ব্যাখ্যামুদ্রালসৎকরং। দ্বিনেত্রং দ্বিভুজং পীতং ধ্যায়েদখিলসিদ্ধিদমিতি। গুরোঃ পাদাবেব স্তুত্বা তস্য উৎকর্ষমুৎকীর্ত্ত্য পশ্চান্নিজেষ্টদৈবতং কৃষ্ণং কীর্ত্তয়ন্ স্মরংশ্চ লেখ্যং জয়তীত্যাদিকং পঠেৎ। যদ্যপি স্মরণস্য মনঃসংযোগ লক্ষণত্বাদাদৌ স্মরণে সত্যেব পশ্চাৎ কীর্ত্তনং তথাপ্যত্র কীর্ত্তনস্য মুখ্যত্বাভিপ্রায়েণ স্মরণস্য পশ্চান্নির্দ্দেশঃ। পূর্ব্বং কৃষ্ণ কৃষ্ণেতি ভগবন্নামোচ্চারণমেব অধুনাতু শুদ্ধ্যানন্তরং শ্রীভাগবতাদিশ্লোকপাঠেন রূপলীলাদিবিশেষণেন কীর্ত্তনমিতি বিশেষঃ। শতৃঙ্‌দ্বয়স্য তদুদীরণমেব তৎকীর্ত্তনস্মরণাত্মকমিত্যর্থঃ। যদ্বা। দ্বয়মপি হেতৌ কীর্ত্তয়িতুং স্মর্ত্তুঞ্চেতি

হস্ত পাদপ্রক্ষালন পূর্ব্বক দন্তধাবন করিবেন ॥ ১৩ ॥

পরে আচমন করিয়া রাত্রির বসন পরিত্যাগ করত অন্য বসন পরিধান করিয়া, অগ্রে যে বিধি লেখা হইবে, তদনুসারে পুনরায় দুইবার আচমন করিবে ॥ ১৪ ॥

অনন্তর উৎকৃষ্ট অর্থাৎ অন্তর্বাহ্য শুদ্ধি ইচ্ছা করিয়া মস্তকে শ্রীগুরুদেবের চরণদ্বয় ধ্যান ও স্তব করত শ্রীকৃষ্ণের কীর্ত্তন ও স্মরণ করিয়া

স্তুত্বা চ কীর্ত্তয়ন্ কৃষ্ণং স্মরংশ্চৈতদুদীরয়েৎ ॥ ১৫ ॥

অথ প্রাতঃস্মরণকীর্ত্তনে ॥

জয়তি জননিবাসো দেবকীজন্মবাদো
যদুবরপরিষৎ স্বৈর্দোর্ভিরস্যন্নধর্ম্মং ।
স্থিরচরবৃজিনঘ্নঃ সুস্মিতশ্রীমুখেন

তথৈবার্থঃ তত*চ কীর্ত্তনেনৈব স্মরণবিশেষোৎপত্তেঃ । স্মরংশ্চেতি পশ্চাল্লিখিতং ॥ ১৫ ॥

জয়তি সর্ব্বোত্তমতয়া বর্ত্ততে শ্রীকৃষ্ণঃ । জনেষু নিবসতি অন্তর্যামিতয়েতি তথা সঃ । অতো দেবক্যাং জন্মেতি বাদমাত্রং যস্য সঃ । যদুবরাঃ পরিষৎ সভাসেবকরূপাঃ যস্য সঃ । ইচ্ছামাত্রেণ নিরসনসমর্থোঽপি দোর্ভিরধর্ম্মং নিরস্যন্ ক্ষিপন্ । স্থিরচরবৃজিনঘ্নঃ অধিকারি-বিশেষানপেক্ষয়া বৃন্দাবনতরুগবাদীনাং সংসারদুঃখহন্তা । তথা বিলাসবৈদগ্ধ্যানপেক্ষয়া ব্রজবনিতানাং পুরবনিতানাঞ্চ সুস্মিতেন শ্রীমতা মুখেনৈব কামদেবং বর্দ্ধয়ন্ । কামশ্চাসৌ দীব্যতি বিজিগীষতে সংসারমিতি দেবশ্চ তং ভোগদ্বারা মোক্ষপ্রদমিত্যর্থঃ । অথবা । শ্রীধরস্বামিপাদানাং ব্যাখ্যাতোঽধিকমত্র যৎ কিঞ্চিল্লিখামি তৈস্তত্র ক্ষন্তব্যং গুরবো হি তে । শ্রীকৃষ্ণো জয়তি সর্ব্বোৎকর্ষেণ বর্ত্ততে । তদেব প্রতিপাদয়তি জনানাং জীবানাং নিবাস আশ্রয়ঃ । যদ্বা । জনেষু নিজভক্তেষু নিতরাং প্রাকট্যেন বাসো যস্য । অতএব ভক্তবাৎসল্যেন দেবক্যাং জন্ম আবির্ভাবঃ বাদশ্চ ভাষণং তদাশ্বাসনাদ্যর্থং তাদৃশনিজভক্তেষু জন্মকারণাদি কথনরূপং যস্য তথা যদুবরস্য যাদবরাজস্য কংসপিতুরপি উগ্রসেনস্য । যদ্বা । যদূনাং সামান্যেন সর্ব্বেষামেব যাদবানাং বরা দিব্যা সভা সুধর্ম্মাখ্যা যস্মাৎ তথা জন্মমাত্রেণৈবাপনীতমপি অধর্ম্মং নিজভক্তবিনোদার্থং স্বৈঃ সৌন্দর্য্যাদিনা অসাধারণৈর্দোর্ভিরস্যন্নধর্ম্মহেতুদৈত্যাদি-

নিম্ন লিখিত এই শ্লোক পাঠ করিবেন ॥ ১৫ ॥

অথ প্রাতঃস্মরণ ও কীর্ত্তন ॥

যথা দশমস্কন্ধে ৯০ অধ্যায়ে ২৪ শ্লোকে ॥

"জয়তি জননিবাস ইত্যাদি" অর্থাৎ যিনি সমস্ত জীব মধ্যে অন্ত-র্যামি রূপে নিবাস করিতেছেন, দেবকীতে জন্মগ্রহণ করিয়াছেন এই কথা যাঁহার অপবাদ, যিনি স্থাবর জঙ্গমের দুঃখনাশন, সেই শ্রীকৃষ্ণ যদুবর পার্ষদ্ রূপ হস্ত দ্বারা পৃথিবীর অধর্ম্ম নাশ করত ও সহাস্য বদন

ব্রজপুরবনিতানাং বর্দ্ধয়ন্ কামদেবং ॥ ১৬ ॥
স্মৃতে সকলকল্যাণভাজনং যত্র জায়তে।
পুরুষং তমজং নিত্যং ব্রজামি শরণং হরিং ॥ ১৭ ॥
বিদগ্ধগোপালবিলাসিনীনাং সম্ভোগচিহ্নাঙ্কিতসর্ব্বগাত্রং।

বধেন বিনাশয়ন্। দোর্ভিরিতি বহুত্বং ভারতাদ্যুক্তানুসারেণ ভারতযুদ্ধাদৌ চতুর্ভুজানাং তথা হরিবংশোক্তানুসারেণ বাণযুদ্ধাদাবষ্টভুজানাং চ প্রকটনাৎ। যদ্বা। দোর্ভিরিব দোর্ভিঃ ভক্তবাৎসল্যেন সাহায্যকারিভিরিত্যর্থঃ। যদ্বা। ক্ষত্রিয়াণাং ভগবতো বাহুজত্বাৎ বলাধিক্যাদ্যপেক্ষয়া কার্য্যকারণাভেদেন দোর্ভিঃ ক্ষত্রিয়ৈরিত্যুক্তং। তত্রাপি স্বৈনিজৈঃ যাদবপাণ্ডবাদিভিঃ। স্থিরাণাং চরাণাঞ্চ সর্ব্বেষামপি তদানীন্তনানাং জীবানাং সংসারদুঃখহন্তা। ব্রজপুরবনিতানাং। যদ্বা। ব্রজ এব পুরং বিচিত্র বিলাস বৈদগ্ধীবিষয়ত্বাৎ তদ্বনিতানাং। কামেষু দেবঃ শ্রেষ্ঠস্তদেকনিষ্ঠত্বাৎ পরমপ্রেমপরিণতিরূপকামবিশেষাচ্চ তং বর্দ্ধয়ন্। তচ্চ নিজেন সুস্মিতেন শ্রীমুখেনৈব। এবং তেনৈব পরমমোহনসৌন্দর্য্যাদিনা তাদৃশকামবর্দ্ধনান্মোক্ষানন্দেঽপি সামান্যভজনানন্দেঽপি চ পরমনৈরপেক্ষ্যাদ্যুক্তমেব তৎকামস্য শ্রৈষ্ঠ্যং। বর্দ্ধয়ন্নিতি বর্ত্তমানত্বেন তাদৃশকামস্য পরমপ্রেমপরিণামলক্ষণতয়া প্রেম্নশ্চাতৃপ্তিস্বভাবকতয়া পরিচ্ছেদাভাবো দর্শিতঃ। এবং দশমস্কন্ধশেষে নিখিললীলাকথনান্তে তথোক্ত্যা সর্ব্বদৈব তাভিঃ সহ সংযোগঃ সূচিতঃ। কিঞ্চ। শতৃপ্রত্যয়পদস্যাবশ্যকক্রিয়াপদরহিতান্বয়েন তাসাং তাদৃশকামবর্দ্ধনেনৈব জয়তীতি পরমোৎকর্ষতাভিপ্রেতা। এবং তদর্থমেব দেবক্যাং জন্মাদিকমিত্যেবং সর্ব্বমবতারপ্রয়োজনং তত্রৈব পর্য্যবসাতীতি দিক্। মঙ্গলাচারস্য পদ্যস্য পঠ্যমানস্য সর্ব্বতঃ। বিস্তার্য্য লিখিতোঽত্রার্থো মেধ্যোঽগ্রে যো হি দুর্গমঃ ॥ ১৬ ॥

এবং মঙ্গলমাচর্য্য সর্ব্ব কর্ম্মসিদ্ধয়ে ভগবদেকশরণো ভবেদিত্যাশয়েন লিখতি স্মৃত ইতি। যত্র যস্মিন্ হরৌ ॥ ১৭ ॥

কৌশিকীবৃত্তিগানাদ্যভিপ্রায়েণ শ্রীকৃষ্ণস্য প্রাতঃকালীন রূপলীলাদিস্মরণকীর্ত্তনার্থং লিখতি বিদগ্ধেতি। পবিত্রমপি বেদবাক্যাগোচরং পরব্রহ্মাপি বিদগ্ধানাং গোপরমণীনাং

দ্বারা ব্রজপুরবনিতাদিগের অনঙ্গ বর্দ্ধন করত জয় যুক্ত হউন ॥ ১৬ ॥

যাঁহাকে স্মরণ করিলে সকল কল্যাণের পাত্র হওয়া যায়, সেই অজ অর্থাৎ প্রাকৃতজন্মরহিত, নিত্যস্বরূপ হরির শরণাগত হই ॥ ১৭ ॥

যিনি পবিত্র বেদবাক্যের অগোচর পরব্রহ্ম অথচ রসময়ী গোপরমণী-

পবিত্রমাম্নায়গিরামগম্যং ব্রহ্ম প্রপদ্যে নবনীতচৌরং ॥ ১৮ ॥

উদ্গায়তীনামরবিন্দলোচনং ব্রজাঙ্গনানাং দিবমস্পৃশদ্ধ্বনিঃ।
দধ্নশ্চ নির্ম্মন্থনশব্দমিশ্রিতো নিরস্যতে যেন দিশামমঙ্গলং ॥১৯

পঠেৎ পুনশ্চ সাধূনাং সম্প্রদায়ানুসারতঃ।
চতুঃশ্লোকীমিমাং সর্ব্বদোষশান্ত্যৈ শুভাপ্তয়ে ॥ ২০ ॥

সম্ভোগস্য চিহ্নৈর্নখক্ষতাদিভিরঙ্কিতানি সর্ব্বগাত্রাণি যস্য তং প্রপদ্যে নবনীতস্য প্রাতর্দধিমন্থনোত্থিতস্য চৌরং চৌর্য্যেণ ভক্ষয়ন্তমিত্যর্থঃ তচ্চিহ্নাঙ্কিতমপি জ্ঞেয়ং ॥ ১৮ ॥

এবং সাক্ষাদ্ভগবতঃ কীর্ত্তনস্মরণে লিখিত্বা প্রিয়জনপ্রেমদ্বারাপি কীর্ত্তনস্মরণবিশেষং লিখতি। উদ্গায়তীনামিতি। দিশাং দশদিক্‌স্থানাং জীবানাং অমঙ্গলং ঐহিকামুষ্মিকমখিলমভদ্রং। যদ্বা। অকারো বিষ্ণুস্তদ্রূপং মঙ্গলং। কিম্বা। নবিদ্যতে মঙ্গলং যস্মাৎ তদমঙ্গলং অনুত্তমাদিবৎ পরমমঙ্গলমিত্যর্থঃ। তচ্চ মুখ্যবৃত্ত্যা শ্রীভগবৎপ্রেমৈব। যেন ধ্বনিনা দিশঃ প্রতি নিতরাং রস্যতে আস্বাদং কার্য্যত ইত্যর্থঃ ॥ ১৯ ॥

যদ্যপি লেখ্যশ্লোকচতুষ্টয়ে শ্রীগোপালদেবস্য কীর্ত্তনস্মরণবিশেষো নাস্তি তথাপি বহুলশিষ্টাচারাপেক্ষয়া তৎপঠিতব্যমিতি লিখতি পঠেদিতি। সর্ব্বেষাং দুঃস্বপ্নাদিদোষাণাং শান্তয় ইত্যেষাং শ্লোকানাং প্রায়ো গজেন্দ্রমোক্ষাখ্যানপরতয়া দুঃস্বপ্নাদ্যুপশান্তয় ইত্যাদি তত্রত্যোক্ত্যভিপ্রায়েণ ॥ ২০ ॥

দিগের নখক্ষতাদি চিহ্ন দ্বারা যাঁহার সর্ব্বাঙ্গ অঙ্কিত, সেই নবনীত চৌরের শরণাপন্ন হই ॥ ১৮ ॥

দশমস্কন্ধে ৪৬ অধ্যায়ে ৩৫ শ্লোকে ॥

ব্রজাঙ্গনা সকল উচ্চৈঃস্বরে কমললোচন শ্রীকৃষ্ণের গান করাতে তাহার ধ্বনি দধিমন্থন ধ্বনির সহিত মিশ্রিত হইয়া গগনমণ্ডল স্পর্শ করিল। সেই ধ্বনি সামান্য নহে তাহাতে দিক্ সকলের অমঙ্গল বিনষ্ট হয় ॥ ১৯ ॥

সাধুদিগের সম্প্রদায় অনুসারে সর্ব্বদোষের শান্তি নিমিত্ত এবং সর্ব্ব প্রকার মঙ্গলপ্রাপ্তির জন্য, উক্ত চারিটী শ্লোক পুনরায় পাঠ করিবে ॥২০

প্রাতঃ স্মরামি ভবভীতিমহার্ত্তিশান্ত্যৈ
নারায়ণং গরুড়বাহনমব্জনাভং।
গ্রাহাভিভূতবরবারণমুক্তিহেতুং
চক্রায়ুধং তরুণবারিজপত্রনেত্রং॥
প্রাতর্নমামি মনসা বচসা চ মূর্দ্ধ্না
পাদারবিন্দযুগলং পরমস্য পুংসঃ।
নারায়ণস্য নরকার্ণবতারণস্য
পারায়ণপ্রবণবিপ্রপরায়ণস্য॥
প্রাতর্ভজামি ভজতামভয়ঙ্করং তং
প্রাক্ সর্ব্বজন্ম কৃতপাপভয়াবহত্যৈ।
যো গ্রাহবক্ত্রপতিতাঙ্ঘ্রিগজেন্দ্রঘোর-
শোকপ্রণাশমকরোদ্ধৃতশঙ্খচক্রঃ॥

পারায়ণং বেদাধ্যয়নসাকল্যং তাস্মিন্। প্রবণস্তৎপর ইত্যর্থঃ। যদ্বা। পরায়ণেন প্রবণঃ প্রণতো যো বিপ্রস্তস্য পরং পরমং অয়নমাশ্রয়স্তস্য॥ ২১॥

আমি সংসার ভয় রূপ মহাপীড়ার শান্তি নিমিত্ত গরুড়বাহন পদ্মনাভ নারায়ণ যিনি কুম্ভীর কর্ত্তৃক অভিভূত গজেন্দ্রের মুক্তির হেতু এবং চক্রধর ও নব কমল সদৃশ নয়নশালী, তাঁহাকে প্রাতঃকালে স্মরণ করি॥

যিনি পরমপুরুষ, নারায়ণ, নরক সমুদ্রের ত্রাণকর্ত্তা এবং যিনি বেদাধ্যয়নশীল ব্রাহ্মণের গতি, আমি প্রাতঃকালে মনঃ বাক্য ও মস্তক দ্বারা তাঁহার পাদারবিন্দ যুগলে নমস্কার করি॥

কুম্ভীর মুখে পদ পতিত হওয়াতে গজেন্দ্র অতিশয় শোকগ্রস্ত হইয়াছিল, যিনি চক্রধারী হইয়া তাহার ঐ ঘোর দুঃখ মোচন করিয়াছেন, আমি পূর্ব্ব পূর্ব্ব জন্মে যে সকল পাপ করিয়াছি তাহার ভয় নিবারণ নিমিত্ত ভজনশীলদিগের অভয় প্রদাতা তাঁহাকে প্রাতঃকালে ভজন করি॥

শ্লোকত্রয়মিদং পুণ্যং প্রাতঃ প্রাতঃ পঠেত্তু যঃ।
লোকত্রয়গুরুস্তস্মৈ দদ্যাদাত্মপদং হরিঃ॥ ইতি॥
তদেতল্লিখিতং কুত্র কুত্রচিদ্ব্যবহারতঃ।
কিন্তু স্বাভীষ্টরূপাদি শ্রীকৃষ্ণস্য বিচিন্তয়েৎ॥
ইত্থং বিদধ্যাদ্ভগবৎকীর্ত্তনস্মরণাদিকং।
সর্ব্বতীর্থাভিষেকং বৈ বহিরন্তর্বিশোধনং॥ ২১॥
তথাচ স্কান্দে স্কন্দং প্রতি শ্রীশিবোক্তৌ॥
সকৃন্নারায়ণেত্যুক্ত্বা পুমান্ কল্পশতত্রয়ং।
গঙ্গাদিসর্ব্বতীর্থেষু স্নাতো ভবতি পুত্রক॥ ২২॥
অন্যত্র চ॥

ভগবৎকীর্ত্তনস্মরণে এব সর্ব্বতীর্থাভিষেক ইত্যত্র প্রমাণং লিখতি সকৃদিতি। কল্পশতত্রয়মিত্যস্য নিত্যে তাৎপর্য্যং সদৈবেত্যর্থঃ॥ ২২॥

যিনি প্রত্যেক প্রাতঃকালে পুণ্যস্বরূপ এই তিনটী শ্লোক পাঠ করেন, ত্রিলোকগুরু হরি তাঁহাকে আপনার পদ প্রদান করিয়া থাকেন॥

পূর্ব্বে যাহা উল্লেখ করিয়াছি, কোন ২ স্থলে ব্যবহার অনুসারে লিখিত হইল, কিন্তু স্বীয় অভীষ্ট অনুসারে শ্রীকৃষ্ণের রূপাদি চিন্তা করিবে অর্থাৎ যাঁহার যে রূপে প্রীতি তিনি সেইরূপ ধ্যান করিবেন॥

ভগবানের নাম কীর্ত্তন ও নামস্মরণাদি এই প্রকারে কৃত হইলে তাহা সর্ব্বতীর্থের স্নানের ফলপ্রদান এবং বাহ্য ও অন্তর বিশুদ্ধ করেন॥ ২১॥

এই বিষয়ে স্কন্দপুরাণে কার্ত্তিকেয়ের প্রতি শিবের উক্তি যথা॥

হে পুত্র! পুরুষ একবার মাত্র নারায়ণ নাম উচ্চারণ করিয়া তিন শত কল্পে গঙ্গা প্রভৃতি সমুদায় তীর্থে স্নান করিলে যে ফল হয় সেই ফল প্রাপ্ত হয়েন॥ ২২॥

অন্যত্রও বলিয়াছেন॥

শয়নাদুত্থিতো যস্তু কীর্ত্তয়েন্মধুসূদনং।
কীর্ত্তনাত্তস্য পাপস্য নাশমায়াত্যশেষতঃ॥ ইতি॥
মাহাত্ম্যং কীর্ত্তনস্যাগ্রে লেখ্যং মুখ্যপ্রসঙ্গতঃ।
স্মরণস্য তু মাহাত্ম্যমধুনা লিখ্যতে কিয়ৎ॥ ২৪॥
তত্রাদৌ তস্য নিত্যতা॥
পাদ্মে বৃহৎসহস্রনামস্তোত্রে॥
স্মর্ত্তব্যঃ সততং বিষ্ণুর্বিস্মর্ত্তব্যো ন জাতুচিৎ।
সর্ব্বে বিধিনিষেধাঃ স্যুরেতয়োরেব কিঙ্করাঃ॥ ২৫॥
স্কান্দে কার্ত্তিকপ্রসঙ্গে শ্রীমদগস্ত্যোক্তৌ॥
সা হানিস্তন্মহচ্ছিদ্রং সাচান্ধজড়মূকতা।

কথং বহিরন্তর্বিশোধনং তল্লিখতি শয়নাদিতি। কীর্ত্তনাৎ কেবলাদেব॥ ২৩॥
মুখ্যে প্রসঙ্গে ইতি কীর্ত্তনস্যৈব প্রাধান্যেন প্রসঙ্গে সতি লেখ্যং। অধুনা চান্যসঙ্গত্যা গৌণত্বাৎ লিখিতুমযোগ্যমিত্যর্থঃ। এবমগ্রেঽপি জ্ঞেয়ং॥ ২৪॥
জাতুচিৎ কদাচিদপি ন বিস্মর্ত্তব্যঃ। এতয়োঃ স্মরণবিস্মরণয়োরেব কিঙ্করাঃ অনুগাঃ। স্মৃতৌ সর্ব্বে বিধয় স্তৎকৃতপুণ্যানি বিস্মৃতৌ চ সর্ব্বে নিষেধাস্তৎকৃতপাপানি স্বয়মেবানুগচ্ছন্তীত্যর্থঃ॥ ২৫

যিনি শয়ন হইতে উত্থিত হইয়া মধুসূদন নাম কীর্ত্তন করেন, তাঁহার ঐ কীর্ত্তন হইতেই সমুদায় পাপ বিনষ্ট হয়॥ ২৩॥

অগ্রে কীর্ত্তনের প্রাধান্য প্রসঙ্গে কীর্ত্তনের মাহাত্ম্য লিখিত হইবে, এক্ষণে স্মরণের কিঞ্চিৎ মাহাত্ম্য লিখিতেছি॥ ২৪॥

উক্ত প্রকরণে অগ্রে স্মরণের নিত্যতা যথা—
পদ্মপুরাণে বৃহৎসহস্র নামস্তোত্রে॥

সর্ব্বদা বিষ্ণুকে স্মরণ করিবে, কখনই বিস্মৃত হইবে না, যত বিধি ও যত নিষেধ আছে তৎসমুদায় এই উভয়ের অধীন॥ ২৫॥

স্কন্দপুরাণে কার্ত্তিকপ্রসঙ্গে শ্রীমান্ অগস্ত্যের বাক্য॥

যে মুহূর্ত্তে অথবা যে ক্ষণে বাসুদেবের চিন্তা না করা যায়, তাহাই

যন্মুহূর্ত্তং ক্ষণং বাপি বাসুদেবো ন চিন্ত্যতে ॥
কাশীখণ্ডে চ শ্রীধ্রুবচরিতে ॥
ইয়মেব পরা হানিরুপসর্গোঽয়মেব চ।
অভাগ্যং পরমং চৈতদ্বাসুদেবং ন যৎ স্মরেৎ।
যে মুহূর্ত্তাঃ ক্ষণা যে চ যাঃ কাষ্ঠা যে নিমেষকাঃ।
ঋতে বিষ্ণুস্মৃতে র্যাতাস্তেষু মুষ্টো যমেন সঃ ॥ ইতি ॥ ২৬ ॥
নিত্যত্বেঽপ্যস্য মাহাত্ম্যং বিচিত্রফলদানতঃ।
জ্ঞেয়ং শাস্ত্রোদিতং দর্শপৌর্ণমাসাদিবদ্বুধৈঃ ॥ ২৭ ॥

ঋতে বিষ্ণুস্মৃতে র্বিষ্ণুস্মরণং বিনা যস্য জনস্য যাতা অপগতাস্তেষু মুহূর্ত্তাদিষু মুষ্টো বঞ্চিতো বশীকৃত ইত্যর্থঃ ॥ ২৬ ॥

নহু শাস্ত্রেষু স্মরণস্য তত্তৎফলশ্রবণাৎ কথং নিত্যত্বং সিদ্ধোদিত্যাশঙ্ক্যাহ নিত্যত্বেঽপীতি। অস্য স্মরণস্য শাস্ত্রোদিতং বিচিত্রফলদানতো মাহাত্ম্যং দর্শপৌর্ণমাসাদিবৎ। আদিশব্দাদগ্নিহোত্রাদি। যথা তেষাং নিত্যত্বেঽপি সন্তি ফলানি শ্রূয়ন্তে তথাত্রাপি বুধৈঃ শাস্ত্রবিদ্ভির্জ্ঞেয়ং। এতচ্চ মীমাংসাশাস্ত্রনিপুণৈঃ কৃষ্ণদেবাচার্য্যাদিভিরেকাদশীপ্রসঙ্গে বিবৃত্য লিখিতমস্তীতি নাত্র বিস্তার্য্যতে। এবমগ্রেঽপি সর্ব্বত্রৈব বোদ্ধব্যমিতি ॥ ২৭ ॥

হানি, তাহাই মহচ্ছিদ্র, তাহাই অন্ধতা, জড়তা ও তাহাই মূকতা জানিতে হইবে ॥

কাশীখণ্ডে শ্রীধ্রুবচরিতে যথা ॥

বাসুদেবকে যে, স্মরণ না করা, ইহাই পরম হানি, ইহাই পরম উপসর্গ অর্থাৎ উপদ্রব এবং ইহাই পরম অভাগ্য ॥

যে সকল মুহূর্ত্ত, যে সকল ক্ষণ, যে সকল কাষ্ঠা ও যে সকল নিমেষ বিষ্ণুস্মরণ ব্যতিরেকে গত হয়, যম বিষ্ণুস্মরণবিহীন ব্যক্তিকে সেই সকল কালেতেই বঞ্চনা করিয়া থাকেন ॥ ২৬ ॥

দর্শ পৌর্ণমাসাদি যাগবিশেষের ন্যায় এই বিষ্ণুস্মরণের নিত্যত্ব হইলেও বিবিধ ফল প্রদান করেন বলিয়া পণ্ডিতগণ শাস্ত্রে ইহাঁর মাহাত্ম্য কীর্ত্তন করিয়াছেন ॥ ২৭ ॥

অথ স্মরণমাহাত্ম্যং ॥

তত্র সর্ব্বতীর্থস্নানাধিকত্বং। উক্তঞ্চ স্মার্ত্তৈরপি ॥

মান্ত্রং পার্থিবমাগ্নেয়ং বায়ব্যং দিব্যমেব চ।
বারুণং মানসং চেতি স্নানং সপ্তবিধং স্মৃতং ॥
শন্ন আপস্তু বৈ মান্ত্রং মৃদালম্ভস্তু পার্থিবং।
ভস্মনা স্নানমাগ্নেয়ং স্নানং গোরজসানিলং।
আতপে সতি যা বৃষ্টির্দিব্যং স্নানং তদুচ্যতে।
বহির্নদ্যাদিষু স্নানং বারুণং প্রোচ্যতে বুধৈঃ।
ধ্যানং যন্মনসা বিষ্ণোর্মানসং তৎ প্রকীর্ত্তিতং ॥ ২৮ ॥

স্মার্ত্তৈরপীতি ভগবদ্ভক্তিপরৈরুচ্যতএব স্মৃত্যুক্তকর্ম্মপরৈরপ্যুক্তমিত্যর্থঃ। শন্ন আপস্থিতি মন্ত্রাদ্যবর্ণাঃ। ইদমপি স্মার্ত্তানামেব মতং বৈষ্ণবানান্তু মূলমন্ত্রাদিনৈব। মৃদঃ মৃত্তিকায়াঃ আলম্ভঃ স্পর্শনং যস্মিন্ তৎ মনসা ধ্যানমিতি কেবলমনঃসংযোগমাত্ররূপং স্মরণং লক্ষ্যতে ধ্যানমিত্যুক্তেঽপি মনসেতি প্রয়োগাৎ ॥ ২৮ ॥

অথ স্মরণমাহাত্ম্য ॥

এই প্রকরণে সর্ব্বতীর্থস্নান অপেক্ষা স্মরণের মাহাত্ম্য অধিক স্মার্ত্তেরাও কহিয়াছেন অর্থাৎ যাঁহারা ভগবদ্ভক্তি-পরায়ণ তাঁহারা প্রাতঃস্মরণ অবশ্য করিবেন, আর, যাঁহারা কেবল স্মৃতিশাস্ত্রোক্ত কর্ম্ম করেন তাঁহারাও প্রাতঃস্মরণকে অবশ্য কর্ত্তব্য বলিয়া স্থির করিয়াছেন। সুতরাং প্রাতঃস্মরণ সর্ব্ববাদিরই সম্মত।

স্নান সপ্ত প্রকার যথা ॥

মান্ত্র্য, পার্থিব, আগ্নেয়, বায়ব্য, দিব্য,বারুণ ও মানস। "শন্ন আপঃ" এই মন্ত্র উচ্চারণ করিয়া যে স্নান, তাহার নাম মান্ত্র্য। মৃত্তিকা স্পর্শ করিয়া যে স্নান, তাহার নাম পার্থিব। ভস্ম দ্বারা যে স্নান তাহার নাম আগ্নেয়। গোধূলিদ্বারা যে স্নান,তাহার নাম বায়ব্য এবং রৌদ্র থাকিতে যে বৃষ্টি হয় তাহার দ্বারা স্নান করাকে দিব্যস্নান বলে। বহির্নদ্যাদিতে যে স্নান, পণ্ডিতেরা তাহাকে বারুণ স্নান কহেন। আর মনোধ্যে যে

কিঞ্চ ॥

অসামর্থ্যেন কায়স্য কালদেশাদ্যপেক্ষয়া।

তুল্যফলানি সর্ব্বাণি স্যুরিত্যাহ পরাশরঃ।

স্নানানাং মানসং স্নানং মন্বাদ্যৈঃ পরমং স্মৃতং।

কৃতেন যেন মুচ্যন্তে গৃহস্থা অপি বৈ দ্বিজাঃ ॥ ২৯ ॥

পরমশোধকত্বং গারুড়ে শ্রীনারদোক্তৌ ॥

বিষ্ণুধর্ম্মে চ পুলস্ত্যোক্তৌ ॥

অপবিত্রঃ পবিত্রো বা সর্ব্বাবস্থাং গতোঽপি বা।

যঃ স্মরেৎ পুণ্ডরীকাক্ষং স বাহ্যাভ্যন্তরঃ শুচিঃ ॥ ৩০ ॥

যদ্যপ্যুপহতঃ পাপৈ র্মনসাত্যন্তদুস্তরৈঃ।

নচৈতেষু ব্যাপারতারতম্যাদিনা তারতম্যং জ্ঞেয়মিতি লিখতি অসামর্থ্যেনেতি কালাদ্যপেক্ষয়া চ। আদিশব্দেন অধিকারী গ্রাহ্যঃ ॥

কিঞ্চ। স্নানানামিতি। দ্বিজা ইতি তেষামেব স্নানাদৌ মুখ্যত্বাং হে দ্বিজা ইতি বা ॥ ২৯॥

স বাহ্যাভ্যন্তর ইতি বাহ্যেন শরীরাদিনা আভ্যন্তরেণ চ মন আদিনা সহ শুদ্ধোঽভূদিত্যর্থঃ ॥ ৩০ ॥

মনসাঽপি অত্যন্তদুস্তরৈঃ অনন্তত্বাৎ গণয়িতুমশক্যৈঃ কিং পুনর্ব্বাচেত্যর্থঃ। যদ্বা। মনঃ-

বিষ্ণুস্মরণ তাহা মানস স্নান বলিয়া কীর্ত্তিত হয় ॥ ২৮ ॥

আরও বলি ॥

পরাশর ঋষি কহিয়াছেন, শরীরের অসামর্থ্য হইলে কাল ও দেশাদির অপেক্ষা না করিয়া সর্ব্ব প্রকার স্নানেরই সমান ফল হইয়াথাকে ॥

মনু প্রভৃতি কহিয়াছেন, মানস স্নান সকলের মধ্যে শ্রেষ্ঠ, যে স্নান করিলে গৃহাশ্রমী দ্বিজগণ পবিত্র হয়েন ॥ ২৯ ॥

মানস স্নানের পরমশোধকত্ব যথা—গরুড়পুরাণে শ্রীনারদের বাক্যে ও বিষ্ণুধর্ম্মে পুলস্ত্যের বাক্যে ॥

অপবিত্র হউন বা পবিত্র হউন, যে কোন বা সকল প্রকার অবস্থাতেই বা অবস্থিত থাকুন, যিনি পদ্মলোচনকে স্মরণ করেন, তিনি বাহ্যে ও অভ্যন্তরে পবিত্র হয়েন ॥ ৩০ ॥

যদি অতিশয় দুস্তর বিবিধ পাপেও দূষিত হয় তাহা হইলে মনো-

তথাপি সংস্মরন্ বিষ্ণুং স বাহ্যাভ্যন্তরঃ শুচিঃ ॥ ৩১ ॥

পাপোন্মূলনত্বং শ্রীবিষ্ণুপুরাণে ॥

প্রায়শ্চিত্তান্যশেষাণি তপঃকর্ম্মাত্মকানি বৈ।

যানি তেষামশেষাণাং কৃষ্ণানুস্মরণং পরং ॥ ৩২ ॥

কৃতে পাপেঽনুতাপো বৈ যস্য পুংসঃ প্রজায়তে।

প্রায়শ্চিত্তন্তু তস্যৈকং হরিসংস্মরণং পরং ॥ ৩৩ ॥

কিঞ্চ ॥

কলিকল্মষমত্যুগ্রং নরকার্ত্তিপ্রদং নৃণাং।

সঙ্কল্পিতেনাপি প্রায়শ্চিত্তশতেন পরমাপরিহার্য্যৈঃ কিং পুনঃ সাক্ষাৎপ্রায়শ্চিত্তকর্ম্মানুষ্ঠানে-নেত্যর্থঃ তস্য দুষ্করত্বাৎ। যদ্বা। মনসা সংস্মরন্ ইত্যন্বয়ঃ। ততশ্চ মনসেতি কেবলং মনসি কথঞ্চিৎ সংযোগমাত্রমভিপ্রেতং ॥ ৩১ ॥

তপাংসি কৃচ্ছ্রাদীনি কর্ম্মাণি দানজপাদীনি তদাত্মকানি তেষাং মধ্যে তেভ্যো বা পরং শ্রেষ্ঠং ॥ ৩২ ॥

শ্রেষ্ঠত্বমেবাহ কৃত ইতি। প্রকর্ষেণ জায়তে। তস্যৈব যথোক্তানাং তপোদানাদীনাং মধ্যে একং কিঞ্চিত্তদনুরূপং প্রায়শ্চিত্তং। অননুতপ্তস্য তেষনধিকারাৎ। হরিস্মরণন্তু পরং অনুতাপানপেক্ষয়াপি নিঃশেষপাপক্ষয়হেতুত্বাৎ অবশেনাপি যন্নাম্নি কীর্ত্তিত ইতি হরির্হরতি পাপানীত্যাদ্যুক্তেঃ ॥ ৩৩ ॥

অধুনা পরমদুষ্পরিহরকলিমহাপাতকস্যাপি নাশকমিত্যাহ কলীতি। যত্র যস্মিন্

মধ্যে বিষ্ণুস্মরণ করিলেই বাহ্য ও অভ্যন্তর বিশুদ্ধ হইয়া থাকে ॥ ৩১ ॥

বিষ্ণুস্মরণের পাপের উন্মূলনকারিত্ব যথা শ্রীবিষ্ণুপুরাণে ॥

যত প্রায়শ্চিত্ত, যত তপস্যা ও যত দান ও ব্রতাদি কর্ম্ম আছে শ্রীকৃষ্ণের স্মরণ সে সমুদায় অপেক্ষাই শ্রেষ্ঠ ॥ ৩২ ॥

পাপ কার্য্য করা হইলে পর যে পুরুষের অনুতাপ জন্মে, একমাত্র হরিস্মৃতি তাহার উৎকৃষ্ট প্রায়শ্চিত্ত ॥ ৩৩ ॥

অপিচ ॥

হরিকে একবার মাত্র স্মরণ করিলে সদ্য মনুষ্যগণের নরক-যাতনার

প্রযাতি বিলয়ং সদ্যঃ সকৃৎ যত্রানুসংস্মৃতে ॥ ৩৪ ॥

কৌর্ম্মে শ্রীভগবদুক্তৌ ॥

যে মাং জনাঃ সংস্মরন্তি কলৌ সকৃদপি প্রভুং।
তেষাং নশ্যতি তৎ পাপং ভক্তানাং পুরুষোত্তমে ॥ ৩৫ ॥

বৃহন্নারদীয়ে শুক্রবলিসম্বাদে ॥

হরির্হরতি পাপানি দুষ্টচিত্তৈরপি স্মৃতঃ।
অনিচ্ছয়াপি সংস্পৃষ্টো দহত্যেব হি পাবকঃ ॥

তত্রৈব প্রায়শ্চিত্তপ্রসঙ্গান্তে ॥

মহাপাতকযুক্তো বা যুক্তো বা সর্ব্বপাতকৈঃ।
সবৈ বিমুচ্যতে সদ্যো যস্য বিষ্ণুপরং মনঃ ॥

হরৌ অনুকরণেনাপি সংস্মৃতে সতি। অনুকরণেনাপি স্মৃতেঃ। সম্যক্ত্বাভিপ্রায়েণ সংশব্দঃ॥৩৪
সদ্যস্তৎকালীনমেব কলিমুক্তস্তং যদ্বা। তস্য কলেরপি পাপং। যতস্তেন স্মরণেনৈব পুরুষোত্তমে ময়ি ভক্তানাং ভক্তিমতাং সতাং ॥ ৩৫ ॥

উৎপাদক অতি ভয়ানক কলিজন্য পাপ বিনষ্ট হয় ॥ ৩৪ ॥

কূর্ম্মপুরাণে শ্রীভগবানের বাক্য যথা ॥

যে সকল মনুষ্য কলিকালে একবার মাত্র প্রভু স্বরূপে আমাকে স্মরণ করে, আমি যে পুরুষোত্তম আমাতে ভক্তিমান্ সেই সকল ব্যক্তির তৎক্ষণাৎ কলিজনিত পাপ বিনষ্ট হয় ॥ ৩৫ ॥

বৃহন্নারদীয়পুরাণে শুক্র ও বলির সম্বাদে ॥

দূষিতচিত্ত মনুষ্যেরাও হরিকে স্মরণ করিলে তিনি তাহাদের সমুদায় পাপ হরণ করেন। যেমন অনিচ্ছায় স্পর্শ করিলেও অগ্নি নিশ্চয়ই দাহ করিয়া থাকে তদ্রূপ ॥

ঐ স্থলেই প্রায়শ্চিত্তপ্রসঙ্গের পর।

মহাপাতকে পাতকী অথবা সর্ব্বপাতক যুক্ত হইলেও যাঁহার মন বিষ্ণুতে সন্নিবিষ্ট, তিনি তৎক্ষণাৎ সর্ব্বপাপ হইতে বিনির্ম্মুক্ত হয়েন ॥

ব্রহ্মবৈবর্ত্তে ॥

কর্ম্মণা মনসা বাচা যঃ কৃতঃ পাপসঞ্চয়ঃ।
সোঽপ্যশেষঃ ক্ষয়ং যাতি স্মৃত্বা কৃষ্ণাঙ্ঘ্রিপঙ্কজং ॥

অতএবোক্তং স্কান্দে কার্ত্তিকপ্রসঙ্গে শ্রীপরাশরেণ ॥

যমমার্গং মহাঘোরং নরকাংশ্চ যমং তথা।
স্বপ্নেঽপি ন নরঃ পশ্যেদ্যঃ স্মরেদ্গরুড়ধ্বজং ॥ ৩৬ ॥

ষষ্ঠস্কন্ধে শ্রীশুকেন ॥

সকৃন্মনঃ কৃষ্ণপদারবিন্দয়োর্নিবেশিতং তদ্গুণরাগি যৈরিহ।

স্বপ্নেঽপি ন নরঃ পশ্যেদিতি পাপানুৎপত্তেঃ কথঞ্চিজ্জাতস্যাপি সংক্ষয়াদ্বা ॥ ৩৬ ॥

সকৃদপি এবং অপি শব্দস্য সর্ব্বত্রান্বয়াদয়মর্থঃ। কিং পুনঃ সদা কিং পুনঃ সর্ব্বেন্দ্রিয়াণি কিং পুনঃ সর্ব্বাঙ্গসৌন্দর্য্যাদৌ কিং পুনঃ স্বতো নিবিষ্টং কিং পুনস্তদ্গুণনামানুরাগীতি। কারুণ্যাদিনা গুণরাগিত্বেনোপকারাপেক্ষয়া সোপাধিকত্বাপত্তেস্তস্য ন্যূনতয়া কৈমুতিকন্যায়সিদ্ধিঃ। তথা যৈরপি কৈশ্চিৎ ইহাপি যত্র কুত্রচিদিতি। তথা কুতো যাম্যা যাতনাঃ কুতশ্চ বন্ধনার্থানীত পাশান্ কুতশ্চ নির্ম্মলান্ যমদূতানিতি। তথা কুতঃ সাক্ষাদ্ভয়তর্জ্জনাদিকমনু

ব্রহ্মবৈবর্ত্তপুরাণে ॥

কর্ম্ম, মন ও বাক্য দ্বারা যে পাপ সঞ্চয় হইয়াছে, শ্রীকৃষ্ণের চরণারবিন্দ স্মরণ করিলে সে সকল ক্ষয় প্রাপ্ত হয় ॥

অতএব স্কন্দপুরাণে কার্ত্তিক-প্রসঙ্গে শ্রীপরাশর কহিয়াছেন।

যে মনুষ্য গরুড়ধ্বজকে স্মরণ করেন, তিনি স্বপ্নেও মহাভয়ানক যমপথ, নানাবিধ নরক এবং যমকে অবলোকন করেন না ॥ ৩৬ ॥

ষষ্ঠস্কন্ধে ১ অধ্যায়ে ১৭ শ্লোকে শ্রীশুকদেব কহিয়াছেন ॥

ভক্তি অল্পপরিমাণে কৃতা হইলেও পবিত্র করণে সুন্দররূপে সমর্থ হয়েন। তাহার প্রমাণ, যে সকল পুরুষ ভগবান্ শ্রীকৃষ্ণের পাদারবিন্দে একবার মাত্র আপনার মন নিবেশিত করেন, তাহাতে তাঁহাদের সেই

ন তে যমং পাশভৃতশ্চ তদ্ভটান্
স্বপ্নেঽপি পশ্যন্তি হি চীর্ণনিষ্কৃতাঃ॥ ৩৭॥
সর্ব্বাপদ্বিমোচকত্বং॥
শ্রীবিষ্ণুপুরাণে প্রহ্লাদোক্তৌ॥
দন্তা গজানাং কুলিশাগ্রনিষ্ঠুরাঃ
শীর্ণা যদেতে ন বলং মমৈতৎ।
মহাবিপৎপাত-বিনাশনোঽয়ং
জনার্দ্দনানুস্মরণানুভাবঃ॥
বামনপুরাণে॥
বিষ্টয়ো ব্যতিপাতাশ্চ যেঽন্যে দুর্নীতিসম্ভবাঃ।

ভবেয়ুরিতি। যতঃ চীর্ণনিষ্কৃতাঃ। তেনৈব কৃতপ্রায়শ্চিত্তাঃ এবং যথা কথঞ্চিৎ স্মরণমাত্রেণ সর্ব্বপাপক্ষয়াৎ সর্ব্বেষামেব নরকাদ্যভাবোঽভিপ্রেতঃ। ইত্থঞ্চ বিষ্ণুপরং মনঃ ইত্যত্র বিষ্ণ্বাশ্রয়ং কথঞ্চিৎ তৎসমীপগমিতি জ্ঞেয়ং। তথা হরিসংস্মরণমিত্যাদৌ সংশব্দাদিকং ভগবৎস্মরণস্য সর্ব্বস্মরণতঃ সম্যকৃতযা স্বরূপনির্দ্দেশমাত্রপরং নতু বিশেষণপরমিতি দিক্। যদ্যপি পরমশোধকত্বপাপোন্মূলনত্বয়োরভেদ এব পর্য্যবস্যতি তথাপি পরমশোধকত্বস্য তাৎকালিকপাপাদ্যশুদ্ধিতঃ বাহ্যাভ্যন্তরপবিত্রতামাত্রলক্ষণত্বেন পাপোন্মূলনত্বস্য চানেকজন্মকৃতবাসনাশেষপাপক্ষপণরূপতয়া কশ্চিদ্ভেদঃ কল্প্যঃ। এবমন্যত্রাপি জ্ঞেয়ং॥ ৩৭॥

মন ভগবানে অনুরাগী মাত্র হয়, তদীয় জ্ঞান বিশিষ্ট হয় না, তথাচ যম অথবা পাশহস্ত যমপুরুষগণ স্বপ্নেও তাঁহাদিগের দৃষ্টিগোচর হইতে পারেন না, কারণ ভগবানে একবার মাত্র মনোনিবেশ করাতেই তাঁহাদের কর্ত্তৃক সমুদায় প্রায়শ্চিত্ত আচরণ করা হইয়াছে॥

বিষ্ণুস্মরণের সর্ব্বপাপ মোচকত্ব বিষ্ণুপুরাণে প্রহ্লাদের বাক্যে॥

হস্তি সকলের দন্ত বজ্রের অগ্রভাগ অপেক্ষাও কঠিন, যখন এ সমুদায়ও শীর্ণ হইল তখন ইহা আমার বল নহে, মহাবিপৎপাতের বিনাশকারি জনার্দ্দনের স্মরণেরই প্রভাব॥

বামনপুরাণেতেও বলিয়াছেন যে,—

বিষ্টি সকল, ব্যতিপাত সকল, তথা অন্যান্য যে সকল দুঃখপ্রদ

তে সর্ব্বে স্মরণাদ্বিষ্ণো র্নাশমায়ান্ত্যুপদ্রবাঃ ॥

পাদ্মে ॥

মাঘমাহাত্ম্যে দেবদ্যুতিস্তুতৌ ॥

যস্য স্মরণমাত্রেণ ন মোহো নচ দুর্গতিঃ।

ন রোগো নচ দুঃখানি তমনন্তং নমাম্যহং ॥

দুর্ব্বাসনোন্মূলনত্বং দ্বাদশস্কন্ধে ॥

যথা হেম্নি স্থিতোবহ্নি র্দৌর্ব্বর্ণ্যং হন্তি ধাতুজং।

এবমাত্মগতো বিষ্ণুর্যোগিনামশুভাশয়ং ॥ ৩৮ ॥

সর্ব্বমঙ্গলকারিত্বং পাণ্ডবগীতায়াং ॥

লাভস্তেষাং জয়স্তেষাং কুতস্তেষাং পরাভবঃ।

যেষামিন্দীবরশ্যামো হৃদয়স্থো জনার্দ্দনঃ।

ধাতুজং তাম্রাদি সংশ্লেষজাতং হেম্নো দৌর্ব্বর্ণ্যং মালিন্যং হেম্নি স্থিতঃ সন্ বহ্নিরেব হরতি এবং যোগিনামপি সতাং আত্মগতঃ মনসি প্রাপ্তঃ স্মৃতঃ সন্ বিষ্ণুরেব নতু যোগাদিকমিত্যর্থঃ ॥ ৩৮ ॥

আছে, বিষ্ণুস্মরণ মাত্রে ঐ সমুদায় উপদ্রব বিনষ্ট হইয়া যায় ॥

পদ্মপুরাণে মাঘমাহাত্ম্যে দেবদ্যুতির স্তবে ॥

যাঁহার স্মরণ মাত্রে, মোহ, দুর্গতি, রোগ ও দুঃখ কিছুই থাকে না আমি সেই অনন্তকে নমস্কার করি ॥

বিষ্ণুস্মরণের দুর্ব্বাসনা উন্মূলনত্ব যথা

দ্বাদশস্কন্ধে ৩ অধ্যায়ের ৪০ শ্লোকে ॥

যেমন অগ্নি সুবর্ণের তাম্রাদি ধাতুসংশ্লেষ-জনিত দুর্ব্বর্ণ বিনাশ করে তদ্রূপ বিষ্ণু যোগিদের হৃদয়স্থ হইয়া সমুদায় অশুভ বিনাশ করেন ॥৩৮॥

বিষ্ণুস্মরণের সর্ব্বমঙ্গল কারিত্ব যথা পাণ্ডবগীতায় ॥

ইন্দীবর শ্যামবর্ণ জনার্দ্দন যাঁহাদের হৃদয়ে অবস্থিত, তাঁহাদিগেরই লাভ ও জয় হইয়া থাকে এবং তাঁহাদিগের পরাভবই বা কোথায় ? ॥

সর্ব্বসৎকর্ম্মফলপ্রদত্বং ॥

স্কান্দে কার্ত্তিকপ্রসঙ্গেঽগস্ত্যোক্তৌ ॥

দেবেষু যজ্ঞেষু তপঃসু চৈব দানেষু তীর্থেষু ব্রতেষু চৈব।
ইষ্টেষু পূর্ত্তেষু চ যৎ প্রদিষ্টং নৃণাং স্মৃতে তৎ ফলমচ্যুতে চ ॥

কর্ম্মসাদ্গুণ্যকারিত্বং বৃহন্নারদীয়ে ॥

ন্যূনাতিরিক্ততা সিদ্ধা কলৌ বেদোক্তকর্ম্মণাং।
হরিস্মরণমেবাত্র সম্পূর্ণফলদায়কং ॥ ৩৯ ॥

স্মৃতৌ চ ॥

প্রমাদাৎ কুর্ব্বতাং কর্ম্ম প্রচ্যবেতাধ্বরেষু যৎ।
স্মরণাদেব তদ্বিষ্ণোঃ সম্পূর্ণং স্যাদিতি স্মৃতিঃ ॥

সর্ব্বকর্ম্মাধিকত্বং ॥

সিদ্ধেতি স্বভাবতোঽবশ্যং স্যাদেবেত্যর্থঃ ॥ ৩৯ ॥

বিষ্ণুস্মরণের সর্ব্বসৎকর্ম্মের ফলদান করিবার ক্ষমতা যথা ॥

স্কন্দপুরাণে কার্ত্তিক-প্রসঙ্গে অগস্ত্যের বাক্য ॥

দেববিষয়ে, যজ্ঞবিষয়ে, তপস্যাবিষয়ে, দানবিষয়ে, তীর্থবিষয়ে, ইষ্টকর্ম্ম বিষয়ে এবং পূর্ত্তকর্ম্মবিষয়ে মনুষ্যের পক্ষে যাহা উপদেশ করা হইয়াছে, বিষ্ণুস্মরণ করিলে সে সমুদায়েরই ফল হইয়া থাকে ॥

বিষ্ণুস্মরণের কর্ম্ম পূর্ণ করিবার ক্ষমতা যথা—বৃহন্নারদপুরাণে ॥

কলিতে বেদবিহিত কর্ম্মসকলের অবশ্য অল্পতা ও আধিক্য হইয়া থাকে কিন্তু এ বিষয়ে হরিস্মরণ সম্পূর্ণ ফল প্রদান করেন ॥ ৩৯ ॥

স্মৃতিতেও বলিয়াছেন ॥

যজ্ঞেতে কর্ম্মকর্ত্তাদিগের প্রমাদ বশতঃ যে কর্ম্মের অঙ্গহানি হয়, বিষ্ণুস্মরণ করিলে তাহা সম্পূর্ণ হইয়া থাকে, এই স্মৃতি আছে ॥

বিষ্ণুস্মরণ সমুদায় কর্ম্ম অপেক্ষা শ্রেষ্ঠ ॥

বৃহন্নারদীয়ে কলিপ্রসঙ্গে ॥

তুলাপুরুষদানানাং রাজসূয়াশ্বমেধয়োঃ।

ফলং বিষ্ণোঃ স্মৃতিসমং ন জাতু দ্বিজসত্তম ॥

দ্বাদশস্কন্ধে ॥

বিদ্যাতপঃপ্রাণনিরোধমৈত্রীতীর্থাভিষেকব্রতদানজপ্যৈঃ।

নাত্যন্তশুদ্ধিং লভতেঽন্তরাত্মা যথা হৃদিস্থে ভগবত্যনন্তে ॥৪০

সর্ব্বভয়াপহারিত্বং ॥

বিষ্ণুপুরাণে। হিরণ্যকশিপুং প্রতি শ্রীপ্রহ্লাদোক্তৌ ॥

ভয়ং ভয়ানামপহারিণি স্থিতে মনস্যনন্তে মম কুত্র তিষ্ঠতি।

যস্মিন্ স্মৃতে জন্মজরোদ্ভবানি ভয়ানি সর্ব্বাণ্যপযান্তি তাত ॥

বিদ্যা উপাসনা অধ্যয়নং বা। তপঃ স্বধর্ম্মাচরণং। প্রাণনিরোধঃ প্রাণায়ামঃ। মৈত্রী ভূতেষু স্নেহঃ। অন্তরাত্মা মনঃ। হৃদিস্থে স্মৃতে ॥ ৪০ ॥

যথা বৃহন্নারদপুরাণে কলির প্রস্তাবে ॥

হে দ্বিজোত্তম! তুলাপুরুষ দানের ফল এবং রাজসূয় ও অশ্বমেধ যজ্ঞের ফল, কখনই বিষ্ণুস্মরণের ফলের তুল্য হইতে পারে না ॥

দ্বাদশস্কন্ধে ৩ অধ্যায়ে ৪১ শ্লোকে যথা ॥

হে রাজন্! ভগবান্ অনন্ত হৃদয়স্থ হইলে অন্তরাত্মা যেমন শুদ্ধি লাভ করে, তদ্রূপ বিদ্যা, তপস্যা, প্রাণায়াম, মৈত্রী, তীর্থসেবা, ব্রত, দান ও জপপ্রভৃতি কোন ধর্ম্মদ্বারা মনের তদ্রূপ শুদ্ধি হয় না ॥ ৪০ ॥

বিষ্ণুস্মরণের সর্ব্ব প্রকার ভয়নাশকত্ব যথা ॥

বিষ্ণুপুরাণে হিরণ্যকশিপুর প্রতি প্রহ্লাদের উক্তি ॥

হে পিতঃ! যাঁহাকে স্মরণ করিলে জন্ম ও জরা নিমিত্ত সমস্ত ভয় দূরীভূত হয়, সকল ভয়ের অপহরণকর্ত্তা সেই অনন্ত, যখন আমার হৃদয়মধ্যে অবস্থিতি করিতেছেন, তখন ভয় কোথায় থাকিতে স্থান পাইবে অর্থাৎ আমার কোন বিষয়েতেই ভয় নাই ॥

মোক্ষপ্রদত্বং তত্রৈবান্যত্র॥

বিষ্ণুসংস্মরণাৎ ক্ষীণসমস্তক্লেশসঞ্চয়ঃ।
মুক্তিং প্রযাতি স্বর্গাপ্তিস্তস্য বিঘ্নোঽনুমীয়তে॥ ৪১॥

বৃহন্নারদীয়ে॥

বরং বরেণ্যং বরদং পুরাণং নিজপ্রভাভাসিতসর্ব্বলোকং।
সঙ্কল্পিতার্থপ্রদমাদিদেবং স্মৃত্বা ব্রজেন্মোক্ষপদং মনুষ্যঃ॥৪২॥

স্কান্দে॥

যস্য স্মরণমাত্রেণ জন্ম সংসারবন্ধনাৎ।
বিমুচ্যতে নমস্তস্মৈ বিষ্ণবে প্রভবিষ্ণবে॥ ৪৩॥

বিষ্ণোঃ সংস্মরণাৎ ক্ষীণঃ ক্ষয়ং গতঃ সমস্তক্লেশানাং পাপমূলানাং রাগাদীনাং সঞ্চয়ঃ সমূহো যস্য সঃ স্বর্গপ্রাপ্তিস্তু তস্যাভিভূচ্ছত্বাৎ বিঘ্নপ্রায়ৈবেত্যর্থঃ॥ ৪১॥

বরং বরেণ্যং পরমশ্রেষ্ঠমিত্যর্থঃ। যদ্বা। বরং শ্রেষ্ঠং বরেণ্যং সর্ব্বৈর্ব্বরণযোগ্যমিত্যর্থঃ॥৪২॥

প্রভবিষ্ণবে নিত্যপ্রভাবশীলায় অতোঽত্র ন কিমপি বিচার্য্যমিতি ভাবঃ। তথাহি পাদ্মে কার্ত্তিকমাহাত্ম্যে। ন চাত্র সংশয়ঃ কার্য্য ঈশিতৃত্বমিদং হরেঃ। রাজা হি কস্যচিৎ স্বা সর্ব্বস্বং চেৎ প্রযচ্ছতি। পরস্মৈ তস্য কস্তত্র নিয়ন্তা স্যাৎ প্রভোর্যথেতি॥ ৪৩॥

বিষ্ণুস্মরণের মোক্ষপ্রদত্ব এই গ্রন্থের অন্য স্থানে যথা॥

বিষ্ণুস্মরণ করিলে সমস্ত ক্লেশ রাশির ক্ষয় হওয়ায় মনুষ্য মুক্তি প্রাপ্ত হয়। স্বর্গ লাভ তাহার পক্ষে বিঘ্ন বলিয়া বোধ করিতে হইবে॥ ৪১॥

বৃহন্নারদপুরাণে॥

যিনি সকলের শ্রেষ্ঠ, বরদাতা ও অনাদি, যিনি নিজ প্রভা দ্বারা সমুদায় লোককে প্রকাশ করিয়াছেন এবং যিনি বাঞ্ছিত বিষয়ের ফল দাতা সেই আদিদেবকে স্মরণ করিয়া মনুষ্য মোক্ষপদ প্রাপ্ত হয়॥৪২॥

স্কন্দপুরাণে॥

যাঁহার স্মরণমাত্র জন্মরূপ সংসার-বন্ধন হইতে মুক্তি লাভ করে, সেই নিত্য প্রভাবশালি বিষ্ণুকে নমস্কার॥ ৪৩॥

তত্রৈব কার্ত্তিকপ্রসঙ্গে শ্রীপরাশরোক্তৌ ॥

তদৈব পুরুষো মুক্তো জন্মদুঃখজরাদিভিঃ।
ভক্ত্যা তু পরয়া নূনং যদৈব স্মরতে হরিং ॥

ভগবৎপ্রসাদনং। বৃহন্নারদীয়ে ॥

যেন কেনাপ্যুপায়েন স্মৃতো নারায়ণোঽব্যয়ঃ।
অপি পাতকযুক্তস্য প্রসন্নঃ স্যান্ন সংশয়ঃ ॥

শ্রীবৈকুণ্ঠলোকপ্রাপকত্বং। বামনপুরাণে ॥

অনাদ্যনন্তমজরামরং হরিং
যে সংস্মরন্ত্যহরহো নিয়তং নরা ভুবি।
তৎ সর্ব্বগং ব্রহ্ম পরং পুরাণং
তে যান্তি বৈষ্ণবপদং ধ্রুবমব্যয়ঞ্চ ॥ ৪৪ ॥

বৈষ্ণবপদং শ্রীবিষ্ণোঃ স্থানং তস্যৈব বিশেষণং সর্ব্বগমিত্যাদি সচ্চিদানন্দরূপত্বাৎ ॥ ৪৪ ॥

ঐ স্কন্দপুরাণে কার্ত্তিক-প্রসঙ্গে শ্রীপরাশরের উক্তিতে যথা—

পুরুষ যখন অত্যন্ত ভক্তিসহকারে হরিকে স্মরণ করে তখনই জন্ম, দুঃখ ও জরাদি হইতে মুক্ত হয় অর্থাৎ ভক্তি পূর্ব্বক বিষ্ণুকে স্মরণ করিলে আর জন্মাদি নিবন্ধন কষ্ট ভোগ করিতে হয় না, সংসার হইতে পরিত্রাণ পায় ॥

বিষ্ণুস্মরণের ভগবান্‌কে প্রসন্ন করিবার ক্ষমতা যথা, বৃহন্নারদীয়ে—

যে কোন উপায়ে অব্যয় নারায়ণকে স্মরণ করিলে মনুষ্য যদি পাতক যুক্তও হয়, তথাপি ঐ নারায়ণ তাহার প্রতি প্রসন্ন হয়েন, ইহাতে সংশয় নাই ॥

বিষ্ণুস্মরণে বৈকুণ্ঠধাম লাভ করাইবার ক্ষমতা যথা, বামনপুরাণে ॥

পৃথিবীতে যে সকল মনুষ্য নিয়ম যুক্ত হইয়া অহরহ অনাদি, অনন্ত অজর, অমর, সর্ব্বগামী, পুরাণ, পরব্রহ্ম ও সর্ব্বোত্তম হরিকে স্মরণ

পাদ্মে দেবদূতবিকুণ্ডলসম্বাদে যমস্য দূতানুশাসনে॥

যে স্মরন্তি সকৃদ্দূতাঃ প্রসঙ্গেনাপি কেশবং।
তে বিধ্বস্তাঽখিলাঘৌঘা যান্তি বিষ্ণোঃ পরং পদং॥ ৪৫॥

ব্রহ্মপুরাণে বিষ্ণুরহস্যে চ॥

শাঠ্যেনাপি নরা বিষ্ণুং যে স্মরন্তি জনার্দ্দনং।
তেঽপি যান্তি তনুং ত্যক্ত্বা বিষ্ণুলোকমনাময়ং॥ ৪৬॥

বিষ্ণুধর্ম্মোত্তরে॥

নিরাশী নির্ম্মমো যস্তু বিষ্ণোর্ধ্যানপরো ভবেৎ।
তৎ পদং সমবাপ্নোতি যত্র গত্বা ন শোচতি॥

সারূপ্যপ্রাপণং কাশীখণ্ডে শ্রীবিন্দুমাধবপ্রসঙ্গে অগ্নিবিন্দুস্তুতৌ॥

হে দূতাঃ। পরং সর্ব্বতঃ শ্রেষ্ঠং॥ ৪৫॥

অনাময়ং সর্ব্বদোষরহিতং॥ ৪৬॥

করেন, তাঁহারা নিশ্চয়ই অক্ষয় বিষ্ণুলোককে প্রাপ্ত হয়েন॥ ৪৪॥

পদ্মপুরাণে দেবদূত বিকুণ্ডলসম্বাদে নিজদূতের প্রতি যমের শাসন॥

হে দূতগণ! যাঁহারা প্রস্তাব ক্রমে একবার-মাত্র কেশবকে স্মরণ করেন, সমস্ত পাপরাশি নাশ হওয়াতে তাঁহারা বিষ্ণুর পরম ধামে গমন করেন॥ ৪৫॥ ব্রহ্মপুরাণে এবং বিষ্ণুরহস্যে॥

যে সকল মনুষ্য শাঠ্য ভাবেও জনার্দ্দন বিষ্ণুকে স্মরণ করেন, তাঁহারাও দেহত্যাগ করিয়া সর্ব্বদোষ রহিত বিষ্ণুলোকে গমন করেন॥৪৬॥

বিষ্ণুধর্ম্মোত্তরে॥

যাঁহারা বাসনাশূন্য ও মমতাশূন্য হইয়া বিষ্ণুর স্মরণে তৎপর হয়েন, তাঁহারা সেই বিষ্ণুর পরমপদে গমন করেন, যে স্থানে গমন করিলে আর শোক অনুভব করিতে হয় না॥

বিষ্ণুস্মরণে তদীয় সারূপ্যপ্রাপ্তি হয়॥

কাশীখণ্ডে বিন্দুমাধব প্রস্তাবে অগ্নিবিন্দু স্তবে যথা—

যে ত্বাং ত্রিবিক্রম সদা হৃদি শীলয়ন্তি
কাদম্বিনীরুচিররোচিষমম্বুজাক্ষ।
সৌদামিনী বিলসিতাংশুকবীতমূর্ত্তে
তেঽপি স্পৃশন্তি তব কান্তিমচিন্ত্যরূপাং ॥ ৪৭ ॥

শ্রীভগবদ্গীতাসু ॥

অন্তকালে চ মামেব স্মরন্মুক্ত্বা কলেবরং।
যঃ প্রযাতি স মদ্ভাবং যাতি নাস্ত্যত্র সংশয়ঃ ॥ ৪৮ ॥

শ্রীভগবদ্বশীকরণং। দশমস্কন্ধে পৃথুকোপাখ্যানে ॥

স্মরতঃ পাদকমলমাত্মানমপি যচ্ছতি।

শীলয়ন্তি অভ্যসন্তি স্পৃশন্তি কিঞ্চিৎ সাদৃশ্যেন লভন্তে ইহৈব যথা শ্রীপ্রহ্লাদোদ্ধবাদয়ঃ ॥ ৪৭

অপ্যর্থে চকারঃ। অন্তকালেঽপি কিং পুনঃ সর্ব্বকালং স্বস্থাবস্থায়ামিত্যর্থঃ। মদ্ভাবং মত্তং মৎসারূপ্যমিতি যাবৎ ॥ ৪৮ ॥

অর্থান্ কামাংশ্চ যচ্ছতি ইতি কিং বক্তব্যমিত্যর্থঃ। কথম্ভূতান্ নাত্যভীষ্টান্ ভগবতো ভজতো বা জনস্য অনতিপ্রিয়ান্ পরিণামবিরসত্বাৎ জগদ্গুরুরিতি ভক্ত্যা কথঞ্চিদত্য-

হে ত্রিবিক্রম! হে পদ্মনেত্র! আপনার কান্তি মেঘমালার ন্যায় মনোহর নীলবর্ণ, আপনার মূর্ত্তি সৌদামিনীর ন্যায় প্রভাপ্রযুক্ত পীত-বসনে আবৃত, যাঁহারা হৃদয় মধ্যে সর্ব্বদা আপনাকে ধ্যান করেন, তাঁহা-রাই আপনার অচিন্ত্যরূপা কান্তি প্রাপ্ত হয়েন ॥ ৪৭ ॥

শ্রীভগবদ্গীতার ৮ অধ্যায়ে ৫ শ্লোকে ॥

যে ব্যক্তি অন্তকালেও আমাকে মাত্র স্মরণ পূর্ব্বক কলেবর পরি-ত্যাগ করিয়া যান, তিনি আমাকে প্রাপ্ত হয়েন সন্দেহ নাই ॥ ৪৮ ॥

বিষ্ণুস্মরণের শ্রীভগবান্‌কে বশীভূত করিবার সামর্থ্য যথা ॥

দশমস্কন্ধে ৮০ অধ্যায়ে ৮ শ্লোকে পৃথুকোপাখ্যানে ॥

যাঁহার পাদপদ্ম স্মরণ করিলে যিনি স্বয়ং আপনাকেও দান করেন, সেই জগদ্গুরুকে ভজনা করিলে তিনি যে অভীষ্ট দান করিবেন,

কিন্ত্বর্থকামান্ ভজতো নাত্যভীষ্টান্ জগদ্গুরুঃ ॥ ৪৯ ॥

স্বতঃ পরমফলত্বং বৈষ্ণবে ॥

বাসুদেবে মনো যস্য জপহোমার্চ্চনাদিষু।

তস্যান্তরায়ো মৈত্রেয় দেবেন্দ্রত্বাদিমৎফলং ॥

গারুড়ে ॥

মহতস্তপসো মূলং প্রসবঃ পুণ্যসন্ততেঃ।

জীবিতস্য ফলং স্বাদু নিয়তং স্মরণং হরেঃ ॥ ৫১ ॥

দ্বিতীয়স্কন্ধে ॥

এতাবান্ সাংখ্যযোগাভ্যাং স্বধর্ম্মপরিনিষ্ঠয়া।

হভীষ্টানপি সতঃ তস্মৈ পিতা পুত্রায়াপথ্যমিব ন দদ্যাদিতি ভাবঃ ॥ ৪৯ ॥

জপাদিষু কর্ম্মসু তৎসাদগুণ্যার্থমপি যস্য বাসুদেবে মনঃ যেন শ্রীকৃষ্ণস্মরণং কৃতমিত্যর্থঃ। যদ্বা। যেষু ক্রিয়মাণেষ্বপি বাসুদেব এব মনঃ জপাদিসাধ্যং ঐন্দ্র্যপদং আদিশব্দাৎ ব্রাহ্মঞ্চ তত্তৎ কৃতচিত্তশুদ্ধ্যাদি জাতং মুক্ত্যাদিকমপি সর্ব্বমস্তু ফলং বিঘ্ন এব তৎস্মরণস্যৈব পরমফলত্বাৎ॥৫০

প্রসবঃ ফলং নিয়তং নিশ্চিতমেব ॥ ৫১ ॥

সাংখ্যং আত্মানাত্মবিবেকঃ যোগোঽষ্টাঙ্গ স্তাভ্যাং। তথা স্বধর্ম্মে পরিতোনিষ্ঠয়া চ কৃত্বা পুংসাং

ইহাতে আর বক্তব্য কি আছে ॥ ৪৯ ॥

বিষ্ণুস্মরণের স্বভাবসিদ্ধই পরমফলত্ব যথা ॥

বিষ্ণুপুরাণে ॥

পরাশর কহিলেন, হে মৈত্রেয়! জপ, হোম এবং অর্চ্চনাপ্রভৃতি কার্য্যে যাঁহার মন বাসুদেবে অর্পিত, ইন্দ্রত্বপদ প্রভৃতি উৎকৃষ্ট ফল তাঁহার পক্ষে বিঘ্ন স্বরূপ ॥ ৫০ ॥

গরুড়পুরাণে ॥

নিশ্চয় বিষ্ণুস্মরণ মহতী তপস্যার মূল, পুণ্য সকলের উৎপাদক এবং জীবনের সুস্বাদু ফল ॥ ৫১ ॥

দ্বিতীয়স্কন্ধে ১ অধ্যায়ে ৬ শ্লোকে ॥

স্বধর্ম্মে নিষ্ঠা করিয়া আত্মানাত্ম বিবেক অর্থাৎ এই আত্মা এই

জন্মলাভঃ পরঃ পুংসামন্তে নারায়ণস্মৃতিঃ ॥ ৫২ ॥
অতএব জরাসন্ধনিরুদ্ধনৃপবর্গৈঃ প্রার্থিতং দশমস্কন্ধে ॥ ৫২ ॥
তং নঃ সমাদিশোপায়ং যেন তে চরণাব্জয়োঃ।
স্মৃতি র্যথা ন বিরমেদপি সংসরতামিহ ॥ ৫৩ ॥
শ্রীনারদেনাপি।
দৃষ্টং তবাঙ্ঘ্রিকমলং জনতাপবর্গং
ব্রহ্মাদিভির্হৃদি বিচিন্ত্যমগাধবোধৈঃ।

জন্মনো যো লাভঃ ফলং এতাবানেব নত্বন্য ইতি যোগাদীনাং তদেকপরতোক্তা কোহসৌ তদাহ নারায়ণস্য স্মৃতিরিতি অন্তেতু স্মৃতিঃ পরমো লাভঃ। ন তন্মাহিমানং বক্তুং শক্যত ইত্যর্থঃ। যদ্বা। অন্তেঽপি স্মৃতিঃ পরমোলাভঃ কিং পুনরাজন্ম সদা স্মৃতিরিত্যর্থঃ। অন্যৎ সমানং ॥ ৫২ ॥

যেন উপায়েন যথা যথাবৎ স্মৃতিঃ প্রেমস্মরণমিত্যর্থঃ। যদ্বা। যথাবৎ সংস্মরতাং দেহাদ্যাসক্ত্যা নিতরাং সংসারদুঃখং লভমানানামপীত্যর্থঃ ॥ ৫৩ ॥

জনতায়া ভক্তবর্গস্যাপবর্গরূপং। ব্রহ্মাদিভিরপি হৃদি চিন্ত্যমেব। সংসারকূপে পতিতানাং

অনাত্মা এইরূপ বিচার ও অষ্টাঙ্গ যোগ এতদুভয় দ্বারা যে নারায়ণ স্মরণ তাবন্মাত্রেই পুরুষের লাভ, পরন্তু অন্তে নারায়ণস্মরণ পরম লাভ, তাহার মহিমা বলিয়া শেষ করিতে পারা যায় না ॥ ৫২ ॥

অতএব জরাসন্ধ কর্তৃক নিরুদ্ধ রাজগণের প্রার্থনা
দশমস্কন্ধের ৭৩ অধ্যায়ে ১৩ শ্লোকে যথা—

হে ভগবন্! এক্ষণে আমাদিগকে এমত কোন উপায় উপদেশ করুন যাহাতে আমরা সংসারী হইয়া থাকিলেও আপনার চরণকমলে স্মৃতির বিরাম না হয় ॥ ৫৩ ॥

দশমস্কন্ধে ৬৯ অধ্যায়ে ১৬ শ্লোকে নারদের বাক্যেতেও ॥

ভক্তজন সকলের মুক্তির কারণ আপনার পাদযুগল দর্শন করিলাম, অপরিমিত বুদ্ধিসম্পন্ন ব্রহ্মাদি দেবতারা যাঁহাকে হৃদয়ে ধারণ পূর্ব্বক

সংসারকূপপতিতোত্তরণাবলম্বং
ধ্যায়ংশ্চরাম্যনুগৃহাণ যথাস্মৃতিঃ স্যাদিতি ॥ ৫৪ ॥
কৃষ্ণস্মরণমাহাত্ম্যমহাব্ধির্দুস্তরো ধিয়া।
যো যিযাসতি তৎপারং স হি চৈতন্যবঞ্চিতঃ ॥ ৫৫ ॥
ততঃ পাদোদকং কিঞ্চিৎ প্রাক্ পীত্বা তুলসীদলৈঃ।

উত্তরণায় সুখোত্থানায় অবলম্বং আশ্রয়ং। ঈদৃশং তবাঙ্ঘ্রিকমলং ময়া দৃষ্টং অতঃকৃতার্থোঽস্মি তথাপি ভবৎস্মৃতির্যথা স্যাত্তথানুগৃহাণ যেন তবাঙ্ঘ্রিং ধ্যায়ন্নেব চরামি। যদ্বা। অধুনা দৃষ্টং অন্যত্র গতোঽপীমং ত্বদঙ্ঘ্রিং ধ্যায়ন্নেব। কিঞ্চ। যথাবৎ স্মৃতিঃ স্যাদিত্যনুগ্রহং কুরু। যদ্বা। এবমনন্যগতিকত্বেন মম তদীয়াঙ্ঘ্রিকমলধ্যানং কদাচিদেতদ্দর্শনং চ ভবেদেব কিন্তু মদ্বিষয়িকা তব স্মৃতি র্মনোবৃত্তি র্যথা স্যাত্তথানুগৃহাণ। যদ্বা। দৃষ্টত্বাদন্যত্র গতোঽপ্যেতদেব চিন্তয়ন্ চরিষ্যামি কিন্ত্বনেনানুগ্রহেণালং অধুনা তথানুগ্রহং কুরু যথা অস্মৃতিঃ স্মরণাভাবঃ স্যাৎ। অন্যত্রগতস্য সততং স্মরণেন বিরহদুঃখবৃদ্ধের্বরমস্মরণমেবানুগ্রহ ইত্যর্থঃ। এতচ্চ সদা শ্রীকৃষ্ণপাদপদ্মান্তিকে বাসমলভমানস্য প্রেমোদ্রেকবাক্যগাম্ভীর্য্যং এবমপি স্মরণস্যৈব পরমমাহাত্ম্যং পর্য্যবস্যতীতি দিক্ ॥ ৫৪ ॥

ধিয়া দুস্তরঃ অর্থতো বচনতশ্চ বুদ্ধ্যাপি অস্য তাবল্লিখনেন পারং গন্তুমশক্যমিত্যর্থঃ। ধিয়েত্যস্যাগ্র এবান্বয়ঃ তস্য পারং যো যাতুমিচ্ছতি স চৈতন্যেন বঞ্চিতঃ অচেতন ইত্যর্থঃ। স্বমতে শ্রীচৈতন্যদেবেন মায়য়া প্রতারিতঃ পরিত্যক্তো বেত্যর্থঃ নিজাশক্যে কর্ম্মণি প্রবৃত্তেঃ॥৫৫

পাদোদকং শ্রীভগবচ্চরণামৃতং প্রাক্ আদৌ পীত্বেত্যত্র কারণমগ্রে লেখ্যং। শালগ্রাম-

ধ্যান করেন সংসারকূপে পতিত ব্যক্তির উদ্ধারের আলম্বন স্বরূপ সেই চরণযুগল ধ্যান করত চিরকাল বিচরণ করিব, তদ্বিষয়ে আমার যাহাতে সর্ব্বদা স্মৃতি থাকে আমার প্রতি এমত অনুগ্রহ করুন ॥ ৫৪ ॥

শ্রীকৃষ্ণস্মরণ মাহাত্ম্য রূপ দুস্তর মহাসাগর, যিনি মনোদ্বারাও উহার পারে গমন করিতে ইচ্ছা করেন, তাঁহার চেতনা নাই অথবা তিনি নিজমতে চৈতন্যদেবের মায়ায় বিমোহিত ॥ ৫৫ ॥

অনন্তর অগ্রে কিঞ্চিৎ চরণামৃত পান করিয়া তুলসীপত্রে করিয়া ঐ

গৃহীতেনাচরেত্তেন স্বমূর্দ্ধন্যভিষেচনং ॥ ৫৬ ॥
অথাদৌ শ্রীগুরুং নত্বা শ্রীকৃষ্ণস্য পদাব্জয়োঃ।
কিঞ্চিদ্বিজ্ঞাপয়ন্ সর্ব্বস্বকৃত্যান্যর্পয়েন্নমেৎ ॥

অথ প্রাতঃপ্রণামঃ। বামনপুরাণে ॥

সর্ব্বমঙ্গলমঙ্গল্যং বরেণ্যং বরদং শিবং।
নারায়ণং নমস্কৃত্য সর্ব্বকর্ম্মাণি কারয়েৎ ॥ ৫৭ ॥

অথ বিজ্ঞাপনং।

বিষ্ণুধর্ম্মোত্তরে ॥

যদুৎসবাদিকং কর্ম্ম তত্ত্বয়া প্রেরিতো হরে।

শিলাতোয়মপীত্বা যস্তু মস্তকে। প্রক্ষেপণমকুর্ব্বীত ব্রহ্মহা স নিগদ্যতে ইতি তুলসীদলৈঃ কৃত্বা সহ বা গৃহীতেন তেন পাদোদকেনৈব স্বমস্তকেঽভিষেকং কুর্য্যাৎ ॥ ৫৬ ॥

বিজ্ঞাপনদ্বারৈব সর্ব্বাণি স্বস্য কৃত্যানি অর্পয়ন্ নমেৎ সাষ্টাঙ্গপ্রণামং কুর্য্যাৎ অগ্রে যথাবিধীতি লিখনাৎ ॥ ৫৭ ॥

বিজ্ঞাপয়ন্নিতি লিখিতং তৎপ্রকারমেব লিখতি যদিতি। তচ্চ তবাজ্ঞেয়মিত্যেব

চরণামৃত লইয়া নিজের মস্তকে অভিষেক করিবে ॥ ৫৬ ॥

তাহার পর প্রথমতঃ শ্রীগুরুকে নমস্কার করিয়া শ্রীকৃষ্ণের পাদপদ্মযুগলে কিঞ্চিন্নিবেদন করত নিজের সমুদায় কর্ম্ম অর্পণ ও নমস্কার করিবে ॥

অথ প্রাতঃপ্রণাম। বামনপুরাণে ॥

সকল মঙ্গলের মঙ্গল জনক, আরাধনীয়, বরদাতা, মঙ্গলময় নারায়ণকে নমস্কার করিয়া সমুদায় কর্ম্ম করিবে ॥ ৫৭ ॥

অথ বিজ্ঞাপন ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে ॥

হে হরে! যে কিছু উৎসবাদি কর্ম্ম আপনা কর্ত্তৃক নিযোজিত

করিষ্যামি ত্বয়া জ্ঞেয়মিতি বিজ্ঞাপনং মম ॥ ৫৮ ॥
প্রাতঃ প্রবোধিতো বিষ্ণো হৃষীকেশেন যত্ত্বয়া।
যদ্যৎ কারয়সীশান তৎ করোমি তবাজ্ঞয়া ॥ ৫৯ ॥
ত্রৈলোক্যচৈতন্যময়াদিদেব, শ্রীনাথ বিষ্ণো ভবদাজ্ঞয়ৈব।
প্রাতঃ সমুত্থায় তব প্রিয়ার্থং, সংসারযাত্রামনুবর্ত্তয়িষ্যে ॥ ৬০ ॥
সংসারযাত্রামনুবর্ত্তমানং ত্বদাজ্ঞয়া শ্রীনৃহরেহন্তরাত্মন্।
স্পর্দ্ধা-তিরস্কার-কলিপ্রমাদ,-ভয়ানি মা মাভিভবন্তু ভূমন্ ॥
জানামি ধর্ম্মং নচ মে প্রবৃত্তি, র্জানাম্যধর্ম্মং নচ মে নিবৃত্তিঃ।

করিষ্যামি ॥ ৫৮ ॥
কারয়সীতি করোত্যর্থনা সর্ব্বথা স্বর্থেব স্তুতিবাং বাহ্যাভ্যন্তরসর্ব্বেন্দ্রিয়চেষ্টিতং ব্যাপ্নোসি ॥৫৯
সংসারযাত্রাং লোকব্যবহারং ॥ ৬০ ॥
মা মাং। ভূমন্ হে মহত্তম ॥ ৬১ ॥

হইয়া তাহা আচরণ করিব, আপনি ইহা জানিবেন, এই আমার বিজ্ঞাপন ॥ ৫৮ ॥

হে বিষ্ণো! হে ঈশান! আপনি ইন্দ্রিয় বর্গের অধীশ্বর, আপনা কর্ত্তৃক প্রাতঃকালে জাগরিত হইলাম, আপনি যাহা যাহা করান, আপনার আজ্ঞায় তাহাই করিয়া থাকি ॥ ৫৯ ॥

হে ত্রিলোকের জ্ঞানরূপ! হে আদিদেব! হে শ্রীনাথ! হে বিষ্ণো! আপনার আজ্ঞাতেই প্রাতঃকালে গাত্রোত্থান করিয়া আপনার প্রিয় সাধনের নিমিত্ত সংসার যাত্রা অনুষ্ঠান করিব ॥ ৬০ ॥

হে নৃহরে! হে অন্তরাত্মন্ হে ভূমন্! অর্থাৎ হে মহত্তম! আমি যখন আপনার আজ্ঞায় সংসার অনুষ্ঠান করিব, তখন যেন স্পর্দ্ধা, তিরস্কার, কলহ, প্রমাদ ও ভয় সকল আমাকে আক্রমণ না করে ॥

আমি ধর্ম্ম জানি কিন্তু তাহাতে আমার প্রবৃত্তি নাই, আমি অধর্ম্মও জানি কিন্তু তাহা হইতে আমার নিবৃত্তি নাই। হে হৃষীকেশ! অর্থাৎ

ত্বয়া হৃষীকেশ হৃদিস্থিতেন, যথানিযুক্তোঽস্মি তথা করোমি ॥
অথ প্রণামবাক্যানি। মহাভারতে।
নমো ব্রহ্মণ্যদেবায় গোব্রাহ্মণহিতায় চ।
জগদ্ধিতায় কৃষ্ণায় গোবিন্দায় নমো নমঃ ॥
গরুড়পুরাণে ॥
অসুরবিবুধসিদ্ধৈর্জ্ঞায়তে যস্য নান্তঃ
সকলমুনিভিরন্তশ্চিন্ত্যতে যো বিশুদ্ধঃ।
নিখিলহৃদি নিবিষ্টো বেত্তি যঃ সর্ব্বসাক্ষী
তমজমমৃতমীশং বাসুদেবং নতোঽস্মি ॥
বিষ্ণুপুরাণে ॥
যজ্ঞিভির্যজ্ঞপুরুষো বাসুদেবশ্চ সাত্বতৈঃ।
বেদান্তবেদিভির্বিষ্ণুঃ প্রোচ্যতে যো নতোঽস্মি তমিতি ॥৬১॥

হে ইন্দ্রিয়গণের পরিচালক! আপনি হৃদয়ে অবস্থিতি করিয়া যে প্রকারে নিযুক্ত করেন তাহাই করিয়া থাকি ॥

অথ প্রণাম বাক্য সকল। মহাভারতে ॥

ব্রহ্মণ্যদেব, গোব্রাহ্মণহিতকারি, জগতের কল্যাণপ্রদ, গোবিন্দ কৃষ্ণকে বারম্বার নমস্কার ॥

গরুড়পুরাণে ॥

অসুর, দেবতা ও সিদ্ধগণ যাঁহার অন্ত জানিতে পারেন না, মুনিগণ যাঁহাকে অন্তঃকরণ মধ্যে চিন্তা করেন, যিনি নির্ম্মল, যিনি সকলের হৃদয়ে অবস্থিত হইয়া সমুদায় জ্ঞাত আছেন এবং যিনি সকলের সাক্ষী সেই জন্মহীন, সত্য, ঈশ্বর ও বাসুদেবকে নমস্কার করি ॥

বিষ্ণুপুরাণে ॥

যাজ্ঞিকেরা যাঁহাকে যজ্ঞপুরুষ, ভক্তগণ যাঁহাকে বাসুদেব এবং বেদান্তশাস্ত্রজ্ঞেরা যাঁহাকে বিষ্ণু বলেন আমি তাঁহাকে নমস্কার করি ॥৬১

এবং বিজ্ঞাপয়ন্ ধ্যায়ন্ কীর্ত্তয়ংশ্চ যথাবিধি।
প্রণামানাচরেচ্ছক্ত্যা চতুঃসংখ্যাবরান্ বুধঃ॥ ৬২॥
শ্রীগোপীচন্দনেনোর্দ্ধপুণ্ড্রং কৃত্বা যথাবিধি।
আসীত প্রাঙ্মুখো ভূত্বা শুদ্ধস্থানে শুভাসনে॥ ৬৩॥
তথাচ নারদীয়পঞ্চরাত্রে॥
নির্গত্যাচম্য বিধিবৎ প্রবিশ্য চ পুনঃ সুধীঃ।
আসনে প্রাঙ্মুখো ভূত্বা বিহিতে চোপবিশ্য বৈ॥ ৬৪॥
সম্প্রদায়ানুসারেণ ভূতশুদ্ধিং বিধায় চ।
প্রাণায়ামাংশ্চ বিধিবৎ কৃষ্ণং ধ্যায়েৎ যথোদিতং॥ ৬৫॥

এবং যত্নং সবাদিকং কম্মেত্যাদিনোক্তং। যথাবিধীতি পদ্ভ্যাং করাভ্যাং জানুভ্যামিত্যাদিনাগ্রে লেখ্যপ্রকারেণেত্যর্থঃ। চতুঃসংখ্যা অবরা অন্ত্যা যেষু তান্ চতুঃসংখ্যায়া ন্যূনান্ন কুর্য্যাৎ অধিকানেব কুর্য্যাদিত্যর্থঃ॥ ৬২॥

যথাবিধি হরিমন্দির নির্ম্মাণাদি প্রকারেণ। শুভে উত্তমে বিহিতাসনে। তত্তৎ সর্ব্বমগ্রে ব্যক্তং ভাবি॥ ৬৩॥

নির্গত্য গৃহান্নিঃসৃত্য মূত্রোৎসর্গাদিকং কৃত্বেত্যর্থঃ। বিধিবদাচম্য অস্য ক্রিয়াশ্বয়শ্লোকোঽত্রানুপযুক্তত্বাৎ ন লিখিতঃ॥ ৬৪॥

নিজসংপ্রদায়স্যানুসারেণেতি ভূতশুদ্ধে র্বিবিধরূপত্বাৎ প্রাণায়ামাংশ্চ বিধায়॥ ৬৫॥

পণ্ডিত ব্যক্তি এইরূপ বিজ্ঞাপন, স্মরণ ও কীর্ত্তন করিয়া যথাবিধি শক্ত্যনুসারে চারি সংখ্যার অন্যূন প্রণাম করিবেন না॥ ৬২॥

গোপীচন্দন দ্বারা যথাবিধি ঊর্দ্ধপুণ্ড্র করিয়া পূর্ব্বমুখে পবিত্র আসনে উপবেশন করিবেন॥ ৬৩॥

অতএব নারদপঞ্চরাত্রে॥

পণ্ডিত ব্যক্তি গৃহ হইতে নির্গত হইয়া অর্থাৎ মল মূত্র ত্যাগের পর বিধি পূর্ব্বক আচমন করিয়া পুনরায় গৃহে প্রবেশ করত শাস্ত্রোক্ত আসনে পূর্ব্বমুখে উপবেশন করিবেন॥ ৬৪॥

পরে স্বীয় সম্প্রদায় অনুসারে যথাবিধি ভূতশুদ্ধি ও প্রাণায়াম বিধান করিয়া যথোক্ত প্রকারে শ্রীকৃষ্ণকে ধ্যান করিবেন॥ ৬৫॥

তথাচোক্তং ॥

উপপাতকেষু সর্ব্বেষু পাতকেষু মহৎসু চ।

প্রবিশ্য রজনীপাদং বিষ্ণুধ্যানং সমাচরেৎ ॥

বৈহায়সপঞ্চরাত্রে চ ॥

তথৈব রাত্রিশেষন্তু কালং সূর্য্যোদয়াবধি।

কর্ত্তব্যং সজপং ধ্যানং নিত্যমারাধকেন বৈ ॥ ৬৬ ॥

বিভজ্য পঞ্চধা রাত্রিং শেষে দেবার্চ্চনাদিকং।

জপং হোমং তথা ধ্যানং নিত্যং কুর্ব্বীত সাধকঃ ॥

অতএব বিষ্ণুস্মৃতৌ ॥

রাত্রেস্তু পশ্চিমে যামে মুহূর্ত্তো ব্রাহ্ম্য উচ্যতে ॥ ইতি ॥ ৬৭ ॥

পাদোদপানাদীনাঞ্চ স বিধির্মহিমাগ্রতঃ।

উপপাতকাদিষ্বাপ নিমিত্তেষু কিং পুন বিষ্ণুধ্যানার্থং। রাত্রেঃ শেষং কালং ব্যাপ্য তস্মাদারভ্যেত্যর্থঃ ॥ ৬৬ ॥

আদিশব্দেন প্রণামোর্দ্ধপুণ্ড্র ভূতশুদ্ধি প্রাণায়ামাদিঃ ॥ ৬৭ ॥

অতএব উক্ত হইয়াছে ॥

যত উপপাতক ও যত মহাপাতক তৎসমুদায় নাশকরণের ইচ্ছায় মৌত্রাদি কৃত্য সমাপনের পর গৃহে প্রবেশ করিয়া রজনীর শেষভাগে বিষ্ণুস্মরণ করিবে ॥

বৈহায়সপঞ্চরাত্রেও উক্ত হইয়াছে ॥

ঐ প্রকার আরাধনকারী পুরুষ সূর্য্যোদয় পর্য্যন্ত রাত্রির শেষভাগে নিত্য জপ ও ধ্যান করিবেন ॥ ৬৬ ॥

সাধক ব্যক্তি রাত্রিকে পাঁচভাগে বিভক্ত করিয়া শেষভাগ নিত্য দেবার্চ্চনাদি, জপ, হোম এবং ধ্যান করিবেন ॥

অতএব বিষ্ণুস্মৃতিতে ॥

রাত্রির শেষ প্রহরের শেষ মুহূর্ত্তকে ব্রাহ্ম্যমুহূর্ত্ত কহা যায় ॥ ৬৭ ॥

পাদোদক-পানাদির বিধি ও মহিমা পরে লেখা যাইবে, এক্ষণে

লেখ্যোঽধুনা তু ধ্যানস্য সসংক্ষেপেণ লিখ্যতে ॥ ৬৮ ॥

অথ প্রাতর্ধ্যানং ।　তাপনীয় শ্রুতিষু ॥

সৎপুণ্ডরীকনয়নং মেঘাভং বৈদ্যুতাম্বরং ।

দ্বিভুজং মৌনমুদ্রাঢ্যং বনমালিনমীশ্বরং ।

গোপগোপীগবাবীতং সুরদ্রুমলতাশ্রয়ং ।

দিব্যালঙ্করণোপেতং রক্তপঙ্কজমধ্যগং ।

কালিন্দীজলকল্লোলসঙ্গিমারুতসেবিতং ।

চিন্তয়ংশ্চেতসি তং কৃষ্ণং মুক্তোভবতি সংসৃতেঃ ॥ ৬৯ ॥

মৃত্যুঞ্জয়সংহিতানুসারোদিতশারদাতিলকে চ ॥

স্মরেদ্বৃন্দাবনে রম্যে মোহয়ন্তমনারতং ।

বিধিঃ তৎপানমন্ত্রোচ্চারণাদিপ্রকারস্তৎসহিতঃ । সধ্যানস্য বিধি মহিমা চেত্যর্থঃ ॥ ৬৮ ॥

গোপৈ র্গোপীভি র্গোভিশ্চ বীতং পরিবেষ্টিতং ॥ ৬৯ ॥

গোপকন্যা এব বিশিনষ্টি আস্থন ইতি ত্রিভিঃ । গোবিন্দস্য বদনাম্ভোজে প্রেরিতা

সংক্ষেপে ধ্যানের বিধি এবং মহিমা লেখা যাইতেছে ॥ ৬৮ ॥

অথ প্রাতর্ধ্যান ।　তাপনীয় শ্রুতিতে ॥

প্রফুল্ল কমল তুল্য নয়নশালী, মেঘের ন্যায় কান্তি বিশিষ্ট, বিদ্যুৎ সদৃশ পীতবসন পরিধান, দ্বিভুজ, মৌনমুদ্রাযুক্ত, বনমালাধারী, ঈশ্বর, গোপ, গোপী ও গো সমূহ কর্ত্তৃক পরিবেষ্টিত, কল্পবৃক্ষ লতার মূলে অবস্থিত, দিব্যালঙ্কারে বিভূষিত, রক্তপদ্মের মধ্যস্থলে সন্নিবিষ্ট এবং যমুনা জলের তরঙ্গ সংসর্গি বায়ু কর্ত্তৃক সেবিত, এই প্রকার সেই শ্রীকৃষ্ণকে চিন্তা করিলে সংসার হইতে মুক্ত হয় ॥ ৬৯ ॥

মৃত্যুঞ্জয় সংহিতার অনুসারে শারদাতিলকেও
ধ্যান কথিত হইয়াছে যথা ॥

যে সহস্র সহস্র গোপকন্যা শ্রীকৃষ্ণের বদনকমলে স্বস্ব নয়ন ভ্রমর

গোবিন্দং পুণ্ডরীকাক্ষং গোপকন্যাঃ সহস্রশঃ।
আত্মনো বদনাম্ভোজপ্রেরিতাক্ষিমধুব্রতাঃ।
কামবাণেন বিবশাশ্চিরমাশ্লেষণোৎসুকাঃ।
মুক্তাহারলসৎপীনোত্তুঙ্গস্তনভরানতাঃ।
স্রস্তধম্মিল্লবসনা মদস্খলিতভাষণাঃ।
দন্তপঙ্‌ক্তিপ্রভোদ্ভাসিস্পন্দমানাধরাঞ্চিতাঃ।
বিলোভয়ন্তী র্বিবিধৈর্বিভ্রমৈর্ভাবগর্ব্বিতৈঃ ॥ ৭০ ॥
ফুল্লেন্দীবরকান্তিমিন্দুবদনং বর্হাবতংসপ্রিয়ং
শ্রীবৎসাঙ্কমুদারকৌস্তুভধরং পীতাম্বরং সুন্দরং।

অক্ষিমধুব্রতা যাভিস্তাঃ। বিলোভয়ন্তী র্গোবিন্দমেব ॥ ৭০ ॥

আদিশব্দেন ত্রৈলোক্যসম্মোহনতন্ত্রসনৎকুমারকল্পাদিতন্ত্রাঃ। তস্য গোবিন্দস্য পরঞ্চ ধ্যানং প্রসিদ্ধমেব অত্র গ্রন্থেঽপ্যগ্রতো লেখ্যং ক্রমদীপিকোক্তমথ প্রকটসৌরভেত্যাদি শ্রীগৌতমীয়তন্ত্রে চ পীতাম্বরধর ইত্যাদি তত্র ধ্যানে যস্য যৎ প্রিয়ং স্যাৎ তৎ সংসেবতাং। তত্র শ্রীগৌতমীয়তন্ত্রে নবীননীরদশ্যামমিত্যাদিকং সুপ্রসিদ্ধমেব। সম্মোহনতন্ত্রেচ শ্রীশিবেনোক্তং। শৃণু দেবি প্রবক্ষ্যামি রহস্যং ভুবনেশ্বরি। তবৈব পৌরুষং রূপং গোপিকাবদনামৃতং। সদা নিষেবিতং রাগান্তবন্থিরহভীরুণা। সত্যভামাদিরূপাভির্মায়ামূর্ত্তিভিরষ্টভিঃ।

নিযুক্ত করিয়া রাখিয়াছেন, কামবাণে বিবশ হইয়া গাঢ় আলিঙ্গনে উৎকণ্ঠিত হইয়াছেন, মুক্তাহার শোভিত স্থূল উচ্চস্তনে অবনত হইয়াছেন, যাঁহাদিগের কেশবন্ধন বিগলিত, মত্ততা হেতু বাক্য স্খলিত, দন্ত পঙ্‌ক্তির প্রভা দ্বারা কম্পিত অধরে সুশোভিত এবং যাঁহারা বিবিধ শৃঙ্গারাদি ভাব গর্ব্বিত বিভ্রম দ্বারা গোবিন্দকে প্রলোভিত করিতেছেন, রমণীয় বৃন্দাবন মধ্যে সেই সকল গোপকন্যাবিমোহনকারি পুণ্ডরীকলোচন গোবিন্দকে স্মরণ করিবে ॥ ৭০ ॥

যাঁহার প্রফুল্ল নীলপদ্মের ন্যায় কান্তি, চন্দ্র তুল্য মনোহর বদন, ময়ূরপুচ্ছের ভূষণে অতিশয় প্রীত এবং যিনি শ্রীবৎস লাঞ্ছিত, শোভমান কৌস্তুভধারী, পীতাম্বর, সুন্দর, মনোহর গোপীদিগের নয়ন পদ্ম-

গোপীনাং নয়নোৎপলার্চ্চিততনুং গোগোপসঙ্ঘাবৃতং।
গোবিন্দং কলবেণুবাদনপরং দিব্যাঙ্গভূষং ভজে ইতি॥

ধ্যায়েন্মদনগোপালং সংজ্ঞয়া ভুবনত্রয়ে। ধ্যানং তস্য প্রবক্ষ্যামি সর্ব্বপাপপ্রণাশনং। সর্ব্বরোগোপশমনং সংপুত্রাবাপ্তিকারকং। সৌভাগ্যদায়কং নৃণাং স্ত্রীণাঞ্চৈব বিশেষতঃ। কিমত্র বহুনোক্তেন ধ্যানেনানেন ভামিনি। যদ্যদিচ্ছতি তৎ সর্ব্বং নরঃ প্রাপ্নোত্যসংশয়ং। শ্রীমদ্বালার্ক সঙ্কাশং পদ্মরাগারুণপ্রভং। বন্ধূকবন্ধুরালোকং সন্ধ্যারাগোপমদ্যুতিং। মুকুটানেক মাণিক্যপ্রভাপল্লবিতাম্বরং। কিরীটোপান্তবিন্যস্ত বর্হিবর্হাবতংসকং। কস্তূরীতিলকাক্রান্ত কমনীয়ালকস্থলং। স্মরকোদণ্ড বিন্যস্ত সুনাভ্র কুটিলভ্রুবং। স্মেরগণ্ডস্থলং শ্রীমদুন্নতায়তনাসিকং। করুণালহরী পূর্ণকর্ণান্তায়তলোচনং। কর্ণাবলম্বি সৌবর্ণ কর্ণিকারাবতংসিনং। নিস্তল স্থূল মাণিক্য চারুমৌক্তিককুণ্ডলং। দন্তাংশু সুসমাশ্লিষ্টকোমলাধরপল্লবং। অসাধারণসৌভাগ্যচিবুকোদ্দেশশোভিতং। শশাঙ্কবিম্বাহঙ্কারশ্লাঘানন্দকরাননং। অনর্ঘ্যরত্নগ্রৈবেয়বিলসৎ কম্বুকন্ধরং। সৌরভাপোলরোলম্বৈঃ শুভৈর্মন্দারদামভিঃ। তদংশুমৌক্তিকৈর্হারৈ র্বৈজয়ন্ত্যাচ মালয়া। শ্রীবৎসকৌস্তুভাভ্যাঞ্চ পরিষ্কৃতভুজান্তরং। রত্নকঙ্কণকেয়ূরৈর্ভূষিতৈ র্দশভি র্ভুজৈঃ। চক্রং পুষ্পশরং পদ্মং শূলং শঙ্খেন্দুকার্ম্মুকং। গদাং পাশঞ্চ মুরলীং বিভ্রাণং মোহনাকৃতিং। নিম্ননাভিং রোমরাজিবলিসংপল্লবোদরং। বিশঙ্কট কটীদেশং বাচালমণিমেখলং। স্ফুরৎ সৌদামিনীচ্ছায়াদায়াদকনকাম্বরং। মণিমঞ্জীর কিরণৈঃ কিঞ্জল্কিতপদাম্বুজং। শাণোল্লীঢ়মণিশ্রেণীরম্যাঙ্ঘ্রিনখমণ্ডলং। আপাদকণ্ঠমামুক্ত ভূষাশত মনোহরং। কল্পবৃক্ষ মহারামে মহিতে রত্নমণ্ডপে। চিন্তামণিমহাপীঠে মধ্যে হৈমসরোরুহে। কর্ণিকোপরি সংদীপ্তে শ্রীমচ্চক্রাসনে শুভে। তিষ্ঠন্তং দেবদেবেশং ত্রিভঙ্গী ললিতাকৃতিং। বামাংসশিখরোপান্তব্যালোলমণিকুণ্ডলং। উদঞ্চিতভ্রুবং কিঞ্চিৎ সুশোণাধরপল্লবং। গানব্যাজামৃতরসৈ র্বাঞ্ছিতশ্রুতিবৈভবৈঃ। তন্বন্তং স্বরান্মুগ্ধেন বেণুরন্ধ্রাণ্যনুক্রমাৎ। আবৃণ্বন্তং বিবৃণ্বন্তং মুহুরঙ্গুলিপল্লবৈঃ। উপাস্যমানমানন্দাৎ সদাসৈ র্দিবিষদ্গণৈঃ। ক্লৃপ্তদুন্দুভিনির্ঘোষৈ র্মুক্তপ্রসববৃষ্টিভিঃ। ধ্যায়েন্মদনগোপালং মন্ত্রী শুচিরলঙ্কৃতঃ। সর্ব্বান্ কামানবাপ্নোতি দুর্লভানপ্যযত্নত ইতি। তত্রৈবান্যত্র। ধ্যায়েৎ বৃন্দাবনে সম্যক্ সিদ্ধচারণবেষ্টিতে। গো-গোপ--গোপিকাক্রান্তে কল্পপাদপশোভিতে।

দ্বারা পূজিত দেহ, গো এবং গোপগণে আবৃত, সেই অব্যক্ত মধুরধ্বনি সম্পন্ন বেণুবাদনতৎপর, দিব্য অঙ্গভূষাধারী গোবিন্দকে ভজনা করি॥

শ্রীগৌতমীয়তন্ত্রাদৌ তদ্ধ্যানং প্রথিতং পরং।
অগ্রতোহত্রাপি সংলেখ্যং যদিষ্টং তত্র তদ্ভজেৎ ॥ ৭১ ॥

অথ ধ্যানমাহাত্ম্যং ॥

তত্র পাপপ্রণাশনত্বং বৃহৎশাতাতপস্মৃতৌ ॥

পক্ষোপবাসাৎ যৎ পাপং পুরুষস্য প্রণশ্যতি।
প্রাণায়ামশতেনৈব যৎপাপং নশ্যতে নৃণাং।

তন্মধ্যে দ্বিভুজং ধ্যায়েৎ পঞ্চবর্ষমথাচ্যুতং। স্নিগ্ধেন্দ্র নীলরুচিরং পূর্ণচন্দ্রনিভাননং। প্রসন্নবদনং শান্তং স্নিগ্ধনীলালকাবৃতং। কাকপক্ষধরং মন্ত্রী দামভূষিতমূর্দ্ধজং। কিঙ্কিণীজাল সগ্রস্থকটিসূত্রবিভূষিতং। মুক্তাদামলসদ্গাত্রং হরিচন্দনচর্চ্চিতং। কেয়ূরকটকানদ্ধং রত্নোল্লসিত কুণ্ডলং। দধানং দক্ষিণে পাণৌ নবনীতং সুশোভনং। বামে হাটকসন্নদ্ধাং যষ্টিমিষ্টাং সুশোভনাং। হেমপদ্মোপরি স্বৈরং নৃত্যন্তং বনমালিনমিতি। অস্মিংশ্চ ধ্যানে পঞ্চবর্ষত্বাদিনা পূর্ব্বস্মিংশ্চারুণকান্তি--দশভুজত্বাদিনা নিজমনোঽতৃপ্ত্যা ধ্যানদ্বয়মিদং মূলে ন লিখিতমিতি জ্ঞেয়ং। অত্র চান্যত্র সৌন্দর্য্যবিশেষাদ্যুক্ত্যাপেক্ষয়া লিখিতং সনৎকুমারকল্পে চ। কহ্লারকুসুম শ্যামমম্ভোরুহনিভেক্ষণং। বেণুনাদরতং দেবং বর্হিবর্হাবতংসকং। দিব্যপীতাম্বরধরং পূর্ণচন্দ্রনিভাননং। বন্যৈস্তমালকুসুমৈঃ শোভিতং বনমালয়া। নেত্রোৎপলৈশ্চ গোপীনামর্চ্চিতং সুন্দরাকৃতিং। হার--কেয়ূব--মুকুট--কুণ্ডলোদরবন্ধনৈঃ। বিরাজমানং শ্রীবৎসকৌস্তুভোদ্ভাসিতোরসং। গোপীজনৈঃ পরিবৃতং মূলে কল্পতরোঃ স্থিতং। গোপালৈর্গোপনিবহৈঃ শুদ্ধসত্ত্বৈরমৎসরৈঃ। আবৃতং দেবতাবৃন্দৈঃ পুষ্পাঞ্জলিকরৈর্দিবি। বেণুনাদ সমাবিষ্ট চিত্ত বৃত্তিভিরন্বিতং। দিব্যেন বেণুনাদেন নয়ন্তং স্ববশং জগদিতি। এতচ্চ পূর্ব্বাচার্য্যৈ র্লিখিতত্বাদত্র ন লিখিতমিতি দিক্ ॥ ৭১ ॥

গৌতমীয় তন্ত্রাদিতে শ্রীকৃষ্ণের ধ্যান প্রসিদ্ধ আছে। এই গ্রন্থেও পরে লিখিত হইবে, তন্মধ্যে যাঁহার যে ধ্যানে প্রীতি হইবে তিনি তদ্দ্বারা শ্রীকৃষ্ণের ধ্যান করিবেন ॥ ৭১ ॥

অথ ধ্যানের মহিমা॥

তন্মধ্যে ধ্যানের পাপনাশকারিত্বযথা বৃহৎশাতাতপ স্মৃতিতে ॥

একপক্ষ উপবাস করিলে পুরুষের যে পাপ বিনষ্ট হয়, একশত

প্রাণায়াম সহস্রেণ যৎপাপং নশ্যতে নৃণাং।
ক্ষণমাত্রেণ তৎপাপং হরের্ধ্যানাৎ প্রণশ্যতি ॥
বিষ্ণুধর্ম্মে ॥
সর্ব্বপাপপ্রসক্তোঽপি ধ্যায়ন্নিমিষমচ্যুতং।
ভূয়স্তপস্বী ভবতি পঙ্‌ক্তিপাবনপাবনঃ ॥
বিষ্ণুপুরাণে চ ॥
ধ্যায়েন্নারায়ণং দেবং স্নানাদিষু চ কর্ম্মসু।
প্রায়শ্চিত্তং হি সর্ব্বস্য দুষ্কৃতস্যেতি নিশ্চিতং ॥
কলিদোষহরত্বং বৃহন্নারদীয়ে কলিপ্রসঙ্গে ॥
সমস্ত জগদাধারং পরমার্থস্বরূপিণং ॥
ঘোরে কলিযুগে প্রাপ্তে বিষ্ণুং ধ্যায়ন্নসীদতি ॥

ভূয়োঽধিকং যথা স্যাত্তথা। পঙ্‌ক্তেঃ পাবনাদপি পাবনঃ পরমপাবন ইত্যর্থঃ ॥ ৭২ ॥

প্রাণায়াম করিলে মনুষ্যের যে পাপ নষ্ট হয়, এক সহস্র প্রাণায়াম করিলে মনুষ্যদিগের যে পাপ ক্ষয় হয়, শ্রীকৃষ্ণকে ধ্যান করিলে ক্ষণ মাত্রে সেই পাপ নষ্ট হইয়া যায় ॥

বিষ্ণুধর্ম্মে ॥

যদি কোন ব্যক্তি সমস্ত পাপ যুক্ত হইয়াও নিমিষ কাল মাত্র শ্রীকৃষ্ণকে ধান করে, তাহা হইলে সে পুনরায় তপস্বী হইয়া স্বীয় শ্রেণীর পবিত্রকারকদিগেরও পবিত্রকারী হয় ॥

বিষ্ণুপুরাণেতেও ॥

স্নানাদি কর্ম্ম সকলে নারায়ণদেবকে ধ্যান করিবে, নারায়ণের ধ্যান সমস্ত দুষ্কর্ম্মের প্রায়শ্চিত্ত স্বরূপ ইহা নিশ্চিত ॥

শ্রীকৃষ্ণ ধ্যানের কলিজন্য দোষহরত্ব যথা বৃহন্নারদীয়ে কলিপ্রস্তাবে ॥

ঘোর কলিযুগ উপস্থিত হইলে যে ব্যক্তি সমস্ত জগতের আধার, পরমার্থস্বরূপ বিষ্ণুকে ধ্যান করেন, তিনি কখন ক্লেশভোগ করিবেন না ॥

সর্ব্বকর্ম্মাধিকারিত্বং স্কান্দে কার্ত্তিকমাহাত্ম্যে অগস্ত্যোক্তৌ ॥

কিন্তস্য বহুভিস্তীর্থৈঃ কিং তস্য বহুভির্ব্রতৈঃ।
যো নিত্যং ধ্যায়তে দেবং নারায়ণমনন্যধীঃ ॥ ৭২ ॥

মোক্ষপ্রদত্বং ॥

বৃহন্নারদীয়ে প্রদক্ষিণমাহাত্ম্যান্তে ॥

যে মানবা বিগতরাগপরাপরজ্ঞা
নারায়ণং সুরগুরুং সততং স্মরন্তি।
ধ্যানেন তেন হতকিল্বিষবেদনাস্তে
মাতুঃ পয়োধররসং ন পুনঃ পিবন্তি ॥ ৭৩ ॥

শ্রীবৈকুণ্ঠপ্রাপকত্বং স্কান্দে শ্রীব্রহ্মোক্তৌ ॥

বিগতরাগাশ্চ তে পরাপরজ্ঞাশ্চ কারণকার্য্যাভিজ্ঞাঃ পরমেশ্বরজীবতত্ত্বজ্ঞা বা ধ্যানরূপেণ তেন স্মরণেন সতত স্মরণাৎ। অতচ বামনপুরাণে। তে ধৌতপাণ্ডরপটা ইব রাজহংসাঃ সংসারসাগরজলস্য তরন্তি পারমিতি পরার্দ্ধং ॥ ৭৩ ॥

শ্রীকৃষ্ণধ্যানের সর্ব্বকর্ম্মের অধিকারিত্ব যথা—

স্কন্দপুরাণে কার্ত্তিকমাহাত্ম্যে অগস্ত্যের বাক্যে ॥

যিনি একান্তচিত্ত হইয়া সর্ব্বদা নারায়ণদেবকে ধ্যান করেন, তাঁহার বহু তীর্থে ও বহু ব্রতে প্রয়োজন কি? ॥ ৭২ ॥

শ্রীকৃষ্ণধ্যানের মোক্ষপ্রদত্ব যথা—

বৃহন্নারদীয়ে প্রদক্ষিণমাহাত্ম্যের পর ॥

যাঁহাদিগের বিষয়রাগ নিবৃত্ত হইয়াছে ও যাঁহারা পরমেশ্বরের তত্ত্ব পরিজ্ঞাত হইয়াছেন, এরূপ যে সকল মনুষ্য দেবগুরু নারায়ণকে সর্ব্বদা ধ্যান করেন, সেই ধ্যান করাতেই তাঁহাদিগের পাপ যাতনা নষ্ট হওয়ায় তাঁহাদিগকে আর জননীর স্তন্য পান করিতে হয় না ॥ ৭৩ ॥

শ্রীকৃষ্ণধ্যানের বৈকুণ্ঠপ্রাপকত্ব যথা—

স্কন্দপুরাণে শ্রীব্রহ্মার বাক্যে ॥

মুহূর্ত্তমপি যো ধ্যায়েন্নারায়ণমতন্দ্রিতঃ।
সোঽপি সদ্গতিমাপ্নোতি কিং পুনস্তৎপরায়ণঃ॥ ৭৪॥

পাদ্মে বৈশাখমাহাত্ম্যে যমব্রাহ্মণ সম্বাদে।

ধ্যায়ন্তি পুরুষং দিব্যমচ্যুতঞ্চ স্মরন্তি যে।
লভন্তে তেঽচ্যুতস্থানং শ্রুতিরেষা পুরাতনী॥ ৭৫॥

সারূপ্যপ্রাপণং একাদশস্কন্ধে॥

অতন্দ্রিতঃ অনলসঃ সন্ সদ্গতিমুক্তমাং সতাং বা ভক্তানাং গতিং গম্যং প্রাপ্যং শ্রীবৈকুণ্ঠলোকং॥ ৭৪॥

ধ্যায়ন্তি শ্রীপাদাব্জতলমারভ্য শ্রীকেশাগ্রপর্য্যন্তং তত্তৎ সৌন্দর্য্যাদিসহিতং চিন্তয়ন্তি। অপ্যর্থে চকারঃ। ধ্যায়ন্তীত্যেতদস্তু যে স্মরন্ত্যপি যথা কথঞ্চিৎ ভগবতি মনঃ সংযোজয়ন্তি তেঽপি। এবং ধ্যানস্মরণয়োর্ভেদঃ কল্পনীয়ঃ ধ্যায়ন্তীতি স্মরন্তীতি পৃথক্ প্রয়োগাৎ। অতএবাগ্রে লেখ্যঃ ভেদঃ কল্প্যেত সামান্য বিশেষাভ্যাং তয়োরিতি কেচিচ্চ কল্পয়ন্তি মনু লঘূচ্চারণং স্মরণং কীর্ত্তনন্তুচ্চৈরিতি কুত্রচিন্নামকীর্ত্তনপ্রসঙ্গেঽস্মরণোক্তেঃ। তচ্চাসঙ্গতমিব। শ্রবণং কীর্ত্তনং বিষ্ণোঃ স্মরণমিত্যাদৌ বাগুপদনারূপাং কীর্ত্তনাখ্যানসোপাসনারূপস্য স্মরণস্য পৃথগুক্তেঃ। এবঞ্চ নাম কীর্ত্তনপ্রসঙ্গে স্মরণং নাম্ন এব মনসি চিন্তনমিতি জ্ঞেয়মিতি দিক্॥৭৫॥

যে ব্যক্তি অলস পরিত্যাগ করিয়া মুহূর্ত্তকালও নারায়ণকে ধ্যান করেন, তিনিও সদ্গতি প্রাপ্ত হয়েন। যিনি নিরন্তর ধ্যানপরায়ণ তিনি যে প্রাপ্ত হইবেন তাহার কথা আর কি বলিব॥ ৭৪॥

পদ্মপুরাণে বৈশাখমাহাত্ম্যে।

যমব্রাহ্মণ সম্বাদে॥

যাঁহারা দিব্যপুরুষ অচ্যুতকে ধ্যান করেন ও স্মরণ করেন, তাঁহারা সেই অচ্যুতের স্থান প্রাপ্ত হয়েন, এই প্রাচীন বেদবাক্য॥ ৭৫॥

শ্রীকৃষ্ণের ধ্যানে সারূপ্যমুক্তি প্রাপ্ত করায়

যথা একাদশস্কন্ধে ৫ অধ্যায়ে ৪৪ শ্লোকে॥

বৈরেণ যং নৃপতয়ঃ শিশুপাল সাল্ব-
পৌণ্ড্রাদয়ো গতিবিলাসবিলোকনাদ্যৈঃ।
ধ্যায়ন্ত আকৃতধিয়ঃ শয়নাসনাদৌ
তৎ সাম্যমাপুরনুরক্তধিয়াং পুনঃ কিং ॥ ৭৬ ॥
স্বতঃ পরমফলত্বং চতুর্থস্কন্ধে শ্রীপৃথূক্তৌ ॥
ভজন্ত্যথ-ত্বামত এব সাধবো
ব্যুদস্তমায়া গুণবিভ্রমোদয়ং।
ভবৎপদানুস্মরণাদৃতে সতাং
নিমিত্তমন্যৎ ভগবন্ন বিদ্মহে ॥
স্কন্দপুরাণে ব্রহ্মোক্তৌ চ

শয়নাদৌ বৈরেণাপি যং ভগবন্তং ধ্যায়ন্তঃ গত্যাদিভিঃ আকৃতধিয়ঃ তত্তদাকারা ধীর্যেষাং তথা ভূতাঃ সন্তস্তৎসাম্যং সারূপ্যং প্রাপুঃ ততোঽনুরক্তধিয়াং তৎসাম্যপ্রাপ্তি র্ভবতীতি কিং বাচ্যং ॥ ৭৬ ॥

নারদ কহিলেন হে বসুদেব! শিশুপাল, সাল্ব ও পৌণ্ড্রক প্রভৃতি নৃপতিগণ শত্রুভাবে শয়নাসনাদি কালে গতি, বিলাস ও বিলোকনাদি সহকারে যাঁহার আকৃতি ধ্যান করত সারূপ্য মুক্তি লাভ করিয়াছে, তাঁহার অনুরক্ত ভক্তদিগের কথা আর কি বলিব ॥ ৭৬ ॥

শ্রীকৃষ্ণের ধ্যান স্বয়ংই পরমফল স্বরূপ ॥

চতুর্থস্কন্ধে ২০ অধ্যায়ে ২৬ শ্লোকে ॥

পৃথু কহিলেন হে ভগবন্! আপনি দীনবৎসল, মায়া গুণের যে কার্য্য তাহা আপনাতে নাই, অতএব নিষ্কাম সাধুপুরুষেরা জ্ঞানোদয়ের পরেও আপনার ভজন করেন কিন্তু তাঁহাদের ঐ প্রকার ভজনের প্রয়োজন, আপনার চরণ পঙ্কজের স্মরণ মাত্র, তদ্ব্যতীত অন্য কোন ফল দেখিতে পাই না ॥

স্কন্দপুরাণে ব্রহ্মার বাক্য যথা ॥

আলোড্য সর্ব্বশাস্ত্রাণি বিচার্য্য চ পুনঃ পুনঃ।
ইদমেব সুনিষ্পন্নং ধ্যেয়ো নারায়ণঃ সদা॥
অতএবোক্তং হয়শীর্ষপঞ্চরাত্রে নারায়ণব্যূহস্তবে॥
যে ত্যক্ত লোকধর্ম্মার্থা বিষ্ণুভক্তিবশং গতাঃ।
ধ্যায়ন্তি পরমাত্মানং তেভ্যো নিত্যং নমো নমঃ॥ ইতি॥
স্মরণে যত্তু মহাত্ম্যং তদ্ধ্যানেঽপ্যখিলং বিদুঃ।
ভেদঃ কল্প্যেত সামান্যবিশেষাভ্যাং তয়োঃ কিয়ান্॥ ৭৭॥
অথ শ্রীভগবৎপ্রবোধনং॥
ততো দেবালয়ে গত্বা ঘণ্টাদ্যুদ্ঘোষপূর্ব্বকং।

সামান্যং ভগবতি মনঃসংযোজনমাত্রং বিশেষঃ শ্রীমূর্ত্ত্যঙ্গলাবণ্যাদি ভাবনা তাভ্যাং তয়োঃ স্মরণধ্যানয়োঃ কিয়ান্ অল্পএব ভেদঃ কল্প্যতে এতচ্চ বিবিচ্য লিখিতমেব॥ ৭৭॥
স্তুতিভিঃ শ্রুতি স্তুত্যা অন্যাভিশ্চ প্রবোধনোপযুক্তাভিঃ। নীরাজ্য প্রথমং দীপমাত্রেণ

বারম্বার সর্ব্বশাস্ত্র আলোড়ন (মন্থন) এবং বিচার করিয়া ইহাই সুন্দর রূপে নিষ্পন্ন হইল যে, সর্ব্বদা নারায়ণের ধ্যান করা উচিত॥

অতএব হয়শীর্ষপঞ্চরাত্রে নারায়ণ ব্যূহস্তবে উক্ত হইয়াছে॥

ইহলোকে যে সকল ব্যক্তি লোকধর্ম্ম ত্যাগ করিয়া বিষ্ণুভক্তির বশীভূত হইয়া পরমাত্মা শ্রীকৃষ্ণকে ধ্যান করেন, নিত্য তাঁহাদিগকে নমস্কার নমস্কার॥

শ্রীকৃষ্ণের স্মরণ করার যে মাহাত্ম্য, ধ্যানেরও সেই মহাত্ম্য জানিতে হইবে। কেবল সামান্য ও বিশেষ দ্বারা এই দুইয়ের কিঞ্চিন্মাত্র ভেদ কল্পিত হয়॥

তাৎপর্য্য। সামান্য শব্দে ভগবানে মনঃ সংযোগ মাত্র। আর বিশেষ শব্দে ভগবানের শ্রীমূর্ত্তির অঙ্গ সমুদায়ের লাবণ্যাদি ভাবনা, অতএব স্মরণ ও ধ্যানের অল্পমাত্র ভেদ কল্পিত হয়॥ ৭৭॥

অথ শ্রীভগবানের প্রবোধন অর্থাৎ জাগরণ করণ॥

তদনন্তর শৌচ, আচমন, স্মরণ ও ধ্যানের পর দেবালয়ে গমন

প্রবোধ্য স্তুতিভিঃ কৃষ্ণং নীরাজ্য প্রার্থয়েদিদং ॥ ৭৮ ॥
সোঽসাবদভ্রকরুণো ভগবান্ বিবৃদ্ধ-
প্রেমস্মিতেন নয়নাম্বুরুহং বিজৃম্ভন্।
উত্থায় বিশ্ববিজয়ায় চ নো বিষাদং
মাধ্ব্যা গিরাপনয়তাৎ পুরুষঃ পুরাণঃ ॥
দেব প্রপন্নার্ত্তিহর প্রসাদং কুরু কেশব।
অবলোকনদানেন ভূয়ো মাং পারয়াচ্যুতেতি ॥ ৭৯ ॥
দেবালয়ং প্রবিশ্যাথ স্তোত্রানীষ্টানি কীর্ত্তয়ন্।
কৃষ্ণস্য তুলসীবর্জং নির্ম্মাল্যমপসারয়েৎ ॥

নীরাজনং কৃত্বা ॥ ৭৮ ॥
বিজৃম্ভন্ বিজৃম্ভয়ন্ প্রকাশয়ন্ ॥ ৭৯ ॥
ইষ্টানি স্বস্য কৃষ্ণস্য বা প্রিয়াণি সহস্র নামাদীনি। দেবস্য মাল্যং নির্ম্মাল্যং তস্য অপ-

করিয়া ঘণ্টাদি বাদ্য পূর্ব্বক দশমস্কন্ধের ৮৭ অধ্যায়োক্ত "জয় জয় জহ্যযামজিত" ইত্যাদি বেদস্তুতি দ্বারা শ্রীকৃষ্ণকে জাগরিত করিয়া নীরাজন করত এই প্রার্থনা করিবে ॥ ৭৮ ॥

তৃতীয়স্কন্ধে ৯ অধ্যায়ে ২৫ শ্লোকে ॥

ব্রহ্মা কহিলেন সেই পুরাতন পুরুষ ভগবান্ অতিশয় দয়াবান্, তিনি প্রসিদ্ধ প্রেমসহ হাস্য দ্বারা আপনার নয়নাম্বুজ বিকসিত করিয়া এই বিশ্বের উদ্ভব এবং আমার প্রতি অনুগ্রহ বিস্তার নিমিত্ত গাত্রোত্থান পূর্ব্বক সুমধুর বাক্যে আমার বিষাদ অপনয়ন করুন ॥

হে দেব! হে প্রপন্নজনভয়ভঞ্জন! হে কেশব! আমার প্রতি অনুগ্রহ বিস্তার করুন। হে অচ্যুত! পুনরায় অবলোকন দান দ্বারা আমাকে পবিত্রিত করুন ॥ ৭৯ ॥

অনন্তর দেবমন্দিরে প্রবেশ করিয়া নিজের মনোজ্ঞ স্তোত্র অথবা শ্রীকৃষ্ণের সহস্রনামাদি কীর্ত্তন করিতে ২ তুলসী ভিন্ন অন্য নির্ম্মাল্য সকল অপসারণ করিবে ॥

অথ নির্ম্মাল্যোত্তারণং। অত্রিস্মৃতৌ ॥

প্রাতঃকালে সদা কুর্য্যান্নির্ম্মাল্যোত্তারণং বুধঃ ॥

তৃষিতাঃ পশবোবদ্ধাঃ কন্যকাচ রজস্বলা।

দেবতাচ সনির্ম্মাল্যা হন্তি পুণ্যং পুরাকৃতং ॥

নারসিংহে শ্রীযমোক্তৌ ॥

দেবমাল্যাপনয়নং দেবাগারে সমূহনং।

স্নাপনং সর্ব্বদেবানাং গোপ্রদানসমং স্মৃতং ॥ ৮০ ॥

নারদপঞ্চরাত্রে ॥

যঃ প্রাতরুত্থায় বিধায় নিত্যং, নির্ম্মাল্যমীশস্য নিরাকরোতি।

ন তস্য দুঃখং ন দরিদ্রতাচ, নাকালমৃত্যু র্নচ রোগমাত্রং ॥

অরুণোদয়বেলায়াং নির্ম্মাল্যং শল্যতাং ব্রজেৎ।

সমনমুত্তারণং সমূহনং মার্জ্জনা তৃণাদ্যপসারণং ॥ ৮০ ॥

অথ নির্ম্মাল্য অপসারণ। অত্রিস্মৃতিতে যথা—

পণ্ডিত ব্যক্তি প্রাতঃকালে সর্ব্বদা নির্ম্মাল্য অপসারণ করিবেন। তৃষ্ণান্বিত পশু যদি বন্ধনগ্রস্ত থাকে, অবিবাহিতা কন্যা যদি রজস্বলা হয় এবং দেবতা যদি নির্ম্মাল্য যুক্ত থাকেন, তাহা হইলে ইহাঁরা পূর্ব্বোপার্জ্জিত পুণ্য বিনষ্ট করেন ॥

নৃসিংহপুরাণে শ্রীযমের বাক্যে ॥

দেবতার নির্ম্মাল্য উত্তারণে, সম্মার্জনী দ্বারা দেবগৃহের মার্জনে এবং সকল দেবতাকে স্নান করায়, গোদানের তুল্য ফল কথিত হইয়াছে। ৮০॥

নারদপঞ্চরাত্রে ॥

যে ব্যক্তি প্রাতঃকালে গাত্রোত্থান পূর্ব্বক নিত্যকর্ম্ম সমাপন করিয়া শ্রীকৃষ্ণের নির্ম্মাল্য উত্তারণ করেন, তাঁহার দুঃখ হয় না, দরিদ্রতা ঘটে না এবং রোগমাত্র থাকে না ॥

অরুণোদয় বেলায় নির্ম্মাল্য শল্য হয়, প্রাতঃকালে মহাশল্য তুল্য

প্রাতস্তু স্যান্মহাশল্যং ঘটিকামাত্রযোগতঃ।
অতিশল্যং বিজানীয়াত্ততো বজ্রপ্রহারবৎ॥
অরুণোদয়বেলায়াং শল্যং তৎ ক্ষমতে হরিঃ।
ঘটিকায়ামতিক্রান্তৌ ক্ষুদ্রং পাতকমাবহেৎ।
মুহূর্ত্তে সমতিক্রান্তে পূর্ণং পাতকমুচ্যতে।
অতিপাতকমেব স্যাৎ ঘটিকানাং চতুষ্টয়ে।
মুহূর্ত্তত্রিতয়ে পূর্ণে মহাপাতকমুচ্যতে।
ততঃ পরং ব্রহ্মবধো মহাপাতকপঞ্চকং।
প্রহরে পূর্ণতাং যাতে প্রায়শ্চিত্তং ততো নহি॥
নির্ম্মাল্যস্য বিলম্বেতু প্রায়শ্চিত্তমথোচ্যতে।
অতিক্রান্তে মুহূর্ত্তার্দ্ধে সহস্রং জপমাচরেৎ।
পূর্ণে মুহূর্ত্তে সংজাতে সহস্রং সার্দ্ধমুচ্যতে।
সহস্রদ্বিতয়ং কুর্য্যাৎ ঘটিকানাং চতুষ্টয়ে।
মুহূর্ত্তত্রিতয়েঽতীতে অযুতং জপমাচরেৎ।

হইয়া থাকে, এক ঘটিকা কাল গত হইলে অতিশল্য এবং তাহার পর বজ্রের প্রহার সদৃশ জানিতে হইবে॥

অরুণোদয়বেলায় নির্ম্মাল্য উত্তারণ না করায় যে শল্য হয়, ভগবান্ হরি তাহা ক্ষমা করেন। এক ঘটিকা অতীত হইলে নির্ম্মাল্য ক্ষুদ্রপাতক উপস্থিত করে। মুহূর্ত্ত অতিক্রান্ত হইলে পূর্ণপাতক বলা যায়। চারি দণ্ডে অতিপাতক হয়। তিন মুহূর্ত্ত পূর্ণ হইলে মহাপাতক বলে। তাহার পর ব্রহ্মহত্যা ও পঞ্চ মহাপাতক তুল্য। আর যদি এক প্রহর পরিপূর্ণ হয় তাহা হইলে আর প্রায়শ্চিত্ত নাই॥

নির্ম্মাল্য অপসারণ করিতে বিলম্ব হইলে তাহার প্রায়শ্চিত্ত কথিত হইতেছে॥

অর্দ্ধমুহূর্ত্ত অর্থাৎ একদণ্ড গত হইলে এক সহস্র জপ করিবে, মুহূর্ত্ত পূর্ণ হইলে সার্দ্ধসহস্র জপ উক্ত হইয়াছে, চারি দণ্ড অতিবাহিত হইলে দুই সহস্র জপ করিবে। তিন মুহূর্ত্ত অতীত হইলে দশ সহস্র জপ

প্রহরে পূর্ণতাং যাতে পুনশ্চরণমুচ্যতে।
প্রহরে সমতিক্রান্তে প্রায়শ্চিত্তং ন বিদ্যতে ॥

অথ শ্রীমুখপ্রক্ষালনং ॥

শ্রীহস্তাঙ্ঘ্রি মুখাম্ভোজক্ষালনায় পতদ্গ্রহে।
গণ্ডূষাণি জলৈর্দত্ত্বা দন্তকাষ্ঠং সমর্পয়েৎ।
জিহ্বোল্লেখনিকাং দত্ত্বা পাদুকে শুদ্ধমৃত্তিকাং।
সলিলঞ্চ পুনর্দদ্যাদ্বাসোঽপি মুখমার্জনং।
ততঃ শ্রীতুলসীং পুণ্যাং সমর্পয়েৎ ভগবৎপ্রিয়াং।
তন্মাহাত্ম্যঞ্চ তন্মুখ্য প্রসঙ্গে লেখ্যমগ্রতঃ ॥ ৮১ ॥

অথ দন্তকাষ্ঠাদ্যর্পণমাহাত্ম্যং বিষ্ণুধর্ম্মোত্তরে ॥

দন্তকাষ্ঠপ্রদানেন দন্তসৌভাগ্যমৃচ্ছতি।

ভগবৎপ্রিয়ামিতি মুখপ্রক্ষালনাবসরে তৎপ্রাপ্তিন্ তং সমর্পণে তথা তুলসীব্যতিরিক্ত-নির্ম্মাল্যোত্তারণে চ কারণং জ্ঞেয়ং ॥ ৮১ ॥

করিবে। প্রহর পূর্ণ হইতে হইতে প্রায়শ্চিত্ত আছে কিন্তু প্রহর পূর্ণ হইলে আর প্রায়শ্চিত্ত নাই ॥

অথ শ্রীকৃষ্ণের মুখপ্রক্ষালন ॥

শ্রীহস্ত, শ্রীপাদ ও মুখপদ্ম প্রক্ষালনের নিমিত্ত পতদ্গ্রহ (পিক-দানি) মধ্যে জল দ্বারা গণ্ডূষ প্রদান করিয়া দন্তকাষ্ঠ সমর্পণ করিবে ॥

জিহ্বোল্লেখনিকা অর্থাৎ জিহ্বামার্জনিকা, পাদুকাদ্বয় ও শুদ্ধমৃত্তিকা প্রদান করিয়া পুনরায় জল এবং মুখমার্জন বস্ত্র অর্পণ করিবে ॥

তাহার পর ভগবৎপ্রিয়তমা পবিত্র স্বরূপা শ্রীতুলসী সমর্পণ করিবে। ইহার মাহাত্ম্য ইহার পর মুখ্য প্রস্তাবে লিখিত হইবে ॥৮১॥

অথ দন্তকাষ্ঠ অর্পণকরা মাহাত্ম্য ॥

যথা—বিষ্ণুধর্ম্মোত্তরে ॥

ভগবান্ শ্রীকৃষ্ণকে দন্তকাষ্ঠ অর্পণ করিলে দন্তসৌভাগ্য লাভ হয়,

জিহ্বোল্লেখনিকাং দত্ত্বা বিরোগস্তুভিজায়তে।
পাদুকায়াঃ প্রদানেন গতিমিষ্টামবাপ্নুয়াৎ।
মৃদ্ভাগদানাদ্দেবস্য ভূমিমাপ্নোত্যনুত্তমাং।

অথ মঙ্গলনীরাজনং ॥

পঠিত্বাথ প্রিয়ান্ শ্লোকান্ মহাবাদিত্রনিস্বনৈঃ।
প্রভোর্নীরাজনং কুর্য্যান্মঙ্গলাখ্যং জগদ্ধিতং ॥
নীরাজনস্ত্বিদং সর্ব্বৈঃ কর্ত্তব্যং শুচিবিগ্রহৈঃ।
পরমশ্রদ্ধয়োত্থায় দ্রষ্টব্যঞ্চ সদা নরৈঃ।
স্ত্রীণাং পুংসাঞ্চ সর্ব্বেষামেতৎ সর্ব্বেষ্টপূরকং।
সমস্তদৈন্যদারিদ্র্যদুরিতাদ্যুপশান্তিকৃৎ ॥ ৮২ ॥

অথ প্রাতঃস্নানার্থোদ্যমঃ ॥

ততোঽরুণোদয়স্যান্তে স্নানার্থং নিঃসরেদ্বহিঃ।

শ্লোকান্ বর্হাপীড়ং কচিদিতি বিনাশয়েত্যাদীন্। অমঙ্গলমিত্যাখ্যা যস্য তৎ ॥ ৮২ ॥

জিহ্বোল্লেখনিকা দান করিলে রোগ শূন্য হয়, পাদুকা দান করিলে অভীষ্ট গতি লাভ হইয়া থাকে, মৃত্তিকা ভাগ সমর্পণ করিলে উৎকৃষ্ট ভূমি লাভ হয় ॥

অথ মঙ্গলনীরাজন অর্থাৎ মঙ্গল আরাত্রিক ॥

অনন্তর প্রিয়শ্লোক সকল পাঠ করিয়া তুমুল বাদ্যধ্বনি সহকারে শ্রীকৃষ্ণের জগতের হিত সাধক মঙ্গল আরাত্রিক করিবে ॥

সকলে পবিত্রদেহ হইয়া এই মঙ্গল আরাত্রিক করিবে, নর মাত্রই গাত্রোত্থান করিয়া পরম শ্রদ্ধা সহকারে সর্ব্বদা ইহা দর্শন করিবে, ইহা স্ত্রী পুরুষ সকলেরই সমুদায় অভীষ্ট পূর্ণ করে এবং সমস্ত দুঃখ, দরিদ্রতা ও পাপ নাশ করে ॥ ৮২ ॥

অথ প্রাতঃস্নানের উদ্যোগ ॥

তাহার পর অরুণোদয় বেলা অতীত হইলে স্নানের নিমিত্ত বাহিরে নির্গত হইবে, পরে শ্রীকৃষ্ণের নাম সকল কীর্ত্তন করিতে করিতে তীর্থে

কীর্ত্তয়ন্ কৃষ্ণনামানি তীর্থং গচ্ছেদনন্তরং।

তথাচ শুক্রস্মৃতৌ ॥

ব্রাহ্মো মুহূর্ত্তে চোত্থায শুচির্ভূত্বা সমাহিতঃ।

স্বাস্তিকাদ্যাসনং বদ্ধা ধ্যাত্বা কৃষ্ণপদাম্বুজং।

ততো নির্গত্য নিলয়ান্নামানীমানি কীর্ত্তয়েৎ।

শ্রীবাসুদেবানিরুদ্ধ প্রদ্যুম্নাধোক্ষজাচ্যুত।

শ্রীকৃষ্ণানন্ত গোবিন্দ সঙ্কর্ষণ নমোঽস্তু তে।

গত্বা তীর্থাদিকং তত্র নিঃক্ষিপ্য স্নানসাধনং।

বিধিনাচর্য্য মৈত্রাদি কৃত্যং শৌচং বিধায়চ।

আচম্য খানি সম্মার্জ্য স্নানং কুর্য্যাৎ যথোচিতং ॥ ৮৩ ॥

বিধিনেতি সর্ব্বত্রাপেক্ষিতং। মৈত্রাং পুরীষোৎসর্গস্তদাদিকং খানি ইন্দ্রিয়চ্ছিদ্রাণি। যথোচিতং বর্ণাশ্রমাদ্যনুরূপং। অত্রচ প্রায়ো গৃহস্থস্যৈব লেখ্য শ্রীভগবৎপূজাবিধিযোগ্যত্বাৎ তস্যৈবায়মাচারো জ্ঞেয়ঃ। অতএব শ্রীবিষ্ণুপুরাণাদ্যুক্তানি প্রায়ো গৃহিধর্ম্মবচনান্যেব লিখিতানীতি দিক্ ॥ ৮৩ ॥

অর্থাৎ পবিত্র জলাশয়ে গমন করিবে ॥

এই বিষয় শুক্রস্মৃতিতে বলিয়াছেন যথা ॥

ব্রাহ্ম্যমুহূর্ত্তে উত্থান পূর্ব্বক শুচি ও স্থিরচিত্ত হইয়া স্বস্তিকাসনে উপবেশন করত শ্রীকৃষ্ণের পাদপদ্ম ধ্যান করিবে। তাহার পর, গৃহ হইতে নির্গত হইয়া এই সকল নাম কীর্ত্তন করিবে। যথা—শ্রীবাসুদেব, অনিরুদ্ধ, প্রদ্যুম্ন, অধোক্ষজ, অচ্যুত, শ্রীকৃষ্ণ, অনন্ত, গোবিন্দ ও সঙ্কর্ষণ তোমাকে নমস্কার করি ॥

এইরূপে কীর্ত্তন করিতে করিতে তীর্থাদিতে গমন করিয়া সেই স্থানে স্নানোপযুক্ত সামগ্রী রাখিয়া বিধিপূর্ব্বক মল ত্যাগাদি কার্য্য, শৌচ, আচমন এবং ইন্দ্রিয় ছিদ্র সকল ধৌত করিয়া যথোচিত অর্থাৎ বর্ণাশ্রমাদির অনুরূপ স্নান করিবে ॥ ৮৩ ॥

অথ মৈত্রাদিকৃত্যবিধিঃ ॥

শ্রীবিষ্ণুপুরাণে ঔর্ব্বসগরসম্বাদে গৃহিধর্ম্মকথনে ॥

ততঃ কল্যে সমুত্থায় কুর্য্যান্মৈত্রং নরেশ্বর।
নৈর্ঋত্যামিষুবিক্ষেপমতীত্যাভ্যধিকং গৃহাৎ ॥ ৮৪ ॥

দূরাদাবসথান্মূত্রং পুরীষঞ্চ সমুৎসৃজেৎ।
পদাবসেচনোচ্ছিষ্টে প্রক্ষিপেন্ন গৃহাঙ্গনে ॥ ৮৫ ॥

আত্মচ্ছায়াং তরোশ্ছায়াং গোসূর্য্যাগ্ন্যনিলাংস্তথা।
গুরুং দ্বিজাতীংশ্চ বুধো ন মেহেত কদাচন ॥

ন কৃষ্টে শস্যমধ্যে বা গোব্রজে জনসংসদি।

কল্যে উষসি গ্রামস্য নৈর্ঋত্যাং দিশি ॥ ৮৪ ॥

তদসম্ভবে স্বগৃহাদ্দূরে মূত্রাদ্যুৎসর্গং কুর্য্যাৎ ॥ ৮৫ ॥

গবাদীন্ গুরুং দ্বিজাতীংশ্চ প্রতি তদভিমুখো ন মেহেদিত্যর্থঃ ॥ ৮৬ ॥

অথ মলত্যাগাদিকার্য্য বিধি ॥

বিষ্ণুপুরাণে ঔর্ব্ব ও সগররাজের সম্বাদে গৃহিধর্ম্মকথনে যথা ॥

হে নরেশ্বর! অনন্তর প্রাতঃকালে গাত্রোত্থান করিয়া গ্রামের নৈর্ঋত কোণে গৃহ হইতে বাণক্ষেপের দূরতা অতিক্রম করিয়া অধিক দূরে গিয়া মল ত্যাগ করিবে ॥ ৮৪ ॥

গ্রামের নৈঋত কোণে বাণ ক্ষেপের দূরতা যদি না পাওয়া যায়, তাহা হইলে যে দিকেই হউক গৃহ হইতে দূরে গমন করিয়া মলমূত্র ত্যাগ করিবে। পাদধৌত জল এবং উচ্ছিষ্ট গৃহপ্রাঙ্গণে নিক্ষেপ করিবে না ॥ ৮৫ ॥

আপনার ছায়াতে ও বৃক্ষের ছায়াতে তথা গো, সূর্য্য, অগ্নি, বায়ু, আর গুরু ও ব্রাহ্মণের সম্মুখীন হইয়া পণ্ডিত ব্যক্তি কখন মলমূত্র ত্যাগ করিবেন না ॥

হে পুরুষশ্রেষ্ঠ! কর্ষণ করা ক্ষেত্রে, শস্যমধ্যে, গোচারণস্থানে,

ন বর্ত্মনি ন নদ্যাদি তীর্থেষু পুরুষর্ষভ।
নাপ্সু নৈবাম্ভসস্তীরে ন শ্মশানে সমাচরেৎ।
উৎসর্গং বৈ পুরীষস্য মূত্রস্য চ বিসর্জ্জনং॥
উদঙ্মুখো দিবোৎসর্গং বিপরীতমুখো নিশি।
কুর্ব্বীতানাপদিপ্রাজ্ঞো মূত্রোৎসর্গঞ্চ পার্থিব।
তৃণৈরাচ্ছাদ্য বসুধাং বস্ত্রপ্রাবৃতমস্তকঃ।
তিষ্ঠেন্নাতিচিরং তত্র নৈব কিঞ্চিদুদীরয়েৎ॥ ৮৬॥
তথা কৌর্ম্মে ব্যাসগীতায়াং॥
নিধায় দক্ষিণে কর্ণে ব্রহ্মসূত্রমুদঙ্মুখঃ।
অন্তর্দ্ধাপ্য মহীং কাষ্ঠৈঃ পত্রৈর্লোষ্ট্রৈ স্তৃণেন বা।
প্রাবৃত্যতু শিরঃ কুর্য্যাদ্বিণ্মূত্রস্য বিসর্জ্জনং।
ন চৈবাভিমুখঃ স্ত্রীণাং গুরুব্রাহ্মণয়োর্গবাং।
ন দেবদেবালয়য়োর্নাপামপি কদাচন॥ ৮৭॥

তথেতি গৃহিধর্ম্মকথন এবেত্যর্থঃ। শ্রীবিষ্ণুপুরাণতঃ কিঞ্চিদ্বিশেষমপেক্ষ্য শ্রীকূর্ম্মপুরাণ-কাশীখণ্ডবচনানি লিখতি নিধায়েত্যাদি। এবমগ্রেঽপি সর্ব্বমূহ্যং॥ ৮৭॥

জনসমাজে, পথমধ্যে, নদীপ্রভৃতি তীর্থ সকলে, জলমধ্যে, জলের তীরে ও শ্মশানে মলমূত্র ত্যাগ করিবে না॥

হে রাজন্! আপদ্ উপস্থিত না হইলে প্রাজ্ঞব্যক্তি দিবায় উত্তর-মুখ হইয়া এবং রাত্রিকালে দক্ষিণ মুখ হইয়া তৃণদ্বারা ভূমি আচ্ছাদন এবং বস্ত্রদ্বারা মস্তক আবৃত করিয়া মলমূত্র ত্যাগ করিবে, তথায় অধিকক্ষণ থাকিবে না এবং কোন কথাও কহিবে না॥ ৮৬॥

কূর্ম্মপুরাণে ব্যাসগীতায় ঐ প্রকার উক্ত হইয়াছে॥

দক্ষিণ কর্ণে যজ্ঞোপবীত অর্পণ পূর্ব্বক উত্তর মুখ হইয়া কাষ্ঠ, পত্র লোষ্ট্র ও তৃণদ্বারা ভূমি আচ্ছাদন করিয়া এবং আবৃত মস্তক হইয়া মল-মূত্র ত্যাগ করিবে॥

স্ত্রী, গুরু, ব্রাহ্মণ, গো, দেব, দেবালয় এবং জল এ সকলের সম্মু-খীন হইয়া॥ ৮৭॥

নদীং জ্যোতীংষি বীক্ষিত্বা নবায়ুগ্নিমুখোঽপি বা।
প্রত্যাদিত্যং প্রত্যনলং প্রতিসোমং তথৈব চ॥

কাশীখণ্ডে শ্রীস্কন্দাগস্ত্যসম্বাদে॥

ততশ্চাবশ্যকং কর্ত্তুং নৈঋর্তীং দিশমাশ্রয়েৎ।
গ্রামাদ্ধনুঃশতং গচ্ছেন্নগরাচ্চ চতুর্গুণং।
কর্ণোপবীত্যুদঙ্বক্ত্রো দিবসে সন্ধ্যয়োরপি।
বিণ্মূত্রে বিসৃজেন্মৌনী নিশায়াং দক্ষিণামুখঃ।
নালোকয়েদ্দিশো ভাগান জ্যোতিশ্চক্রং নভোঽমলং॥
বামেন পাণিনা শিশ্নং ধৃত্বোত্তিষ্ঠেৎ প্রযত্নবান্॥

তত্রৈবাগ্রে॥

বীক্ষিত্বেত্যার্ষং পশ্যন্নিত্যর্থঃ। প্রত্যাদিত্যমিতি তত্তদভিমুখঃ সন্ন কুর্য্যাদিতি পূর্ব্বদর্থঃ॥ ৮৮॥

তথা নদী ও নক্ষত্র সকলের প্রতি দৃষ্টিপাত এবং বায়ু যে দিক্ হইতে প্রবাহিত হইতেছে সেই দিকে সম্মুখ হইয়া, অথবা সূর্য্য, অগ্নি ও চন্দ্রের দিকে মুখ করিয়া কখন মলমূত্র ত্যাগ করিবে না॥

কাশীখণ্ডে কার্ত্তিকেয় ও অগস্ত্য সম্বাদে॥

অনন্তর আবশ্যক কর্ম্ম করিবার নিমিত্ত নৈঋর্ত দিকে গমন করিবে। গ্রাম হইতে একশত ধনু অর্থাৎ চারিশত হস্ত এবং নগর হইতে তাহার চতুর্গুণ গমন করিবে॥

কর্ণে যজ্ঞোপবীত দিয়া দিবসে এবং উভয় সন্ধ্যায় উত্তর মুখ হইয়া আর রাত্রিকালে দক্ষিণ মুখ হইয়া মৌনাবলম্বন পূর্ব্বক মলমূত্র ত্যাগ করিবে॥

দিক্ সকলের প্রতি দৃষ্টিপাত করিবে না, নক্ষত্র চক্র এবং আকাশ অবলোকন করিবে না। যত্নপূর্ব্বক বামহস্তদ্বারা শিশ্ন ধারণ করিয়া গাত্রোত্থান করিবে॥

ঐ স্থলের কিঞ্চিৎ অগ্রে॥

ন মূত্রং গোব্রজে কুর্য্যান্ন বল্মীকে ন ভস্মনি।
ন গর্ত্তেষু সসত্ত্বেষু ন তিষ্ঠন্ন ব্রজন্নপি।
যথাসুখমুখো রাত্রৌ দিবাচ্ছায়ান্ধকারয়োঃ।
ভীতিষু প্রাণবাধায়াং কুর্য্যান্মলবিসর্জনং ॥ ৮৮ ॥
অথ শৌচবিধিঃ ॥
শ্রীবিষ্ণুপুরাণে তত্রৈব ॥
বল্মীকমূষিকোৎখাতাং মৃদং নান্তর্জলাত্তথা।
শৌচাবশিষ্টাং গেহাচ্চ ন দদ্যাল্লেপসম্ভবাং ॥ ৮৯ ॥
অন্তঃপ্রাণ্যবপন্নাঞ্চ হলোৎখাতাঞ্চ পার্থিব।
পরিত্যজেন্মৃদশ্চৈতাঃ সকলাঃ শৌচসাধনে।

লেপসম্ভবাং ভিত্তিগতাং ॥ ৮৯ ॥

অন্তর্মধ্যে প্রাণিভিঃ কীটৈঃ অবপন্নাং উপহতাং। পাঠান্তরে অণুভিঃ সূক্ষ্মৈঃ প্রাণিভিরবপন্নাং ॥ ৯০ ॥

গোচারণ স্থানে, বল্মীকে, ভস্মে, কিম্বা প্রাণিবিশিষ্ট গর্ত্তে, তথা দণ্ডায়মান হইয়া অথবা গমন করিতে করিতে, মল মূত্র ত্যাগ করিবে না। প্রাণনাশের ভয় উপস্থিত হইলে দিবা ও রাত্রিতে যেদিকে সুবিধা হয় সেই দিকে মুখ করিয়া ও ছায়াতে এবং অন্ধকারেতেও মল ত্যাগ করিবে ॥ ৮৮ ॥

অথ শৌচবিধি ॥

শ্রীবিষ্ণুপুরাণের সেই স্থলেই অর্থাৎ

ঔর্ব্ব ও সগররাজার সম্বাদে গৃহিধর্ম্মপ্রসঙ্গে ॥

হে রাজন্! বল্মীক এবং মূষিক কর্ত্তৃক উত্তোলিত, জলমধ্যগত, শৌচের অবশিষ্ট এবং গৃহের ভিত্তিস্থিত মৃত্তিকা গ্রহণ করিবে না ॥৮৯॥

অভ্যন্তরে ক্ষুদ্র কীকটগণ কর্ত্তৃক অধিকৃত, লাঙ্গল দ্বারা উত্থাপিত এই প্রকার সমস্ত মৃত্তিকা শৌচ কর্ম্মে পরিত্যাগ করিবে।

একা লিঙ্গে গুদে তিস্রো দশ বামকরে নৃপ।
হস্তদ্বয়ে চ সপ্তান্যা মৃদঃ শৌচোপপাদিকাঃ ॥ ৯০ ॥

যমস্মৃতৌ ॥

তিস্রস্তু পাদয়োর্দেয়াঃ শুদ্ধিকামেন নিত্যশঃ।

কিঞ্চ।

তিস্রস্তু মৃত্তিকা দেয়াঃ কৃত্বা তু নখশোধনং ॥ ৯১ ॥

কাশীখণ্ডে চ তত্রৈব ॥

গুহ্যে দদ্যান্মৃদং চৈকাং পায়ৌ পঞ্চাম্বুসান্তরাঃ।
দশ বামকরে চাপি সপ্ত পাণিদ্বয়ে মৃদঃ।
একৈকাং পাদয়োর্দদ্যাৎ তিস্রঃ পাণ্যোর্মৃদঃ স্মৃতাঃ।

এবং মতভেদঃ সপাহ্নিকনিষ্পাহ্নিকাদিভেদেন কল্পাঃ। পাদয়োরিতি প্রত্যেকং তিস্র ইতি জ্ঞেয়ং। দেয়া হস্তয়োরিতি শেষঃ ॥ ৯১ ॥

অম্বুসান্তরাঃ মধ্যে মধ্যে জলসহিতাঃ ॥ ৯২ ॥

হে রাজন্! শৌচ সাধন মৃত্তিকা লিঙ্গে একবার, গুহ্য দ্বারে তিন বার, বাম হস্তে দশবার এবং দুই হস্তে সাত বার মর্দ্দন করিবে ॥ ৯০ ॥

যমস্মৃতিতে ॥

যে ব্যক্তি শুদ্ধি কামনা করিবেন, তিনি নিত্য দুই পদে তিন তিন বার মৃত্তিকা প্রদান করিবেন ॥

আরও বলিয়াছেন ॥

নখ শোধনের নিমিত্ত তিন তিন বার মৃত্তিকা প্রদান করিবে ॥ ৯১ ॥

কাশীখণ্ডেরও সেই স্থানে অর্থাৎ কার্ত্তিকেয়
ও অগস্ত্যের সম্বাদে ॥

লিঙ্গে একবার, পায়ুদেশে অর্থাৎ মলদ্বারে পাঁচবার, বামহস্তে দশবার, দুই হস্তে সাতবার এবং দুইপদে এক এক বার, পুনরায় দুই হস্তে তিনবার জলযুক্ত মৃত্তিকা প্রদান করিবার ব্যবস্থা হইয়াছে ॥

ইত্থং শৌচং গৃহী কুর্য্যাদ্গান্ধলেপক্ষয়াবধি ।
ক্রমাদ্দ্বিগুণমেতত্তু ব্রহ্মচর্য্যাদিষু ত্রিষু ।
দিবাবিহিতশৌচাচ্চ রাত্রাবর্দ্ধং সমাচরেৎ ।
রুগ্‌ণার্দ্ধঞ্চ তদর্দ্ধঞ্চ পথি চৌরাদিপীড়িতে ।
তদর্দ্ধং যোষিতাঞ্চাপি স্বাস্থ্যে ন্যূনং ন কারয়েৎ ।
আর্দ্রধাত্রীফলোন্মানা মৃদঃ শৌচে প্রকীর্ত্তিতাঃ ॥ ৯২ ॥

শঙ্খস্মৃতৌ ॥

মৃত্তিকাতু সমুদ্দিষ্টা ত্রিপর্ব্বী পূর্য্যতে যয়া ॥ ৯৩ ॥

দক্ষস্মৃতৌ ॥

অর্দ্ধপ্রসৃতিমাত্রা তু প্রথমা মৃত্তিকা স্মৃতা ।

ত্রিপর্ব্বী মধ্যবর্ত্ত্যঙ্গুলিত্রয়স্যাদিপর্ব্বত্রয়ং । এষাচ গুদব্যতিরিক্তে জ্ঞেয়া ॥ ৯৩ ॥
অতএব লিখতি অর্দ্ধেতি । প্রথমা গুদে দেয়া নাগাদ্যা ॥ ৯৪ ॥

গৃহস্থ ব্যক্তি যতক্ষণ গন্ধলেপ দূরীভূত না হয় ততক্ষণ পর্য্যন্ত এই প্রকার শৌচ করিবেন। ব্রহ্মচর্য্য প্রভৃতি তিন আশ্রমে এই শৌচ ক্রমশঃ দ্বিগুন অর্থাৎ গৃহস্থের যে রূপ শৌচ ব্যবস্থা ব্রহ্মচারী তদপেক্ষা দ্বিগুণ, বানপ্রস্থ তিন গুণ ও ভিক্ষুক চতুর্গুণ শৌচ করিবেন ॥

দিবাভাগে যে শৌচের বিধান করা হইয়াছে, রাত্রিকালে তাহার অর্দ্ধ করিবে। পীড়িত অবস্থাতেও অর্দ্ধ। চৌরাদি দ্বারা আক্রান্ত পথে তাহার অর্দ্ধ। স্ত্রীদিগের তাহার অর্দ্ধ। শরীর সুস্থ থাকিতে শৌচের অল্পতা করিবে না। একএক বারে আর্দ্র আমলকীফল পরিমিত মৃত্তিকা শৌচ কার্য্যে ব্যবস্থা করা হইয়াছে ॥ ৯২ ॥

শঙ্খস্মৃতিতে ॥

যাহাতে মধ্যবর্ত্তি অঙ্গুলিত্রয়ের প্রথম গ্রন্থি পরিপূর্ণ হয় তাবন্মাত্র মৃত্তিকার ব্যবস্থা করা হইয়াছে ॥ ৯৩ ॥

দক্ষস্মৃতিতে ॥

প্রথম বারের মৃত্তিকার পরিমাণ অর্দ্ধপ্রসৃতি অর্থাৎ অর্দ্ধ অঞ্জলি,

দ্বিতীয়াচ তৃতীয়াচ তদর্দ্ধং পরিকীর্ত্তিতা ॥ ৯৪ ॥

অথ কেবলমূৎসর্গে দক্ষঃ ॥

একা লিঙ্গে তু সব্যে ত্রিরুভয়োর্ম্মৃদ্দ্বয়ং স্মৃতং ।

ব্রাহ্মে ॥

পাদয়োর্দ্বে গৃহীত্বাচ সুপ্রক্ষালিতপাণিনা ।

আচম্য তু ততঃ শুদ্ধঃ স্মৃত্বা বিষ্ণুং সনাতনং ॥ ৯৫ ॥

অথ আচমনবিধিঃ ॥

বিষ্ণুপুরাণে তত্রৈব ॥

অচ্ছেনাগন্ধফেণেন জলেনাবুদ্বুদেন চ ।

আচামেত মৃদং ভূয়স্তথা দদ্যাৎ সমাহিতঃ ।

সব্যে হস্তে উভয়ো হস্তয়োঃ ॥ ৯৫ ॥

আচামেত্তেতাচমনং প্রস্তুত্য তস্ত পূর্ব্বাঙ্গমাহ মৃদমিতি। অন্যাং মৃদমাদদ্যাৎ তথাচ নিষ্পা-দিতমজ্ঘ্রিশৌচং যেন সঃ। যদ্বা। ভূয়োঽন্যাং মৃদং দদ্যাৎ পাদয়োরিতি শেষঃ ততশ্চাচামে

দ্বিতীয় এবং তৃতীয় বারের ব্যবস্থা তাহার অর্দ্ধ কীর্ত্তিত হইয়াছে ॥৯৪॥

কেবল মূত্রত্যাগ বিষয়ে দক্ষ কহিয়াছেন ॥

লিঙ্গে একবার, বামহস্তে তিনবার এবং দুই হস্তে দুইবার মৃত্তিকার ব্যবস্থা জানিতে হইবে ॥

ব্রহ্মপুরাণে ॥

দুই পদে দুইবার মৃত্তিকা গ্রহণ করিয়া উত্তম রূপে ধৌত করা হস্ত দ্বারা আচমন করত সনাতন বিষ্ণুকে স্মরণ করিয়া শুদ্ধ হইবে ॥ ৯৫ ॥

অথ আচমনবিধি ॥

বিষ্ণুপুরাণের সেই স্থানে অর্থাৎ

ঔর্ব্ব ও সগর সম্বাদে ॥

স্বচ্ছ, গন্ধশূন্য, ফেণহীন, বুদ্বুদরহিত জল দ্বারা আচমন করিবে। পুনর্ব্বার সাবধান হইয়া পদে মৃত্তিকা দান করিবে। পাদশৌচ সমাপন

লিপ্যাদিতাঙ্ঘ্রিশৌচস্তু পাদাবভ্যুক্ষ্য বৈ পুনঃ।
ত্রিঃ পিবেৎ সলিলং তেন তথা দ্বিঃ পরিমার্জ্জয়েৎ ॥ ৯৬ ॥
শীর্ষণ্যানি ততঃ খানি মূর্দ্ধানঞ্চ মৃদালভেৎ।
বাহূ নাভিঞ্চ তোয়েন হৃদয়ঞ্চাপি সংস্পৃশেৎ ॥
অত্র চ বিশেষো দক্ষেণোক্তঃ ॥
প্রক্ষাল্য হস্তৌ পাদৌ চ ত্রিঃ পিবেদম্বু বীক্ষিতং।
সংবৃত্তাঙ্গুষ্ঠমূলেন দ্বিঃ প্রমৃজ্যাত্ততো মুখং।
সংহত্য তিসৃভিঃ পূর্ব্বমাস্যমেবমুপস্পৃশেৎ।
অঙ্গুষ্ঠেন প্রদেশিন্যা ঘ্রাণং পশ্চাদনন্তরং।
অঙ্গুষ্ঠানামিকাভ্যাস্তু চক্ষুঃ শ্রোত্রে পুনঃ পুনঃ।
কনিষ্ঠাঙ্গুষ্ঠয়োর্নাভিং হৃদয়ন্তু তলেন বৈ।

তেত্যর্থঃ। তেন পাদাভ্যুক্ষণ-ত্রিঃপানশেষসলিলেন দ্বিঃ পরিমার্জয়েন্মুখমিতি শেষঃ ॥ ৯৬ ॥ আলভেৎ স্পৃশেৎ। অসঙ্গপন্নিতি পাঠে মৌনীভূত্বেত্যর্থঃ ॥ ৯৭ ॥

করিয়া পুনর্ব্বার উভয় পদ ধৌত করিয়া তিনবার জল পান (আচমন) করিবে এবং ঐ জল দ্বারা দুইবার মুখ প্রক্ষালন করিবে ॥ ৯৬ ॥

তাহার পর শীর্ষণ্য ছিদ্র অর্থাৎ চক্ষু নাসিকা ইত্যাদিতে ও মস্তকে মৃত্তিকা স্পর্শ করাইয়া বাহু, নাভি ও হৃদয়ে জল স্পর্শ করাইবে ॥

এই বিষয়ে দক্ষ বিশেষ করিয়া কহিয়াছেন ॥

হস্তদ্বয় ও পদদ্বয় প্রক্ষালন করিয়া দৃষ্টি দ্বারা নিরীক্ষণ পূর্ব্বক তিন বার জলপান অর্থাৎ আচমন করিবে, পরে আকুঞ্চিত অঙ্গুষ্ঠমূল দ্বারা দুইবার মুখ মার্জনা করিবে ॥

প্রথমতঃ তিন অঙ্গুলি একত্র করিয়া মুখমণ্ডল স্পর্শ করিবে, তাহার পর অঙ্গুষ্ঠ ও তর্জনী দ্বারা নাসিকা স্পর্শ করিবে, তদনন্তর অঙ্গুষ্ঠ ও অনামিকা দ্বারা চক্ষুর্দ্বয় কর্ণদ্বয় বারম্বার স্পর্শ করিবে। পরে কনিষ্ঠাঙ্গুলি ও অঙ্গুষ্ঠদ্বারা নাভি, তাহার পর করতলদ্বারা হৃদয় স্পর্শ করিবে। তৎ পশ্চাৎ সমস্ত অঙ্গুলি দ্বারা মস্তকএবং ঐ সকল অঙ্গুলির অগ্রভাগ-

সর্ব্বাভিস্তু শিরঃ পশ্চাদ্বাহু চাগ্রেণ সংস্পৃশেৎ ॥

তথা কাশীখণ্ডে তত্রৈব ॥

প্রাগাস্য উদগাস্যো বা সূপবিষ্টঃ শুচৌ ভুবি।
উপস্পৃশেদ্বিহীনায়াং তুষাঙ্গারাস্থিভস্মভিঃ।
অনুষ্ণাভিরফেণাভিরদ্ভি র্হৃদ্গাভিরত্বরঃ।
ব্রাহ্মণো ব্রহ্মতীর্থেন দৃষ্টিপূতাভিরাচমেৎ।
কণ্ঠগাভির্নৃপঃ শুদ্ধ্যেত্তালুগাভিস্তথোরুজঃ।
স্ত্রীশূদ্রাবাস্য সংস্পর্শমাত্রেণাপি বিশুদ্ধ্যতঃ ॥ ৯৭ ॥

যাজ্ঞবল্ক্যস্মৃতৌ ॥

পাদক্ষালনশেষেণ নাচামেৎ বারিণা দ্বিজঃ।
যদ্যাচামেৎ স্রাবয়িত্বা ভূমৌ বৌধায়নোঽব্রবীৎ ॥ ৯৮ ॥

ভূমৌ স্রাবয়িত্বা কিঞ্চিদ্বারি প্রক্ষিপ্য ॥ ৯৮ ॥

দ্বারা বাহুদ্বয় স্পর্শ করিবে ॥

এই প্রকার কাশীখণ্ডের সেই স্থানে
অর্থাৎ কার্ত্তিকেয় ও অগস্ত্য সম্বাদে ॥

পূর্ব্বমুখ বা উত্তরমুখ হইয়া তুষ, অঙ্গার, অস্থি, ও ভস্মবিহীন পবিত্র ভূমিতে উত্তমরূপে উপবেশন করিয়া চাঞ্চল্য পরিহারপূর্ব্বক শীতল, ফেণবর্জ্জিত দুর্গন্ধশূন্য, সুমিষ্ট জলদ্বারা আচমন করিবে ॥

ব্রাহ্মণ ব্রহ্মতীর্থ অর্থাৎ হৃৎপদ্মের মূল পর্য্যন্ত গামি দৃষ্টিপূত জল দ্বারা আচমন করিবেন, ক্ষত্রিয় কণ্ঠগত জলদ্বারা শুদ্ধ হইবেন, বৈশ্য তালুগামি জলদ্বারা শুদ্ধ হইবেন, আর স্ত্রী ও শূদ্র জলসংস্পর্শমাত্রেই পবিত্র হইবেন ॥ ৯৭ ॥

যাজ্ঞবল্ক্যস্মৃতিতে ॥

ব্রাহ্মণ পাদপ্রক্ষালনের অবশেষ জল দ্বারা আচমন করিবেন না, যদি আচমন করেন, তাহা হইলে ভূমিতে কিঞ্চিৎ জল নিক্ষেপ করিয়া আচমন করিবেন, এই কথা বৌধায়ন বলিয়াছেন ॥ ৯৮ ॥

ভরদ্বাজস্মৃতৌ ॥

পাণিনা দক্ষিণেনৈব সংহতাঙ্গুলিনাচমেৎ।

মুক্তাঙ্গুষ্ঠকনিষ্ঠেন নখস্পৃষ্টা অপস্ত্যজেৎ ॥

কৌর্ম্মে চ ব্যাসগীতায়াং ॥

ভুক্ত্বা পীত্বাচ সুপ্ত্বাচ স্নাত্বা রথ্যোপসর্পণে।

ওষ্ঠৌ বিলোমকৌ স্পৃষ্ট্বা বাসোবিপরিধায় চ।

রেতোমূত্রপুরীষাণামুৎসর্গেহনৃতভাষণে।

ষ্ঠীবিত্বাধ্যয়নারম্ভে কাশশ্বাসাগমে তথা।

চত্বরং বা শ্মশানং বা সমভ্যস্য দ্বিজোত্তমঃ।

সন্ধ্যয়োরুভয়োস্তদ্বদাচান্তো হপ্যাচমেৎ পুনঃ ॥ ৯৯ ॥

কিঞ্চ ॥

শিরঃ প্রাবৃত্য কণ্ঠং বা মুক্তকচ্ছশিখোহপি বা।

সমভ্যস্য পরিভ্রমণেন সম্যক্ স্পৃষ্ট্বা ইত্যর্থঃ ॥ ৯৯ ॥

ভরদ্বাজস্মৃতিতে ॥

অঙ্গুলি সঙ্কোচ করিয়া দক্ষিণ হস্ত দ্বারা আচমন করিবেন, জল যদি নখ স্পৃষ্ট হয় তাহা হইলে অঙ্গুষ্ঠ ও কনিষ্ঠাঙ্গুলির সংযোগ বিশ্লেষ করিয়া ত্যাগ করিবে ॥

কূর্ম্মপুরাণে ব্যাসগীতায় ॥

ভোজন করিয়া, পান করিয়া, নিদ্রা হইতে উত্থান করিয়া, স্নান করিয়া, পথভ্রমণকালে, বিপরীত ক্রমে ওষ্ঠদ্বয় স্পর্শ করিয়া, বস্ত্র পরিধান করিয়া, শুক্র, মূত্র ও মল ত্যাগ করিয়া,মিথ্যা বাক্য কহিয়া, নিষ্ঠীবন অর্থাৎ থুথু ফেলাইয়া, ধ্যানের আরম্ভে, কাশ ও শ্বাসের সমাগমে, চত্বর অর্থাৎ অঙ্গনে বা শ্মশানে ভ্রমণ করিয়া তথা উভয় সন্ধ্যায় দ্বিজ শ্রেষ্ঠ আচান্ত হইলেও পূর্ব্বের ন্যায় আচমন করিবেন ॥ ৯৯ ॥

আরও বলি ॥

মস্তক আবরণ বা কণ্ঠ আবরণ করিয়া কিম্বা কচ্ছ ও শিখা মুক্ত

অকৃত্বা পাদয়োঃ শৌচমাচান্তোঽপ্যশুচি র্ভবেৎ ॥ ১০০ ॥

সোপানৎকো জলস্থো বা নোষ্ণীষী চাচমেদ্বুধঃ।
ন চৈব বর্ষধারাভি র্হস্তোচ্ছিষ্টে তথা বুধঃ।
নৈকহস্তার্পিতজলৈ র্বিনা সূত্রেণ বা পুনঃ।
ন পাদুকাসনস্থো বা বহির্জানুরথাপি বা ॥ ১০১ ॥

অথ বৈষ্ণবাচমনং ॥

ত্রিঃ পানে কেশবং নারায়ণং মাধবমপ্যথ।
প্রক্ষালনে দ্বয়োঃ পাণ্যো র্গোবিন্দং বিষ্ণুমপ্যুভৌ ॥ ১০২ ॥

পাদয়োঃ শৌচমকৃত্বেতি ভোজনপানশয়নাদৌ পাদয়োরশুদ্ধ্যাভাবেঽপ্যাচমনসাঙ্গতার্থং শৌচমুক্তং ॥ ১০০ ॥

হস্তে উচ্ছিষ্টে সতি সন্ধিরার্ষঃ ॥ ১০১ ॥

তত্র লিখিতাচমনবিধৌ শ্রীভগবন্নামজপেন কিঞ্চিদ্বিশেষং তান্ত্রিকসম্মতং লিখতি ত্রিঃ পান ইত্যাদি ষড়্ভিঃ। ত্রিঃ পানাদৌ কেশবাদিকং কৃষ্ণান্তং চতুর্ব্বিংশতিসংখ্যং শ্রীভগবন্নাম নমোঽন্তং চতুর্থ্যন্তঞ্চ কেশবায় নমঃ ইত্যাদি প্রয়োগেণ ক্রমাজ্জপন্ সন্ যথাবিধি আচমনং কুর্য্যাদিতি সর্ব্বৈরন্বয়ঃ ত্রিঃপাদে বারত্রয় জলাচমনে কেশবাদি ত্রয়ং ॥ ১০২ ॥

করিয়া অথবা পাদদ্বয়ে মৃত্তিকাশৌচ না করিয়া আচমন করিলেও অশুচি হয় ॥ ১০০ ॥

প্রাজ্ঞ ব্যক্তি পাদে চর্ম্মপাদুকা পরিধান করিয়া, জলে অবস্থিতি করিয়া মস্তকে উষ্ণীষ বন্ধন না করিয়া আচমন করিবেন না। তদ্রূপ পণ্ডিত জন বৃষ্টির ধারার জলে আচমন করিবেন না। উচ্ছিষ্টহস্তে তথা এক হস্তে অর্পিত জল দ্বারা কিম্বা যজ্ঞসূত্র বিহীন হইয়া আচমন করিবেন না। পাদুকাসনে অর্থাৎ পাদুকার উপর উপবেশন করিয়া কিম্বা জানুকে বহির্ভাগে রাখিয়া আচমন করিবে না ॥ ১০১ ॥

অথ বৈষ্ণব আচমন ॥

যথাবিধি তিন বার আচমন কালে কেশব, নারায়ণ ও মাধবকে, দুইবার হস্ত প্রক্ষালন সময়ে গোবিন্দ ও বিষ্ণু এই উভয়কে ॥ ১০২ ॥

মধুসূদনমেকঞ্চ মার্জনেঽন্যং ত্রিবিক্রমং ॥ ১০৩ ॥
উষ্মার্জনেঽপ্যধরয়োর্বামনশ্রীধরাবুভৌ ॥ ১০৪ ॥
প্রক্ষালনে পুনঃ পাণ্যোহৃর্ষীকেশঞ্চ পাদয়োঃ।
পদ্মনাভং প্রোক্ষণেতু মূর্দ্ধ্নি দামোদরং ততঃ ॥ ১০৫ ॥
বাসুদেবং মুখে সঙ্কর্ষণং প্রদ্যুম্নমিত্যুভৌ।
নাসয়োর্নেত্রযুগলেঽনিরুদ্ধং পুরুষোত্তমং।
অধোক্ষজং নৃসিংহঞ্চ কর্ণয়োর্নাভিতোঽচ্যুতং ॥ ১০৬ ॥
জনার্দ্দনঞ্চ হৃদয়ে উপেন্দ্রং মস্তকে ততঃ।

মধুসূদনমেকমন্যঞ্চ ত্রিবিক্রমমিত্যুভাবিত্যর্থঃ ॥ ১০৩ ॥

অপিশব্দাদধরয়োর্মার্জ্জন ইতি জ্ঞেয়ং। উভাবপি পুংস্থঃ সংজ্ঞাসংজ্ঞিনোরভেদবিবক্ষয়া ॥১০৪॥

পাণ্যোর্দ্বয়োঃ প্রক্ষালনে হৃষীকেশমেকমেব। পাদয়োশ্চ প্রক্ষালনে পদ্মনাভমেকং। ততস্তদনন্তরং মূর্দ্ধ্নঃ প্রোক্ষণে দামোদরমেকং ॥ ১০৫ ॥

নাসয়োস্তু দ্বয়োঃ সঙ্কর্ষণং প্রদ্যুম্নঞ্চেতি দ্বৌ। নাভিতঃ নাভৌ ॥ ১০৬ ॥

যথাবিধীতি পূর্ব্বলিখিতাচমনবিধানুসারেণ। ত্রিপানপ্রকারঃ মার্জনাদাবঙ্গুলিনিয়মশ্চ তথা ওষ্ঠমার্জনমূর্দ্ধোষ্ঠক্রমেণ নাসাদিস্পর্শশ্চ দক্ষিণক্রমেণেত্যাদিপ্রকারশ্চ সদাচারতো জ্ঞেয় ইত্যর্থঃ। তথা চাগমতঃ শ্রীরামার্চ্চনচন্দ্রিকায়াং। কেশবাদ্যৈস্ত্রিভিঃ পীত্বা দ্বাভ্যাং প্রক্ষালয়েৎ করৌ। দ্বাভ্যামোষ্ঠৌ চ সংমার্জ্য দ্বাভ্যামুন্মার্জনং তথা। একেন হস্তৌ প্রক্ষাল্য

মার্জনে মধুসূদন ও ত্রিবিক্রমকে ॥ ১০৩ ॥

অধর ও ওষ্ঠের মার্জনে বামন এবং শ্রীধর এই উভয়কে ॥ ১০৪ ॥

পুনর্ব্বার হস্তদ্বয় প্রক্ষালনে হৃষীকেশকে, পদদ্বয়ের প্রক্ষালনে পদ্মনাভকে, মস্তক প্রক্ষালনে দামোদরকে ॥ ১০৫ ॥

মুখপ্রক্ষালনে বাসুদেবকে, নাসাদ্বয় প্রক্ষালনে সঙ্কর্ষণ ও প্রদ্যুম্ন এই উভয়কে, নেত্রযুগলে অনিরুদ্ধ ও পুরুষোত্তমকে, কর্ণদ্বয়ে অধোক্ষজ ও নৃসিংহকে, নাভিদেশে অচ্যুতকে ॥ ১০৬ ॥

হৃদয়ে জনার্দ্দনকে, মস্তকে উপেন্দ্রকে, দক্ষিণ বাহুতে হরিকে এবং

দক্ষিণে তু হরিং বাহ্বৌ বামে কৃষ্ণং যথাবিধি।
নমোঽন্তঞ্চ চতুর্থ্যন্তমাচামেৎ ক্রমতো জপন্ ॥ ১০৭ ॥
অশক্তঃ কেবলং দক্ষং স্পৃশেৎ কর্ণং তথাচ বাক্।
কুর্ব্বীতালভনং বাপি দক্ষিণশ্রবণস্য বৈ ॥ ১০৮ ॥
অথ দন্তধাবনবিধিঃ ॥
তত্র কাত্যায়নঃ।

পাদাবপি তথৈকতঃ। সংপ্রোক্ষ্যৈকেন ; মূর্দ্ধানং ততঃ সঙ্কর্ষণাদিভিঃ। আস্যনাসাক্ষি-কর্ণাংশ্চ নাভ্যুরঃস্কন্ধকান্ স্পৃশেৎ। এবমাচমনং কৃত্বা সাক্ষান্নারায়ণো ভবেৎ। কেশব নারায়ণ মাধব গোবিন্দ বিষ্ণু মধুসূদন ত্রিবিক্রম বামন শ্রীধর হৃষীকেশ পদ্মনাভ দামোদর বাসুদেব সঙ্কর্ষণ প্রদ্যুম্ন অনিরুদ্ধ পুরুষোত্তম অধোক্ষজ নৃসিংহ অচ্যুত জনার্দ্দন উপেন্দ্র হরি কৃষ্ণ ভগবন্নামভিরেভিশ্চতুর্থ্যন্তৈর্নমোঽন্তৈরিত্যাদি ॥ ১০৭ ॥

ইন্দ্রিয়চ্ছিদ্রাদি মার্জনেচ অশক্তাদ্যপেক্ষয়া স্মৃত্যুক্তং পক্ষান্তরং লিখতি অশক্ত ইতি। যোগাদিনা অসমর্থশ্চেৎ তর্হি কেবলং দক্ষং নিজদক্ষিণকর্ণং স্পৃশেৎ। ননু তত্র কিং প্রমাণং তত্র লিখতি। তথাচ বাগিতি। যত্তস্যৈব বচনমস্তীত্যর্থঃ। তামেব মার্কণ্ডেয়পুরাণে শ্রীমদালসোক্তাং লিখতি কুর্ব্বীতেতি। আলম্ভনং স্পর্শনং বৈ প্রসিদ্ধৌ তচ্চ স্মৃতি পুরাণাদিবৎ সুপ্রসিদ্ধমেবেত্যর্থঃ। কেচিচ্চ ত্রির্জ্জলাচমনাশক্তাবপি পক্ষমেতং মন্যন্তে। তত্র চ জলাদ্যসম্ভবেঽপি। এতচ্চ কেবলমিত্যনেনাপি সূচিতং। তচ্চ তত্রৈবোক্তং। যথা বিভবতো হ্যেতৎ পূর্ব্বাভাবে ততঃ পরমিতি। অস্যার্থঃ। বিভবঃ সামর্থ্যাদিঃ পূর্ব্বোক্তত্রিরাচমনাসম্ভবে ততো হ্যনন্তরমুক্তং দক্ষিণকর্ণালম্ভনাদিকং কার্য্যং নান্যদিত্যর্থঃ ॥ ১০৮ ॥

বাম বাহুতে কৃষ্ণকে ক্রমে ক্রমে চতুর্থী বিভক্তি সংযোগ পূর্ব্বক নমঃ-শব্দ অন্তে দিয়া জপ করত আচমন করিবে ॥ ১০৭ ॥

যোগাদি দ্বারা অশক্ত হইলে কেবল দক্ষিণ কর্ণ স্পর্শ করিবে। অতএব এই বিষয়ে বচন আছে, অথবা অশক্ত ব্যক্তি কেবল দক্ষিণ কর্ণমাত্র স্পর্শ করিবে ॥ ১০৮ ॥

অথ দন্তধাবনবিধি ॥

তদ্বিষয়ে কাত্যায়ন বলিয়াছেন ॥

উত্থায় নেত্রং প্রক্ষাল্য শুচির্ভূত্বা সমাহিতঃ।
পরিজপ্য চ মন্ত্রেণ ভক্ষয়েদ্দন্তধাবনং॥
মন্ত্রশ্চায়ং॥
আয়ুর্বলং যশো বর্চ্চঃ প্রজাঃ পশুবসূনি চ।
ব্রহ্ম প্রজ্ঞাঞ্চ মেধাঞ্চ ত্বং নো ধেহি বনস্পতে॥
অস্য নিত্যতা কাশীখণ্ডে॥
অথো মুখবিশুদ্ধ্যর্থং গৃহ্নীয়াদ্দন্তধাবনং।
আচান্তোঽপ্যশুচির্যস্মাদকৃত্বা দন্তধাবনং॥

শ্রীভগবৎপূজানিরতাঃ শয়নাদুত্থায়ৈব দন্তধাবনমাচরেয়ুরিতি পূর্ব্বং লিখিতং অধুনা শৌচবর্ণবিধিপ্রসঙ্গে তদ্বিধি লিখ্যতে উত্থায়েত্যাদিনা। প্রক্ষাল্য মার্জ্জনাদিনা নেত্রে উন্মীল্য। এবঞ্চ প্রাতঃকৃত্যমেবেদং ব্যক্তং। তথাচ ব্যাসঃ। শুদ্ধ্যর্থং প্রাতরুত্থায় ভক্ষয়েদ্দন্তধাবনমিতি। অশক্তৌ চ স্নানকালেঽপি দন্তধাবনং ন দোষাবহং বিরুদ্ধনাং সতাং কেষাঞ্চিৎ তাদৃশাচারদর্শনাৎ। অতএব কৌর্ম্মে শ্রীব্যাসগীতায়াং। প্রক্ষাল্য দন্তকাষ্ঠং বৈ ভক্ষয়িত্বা বিধানতঃ। আচম্য প্রযতো নিত্যং স্নানং প্রাতঃ সমাচরেদিতি প্রাতঃস্নানকাল এবোক্তং। মার্কণ্ডেয়পুরাণেচ। কেশপ্রসাধনাদর্শদর্শনং দন্তধাবনং। পূর্ব্বাহ্ণ এব কার্য্যাণি ইতি পূর্ব্বাহ্ণমাত্রকৃত্যমিত্যুক্তং। যচ্চোক্তং। যো মোহাৎ স্নানবেলায়াং ভক্ষয়েদ্দন্তধাবনং। নিরাশাস্তস্য গচ্ছন্তি দেবতাঃ পিতরস্তথেতি তচ্চ মধ্যাহ্নস্নানবিষয়ং জ্ঞেয়ং॥ ১০৯॥

শয়ন হইতে উত্থান পূর্ব্বক নেত্রদ্বয় প্রক্ষালন করত শুচি ও স্থির চিত্তে মন্ত্র জপ করিয়া দন্তধাবন করিবে॥

মন্ত্রও এই॥

হে বনস্পতে! তুমি আমাদিগকে আয়ু, বল, যশঃ, তেজঃ, সন্তান, পশু, প্রাণ, ব্রহ্ম অর্থাৎ বেদবিষয়কজ্ঞান, বুদ্ধি ও স্মৃতিশক্তি প্রদান কর॥

দন্তধাবনের নিত্যতা যথা—কাশীখণ্ডে॥

অনন্তর মুখ শোধনের নিমিত্ত দন্তকাষ্ঠ গ্রহণ করিবে, যে হেতু দন্তধাবন না করিয়া আচমন করিলেও অশুচি থাকে॥

বারাহে চ ॥

দন্তকাষ্ঠমখাদিত্বা যস্তু মামুপসর্পতি।
সর্ব্বকালকৃতং কর্ম্ম তেন চৈকেন নশ্যতি ॥

অথ দন্তকাষ্ঠনিষিদ্ধদিনানি। মনুঃ ॥

চতুর্দ্দশ্যষ্টমীদর্শপৌর্ণমাস্যর্কসংক্রমঃ।
এষু স্ত্রীতৈলমাংসানি দন্তকাষ্ঠানি বর্জয়েৎ ॥

সম্বর্ত্তকঃ ॥

আদ্যে তিথৌ নবম্যাঞ্চ ক্ষয়ে চন্দ্রমসস্তথা।
আদিত্যবারে শৌরে চ বর্জযেদ্দন্তধাবনং ॥ ১০৯ ॥

কাত্যায়নঃ ॥

প্রতিপদ্দর্শষষ্ঠীষু নবম্যাঞ্চ বিশেষতঃ।

বিশেষত ইত্যনেন কচিচ্চতুর্দ্দশ্যাদৌ কচিচ্চ ব্যতীপাতজন্মাদিনাদৌ কৃতদন্তকাষ্ঠনিষেধা-
পেক্ষয়া প্রতিপদাদিষু তন্নিষেধাধিক্যং বোধ্যতে অতএব দহতীত্যাদিনা তত্র দোষোঽপি

বরাহপুরাণেও ॥

বরাহদেব পৃথিবীকে কহিয়াছেন, দন্তকাষ্ঠ চর্ব্বণ না করিয়া যে আমার উপাসনা করে, সেই এক কর্ম্ম দ্বারাই তাহার সর্ব্বকাল কৃত কর্ম্ম বিনষ্ট হয় ॥

যে যে দিবস দন্তকাষ্ঠ চর্ব্বণ করিবে না, তাহার বিধি যথা—মনু ॥

চতুর্দ্দশী, অষ্টমী, অমাবাস্যা, পৌর্ণমাসী এবং সূর্য্যসংক্রম অর্থাৎ সংক্রান্তি, এই সকল দিনে স্ত্রী. তৈল, মাংস ও দন্তকাষ্ঠ বর্জন করিবে ॥

সম্বর্ত্তক বলিয়াছেন ॥

প্রতিপৎ, নবমী, চন্দ্রমার ক্ষয় দিবসে অর্থাৎ অমাবাস্যায়, তথা, রবিবারে ও শনিবারে দন্তধাবন করিবে না ॥ ১০৯ ॥

কাত্যায়ন বলিয়াছেন ॥

প্রতিপৎ, অমাবাস্যা ও ষষ্ঠীতে, বিশেষ করিয়া নবমীতে দন্ত সক-

দন্তানাং কাষ্ঠসংযোগো দহত্যাসপ্তমং কুলং ॥ ১১০ ॥

বৃদ্ধবশিষ্ঠঃ ॥

উপবাসে তথা শ্রাদ্ধে ন খাদেদ্দন্তধাবনং।

দন্তানাং কাষ্ঠসংযোগো হন্তি সপ্তকুলানি বৈ ॥

অন্যত্র চ ॥

প্রতিপদ্দর্শষষ্ঠীষু নবম্যেকাদশীরবৌ।

দন্তানাং কাষ্ঠসংযোগো হন্তি পুণ্যং পুরাকৃতং ॥ ১১১ ॥

অথ তত্র প্রতিনিধিঃ ॥

দিনেষ্বেতেষু কাষ্ঠৈর্হি দন্তানাং ধাবনস্য তু।

নিষিদ্ধত্বাত্তৃণৈঃ কুর্য্যাত্তথা কাষ্ঠেতরৈশ্চ তৎ ॥ ১১২ ॥

তথাচ ব্যাসঃ ॥

প্রতিপদ্দর্শষষ্ঠীষু নবম্যাং দন্তধাবনং।

মহান্ দর্শিত ইতি দিক্ ॥ ১১০ ॥

নবম্যামেকাদশ্যাং রবিবারে চেত্যর্থঃ ॥ ১১১ ॥

এতেষু প্রতিপদাদিষু নিষিদ্ধদিনেষু কাষ্ঠৈঃ কৃত্বা দন্তানাং ধাবনস্য নিষিদ্ধত্বাৎ নিষেধনাৎ।

লের কাষ্ঠ সংযোগ সপ্তম কুল অর্থাৎ সপ্তম পুরুষ পর্য্যন্ত বংশ দগ্ধ করে ॥ ১১০ ॥

বৃদ্ধবশিষ্ঠ ॥

উপবাস দিবসে ও শ্রাদ্ধদিনে দন্তকাষ্ঠ চর্ব্বণ করিবে না, ঐ ঐ দিবসে দন্তসকলের যে কাষ্ঠ সংযোগ তাহা সপ্তম কুল বিনাশ করে ॥

অন্যত্রও ॥

প্রতিপৎ, অমাবাস্যা, ষষ্ঠী, নবমী, একাদশী তথা রবিবার এই সকল দিনে দন্তসকলের কাষ্ঠ সংযোগ পূর্ব্বকৃত পুণ্য নষ্ট করে ॥ ১১১ ॥

নিষিদ্ধ দিনে দন্তকাষ্ঠের প্রতিনিধি।

অর্থাৎ যাহা ব্যবহার করিতে হইবে ॥

এই সকল দিনে কাষ্ঠদ্বারা দন্তধাবন করা নিষেধ হেতু তৃণ তথা

পর্ণৈরন্যত্র কাষ্ঠৈশ্চ জিহ্বোল্লেখঃ সদৈব হি।

পৈঠীনসিঃ ॥

অলাভে বা নিষেধে বা কাষ্ঠানাং দন্তধাবনং।

পর্ণাদিনা বিশুদ্ধেন জিহ্বোল্লেখঃ সদৈব হি ॥ ১১৩ ॥

অথ তত্রৈবাপবাদঃ ॥

কাষ্ঠৈঃ প্রতিপদাদৌ যন্নিষিদ্ধং দন্তধাবনং।

তৃণপর্ণৈস্তু তৎ কুর্য্যাদমামেকাদশীং বিনা ॥ ১১৪ ॥

তত্তদ্দন্তধাবনং তৃণৈঃ কাষ্ঠাদিতরৈরন্যৈশ্চ ত্বগাদিভিঃ কুর্য্যাৎ। যদ্বা। কাষ্ঠেতরৈরিতি হেতৌ বিশেষণং। ততশ্চ কাষ্ঠৈরেব নিষেধনাৎ তৃণাদীনাঞ্চ কাষ্ঠেতরত্বাৎ তৈর্দন্তধাবনমদুষ্টমিত্যর্থঃ ॥ ১১২ ॥

অন্যত্র প্রতিপদাদিব্যতিরিক্তদিনেষু অত্র চ রবিবারাদপি পর্ণৈরেব তথা তৃণৈশ্চাপীতি পূর্ব্বাপরবচনানুসারেণ বোদ্ধব্যং ॥ ১১৩ ॥

অমাং অমাবাস্যাং একাদশীমিত্যুপবাসদিনং লক্ষয়তি কদাচিদ্দ্বাদশীষু জন্মাষ্টম্যাদিষু চোপবাসাৎ অমাবাস্যায়াং দন্তকাষ্ঠগ্রহণং ন কার্য্যং। তথাচ মৎস্যবিষ্ণুপুরাণয়োঃ। ছিনত্তি বিরুধো যস্তু বীরুৎসংস্থে নিশাকরে। পত্রং বা পাতয়ত্যেকং ব্রহ্মহত্যাং স বিন্দতীতি ॥ ১১৪ ॥

বৃক্ষের ত্বক্ ও পত্রদ্বারা দন্তধাবন করিবে ॥ ১১২ ॥

অতএব ব্যাস বলিয়াছেন ॥

প্রতিপৎ, অমাবাস্যা, ষষ্ঠী, নবমী এবং রবিবারে পত্রদ্বারা দন্তধাবন করিবে, কিন্তু সকল দিবসেই কাষ্ঠদ্বারা জিহ্বোল্লেখ করিবে ॥

পৈঠীনসি বলিয়াছেন ॥

দন্তকাষ্ঠের অভাবে অথবা দন্তকাষ্ঠ ব্যবহার নিষিদ্ধ দিবসে পবিত্র পত্রদ্বারা দন্তধাবন করিবে, কিন্তু নিষিদ্ধ ও অনিষিদ্ধ সকল দিবসেই জিহ্বোল্লেখ করিবে ॥ ১১৩ ॥

অথ তদ্বিষয়ে বিশেষ বিধি ॥

প্রতিপদাদি তিথিতে কাষ্ঠদ্বারা যে দন্তধাবন নিষিদ্ধ হইয়াছে, তাহা পত্রদ্বারা করিবে কিন্তু অমাবাস্যা ও একাদশীতে তৃণ পত্র দ্বারাও দন্তধাবন করিবে না ॥ ১১৪ ॥

অতএব ব্যাসস্য বচনান্তরং ॥

অলাভে দন্তকাষ্ঠানাং নিষিদ্ধায়াং তথা তিথৌ।
অপাং দ্বাদশগণ্ডূষৈর্বিদধ্যাদ্দন্তধাবনং ॥

কাশীখণ্ডেচ তত্রৈব ॥

অলাভে দন্তকাষ্ঠানাং নিষিদ্ধে বাথ বাসরে।
গণ্ডূষা দ্বাদশ গ্রাহ্যা মুখস্য পরিশুদ্ধয়ে ॥ ইতি ॥ ১১৫ ॥

তৃণপর্ণাদিনা কেচিদুপবাসদিনেষ্বপি।
দন্তধাবনমিচ্ছন্তি মুখশোধনতৎপরাঃ ॥

তথাচ কাশীখণ্ডে তত্রৈব ॥

নিষিদ্ধায়ামিতি পূর্ব্বং প্রতিপদাদিষু নিষিদ্ধদিনেষু পর্ণৈর্দন্তধাবনস্যাপ্যুক্তত্বাৎ পুনশ্চ অপাং দ্বাদশগণ্ডূষৈর্বিত্যুক্তত্বাদেকাদশ্যাদ্যুপবাসদিনেষু অপাং গণ্ডূষৈরিতি ব্যবস্থাপয়িতব্যং। এবঞ্চ অমাসৈকাদশীং বিনেতি বাক্যং সুসঙ্গতমিতি দিক্ ॥ ১১৫ ॥

উপবাসেঽপি নো দুষ্যেদিতি বচনঞ্চ স্বমতে তৎপাশ্চাত্যবিষয়কং জ্ঞেয়ং তত্রাক্রমাদিনিষেধনাৎ। অতএব কেচিদিচ্ছন্তীতি লিখিতং। ব্রতদিনে পর্ণাদিনা দন্তানাং ধাবনে দাক্ষিণাত্য-শ্রীবৈষ্ণবানাং ব্যবহারোঽপি প্রমাণমিতি দিক্ ॥ ১১৬ ॥

এই কারণেই ব্যাসের অন্য বচন ॥

দন্তকাষ্ঠ না পাইলে অথবা যে তিথিতে দন্তধাবন করিতে হয় না, সেই তিথিতে দ্বাদশ গণ্ডূষ জলদ্বারা দন্ত ধাবন বিধান করিবে ॥

কাশীখণ্ডেও ঐ স্থলেই অর্থাৎ কার্ত্তিকেয় ও অগস্ত্য সম্বাদে ॥

দন্তকাষ্ঠের অভাবে অথবা নিষিদ্ধ দিবসে মুখ শুদ্ধির নিমিত্ত দ্বাদশ গণ্ডূষ জল গ্রহণ করিবে ॥ ১১৫ ॥

যাঁহাদের মুখশোধন কার্য্য অতিশয় প্রয়োজনীয় এমত কোন কোন ব্যক্তি উপবাস দিবসে তৃণ পত্রাদি দ্বারা দন্তধাবন ইচ্ছা করেন ॥

উক্ত বিষয়ও কাশীখণ্ডের ঐ স্থলেই
অর্থাৎ কার্ত্তিকেয় ও অগস্ত্যসম্বাদে ॥

মুখে পর্য্যুষিতে যস্মাৎ ভবেদশুচিভাগ্ নরঃ।
ততঃ কুর্য্যাৎ প্রযত্নেন শুদ্ধ্যর্থং দন্তধাবনং।
উপবাসেঽপি নো দুষ্যেদ্দন্তধাবনমঞ্জনং।
গন্ধালঙ্কারসদ্বস্ত্রপুষ্পমালানুলেপনং।
অথ দন্তকাষ্ঠানি স্মৃতৌ॥
সর্ব্বে কণ্ঠকিনঃ পুণ্যাঃ আয়ুর্দ্দাঃ ক্ষীরিণঃ স্মৃতাঃ।
কটু-তিক্ত-কষায়াশ্চ বলারোগ্য-সুখপ্রদাঃ॥
কিঞ্চ॥
পলাশানাং দন্তকাষ্ঠং পাদুকে চৈব বর্জ্জয়েৎ।
বর্জ্জয়েচ্চ প্রযত্নেন বটং বাশ্বত্থমেব চ॥ ১১৬॥
কৌর্ম্মে ব্যাসগীতায়াং॥
মধ্যাঙ্গুলিসমস্থৌল্যং দ্বাদশাঙ্গুলিসম্মিতং।

সত্বচমিতি। অদন্তত্বচশব্দোঽপ্যস্তি আবন্তো বা। ত্বচাসহিতমিত্যর্থঃ॥ ১১৭॥

যে হেতু মুখ পর্য্যুষিত থাকিলে মনুষ্য অপবিত্র হয়, এই কারণ শুদ্ধির নিমিত্ত যত্ন পূর্ব্বক দন্তধাবন করিবে। উপবাস দিবসেও দন্ত ধাবন, অঞ্জন, চন্দন, অলঙ্কার, উত্তমবস্ত্র, পুষ্পমালা ও গন্ধদ্রব্য ব্যবহার করিলে দোষ হয় না॥

যে যে দন্তকাষ্ঠ ব্যবহার করিতে হইবে তাহার
ব্যবস্থা যথা স্মৃতিতে॥

কথিত আছে, যে সকল বৃক্ষ কণ্ঠকযুক্ত তাহাদের দন্তকাষ্ঠ পবিত্র, ক্ষীরযুক্ত বৃক্ষের দন্তকাষ্ঠ পরমায়ুঃ বৃদ্ধি করে এবং কটু, তিক্ত ও কষায় রসসম্পন্ন বৃক্ষের দন্তকাষ্ঠ বল, আরোগ্য ও সুখ প্রদান করিয়া থাকে॥

আরও বলি॥

পলাশ বৃক্ষের দন্তকাষ্ঠ ও পাদুকা বর্জ্জন করিবে, বট ও অশ্বত্থ এই দুইকে যত্ন পূর্ব্বক পরিত্যাগ করিবে॥ ১১৬॥

কূর্ম্মপুরাণে ব্যাসগীতায়॥

যে দন্তকাষ্ঠ মধ্যমাঙ্গুলির ন্যায় স্থূল, পরিমাণে দ্বাদশ অঙ্গুল ও

সত্বচং দন্তকাষ্ঠং যৎ তদগ্রে নতু ধারয়েৎ ॥ ১১৭ ॥
ক্ষীরিবৃক্ষসমুদ্ভূতং মালতীসম্ভবং শুভং।
অপামার্গঞ্চ বিল্বং বা করবীরং বিশেষতঃ।
বর্জ্জয়িত্বা নিন্দিতানি গৃহীত্বৈকং যথোদিতং।
পরিহৃত্য দিনং পাপং ভক্ষয়েদ্বৈ বিধানবিৎ।
ন পাটয়েদ্দন্তকাষ্ঠং নাঙ্গুল্যগ্রেণ ধারয়েৎ।
প্রক্ষাল্য ভুক্ত্বা তজ্জহ্যাৎ শুচৌ দেশে সমাহিতঃ ॥ ১১৮ ॥
কাশীখণ্ডে চ তত্রৈব ॥
কনিষ্ঠাগ্রপরীণাহং সত্বচং নির্ব্রণং ঋজুং।
দ্বাদশাঙ্গুলমানঞ্চ সার্দ্রং স্যাদ্দন্তধাবনং।
জিহ্বোল্লেখনিকাং বাপি কুর্য্যাচ্চাপাকৃতিং শুভাং ॥ ১১৯ ॥

নিন্দিতানি অর্ককর্ব্বুরাদীনি। পাপং বর্জ্জ্যং দিনং প্রতিপদাদি ॥ ১১৮ ॥
পরীণাহঃ স্থৌল্যং। সার্দ্রং আর্দ্রতাযুক্তং ॥ ১১৯ ॥

তদ্দ্বারা দন্তধাবন করিবে কিন্তু ঐ কাষ্ঠের অগ্র দিক্ ধারণ করিবে না, মূলের দিকে ধারণ করিয়া অগ্রের দিকে দন্তধাবন করিবে ॥ ১১৭ ॥

ক্ষীরিবৃক্ষ অর্থাৎ বট ও অশ্বত্থ বৃক্ষজাত, পবিত্র মালতীবৃক্ষজাত, অপামার্গ, বিল্ব, বিশেষতঃ করবীর ও নিন্দিত কাষ্ঠ অর্থাৎ আকন্দ ও পারুলকাষ্ঠ, এ সকল পরিত্যাগ করিয়া পূর্ব্বকথিত লক্ষণসম্পন্ন একটী দন্তকাষ্ঠ লইয়া বিধানজ্ঞ ব্যক্তি প্রতিপদাদি নিষিদ্ধদিনের ভিন্ন দিনে চর্ব্বণ করিবেন ॥

পাটিত অর্থাৎ দ্বিধাকৃত (ফাড়া) দন্তকাষ্ঠ গ্রহণ করিবে না এবং অঙ্গুলির অগ্রভাগদ্বারা ধারণ করিবে না। স্থিরচিত্তে দন্তকাষ্ঠ ধৌত করিয়া চর্ব্বণ করত পবিত্র স্থানে নিক্ষেপ করিবেন ॥ ১১৮ ॥

কাশীখণ্ডের কার্ত্তিকেয় ও অগস্ত্যসম্বাদে ॥

কনিষ্ঠাঙ্গুলির অগ্রভাগের ন্যায় স্থূল, ত্বক্‌যুক্ত, ব্রণহীন, সরল, দ্বাদশাঙ্গুল পরিমিত, আর্দ্র অর্থাৎ রসসমন্বিত কাষ্ঠই দন্তকাষ্ঠের উপযুক্ত,

রামার্চ্চনচন্দ্রিকায়াঞ্চ ॥

দন্তোল্লেখো বিতস্ত্যা ভবতি পরিমিতাদন্নমিত্যাদি মন্ত্রাৎ
প্রাতঃ ক্ষীর্য্যাদিকাষ্ঠাদ্বটখদিরপলাশৈর্বিনার্কাম্রবিল্বৈঃ।
ভুক্ত্বা গণ্ডূষষট্কং দ্বিরপি কুশমৃতে দেশিনীমঙ্গুলীভি-
র্নন্দাভূতাষ্টপর্ব্বণ্যপি ন খলু নবম্যর্কসংক্রান্তিপাতে ॥ ১২০ ॥

অথ কেশপ্রসাধনাদিঃ ॥

ততশ্চাচম্য বিধিবৎ কৃত্বা কেশপ্রসাধনং।

বটাদিকাষ্ঠৈর্বিনা ক্ষীর্য্যাদিকাষ্ঠাৎ প্রাতর্দ্দন্তানামুল্লেখো ধাবনং ভবতি। কীদৃশাৎ বিতস্ত্যা দ্বাদশাঙ্গুলৈঃ পরিমিতাৎ কুশং দেশিনীঞ্চ বিনা অঙ্গুলীভির্গণ্ডূষষট্কং দ্বির্ভুক্ত্বা দ্বাদশ-জলগণ্ডূষাণি গৃহীত্বেত্যর্থঃ। নন্দাদিষু চ দন্তোল্লেখো ন ভবতি তত্র নন্দা প্রতিপৎ ষষ্ঠী একাদশী চ ভূতচতুর্দ্দশী অষ্টমী পর্ব্ব অমাবস্যা পৌর্ণমাস্যাদি। পাতো ব্যতীপাতো। দ্বন্দ্বৈক্যং। এবং নিষেধবৈবিধ্যং বিবিধবেদশাখাসেবিনাং কর্ম্মপরাণাং নানাদেবতাভক্তানাং মতভেদেন। মন্ত্রশ্চ শ্রৌতোঽয়ং। অন্নাদ্যায়াদ্যাপ্যূহধ্বং। সোমোরাজায়মাগমন্ স মে মুখং সংমার্জ্যাতে যশসা চ ভগেন বেতি ॥ ১২০ ॥

এই লক্ষণাক্রান্তই ধনুকাকৃতি শুভজিহ্বোল্লেখনিকা করিবে ॥ ১১৯ ॥

রামার্চ্চনচন্দ্রিকাতেও ॥

কুশ ও তর্জনী ভিন্ন অন্যান্য অঙ্গুলি সকলের দ্বারা দুই ছয় অর্থাৎ বার গণ্ডূষ জল মুখে দিয়া "সোমো রাজা" ইত্যাদি মন্ত্র উচ্চারণ করত বট, খদির, পলাশ, আকন্দ, আম্র ও বিল্ব ভিন্ন অন্যান্য ক্ষীরি বৃক্ষজাত দ্বাদশাঙ্গুল পরিমিত কাষ্ঠদ্বারা প্রাতঃকালে দন্তমার্জন করিতে হয় কিন্তু প্রতিপৎ, চতুর্দ্দশী, অষ্টমী তথা অমাবস্যা ও পৌর্ণমাসী প্রভৃতি পর্ব্ব-দিবসে এবং নবমী, সংক্রান্তি ও ব্যতিপাত যোগে দন্তধাবন করিতে হয় না ॥ ১২০ ॥

অথ কেশসংস্করণাদি ॥

অনন্তর দ্বিজ অর্থাৎ ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্য দন্তধাবনের পর আচ-

স্মৃত্বা প্রণবগায়ত্র্যৌ নিবধ্নীয়াচ্ছিখাং দ্বিজঃ ॥ ১২১ ॥

তথাচোক্তং ।

ন দক্ষিণামুখো নোর্দ্ধং কুর্য্যাৎ কেশপ্রসাধনং ।

স্মৃত্বোঙ্কারঞ্চ গায়ত্রীং নিবধ্নীয়াচ্ছিখাং ততঃ ॥ ১২২ ॥

অথ স্নানং বিষ্ণুপুরাণে তত্রৈব ॥

নদীনদতড়াগেষু দেবখাতজলেষু চ ।

নিত্যক্রিয়ার্থং স্নায়ীত গিরিপ্রস্রবণেষু চ ।

কূপেষূদ্ধৃততোয়েন স্নানং কুর্ব্বীত বা ভুবি ।

স্নায়ীতোদ্ধৃততোয়েন অথবা ভুব্যসম্ভবে ॥

দ্বিজ ইতি স্নানে শূদ্রস্য মুক্তশিখত্বাৎ ॥ ১২১ ॥

বিধিবদিতি লিখিতং তং বিধিমেব লিখতি ন দক্ষিণেতি ॥ ১২২ ॥

কূপেষু কলসাদিভিরুদ্ধৃততোয়েন ভুবি তত্তত্তটভূমৌ স্নায়াৎ গমনাদ্যশক্ততয়া । তত্তট-ভুবি স্নানাসম্ভবে কূপাদুদ্ধৃতেন শীতোদকেন স্নায়াৎ তত্রাপ্যশক্তৌ উষ্ণোদকেন স্নায়াৎ ইতি জ্ঞেয়ং । তথা চোক্তং । আপঃ স্বভাবতো মেধ্যাঃ কিং পুনর্ব্বহ্নিসংযুতাঃ । তস্মাৎ সন্তঃ প্রশংসন্তি স্নানমুষ্ণেন বারিণেতি ॥ ১২৩ ॥

মন করিয়া পশ্চাল্লিখিত বিধানানুসারে কেশসংস্কার করিয়া প্রণব ও গায়ত্রী স্মরণ পূর্ব্বক শিখা বন্ধন করিবেন ॥ ১২১ ॥

অতএব উক্ত হইয়াছে ॥

দক্ষিণমুখ অথবা উর্দ্ধমুখ হইয়া কেশসংস্কার করিবে না। পরে প্রণব ও গায়ত্রী স্মরণ করিয়া শিখা বন্ধন করিবে ॥ ১২২ ॥

অথ স্নান ॥

বিষ্ণুপুরাণে ঔর্ব্ব ও সগরের সম্বাদে ॥

নদী, নদ, দীর্ঘিকায় এবং দেবখাত জলে ও পর্ব্বত-প্রস্রবণে স্নান করিবে। অথবা কূপ হইতে কলসাদি দ্বারা জল উত্তোলন করিয়া তাহার তটে স্নান করিবে। তটের সম্ভাবনা না থাকিলে উত্তোলিত শীতল জলে অথবা তাহাতে অশক্ত হইলে ঐ উষ্ণজলে স্নান করিবে ॥

অথ স্নাননিত্যতা ॥

তত্র কাত্যায়নঃ ॥

যথাহনি তথা প্রাতর্নিত্যং স্নায়াদনাতুরঃ।

অত্যন্তমলিনঃ কায়ো নবচ্ছিদ্রসমন্বিতঃ।

স্রবত্যেব দিবারাত্রৌ প্রাতঃ স্নানং বিশোধনং ॥

দক্ষঃ ॥

প্রাতর্মধ্যাহ্নয়োঃ স্নানং বানপ্রস্থগৃহস্থয়োঃ।

যতেস্ত্রিসবনং স্নানং সকৃত্তু ব্রহ্মচারিণঃ ॥ ১২৩ ॥

সর্ব্বে চাপি সকৃৎ কুর্য্যুরশক্তৌ চোদকং বিনা ॥ ১২৪ ॥

কিঞ্চ ॥

অশিরস্কং ভবেৎ স্নানমশক্তৌ কর্ম্মিণাং সদা।

অশক্তৌ সত্যাং। অপি নিশ্চিতং সকৃদপীতি বা কুর্য্যুরেব। তত্রাপ্যশক্তৌ উদকং বিনেতি মন্ত্রস্নানাদিকং কুর্য্যুরিত্যর্থঃ। যদ্বা। অশক্তৌ সত্যাং উদকং বিনা জলাভাবে চ সতি সকৃৎ কুর্য্যুঃ। এবং স্নানস্য নিত্যতা সিদ্ধৈব ॥ ১২৪ ॥

অশিরস্কমিত্যাদিনাপি নিত্যতৈবাভিপ্রেতা ॥ ১২৫ ॥

অথ স্নানের নিত্যতা ॥

তদ্বিষয়ে কাত্যায়ন বলিয়াছেন ॥

সুস্থ ব্যক্তি যেমন দিবাভাগে তদ্রূপ প্রাতঃকালে নিত্য স্নান করিবেন। শরীর অতিশয় মলযুক্ত এবং নবচ্ছিদ্র সম্পন্ন, দিবারাত্রই তাহা হইতে মল ক্ষরণ হইতেছে, প্রাতঃস্নান করিলে শরীরের শুদ্ধি হয় ॥

দক্ষ বলিয়াছেন ॥

বানপ্রস্থ এবং গৃহস্থের প্রাতঃকালে ও মধ্যাহ্নকালে স্নান, যতির ত্রিসন্ধ্যায় স্নান এবং ব্রহ্মচারির একবার মাত্র স্নান কর্ত্তব্য ॥ ১২৩ ॥

অশক্ত হইলে সকলের পক্ষেই একবার মাত্র স্নান, তাহাতেও অশক্ত হইলে কেবল মন্ত্র স্নানাদি করিবে ॥ ১২৪ ॥

আরও ॥

অশক্ত হইলে কর্ম্মিব্যক্তির সকলকালেই মস্তক ব্যতীত স্নান হইতে

আর্দ্রেণ বাসসা বাপি পাণিনা বাপি মার্জ্জনং ॥

শঙ্খশ্চ ॥

অস্নাতস্তু পুমান্নার্হো জপাদিহবনাদিষু ॥

কৌর্ম্মে শ্রীব্যাসগীতায়াং ॥

প্রাতঃস্নানং বিনা পুংসাং পাপিত্বং কর্ম্মসু স্মৃতং।
হোমে জপে বিশেষেণ তস্মাৎ স্নানং সমাচরেৎ ॥

কাশীখণ্ডে ॥

প্রস্বেদলালাদ্যাক্লিন্নো নিদ্রাধীনো যতো নরঃ।
প্রাতঃস্নানাত্ততোঽর্হঃ স্যান্মন্ত্রস্তোত্রজপাদিষু।

পাদ্মেচ দেবহুতিবিকুণ্ডলসম্বাদে ॥

স্নানং বিনা তু যো ভুঙ্‌ক্তে মলাশী স সদা নরঃ।
অস্নায়িনোঽশুচেস্তস্য বিমুখাঃ পিতৃদেবতাঃ।

পারে আর্দ্র বস্ত্র বা আর্দ্র হস্ত দ্বারা গাত্রমার্জন করিলেও স্নান হয় ॥

শঙ্খও বলিয়াছেন ॥

স্নান না করিলে মনুষ্য জপ ও হোমাদি কর্ম্মে যোগ্য হইতে পারে না॥

কূর্ম্মপুরাণে ব্যাসগীতায় ॥

প্রাতঃস্নান ব্যতিরেকে মনুষ্যের কর্ম্ম সকলে বিশেষতঃ জপ এবং হোমাদিকার্য্যে শুদ্ধি হয় না, সুতরাং প্রাতঃস্নান করিবে ॥

কাশীখণ্ডে ॥

যে হেতু মনুষ্য নিদ্রার বশীভূত হইলে ঘর্ম্ম ও লালাদি দ্বারা ক্লেদ যুক্ত হয় অতএব প্রাতঃস্নান করিলে মন্ত্র স্তব ও জপাদিতে যোগ্য হইতে পারে ॥

পদ্মপুরাণে দেবহুতি ও বিকুণ্ডল সম্বাদে ॥

যে মনুষ্য স্নান ব্যতিরেকে ভোজন করে, সে সকল কালেই মল ভোজন করিয়া থাকে, যে স্নান না করে সে অশুচি, পিতৃলোক ও দেব

স্নানহীনো নরঃ পাপী স্নানহীনোঽশুচিঃ সদা।
অস্নায়ী নরকং ভুক্ত্বা পুক্কশাদিষু জায়তে ॥ ১২৫ ॥
অথ স্নানমাহাত্ম্যং মহাভারতে উদ্যোগপর্ব্বণি শ্রীবিদুরোক্তৌ ॥
গুণা দশ স্নানশীলং ভজন্তে, বলং রূপং স্বরবর্ণপ্রসিদ্ধিঃ।
স্পর্শশ্চ গন্ধশ্চ বিশুদ্ধতাচ, শ্রীঃ সৌকুমার্য্যং প্রবরাশ্চ নার্য্যঃ ॥
পাদ্মে চ তত্রৈব ॥
যাম্যং হি যাতনাদুঃখং নিত্যস্নায়ী ন পশ্যতি।
নিত্যস্নানেন পূয়ন্তে অপি পাপকৃতো নরাঃ।
প্রাতঃস্নানং হরেদ্বৈশ্য সবাহ্যাভ্যন্তরং মলং।

স্বরবর্ণয়োঃ প্রকর্ষেণ সিদ্ধিরিতি। মহাপাতকাদিকং হরতি ॥ ১২৬

লোক তাহার প্রতি বিমুখ হয়েন। স্নানহীন নর পাপী, স্নানহীন নর সর্ব্বদা অশুচি, যে স্নান করে না, সে নরক ভোগ করিয়া পুক্কশাদি অন্ত্যজ জাতি সকলে জন্ম গ্রহণ করে ॥ ১২৫ ॥

অথ স্নানমাহাত্ম্য মহাভারতে উদ্যোগপর্ব্বে
শ্রীবিদুরের উক্তিতে ॥

যে ব্যক্তি নিত্য স্নান করে দশটী গুণ তাহাকে ভজন করে অর্থাৎ নিত্য স্নান করিলে শরীরে দশটী গুণ প্রকাশ পায়। যথা বল, রূপ, কণ্ঠের স্বর, বর্ণের উত্তমতা, স্পর্শ অর্থাৎ ত্বগিন্দ্রিয়ের স্পর্শশক্তির পটুতা, সুগন্ধ, বিশুদ্ধতা, শ্রী অর্থাৎ শোভা, সুকুমারতা এবং উত্তমা স্ত্রী সকল অর্থাৎ তাহাদিগের অনুরাগ ভাজন হয় ॥

পদ্মপুরাণের সেই স্থানেই অর্থাৎ দেবহূতি ও বিকুণ্ডল সম্বাদে ॥

নিত্যস্নায়ী ব্যক্তি অর্থাৎ যে ব্যক্তি নিত্যস্নান করে সে কখন যম-যাতনাজনিত দুঃখও অনুভব করে না, অধিক কি, পাপকারী মনুষ্যেরাও নিত্যস্নান দ্বারা পবিত্র হইয়া থাকে। হে বৈশ্য! প্রাতঃস্নান

প্রাতঃস্নানেন নিষ্পাপো নরো ন নিরয়ং ব্রজেৎ।
যে পুনঃ স্রোতসি স্নানমাচরন্তীহ পর্ব্বণি।
তেনৈব দুর্গতিং যান্তি ন জায়ন্তে কুযোনিষু।
দুঃস্বপ্নং দুষ্টচিন্তা চ বন্ধ্যা ভবতি সর্ব্বদা।
প্রাতঃস্নানবিশুদ্ধানাং পুরুষাণাং বিশাং বর॥
অত্রিস্মৃতৌ॥ স্নানে মনঃ প্রসাদঃ স্যাদ্দেবা অভিমুখাঃ সদা।
সৌভাগ্যং শ্রীঃ সুখং পুষ্টিঃ পুণ্যং বিদ্যা যশো ধৃতিঃ।
মহাপাপান্যলক্ষ্মীঞ্চ দুরিতং দুর্ব্বিচিন্তিতং।
শোকদুঃখাদি হরতে প্রাতঃস্নানং বিশেষতঃ॥ ১২৬॥
কৌর্ম্মে তত্রৈব॥
প্রাতঃস্নানং প্রশংসন্তি দৃষ্টাদৃষ্টকরং হি তৎ।

দৃষ্টাদৃষ্টকরং ঐহিকামুষ্মিকশুভকারি।

বাহ্য ও অন্তরের মল নাশ করে। মনুষ্য প্রাতঃস্নান দ্বারা নির্ম্মল হয়, আর তাহাকে নরক গমন করিতে হয় না॥

অপর যে সকল ব্যক্তি পর্ব্ব দিবসে স্রোতের জলে স্নান করে, তাহারা কখন দুর্গতি প্রাপ্ত হয় না এবং বিবিধ কুযোনিতেও জন্মগ্রহণ করে না॥

হে বৈশ্যশ্রেষ্ঠ! যে সকল পুরুষ প্রাতঃস্নানে বিশুদ্ধ হয়, দুঃস্বপ্ন ও দুষ্টচিন্তা তাহাদিগের নিকট সর্ব্বদা বন্ধ্য (নিষ্ফল) হয় অর্থাৎ কোন হানি করিতে পারে না॥

অত্রিস্মৃতিতে॥

স্নান করিলে মনঃ প্রসন্ন হয়, দেবতা সকল সর্ব্বদা সম্মুখবর্ত্তিনী থাকেন এবং সৌভাগ্য, শোভা, সুখ, পুষ্টি, পুণ্য, বিদ্যা, যশঃ ও ধৈর্য্য এ সকল উপস্থিত হয়। বিশেষতঃ প্রাতঃস্নান সমস্ত মহাপাতক, অলক্ষ্মী, পাপ এবং দুষ্টচিন্তা হরণ করে॥ ১২৬॥

কূর্ম্মপুরাণের সেই স্থানে অর্থাৎ ব্যাসগীতায়॥

পণ্ডিতগণ প্রাতঃস্নানকে প্রশংসা করিয়া থাকেন, যে হেতু উহা

প্রাতঃস্নানেন পাপানি পূয়ন্তে নাত্র সংশয়ঃ ॥
কাশীখণ্ডেচ ॥
প্রাতঃস্নানাদযতঃ শুদ্ধ্যেৎ কায়োঽয়ং মলিনঃ সদা।
ছিদ্রিতো নবভিশ্ছিদ্রৈঃ স্রবত্যেব দিবানিশং।
উৎসাহমেধাসৌভাগ্যরূপসম্পৎপ্রবর্ত্তকং।
মনঃপ্রসন্নতাহেতুঃ প্রাতঃস্নানং প্রশস্যতে।
প্রাতঃ প্রাতস্তু যৎ স্নানং সংজাতে চারুণোদয়ে।
প্রাজাপত্যসমং প্রাহুস্তন্মহাঘবিঘাতকৃৎ।
প্রাতঃস্নানং হরেৎ পাপমলক্ষ্মীং গ্লানিমেবচ।
অশুচিত্বঞ্চ দুঃস্বপ্নং তুষ্টিং পুষ্টিং প্রযচ্ছতি।
নোপসর্পন্তি বৈ দুষ্টাঃ প্রাতঃস্নায়িজনং ক্বচিৎ।

পূয়ন্তে নশ্যন্তি ॥ ১২৭ ॥

দৃষ্টাদৃষ্ট ফলকর, অর্থাৎ ইহলোক ও পরলোক উভয় লোকেই শুভফল প্রদান করে। প্রাতঃস্নানের দ্বারা পাপ সমুদায় নষ্ট হয়, ইহাতে কোন সংশয় নাই ॥

কাশীখণ্ডেও ॥

এই শরীর সর্ব্বদা মলিন এবং নবচ্ছিদ্রে ছিদ্রিত, ঐ সকল ছিদ্র দিয়া দিবারাত্র মলস্রাব হইতেছে অতএব প্রাতঃস্নান করিলে পবিত্র হয় ॥

প্রাতঃস্নান উৎসাহ, মেধা, সৌভাগ্য, রূপ ও সম্পৎ এই সকলের জনক ও মনঃ প্রসন্নতার হেতুস্বরূপ, একারণ ইহাকে প্রশংসা করা যায় ॥

পণ্ডিতগণ বলিয়াছেন, প্রত্যেক প্রাতঃকালে অরুণোদয় সময়ে যে স্নান তাহা প্রাজাপত্য ব্রতের সমান এবং সর্ব্ব মহাপাতক বিনষ্ট করিয়া থাকে ॥

প্রাতঃস্নান পাপ, অলক্ষ্মী, গ্লানি, অশুচি ও দুঃস্বপ্ন নষ্ট করে এবং সন্তোষ ও পুষ্টি প্রদান করে ॥

যে ব্যক্তি প্রাতঃস্নান করে কোন কষ্ট তাহার নিকট যাইতে পারে না, প্রাতঃস্নান ইহলোক ও পরলোক উভয় লোকেই শুভফল প্রদান করে,

দৃষ্টাদৃষ্টফলং তস্মাৎ প্রাতঃস্নানং সমাচরেৎ ।
স্নানমাত্রং তথা প্রাতঃস্নানং চাত্র নিযোজিতং ।
যদ্যপ্যন্যোন্যমিলিতে পৃথগ্ জ্ঞেয়ে তথাপ্যমূ ॥ ১২৭ ॥

অথ স্নানবিধিঃ ॥

অথ তীর্থগতস্তত্র ধৌতবস্ত্রং কুশাংস্তথা ।
মৃত্তিকাঞ্চ তটে ন্যস্য স্নায়াৎ স্বস্ববিধানতঃ ।
অধৌতেন তু বস্ত্রেণ নিত্যনৈমিত্তিকীং ক্রিয়াং ।
কুর্ব্বন্ন ফলমাপ্নোতি কৃতা চেন্নিষ্ফলা ভবেৎ ।
ধৌতাঙ্ঘ্রিপাণিরাচান্তঃ কৃত্বা সঙ্কল্পমাদরাৎ ।
গঙ্গাদিস্মরণং কৃত্বা তীর্থায়ার্ঘ্যং সমর্পয়েৎ ।

ইদানীং স্নানবিধিং লিখন্ আদৌ বৈদিকবৈষ্ণবপ্রবরশ্রীকৃষ্ণদেবাচার্য্যাদিসম্মতং বৈদিক-তান্ত্রিকবিধিবিমিশ্রিতং স্নানবিধিং লিখতি অথেত্যাদিনা। স্বস্ববিধানতঃ নিজনিজবর্ণাশ্রম-শাখাদ্যাচারানুসারেণ ॥ ১২৮ ॥

অতএব প্রাতঃস্নান করিবে ॥

এই প্রকরণে স্নান মাত্রের এবং প্রাতঃস্নানের বিধান করা হইয়াছে, যদিচ দুইটীই এক তথাপি পরস্পর ভেদ অর্থাৎ সামান্য স্নান অপেক্ষা প্রাতঃস্নানের আতিশয্য জানিতে হইবে ॥ ১২৭ ॥

অথ স্নানবিধি ॥

অনন্তর তীর্থে গমন করিয়া ধৌত বস্ত্র, কুশ ও মৃত্তিকা তীরে স্থাপন পূর্ব্বক স্ব স্ব বিধানানুসারে অর্থাৎ নিজ নিজ বর্ণ, আশ্রম ও শাখাদির আচার অনুসারে স্নান করিবে। অধৌত বস্ত্র পরিধান করিয়া নিত্য নৈমিত্তিক ক্রিয়া করিলে ফল প্রাপ্ত হয় না, যদি করে তাহা হইলে সে কর্ম্ম নিষ্ফল হয় ॥

পাদ ও হস্ত প্রক্ষালন পূর্ব্বক আচমন করিয়া আদর সহকারে সঙ্কল্প করত গঙ্গাদি স্মরণ করিয়া তীর্থকে অর্ঘ্য প্রদান করিবে ॥

সাগরস্বননির্ঘোষদণ্ডহস্তাসুরান্তক।
জগৎস্রষ্ট র্জ্জগন্মর্দ্দিন্ নমামি ত্বাং সুরেশ্বর।
ইমং মন্ত্রং সমুচ্চার্য্য তীর্থস্নানং সমাচরেৎ।
অন্যথা তৎফলস্যার্দ্ধং তীর্থেশো হরতি স্বয়ং।
নত্বাথ তীর্থং স্নানার্থমনুজ্ঞাং প্রার্থয়েদিমাং।
দেবদেব জগন্নাথ শঙ্খচক্রগদাধর।
দেহি বিষ্ণো মমানুজ্ঞাং তব তীর্থনিষেবেণ॥ ইতি॥ ১২৮॥
বিধিবন্মৃদমাদায় তীর্থতোয়ে প্রবিশ্য চ।
প্রবাহাভিমুখো নদ্যাং স্যাদন্যত্রার্কসংমুখঃ।
দিগ্বন্ধং বিধিনাচর্য্য তীর্থানি পরিকল্প্য চ।
আবাহয়েদ্ভগবতীং গঙ্গামাদিত্যমণ্ডলাৎ।

অন্যত্র নদীপ্রবাহব্যতিরিক্তে॥ ১২৯॥

হে সাগরধ্বনিতুল্য-ভীষণশব্দশালিন্! হে দণ্ডহস্ত! হে অসুরান্তক! হে জগৎসৃষ্টিকারিন্! হে জগদ্বিনাশকারিন্! হে দেবেশ্বর! তোমাকে নমস্কার করি।

এই মন্ত্র উচ্চারণ করিয়া তীর্থে স্নান করিবে, ইহার অন্যথা করিলে তীর্থের ঈশ্বর স্বয়ং তীর্থস্নানের অর্দ্ধ ফল হরণ করেন॥

পরে নমস্কার করিয়া তীর্থে স্নান করিবার নিমিত্ত নিম্ন লিখিত প্রকারে অনুজ্ঞা প্রার্থনা করিবে॥

হে দেবদেব! হে জগন্নাথ! হে শঙ্খচক্রগদাধর! হে বিষ্ণো! আমি তোমার তীর্থ সেবন করিব, আমাকে অনুজ্ঞা প্রদান কর॥১২৮॥

অনন্তর বিধি অনুসারে গাত্রে মৃত্তিকালেপন পূর্ব্বক তীর্থজলে প্রবেশ করিয়া নদী হইতে স্রোতের দিকে মুখ করিবে, অন্যত্র অর্থাৎ নদীভিন্ন জলাশয় হইলে সূর্য্যের দিকে মুখ করিবে॥

বিধানানুসারে দিক্ বন্ধন করিয়া তীর্থ সকল কল্পনা করত সূর্য্যমণ্ডল হইতে ভগবতী গঙ্গাকে আহ্বান করিবে॥

দর্ভপাণিঃ কৃতপ্রাণায়ামঃ কৃষ্ণপদাম্বুজং।
ধ্যাত্বা তন্নাম সংকীর্ত্ত্য নিমজ্জেৎ পুণ্যবারিণি।
আচম্য মূলমন্ত্রঞ্চ স প্রাণায়ামকং জপন্।
কৃষ্ণং ধ্যায়ন্ জলে ভূয়ো নিমজ্জ্য স্নানমাচরেৎ।
কৃত্বাঘমর্ষণান্তঞ্চ নামভিঃ কেশবাদিভিঃ।
তত্র দ্বাদশধা তোয়ে নিমজ্জ্য স্নানমাচরেৎ॥ ১২৯॥
তত্র বিশেষঃ শ্রীনারদপঞ্চরাত্রে॥
প্রসিদ্ধেষু চ তীর্থেষু যদ্যন্যস্যাভিধাং স্মরেৎ।
স্নাতকং তস্তু তত্তীর্থমভিশপ্য ক্ষণাদ্ব্রজেৎ॥ ইতি॥

অন্যোন্যস্য তীর্থস্যাভিধাং নাম। ক্ষণাৎ সদ্য এবেত্যর্থঃ। অতঃ অপ্রসিদ্ধতীর্থেষু বিষ্ণুতীর্থমিতি প্রসিদ্ধেষু চ তত্তন্নাম্নৈব স্মরেদিত্যর্থঃ। অতএব নিমজ্জনাৎ প্রাক্ মৃদ্গ্রহণং তথাঘমর্ষণাদিকঞ্চ বৈদিকং তান্ত্রিকঞ্চ কৃষ্ণধ্যানাদিকং মূলমন্ত্রজপনং কেশবাদিনামভির্দ্বাদশ-

কুশ হস্তে গ্রহণ করিয়া প্রাণায়াম পূর্ব্বক শ্রীকৃষ্ণের চরণাম্বুজ ধ্যান ও তাঁহার নাম কীর্ত্তন করত পবিত্র জলে নিমগ্ন হইবে॥

পরে আচমন পূর্ব্বক প্রাণায়াম সহকারে মূলমন্ত্র জপ করিতে করিতে শ্রীকৃষ্ণকে চিন্তা করিয়া পুনরায় জলে নিমগ্ন হইয়া স্নান করিবে॥

তৎপরে কেশবাদি নাম সহকারে অঘমর্ষণ পর্য্যন্ত কর্ম্ম সমাপন করিয়া সেই জলে নিমগ্ন হইয়া দ্বাদশ বার স্নান করিবে॥ ১২৯॥

স্নান বিষয়ের বিশেষ বিধি যথা—নারদপঞ্চরাত্রে॥

প্রসিদ্ধ প্রসিদ্ধ তীর্থ সকলে যদি অন্য তীর্থের নাম স্মরণ করে, তাহা হইলে সেই সেই তীর্থ স্নানকারিকে অভিশাপ দিয়া তৎক্ষণাৎ প্রস্থান করেন॥

এই স্নানবিধি বৈদিক ও তান্ত্রিক মিশ্রিত অর্থাৎ স্নানের পূর্ব্বে মৃত্তিকা গ্রহণ, তৎপরে অঘমর্ষণাদি কার্য্য করিবে, ইহাই বৈদিক, আর কৃষ্ণধ্যানাদি, মূলমন্ত্র জপ, কেশবাদি নামোচ্চারণ পূর্ব্বক দ্বাদশ বার

ইতি বৈদিকতান্ত্রিকমিশ্রিতো বিধিঃ ॥ ১৩০ ॥

অথ তত্রৈব বিশেষঃ ॥

পাদ্মে বৈশাখমাহাত্ম্যে শ্রীনারদাম্বরীষসম্বাদে ॥

এবমুচ্চার্য্য তত্তীর্থে পাদৌ প্রক্ষাল্য বাগ্‌যতঃ।
স্মরন্নারায়ণং দেবং স্নানং কুর্য্যাদ্বিধানতঃ।
তীর্থং প্রকল্পয়েদ্ধীমান্ মূলমন্ত্রমিমং পঠন্ ॥
ওঁ। নমো নারায়ণায়েতি মূলমন্ত্র উদাহৃতঃ।
দর্ভপাণিস্তু বিধিবদাচান্তঃ প্রণতো ভুবি।
চতুর্হস্তসমাযুক্তং চতুরস্রং সমন্ততঃ।

নার নিমজ্জনাদিকঞ্চেত্যেবং মিশ্রিতং বিবেচনীয়ং ॥ ১৩০ ॥

এবং বিমিশ্রিতস্নানবিধিং লিখিত্বা ইদানীং তত্রৈব তীর্থকল্পনাদৌ পুরাণোক্তং কঞ্চিদ্বিশেষং লিখতি এবমিত্যাদিনা। দেবদেব জগন্নাথ ইত্যাদিকমেতদুচ্চার্য্য উক্তেন মূলমন্ত্রেণৈব সপ্ত বারান্ যদভিজপ্তমভিমন্ত্রিতং জলং তৎ। তৃতীয়ান্তপাঠে ভাবে ক্তপ্রত্যয়ঃ। মৃদ্গ্রহণানন্তরং পুনঃ স্নানাদিকন্তু সমানমেবেতি বিশেষেণ তত্র লিখিতং ॥ ১৩১ ॥

নিমজ্জন ইহা তান্ত্রিক ॥ ১৩০ ॥

অথ স্নান বিষয়ে বিশেষ বিধি ॥

পদ্মপুরাণের বৈশাখমাহাত্ম্যে শ্রীনারদ ও অম্বরীষের সম্বাদে যথা—

এই প্রকারে ঐ তীর্থে পাদদ্বয় প্রক্ষালন করত বাক্য সংযমন পূর্ব্বক নারায়ণদেবকে স্মরণ করিতে করিতে বিধানানুসারে স্নান করিবে ॥

বুদ্ধিমান্ ব্যক্তি বক্ষ্যমাণ মূলমন্ত্র পাঠ করিয়া তীর্থ কল্পনা করিবেন। প্রণব উচ্চারণ পূর্ব্বক "ওঁ, নমো নারায়ণায়" অর্থাৎ নারায়ণকে নমস্কার, ইহাই মূলমন্ত্র বলিয়া কথিত হইয়াছে ॥

হস্তে কুশ গ্রহণ পূর্ব্বক বিধিবৎ আচমন করিয়া পৃথিবীতে প্রণাম করিবে। পরে চতুর্দ্দিকে চারি হস্ত পরিমিত চতুষ্কোণ রচনা করিয়া মানব বক্ষ্যমাণ মন্ত্র দ্বারা গঙ্গাকে আহ্বান করিবে ॥

প্রকল্প্যাবাহয়েদ্গঙ্গাং মন্ত্রেণানেন মানবঃ।
বিষ্ণুপাদপ্রসূতাসি বৈষ্ণবী বিষ্ণুদেবতা।
ত্রাহি নস্ত্বেনসস্তস্মাৎ আজন্মমরণান্তিকাৎ ॥ ইত্যাদি ॥
সপ্তবারাভিজপ্তন্তু করসংপুটযোজিতং।
মূর্দ্ধ্নি কৃত্বা জলং ভূয়শ্চতুর্ব্বা পঞ্চ সপ্ত বা ॥
স্নানং কুর্য্যান্মৃদা তদ্বদামন্ত্র্য তু বিধানতঃ।
অশ্বক্রান্তে রথক্রান্তে বিষ্ণুক্রান্তে বসুন্ধরে ॥
মৃত্তিকে হর মে পাপং যন্ময়া দুষ্কৃতং কৃতং।
উদ্ধৃতাসি বরাহেণ কৃষ্ণেন শতবাহুনা।
নমস্তে সর্ব্বভূতানাং প্রভবারিণি সুব্রতে ॥ ইতি ॥ ১৩১ ॥
গুরোঃ সন্নিহিতস্যাথ পিত্রোশ্চ চরণোদকৈঃ।

তুমি বিষ্ণুপাদ হইতে উৎপন্না হইয়াছ, তুমি বিষ্ণুর শক্তি, বিষ্ণুই তোমার দেবতা অতএব জন্ম হইতে মরণ পর্য্যন্ত যে পাপ করিব, তাহা হইতে আমাদিগকে পরিত্রাণ কর ॥

অঞ্জলিতে জল গ্রহণ করিয়া উহাতে "দেবদেব জগন্নাথ" ইত্যাদি মন্ত্র জপ করত চারি পাঁচ অথবা সাতবার মস্তকে করিয়া পুনর্ব্বার স্নান করিবে। বিধানানুসারে আবাহন করিয়া মৃত্তিকা দ্বারাও ঐ প্রকার করিবে ॥

হে বসুন্ধরে! তুমি অশ্ব কর্তৃক আক্রান্ত, রথ দ্বারা আক্রান্ত এবং বিষ্ণু কর্তৃক আক্রান্ত ॥

হে মৃত্তিকে! আমি যে পাপ করিয়াছি, তুমি আমার সেই পাপ হরণ কর ॥

হে সুব্রতে! শতবাহু বরাহ রূপী শ্রীকৃষ্ণ তোমাকে রসাতল হইতে উদ্ধার করিয়াছেন, তুমি সকল ভূতের পুনর্জ্জন্ম নিবারণ করিয়া থাক তোমাকে নমস্কার ॥ ১৩১ ॥

অনন্তর যদি তৎকালীন গুরুবর্গ নিকটে উপস্থিত থাকেন, তাহা

বিপ্রাণাঞ্চ পদাম্ভোভিঃ কুর্য্যান্মূর্দ্ধাভিষেচনং ॥

তথাচ পাদ্মে ॥

গুরোঃ পাদোদকং পুত্র তীর্থকোটিফলপ্রদং।

কিঞ্চ ॥

বিপ্রপাদোদকক্লিন্নং যস্য তিষ্ঠতি বৈ শিরঃ।

তস্য ভাগীরথীস্নানমহন্যহনি জায়তে ॥

তথা গৌতমীয়তন্ত্রে ॥

পৃথিব্যাং যানি তীর্থানি তানি তীর্থানি সাগরে।

সসাগরাণি তীর্থানি পাদে বিপ্রস্য দক্ষিণে ॥ ইতি ॥ ১৩২ ॥

শঙ্খে বসন্তি সর্ব্বাণি তীর্থানি চ বিশেষতঃ।

শঙ্খেন মূলমন্ত্রেণাভিষেকং পুনরাচরেৎ ॥ ১৩৩ ॥

সন্নিহিতস্যেতি। যদি তদানীং তত্র সন্নিধৌ গুর্ব্বাদয়ো বর্ত্তেরন্ তহীতার্থঃ ॥ ১৩২ ॥

সর্ব্বাণি তীর্থানি শঙ্খে বসন্তীতি হেতোঃ পুনরভিষেকং শঙ্খেন বিশেষতঃ কুর্য্যাৎ তচ্চ নিজমূলমন্ত্রেণৈব ॥ ১৩৩ ॥

হইলে গুরু ও পিতা মাতার চরণোদক দ্বারা এবং ব্রাহ্মণগণের পাদ-জল দ্বারাও মস্তকে অভিষেক করিবে ॥

পদ্মপুরাণে ॥

হে পুত্র! গুরুপাদোদক কোটিতীর্থের ফল প্রদান করে ॥

আরও বলি ॥

যাঁহার মস্তক ব্রাহ্মণের পাদোদক দ্বারা আর্দ্রীভূত থাকে, তাঁহার প্রতিদিবস ভাগীরথীতে স্নান করা হয় ॥

ঐ প্রকার গৌতমীয়তন্ত্রেও কথিত হইয়াছে ॥

পৃথিবীতে যত তীর্থ আছে, সে সমুদায়ই সাগরে অবস্থিত, সাগর সহিত সমস্ত তীর্থ ব্রাহ্মণের দক্ষিণ চরণে বিদ্যমান ॥ ১৩২ ॥

সমস্ত তীর্থ বিশেষ করিয়া শঙ্খের মধ্যে বাস করেন, অতএব মূল-মন্ত্র উচ্চারণ পূর্ব্বক পুনরায় শঙ্খ দ্বারা স্নান করিবে ॥ ১৩৩ ॥

তথৈব তুলসীমিশ্রশালগ্রামশিলাম্ভসা।
অভিষেকং বিদধ্যাচ্চ পীত্বা তৎকিঞ্চিদগ্রতঃ॥
তদুক্তং গৌতমীয়তন্ত্রে॥
শালগ্রামশিলাতোয়ং তুলসীগন্ধমিশ্রিতং।
কৃত্বা শঙ্খে ভ্রাময়ংস্ত্রিঃ প্রক্ষিপেন্নিজমূর্দ্ধনি।
শালগ্রামশিলাতোয়মপীত্বা যস্তু মস্তকে।
প্রক্ষেপণং প্রকুর্ব্বীত ব্রহ্মহা স নিগদ্যতে।
বিষ্ণুপাদোদকাৎ পূর্ব্বং বিপ্রপাদোদকং পিবেৎ।
বিরুদ্ধমাচরন্মোহাৎ ব্রহ্মহা স নিগদ্যতে॥
শ্রীচরণামৃতধারণমন্ত্রঃ॥
অকালমৃত্যুহরণং সর্ব্বব্যাধিবিনাশনং।
বিষ্ণোঃ পাদোদকং পীত্বা শিরসা ধারয়াম্যহং॥ ইতি।১৩৪॥

তৎ শ্রীশালগ্রামশিলাম্ভঃ কিঞ্চিদাদৌ পীত্বা প্রাশ্য॥ ১৩৪॥

এই প্রকার শালগ্রামশিলার তুলসী মিশ্রিত জল অগ্রে কিঞ্চিৎ পান করিয়া তদ্দ্বারাও স্নান করিবে॥

এই বিষয় গৌতমীয়তন্ত্রে উক্ত হইয়াছে॥

তুলসী গন্ধ মিশ্রিত শালগ্রামশিলার জল শঙ্খে করিয়া তিন বার ভ্রমণ করাইয়া স্বীয় মস্তকে নিক্ষেপ করিবে॥

যে ব্যক্তি শালগ্রামশিলার জল পান না করিয়া মস্তকে নিক্ষেপ করেন, তাঁহাকে ব্রহ্মঘাতী বলা যায়॥

বিষ্ণুপাদোদকের পূর্ব্বে ব্রাহ্মণের পাদোদক পান করিবে, যে ব্যক্তি ভ্রম বশতঃ ইহার বিপরীত আচরণ করে, তাহাকে ব্রহ্মঘাতী বলা গিয়া থাকে॥

অথ চরণামৃতধারণের মন্ত্র॥

আমি, অকাল-মৃত্যু-অপহারক, সর্ব্বব্যাধি বিনাশক বিষ্ণুর পাদোদক পান করিয়া মস্তকে ধারণ করিতেছি॥ ১৩৪॥

লেখ্যোঽগ্রে কৃষ্ণপাদাব্জতীর্থধারণপানয়োঃ।
মহিমাত্র তু তত্তীর্থেনাভিষেকস্য লিখ্যতে ॥ ১৩৫ ॥

অথ শ্রীচরণোদকাভিষেকমাহাত্ম্যং পদ্মপুরাণে ॥

স স্নাতঃ সর্ব্বতীর্থেষু সর্ব্বযজ্ঞেষু দীক্ষিতঃ।
শালগ্রামশিলাতোয়ৈ র্যোঽভিষেকং সমাচরেৎ।
গঙ্গা গোদাবরী রেবা নদ্যো মুক্তিপ্রদাস্তু যাঃ।
নিবসন্তি সতীর্থাস্তাঃ শালগ্রামশিলাজলে।
কোটিতীর্থসহস্রৈস্তু সেবিতৈঃ কিং প্রয়োজনং।
তীর্থং যদি ভবেৎ পুণ্যং শালগ্রামশিলোদ্ভবং।

তত্রৈব শ্রীগৌতমাম্বরীষসম্বাদে ॥

কৃষ্ণপাদাব্জয়োঃ তীর্থং স্নানোদকং তস্য ধারণং পানঞ্চ তয়োঃ। তেন কৃষ্ণপাদাব্জস্নানোদকরূপেণ তীর্থেন যোঽভিষেকস্তস্য মহিমা মাহাত্ম্যং অত্র অস্মিন্ প্রসঙ্গে লিখ্যতে ॥ ১৩৫ ॥
গঙ্গাগোদাবরীত্যাদিষু যেষু শ্লোকেষ্বভিষেকশব্দো নাস্তি তেঽপ্যত্র পাদোদকাভিষেকমাহাত্ম্যে

শ্রীকৃষ্ণের চরণামৃত ধারণের ও পানের মাহাত্ম্য পরে লেখা যাইবে, এস্থলে চরণামৃত দ্বারা স্নানের মাহাত্ম্য লিখিত হইতেছে ॥ ১৩৫ ॥

অথ শ্রীচরণামৃত দ্বারা স্নান মাহাত্ম্য যথা—পদ্মপুরাণে ॥

যিনি শালগ্রামশিলার স্নানোদক দ্বারা স্নান করিবেন, তাঁহার সর্ব্ব তীর্থে স্নান ও সর্ব্ব যজ্ঞে দীক্ষিত হওয়া হইবেক ॥

গঙ্গা, গোদাবরী ও রেবা প্রভৃতি যে সকল নদী মুক্তি প্রদান করিয়া থাকেন, সেই সমস্ত নদী স্বস্ব অধিষ্ঠাতৃ দেবতার সহিত শালগ্রামশিলার স্নান জলে বাস করেন ॥

যদি শালগ্রামশিলোৎপন্ন পবিত্র জল প্রাপ্ত হওয়া যায়, তাহা হইলে আর সহস্র কোটি তীর্থের সেবা করিবার প্রয়োজন কি? ॥

যথা—পদ্মপুরাণে গৌতম ও অম্বরীষের সম্বাদে ॥

যেষাং ধৌতানি গাত্রাণি হরেঃ পাদোদকেন বৈ।
অম্বরীষ কুলে তেষাং দাসোঽস্মি বশগঃ সদা।
রাজন্তে তানি তাবচ্চ তীর্থানি ভুবনত্রয়ে।
যাবন্ন প্রাপ্যতে তোয়ং শালগ্রামাভিষেকজং॥
স্কান্দে কার্ত্তিকমাহাত্ম্যে॥
গৃহেঽপি বসতস্তস্য গঙ্গাস্নানং দিনে দিনে।
শালগ্রামশিলাতোয়ৈর্যোঽভিষিঞ্চতি মানবঃ।
তত্রৈবান্যত্র চ॥
যানি কানিচ-তীর্থানি ব্রহ্মাদ্যা দেবতাস্তথা।
বিষ্ণুপাদোদকস্যৈতে কলাং নার্হন্তি ষোড়শীং।
শালগ্রামোদ্ভবো দেবো দেবো দ্বারবতীভবঃ।
উভয়োঃ স্নানতোয়েন ব্রহ্মহত্যা নিবর্ত্ততে॥

কোচিল্লিখিতাঃ স্নানে তীর্থাপেক্ষয়া তেষু চ শ্লোকেষু পাদোদকস্য তীর্থত্বাদ্ব্যক্তেরিতিদিক্॥১৩৬

হে অম্বরীষ! যাঁহাদিগের শরীর শ্রীকৃষ্ণের চরণামৃত দ্বারা প্রক্ষালিত আমি সর্ব্বদা তাঁহাদিগের বংশের বশীভূত দাস॥

যে পর্য্যন্ত শালগ্রাম-শিলার স্নান জল প্রাপ্ত হওয়া না যায়, ত্রিভুবনে সমস্ত তীর্থ সেই পর্য্যন্তই মাহাত্ম্য প্রকাশ করেন॥

স্কন্দপুরাণে কার্ত্তিকমাহাত্ম্যে॥

যে মনুষ্য শালগ্রামশিলার স্নান জল দ্বারা প্রত্যহ স্নান করেন, তিনি গৃহে বাস করিয়া থাকিলেও তাঁহার দিন২ গঙ্গাস্নান হইয়া থাকে॥

ঐ স্কন্দপুরাণের অন্য স্থলে॥

যে কোন তীর্থ আছেন এবং যে সকল ব্রহ্মাদি দেবতা আছেন, ইহাঁরা বিষ্ণুপাদোদকের ষোড়শাংশের একাংশেরও যোগ্য নহেন॥

শালগ্রামশিলোৎপন্ন দেব এবং দ্বারকাশিলাজাত দেব এই দুইয়ের স্নানজল দ্বারা ব্রহ্মহত্যা নাশ পায়॥

কিঞ্চ ॥
সর্ব্বৈ চাবভৃথস্নাতঃ সচ গঙ্গাজলাপ্লুতঃ।
বিষ্ণুপাদোদকং কৃত্বা শঙ্খে যঃ স্নাতি মানবঃ ॥
শ্রীনৃসিংহপুরাণে ॥
গঙ্গা-প্রয়াগ-গয়-নৈমিষ-পুষ্করাণি
পুণ্যানি যানি কুরুজাঙ্গল-যামুনানি।
কালেন তীর্থসলিলানি পুনন্তি পাপং
পাদোদকং ভগবতঃ প্রপুণাতি সদ্যঃ ॥
স্মৃতৌ চ ॥
ত্রিরাত্রিফলদা নদ্যো যাঃ কাশ্চিদসমুদ্রগাঃ।
সমুদ্রগাশ্চ পক্ষস্য মাসস্য সরিতাং পতিঃ।
ষণ্মাসফলদা গোদা বৎসরস্যতু জাহ্নবী।
পাদোদকং ভগবতো দ্বাদশাব্দফলপ্রদং ॥ ১৩৬ ॥

আরও বলি ॥

যে মনুষ্য শঙ্খে করিয়া বিষ্ণুপাদোদক দ্বারা স্নান করেন, তাঁহার যজ্ঞের অবভৃত স্নান করা হইল এবং তিনি গঙ্গাজলে অভিষিক্ত হইলেন ॥

শ্রীনৃসিংহপুরাণে ॥

গঙ্গা, প্রয়াগ, গয়া, নৈমিষ, পুষ্কর, কুরুজাঙ্গল প্রভৃতি যে সকল পবিত্র তীর্থ জল, তাঁহারা অধিক কালে পাপ নাশ করেন, কিন্তু ভগবানের পাদোদক ক্ষণমাত্রে পবিত্র করেন ॥

স্মৃতিতেও ॥

যে সকল নদী সমুদ্রের সহিত মিলিত হয় নাই, তাহারা এক দিবস স্নান করিলে তিন দিবসের স্নানের ফল প্রদান করে। যে সকল নদী সমুদ্রে গিয়া পতিত হইয়াছে, তাহারা এক পক্ষের অর্থাৎ পঞ্চদশ দিবসের, সমুদ্র এক মাসের এবং গঙ্গা এক বৎসরের স্নানের ফল প্রদান করেন, আর ভগবানের পাদোদক দ্বাদশ বৎসরের স্নানের ফল প্রদান

তন্নিত্যতা চ গরুড়পুরাণে ॥

জলঞ্চ যেষাং তুলসীবিমিশ্রিতং
পাদোদকং চক্রশিলাসমুদ্ভবং।
নিত্যং ত্রিসন্ধ্যং প্লবতে ন গাত্রং
খগেন্দ্র তে ধর্ম্মবহিষ্কৃতা নরা ॥ ইতি ॥

ততো জলাঞ্জলীন্ ক্ষিপ্ত্বা মূর্দ্ধ্নি ত্রীন্ কুম্ভমুদ্রয়া।
মূলেনাথ বিশেষেণ কুর্য্যাদ্দেবাদি তর্পণং ॥ ১৩৭ ॥

অথ সামান্যতো দেবাদিতর্পণং। তচ্চ বৈদিকেষু প্রসিদ্ধমেব।

চক্রশিলা শ্রীশালগ্রামশিলা শ্রীদ্বারকাচক্রাঙ্কশিলা চ তৎ স্নানাদুদ্ভূতং পাদোদকঞ্চ। ন প্লবতে ন স্নাপয়তীত্যর্থঃ ॥ ১৩৬ ॥

মূলমন্ত্রেণ কুম্ভমুদ্রয়া ত্রীন্ জলাঞ্জলীন্ নিজমূর্দ্ধ্নি প্রক্ষিপ্য অথানন্তরং অবিশেষেণ সামান্যতো দেবাদিতর্পণং কুর্য্যাৎ আদিশব্দেন ঋষীণাং পিতৄণাঞ্চ তত্তন্নামভিঃ। বিশেষতো

করিয়া থাকেন ॥ ১৩৬ ॥

শ্রীকৃষ্ণের চরণামৃত দ্বারা স্নানের নিত্যতা যথা—

গরুড়পুরাণে ॥

হে পক্ষিরাজ! শালগ্রামশিলা হইতে উৎপন্ন তুলসীমিশ্রিত, চরণামৃত, নিত্য ত্রিসন্ধ্যা যাহাদিগের গাত্র অভিষিক্ত না করেন, সেই সকল নর সর্ব্বপ্রকার ধর্ম্ম হইতে বহিষ্কৃত ॥

তাহার পর মূলমন্ত্র উচ্চারণ পূর্ব্বক কুম্ভমুদ্রা * দ্বারা তিন বার মস্তকে জলাঞ্জলি প্রদান করিয়া বিশেষ রূপে দেবতাদির তর্পণ করিবে ॥ ১৩৭ ॥

অথ সামান্য রূপে দেবাদির তর্পণ ॥

ঐ দেবাদিতর্পণ বেদাচারি সম্প্রদায়িদিগের মধ্যে প্রসিদ্ধ আছে যথা—

* দক্ষিণ অঙ্গুষ্ঠ বামাঙ্গুষ্ঠে সংলগ্ন করিয়া দুই হস্তে এমত একটী মুষ্টিবন্ধন করিবে, যেন তাহার ভিতরে শূন্য থাকে, ইহারই নাম কুম্ভমুদ্রা ॥

ব্রহ্মাদয়ো যে দেবাস্তান্ দেবান্ তর্পয়ামি। ভূর্দ্দেবাংস্তর্পয়ামি ভুবর্দেবাং স্তর্পয়ামি স্বর্দেবাং স্তর্পয়ামি ভূর্ভুবঃ স্বর্দেবাং স্তর্পয়ামি ইত্যাদি ॥ ১৩৮ ॥

আচম্যাঙ্গানি সংমার্জ্য স্নানবস্ত্রান্যবাসসা।
পরিধায়াংশুকে শুক্লে নিবিশ্যাচমনং চরেৎ ॥ ১৩৯ ॥
বিধিবৎ তিলকং কৃত্বা পুনশ্চাচম্য বৈষ্ণবঃ।

দেবাদিতর্পণমগ্রে লেখ্যমেব ॥

ইত্যাদীত্যাদি শব্দেন কৃষ্ণদ্বৈপায়নাদয়ো যে ঋষয় স্তানৃষীন্ তর্পয়ামি। ভূঋষী স্তর্পয়ামি ভূবঋষীং স্তর্পয়ামি। স্বঋষী স্তর্পয়ামি। ভূর্ভুবঃ স্বঋষীং স্তর্পয়ামি। সোমঃ পিতৃমান্যমোঙ্গিরোঽগ্নিষ্বাত্তাঃ কব্যবাহনাদয়ো যে পিতর স্তান্ পিতৄং স্তর্পয়ামীত্যেবং পূর্ব্ববৎ ॥ ১৩৮ ॥

স্নানন্ত যদ্বস্ত্রং যং পরিধায় স্নানং কৃতং তস্মাদন্যেন বাসসা। এতেন স্নানশাট্যঞ্চলেন পাণিনা বা গাত্রং ন সংমার্জয়েদিত্যর্থঃ। তথাচ বিষ্ণুপুরাণে সদাচারকথনে। স্নাতো নাঙ্গানি মার্জেত স্নানশাট্যা ন পাণিনেতি। বিধিবত্তক্তবিধিযুক্তং যথা স্যাদিতি সর্ব্বত্রৈবানুবর্ত্তয়িতব্যং ॥ ১৩৯ ॥ ১৪০ ॥

ব্রহ্মা প্রভৃতি যে সকল দেব তাঁহাদিগকে তর্পণ করিতেছি, ভূর্লোকের দেবতাদিগকে তর্পণ করিতেছি, ভুবর্লোকের দেবতাদিগকে তর্পণ করিতেছি, স্বর্গলোকের দেবতাদিগকে তর্পণ করিতেছি, ভূর্ভুবঃ স্বর্গলোকের দেবতাদিগকে তর্পণ করিতেছি। আদি শব্দ প্রয়োগ হেতু ভূর্লোকের ঋষি, ভুবর্লোকের ঋষি, স্বর্গলোকের ঋষি এবং ভূর্ভুবঃ স্বর্লোকের ঋষি তথা অগ্নিষ্বাত্তাদি পিতৃগণেরও তর্পণ করিবে ॥ ১৩৮ ॥

যে বস্ত্র পরিধান করিয়া স্নান করা হইয়াছিল, প্রথমতঃ আচমন করিয়া সেই বস্ত্র ভিন্ন অন্য বস্ত্র দ্বারা গাত্র মার্জন করিবে, পরে শুক্ল পরিধেয় ও উত্তরীয় ধারণ করিয়া উপবেশনানন্তর আচমন করিবে। এতদ্দ্বারা উক্ত হইল স্নানবস্ত্রের অঞ্চল অথবা হস্ত দ্বারা গাত্র মার্জন করিবে না ॥ ১৩৯ ॥

বৈষ্ণব ব্যক্তি পরের লিখিত বিধানানুসারে তিলক নির্ম্মাণ করিয়া

বিধায় বৈদিকীং সন্ধ্যামথোপাসীত তান্ত্রিকীং ॥ ১৪০ ॥

অথ বৈদিকী সন্ধ্যা। কৌর্ম্মে তত্রৈব ॥

প্রাক্‌কূলেষু ততঃ স্থিত্বা দর্ভেষু সুসমাহিতঃ।
প্রাণায়াম ত্রয়ং কৃত্বা ধ্যায়েৎ সন্ধ্যামিতি শ্রুতিঃ।

মনুস্মৃতিঃ॥

* ব্রাহ্মণাঃ শাক্তিকাঃ সর্ব্বে ন শৈবা নচ বৈষ্ণবাঃ।
যত উপাসতে দেবীং গায়ত্রীং বেদমাতরং।
যাচ সন্ধ্যা জগৎসূতির্মায়াতীতা হি নিষ্কলা।
ঐশ্বরী কেবলা শক্তিস্তত্ত্বত্রয়সমুদ্ভবা।
ধ্যাত্বার্কমণ্ডলগতাং সাবিত্রীং তাং জপেদ্বুধঃ।
প্রাঙ্মুখঃ সততং বিপ্রঃ সন্ধ্যোপাসনমাচরেৎ ॥ ১৪১ ॥

কিঞ্চ ॥

প্রাক্‌কূলেষু প্রাগগ্রেম্বিত্যর্থঃ ॥ ১৪১ ॥

তৎপরে তান্ত্রিকী সন্ধ্যা করিবেন ॥ ১৪০ ॥

অথ বৈদিকীসন্ধ্যা ॥

কূর্ম্মপুরাণের ব্যাসগীতায় ॥

তদনন্তর পূর্ব্বাগ্র কুশের উপর স্থির চিত্তে উপবেশন করিয়া তিন বার প্রাণায়াম করত সন্ধ্যা করিবে, এই বেদবাক্য ॥

মনুস্মৃতিতে ॥

ব্রাহ্মণ মাত্রেই যখন বেদমাতা গায়ত্রীর উপাসনা করেন, তখন তাঁহারা শৈবও নহেন বৈষ্ণবও নহেন, সকলেই শাক্তেয়, যিনি সন্ধ্যা তিনিও জগৎপ্রসবিনী, মায়াতীতা, বিশুদ্ধা, তত্ত্বত্রয় হইতে উৎপন্না, অখণ্ড ঐশ্বরী শক্তি। পণ্ডিত ব্রাহ্মণ সর্ব্বদা পূর্ব্বমুখে উপবেশন পূর্ব্বক সূর্য্যমণ্ডল মধ্যবর্ত্তিনী গায়ত্রীকে জপ করিয়া পরে সন্ধ্যার উপাসনা করিবেন ॥ ১৪১ ॥ আরও বলি ॥

* "ব্রাহ্মণাঃ শাক্তিকাঃ সর্ব্বে" এই শ্লোকটী কোন ২ হস্তলিখিত প্রাচীন পুস্তকে দেখা যায় না।

সহস্র পরমাং নিত্যং শতমধ্যাং দশাবরাং।
সাবিত্রীং বৈ জপেদ্বিদ্বান্ প্রাঙ্মুখঃ প্রযতঃ স্থিতঃ ॥ ১৪২ ॥
কিঞ্চ ॥
সন্ধ্যাহীনোঽশুচি র্নিত্যমনর্হঃ সর্ব্ব কর্ম্মসু।
যদন্যৎ কুরুতে কিঞ্চিন্ন তস্য ফলমাপ্নুয়াৎ।
যোঽন্যত্র কুরুতে যত্নং ধর্ম্মকার্য্যে দ্বিজোত্তমঃ।
বিহায় সন্ধ্যাপ্রণতিং স যাতি নরকাযুতং ॥ ১৪৩ ॥
অনন্যচেতসঃ শান্তা ব্রাহ্মণা বেদপারগাঃ।
উপাস্য বিধিবৎ সন্ধ্যাং প্রাপ্তাঃ পূর্ব্বে পরাং গতিং ॥ ১৪৪ ॥
অথ তান্ত্রিকী সন্ধ্যা ॥

সহস্রং সহস্রবার জপঃ পরমঃ জপে শ্রেষ্ঠপক্ষো যস্যা ইতি তথাভূতামিত্যর্থঃ ॥ ১৪২ ॥
এবং সন্ধ্যোপাসনস্য বিধিং লিখিত্বা নিত্যতাঞ্চ লিখতি সন্ধ্যাহীন ইতি দ্বাভ্যাং ॥ ১৪৩ ॥
মাহাত্ম্যং লিখতি অনন্যেতি ॥ ১৪৪ ॥

বিদ্বান্ ব্যক্তি স্থির চিত্তে পূর্ব্বমুখে উপবেশন করিয়া গায়ত্রী জপ করিবেন। সহস্রবার জপ শ্রেষ্ঠপক্ষ, শতবার জপ মধ্যপক্ষ ও দশবার জপ নিকৃষ্টপক্ষ ॥ ১৪২ ॥

আরও বলি ॥

যিনি সন্ধ্যা করেন না, তিনি নিত্য অশুচি, নিত্য নৈমিত্তিক কোন কর্ম্মে অধিকারী হইতে পারেন না এবং সন্ধ্যা না করিয়া অন্য যে কোন কর্ম্ম করেন, তাহার ফল প্রাপ্ত হয়েন না ॥

যে ব্রাহ্মণ সন্ধ্যা বন্দনা না করিয়া অন্য ধর্ম্ম কর্ম্মে যত্ন করেন, তিনি দশ সহস্র নরকে গমন করেন ॥ ১৪৩ ॥

একান্ত চিত্ত, শান্তগুণশালী, বেদপারগ, পূর্ব্বকালীন ব্রাহ্মণগণ বিধানানুসারে কেবল সন্ধ্যার উপাসনা করিয়াই সদ্গতি প্রাপ্ত হইয়াছেন ॥ ১৪৪ ॥

অথ তান্ত্রিকী সন্ধ্যা ॥

ততঃ সংপূজ্য সলিলে নিজাং শ্রীমন্ত্রদেবতাং ॥
তর্পয়েদ্বিধিনা তস্য তথৈবাবরণানি চ ॥
তথাচ বৌধায়নস্মৃতৌ ॥
হবিষাগ্নৌ জলে পুষ্পৈ র্ধ্যানেন হৃদয়ে হরিং।
অর্চ্চন্তি সূরয়ো নিত্যং জপেন রবিমণ্ডলে ॥
পাদ্মে চ তত্রৈব ॥
সূর্য্যে চাভ্যর্হণং শ্রেষ্ঠং সলিলে সলিলাদিভিঃ ॥
অথ তদ্বিধিঃ ॥
মূলমন্ত্রমথোচ্চার্য্য ধ্যায়ন্ কৃষ্ণাঙ্ঘ্রিপঙ্কজে।
শ্রীকৃষ্ণং তর্পয়ামীতি ত্রিঃ সম্যক্ তর্পয়েৎ কৃতী।
ধ্যানোদ্দিষ্ট স্বরূপায় সূর্য্যমণ্ডলবর্ত্তিনে।

অর্চ্চন্তি অর্চ্চয়ন্তি ॥ ১৪৫ ॥

তদনন্তর জলে উত্তম রূপে আপনার মন্ত্রাধিষ্ঠাত্রী দেবতাকে পূজা করিয়া তাঁহার আবরণ সকলকেও যথা বিধি তর্পণ করিবেন ॥

বৌধায়ন স্মৃতিতে ঐ রূপ কথিত হইয়াছে ॥

জ্ঞানী ব্যক্তি সকল অগ্নিতে ঘৃত দ্বারা, জলমধ্যে পুষ্প দ্বারা, হৃদয় মধ্যে ধ্যান দ্বারা এবং সূর্য্যমণ্ডলে জপ দ্বারা হরির অর্চ্চনা করিবেন ॥

পদ্মপুরাণেরও ঐ স্থলেই অর্থাৎ ব্যাস ও অম্বরীষ সম্বাদে ॥

সূর্য্যমণ্ডলে অর্চ্চনা শ্রেষ্ঠ, জলের মধ্যে জল দ্বারা অর্চ্চনা কর্ত্তব্য ॥

অথ তান্ত্রিকীসন্ধ্যার বিধি ॥

অনন্তর কৃতী ব্যক্তি মূলমন্ত্র উচ্চারণ করিয়া শ্রীকৃষ্ণের চরণপদ্ম ধ্যান করতঃ "শ্রীকৃষ্ণকে তর্পণ করি" এই বলিয়া তিন বার সম্যক্ রূপে তর্পণ করিবেন ॥

অনন্তর ধ্যানে যাঁহার স্বরূপকে উদ্দেশ করা হইয়াছে, সূর্য্যমণ্ডল

কৃষ্ণায় কামগায়ত্র্যা দদ্যাদর্ঘ্যমনন্তরং ॥ ১৪৫ ॥

কামগায়ত্রী চোক্তা শ্রীসনৎকুমারকল্পে ॥

আদৌ মন্মথমুদ্ধৃত্য কামদেবপদং বদেৎ।

আয়ান্তে বিদ্মহে পুষ্পবাণায়েতি পদং বদেৎ।

ধীমহীতি তথোক্ত্বাথ তন্নোঽনঙ্গঃ প্রচোদয়াদিতি ॥ ১৪৬ ॥

অথার্কমণ্ডলে কৃষ্ণং ধ্যাত্বৈতাং দশধা জপেৎ।

ক্ষমস্বেতি তমুদ্বাস্য দদ্যাদর্ঘ্যং বিবস্বতে ॥ ১৪৭ ॥

বিধিস্তান্ত্রিকসন্ধ্যায়া জলেঽর্চ্চায়াশ্চ কশ্চন।

মন্মথং কামবীজং আদৌ বদেৎ ততঃ কামদেবেতি তত আয়েতি তদন্তে বিদ্মহে ইতি ততঃ পুষ্পবাণায়েতি ততশ্চ ধীমহীতি ততশ্চ তন্নোঽনঙ্গঃ প্রচোদয়াদিতি বদেদিত্যর্থঃ। ক্লীং কামদেবায় বিদ্মহে পুষ্পবাণায় ধীমহি তন্নোঽনঙ্গঃ প্রচোদয়াদিতি ভবতি ॥ ১৪৬ ॥

এতাং কামগায়ত্রীং দশধা দশবারান্ জপন্ সন্ তং কৃষ্ণং ॥ ১৪৭ ॥

বর্ত্তী সেই শ্রীকৃষ্ণকে কামগায়ত্রী উচ্চারণ করত অর্ঘ্য প্রদান করিবেন ॥ ১৪৫ ॥

সনৎকুমারকল্পে কামগায়ত্রী উক্ত হইয়াছে যথা—

প্রথমে মন্মথ অর্থাৎ "ক্লীং" বীজ উচ্চারণ করিয়া পরে কামদেব শব্দ বলিবে, তাহার পর "আয়" তাহার পর "বিদ্মহে" তাহার পর "পুষ্পবাণায়" উচ্চারণ করিবে, পরে "ধীমহি" উচ্চারণ করিয়া তাহার পর "তন্নোঽনঙ্গঃ প্রচোদয়াৎ" উচ্চারণ করিবে, অর্থাৎ "ক্লীং কামদেবায় বিদ্মহে পুষ্পবাণায় ধীমহি তন্নোঽনঙ্গঃ প্রচোদয়াৎ, ইহার অর্থ এই যে, কামদেবকে অবগত হই, পুষ্পবাণকে ধ্যান করি, অনঙ্গ আমাদিগের অন্তঃকরণে সেই পরমাত্ম জ্যোতিঃ স্বরূপ শ্রীকৃষ্ণকে প্রকাশিত করুন ॥ ১৪৬ ॥

অথবা সূর্য্যমণ্ডলে শ্রীকৃষ্ণকে ধ্যান করিয়া এই কামগায়ত্রী দশবার জপ করিবেন। পরে "ক্ষমস্ব" অর্থাৎ ক্ষমা করুন এই বলিয়া শ্রীকৃষ্ণকে বিসর্জন করিয়া শেষে সূর্য্যকে অর্ঘ্য প্রদান করিবেন ॥ ১৪৭ ॥

তান্ত্রিক সন্ধ্যা এবং জলে পূজাকরণ, এই দুইয়ের যে অন্য কোনও

যোঽন্যো মন্যেত সোঽপ্যত্র তদ্বিশেষায় লিখ্যতে ॥ ১৪৮ ॥

অথ মতান্তর-তান্ত্রিকসন্ধ্যাবিধিঃ ॥

আদৌ দক্ষিণহস্তেন গৃহ্ণীয়াদ্বারি বৈষ্ণবঃ।
ততো হৃদয়মন্ত্রেণ বামপাণিতলেঽর্পয়েৎ ॥ ১৪৯ ॥
তদঙ্গুলীবিনির্যাতাম্বুঃকণৈর্দক্ষপাণিনা।
মস্তকে নেত্রমন্ত্রেণ কুর্য্যাৎ সংপ্রোক্ষণং ততঃ।
শিষ্টং তচ্চাস্ত্রমন্ত্রেণাদায়াম্ভোদক্ষপাণিনা।
অধঃক্ষিপেৎ পুনশ্চৈবমিতি বারচতুষ্টয়ং ॥ ১৫০ ॥
পুনর্হৃদয়মন্ত্রেণাদায়াম্ভোদক্ষপাণিনা।

তয়োস্তান্ত্রিকসন্ধ্যাজলার্চ্চয়োর্বিধিবিশেষজ্ঞাপনায়েত্যর্থঃ ॥ ১৪৮ ॥

অর্পয়েৎ ত্যজেৎ তদ্বারেব ॥ ১৪৯ ॥

তস্য বামপাণেরঙ্গুলিভ্যো বিনির্যাতৈঃ বিনিঃসৃতৈঃ অম্বুঃকণৈঃ জলবিন্দুভির্দক্ষেণ দক্ষিণেন পাণিনা। শিষ্টং অবশিষ্টং। যদ্বামপাণিতলস্থং তৎ। ইতি বারচতুষ্টয়ং কুর্য্যাদিত্যর্থঃ ॥ ১৫০ ॥

পুনঃ অম্ভো জলং দক্ষপাণিনা আদায় গৃহীত্বা বামেন নাসাপুটেনাঘ্রায়েতি আঘ্রাণে-

---

বিধির ব্যবস্থা হইয়া থাকে, তাহাও ঐ দুইয়ের বিশেষ বিধি জানাইবার নিমিত্ত এই স্থলে লিখিত হইতেছে ॥ ১৪৮ ॥

অথ মতান্তরে তান্ত্রিকসন্ধ্যার বিধি ॥

বৈষ্ণব ব্যক্তি প্রথমতঃ জল গ্রহণ করিবেন, পরে হৃদয় মন্ত্র উচ্চারণ করিয়া ঐ জল বামকরতলে অর্পণ করিবেন, ॥ ১৪৯ ॥

তাহার পর নেত্রমন্ত্র উচ্চারণ করত ঐ বাম হস্তের অঙ্গুলির মধ্য দিয়া বিনির্গত জলকণা সকল দক্ষিণ হস্তের দ্বারা মস্তকে প্রোক্ষণ করিবেন। অবশিষ্ট ঐ জল অস্ত্রমন্ত্র উচ্চারণ করত দক্ষিণ হস্ত দ্বারা নিম্নে নিঃক্ষেপ করিবেন, পুনর্ব্বারও এই প্রকার করিবেন, এই রূপ চারি বার ॥ ১৫০ ॥

পুনর্ব্বার হৃদয়মন্ত্র উচ্চারণ করত দক্ষিণহস্তে জল লইয়া বাম

নাসাপুটেন বামেনাস্রায়ান্যেন বিসর্জয়েৎ ॥ ১৫১ ॥
অথাম্ভোঽঞ্জলিমাদায় সূর্য্যমণ্ডলবর্ত্তিনে।
অর্ঘ্যং গোপালগায়ত্র্যা কৃষ্ণায় ত্রি নিবেদয়েৎ ॥
সাচোক্তা ॥
ব্রূয়াদ্গোপীজনং ঙেন্তং বিদ্মহে ইত্যতঃ পরং।
পুনর্গোপীজনং তদ্বদ্ধীমহীতি ততঃ পরং।
তন্নঃ কৃষ্ণ ইতি প্রান্তে প্রপূর্ব্বং চোদয়াদিতি ॥ ১৫২ ॥
মূর্দ্ধ্নি ন্যসেৎ তদঙ্গানি ললাটে নেত্রয়োর্দ্বয়োঃ।

নাস্তর্গত দোষং প্রক্ষাল্য। অন্যেন দক্ষিণেন নাসাপুটেন নিঃসার্য্য বিসৃজেদিত্যর্থঃ ॥ ১৫১ ॥
ঙে ইতি চতুর্থ্যেকবচনং অন্তে যস্য তং গোপীজনং। তদ্বচ্চতুর্থ্যন্তমিত্যর্থঃ। প্রান্তে সর্ব্বশেষে প্রশব্দ পূর্ব্বকং চোদয়াদিতি ব্রূয়াৎ। ততশ্চৈবং স্যাৎ। গোপীজনায় বিদ্মহে গোপীজনায় ধীমহি তন্নঃ কৃষ্ণঃ প্রচোদয়াদিতি ॥ ১৫২ ॥

নাসারন্ধ্র দ্বারা আকর্ষণ করিয়া দক্ষিণ নাসারন্ধ্র দিয়া পরিত্যাগ করিবেন ॥ ১৫১ ॥

অনন্তর জলাঞ্জলি গ্রহণ করিয়া গোপালগায়ত্রী উচ্চারণ পূর্ব্বক সূর্য্যমণ্ডল মধ্যবর্ত্তি শ্রীকৃষ্ণকে তিন বার অর্ঘ্যদান করিবেন ॥

গোপালগায়ত্রী উক্ত হইয়াছে যথা—

"গোপীজন" এই শব্দটী চতুর্থী বিভক্ত্যন্ত করিয়া উচ্চারণ করিবে, তৎপরে "বিদ্মহে" এইপদ, পুনরায় সেই প্রকার "গোপীজন" এই পদ চতুর্থী বিভক্ত্যন্ত করিয়া তাহার পর "ধীমহি" এই পদ, সর্ব্ব শেষে "তন্নঃ কৃষ্ণঃ প্রচোদয়াৎ" এই পদ প্রয়োগ করিবে। অর্থাৎ "গোপীজনায় বিদ্মহে গোপীজনায় ধীমহি তন্নঃ কৃষ্ণঃ প্রচোদয়াৎ"। ইহার অর্থ এই যে, আমরা গোপীজনকে অবগত হই, গোপীজনকে চিন্তা করি; কৃষ্ণ আমাদিগের অন্তঃকরণে পরম তত্ত্ব প্রেরণ করুন ॥ ১৫২ ॥

তৎপরে ক্রম পূর্ব্বক গোপাল গায়ত্রীর অঙ্গ সকলকে অর্থাৎ ছয়

ভুজয়োঃ পাদয়োশ্চৈব সর্ব্বাঙ্গেষু তথা ক্রমাৎ ॥ ১৫৩ ॥

তানি চোক্তানি ॥

পঞ্চভিশ্চ ত্রিভিশ্চৈব পঞ্চভিশ্চ ত্রিভিঃ পুনঃ ॥

চতুর্ভিশ্চ চতুর্ভিশ্চ কুর্য্যাদঙ্গানি বর্ণকৈরিতি ॥ ১৫৪ ॥

রাসক্রীড়ারতং কৃষ্ণং ধ্যাত্বা চাদিত্যমণ্ডলে।

তৎ সংমুখোৎক্ষিপ্তভুজো গায়ত্রীং তাং জপেৎ ক্ষণং ॥ ১৫৫ ॥

অথ তত্র জলে শ্রীভগবৎপূজাবিধিঃ ॥

অঙ্গন্যাসং স্বমন্ত্রেণ কৃত্বাথাব্জং জলান্তরে।

অস্যা গোপালগায়ত্র্যাঃ অঙ্গানি ষট্ মূর্দ্ধাদি ষট্স্থানেষু ক্রমান্ন্যসেদিত্যর্থঃ ॥ ১৫৩ ॥

অঙ্গান্যেব বিভজ্য দর্শয়তি পঞ্চভিরিতি বর্ণকৈ বর্ণৈঃ স্বার্থে কঃ ॥ ১৫৪ ॥

তস্য আদিত্যমণ্ডলস্য সম্মুখে অভিমুখে উৎক্ষিপ্তৌ ভুজৌ যেন তথাভূতঃ সন্ ॥ ১৫৫ ॥

এতস্মিন্ অব্জে মানসান্ মনঃ কল্পিতান্ গন্ধাদীন্ পঞ্চোপচারান্ ॥ ১৫৬ ॥

অঙ্গকে আপনার মস্তক, ললাট, চক্ষুর্দ্বয়,দুই বাহু,দুই পদ এবং সর্ব্বাঙ্গ এই ছয় অঙ্গে ন্যাস করিবে ॥ ১৫৩ ॥

গোপালগায়ত্রীর ছয় অঙ্গ উক্ত হইয়াছে যথা—

পাঁচ তিন, পুনরায় পাঁচ তিন, পরে চারি চারি বর্ণে অঙ্গ কল্পনা করিবে অর্থাৎ পাঁচ বর্ণে "গোপীজনায়" তিন বর্ণে "বিদ্মহে" পুনরায় পাঁচ বর্ণে "গোপজনায়" তিন বর্ণে "ধীমহি"। চারি চারি বর্ণে "তন্নঃ কৃষ্ণঃ" "প্রচোদয়াৎ"। পূর্ব্বে ক্রমানুসারে ন্যাস করিবে এই কথা বলা হইয়াছে, তাহার ক্রম এই যে, মস্তকে"গোপীজনায" ললাটে"বিদ্মহে" চক্ষুর্দ্বয়ে "গোপীজনায়" বাহুদ্বয়ে "ধীমহি" পদদ্বয়ে "তন্নঃ কৃষ্ণঃ" এবং সর্ব্বাঙ্গে "প্রচোদয়াৎ" এইরূপ ন্যাস করিবে ॥ ১৫৪ ॥

অনন্তর সূর্য্যমণ্ডলের মধ্যে রাসক্রীড়ায় আসক্ত এইরূপ চিন্তা করিয়া শ্রীকৃষ্ণকে ধ্যান করত তাঁহার সম্মুখে দুইবাহু উত্তোলন করিয়া ক্ষণকাল ঐ গায়ত্রী জপ করিবেন ॥ ১৫৫ ॥

সেই জলে ভগবানের পূজাবিধি ॥

নিজের ইষ্টমন্ত্র দ্বারা অঙ্গন্যাস করিয়া জলমধ্যে পদ্ম চিন্তা করত

সঞ্চিন্ত্য পীঠমন্ত্রেণ তর্পয়েচ্চ সকৃৎ সকৃৎ।
তস্মিংশ্চ কৃষ্ণমাবাহ্য সকলীকৃত্যমানসান্।
পঞ্চোপচারান্ দত্ত্বাপ্সু ধেনুমুদ্রাং প্রদর্শয়েৎ॥ ১৫৬॥
তজ্জলং চামৃতং ধ্যাত্বা স্বমন্ত্রেণাভিমন্ত্র্য চ।
অষ্টোত্তরশতং কৃষ্ণোত্তমাঙ্গে তর্পয়েৎ কৃতী।
ততশ্চ মূলমন্ত্রেণ বারান্ বৈ পঞ্চবিংশতিং।
অভিজপ্তেনোদকেনাচমনং বিধিনাচরেৎ॥ ১৫৭॥
অথ বিশেষতো দেবাদিতর্পণং॥
পাদ্মে তত্রৈব॥

অমৃতরূপং চিন্তয়িত্বা। কৃতীত্যনেন আবরণ তর্পণাদিকমুদ্বাসনঞ্চ পূর্ব্বানুসারেণ কুর্য্যা-দেবেতি বোধ্যতে॥ ১৫৭॥ ১৫৮॥

পীঠমন্ত্র সহকারে এক এক বার তর্পণ করিবেন। পরে ঐ পদ্মমধ্যে শ্রীকৃষ্ণকে আহ্বান করিয়া ষড়ঙ্গে ষড়ঙ্গ ন্যাস করত মনঃকল্পিত গন্ধাদি পঞ্চোপচার জলে সমর্পণ পূর্ব্বক ধেনুমুদ্রা * অবলোকন করা-ইবেন॥ ১৫৬॥

কর্ম্মকুশল ব্যক্তি সেই জলকে অমৃত ভাবনা করত তদুপরি স্বীয় ইষ্টমন্ত্র জপ করিয়া একশত অষ্টবার শ্রীকৃষ্ণের মস্তকে তর্পণ করি-বেন। তাহার পর জলের উপরে পঞ্চবিংশতিবার মূলমন্ত্র জপ করিয়া সেই জল দ্বারা পূর্ব্ব দর্শিত বিধি অনুসারে আচমন করিবেন। কৃতী এই পদ প্রয়োগ হেতু সূর্য্যমণ্ডলে আরাধনা করিতে হইলে যেরূপ করিতে হয় তদনুসারে আবরণ তর্পণাদি ও বিসর্জন করিবেন॥ ১৫৭॥

অথ বিশেষরূপ দেবতাদির তর্পণ॥

পদ্মপুরাণের ব্যাসাম্বরীষসম্বাদে যথা—

* দুই হস্তের কনিষ্ঠা ও অনামিকা আর তর্জনী ও মধ্যমা এই চারি অঙ্গুলিকে পরস্পর মুখে মুখে যোজনা করিলে ধেনুমুদ্রা হয়॥

ব্রহ্মাণং তর্পয়েৎ পূর্ব্বং বিষ্ণুং রুদ্রং প্রজাপতিং।
দেবা যক্ষাস্তথানাগা গন্ধর্ব্বাপ্সরসোঽসুরাঃ।
ক্রূরাঃ সর্পাঃ সুপর্ণাশ্চ তরবো জিহ্মগাঃ খগাঃ।
বিদ্যাধরা জলাধারাস্তথৈবাকাশগামিনঃ।
নিরাহারাশ্চ যে জীবাঃ পাপকর্ম্মরতাশ্চ যে।
তেষামাপ্যায়নায়ৈতৎ দীয়তে সলিলং ময়া॥
কৃতোপবীতী দৈবেতু নিবীতী চ ভবেন্নরঃ।
মানুষাংস্তর্পয়েদ্ভক্ত্যা ঋষিপুত্রান্ ঋষীংস্তথা॥
ওঁ সনকশ্চ সনন্দশ্চ তৃতীয়শ্চ সনাতনঃ।
কপিলশ্চাসুরিশ্চৈব বোঢ়ুঃ পঞ্চশিখস্তথা।
সর্ব্বে তে তৃপ্তিমায়ান্ত মদ্দত্তেনাম্বুনা সদা॥
মরীচিমত্র্যঙ্গিরসৌ পুলস্ত্যং পুলহং ক্রতুং।
প্রচেতসং বশিষ্ঠঞ্চ ভৃগুং নারদমেব চ।

প্রথমতঃ ব্রহ্মা, বিষ্ণু, রুদ্র ও প্রজাপতির তর্পণ করিবে। তৎপরে দেবগণ, যক্ষগণ, গন্ধর্ব্বগণ, অপ্সরোগণ, নির্দ্দয়-প্রাণিগণ, সুপর্ণগণ, বৃক্ষগণ, বক্রগামী জীবগণ, পক্ষিগণ, বিদ্যাধরগণ, জলের আধার স্বরূপ মেঘগণ, তথা আকাশচারিগণ, আর যে সকল জীব আহার করে না ও যাহারা পাপকর্ম্মে একান্ত আসক্ত, আমি তাহাদিগের তৃপ্তি নিমিত্ত এই জল দান করিলাম॥

মনুষ্য দেবতর্পণ কার্য্যে যজ্ঞসূত্রাদি দ্বারা বামস্কন্ধে উত্তরীয় ধারণ এবং অন্য তর্পণাদি কার্য্যে কণ্ঠলম্বিত উত্তরীয় ধারণ করিবেন। ভক্তি-সহকারে মনুষ্য, ঋষিপুত্র ও ঋষিদিগেরও তর্পণ করিবেন॥

তৎপরে সনক, সনন্দ তৃতীয় সনাতন, আর কপিল, আসুরি, বোঢ়ু এবং পঞ্চশিখ ইহাঁরা সকল আমার প্রদত্ত জল দ্বারা তৃপ্তি লাভ করুন॥

পরে আতপ তণ্ডুল দ্বারা মরীচি, অত্রি, অঙ্গিরা, পুলস্ত্য, পুলহ, ক্রতু, প্রচেতা, বশিষ্ঠ, ভৃগু এবং নারদ, তথা সমস্ত দেবর্ষি ও ব্রহ্মর্ষি-

দেব ব্রহ্মঋষীন্ সর্ব্বাংস্তর্পয়েদক্ষতোদকৈঃ।
অপসব্যং ততঃ কুর্য্যাৎ সব্যং জানু চ ভূতলে।
অগ্নিষ্বাত্তাস্তথা সৌম্যা বর্হিষন্তস্তথোষ্মপাঃ।
কব্যানলৌ বর্হিষদস্তথা চৈবাজ্যপাঃ পুনঃ।
তর্পয়েৎ পিতৃভক্ত্যা চ সতিলোদকচন্দনৈঃ॥
যমায় ধর্ম্মরাজায় মৃত্যবে চান্তকায় চ।
বৈবস্বতায় কালায় সর্ব্বভূতক্ষয়ায় চ।
ঔড়ুম্বরায় দধ্নায় নীলায় পরমেষ্ঠিনে।
বৃকোদরায় চিত্রায় চিত্রগুপ্তায় বৈ নমঃ॥
দর্ভপাণিঃ সুপ্রযতঃ পিতৃন্ স্বান্ তর্পয়েত্ততঃ॥
পিত্রাদীন্ নামগোত্রেণ তথা মাতামহানপি।
সন্তর্প্য বিধিনা সর্ব্বান্ ইমং মন্ত্রমুদীরয়েৎ॥
যে ঽবান্ধবা বান্ধবা বা যেঽন্যজন্মনি বান্ধবাঃ।

দিগের তর্পণ করিবে॥

তৎপরে যজ্ঞসূত্র দ্বারা দক্ষিণদিকে উত্তরীয় ধারণ করিয়া বামজানু ভূতলে সংস্থাপন করত সতিল জল ও চন্দন দ্বারা পিতৃভক্তি অনুসারে অগ্নিষ্বাত্তা, সোমপ, বর্হিষন্ত, উষ্মপ, কব্য, অনল, বর্হিষদ ও আজ্যপ এই সকল পিতৃগণের তর্পণ করিবে॥

তদনন্তর যম, ধর্ম্মরাজ, মৃত্যু, অন্তক, বৈবস্বত, কাল, সর্ব্বভূতক্ষয়, ঔড়ুম্বর, দধ্ন, নীল, পরমেষ্ঠী, বৃকোদর, চিত্র এবং চিত্রগুপ্ত এই সকলকে নমস্কার করিবে॥

অনন্তর যত্নবান্ হইয়া হস্তে কুশ ধারণ পূর্ব্বক স্বীয় পিতৃগণের তর্পণ করিবে। পিত্রাদি ও মাতামহ প্রভৃতির নাম ও গোত্র উল্লেখ পূর্ব্বক বিধি অনুসারে তর্পণ করিয়া এই মন্ত্র উচ্চারণ করিবে॥

যাঁহারা বান্ধব নহেন এবং যাঁহারা বান্ধব, তথা যাঁহারা অন্য জন্মে

তে তৃপ্তিমখিলাং যান্তু যে চাস্মত্তোয়কাঙ্ক্ষিণ ইতি ॥ ১৫৮ ॥
সন্ধ্যোপাসনতঃ পূর্ব্বং কেচিদ্দেবাদিতর্পণং।
মন্যন্তে সকৃদেবেদং পুরাণোক্তানুসারতঃ ॥ ১৫৯ ॥
তথাচ পাদ্মে। স্নানে মৃদ্গ্রহণানন্তরং ॥
এবং স্নাত্বা ততঃ পশ্চাদাচম্য সুবিধানতঃ।
উত্থায় বাসসী শুক্লে শুদ্ধেতু পরিধায় বৈ।
ততস্তু তর্পণং কুর্য্যাৎ ত্রৈলোক্যাপায়নায় বৈ ॥ ১৬০ ॥
অতএব শ্রীরামার্চ্চনচন্দ্রিকায়াং ॥

ইদং তত্তন্নামভির্বিশেষতো দেবাদিতর্পণং। তচ্চ সকৃদেব মন্যন্তে নতু সামান্যবিশেষাভ্যাং বারদ্বয়মিত্যর্থঃ কুতঃ পুরাণানি পাদ্মকৌর্ম্মাদীনি তদুক্তানুসারাৎ ॥ ১৫৯ ॥

ততস্তু তর্পণং কুর্য্যাদিতি সামান্যতস্তর্পণং ন স্যাৎ তন্নিরস্তমেব ব্রহ্মাণং ইত্যাদি বিশেষোক্তেঃ। তথা কৌর্ম্মেঽপি। স্নাত্বা সন্তর্পয়েদ্দেবান্ ঋষীন্ পিতৃগণাংস্তথা। আচম্য মন্ত্রবিত্ত্যাং পুনরাচম্য বাগ্যতঃ। সংমার্জ্জ্য মন্ত্রৈরাত্মানং কুশৈঃ সোদকবিন্দুভিঃ। আপোহিষ্ঠা ব্যাহৃতিভিঃ সাবিত্র্যা বারুণৈঃ শুভৈঃ। ওঁকার ব্যাহৃতিযুতাং গায়ত্রীং বেদমাতরং। জপ্ত্বা জলাঞ্জলিং দদ্যাৎ ভাস্করং প্রতি তন্মনা ইতি। ভাস্করোপস্থানঞ্চ সন্ধ্যোপাসনানন্তরং অথোপতিষ্ঠেদাদিত্যমুদয়ন্তং সমাহিত ইত্যাদিনা তত্রৈবোক্তমস্তি। এবং মতভেদঃ শাখাদিভেদেনোক্তঃ ॥ ১৬০ ॥

বান্ধব আর যাঁহারা আমার নিকট জল আকাঙ্ক্ষা করেন, তাঁহারা সর্ব্বতোভাবে তৃপ্তি লাভ করুন ॥ ১৫৮ ॥

কূর্ম্মপুরাণ ও পদ্মপুরাণের ব্যবস্থানুসারে কোন পণ্ডিত সন্ধ্যাবন্দনার পূর্ব্বে এই দেবাদির তর্পণ একবারমাত্র করিবে, এইরূপ সম্মতি প্রকাশ করেন ॥ ১৫৯ ॥

অতএব পদ্মপুরাণে। স্নান বিষয়ে মৃত্তিকাগ্রহণের পর ॥

এই প্রকার স্নান করিয়া তাহার পর তর্পণ করিবে, পশ্চাৎ বিধি অনুসারে আচমন করত, জল হইতে উত্থান পূর্ব্বক পবিত্র শুক্লবস্ত্র ও উত্তরীয় পরিধান করিয়া তৎপরে ত্রৈলোক্য তৃপ্তি নিমিত্ত তর্পণ করিবে॥ ১৬০

অতএব রামার্চ্চনচন্দ্রিকায় ॥

নিষ্পীড়য়িত্বা বস্ত্রস্তু পশ্চাৎ সন্ধ্যাং সমাচরেৎ।
অন্যথা কুরুতে যস্তু স্নানং তস্যাফলং ভবেৎ ॥ ১৬১ ॥

কিঞ্চ ॥

বস্ত্রং ত্রিগুণিতং যস্তু নিষ্পীড়য়তি মূঢ়ধীঃ।
বৃথা স্নানং ভবেত্তস্য নিষ্পীড়য়তি চাম্বুনি ॥ ১৬২ ॥

অথ স্নানাদৌ সদ্ভাবাপেক্ষা ॥

কাশীখণ্ডে ॥

অপি সর্ব্ব নদীতোয়ৈর্ম্মৃৎকূটৈশ্চাথ গোরসৈঃ।
আপাতমাচরেচ্ছৌচং ভাবদুষ্টো ন শুদ্ধিভাক্।
নক্তং দিনং নিমজ্জ্যাপ্সু কৈবর্ত্তাঃ কিমু পাবনাঃ।

নিষ্পীড়য়িত্বেত্যার্ষং নিষ্পীড্য ॥ ১৬১ ॥
প্রসঙ্গাদ্বস্ত্রনিষ্পীড়নে বিধিবিশেষং শ্রীরাগার্চ্চনচন্দ্রিকোক্তমেব লিখতি বস্ত্রমিতি ॥ ১৬২ ॥
আপাতং মরণপর্য্যন্তমাচরন্নপি। ভাবদুষ্টো নাস্তিক ইত্যর্থঃ ॥ ১৬৩ ॥

অগ্রে বস্ত্র নিষ্পীড়ন করিয়া অর্থাৎ নেঙ্গরাইয়া পশ্চাৎ সন্ধ্যা করিবে, যে ব্যক্তি ইহার অন্যথা করেন তাঁহার স্নান বিফল হয় ॥ ১৬১ ॥

আরও বলি ॥

যে মূঢ়বুদ্ধি ব্যক্তি বস্ত্রকে তিনভাগ করিয়া একত্র নিষ্পীড়ন করে, অথবা জলের মধ্যে বস্ত্রনিষ্পীড়ন করে, তাহার স্নান বৃথা হয় ॥ ১৬২ ॥

স্নানাদিতে সদ্ভাবের অপেক্ষা অর্থাৎ বিশ্বাস করার আবশ্যক ॥

কাশীখণ্ডে ॥

সকল নদীর জল, মৃত্তিকারাশি ও গোরস দ্বারা নাস্তিক ব্যক্তি মরণ পর্য্যন্ত শৌচবিধান করিলেও পবিত্র হইতে পারে না ॥

কৈবর্ত্তগণ দিবারাত্র জলে মগ্ন হইতেছে, তাহাতে কি তাহারা পবিত্র হইতে পারে ?। এইরূপ নাস্তিকগণ শত ২ স্নান করিলেও শুদ্ধ

শতশোঽপি তথা স্নাতা ন শুদ্ধা ভাবদূষিতাঃ ॥

পাদ্মে বৈশাখমাহাত্ম্যে শ্রীনারদাম্বরীষসম্বাদে ॥

পুণ্যেন গাঙ্গেন জলেন কালে
দেশেঽপি সঃ স্নানপরঃ কথঞ্চিৎ।
আজন্মনো ভাবহতোঽপি দাতা
ন শুদ্ধ্যতীত্যেব মতং মমৈতৎ ॥
প্রজ্বাল্য বহ্নিং ঘৃততৈলসিক্তং
প্রদক্ষিণাবর্ত্তশিখং স্বকালে।
প্রবিশ্য দগ্ধঃ কিল ভাবদুষ্টো
ন স্বর্গমাপ্নোতি ফলং নচান্যৎ ॥ ৬৩ ॥

অতএব ভবিষ্যোত্তরে ॥

যস্য হস্তৌ চ পাদৌ চ বাঙ্মনশ্চ সুসংযতং।

যস্যেতি হস্তাদি সংযমেন তীর্থে পাপানুৎপত্তেঃ বিদ্যাদিনাচ শ্রদ্ধাবিশেষাদ্যুৎপত্তে-

---

হইতে পারে না ॥

পদ্মপুরাণের বৈশাখমাহাত্ম্যে
শ্রীনারদ ও অম্বরীষসম্বাদে ॥

যে ব্যক্তি জন্ম অবধি নাস্তিক, সে যদি পুণ্যকালে ও পুণ্যদেশে পবিত্র গঙ্গাজল দ্বারা স্নানপরায়ণ হইয়া দানশীল হয়, তাহা হইলেও সে কোন ক্রমে পবিত্র হয় না, এই আমার মত ॥

ভাবদুষ্ট অর্থাৎ নাস্তিক ব্যক্তি আপনার কাল উপস্থিত হওয়ায় যদি ঘৃত ও তৈল দ্বারা সিক্ত করিয়া অগ্নি প্রজ্বলন করে এবং তাহার শিখাকে প্রদক্ষিণ করিয়া তাহাতে প্রবেশ করত দগ্ধ হয়, তথাপি সে স্বর্গ প্রাপ্ত হয় না এবং অন্য প্রকার ফলও লাভ করিতে পারে না॥১৬৩

অতএব ভবিষ্যপুরাণের উত্তরভাগে ॥

যাঁহার হস্তদ্বয়, পদদ্বয়, বাক্য ও মনঃ সুন্দর রূপে বশীকৃত এবং

বিদ্যাতপশ্চ কীর্ত্তিশ্চ স তীর্থফলমাপ্নুয়াৎ।
অশ্রদ্দধানঃ পাপাত্মা নাস্তিকোঽচ্ছিন্নসংশয়ঃ।
হেতুনিষ্ঠশ্চ পঞ্চৈতে ন তীর্থফলভাগিনঃ ॥ ১৬৪ ॥

॥ * ॥ ইতি শ্রীগোপালভট্টবিলিখিতে ভগবদ্ভক্তিবিলাসে শৌচীয়ো নাম তৃতীয়োবিলাসঃ ॥ * ॥ ৩ ॥ * ॥

যথোক্ত ফললাভঃ স্যাদিত্যর্থঃ ॥ ১৬৪ ॥

॥ * ॥ ইতি তৃতীয়বিলাসঃ ॥ * ॥

যাঁহাদের বিদ্যা, তপস্যা ও কীর্ত্তি আছে তিনিই তীর্থের ফল প্রাপ্ত হয়েন, শ্রদ্ধাহীন, পাপাত্মা, নাস্তিক এবং যাঁহার সন্দেহ ছেদন হয় নাই, যিনি কেবল কুতর্কনিষ্ঠ এই পাঁচ জন তীর্থের ফলভাগী হন না ॥ ১৬৪ ॥

॥ * ॥ ইতি শ্রীগোপালভট্টবিলিখিতে ভগবদ্ভক্তিবিলাসে শ্রীরাম-নারায়ণ বিদ্যারত্নানুবাদিতে তৃতীয়ো বিলাসঃ ॥ * ॥ ৩ ॥ * ॥

চতুর্থ বিলাসঃ।

স্নাত্বা শ্রীকৃষ্ণচৈতন্যনামতীর্থোত্তমে সকৃৎ।
নিত্যাশুচিঃ শুচীন্দ্রঃ সন্ স্বধর্ম্মং বক্তুমর্হতি ॥ ১

অথ স্বগৃহমাগচ্ছেদাদৌ নত্বেষ্টদেবতাং।
গুরূন্ জ্যেষ্ঠাংশ্চ পুষ্পৈধঃকুশাম্ভোধারকেতরান্ ॥

তথাচ নৃসিংহপুরাণে ॥

এতাদৃশ স্নানাদপি ভগবন্নাম সেবনমেব পরমশোধনমিত্যভিপ্রেত্য তেন চানধিকারিণোপ্যাত্মনো ভগবদ্ধর্ম্ম লিখনে যোগ্যতাং সম্ভাবয়ন্ লিখতি স্নাত্বেতি। শ্রীকৃষ্ণচৈতন্যেতি নাম্নৈব তীর্থোত্তমং তস্মিন্ সকৃদপি স্নাত্বা কদাচিত্তৎ সেবিত্বেত্যর্থঃ নিত্যাশুচিঃ জাত্যাদিনা পরমাপবিত্রোঽপি জনঃ শুচিগণশ্রেষ্ঠঃ সন্ বক্তুমর্হতি প্রবচনযোগ্যো ভবতীত্যর্থঃ ॥ ১ ॥

এধঃ কাষ্ঠং। পুষ্পাদীনাং ধারকেভ্যঃ ইতরান্ অন্যান্। তথাচ বৃহন্নারদীয়ে সদাচারপ্রসঙ্গে। তথা স্নানং প্রকুর্ব্বন্তং সমিৎ পুষ্পহরং তথা। উদপাত্রধরঞ্চৈব ভুঞ্জন্তং নাভিবাদয়েদিতি ॥ ২ ॥

যে ব্যক্তি নিত্য অশুচি সেও "শ্রীকৃষ্ণচৈতন্য" নাম রূপ পবিত্র তীর্থে একবার মাত্র স্নান করিয়া পরম পবিত্রতা লাভ করে এবং স্বধর্ম্ম বলিতে যোগ্য হয় ॥

অনন্তর অর্থাৎ স্নানাদির পর প্রথমতঃ ইষ্টদেবতাকে এবং যাঁহারা পূজার্থ পুষ্প, যজ্ঞনিমিত্ত কাষ্ঠ, কুশ তথা জল আনয়ন করিতেছেন, সেই সকল ভিন্ন অন্য গুরুজনকে ও জ্যেষ্ঠ ব্যক্তি সকলকে প্রণাম করিয়া নিজগৃহে আগমন করিবে ॥

অতএব নৃসিংহপুরাণে উক্ত হইয়াছে ॥

জলে দেবং নমস্কৃত্য ততো গচ্ছেদ্‌গৃহং পুমান্‌।
পৌরুষেণ তু সূক্তেন ততো বিষ্ণুং সমর্চ্চয়েৎ ॥
অথ শ্রীভগবন্মন্দিরসংস্কারঃ ॥
মন্দিরং মার্জয়েদ্বিষ্ণোর্বিধায়াচমনাদিকং।
কৃষ্ণং পশ্যন্‌ কীর্ত্তয়ংশ্চ দাস্যেনাত্মানমর্পয়েৎ ॥ ২ ॥
শুদ্ধং গোময়মাদায় ততো মৃৎস্নাং জলং তথা।
ভক্ত্যা তৎপরিতো লিম্পেদভ্যুক্ষেচ্চ তদঙ্গনং ॥ ৩ ॥
তথাচ নবমস্কন্ধে শ্রীমদম্বরীষোপাখ্যানে ॥
স বৈ মনঃ কৃষ্ণপদারবিন্দয়ো-
র্বচাংসি বৈকুণ্ঠগুণানুবর্ণনে।

তৎ বিষ্ণুমন্দিরং তস্যাঙ্গনং অভ্যুক্ষেচ্চ ॥ ৩ ॥
আদিশব্দেন উপলেপনাদীনি। শ্রুতিঃ শ্রোত্রং। অচ্যুতস্য সৎ কথানাং উদয়ে শ্রবণে

মনুষ্য জল মধ্যে দেবতাকে নমস্কার করিয়া তাহার পর গৃহে আগমন করিবে। পরে পুরুষসূক্ত মন্ত্র দ্বারা বিষ্ণুকে পূজা করিবে ॥

অথ ভগবন্মন্দিরসংস্কার ॥

আচমনাদি করিয়া বিষ্ণুর মন্দির মার্জন করিবে, পশ্চাৎ শ্রীকৃষ্ণকে দর্শন ও তদীয় নাম কীর্ত্তন করিতে করিতে দাস্যভাবে আত্মসমর্পণ করিবে ॥ ২ ॥

তাহার পর শুদ্ধ গোময়, উৎকৃষ্ট মৃত্তিকা এবং জল লইয়া বিষ্ণুমন্দিরের চতুর্দ্দিকে লেপন এবং প্রাঙ্গন অভ্যুক্ষণ অর্থাৎ ছড়া দিবে ॥ ৩

অতএব শ্রীমদ্ভাগবতের নবমস্কন্ধে
৪ অধ্যায়ে ১৫ শ্লোকে অম্বরীষের উপাখ্যানে যথা—

সেই রাজর্ষি অম্বরীষ শ্রীকৃষ্ণপদারবিন্দে মন সমর্পণ করিয়াছিলেন, বৈকুণ্ঠগুণানুবর্ণনে বাক্য সকলকে নিয়োগ করিয়াছিলেন হরিমন্দির

করৌ হরের্মন্দিরমার্জনাদিষু

শ্রুতিং চকারাচ্যুতসৎকথোদয়ে ॥ ৪ ॥

একাদশস্কন্ধে চ শ্রীভগবদুদ্ধবসম্বাদে ভগবদ্ধর্ম্মকথনে ॥

সংমার্জনোপলেপাভ্যাং সেকমণ্ডলবর্ত্তনৈঃ।

গৃহশুশ্রূষণং মহ্যং দাসবদ্যদমায়য়া ॥ ৫ ॥

অথ তত্র সংমার্জনমাহাত্ম্যং ॥

নৃসিংহপুরাণে ॥

নরসিংহগৃহে নিত্যং যঃ সংমার্জনমাচরেৎ।

সমস্তপাপনির্ম্মুক্তো বিষ্ণুলোকে স মোদতে ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে ॥

প্রাদুর্ভাবে বা চকার ॥ ৪ ॥

স'মার্জনং রজসোপাকরণং উপলেপঃ গোময়োদকাদিভিরালেপনং। সেকঃ তৈরেব প্রোক্ষণং। মণ্ডলবর্ত্তনং সর্ব্বতোভদ্রাদিরচনং। যথা মহ্যং মম গৃহশুশ্রূষণং আলয়সংস্কারঃ ॥৫॥

মার্জনাদিতে করদ্বয়কে ব্যাপৃত রাখিয়াছিলেন এবং অচ্যুতের সৎকথা শ্রবণে শ্রবণেন্দ্রিয়কে নিযুক্ত করিয়াছিলেন ॥ ৪ ॥

একাদশস্কন্ধে ১১ অধ্যায়ে ৩৯ শ্লোকে

শ্রীভগবদুদ্ধবসম্বাদে ভগবদ্ধর্ম্মকথনে ॥

সংমার্জন, গোময়লেপন, জলসেক ও সর্ব্বতোভদ্রমণ্ডলাদি নির্ম্মাণ করণ ইত্যাদি কার্য্য দ্বারা ভৃত্যের ন্যায় অকপট ভাবে আমার গৃহ শুশ্রূষা করা ॥ ৫ ॥

অথ ঐ কার্য্যের মধ্যে বিষ্ণুমন্দির সংমার্জনের মাহাত্ম্য ॥

নৃসিংহপুরাণে ॥

যিনি প্রতিদিন নৃসিংহদেবের গৃহমার্জন করেন, তিনি সমস্ত পাপ হইতে নির্ম্মুক্ত হইয়া বিষ্ণুলোকে আনন্দ লাভ করেন ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে ॥

সংমার্জনন্তু যঃ কুর্য্যাৎ পুরুষঃ কেশবালয়ে।
রজস্তমোভ্যাং নির্ম্মুক্তঃ স ভবেন্নাত্র সংশয়ঃ।
পাংশূনাং যাবতাং রাজন্ কুর্য্যাৎ সংমার্জনং নরঃ।
তাবন্ত্যব্দানি স সুখী নাকমাসাদ্য মোদতে॥
বারাহে॥
যাবৎকানি প্রহারাণি ভূমিসংমার্জনে দদুঃ।
তাবদ্বর্ষসহস্রাণি শাকদ্বীপে মহীয়তে॥ ৬॥
জায়তে মম ভক্তশ্চ সর্ব্বধর্ম্ম সমন্বিতঃ।
শুচির্ভাগবতঃ শুদ্ধো হ্যপরাধবিবর্জিতঃ।
ততো ভুক্ত্বা সর্ব্বভোগান্ তীর্ত্বা সংসারসাগরং।
শাকদ্বীপাৎ পরিভ্রষ্টঃ স্বর্গলোকং স গচ্ছতি।
নন্দনং বনমাশ্রিত্য মোদতে চাপ্সরৈঃ সহ।

যাবৎকানি প্রহারাণি নপুংসকত্বমার্ষং। যাবতঃ সংমার্জন্যা প্রহারান্। ভূমেঃ সংমার্জনে। হে ভূমীতি পৃথক্ পদং বা॥ ৬॥

যে পুরুষ কেশবের আলয় সংমার্জন করেন, তিনি রজোগুণ ও তমোগুণ হইতে নির্ম্মুক্ত হইবেন সংশয় নাই॥

হে রাজন্! মনুষ্য যত পরিমাণে ধুলি মার্জন করিবেন তত বৎসর স্বর্গে থাকিয়া সুখে আনন্দানুভব করিবেন॥

বরাহপুরাণে॥

বরাহদেব কহিলেন,হে পৃথিবি! ভূমিসংমার্জনে সম্মার্জনী দ্বারা যতবার প্রহার করিয়াছিলেন,তত সহস্র বৎসর শাকদ্বীপে আনন্দিত হইবেন॥৬

পরে আমার ভক্তরূপে জন্ম গ্রহণ করত সর্ব্ব—ধর্ম্ম—সম্পন্ন, শুচি, ভগবৎপ্রিয়, শুদ্ধ ও অপরাধ বর্জিত হইবেন। তদনন্তর তিনি সমুদায় ভোগ উপভোগ পূর্ব্বক সংসার সাগর উত্তীর্ণ হইয়া, শাকদ্বীপ হইতে ভ্রষ্ট হওত স্বর্গলোকে গমন করিবেন॥

অনন্তর তথায় নন্দনবনে বাস করিয়া অপ্সরঃ সকলের সহিত আনন্দ

নন্দনাচ্চ পরিভ্রষ্টো মম কর্ম্মব্যবস্থিতঃ ।
সর্ব্বসঙ্গান্ পরিত্যজ্য মম লোকন্তু গচ্ছতি ॥ ৭ ॥
অথোপলেপনমাহাত্ম্যং ॥
তত্রৈব ॥
গোময়ং গৃহ্য বৈ ভূমি মম বেশ্মোপলেপয়েৎ ।
যাবতস্তু পদাংস্তত্র সমন্তাদুপলেপয়েৎ ।
তাবদ্বর্ষ সহস্রাণি মদ্ভক্তো জায়তে তথা ।
সমীপে যদি বা দূরে যশ্চালয়তি গোময়ং ।
যাবন্তস্য পদাগ্রাণি তাবৎ স্বর্গে মহীয়তে ॥ ৮ ॥
শাল্মলৌ তৎপরিভ্রষ্টো রাজা ভবতি ধার্ম্মিকঃ ।
মদ্ভক্তশ্চৈব জায়েত সর্ব্বশাস্ত্রবিশারদঃ ।

মম কর্ম্মব্যবস্থিতঃ মদ্ভক্তিনিষ্ঠঃ সন্নিত্যর্থঃ ॥ ৭ ॥
গৃহ্য গৃহীত্বা । যাবতঃ পদানিতি পুংস্ত্বমার্ষং ॥ ৮ ॥
তস্মাৎ স্বর্গাৎ পরিভ্রষ্টঃ সন্ ॥ ৯ ॥

অনুভব করিবেন, পরে নন্দনবন হইতে বিচ্যুত হইয়া আমার ভক্তিতে নিষ্ঠা লাভ পুরঃসর সমুদায় বিষয়ে আসক্তি পরিত্যাগ করিয়া আমার লোকে গমন করিবেন ॥ ৭ ॥

অথ বিষ্ণুমন্দিরলেপনমাহাত্ম্য ॥

ঐ বরাহপুরাণে ॥

হে ভূমে ! গোময় গ্রহণ করিয়া আমার যে মন্দিরলেপন করিবেন। সেই মন্দিরের চতুর্দ্দিকে যত পদ লেপন করিবেন, তত সহস্র বৎসর আমাতে ভক্তিমান্ হইয়া অবস্থিতি করিবেন। সমীপে হউক বা দূরেই হউক যিনি গোময় দ্বারা লেপন করেন, তাঁহার ঐ লেপন কার্য্যে পদের যত অগ্রভাগ পাত হইবে তত বৎসর স্বর্গে আনন্দিত হইবেন ॥ ৮ ॥

পরে সেই স্বর্গ হইতে বিচ্যুত হইয়া শাল্মলিদ্বীপে ধর্ম্মপরায়ণ রাজা হওত আমার ভক্ত হইয়া সমস্ত শাস্ত্রে পারদর্শী হইবেন ॥

যশ্চালেপয়তে ভূমিং গোময়েন দৃঢ়ব্রতঃ।
তস্য দৃষ্ট্বানুলেপন্তু মম তুষ্টিঃ প্রজায়তে ॥ ৯ ॥
গোশ্চ যস্যাঃ পুরীষেণ ক্রিয়তে ভূমিলেপনং।
একেনৈব তু লেপেন গোযোন্যা বিপ্রমুচ্যতে ॥ ১০ ॥
স্থানোপলেপনে ভূমে সলিলং যো দদাতি মে।
তস্য পুণ্যং মহাভাগে শৃণু তত্ত্বেন নিষ্কলং ॥ ১১ ॥
যাবন্তি জলবিন্দূনি লিপ্যমানস্য সুন্দরি।
তাবৎ বর্ষসহস্রাণি স্বর্গলোকে মহীয়তে ॥
যাবন্তো বিন্দবঃ কেচিৎ পানীয়স্য বসুন্ধরে।
তাবদ্বর্ষ সহস্রাণি ক্রৌঞ্চদ্বীপে মহীয়তে ॥ ১২ ॥

সা গৌর্বিশেষেণ প্রকর্ষেণ চ মুচ্যতে। গোলোকং যাতীত্যর্থঃ ॥ ১০ ॥
নিষ্কলং শুদ্ধং ॥ ১১ ॥
যাবন্তি জলবিন্দূনীতি নপুংসকত্বমার্ষং। স্থানস্য লিপ্যমানস্য সতঃ যত্র যাবন্তো জলবিন্দবো ভবন্তীত্যর্থঃ ॥ ১২ ॥

যিনি একান্ত ব্রতপরায়ণ হইয়া গোময় দ্বারা ভূমিলেপন করেন, তাঁহার সেই লেপন কার্য্য অবলোকন করিয়া আমার সন্তোষ জন্মে ॥৯।

যাহার গোময় দ্বারা ভূমিলেপন করা হয়, সে গোও একবার লেপন মাত্রেই বিশিষ্টরূপে গোযোনি হইতে মুক্ত হয় ॥ ১০ ॥

হে ভূমে! আমার স্থানলেপন-কার্য্যে যে ব্যক্তি জলদান করে, হে মহাভাগ্যবতি! তাহার যথার্থরূপে বিশুদ্ধ পুণ্য বলি শ্রবণ কর ॥ ১১ ॥

হে সুন্দরি! লেপনকারি ব্যক্তির যত সংখ্যা জলবিন্দু প্রদত্ত হয়, তিনি তত সহস্র বৎসর স্বর্গলোকে সুখী হয়েন ॥

হে বসুন্ধরে! কোন ব্যক্তি লেপনকার্য্যে জল প্রদান করিলে তাহাতে যত সংখ্যক বিন্দু হইতে পারে, তিনি তত সহস্র বৎসর ক্রৌঞ্চদ্বীপে আনন্দানুভব করিবেন ॥ ১২ ॥

ক্রৌঞ্চদ্বীপাৎ পরিভ্রষ্টঃ সর্ব্বধর্ম্মপরায়ণঃ।
সর্ব্বসঙ্গান্ পরিত্যজ্য মম লোকঞ্চ গচ্ছতি॥
বিষ্ণুধর্ম্মোত্তরে॥
কৃত্বোপলেপনং বিষ্ণো র্নরস্ত্বায়তনে সদা।
গোময়েন শুভাঁল্লোকানযত্নাদেব গচ্ছতি।
হস্তপ্রমাণং ভূভাগমুপলিপ্য নরাধিপঃ।
দেবরামাশতং নাকে লভতে সততং নরঃ॥
নারসিংহে॥
গোময়েন মৃদা তোয়ৈ র্যঃ কুর্য্যাদুপলেপনং।
চান্দ্রায়ণফলং প্রাপ্য বিষ্ণুলোকে মহীয়তে॥ ১৩॥
তত্রৈব শ্রীধর্ম্মরাজস্য দূতানুশাসনে॥

পশ্চাচ্চ স্বর্গাৎ পরিভ্রষ্টঃ সন্ ক্রৌঞ্চদ্বীপে গতো মহীয়তে তত্রত্যৈঃ পূজ্যত ইত্যর্থঃ॥ ১৩॥

পরে ক্রৌঞ্চদ্বীপ হইতে বিচ্যুত হইয়া সর্ব্ব প্রকার ধর্ম্মে নিষ্ঠা লাভ করিয়া সমুদায় বিষয়ে আসক্তি পরিত্যাগ করত আমার লোকে গমন করিবেন॥

বিষ্ণুধর্ম্মোত্তরে॥

মনুষ্য বিষ্ণুমন্দির সর্ব্বদা গোময় দ্বারা লেপন করিয়া বিনা যত্নে পবিত্র লোকে গমন করেন॥

পুরুষ একহস্ত পরিমিত ভূমিলেপন করিলে রাজা হইয়া স্বর্গে গমন করত তথায় সর্ব্বদা শত শত দেবরমণী প্রাপ্ত হয়েন॥

নৃসিংহপুরাণে॥

যিনি গোময়, মৃত্তিকা ও জল দ্বারা লেপন করেন, তিনি চান্দ্রায়ণ ব্রতের ফল প্রাপ্ত হইয়া বিষ্ণুলোকে আনন্দ অনুভব করেন॥ ১৩॥

ঐ নৃসিংহপুরাণে দূতের প্রতি যমরাজার শাসন বিষয়ে॥

সংমার্জ্জনং যঃ কুরুতে গোময়েনোপলেপনং।
করোতি ভবনে বিষ্ণোস্ত্যাজ্যং তেষাং কুলত্রয়ং।

অথাভ্যুক্ষণমাহাত্ম্যং।

বিষ্ণুধর্ম্মোত্তরে॥

অভ্যুক্ষণন্তু যঃ কুর্য্যাৎ পানীয়েন সুরালয়ে।
স শান্ততাপো ভবতি নাত্রকার্য্যা বিচারণা॥ ১৪॥
অভ্যুক্ষণন্তু যঃ কুর্য্যাদ্দেবদেবাজিরে নরঃ।
সর্ব্বপাপবিনির্ম্মুক্তো বারুণং লোকমশ্নুত ইতি॥ ১৫॥
সর্ব্বতোভদ্রপদ্মাদীনভিজ্ঞঃ স্বস্তিকানি চ।
বিরচয্য বিচিত্রাণি মণ্ডয়েদ্ধরিমন্দিরং॥

উপলেপকস্ত পাপক্ষয়াদিকং কিং বাচ্যং তস্য সম্বন্ধিনামপি তথৈব স্যাদিতি লিখিত সংমার্জ্জনমিতি। কুলত্রয়ং পিতৃকুলং মাতৃকুলং ভার্য্যাকুলং চেতি॥ ১৪॥
দেবদেবস্য অজিরে অঙ্গনে॥ ১৫॥

যমরাজ কহিলেন, হে দূতগণ! যিনি বিষ্ণুমন্দির মার্জন ও গোময় দ্বারা লেপন করেন, তাঁহাদিগের তিনকুলকে পরিত্যাগ করিবা অর্থাৎ আমার আলয়ে তাঁহাদিগকে আনয়ন করিবা না॥

অথ অভ্যুক্ষণ অর্থাৎ জলসেচনের মাহাত্ম্য॥

বিষ্ণুধর্ম্মোত্তরে॥

যিনি দেবমন্দিরে জলদ্বারা অভ্যুক্ষণ অর্থাৎ ছড়া দেন, তাঁহার তাপ শান্ত হইবে এ বিষয়ে কোন বিচারের আবশ্যক করে না॥ ১৪॥

যে মনুষ্য দেবদেব বিষ্ণুর অঙ্গনে অভ্যুক্ষণ করেন, তিনি সমুদায় পাপ হইতে বিনির্ম্মুক্ত হইয়া বরুণলোক প্রাপ্ত হইবেন॥ ১৫॥

যে ব্যক্তি অভিজ্ঞ অর্থাৎ সকল বিষয়ে পারদর্শী তিনি সর্ব্বতোভদ্র ও পদ্মাদিমণ্ডল তথা স্বস্তিকাদি রচনা করিয়া হরিমন্দির চিত্র বিচিত্র করিবেন॥

তথাচ নারসিংহে ॥

সংমার্জনোপলেপাভ্যাং রঙ্গপদ্মাদিশোভনং।
কুর্য্যাৎ স্থানং মহাবিষ্ণোঃ সোজ্জ্বলাঙ্গং মুদান্বিতঃ ॥ ১৬ ॥

অথ মণ্ডলমাহাত্ম্যং।

স্কন্দপুরাণে কার্ত্তিকপ্রসঙ্গে ॥

অগম্যাগমনে পাপমভক্ষ্যস্য চ ভক্ষণে।
সর্ব্বং তন্নাশমাপ্নোতি মণ্ডয়িত্বা হরে গৃহং।
অণুমাত্রন্তু যঃ কুর্য্যান্মণ্ডলং কেশবাগ্রতঃ।
মৃদা ধাতুবিকারৈশ্চ দিবি কল্পশতং বসেৎ।

রঙ্গং বিবিধবর্ণচিত্রং পদ্মাদি চ যস্মা রঙ্গে বিচিত্রবর্ণচূর্ণৈ র্যৎ পদ্মাদি তেন শোভিতং আদিশব্দেন স্বস্তিকাদি। উজ্জ্বলানি শোভনানি অঙ্গানি ভিত্তিপ্রাকারাদীনি তৎসহিতঞ্চ কুর্য্যাৎ। অঙ্গান্যপি বিভূষয়েদিত্যর্থঃ ক্রিয়াবিশেষণং বা তথাপি স এবার্থঃ ॥ ১৬ ॥

মণ্ডলং সর্ব্বতোভদ্রাদি। কেশবাগ্রতো মণ্ডলং করোতীতি শেষঃ। কুরুত ইতি পূর্ব্বেণৈবানুষঙ্গঃ ॥ ১৭ ॥

অতএব নৃসিংহপুরাণে ॥

আনন্দ সহকারে মহাবিষ্ণুর মন্দির বিচিত্র বর্ণ চূর্ণে বিরচিত পদ্মাদি দ্বারা শোভিত করিবেন এবং সম্মার্জন ও উপলেপন দ্বারা তাহার ভিত্তি সকলকে উজ্জ্বল করিবেন ॥ ১৬ ॥

অথ মণ্ডলমাহাত্ম্য।

স্কন্দপুরাণে কার্ত্তিকপ্রসঙ্গে ॥

অগম্যাগমনে ও অভক্ষ্যভক্ষণে যে যে পাপ হয়, হরিমন্দির অলস্কৃত করিলে তৎসমুদায় বিনষ্ট হয় ॥

যিনি কেশবের অগ্রে মৃত্তিকা অথবা বিবিধ ধাতু বিকারদ্বারা কিঞ্চিন্মাত্রও শোভা রচনা করেন, তিনি একশত কল্প স্বর্গে বাস করিয়া থাকেন ॥

শালগ্রামশিলাগ্রে তু যঃ কুর্য্যাৎ স্বস্তিকং শুভং।
কার্ত্তিকে তু বিশেষেণ পুণাত্যাসপ্তমং কুলং ॥
মণ্ডলং কুরুতে নিত্যং যা নারীকেশবাগ্রতঃ।
সপ্তজন্মানি বৈধব্যং ন প্রাপ্নোতি কদাচন।
গৃহীত্বা গোময়ং যাতু মণ্ডলং কেশবাগ্রতঃ।
ভর্ত্তুর্বিয়োগং নাপ্নোতি সন্ততেশ্চ ধনস্য চ।
প্রাঙ্গণং বর্ণকোপেতং স্বস্তিকৈশ্চ সমন্বিতং।
দেবস্য কুরুতে যস্তু ক্রীড়তে ভুবনত্রয়ে ॥ ১৭ ॥
নারদীয়ে ॥
মৃদা ধাতুবিকারৈর্ব্বা বর্ণকৈর্গোময়েন বা।
উপলেপনকৃদ্যস্তু নরো বৈমানিকো ভবেৎ ॥
হরিভক্তিসুধোদয়ে চ ॥

উপলেপনং মণ্ডলাদিকং করোতীতি তথা সঃ ॥ ১৮ ॥

যিনি শালগ্রামশিলার সম্মুখে মঙ্গলস্বরূপ স্বস্তিকরচনা করেন, বিশেষ করিয়া যিনি কার্ত্তিক মাসে ঐ প্রকার নির্ম্মাণ করেন, তিনি আপনার সপ্তমপুরুষ পর্য্যন্ত পবিত্র করিয়া থাকেন ॥

যে স্ত্রী প্রতিদিবস কেশবের অগ্রে মণ্ডল নির্ম্মাণ করেন, তিনি সপ্ত জন্মের মধ্যে কখনই বৈধব্যদশা প্রাপ্ত হইবেন না ॥

যে স্ত্রী গোময় গ্রহণ করিয়া কেশবের সম্মুখে মণ্ডলরচনা করেন, তিনি স্বামী, সন্তান ও ধনের বিয়োগ প্রাপ্ত হইবেন না ॥

যিনি দেবের প্রাঙ্গণকে বিচিত্র বর্ণ সংযুক্ত এবং স্বস্তিকাদি দ্বারা ভূষিত করেন, তিনি ত্রিভুবনে আনন্দসহকারে ক্রীড়া করিয়া থাকেন ॥ ১৭

নারদপুরাণে ॥

যে মনুষ্য মৃত্তিকা, ধাতুবিকার, নানাবিধ বর্ণক এবং গোময়দ্বারা উপলেপন করেন, তিনি বিমানচারী দেবতা হইয়া থাকেন ॥

হরিভক্তিসুধোদয়েও ॥

উপলিপ্যালয়ং বিষ্ণোশ্চিত্রয়িত্বাথ বর্ণকৈঃ।
বিষ্ণুলোকেঽথ তত্রস্থৈঃ সস্পৃহং বীক্ষ্যতে সুখী ॥ ১৮ ॥

অথ স্বস্তিকলক্ষণং ॥

আগমে ॥

বিদিগ্‌গতচতুষ্কাণি ভিত্বা ষোড়শধা সুধীঃ।
মার্জয়েৎ স্বস্তিকাকারং শ্বেতপীতারুণাসিতৈঃ ॥

তত্র চ পঞ্চরাত্রবচনং ॥

রজাংসি পঞ্চবর্ণানি মণ্ডলার্থং হি কারয়েৎ।
শালিতণ্ডুলচূর্ণেন শুক্লং বা যবসম্ভবং।
রক্তকুঙ্কুমসিন্দূরগৈরিকাদিসমুদ্ভবং।
হরিতালোদ্ভবং পীতং রজনীসম্ভবং কচিৎ।
কৃষ্ণং দগ্ধৈ র্হরিদ্যবৈ র্হরিৎপীতৈর্বিমিশ্রিতং ॥ ১৯ ॥

শ্বেতাদিবর্ণৈশ্চূর্ণৈঃ হরিদ্যবৈ র্হরিদ্বর্ণযবৈ র্দগ্ধৈঃ কৃষ্ণবর্ণং স্যাৎ। তচ্চ পীতৈ র্বিমিশ্রিতং হরিদ্বর্ণং স্যাদিত্যর্থঃ এবং বর্ণপঞ্চকমুক্তং ॥ ১৯ ॥

যে ব্যক্তি বিষ্ণুর আলয় লেপন এবং বিবিধ রঙ্গদ্বারা চিত্রিত করেন তিনি সুখী হয়েন, বিষ্ণুলোকবাসিগণ তাঁহার প্রতি সস্পৃহভাবে দৃষ্টিপাত করিতে থাকেন ॥ ১৮ ॥

অথ স্বস্তিকলক্ষণ ॥

আগমে ॥

পণ্ডিতব্যক্তি চারিকোণের চারি চতুষ্কোণকে ষোড়শ ভাগে বিভক্ত করিয়া শ্বেত, পীত, লোহিত ও কৃষ্ণবর্ণ চূর্ণদ্বারা লেপন কবিরেন, ইহারই নাম স্বস্তিক ॥

এই বিষয়ে পঞ্চরাত্রের বচন ॥

মণ্ডলের নিমিত্ত পঞ্চবর্ণের চূর্ণ প্রস্তুত করাইবে। শালিতণ্ডুল চূর্ণ অথবা যবচূর্ণদ্বারা শুক্ল, কুঙ্কুম, সিন্দূর কিম্বা গৈরিকাদিজাত দ্বারা রক্ত, হরিতাল এবং কোথাও বা হরিদ্রা চূর্ণদ্বারা পীত, দগ্ধ হরিদ্বর্ণ যবদ্বারা কৃষ্ণ, আর দগ্ধ হরিদ্বর্ণ যবচূর্ণে পীত মিশ্রিত করিলে হরিদ্বর্ণ হইবে॥১৯

অথ তত্র ধ্বজপতাকাদ্যারোপণং।

ততোধ্বজপতাকাদি বিন্যস্য হরিমন্দিরে।
বিচিত্রং ভূষয়েত্তচ্চ ভগবদ্ভক্তিমান্নরঃ ॥

অথ ধ্বজারোপণমাহাত্ম্যং ॥

স্কন্দপুরাণে দ্বারকামাহাত্ম্যে শ্রীমার্কণ্ডেয়প্রদ্যুম্নসম্বাদে ॥

ধ্বজমারোপয়েদ্যস্তু প্রাসাদোপরিভক্তিতঃ।
তস্য ব্রহ্মপদে বাসঃ ক্রীড়তে ব্রহ্মণা সহ ॥

বৃহন্নারদীয়ে ॥

যঃ কুর্য্যাদ্বিষ্ণুভবনে ধ্বজারোপণমুত্তমং।
স পূজ্যতে বিরিঞ্চাদ্যৈঃ কিমন্যৈর্ব্বহুভাষিতৈঃ ॥

তত্রৈবাগ্রে চ ॥

তৎ হরিমন্দিরঞ্চ বিচিত্রং যথা স্যাত্তথা ভূষয়েৎ ॥ ২০ ॥

অথ বিষ্ণুমন্দিরে ধ্বজপতাকাদি আরোপিত করার মাহাত্ম্য ॥

ভগবানে ভক্তিমান্ মনুষ্য তাহার পর হরিমন্দিরে ধ্বজপতাকাদি আরোপণ করিয়া বিচিত্ররূপে ভূষিত করিবেন ॥

অথ ধ্বজ আরোপণ করার মাহাত্ম্য ॥

স্কন্দপুরাণে দ্বারকা মাহাত্ম্যে শ্রীমার্কণ্ডেয় ও প্রদ্যুম্নসম্বাদে ॥

যে ব্যক্তি ভক্তিপূর্ব্বক বিষ্ণুমন্দিরের উপরে ধ্বজদণ্ড আরোপণ করেন, তাঁহার ব্রহ্মলোকে বাস হয় এবং তিনি ব্রহ্মার সহিত ক্রীড়া করিয়া থাকেন ॥

বৃহন্নারদীয়ে ॥

যিনি বিষ্ণুমন্দিরে উৎকৃষ্ট ধ্বজদণ্ড আরোপণ করেন, অন্য আর অধিক কি বলিব, ব্রহ্মাপ্রভৃতি দেবগণ তাঁহার পূজা করিয়া থাকেন ॥

বৃহন্নারদীয়পুরাণের ঐ স্থলের কিঞ্চিৎ অগ্রে ॥

পটোধ্বজস্য বিপ্রেন্দ্র যাবচ্চলতি বায়ুনা ।
তাবন্তি পাপজালানি নশ্যন্ত্যেব ন সংশয়ঃ ।
মহাপাতকযুক্তোবা যুক্তো বা সর্ব্বপাতকৈঃ ।
ধ্বজং বিষ্ণুগৃহে কৃত্বা সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে ।
আরোপিতং ধ্বজং দৃষ্ট্বা যেঽভিনন্দন্তি ধার্ম্মিকাঃ
তেঽপি সদ্যো বিমুচ্যন্তে হ্যুপপাতককোটিভিরিতি ।
এবং বৃহন্নারদীয়ে খ্যাতং যচ্চান্যদদ্ভুতং ।
ধ্বজারোপণমাহাত্ম্যং তদ্দ্রষ্টব্যমিহাখিলং ॥
অথ পতাকারোপণমাহাত্ম্যং ॥
দ্বারকামাহাত্ম্যে । তত্রৈব ॥
কৃষ্ণালয়ং যঃ কুরুতে পতাকাভিশ্চ শোভিতং ।
সদৈব তস্য লোকেতু বাসস্তস্য নচান্যতঃ ।

হে বিপ্রেন্দ্র ! ধ্বজদণ্ডের বস্ত্র বায়ু দ্বারা যত বিচলিত হয়, পাপরাশিও তত বিনষ্ট হয়, ইহাতে কোন সংশয় নাই ॥

মহাপাতকে যুক্ত হউক অথবা সর্ব্বপাতকেই যুক্ত হউক, বিষ্ণুগৃহে ধ্বজদণ্ড আরোপণ করিলে সমস্ত পাতক হইতে বিমুক্ত হয় ॥

যে সকল ধার্ম্মিক ব্যক্তি বিষ্ণুমন্দিরে আরোপিত ধ্বজদণ্ড অবলোকন করিয়া আনন্দ অনুভব করেন, তাঁহারাও তৎক্ষণাৎ কোটি কোটি উপপাতক হইতে মুক্ত হইয়া থাকেন ॥

বৃহন্নারদীয়পুরাণে ধ্বজদণ্ড আরোপণ করিবার এইরূপ অন্যান্য যে অদ্ভুত মাহাত্ম্য প্রচার করা হইয়াছে, সেই সমস্তই এই বিষয়ে প্রয়োগ করিতে হইবে ॥

অথ পতাকা আরোপণ করিবার মাহাত্ম্য ॥

বৃহন্নারদীয়ে দ্বারকামাহাত্ম্যে ॥

যিনি পতাকা সকল দ্বারা কৃষ্ণমন্দিরকে শোভিত করেন, তাঁহার সর্ব্বদাই সেই কৃষ্ণধামে বাস হয়, অন্যত্র হয় না ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে ॥

পতাকাঞ্চ শুভাং দত্ত্বা তথা কেশববেশ্মনি।
বায়ুলোকমবাপ্নোতি বহূনব্দগণান্ দ্বিজঃ।
দোধূয়তে যথা সাতু বায়ুনা কেশবালয়ে।
তথা তস্যাপি সকলং দেহাৎ পাপং বিধূয়তে ॥ ২০ ॥

অথ বন্দনমালা কদলীস্তম্ভারোপণমাহাত্ম্যং ॥

দ্বারকামাহাত্ম্যে তত্রৈব ॥

ভূপ বন্দনমালাস্তু কুরুতে কৃষ্ণবেশ্মনি।
দেবকন্যাবৃতৈর্লক্ষৈঃ সেব্যতে সুরনায়কৈঃ ॥ ২১ ॥
যঃ কুর্য্যাৎ কৃষ্ণভবনং কদলীস্তম্ভশোভিতং।
নন্দতে চাপ্সরোযুক্তঃ স্বাগতং তস্য দেবরাট্ ॥

ধ্বজপতাকাদি বিন্যাসেদিত্যাদ শব্দেন গৃহীতস্য বন্দনমালাদেরপি বিন্যাসমাহাত্ম্যং লিখতি ভূপেতি দ্বাভ্যাং ॥ ২১ ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে ॥

ব্রাহ্মণ কেশবমন্দিরে মঙ্গলময়ী পতাকারোপণ করিয়া বহু বৎসরের জন্য বায়ুলোক প্রাপ্ত হইবেন ॥

কেশবগৃহে সেই পতাকা যত বায়ুকর্ত্তৃক চালিত হইবে, ততই তাঁহার দেহ হইতে পাপ সমুদায় দূরে পলায়ন করিবে ॥ ২০ ॥

অথ বন্দনমালা এবং কদলীস্তম্ভ আরোপণ ॥

দ্বারকামাহাত্ম্যের ঐ স্থলেই ॥

হে রাজন্! যিনি বিষ্ণুর গৃহে বন্দন মালা আরোপণ করেন, দেবশ্রেষ্ঠ তাঁহার সেবা করিয়া থাকেন ॥ ২১ ॥

যিনি কৃষ্ণমন্দিরকে কদলীস্তম্ভ দ্বারা শোভিত করেন, তিনি অপ্সরোগণের সহিত আনন্দ অনুভব করেন এবং দেবরাজ তাঁহার অভ্যর্থনা করিয়া থাকেন ॥

অথ পীঠ পাত্র বস্ত্রাদি সংস্কারঃ ॥

তত্র তাম্রাদিপাত্রং যৎ প্রভোর্বস্ত্রাদিকঞ্চ যৎ।
পীঠাদিকঞ্চ তৎ সর্ব্বং যথোক্তঞ্চ বিশোধয়েৎ ॥

তত্র পীঠস্য নারসিংহে ॥

পাদপীঠঞ্চ কৃষ্ণস্য বিল্বপত্রেণ মর্দ্দয়েৎ।
উষ্ণাম্বুনা চ প্রক্ষাল্য সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে ॥ ২২ ॥

অথ তৈজসাদিপাত্রাণাং ॥

মার্কণ্ডেয়পুরাণে ॥

উড়ুম্বরাণামম্লেন ক্ষারেণ ত্রপুসীসয়োঃ।

তস্য স্বাগতং যথা স্যাত্তথা নন্দতে তমভিনন্দতি হৃষ্টো ভবতি ইতি বা। যদ্বা। তস্য শুভাগমনমভিনন্দতি বন্দত ইতি বা পাঠঃ ॥ ২২ ॥

উক্তবিধিং লিখতি উড়ুম্বরাণামিত্যাদিনা। শুচিতামিয়াদিত্যন্তেন উড়ুম্বরাণাং তাম্রাণাং তাম্রপাত্রাণামিত্যর্থঃ। ত্রপুরঙ্গং। ভস্মযুক্তৈরম্বুভিঃ দ্রবস্য গোরসাদেঃ। প্লাবো প্লাবনং। তথা চোক্তং বশিষ্ঠেন। দ্রবাণাং প্লাবনেনৈবেতি তদ্বিশেষোঽগ্রে ব্যক্তোভাবী ॥ ২৩ ॥

অথ পীঠ পাত্র ও বস্ত্রাদির সংস্কার ॥

তন্মধ্যে প্রভুর তাম্রাদি নির্ম্মিত পাত্র এবং বস্ত্র প্রভৃতি ও পীঠাদি এ সমুদায় যথোক্ত বিধানানুসারে মার্জনা করিবে ॥

তন্মধ্যে পীঠশোধনের বিধি যথা—

নৃসিংহপুরাণে ॥

শ্রীকৃষ্ণের পাদপীঠ বিল্বপত্রদ্বারা মার্জন করিবে, উষ্ণজলদ্বারা প্রক্ষালন করিলে সমস্ত পাপ হইতে বিমুক্ত হয় ॥ ২২ ॥

অথ ধাতুপাত্রাদির শোধন ॥

মার্কণ্ডেয়পুরাণে ॥

অম্লদ্বারা তাম্রপাত্র, ভস্মদ্বারা রঙ্গ ও সীসপাত্র এবং ভস্মযুক্ত জলদ্বারা কাংস্যপাত্র সকলের শোধন হইয়া থাকে, আর দ্রবদ্রব্যের প্লাবন,

ভস্মাম্বুভিশ্চ কাংস্যানাং শুদ্ধিঃ প্লাবো দ্রবস্য চ ॥ ২৩ ॥

বায়ুপুরাণে চ ॥

মণিবজ্রপ্রবালানাং মুক্তাশঙ্খোপলস্য চ।

সিদ্ধার্থকানাং কল্কেন তিলকল্কেন বা পুনঃ ॥ ২৪ ॥

ব্রাহ্মে ॥

সুবর্ণরূপ্য শঙ্খাশ্ম শুক্তিরত্নময়ানি চ।

কাংস্যায়স্তাম্ররৈত্যানি ত্রপুসীসময়ানি চ।

নির্লেপানি তু শুদ্ধ্যন্তি কেবলেনোদকেন তু।

শূদ্রোচ্ছিষ্টানি শোধ্যানি ত্রিধা ক্ষারাম্লবারিভিরিতি ॥ ২৫ ॥

মুক্তায়াঃ শঙ্খস্য উপলস্য চ পাষাণস্য বৈন্দ্বিক্যং। সিদ্ধার্থকানাং সর্ষপানাং। শুদ্ধিরিতি শেষঃ প্রকরণবলাৎ ॥ ২৪ ॥

রত্নময়ানি স্ফটিকাদি ঘটিতানি পাত্রাণীতি শেষঃ। রৈত্যানি পিত্তলরচিতানি নির্লেপানি অন্নাদি লেপরহিতানি। শূদ্রোচ্ছিষ্টানি শূদ্রোচ্ছিষ্টস্পৃষ্টানীত্যর্থঃ। যদ্যপি শ্রীভগবৎপাত্রেষু শূদ্রোচ্ছিষ্টস্পর্শোঽপি ন সম্ভবেৎ। তথাপি কথঞ্চিৎ ভ্রমপ্রমাদতঃ স্যাদিতি তচ্ছুদ্ধিরুক্তা। এবমগ্রেঽপি সর্ব্বত্রোহ্যং। ত্রিধা বারত্রয়মিত্যর্থঃ। ক্ষারোভস্ম ॥ ২৫ ॥

অর্থাৎ তাপদ্বারা গলাইলে শোধন হইয়া থাকে ॥ ২৩ ॥

বায়ুপুরাণেও ॥

মণি, হীরক, প্রবাল, মুক্তা, শঙ্খ ও প্রস্তরের পাত্রে শ্বেতসর্ষপের কল্ক (খৈল) অথবা তিলের কল্কদ্বারা মার্জন করিলে শুদ্ধ হইয়া থাকে ॥ ২৪

ব্রহ্মপুরাণে ॥

সুবর্ণ, রৌপ্য, শঙ্খ, প্রস্তর, শুক্তি, স্ফটিকাদি রত্ন, কাংস্য, লৌহ, তাম্র, পিত্তল, রঙ্গ ও সীসকের পাত্র সকল যদি অন্নাদি দ্বারা লিপ্ত না হয় তাহা হইলে কেবল জলদ্বারাই শুদ্ধ হইয়া থাকে, আর যদি ঐ সকল পাত্রে শূদ্রের উচ্ছিষ্ট সংস্পর্শ হয় তাহা হইলে তিনবার ভস্ম, অম্ল ও জলদ্বারা মার্জন করিলে শুদ্ধ হইবে ॥ ২৫ ॥

অতিদুষ্টন্তু পাত্রাদি বিশোধ্যাতিথ্যকর্ম্মণে।
যুঞ্জ্যাত্তৎপরিবর্ত্তায় প্রভুকর্ম্মান্তরায় বা।
এতস্য পরিবর্ত্তেন প্রভবেঽন্যৎ সমর্পয়েৎ।
ইত্যয়ং সর্ব্বতোলোকে সদাচারোবিরাজতে॥

মনুঃ॥

তাম্রায়ঃ কাংস্য রৈত্যানাং ত্রপুণঃ সীসকস্য চ।
শৌচং যথার্হং কর্ত্তব্যং ক্ষারাম্লোদকবারিভিঃ॥ ২৬॥

শঙ্খঃ॥

অম্লোদকেন তাম্রস্য সীসস্য ত্রপুণস্তথা।
ক্ষারেণ শুদ্ধিং কাংস্যস্য লৌহস্য চ বিনির্দ্দিশেৎ॥ ২৭॥

কিঞ্চ॥

যথার্হং মলাপগমানুসারেণেত্যর্থঃ। অম্লোদকং জম্বীরাদি রসঃ। তত্রাম্লোদকেন তাম্রস্য ক্ষারেণেতরেষাং বারিণা তু তত্তৎ সমুচিতেনোভয়েষামেবেতি জ্ঞেয়ং যথার্হমিত্যুক্তেঃ॥ ২৬॥

তদেবাভিব্যঞ্জয়তি অম্লোদকেনেতি॥ ২৭॥

পাত্রাদি অতিশয় দূষিত হইলে তাহাকে শোধন করিয়া আতিথ্যাদি কর্ম্মে অথবা তৎপরিবর্ত্তে প্রভুর অন্য কর্ম্মে নিযুক্ত করিবে। এই পাত্রের পরিবর্ত্তে প্রভুকে অন্যপাত্র অর্পণ করিবে, লোক মধ্যে সর্ব্বত্র এই সদাচার প্রচলিত আছে॥

মনু বলিয়াছেন॥

ভস্ম, অম্লোদক অর্থাৎ জম্বীরাদির রস এবং জলদ্বারা তাম্র, লৌহ, কাংস্য, পিত্তল, রঙ্গ ও সীসের পাত্র শোধন করিবে॥ ২৬॥

শঙ্খ বলিয়াছেন॥

অম্লরসদ্বারা তাম্র, সীস, রঙ্গ, আর ভস্মদ্বারা কাংস্য ও লৌহের শুদ্ধি বিধান করিবে॥ ২৭॥

আরও বলি॥

সূতিকোচ্ছিষ্টভাণ্ডস্য সুরাদ্যুপহতস্য চ।
ত্রিঃসপ্ত মার্জনাচ্ছুদ্ধির্নতু কাংস্যস্য তাপনং॥

অন্যত্র চ॥

তাম্রমম্লেন শুদ্ধ্যেত নচেদামিষলেপনং।
আমিষেণ তু যল্লিপ্তং পুনর্দ্দাহেন শুদ্ধ্যতি॥ ২৮॥

ব্রাহ্মে॥

সূতিকাশববিণ্মূত্ররজঃস্বলহতানি চ।

এতচ্চ সর্ব্বং স্বল্পোপহতিবিষয়কং। অত্যন্তোপহতৌ শুদ্ধিং লিখতি সূতিকেতি ত্রিভিঃ সূতিকা নবপ্রসূতা অজাতশৌচা। যদ্বা। প্রসবকারয়িত্রী তদুচ্ছিষ্টস্য তদুচ্ছিষ্টস্পৃষ্টস্য তয়া ব যত্র ভুক্তং তস্য ভাণ্ডস্য তৈজসপাত্রস্য তৎপ্রকরণাৎ। আদিশব্দাৎ শোণিতাদি। ত্রিঃসং একবিংশতিবারান্ মার্জনাদিত্যর্থঃ॥

কেচিদাহুঃ। সপ্তভির্যবগোধূম কলায়মাসাদিচূর্ণৈঃ প্রত্যেকং ত্রির্ম্মার্জ্জনাচ্ছুদ্ধিরিতি কাংস্যপাত্রস্য তু ন তথা শুদ্ধিঃ কিন্তু তস্য তাপনং দহনমেব। ভাজন ইতি পাঠঃ সুগমঃ॥২৮

দাহেবিশেষং লিখতি সূতিকেতি। রজস্বলেত্যাকারাভাব আর্ষঃ। সূতিকাদিভির্হতানি

সামান্য অপবিত্র বিষয়ে এই সকল শুদ্ধি বলা হইল, কিন্তু যদি গুরুতর দোষে পাত্র দূষিত হয় তাহা হইলে তাহার শুদ্ধির ব্যবস্থা এই যে, যে স্ত্রী সদ্যঃ প্রসূতা হইয়াছে, অশৌচ নিবৃত্তি হয় নাই, তাহার উচ্ছিষ্ট পাত্র, অথবা ধাত্রীর উচ্ছিষ্ট যে পাত্রে সংস্পৃষ্ট হইয়াছে, সেই পাত্র, আর মদ্য ও রক্ত দ্বারা দূষিত পাত্র, এই সকলের একবিংশতি-বার মার্জন দ্বারা শুদ্ধি হয়, কিন্তু কাংস্যের এরূপ নহে, অগ্নি দ্বারা দগ্ধ করিলে উহার শুদ্ধি হয়॥

অন্য স্থলেও বলিয়াছেন॥

যদি আমিষ দ্বারা লিপ্ত না হয়, তাহা হইলে তাম্রপাত্র অম্ল দ্বারা শুদ্ধ হইবে, আর যাহা আমিষ লিপ্ত তাহাকে পুনরায় দগ্ধ করিলে পবিত্র হইবে॥ ২৮॥

ব্রহ্মপুরাণে॥

নবপ্রসূতা স্ত্রী, শব অথবা মদ্য, বিষ্ঠা, মূত্র এবং রজস্বলা কর্ত্তৃক

প্রক্ষেপ্তব্যানি তান্যগ্নৌ যচ্চ যাবৎ সহেদপি ॥ ২৯ ॥

অতএব দেবলঃ ॥

লৌহানাং দাহনাচ্ছুদ্ধি র্ভস্মনা গোময়েন বা।

দহনাৎ খননাদ্বাপি শৈলানামম্ভসাপি বা।

কাষ্ঠানাং তক্ষণাচ্ছুদ্ধি র্মৃদ্গোময়জলৈরপি।

মৃণ্ময়ানান্তু পাত্রাণাং দহনাচ্ছুদ্ধিরিষ্যতে ॥ ৩০ ॥

তত্র সূতিকা রজস্বলোপহতত্বং তত্তদুচ্ছিষ্টস্পর্শাৎ তত্র তদ্ভোজনাদ্বা। সবেতি দত্ত্যাদি পাঠে আসবো মদ্যং। যাবদিতি যাবন্তমগ্নিং কালং বা যদ্দ্রব্যং সহেত তাবত্যগ্নৌ তাবন্তং বা কালং তদ্দ্রব্যং প্রক্ষেপ্তব্যমিত্যর্থঃ ॥ ২৯ ॥

ন্যূনাধিকতয়া লিখিতং তত্তৎ সর্ব্বং দেবলোক্ত্যা সম্বাদয়তি লৌহানামিতি। সুবর্ণাদীনাং ধাতূনাং তন্ময়পাত্রাণামিত্যর্থঃ। অত্যন্তোপহতৌ দহনাৎ। অন্যথা চ ভস্মাদিনেত্যর্থঃ। এবমগ্রেহপি জ্ঞেয়ং। খননং ভূমিং খাত্বা দোষানুসারেণ সপ্তাহাদিকালং তস্যাং নিক্ষেপণং তস্মাৎ। শৈলানাং শিলাদি নির্ম্মিতানাং দহনাৎ পুনঃ পাকাৎ। তথাচ যাজ্ঞবল্ক্যঃ। পুনঃ

দূষিতপাত্র সকল, যে পাত্র যত উত্তাপ সহ্য করিতে পারিবে তাহা ততক্ষণ অগ্নিতে নিক্ষেপ করিয়া রাখিবে ॥ ২৯ ॥

অতএব দেবল বলিয়াছেন ॥

লৌহ অর্থাৎ স্বর্ণ রৌপ্যাদি ধাতু পাত্র সকলের দাহন, অথবা ভস্ম ও গোময়দ্বারা শুদ্ধি হইবে অর্থাৎ অল্প দূষিত হইলে ভস্ম ও গোময়-দ্বারা, আর গুরুতর দোষে দূষিত হইলে অগ্নিতে দগ্ধ করিলে শুদ্ধ হইবে। অপর শিলানির্ম্মিত পাত্র সকল দূষিত হইলে তাহার দহন, খনন ও জল দ্বারা শুদ্ধি হয় অর্থাৎ অল্প দুষ্ট হইলে কেবল জল দ্বারা ধৌত করিলে শুদ্ধ হইবে, আর যদি গুরুতর দোষে দূষিত হয় তাহা হইলে সপ্তাহ মৃত্তিকার মধ্যে পুতিয়া রাখিবে অথবা অগ্নি দ্বারা দগ্ধ করিবে। এইরূপ দোষের গুরু লঘু বিবেচনা করিয়া তক্ষণ (চাঁচিয়া ফেলা) অথবা মৃত্তিকা, গোময় ও জলদ্বারাও কাষ্ঠপাত্রের শুদ্ধি জন্মে। কিন্তু মৃণ্ময়পাত্র সকলকে পুনর্ব্বার দগ্ধ করিলে শুদ্ধ হইয়া থাকে ॥৩০॥

মনুঃ ॥

মদ্যৈর্মূত্রপুরীষৈর্ব্বা শ্লেষ্ম পূয়াস্থিষ্ঠীবনৈঃ।
সংস্পৃষ্টং নৈব শুদ্ধ্যেত পুনঃ পাকেন মৃণ্ময়ং ॥ ৩১ ॥

বৃদ্ধশাতাতপঃ ॥

সংহতানান্তু পাত্রাণাং যদেকমুপহন্যতে।
তস্যৈব শোধনং প্রোক্তং সামান্যদ্রব্যশুদ্ধিকৃৎ ॥ ৩২ ॥

অথ বস্ত্রাদীনাং ॥

পাকান্মহীময়মিতি ॥ ৩০ ॥

তত্র চাল্পোপহতৌ অত্যন্তোপহতৌ চ মৃণ্ময়ং ত্যাজ্যমেবেতি লিখতি মদ্যৈরিতি। ষ্ঠীবনৈঃ লালাপ্রক্ষেপৈঃ। পাঠান্তরং স্পষ্টং ॥ ৩১ ॥

সংহতানাং অন্যোন্যং মিলিত্বা সংঘশঃ স্থিতানাং। তস্যৈব তৎলিখিতং শোধনং প্রোক্তং নতু তেন স্পৃষ্টানামন্যেষামিত্যর্থঃ। পাঠান্তরে সামান্যং সমানৈকদ্রব্যবিষয়কং শোধনং দ্রব্যাণাং সর্ব্বেষামেবান্যেষাং শুদ্ধিকৃদিত্যর্থঃ। অতএবোক্তং শাতাতপেনৈব। অশুচিং সংস্পৃশেদ্যস্তু একএব স দুষ্যতি। তং স্পৃষ্টান্যো ন দুষ্যেত্তু সর্ব্বদ্রব্যেষ্বয়ং বিধিরিতি ॥ ৩২ ॥

মনু বলিয়াছেন ॥

মৃণ্ময়পাত্র যদি মদ্য, মূত্র, বিষ্ঠা অথবা কফ, পূয়, কিম্বা নিষ্ঠীবন অর্থাৎ লালাপ্রক্ষেপ দ্বারা দূষিত হয়, তাহা পুনর্ব্বার দাহন করিলেও শুদ্ধ হয় না ॥ ৩১ ॥

বৃদ্ধশাতাতপ বলিয়াছেন ॥

পরস্পর মিলিত হইয়া অবস্থিত অনেক পাত্রের মধ্যে যদি একটী দূষিত হয়, তাহা হইলে ঐ এক দূষিতপাত্রের শোধন সকল দ্রব্যের শুদ্ধি কারক হয় ॥

তাৎপর্য্য। এই কারণে শাতাতপ বলিয়াছেন, যে অশুচি সংস্পর্শ করে, সেই মাত্রই দূষিত হয়, তাহার স্পর্শে অন্য দুষ্ট হইতে পারে না, সর্ব্ব প্রকার দ্রব্যের এইরূপ বিধি জানিতে হইবে ॥ ৩২ ॥

অথ বস্ত্রাদির শোধন ॥

তত্র শঙ্খঃ ॥

তান্তবং মলিনং পূর্ব্বমদ্ভিঃ ক্ষারৈশ্চ শোধয়েৎ ।
অংশুভিঃ শোধয়িত্বা বা বায়ুনা বা সমাহরেৎ ॥
ঊর্ণপট্টাংশুক ক্ষৌম দুকূলাবিকচর্ম্মণাং ।
অল্পাশৌচে ভবেচ্ছুদ্ধিঃ শোষণপ্রোক্ষণাদিভিঃ ।
তান্যেবামেধ্যলিপ্তানি নেনিজ্যাদ্গৌরসর্ষপৈঃ ।
ধান্যকল্কৈঃ পর্ণকল্কৈরসৈশ্চ ফলবল্কলৈঃ ।
তূলিকাদ্যুপধানানি পুষ্পরক্তাম্বরাণি চ ।
শোধয়িত্বাতপে কিঞ্চিৎ করৈরুন্মার্জয়েন্মুহুঃ ।
পশ্চাচ্চ বারিণা প্রোক্ষ্য শুচীত্যেবমুদাহরেৎ ।

তান্তবং কার্পাসিকসূত্রনির্ম্মিতং বস্ত্রাদি । অংশুভিঃ সূর্য্যরশ্মিভিঃ বায়ুনা বা শোষয়িত্বা । শুষ্কং কৃত্বা ঊর্ণাংশুকাবিকয়োঃ পশুরোমভেদেন দ্রব্যভেদেন বা ভেদঃ । অল্পেঽশৌচে অশুদ্ধৌ সত্যাং শোষণং সূর্য্যাংশু বাতাদিনা নেনিজ্যাৎ শোধয়েৎ । ফলবল্কলৈঃ তজ্জরিতার্থঃ ।

তদ্বিষয়ে শঙ্খ বলিয়াছেন ॥

কার্পাস সূত্রনির্ম্মিত বস্ত্রাদি যাহা পূর্ব্বে মল দ্বারা দূষিত হইয়াছে, তাহাকে ক্ষার এবং জলদ্বারা শোধন করিবে, পরে সূর্য্যকিরণ অথবা বায়ুর দ্বারা শুষ্ক করিয়া উত্তোলন করিয়া লইবে ॥

লোমজবস্ত্র, পট্টবস্ত্র, ক্ষৌমবস্ত্র, মেষলোমজাত বস্ত্র এবং চর্ম্ম এই সকলের অল্প অশুদ্ধি হইলে শুষ্ক করণ ও জল প্রোক্ষণাদি দ্বারা শোধন হইবে। আর ঐ সকল দ্রব্য যদি অপবিত্র বস্তুতে লিপ্ত হয়, তাহা হইলে শ্বেতসর্ষপ, ধান্যের কল্ক, পত্রের কল্ক, ফলের বল্কলজাত রস-দ্বারা শোধন করিবে ॥

তূলিকা অর্থাৎ তূল নির্ম্মিত শয্যা (তোষক) ও উপধান (বালিশ) পুষ্পরস রঞ্জিত ও সুবর্ণ রত্নাদি খচিত বস্ত্রসকলকে রৌদ্রে কিঞ্চিৎকাল শুষ্ক করত হস্তদ্বারা বারম্বার ঘর্ষণ করিবে। পশ্চাৎ উহার উপরে জল প্রোক্ষণ করিয়া "পবিত্র" এই কথা বলিবে। আর ঐ সকল বস্ত্র যদি

তাম্বপ্যতিমলাক্তানি যথাবৎ পরিশোধয়েৎ ॥ ৩৩ ॥

শাতাতপঃ ॥

কুসুম্ভ কুঙ্কুমারক্তা স্তথা লাক্ষারসেনচ।
প্রক্ষালনেন শুদ্ধ্যন্তি চণ্ডালস্পর্শনে তথা ॥ ৩৪ ॥

যমঃ ॥

কৃষ্ণাজিনানাং বাতৈশ্চ বালানাং মৃদ্ভিরম্ভসা।
গোমূত্রেণাস্থিদন্তানাং ক্ষৌমানাং গৌরসর্ষপৈঃ ॥ ৩৫ ॥

শঙ্খঃ ॥

সিদ্ধার্থকানাং কল্কেন দন্তশৃঙ্গময়স্য চ।

পুষ্পরত্নাম্বরাণি চিত্রপুষ্পময়াম্বরাণি স্বর্ণরত্নখচিতাম্বরাণি চেত্যর্থঃ ॥ ৩৩ ॥

কুসুম্ভেন কুঙ্কুমেন বা আরক্তা রঞ্জিতাঃ। লাক্ষারসেন বা রক্তাঃ পটাঃ চণ্ডালেনান্ত্যেনাপ্যস্পৃশ্যা উপলক্ষ্যাঃ তৎস্পর্শে সতি প্রক্ষালনেন শুদ্ধ্যন্তি ॥ ৩৪ ॥

বালানাং চামরাণাং। অস্থি শঙ্খাদিঃ। দন্তঃ হস্ত্যাদেঃ ॥ ৩৫ ॥

ফলপাত্রাণাং নারিকেলাদিপাত্রাণাং। অস্থ্নাং শঙ্খাদীনাং। শৃঙ্গবদিতি সর্ষপাণাং কল্কেনেত্যর্থঃ ॥ ৩৬ ॥

অতিশয় মল যুক্ত হয় তাহা হইলে যথোক্ত বিধানে অর্থাৎ পূর্ব্বোক্ত শোধনের বিধান ক্রমে শোধন করিবে ॥ ৩৩ ॥

শাতাতপ বলিয়াছেন্ ॥

কুসুম্ভ, কুঙ্কুম এবং অলক্তক দ্বারা রঞ্জিত বস্ত্রসকল যদি চণ্ডালাদি অন্ত্যজ কর্তৃক স্পৃষ্ট হয়, তাহা হইলে প্রক্ষালন দ্বারা শুদ্ধ হইবে ॥ ৩৪

যম বলিয়াছেন ॥

বায়ুদ্বারা কৃষ্ণসার মৃগচর্ম্মের, মৃত্তিকা ও জলদ্বারা চামরের, গোমূত্র দ্বারা শঙ্খাদি অস্থির ও গজাদি দন্তের এবং শ্বেতসর্ষপ দ্বারা চীনাদি-বস্ত্রের শুদ্ধি জন্মে ॥ ৩৫ ॥

শঙ্খ বলিয়াছেন্ ॥

শ্বেত সর্ষপের কল্ক দ্বারা দন্ত নির্ম্মিত ও শৃঙ্গ নির্ম্মিত বস্তুর এবং গোপুচ্ছদ্বারা নারিকেলাদি ফলনির্ম্মিত পাত্রের শুদ্ধি হয়, অস্থির শুদ্ধি

গোবালৈঃ ফলপাত্রাণামস্থ্নাং স্যাচ্ছৃঙ্গবত্তথা ॥ ৩৬ ॥

কিঞ্চ ॥

নির্য্যাসানাং গুড়ানাঞ্চ লবণানাং তথৈব চ।

কুসুম্ভ কুসুমানাঞ্চ ঊর্ণাকার্পাসয়োস্তথা।

প্রোক্ষণাৎ কথিতা শুদ্ধিরিত্যাহ ভগবান্ যমঃ ॥ ৩৭ ॥

মনুঃ ॥

অদ্ভিস্তু প্রোক্ষণং শৌচং বহূনাং ধান্যবাসসাং।

প্রক্ষালনেন ত্বল্পানামদ্ভিরেব বিধীয়তে।

চেলবচ্চর্ম্মণাং শুদ্ধির্বৈদলানাং তথৈব চ।

শাকমূলফলানাঞ্চ ধান্যবচ্ছুদ্ধিরিষ্যতে।

প্রোক্ষণাত্তৃণকাষ্ঠানি পলালঞ্চ বিশুধ্যতি।

নির্য্যাসানাং হিঙ্গ্বাদীনাং ॥ ৩৭ ॥

বৈদলানাং বিদারিতবেণুবেত্রদলনির্ম্মিতানাং। মার্জ্জনৈঃ রজঃশোধনৈঃ উপাঞ্জনৈঃ লেপনৈশ্চ ॥ ৩৮ ॥

শৃঙ্গের ন্যায় শ্বেতসর্ষপের কল্ক দ্বারা করিবে ॥ ৩৬ ॥

আরও বলি ॥

হিঙ্গু প্রভৃতি নির্যাস, গুড়, লবণ, কুসুম্ভ, পুষ্প, পশুর লোম এবং কার্পাসের জলপ্রোক্ষণ দ্বারা শুদ্ধি হয়, ভগবান্ যম এই কথা বলিয়াছেন ॥ ২৭ ॥

মনু বলিয়াছেন ॥

ধান্য ও বস্ত্র বহু পরিমাণে হইলে জলপ্রোক্ষণ দ্বারা শুদ্ধ হইবে, অল্প হইলে জল দ্বারা প্রক্ষালনের বিধান করা হয়। বস্ত্রের যে প্রকার, চর্ম্ম এবং বিদারিত বংশ বা বেত্রজাত বস্তুরও শুদ্ধি সেই প্রকার। শাক, মূল এবং ফলের শুদ্ধি ধান্যের ন্যায় কথিত হইয়াছে। তৃণকাষ্ঠ এবং পলাল অর্থাৎ শস্যশূন্য তৃণ (খড়) প্রোক্ষণ দ্বারা শুদ্ধ হয়। মার্জন

মার্জনোপাঞ্জনৈর্বেশ্ম পুনঃ পাকেন মৃণ্ময়ং ॥ ৩৮ ॥

কিঞ্চ ॥

যাবন্নাপৈত্যমেধ্যাক্তাদ্গন্ধো লেপশ্চ তৎকৃতঃ।

তাবন্মৃদ্বারি বা দেয়ং সর্ব্বাসু দ্রব্যশুদ্ধিষু ॥

বৃহস্পতিঃ ॥

বস্ত্রবৈদলচর্ম্মাদেঃ শুদ্ধিঃ প্রক্ষালনং স্মৃতং।

অতিদুষ্টস্য তন্মাত্রং ত্যজেচ্ছিত্বা তু শুদ্ধয়ে ॥

বিষ্ণুঃ ॥

মৃৎপর্ণতৃণকাষ্ঠানাং শ্বাস্থি-চাণ্ডাল-বায়সৈঃ।

স্পর্শনে বিহিতং শৌচং সোমসূর্য্যাংশুমারুতৈঃ ॥ ৩৯ ॥

বৌধায়নঃ ॥

তন্মাত্রমিতি যাবদত্যন্তদুষ্টং তাবন্মাত্রমেব নত্বন্যদিত্যর্থঃ ॥ ৩৯ ॥

ও উপলেপনদ্বারা গৃহ এবং পুনর্ব্বার দাহনদ্বারা মৃণ্ময়পাত্র শুদ্ধ হয়॥৩৮

আরও বলি ॥

সমস্ত দ্রব্য শোধন বিষয়ে যতক্ষণ পর্য্যন্ত অপবিত্র বস্তু দ্বারা লিপ্ত দ্রব্য হইতে সেই দ্রব্যস্থিত লেপ ও গন্ধ দূরীভূত না হয়,তাবৎ পর্য্যন্ত জল ও মৃত্তিকা প্রদান করিবে ॥

বৃহস্পতি বলিয়াছেন ॥

বস্ত্র, বিদলিত বংশজাত দ্রব্য এবং চর্ম্ম-প্রভৃতির শুদ্ধি প্রক্ষালন করিলে হয়। যদি অতিশয় রূপে দূষিত হয় তাহা হইলে যে পরিমাণে দূষিত হইয়াছে শুদ্ধির নিমিত্ত তাবন্মাত্র ছেদন করিয়া ত্যাগ করিবে ॥

বিষ্ণু বলিয়াছেন ॥

মৃত্তিকা, পত্র, তৃণ ও কাষ্ঠ এই সকল যদি কুক্কুর,অস্থি, চণ্ডাল এবং কাক কর্ত্তৃক স্পৃষ্ট হয়, তাহা হইলে তাহাদের চন্দ্রকিরণ, সূর্য্যরশ্মি ও বায়ু দ্বারা শুদ্ধি বিহিত হইয়াছে ॥ ৩৯ ॥

বৌধায়ন বলিয়াছেন ॥

আসনং শয়নং যানং নাবঃ পন্থাস্তৃণানি চ।
মারুতার্কেণ শুদ্ধ্যন্তি পক্বেষ্টরচিতানি চ॥

অথ ধান্যাদীনাং॥

তত্র বোধায়নঃ॥

ব্রীহয়ঃ প্রোক্ষণাদদ্ভিঃ শাকমূল ফলানি চ।
তন্মাত্রস্থাপহারাদ্বা নিস্তুষীকরণেন চ॥ ৪০॥

শঙ্খঃ॥

স্রপণং ঘৃতৈলানাং প্লাবনং গোরসস্য চ।
ভাণ্ডানি প্লাবয়েদদ্ভিঃ শাকমূলফলানি চ॥

মারুতযুক্তেন অর্কেণ তদংশুনা। পাঠান্তরং স্পষ্টং॥ ৪০॥

স্রপণং প্লাবনং। প্লাবনমেব বিবৃণোতি। অদ্ভিস্তত্তদ্ভাণ্ডানি প্লাবয়েৎ অপ্সু নিমজ্জয়েদিত্যর্থঃ। ঘৃতাদীনামপি স্রপণাসম্ভবে সজাতীয় দ্রব্য প্লাবনেন শুদ্ধির্বোদ্ধব্যা॥ ৪১॥

আসন, শয্যা, যান, নৌকা, পথ, তৃণ ও পক্ব ইষ্টকনির্ম্মিত গৃহাদি সূর্য্যকিরণ এবং বায়ুদ্বারা শুদ্ধ হয়॥

অথ ধান্যাদির শুদ্ধি॥

তদ্বিষয়ে বোধায়ন বলিয়াছেন॥

ধান্য, শাক, মূল এবং ফল সকল জলপ্রোক্ষণদ্বারা কিম্বা যে পরিমাণে দূষিত হইয়াছে তাবন্মাত্র পরিত্যাগ অথবা তুষশূন্যকরণ দ্বারা শুদ্ধ হয়॥ ৪০॥

শঙ্খ বলিয়াছেন॥

প্লাবন * দ্বারা ঘৃত, তৈল এবং গোরসের শুদ্ধি হয়, জল দ্বারা ভাণ্ড সকল প্লাবিত করিবে আর শাক, মূল ও ফল এ সকলকে জলদ্বারা

* প্লাবন শব্দের অর্থ এই যে ঘৃতাদির প্লাবন সম্ভব হয় না একারণ ঐ ঘৃতাদির পাত্র জলে ডুবাইলে তাহাকেই প্লাবন বলে, কারণ সজাতীয় দ্রব্যের প্লাবনদ্বারা শুদ্ধি জানিতে হইবে॥

ব্রাহ্মে ॥

দ্রবদ্রব্যাণি ভূরীণি পরিপ্লাব্যানি চাম্ভসা ॥ ৪১ ॥

শস্যানি ব্রীহয়শ্চৈব শাকমূলফলানি চ।

ত্যক্ত্বা তু দূষিতং ভাগং প্লাব্যান্যথ জলেন তু ॥ ৪২ ॥

বৃহস্পতিঃ ॥

তাপনং ঘৃততৈলানাং প্লাবনং গোরসস্য চ।

তন্মাত্রমুদ্ধৃতং শুধ্যেৎ কঠিনন্তু পয়োদধি।

অবিলীনং তথা সর্পি বিলীনং প্রপণেন তু ॥ ৪৩ ॥

আধারদোষে তু নয়েৎ পাত্রাৎ পাত্রান্তরং দ্রবং।

দূষিতং ভাগং ত্যক্ত্বেতি অন্যশ্চোপহতৌ ॥ ৪২ ॥

তন্মাত্রং যাবদুপহতং তাবন্মাত্রমিত্যর্থঃ এতচ্চানাকরবিষয়ং ॥ ৪৩ ॥

আকরভাণ্ডে বিশেষং লিখতি। আধারেতি। আধারঃ আকরভাণ্ডং তদ্দোষেণ। পায়সং পয়োনির্বৃত্তং দধি শূদ্রভাণ্ডস্থিতমপি পাত্রান্তরং নীতং সৎ ন দুষ্যতীত্যর্থঃ। তথাচ

প্রক্ষালন করিলে শুদ্ধ হইবে ॥

ব্রহ্মপুরাণে ॥

দ্রব দ্রব্য অধিক পরিমাণ হইলে জলদ্বারা প্লাবিত করিবে অর্থাৎ পাত্র সহ দ্রব্য জলে ডুবাইবে ॥ ৪১ ॥

ধান্য ও অন্যান্য শস্য এবং শাক, মূল ও ফল সকলের দূষিত ভাগ পরিত্যাগ করিয়া পরে জলে প্লাবিত করিবে ॥ ৪২ ॥

বৃহস্পতি বলিয়াছেন ॥

ঘৃত ও তৈলকে উত্তপ্ত করিলে এবং গোরসকে প্লাবন করিলে উহাদের শুদ্ধি হয়। যে পরিমাণে দূষিত হইয়াছে তাবন্মাত্র উত্তোলন করিয়া পরিত্যাগ করিলে, কঠিন দুগ্ধ ও দধি শুদ্ধ হয়। ঘৃত দ্রব না হইলে এই প্রকারেই শুদ্ধ হইয়া থাকে। আর দ্রব হইলে প্লাবন দ্বারা শুদ্ধ হইবে ॥ ৪৩ ॥

আধার দূষিত হইলে দ্রব দ্রব্যকে পাত্র হইতে পাত্রান্তর করিবে।

ঘৃতঞ্চ পায়সং ক্ষীরং তথৈক্ষবরসো গুড়ঃ।
শূদ্রভাণ্ডস্থিতং তক্রং তথা মধু ন দূষ্যতি ॥ ৪৪ ॥

কিঞ্চ। মনুঃ ॥

উচ্ছিষ্টেন তু সংস্পৃষ্টো দ্রব্যহস্তঃ কথঞ্চন।
অনিধায়ৈব তদ্দ্ৰব্যমাচান্তঃ শুচিতামিয়াৎ। ইতি ॥

অন্যেঽপি শুদ্ধিবিধয়ো দ্রব্যাণাং স্মৃতিশাস্ত্রতঃ।
অপেক্ষ্যা বৈষ্ণবৈ র্জ্ঞেয়া স্তত্তদ্বিস্তারণৈরলং ॥ ৪৫ ॥

যমঃ। আমমাংসং ঘৃতং ক্ষৌদ্রং স্নেহাশ্চ ফলসম্ভবাঃ। ম্লেচ্ছভাণ্ডস্থিতা দুষ্যা নিষ্ক্রান্তাঃ শুচয়ঃ স্মৃতা ইতি। অন্যত্র চ আকরাঃ শুচয়ঃ সর্ব্ব ইতি ॥ ৪৪ ॥

শুচিতামিয়াৎ। দ্রব্যং চাত্রান্নব্যতিরিক্তং জ্ঞেয়ং সদাচারাৎ। অন্নবিষয়ে চোক্তমাপস্তম্বেন। কৃত্বা মূত্রং পুরীষঞ্চ দ্রব্যহস্তঃ কথঞ্চন। ভূমাবন্নং প্রতিষ্ঠাপ্য কৃত্বা স্নানং যথাবিধি। তৎ সংযোগাত্তু পক্কান্নমুপস্পৃশ্য ততঃ শুচিরিতি। বৃহস্পতিনা চ। শৌচন্তু কুর্য্যাৎ প্রথমং পাদৌ প্রক্ষালয়েত্ততঃ। উপস্পৃশ্য তদভ্যুক্ষ্য গৃহীতং শুচিতামিয়াদিতি। যদ্যপি ভগবদ্দ্রব্যেষু তত্তদুপঘাতো ন ঘটতে তথাপি ভগবদর্থ তত্তদ্দ্রব্যার্পণাপেক্ষয়া কিম্বা ভ্রমপ্রমাদাদিনা তত্তদুপঘাতসম্ভাবনয়া তত্তচ্ছুদ্ধির্লিখিতেতি দিক্। বৈষ্ণবৈরুপেক্ষ্যাশ্চেৎ তর্হি স্মৃতিশাস্ত্রেভ্যো জ্ঞেয়াঃ। তীর্থে বিবাহে যাত্রায়াং সংগ্রামে দেশবিপ্লবে। নগরগ্রামদাহে চ স্পৃষ্টাস্পৃষ্টি র্ন দুষ্যতি। গোকুলে কন্দুশালায়াং তৈলযন্ত্রেক্ষুযন্ত্রয়োঃ। অমীমাংস্যানি শৌচানি স্ত্রীষু বালাতুরেষু চেত্যাদ্যুক্তেঃ। তত্তস্মাত্তেষাং বিস্তারণৈর্বিস্তরেণ লিখনৈরলং অত্র প্রয়োজনং নাস্তি গ্রন্থবিস্তারভয়াদিত্যর্থঃ ॥ ৪৫ ॥

ঘৃত, দধি, দুগ্ধ, ইক্ষুরস, গুড়, তক্র ও মধু, এ সকল শূদ্রের পাত্রে থাকিলে দূষিত হয় না ॥ ৪৪ ॥

আরও মনু বলিয়াছেন ॥

দ্রব্যহস্তে করিয়া যদি কোনও প্রকারে উচ্ছিষ্ট স্পর্শ করে তাহা হইলে ঐ দ্রব্য না রাখিয়াই আচমন করিলে শুদ্ধি প্রাপ্ত হইবে ॥

দ্রব্য সকলের অন্যান্য শোধন বিধি স্মৃতিশাস্ত্র হইতে আহরণ করিয়া বৈষ্ণবগণ জ্ঞাত হইবেন, তৎসমুদায় এস্থলে বিস্তার করার

অথ পূজার্থতুলসীপুষ্পাদ্যাহরণং ॥

প্রণম্যাথ মহাবিষ্ণুং প্রার্থ্যানুজ্ঞান্তু বৈষ্ণবঃ।
সমাহরেৎ শ্রীতুলসীং পুষ্পাদি চ যথোদিতং ॥

যচ্চ হারীতবচনং ॥

স্নানং কৃত্বা তু যে কেচিৎ পুষ্পং গৃহ্ণন্তি বৈ দ্বিজাঃ।
দেবতাস্তন্ন গৃহ্ণন্তি ভস্মীভবতি কাষ্ঠবৎ। ইতি ॥

তচ্চ মধ্যাহ্নস্নানবিষয়ং ॥

যত উক্তং পাদ্মে বৈশাখমাহাত্ম্যে ॥

অস্নাত্বা তুলসীং ছিত্ত্বা দেবার্থে পিতৃকর্ম্মণি।
তৎসর্ব্বং নিষ্ফলং যাতি পঞ্চগব্যেন শুদ্ধ্যতি।
কিং তত্র বাক্যান্তরং মৃগ্যং ॥ ৪৬ ॥

পুষ্পঃ আদিশব্দেন পত্রাঙ্কুরাদি ॥ ৪৬ ॥

যথোদিতং তত্র নিষিদ্ধবর্জনাদ্যনুসারেণ ইত্যর্থঃ ॥ ৪৭ ॥

প্রয়োজন নাই ॥ ৪৫ ॥

অথ পূজার নিমিত্ত তুলসী পুষ্পাদি আহরণ ॥

অনন্তর বৈষ্ণব ব্যক্তি মহাবিষ্ণুকে প্রণাম করত অনুজ্ঞা প্রার্থনা করিয়া শ্রীতুলসী ও যথোচিত পুষ্পাদি আহরণ করিবেন ॥

এই স্থলে হারীতবচন ॥

যে কোন দ্বিজ স্নান করিয়া যদি পুষ্প আহরণ করেন, তাহা হইলে দেবতা সকল সে পুষ্প গ্রহণ করেন না, উহা কাষ্ঠের ন্যায় ভস্মীভূত হয়। ইহা মধ্যাহ্ন স্নান বিষয় জানিতে হইবে ॥

অতএব পদ্মপুরাণে বৈশাখমাহাত্ম্যে উক্ত হইয়াছে ॥

দেবতার নিমিত্ত এবং পিতৃকর্ম্মে স্নান না করিয়া তুলসী চয়ন করিলে তৎসমুদায় নিষ্ফল হয়, পঞ্চগব্য স্পর্শ করাইলে শুদ্ধ হয়। কিন্তু এ বিষয়ে অন্য বচন অন্বেষণ করিতে হইবে ॥ ৪৬ ॥

অথ গৃহস্নানবিধিঃ॥

স্বগৃহে বা চরন্ স্নানং প্রক্ষাল্যাঙ্ঘ্রী করৌ তথা।
আচম্যায়ম্য চ প্রাণান্ কৃতন্যাসো হরিং স্মরেৎ
ততো গঙ্গাদিকং স্মৃত্বা তুলসীমিশ্রিতৈর্জলৈঃ।
পূর্ণে পাত্রে সমস্তানি তীর্থান্যাবাহয়েৎ কৃতী॥

আবাহনমন্ত্রশ্চায়ং॥

গঙ্গে চ যমুনে চৈব গোদাবরি সরস্বতি।
নর্ম্মদে সিন্ধু কাবেরি জলেঽস্মিন্ সন্নিধিং কুরু॥ ইতি॥
অথবা জাহ্নবীমেব সর্ব্বতীর্থময়ীং বুধঃ।
আবাহয়েদ্দ্বাদশভি র্নামভি র্জলভাজনে॥

তানি চোক্তানি॥

নলিনী নন্দিনী সীতা মালিনী চ মহাপগা।
বিষ্ণুপাদার্ঘ্যসম্ভূতা গঙ্গাত্রিপথগামিনী।

প্রাণান্ আযম্য প্রাণায়ামং কৃত্বা॥ ৪৭॥

অথবা নিজগৃহে স্নান করত হস্ত পাদ প্রক্ষালন পূর্ব্বক আচমন-প্রাণায়াম ও ন্যাস করিয়া হরিকে স্মরণ করিবে॥

কৃতী ব্যক্তি তাহার পর গঙ্গাদিকে স্মরণ করিয়া তুলসী মিশ্রিত জলদ্বারা পরিপূরিত পাত্রে সমস্ত তীর্থকে আহ্বান করিবেন॥

আবাহন মন্ত্র এই॥

হে গঙ্গে! হে যমুনে! হে গোদাবরি! হে সরস্বতি! হে নর্ম্মদে! হে সিন্ধু! হে কাবেরি! এই জলে অধিষ্ঠান করুন॥

অথবা পণ্ডিতব্যক্তি জাহ্নবীকেই দ্বাদশ নামদ্বারা জলপাত্রে আহ্বান করিবেন॥

দ্বাদশ নাম যথা—

নলিনী, নন্দিনী, সীতা, মালিনী, মহাপগা, বিষ্ণুপাদার্ঘ্যসম্ভূতা,

ভাগিরথী ভোগবতী জাহ্নবী ত্রিদশেশ্বরী ॥
পদ্মপুরাণে চ। বৈশাখমাহাত্ম্যে ॥
নন্দিনীত্যেব তে নাম দেবেষু নলিনীতি চ।
দক্ষা পৃথ্বী চ বিহগা বিশ্বনাথা শিবামৃতা।
বিদ্যাধরী মহাদেবী তথা লোকপ্রসাদনী।
ক্ষমাবতী জাহ্নবী চ শান্তা শান্তিপ্রদায়িনীতি ॥ ৪৭ ॥
অথাচম্য গুরুং স্মৃত্বাহনুজ্ঞাং প্রার্থ্য চ পূর্ব্ববৎ।
কৃষ্ণপাদাব্জতো গঙ্গাং পতন্তীং মূর্দ্ধ্নি চিন্তয়েৎ ॥
তথাচোক্তং শ্রীনারদপঞ্চরাত্রে ॥
স্বস্থিতং পুণ্ডরীকাক্ষং মন্ত্রমূর্ত্তিং প্রভুং স্মরেৎ।
অনন্তাদিত্যসঙ্কাশং বাসুদেবং চতুর্ভুজং।

পূর্ব্ববদিতি দেবদেবজগন্নাথেত্যানুজ্ঞাং প্রার্থ্যেত্যর্থঃ ॥ ৪৮ ॥

গঙ্গা, ত্রিপথগামিনী, ভাগিরথী, ভোগবতী, জাহ্নবী ও ত্রিদশেশ্বরী ॥
পদ্মপুরাণেও বৈশাখমাহাত্ম্যে ॥

দেবলোকে তোমার নাম নন্দিনী, নলিনী, দক্ষা, পৃথ্বী, বিহগা, বিশ্বনাথা, শিবা, অমৃতা, বিদ্যাধরী, মহাদেবী, লোকপ্রসাদনী, ক্ষমাবতী, জাহ্নবী, শান্তা ও শান্তিপ্রদায়িনী ॥ ৪৭ ॥

অনন্তর আচমন পূর্ব্বক গুরুকে স্মরণ ও পূর্ব্ববৎ তাঁহার অনুজ্ঞা গ্রহণ করিয়া, ভাবনা করিবে, গঙ্গা শ্রীকৃষ্ণের পাদপদ্ম হইতে স্বীয় মস্তকে পতিত হইতেছেন ॥

অতএব নারদপঞ্চরাত্রে উক্ত হইয়াছে ॥

যথা হৃদয়স্থিত মন্ত্রমূর্ত্তি পদ্মলোচন, অসংখ্য সূর্য্য সমতুল্য প্রভু নারায়ণ গগনমণ্ডলে অবস্থিত আছেন। তিনি চতুর্ভুজ, শঙ্খচক্র গদাপদ্মধারী,

শঙ্খ-চক্র-গদা-পদ্ম-ধরং পীতাম্বরাবৃতং।
শ্যামলং শান্তবদনং প্রসন্নং বরদেক্ষণং।
দিব্যচন্দনলিপ্তাঙ্গং চারুহাসমুখাম্বুজং।
অনেকরত্নসংচ্ছন্নজ্বলন্মকরকুণ্ডলং।
বনমালাপরিবৃতং নারদাদিভিরর্চ্চিতং।
কেয়ূরবলয়োপেতং সুবর্ণমুকুটোজ্জ্বলং।
সর্ব্বাঙ্গসুন্দরং দেবং সর্ব্বাভরণভূষিতং।
তৎপাদপঙ্কজাদ্ধারাং নিপতন্তীং স্বমূর্দ্ধনি।
চিন্তয়েদ্ব্রহ্মরন্ধ্রেণ প্রবিশন্তীং স্বকাং তনুং।
তয়া সংক্ষালয়েৎ সর্ব্বমন্তর্দ্দেহগতং মলং।
তৎক্ষণাদ্বিরজা মন্ত্রী জায়তে স্ফটিকোপমঃ।
ইদং স্নানবরং মন্ত্রাৎ সহস্রমধিকং স্মৃতমিতি ॥ ৪৮ ॥
সকৃন্নারায়ণেত্যাদি বচনং তত্র কীর্ত্তয়েৎ।

সকৃন্নারায়ণেত্যাদ্যুক্ত্বা। আদিশব্দেন ধ্যায়েন্নারায়ণং দেবমিত্যাদিলক্ষণবচনাদ্বৈতোঃ তস্য নারায়ণস্য নাম কীর্ত্তয়েৎ ॥ ৪৯ ॥

পীতবসনে আবৃত, শ্যামবর্ণ, শান্তবদন, প্রসন্ন, তাঁহার নয়ন দেখিলে বোধ হয়, যেন বরপ্রদান করিতেছেন। তাঁহার অঙ্গ সমস্ত দিব্যচন্দন দ্বারা লিপ্ত, মুখপদ্মে মনোহর হাস্য শোভিত। তাঁহার কর্ণে বহু রত্ন খচিত মকরকুণ্ডল প্রজ্বলিত হইতেছে। গলদেশে বনমালা পরিবৃত, নারদাদি ঋষিগণ পূজা করিতেছেন। তিনি কেয়ূর ও বলয়ে বিভূষিত, সুবর্ণ মুকুটে সাতিশয় উজ্জ্বল, ক্রীড়ারত, সর্ব্বাঙ্গ সুন্দর ও সর্ব্ব অলঙ্কারে অলঙ্কৃত ॥

চিন্তা করিবে, তাঁহার পাদপদ্ম হইতে গলিত ধারা নিজের মস্তকে পতিত হইতেছে এবং ব্রহ্মরন্ধ্র দিয়া স্বীয় শরীরে প্রবেশ করিতেছে। তদ্দ্বারা দেহের অভ্যন্তরস্থ মল সকল ক্ষালন করিবে। এই রূপ ভাবনা করিলে দীক্ষিত ব্যক্তি তৎক্ষণমাত্রে স্ফটিকের ন্যায় নির্ম্মল হইবেন। কথিত আছে স্নানের শ্রেষ্ঠ এই স্নানমন্ত্র অপেক্ষা সহস্রগুণে শ্রেষ্ঠ। ৪৮

এই স্নানকালে একবার "নারায়ণায়" ইত্যাদি "ধ্যায়েন্নারায়ণং

স্নানকালে তু তন্নাম সংস্মরেচ্চ মহাপ্রভুং ॥
তথাচ কূর্ম্মপুরাণে ॥
আপো নারায়ণোদ্ভূতাস্তা এবাস্যায়নং যতঃ।
তস্মান্নারায়ণং দেবং স্নানকালে স্মরেদ্বুধঃ ॥ ইতি ॥ ৪৯ ॥
স্নায়াদুষ্ণোদকেনাপি শক্তোঽপ্যামলকৈস্তথা।
তিলৈস্তৈলৈশ্চ সম্বর্জ্য প্রতিসিদ্ধদিনানি তু ॥
অথোষ্ণোদকস্নানং। ষট্ত্রিংশন্মতে ॥
আপঃ স্বভাবতো মেধ্যা বিশেষাদগ্নিযোগতঃ।
তেন সন্তঃ প্রশংসন্তি স্নানমুষ্ণেন বারিণা ॥
যমশ্চ ॥
আপঃ স্বয়ং সদা পূতা বহ্নিতপ্তা বিশেষতঃ।

দেবং” এবং সেই নারায়ণের নাম উচ্চারণ করিবে, আর সর্ব্বশ্রেষ্ঠ প্রভুকে স্মরণ করিবে ॥

অতএব কূর্ম্মপুরাণে ॥

যে হেতু জল নারায়ণ হইতে উৎপন্ন এবং যে হেতু ঐ জলই তাঁহার বাসস্থান, এই কারণে পণ্ডিত ব্যক্তি স্নানের সময় শ্রীনারায়ণকে স্মরণ করিবেন ॥ ৪৯ ॥

সুস্থশরীর হইলেও নিষিদ্ধ দিন পরিত্যাগ করত আমলকী অথবা তিল কিম্বা তৈল মর্দ্দন করিয়া উষ্ণজলেও স্নান করিতে পারে ॥

অথ উষ্ণজলে স্নান। ষট্ত্রিংশন্মতে ॥

জল স্বভাবতই পবিত্র, অগ্নিসংযোগ হইলে বিশেষ রূপে পবিত্র হয়, সেই কারণে সাধুগণ উষ্ণজলে স্নান করার গুণ কীর্ত্তন করেন ॥

যমও বলিয়াছেন ॥

জল স্বয়ং সর্ব্বদা পবিত্র, অগ্নিতে তপ্ত হইলে অধিকতর পবিত্র হয়,

তস্মাৎ সর্ব্বেষু কালেষু উষ্ণাম্ভঃ পাবনং স্মৃতং ॥

যচ্চোক্তং শঙ্খেন ॥

স্নাতস্য বহ্নিতপ্তেন তথৈবাতপবারিণা।

শরীরশুদ্ধির্বিজ্ঞেয়া নতু স্নানফলং ভবেদিতি ॥

তত্তু কাম্যনৈমিত্তিকবিষয়ং ॥ ৫০ ॥

অতএবোক্তং গর্গেণ ॥

কুর্য্যান্নৈমিত্তিকং স্নানং শীতাদ্ভিঃ কাম্যমেব চ।

নিত্যং যাদৃচ্ছিকঞ্চৈব যথারুচি সমাচরেৎ ॥

অথ তত্র নিষিদ্ধদিনানি ॥

তত্র যমঃ ॥

ন কেবলং শীতোদকেন। উষ্ণোদকেনাপি তত্রাপি ন কেবলমশক্তঃ শক্তো রোগাদি-হীনোঽপীত্যর্থঃ। রোগিণস্তু সদৈবোষ্ণদকেন স্নানমুক্তং যমেন। আদিত্যকিরণৈস্তপ্তং পুনঃ পূতঞ্চ বহ্নিনা। আমাতমাতুরস্নানে প্রশস্তন্তু শৃতোদকমিতি। প্রতিসিদ্ধদিনান্যগ্রে লেখ্যানি ॥ ৫০ ॥

নিত্যস্নানঞ্চ যাদৃচ্ছিকং অনিয়তং। অতো নিজরুচ্যনুসারেণ শীতাভিরুষ্ণাভির্ব্বাদ্ভিস্তৎ কুর্য্যাদিত্যর্থঃ। যাদৃচ্ছিকং সুখার্থস্নানমিতি বা ॥ ৫১ ॥

অতএব সকল সময়েই উষ্ণ জল পবিত্র বলিয়া কথিত হইয়াছে ॥

যিনি অগ্নিতপ্ত অথবা রৌদ্রতপ্ত জল দ্বারা স্নান করেন, জানিতে হইবে তাঁহার কেবল শরীর মাত্র পবিত্র হয়, স্নানের ফল হয় না। এই যাহা শঙ্খ বলিয়াছেন, তাহা কাম্য ও নৈমিত্তিক কর্ম্ম বিষয়ক ॥ ৫০ ॥

এই কারণে গর্গ বলিয়াছেন ॥

নৈমিত্তিক ও কাম্য স্নান শীতল জল দ্বারা করিবে, নিত্য স্নানের নিয়ম নাই, রুচি অনুসারে শীতল ও উষ্ণ সকল জল দ্বারাই স্নান করিতে পারে ॥

উষ্ণজল দ্বারা স্নান বিষয়ে নিষিদ্ধ দিন সকল ॥

তদ্বিষয়ে যম বলিয়াছেন ॥

পুত্রজন্মনি সংক্রান্তৌ গ্রহণে চন্দ্রসূর্য্যয়োঃ।
অস্পৃশ্যস্পর্শনে চৈব ন স্নায়াদুষ্ণবারিণা।
বৃদ্ধমনুঃ॥
পৌর্ণমাস্যাং তথা দর্শে যঃ স্নায়াদুষ্ণবারিণা।
স গোহত্যাকৃতং পাপং প্রাপ্নোতীহ ন সংশয়ঃ॥
অথামলকস্নানং॥
তত্র মার্কণ্ডেয়ঃ॥
তুষ্যত্যামলকৈর্বিষ্ণুরেকাদশ্যাং বিশেষতঃ।
শ্রীকামঃ সর্ব্বদা স্নানং কুর্ব্বীতামলকৈর্নরঃ।
সপ্তম্যাং ন স্পৃশেত্তৈলং নীলিবস্ত্রং ন ধারয়েৎ।
নচাপ্যামলকৈঃ স্নানম কুর্য্যাৎ কলহং ভৃগুঃ।
অমাং ষষ্ঠীং সপ্তমীঞ্চ নবমীঞ্চ ত্রয়োদশীং।

পুত্রের জন্মসময়ে, সংক্রান্তি দিবসে, চন্দ্রসূর্য্যের গ্রহণকালীন এবং অস্পৃশ্য স্পর্শন করিলে উষ্ণ জল দ্বারা স্নান করিবে না॥

বৃদ্ধমনু বলিয়াছেন॥

যে ব্যক্তি পৌর্ণমাসী ও অমাবস্যায় উষ্ণ জল দ্বারা স্নান করে, তিনি ইহ লোকে অসংশয় গোবধ জন্য পাপ প্রাপ্ত হয়েন॥

অথ আমলক দ্বারা স্নান॥

তদ্বিষয়ে মার্কণ্ডেয় বলিয়াছেন॥

বিষ্ণু আমলকীতে পরিতুষ্ট হয়েন, বিশেষতঃ একাদশীতে পরিতোষ লাভ করেন। যিনি লক্ষ্মী কামনা করেন, তিনি নিত্য আমলক দ্বারা স্নান করিবেন॥

সপ্তমীতে তৈলস্পর্শ করিবে না, নীলরঙ্গের বস্ত্র পরিধান করিবে না, আমলক দ্বারাও স্নান এবং কলহ করিবে না, ভৃগু বলিয়াছেন॥

অমাবস্যা, ষষ্ঠী, সপ্তমী, নবমী, ত্রয়োদশী, সংক্রান্তি এবং রবিবারে

সংক্রান্তৌ রবিবারেচ স্নানমামলকৈস্ত্যজেৎ ॥

যাজ্ঞবল্ক্যঃ ॥

ধাত্রীফলৈরমাবস্যাসপ্তমীনবমীষু চ।

যঃ স্নায়াত্তস্য হীয়ন্তে তেজশ্চায়ুর্ধনং সুতাঃ ॥

অথ তিলস্নানং ॥

তত্র বৃহস্পতিঃ ॥

সর্ব্বকালং তিলৈঃ স্নানং পুনর্ব্যাসো হব্রবীন্মুনিঃ ॥

ষট্ত্রিংশন্মতে ॥

তথা সপ্তম্যমাবস্যা-সংক্রান্তি-গ্রহণেসু চ।

ধনপুত্রকলত্রার্থী তিলস্পৃষ্টং ন সংস্পৃশেৎ ॥

অথ তৈলস্নানং ॥

তত্রৈব ॥

আমলক দ্বারা স্নান পরিত্যাগ করিবে ॥

যাজ্ঞবল্ক্য বলিয়াছেন ॥

যিনি অমাবস্যা, সপ্তমী ও নবমীতে আমলক দ্বারা স্নান করেন, তাঁহার তেজঃ, আয়ুঃ, ধন ও পুত্র নষ্ট হয় ॥

অথ তিলস্নান ॥

তদ্বিষয়ে বৃহস্পতি বলিয়াছেন ॥

ব্যাসমুনি পুনর্ব্বার সকল কালেই তিলস্নানের ব্যবস্থা করিয়াছেন ॥

ষট্ত্রিংশন্মতে ॥

তথা যে ব্যক্তি ধন, পুত্র ও স্ত্রী কামনা করেন তিনি সপ্তমী, অমাবস্যা, সংক্রান্তি দিবসে এবং গ্রহণকালীন, যে তিলস্পর্শ করিয়াছে তাহাকে স্পর্শ করিবেন না ॥

অথ তৈলস্নানের বিধি ॥

ঐ ষট্ত্রিংশন্মতে ॥

ষষ্ঠ্যাং তৈলমনায়ুষ্যং চতুর্ষ্বপি চ পর্ব্বসু ॥ ৫১ ॥

যোগিযাজ্ঞবল্ক্যঃ ॥

দশম্যাং তৈলমস্পৃষ্ট্বা যঃ স্নায়াদবিচক্ষণঃ।

চত্বারি তস্য নশ্যন্তি আয়ুঃ-প্রজ্ঞা-যশো-ধনং ॥ ৫২ ॥

মোহাৎ প্রতিপদং ষষ্ঠীং কুহূং রিক্তাতিথিং তথা।

তৈলেনাভ্যঞ্জয়েদ্যস্তু চতুর্ভিঃ পরিহীয়তে।

পঞ্চদশ্যাং চতুর্দ্দশ্যাং সপ্তম্যাং রবিসংক্রমে।

দ্বাদশ্যাং সপ্তমীং ষষ্ঠীং তৈলস্পর্শং বিবর্জয়েৎ ॥ ৫৩ ॥

অন্যচ্চ ॥

সপ্তম্যাং ন সংস্পৃশেত্তৈলং নবম্যাং প্রতিপদ্যপি।

অষ্টম্যাঞ্চ চতুর্দ্দশ্যামমাবস্যাং বিশেষতঃ ॥ ৫৪ ॥

দশম্যামস্পৃষ্ট্বেতি তস্যাং তৈলস্নানস্যাবশ্যকতোক্তা ॥ ৫২ ॥

চতুর্ভিঃ পূর্ব্বোক্তৈরায়ুরাদিভিঃ ॥ ৫৩ ॥

বিশেষত ইত্যনেন সপ্তম্যাদৌ তৈলত্যাগাবশ্যকতাভিপ্রেতা ॥ ৫৪ ॥

ষষ্ঠী এবং চারি পর্ব্বদিবসে তৈল পরমায়ুর হানি করে ॥ ৫১ ॥

যোগিযাজ্ঞবল্ক্য বলিয়াছেন ॥

যে অবিচক্ষণ ব্যক্তি দশমীতে তৈলস্পর্শ না করিয়া স্নান করে, তাহার আয়ু, বুদ্ধি, যশঃ ও ধন এই চারিটী নাশ পায় ॥ ৫২ ॥

যিনি অজ্ঞান বশতঃ প্রতিপৎ, ষষ্ঠী, অমাবস্যা এবং রিক্তা অর্থাৎ চতুর্থী, নবমী ও চতুর্দ্দশী তিথিতে অঙ্গে তৈল অক্ষণ করেন, তাঁহার পূর্ব্বোক্ত চারিটী নষ্ট হয় ॥

পঞ্চদশী, চতুর্দ্দশী, সপ্তমী, সূর্য্যসংক্রমণ, দ্বাদশী, সপ্তমী ও ষষ্ঠী এই সকল দিবসে তৈলস্পর্শ পরিত্যাগ করিবে ॥ ৫৩ ॥

অন্যও বলি ॥

সপ্তমী, নবমী, প্রতিপৎ, অষ্টমী ও চতুর্দ্দশী তিথিতে এবং বিশেষতঃ অমাবস্যায় তৈলস্পর্শ করিবে না ॥ ৫৪ ॥

কিঞ্চ ॥

স্নানে বা যদি বাস্নানে পক্বতৈলং ন দুষ্যতি ॥ ৫৫ ॥

কিঞ্চাত্রিস্মৃতৌ ॥

তৈলাভ্যক্তো ঘৃতাভ্যক্তো বিণ্মূত্রে কুরুতে দ্বিজঃ ।
অহোরাত্রোষিতো ভূত্বা পঞ্চগব্যেন শুদ্ধ্যতি ॥ ৫৬ ॥
অথাঙ্গমলমুত্তার্য্য স্নাত্বা বিধিবদাচরেৎ ।
নাসালগ্নেন চুলুকোদকেনৈবাঘমর্ষণং ।
ততো গুর্ব্বাদিপাদোদৈঃ প্রাগ্বৎ কৃত্বাভিষেচনং ।
কার্য্যোঽভিষেকঃ শঙ্খেন তুলসীমিশ্রিতৈর্জলৈঃ ॥

অথ তুলসীজলাভিষেকমাহাত্ম্যং ॥

পক্বতৈলস্য কদাচিদপি ন দোষাবহমিতি পূর্ব্বোক্তেঽপবাদং লিখতি স্নানেবেতি ॥ ৫৫ ॥
কৃততৈলাভ্যঙ্গস্তু বিণ্মূত্রোৎসর্গং ন কুর্য্যাদিতি প্রসঙ্গাল্লিখতি তৈলেতি অহোরাত্রং উষিতো ভূত্বা পঞ্চগব্যপানেন শুদ্ধো ভবেৎ। পাঠান্তরে তু অন্ত্যজস্পর্শং তদানীং যত্নেন বর্জ্জয়েদিতি ভাবঃ ॥ ৫৬ ॥ ৫৭ ॥

আরও বলি ॥

স্নান করাতেই হউক বা স্নান না করাতেই হউক, পক্বতৈল ব্যবহার করিলে কোন দোষ হয় না ॥ ৫৫ ॥

আরও অত্রিস্মৃতিতে উক্ত হইয়াছে ॥

দ্বিজ যদি তৈল ম্রক্ষণ বা ঘৃত ম্রক্ষণ করিয়া মলমূত্র পরিত্যাগ করেন, তাহা হইলে এক দিবারাত্র উপবাস করিয়া পঞ্চগব্য ভক্ষণ করিলে শুদ্ধ হয়েন ॥ ৫৬ ॥

অনন্তর গাত্রমার্জন করিয়া যথাবিধি স্নান করত নাসাসংস্পৃষ্ট জলগণ্ডূষ-দ্বারা অঘমর্ষণ কার্য্য করিবেন। পরে গুরুপ্রভৃতির পাদোদকদ্বারা পূর্ব্বের ন্যায় স্নান করত শঙ্খে করিয়া তুলসীমিশ্রিত জলদ্বারা স্নান করিবেন ॥

অথ তুলসী জলদ্বারা স্নান করিবার মাহাত্ম্য ॥

গারুড়ে ॥

মার্জ্জয়ত্যভিষেকে তু তুলস্যা বৈষ্ণবো নরঃ।
সর্ব্বতীর্থময়ং দেহং তৎক্ষণাৎ দ্বিজ জায়তে।
তুলসীদলজ স্নানে একাদশ্যাং বিশেষতঃ।
মুচ্যতে সর্ব্বপাপেভ্যো যদ্যপি ব্রহ্মহা ভবেৎ।
তস্যা মূলমৃত্তিকাভাঙ্গং কৃত্বা স্নাতি দিনে দিনে।
দশাশ্বমেধাবভৃতং লভতে স্নানজং ফলং ॥
তুলসীদলসংমিশ্রং তোয়ং গঙ্গাসমং বিদুঃ।
যো বহেচ্ছিরসা নিত্যং ধৃতা ভবতি জাহ্নবী।
তুলসীদলসংমিশ্রং যস্তোয়ং শিরসা বহেৎ।
সর্ব্বতীর্থাভিষেকস্তু তেন প্রাপ্তো ন সংশয়ঃ।
পাদোদকং তাম্রপাত্রে কৃত্বা সতুলীদলং।

গরুড়পুরাণে ॥

হে দ্বিজ! যদি বৈষ্ণব ব্যক্তি স্নানকালীন দেহে তুলসীমার্জ্জন করেন, তাহা হইলে তাঁহার দেহ তৎক্ষণাৎ সর্ব্বতীর্থময় হয় ॥

যদি ব্রহ্মহত্যাও করিয়া থাকে তথাপি তুলসীদল-সংস্পৃষ্ট জলদ্বারা স্নান করিলে বিশেষতঃ একাদশীতে স্নান করিলে সমস্ত পাপ হইতে নির্ম্মুক্ত হয় ॥

যদি প্রতিদিন তুলসীর মূলমৃত্তিকা অঙ্গে লেপন করিয়া স্নান করে, তাহা হইলে দশ অশ্বমেধ যজ্ঞের অবভৃত স্নানের ফল লাভ হয় ॥

পণ্ডিতগণ তুলসীসংমিশ্রিত জলকে গঙ্গাতুল্য জ্ঞান করিয়া থাকেন। যিনি নিত্য মস্তকে বহন করেন, তাঁহার গঙ্গাধারণ করা ফল হয় ॥

যিনি তুলসীদল সংমিশ্রিত জল মস্তকে ধারণ করেন, তিনি অসংশয় সমুদায় তীর্থস্নানের ফলপ্রাপ্ত হয়েন ॥

তাম্রপাত্রে করিয়া, তুলসীপত্র সমন্বিত বিষ্ণুচরণামৃত শঙ্খে ঢালিয়া

শঙ্খে কৃত্বাভিষিঞ্চেত মূলেনৈব স্বমূর্দ্ধনি ॥
তন্মাহাত্ম্যং চোক্তং পাদ্মে কার্ত্তিকমাহাত্ম্যে ॥
দ্বারকাচক্রসংযুক্তশালগ্রামশিলাজলং।
শঙ্খে কৃত্বা তু নিঃক্ষিপ্তং স্নানার্থং তাম্রভাজনে।
তুলসীদলসংযুক্তং ব্রহ্মহত্যাবিনাশনমিতি ॥ ৫৭ ॥
স্নানশাটীতরেণৈব বাসসাম্ভাংসি গাত্রতঃ।
সংমার্জ্য বাসসী দধ্যাৎ পরিধানোত্তরীয়কে ॥ ৫৮ ॥
অথ বস্ত্রধারণবিধিঃ ॥
তত্রাত্রিঃ ॥
অধৌতং কারুধৌতং বাপরেদ্যুর্ধৌতমেব বা।
কাষায়ং মলিনং বস্ত্রং কৌপীনঞ্চ পরিত্যজেৎ।

স্নানশাট্যাঃ ইতরেণ অন্যেন ॥ ৫৮ ৫৯ ॥

মূলমন্ত্র উচ্চারণ করত স্বীয় মস্তকে অভিষেক করিবে ॥

পদ্মপুরাণে কথিত হইয়াছে ॥

যে দ্বারকাচক্রসংযুক্ত শালগ্রামশিলার জল স্নান নিমিত্ত শঙ্খে করিয়া তাম্রপাত্রে নিক্ষিপ্ত হইয়াছে এবং যাহা তুলসীপত্র মিশ্রিত আছে তাহা ব্রহ্মহত্যা নাশ করে ॥ ৫৭ ॥

যে বস্ত্র পরিধান করিয়া স্নান করা হইয়াছে তদ্ভিন্ন অন্য বস্ত্রদ্বারা গাত্র হইতে জলমার্জন করিয়া পরিধেয় এবং উত্তরীয় বসন ধারণ করিবে ॥ ৫৮ ॥

অথ বস্ত্রধারণবিধি ॥

তদ্বিষয়ে অত্রি বলিয়াছেন ॥

অধৌত অথবা রজকধৌত কিম্বা অন্য দিবস ধৌত করা হইয়াছে, আর কাষায়, মলিনবস্ত্র, কি কৌপীন পরিধান করিবে না, আর বস্ত্র

ন চার্দ্রমেব বসনং পরিদধ্যাৎ কদাচন ॥ ৫৯ ॥

নগ্নো মলিনবস্ত্রঃ স্যান্নগ্নশ্চার্দ্ধপটঃ স্মৃতঃ।
নগ্নো দ্বিগুণবস্ত্রঃ স্যান্নগ্নো রক্তপটস্তথা।
নগ্নশ্চ শৃতবস্ত্রঃ স্যান্নগ্নঃ স্নিগ্ধপটস্তথা।
দ্বিকচ্ছোঽনুত্তরীয়শ্চ নগ্নশ্চাবস্ত্র এব চ ॥
শ্রৌতং স্মার্ত্তং তথা কর্ম্ম ন নগ্নশ্চিন্তয়েদপি।
মোহাৎ কুর্ব্বন্নধো গচ্ছেত্তদ্ভবেদাসুরং কৃতং।
জপহোমোপবাসেষু ধৌতবস্ত্রধরো ভবেৎ।
অলঙ্কৃতঃ শুচির্ম্মৌনী শ্রাদ্ধাদৌ চ জিতেন্দ্রিয়ঃ ॥

গোভিলঃ ॥

একবস্ত্রো ন ভুঞ্জীত ন কুর্য্যাদ্দেবতার্চ্চনং।

নগ্নো দিগম্বরো জৈনভেদো বা ॥ ৬০ ॥

আর্দ্র থাকিতে কখন পরিধান করিবে না ॥ ৫৯ ॥

যাঁহার বস্ত্র মলিন তিনি উলঙ্গ, যাঁহার বস্ত্র সাধারণ পরিমাণে অর্দ্ধ, তিনি উলঙ্গ, যাঁহার দ্বিগুণ বস্ত্র তিনি উলঙ্গ, যাঁহার বস্ত্র রক্তবর্ণ, তিনি উলঙ্গ, যাঁহার বস্ত্র পক্ব ঘৃত ও পক্ব দুগ্ধ লিপ্ত, তিনি উলঙ্গ, যাঁহার দুইটী কচ্ছ (কাছা) তিনি উলঙ্গ এবং যাঁহার বস্ত্র পরিধান নাই তিনি উলঙ্গ ॥

উলঙ্গ ব্যক্তি বেদোক্ত ও স্মৃতিশাস্ত্রোক্ত কর্ম্ম মনোমধ্যে চিন্তাও করিবে না, অজ্ঞান বশতঃ যদি করে, তাহা হইলে অধোগতি প্রাপ্ত হইবে, আর যে কার্য্য করা হয় তাহা অসুরগণের নিমিত্ত হইবে ॥

জপ, হোম, উপবাস এবং শ্রাদ্ধ কর্ম্মে ইন্দ্রিয় সংযম ও ধৌত বস্ত্র পরিধান করিবে ॥

গোভিল বলিয়াছেন ॥

এক বস্ত্র পরিধান করিয়া ভোজন করিবে না এবং এক বস্ত্র পরিধান করিয়া দেবতার অর্চ্চনা করিবে না ॥

ত্রৈলোক্যসম্মোহনপঞ্চরাত্রে ॥

শুক্লবাসা ভবেন্নিত্যং রক্তঞ্চৈব বিবর্জ্জয়েৎ ॥ ৬০ ॥

অঙ্গিরাঃ ॥

শৌচং সহস্ররোমাণাং বায্বগ্ন্যর্কেন্দুরশ্মিভিঃ।

রেতঃস্পৃষ্টং শবস্পৃষ্টমাবিকং নৈব দুষ্যতি ॥

অন্যত্র চ ॥

ছিন্নং বা সন্ধিতং দগ্ধমাবিকং ন প্রদুষ্যতি।

আবিকেন তু বস্ত্রেণ মানবঃ শ্রাদ্ধমাচরেৎ।

গয়াশ্রাদ্ধসমং প্রোক্তং পিতৃভ্যো দত্তমক্ষয়ং ॥

ন কুর্য্যাৎ সন্ধিতং বস্ত্রং দেবকর্ম্মণি ভূমিপ।

ন দগ্ধং নচ বৈ ছিন্নং পারক্যং নতু ধারয়েৎ।

সহস্রাণি অসংখ্যেয়ানি রোমাণি যেষু তেষাং ঊর্ণাদিনির্ম্মিতানাং কম্বলাদীনামিত্যর্থঃ। আবিকং মেষরোমনির্ম্মিতং কম্বলাদি ॥ ৬১ ॥

ত্রৈলোক্যসম্মোহনপঞ্চরাত্রে ॥

সর্ব্বদা শুক্লবস্ত্র পরিধান করিবে, রক্তবস্ত্র ধারণ করিবে না ॥ ৬০ ॥

অঙ্গিরাঃ বলিয়াছেন ॥

যে বস্ত্র সহস্র রোমদ্বারা নির্ম্মিত তাহার শুদ্ধি বায়ু, অগ্নি, সূর্য্য ও চন্দ্রের কিরণদ্বারা হইয়া থাকে। মেষলোম নির্ম্মিত কম্বলাদি বস্ত্র রেতঃস্পৃষ্ট ও শবস্পৃষ্ট হইলে দূষিত হয় না ॥

অন্যত্রও ॥

মেষলোমের বস্ত্র ছিন্নই হউক বা সন্ধিতই অর্থাৎ সেলাই করাই হউক, কিম্বা দগ্ধই হউক, তথাচ অপবিত্র হয় না ॥

মনুষ্য মেষলোমজাত বস্ত্র পরিধান করিয়া শ্রাদ্ধ করিবেন, সেই শ্রাদ্ধ গয়াশ্রাদ্ধের সমান, পিতৃগণকে প্রদত্ত হইলে অক্ষয় হয় ॥

হে রাজন্। দৈবকর্ম্মে সন্ধিত অর্থাৎ সেলাই করা বস্ত্র পরিধান করিবে না, দগ্ধ, বা, ছিন্ন কিম্বা পারক্য অর্থাৎ পরের বস্ত্র পরিধান

কাকবিষ্ঠাসমং হ্যুক্তমবিধৌতঞ্চ যদ্ভবেৎ।
রজকাদাহৃতং যচ্চ ন তদ্বস্ত্রং ভবেচ্ছুচি।
কীটস্পৃষ্টন্তু যদ্বস্ত্রং পুরীষং যেন কারিতং।
মূত্রং বা মৈথুনং বাপি তদ্বস্ত্রং পরিবর্জয়েৎ।
আবিকন্তু সদা বস্ত্রং পবিত্রং রাজসত্তম।
পিতৃদেবমনুষ্যাণাং ক্রিয়ায়াঞ্চ প্রশস্যতে।
ধৌতাধৌতং তথা দগ্ধং সন্ধিতং রজকাহৃতং।
শুক্রমূত্ররক্তলিপ্তং তথাপি পরমং শুচি।
অগ্নিরাবিকবস্ত্রঞ্চ ব্রাহ্মণাশ্চ তথা কুশাঃ।
চতুর্ণাং ন কৃতো দোষো ব্রহ্মণা পরমেষ্ঠিনা ॥ ৬১ ॥
কিঞ্চান্যত্র ॥

করিবে না ॥

যে বস্ত্র জলদ্বারা ধৌত করা নহে, তাহা কাকবিষ্ঠার তুল্য, আর যে বস্ত্র রজকের গৃহ হইতে আনা হয় তাহাও শুচি নহে ॥

কীট যে বস্ত্র স্পর্শ করিয়াছে আর যে বস্ত্র পরিধান করিয়া মলত্যাগ বা মূত্রত্যাগ অথবা স্ত্রীসম্ভোগ করা হইয়াছে,তাহাও পরিত্যাগ করিবে॥

কিন্তু হে রাজন্! মেষলোমজাত বস্ত্র সকল সময়েই পবিত্র, পিতৃকর্ম্ম, দেবকর্ম্ম ও মানুষকর্ম্মে ইহাকে প্রশংসা করা যায় ॥

মেষলোমজাত বস্ত্র ধৌত হউক, অধৌত হউক, দগ্ধ হউক, সন্ধিত (সেলাই করা) হউক, রজকের গৃহ হইতে আনীত হউক, আর শুক্র, মূত্র কিম্বা বিষ্ঠা লিপ্ত হউক, তথাপি পরমপবিত্র ॥

পরমেষ্ঠী ব্রহ্মা অগ্নি, মেষলোমজাত বস্ত্র, ব্রাহ্মণ ও কুশ এই চারিকে অপবিত্র করেন নাই ॥ ৬১ ॥

আরও অন্যস্থলে ॥

ধারয়েদ্বাসসী শুদ্ধে পরিধানোত্তরীয়কে।
অচ্ছিন্নসুদশে শুক্লে আচমেৎ পীঠসংস্থিতঃ॥ ৬২॥

অথ পীঠং॥

বহ্বৃচপরিশিষ্টে॥

যতীনামাসনং শুক্লং কূর্ম্মাকারন্তু কারয়েৎ।
অন্যেষান্তু চতুষ্পাদং চতুরস্রন্তু কারয়েৎ।
গো-শকৃন্মৃণ্ময়ং ভিন্নং তথা পালাশপৈপ্পলং।
লোহবদ্ধং সদৈবার্কং বর্জ্জয়েদাসনং বুধঃ॥

অথাসনবিধিঃ॥

তত্রৈব॥

দানমাচমনং হোমং ভোজনং দেবতার্চ্চনং।

অচ্ছিন্না সুশোভনা চ দশা যয়োস্তে॥ ৬২॥

বস্ত্রপরিধানানন্তরং পীঠে সংস্থিতঃ সন্নাচামেদিত্যুক্তং। তৎ পীঠমেব লিখতি যতীনামিত্যাদিনা॥ ৬৩॥

যাহা ছিন্ন নহে এবং যাহার দশা গুলি অতিশয় মনোহর এরূপ পরিধেয় ও উত্তরীয় ধারণ করিবে। পীঠে বসিয়া আচমন করিবে॥৬২

অথ পীঠ॥

বহ্বৃচপরিশিষ্টে॥

যতিদিগের আসন শুক্লবর্ণ এবং কচ্ছপের আকার করিবে, অন্য আশ্রমিদিগের চারিচরণ বিশিষ্ট চতুষ্কোণ করিবে॥

জ্ঞান সম্পন্ন ব্যক্তি গোময়রচিত, মৃত্তিকানির্ম্মিত, বিদীর্ণ, পলাশকাষ্ঠনির্ম্মিত, পিপ্পল অর্থাৎ অশ্বত্থবৃক্ষনির্ম্মিত, লোহ দ্বারা বদ্ধ এবং আকন্দকাষ্ঠ নির্ম্মি আসন সর্ব্বদা পরিত্যাগ করিবেন॥

অথ আসন বিধি॥

ঐ গ্রন্থেই॥

প্রৌঢ়পাদ হইয়া দান, আচমন, হোম, ভোজন, দেবতার অর্চ্চন,

প্রৌঢ়পাদো ন কুর্ব্বীত স্বাধ্যায়ঞ্চৈব তর্পণং।
আসনারূঢ়পাদস্তু জানুনোর্ব্বাথ জঙ্ঘয়োঃ।
কৃতাবসক্থিকো যস্তু প্রৌঢ়পাদ স উচ্যতে॥ ইতি॥ ৬৩॥
ততো ভূমিগতাঙ্ঘ্রিঃ সন্ নিবিশ্যাচম্য দর্ভভৃৎ।
ঊর্দ্ধপুণ্ড্রাদিকং কুর্য্যাৎ শ্রীগোপীচন্দনাদিনা॥ ৬৪॥
তত্রাদাবনুলেপেন ভগবচ্চরণাব্জয়োঃ।
নির্ম্মাল্যেন প্রসাদেন সর্ব্বাণ্যঙ্গানি মার্জ্জয়েৎ॥
তদুক্তং ব্রাহ্মে শ্রীভগবতা॥
শালগ্রামশিলালগ্নং চন্দনং ধারয়েৎ সদা।
সর্ব্বাঙ্গেষু মহাশুদ্ধিসিদ্ধয়ে কমলাসনেতি॥ ৬৫॥
ততো দ্বাদশভিঃ কুর্য্যান্নামভিঃ কেশবাদিভিঃ।

দর্ভভৃৎ কুশপাণিঃ সন্। যদ্যপূর্দ্ধপুণ্ড্রনির্ম্মাণানন্তরমেবাচমনং যুক্তং তথাপ্যত্র পূজার্থ-তিলকবিশেষাদিনিমিত্তমাদাবাচমনং সংসম্প্রদায়ানুসারেণ লিখিতং। তিলকানন্তরমাচ-মনঞ্চ পূর্ব্বং বহিঃস্নানে লিখিতমেবাস্তি॥ ৬৪॥

প্রসাদরূপেণ নির্ম্মাল্যেন॥ ৬৫॥

কেশবাদিভির্মূর্ত্তিপঞ্জরন্যাসোক্তৈর্দ্বাদশভির্নামভিঃ ক্রমেণ ললাটাদি দ্বাদশাঙ্গেষু

বেদাধ্যয়ন ও তর্পণ করিবে না। যে ব্যক্তি আসনে পদ রাখিয়া জানু বা জঙ্ঘার মধ্যভাগে বসিয়া থাকে, তাহাকে প্রৌঢ়পাদ বলে॥ ৬৩॥

তাহার পর ভূমিতে পদ রাখিয়া উপবেশন ও কুশ ধারণ পূর্ব্বক আচমন করত গোপীচন্দনাদি দ্বারা ঊর্দ্ধ পুণ্ড্র নির্ম্মাণ করিবে॥ ৬৪॥

ঐ বিষয়ে অগ্রে ভগবানের চরণপদ্ম বিলিপ্ত নির্ম্মাল্য প্রসাদ চন্দন দ্বারা সর্ব্বাঙ্গ লেপন করিবে॥

ব্রহ্মপুরাণে ভগবান্ ঐ কথাই বলিয়াছেন॥

হে ব্রহ্মন্! মহতী শুদ্ধি লাভ নিমিত্ত শালগ্রামশিলা সংলগ্ন চন্দন সর্ব্বদা সর্ব্বাঙ্গে ধারণ করিবে॥ ৬৫॥

অনন্তর বৈষ্ণব ব্যক্তি কেশব প্রভৃতি দ্বাদশ নাম উচ্চারণ পূর্ব্বক

দ্বাদশাঙ্গেষু বিধিবদূর্দ্ধ্বপুণ্ড্রাণি বৈষ্ণবঃ ॥ ৬৬ ॥

অথ দ্বাদশতিলকবিধিঃ ॥

পদ্মপুরাণে উত্তরখণ্ডে ॥

ললাটে কেশবং ধ্যায়েন্নারায়ণমথোদরে।

ঊর্দ্ধ্বপুণ্ড্রাণি দ্বাদশ কুর্য্যাৎ বৈষ্ণব ইতি বিশেষতো বৈষ্ণবস্য বিধেয়ত্বং সূচয়তি। বিধির্যথা-ন্যাদিত্যত্রায়ং বিধিঃ। মূর্ত্তিপঞ্জরন্যাসানুসারেণ প্রণবপূর্ব্বকং সবিন্দ্বকারাদিদ্বাদশবর্ণৈ-র্দ্বাদশাদিত্যৈশ্চ সহিতান্ কেশবাদীন্ দ্বাদশ ন্যসেৎ। তত্র কেচিৎ কেশবাদিন্যাসোক্তঃ কীর্ত্ত্যাদিদ্বাদশশক্তিভিরপি সহ ন্যসন্তি। দ্বাদশাদিত্যাশ্চোক্তাঃ। ধাতার্য্যমা চ মিত্রশ্চ বরুণোহংশু র্ভগস্তথা। বিবস্বানিন্দ্রঃ পূষা চ পর্জ্জন্যস্ত্বষ্টা বিষ্ণুর ইতি। অতশ্চায়ং প্রয়োগঃ। ওঁ অং ধাতৃসহিতায় কেশবায় কীর্ত্ত্যৈ নমঃ। ললাটে ইত্যাদি। কিঞ্চ। ললাটোর্দ্ধ্বপুণ্ড্র-মালাদিকমগ্রে ব্যক্তং ভাবি। অন্যাঙ্গোর্দ্ধ্বপুণ্ড্রাণাঞ্চ কেচিদ্দীপশিখাকারতয়া কেচিচ্চ বাহ্বোর্বক্ষঃস্থলে পুণ্ড্রমষ্টাঙ্গুল প্রমাণমন্যত্র চতুরঙ্গুলপ্রমাণমিত্যেবং তত্রাপি কেচিন্মধ্যে ছিদ্র-তয়েচ্ছন্তীতি। বিবিধোবিধিস্তত্র চ নিজসম্প্রদায়ব্যবহার এবানুসর্ত্তব্যঃ। ইত্যাদ্যভিপ্রায়েণৈ-বাগ্রে লেখ্যং সম্প্রদায়ানুসারত ইতি ॥ ৬৬ ॥

তত্তন্নামানি অঙ্গানি চ বিভজ্য দর্শয়তি ললাটেতি ত্রিভিঃ। ধ্যায়েৎ ন্যসেৎ ॥ ৬৭ ॥

বিধানানুসারে দ্বাদশ অঙ্গে ঊর্দ্ধ্বপুণ্ড্র রচনা করিবেন ॥

তাৎপর্য্য, বিধি এই যে, মূর্ত্তিপঞ্জর ন্যাসের অনুসারে প্রণব পূর্ব্বক, বিন্দু অর্থাৎ অনুস্বার সমন্বিত অকারাদি দ্বাদশ বর্ণ দ্বাদশ সূর্য্যের সহিত কেশবাদি দ্বাদশকে দ্বাদশ অঙ্গে ন্যাস করিবে। কেহ কেহ বলেন কেশবাদি দ্বাদশের সহিত কীর্ত্তি প্রভৃতি দ্বাদশ শক্তিকেও ন্যাস করিবে। দ্বাদশসূর্য্য যথা—ধাতা, অর্য্যমা, মিত্র, বরুণ, অংশু, ভগ, বিবস্বান্, ইন্দ্র, পূষা, পর্জ্জন্য, ত্বষ্টা ও বিষ্ণু। অতএব ন্যাসের প্রকার যথা—ওঁ ধাতৃ সহিতায় কেশবায় কীর্ত্ত্যৈ নমঃ ললাটে। এইরূপে উত্তরোত্তর অন্যান্য অঙ্গে প্রয়োগ করিবেন ॥ ৬৬ ॥

অথ দ্বাদশতিলকের বিধান ॥

পদ্মপুরাণে উত্তরখণ্ডে ॥

ললাটে কেশবকে ধ্যান করিবে, নারায়ণকে উদরে, বক্ষঃস্থলে

বক্ষঃস্থলে মাধবন্তু গোবিন্দং কণ্ঠকূপকে ॥ ৬৭ ॥
বিষ্ণুঞ্চ দক্ষিণে কুক্ষৌ বাহৌ চ মধুসূদনং।
ত্রিবিক্রমং কন্ধরেতু বামনং বামপার্শ্বকে।
শ্রীধরং বামবাহৌ তু হৃষীকেশন্তু কন্ধরে ॥
পৃষ্ঠেতু পদ্মনাভঞ্চ কট্যাং দামোদরং ন্যসেৎ ॥ ৬৮ ॥
তৎপ্রক্ষালনতোয়ন্তু বাসুদেবেতি মূর্দ্ধনি ॥
কিঞ্চ ॥
ঊর্দ্ধপুণ্ড্রং ললাটেতু সর্ব্বেষাং প্রথমং স্মৃতং।
ললাটাদিক্রমেণৈব ধারণন্তু বিধীয়ত ইতি ॥ ৬৯ ॥
এবং ন্যাসং সমাচর্য্য সম্প্রদায়ানুসারতঃ।

ত্রিবিক্রমং দাক্ষণে কন্ধরে। হৃষীকেশং বামে কন্ধরে ॥ ৬৮ ॥

এবং কেশবাদ্যানাং দামোদরান্তানাং দ্বাদশানাং ন্যাসমুক্‌্বা মস্তকে শ্রীবাসুদেবস্য ন্যাসমাহ তদিতি। বাসুদেবেতি বাসুদেবায় নমঃ ইতি এতচ্চ সমস্তস্বরৈঃ সহ ন্যসেদিতি জ্ঞেয়ং। কেচিচ্চ দ্বাদশাক্ষরমন্ত্রং মূর্দ্ধ্নি বিন্যসন্তি। অত্রাপি সৎসম্প্রদায়াচার এব গতিরিতি দিক্ ॥ ৬৯ ॥

সম্প্রদায়ানুসারত ইতি সর্ব্বত্রাগ্রেঽপ্যনুবর্ত্তনীয়ং ॥ ৭০ ॥

মাধবকে, কণ্ঠকূপে গোবিন্দকে ॥ ৬৭ ॥

দক্ষিণ কুক্ষিতে বিষ্ণুকে, দক্ষিণ বাহুতে মধুসূদনকে, দক্ষিণ কন্ধরে ত্রিবিক্রমকে বামপার্শ্বে বামনকে, বাম বাহুতে শ্রীধরকে, বামকন্ধরে হৃষীকেশকে, পৃষ্ঠে পদ্মনাভকে এবং কটিতে দামোদরকে ন্যাস করিবে ॥ ৬৮ ॥

তিলকের প্রক্ষালন (উভয় হস্ত সংমৃষ্ট) জল "বাসুদেবায় নমঃ" বলিয়া অকারাদি দ্বাদশ স্বরের সহিত মস্তকে ন্যাস করিবে ॥

আরও বলি ॥

সকল ব্যক্তিরই অগ্রে ললাটে ঊর্দ্ধপুণ্ড্র তিলক করার বিধান আছে, ললাটাদি ক্রম অনুসারেই ধারণের বিধান করা হইয়াছে ॥ ৬৯ ॥

এই প্রকারে সম্প্রদায় অনুসারে ঊর্দ্ধপুণ্ড্র রচনা করিয়া সর্ব্বপ্রকার

ন্যসেৎ কিরীটমন্ত্রঞ্চ মূর্দ্ধ্নি সর্ব্বার্থসিদ্ধয়ে ।

অথ কিরীটমন্ত্রঃ ॥

ওঁ শ্রী-কিরীট-কেয়ূর-হার-মকরকুণ্ডল-চক্র-শঙ্খ-গদা-পদ্ম-হস্ত পীতাম্বরধর শ্রীবৎসাঙ্কিত-বক্ষঃস্থল! শ্রীভূমি-সহিত স্বাত্মজ্যোতির্দীপ্তিকরায় সহস্রাদিত্যতেজসে নমো নমঃ ॥ ইতি ॥ ৭০ ॥

অথোর্দ্ধ্বপুণ্ড্রনিত্যতা ॥

পাদ্মে শ্রীভগবদুক্তৌ ॥

মৎপ্রিয়ার্থং শুভার্থম্বা রক্ষার্থে চতুরানন ।
মৎপূজাহোমকালে চ সায়ং প্রাতঃ সমাহিতঃ ।
মদ্ভক্তো ধারয়েন্নিত্যমূর্দ্ধ্বপুণ্ড্রং ভয়াপহং ॥ ৭১ ॥

তত্রৈব শ্রীনারদোক্তৌ ॥

নিত্যং ধারয়েদতি নিত্যতা সিদ্ধা ॥ ৭১ ॥

অর্থ সিদ্ধির উদ্দেশে মস্তকে কিরীটমন্ত্র ন্যাস করিবে ॥

অথ কিরীটমন্ত্র ॥

যিনি মনোহর কিরীট, কেয়ূর ও কুণ্ডলে শোভমান, যাঁহার হস্ত শঙ্খচক্র গদাপদ্মে সুশোভিত, যিনি পীতবসনধারী, শ্রীবৎসাঙ্কিত বক্ষঃস্থল, শ্রীভূমি সহিত স্বীয় সুন্দর জ্যোতির প্রকাশক এবং সহস্র সূর্য্যতুল্য তেজঃশালী, তাহাকে নমস্কার, নমস্কার ॥ ৭০ ॥

অথ ঊর্দ্ধ্বপুণ্ড্রধারণের নিত্যতা ॥

পদ্মপুরাণে শ্রীভগবান্ বলিয়াছেন ॥

হে ব্রহ্মন্! আমার ভক্ত ব্যক্তি, চিত্ত স্থির করিয়া সায়ং ও প্রাতঃকালে আমার পূজা এবং হোম সময়ে আমার প্রিয়সাধনের নিমিত্ত অথবা মঙ্গল ও রক্ষার জন্য ভয় নিবারক ঊর্দ্ধ্বপুণ্ড্র নিত্য ধারণ করিবে ॥ ৭১ ॥

ঐ পদ্মপুরাণেই শ্রীনারদের উক্তিতে ॥

যজ্ঞো দানং তপো হোমঃ স্বাধ্যায়ঃ পিতৃতর্পণং।
ব্যর্থং ভবতি তৎসর্ব্বমূর্দ্ধ্বপুণ্ড্রং বিনা কৃতং॥
তত্রৈবোত্তরখণ্ডে॥
ঊর্দ্ধপুণ্ড্রৈর্ব্বিহীনস্তু কিঞ্চিৎ কর্ম্ম করোতি যঃ।
ইষ্টাপূর্ত্তাদিকং সর্ব্বং নিষ্ফলং স্যান্ন সংশয়ঃ।
ঊর্দ্ধপুণ্ড্রৈর্ব্বিহীনস্তু সন্ধ্যাকর্ম্মাদিকং চরেৎ।
তৎসর্ব্বং রাক্ষসং নিত্যং নরকং চাধিগচ্ছতি॥ ৭২॥
অন্যচ্চ॥
ঊর্দ্ধপুণ্ড্রে ত্রিপুণ্ড্রং যঃ কুরুতে স নরাধমঃ।
ভঙ্ক্ত্বা বিষ্ণুগ্রহং পুণ্ড্রং স যাতি নরকং ধ্রুবং॥
অতএব পাদ্মে শ্রীনারদোক্তৌ॥
যচ্ছরীরং মনুষ্যাণামূর্দ্ধ্বপুণ্ড্রং বিনা কৃতং।

অধুনা অকরণে প্রত্যবায়পুঞ্জং দর্শয়তি যজ্ঞ ইত্যাদিনা। চরেৎ আচরেৎ॥ ৭২॥
বিষ্ণুগ্রহং হরিমন্দিরং॥ ৭৩॥

ঊর্দ্ধপুণ্ড্র ব্যতিরেকে যজ্ঞ, দান, তপস্যা, হোম, বেদপাঠ বা পিতৃলোকের তর্পণ, যাহা কিছু করাযায় সে সমুদায়ই বৃথা হইয়া থাকে॥

ঐ পদ্মপুরাণের উত্তরখণ্ডে॥

যে ব্যক্তি ঊর্দ্ধপুণ্ড্র না করিয়া ইষ্ট ও পূর্ত্ত প্রভৃতি যে কোন কর্ম্ম করে,তাহার সে সমুদায়ই বিফল হয়, ইহাতে কোন সন্দেহ নাই। যদি ঊর্দ্ধপুণ্ড্র ধারণ না করিয়া সন্ধ্যাদি কর্ম্ম করে, তৎ সমুদায় নিত্য রাক্ষসের নিমিত্ত হয় এবং নরকে গমন করে॥ ৭২॥

অপিচ,—

যে ব্যক্তি ঊর্দ্ধপুণ্ড্রে ত্রিপুণ্ড্র রচনা করে, সে নরাধম। যে পুণ্ড্রস্বরূপ হরিমন্দির ভগ্ন করে সে নিশ্চয় নরকে যায়॥

অতএব পদ্মপুরাণে শ্রীনারদের বাক্যে॥

মনুষ্যদিগের যে শরীর ঊর্দ্ধপুণ্ড্র হীন, তাহাকে দর্শন করিবে না,

দ্রষ্টব্যং নৈব তত্তাবৎ শ্মশানসদৃশং ভবেৎ ॥ ৭৩ ॥

তত্রৈবোত্তরখণ্ডে ॥

ঊর্দ্ধপুণ্ড্রং ধরেদ্বিপ্রো মৃদা শুভ্রেণ বৈদিকঃ।
ন তির্য্যক্ ধারয়েদ্বিদ্বানাপদ্যপি কদাচন ॥ ৭৪ ॥

স্কান্দে ॥

তির্য্যক্ পুণ্ড্রং ন কুর্ব্বীত সংপ্রাপ্তে মরণেঽপি চ।
নৈবান্যনাম চ ব্রূয়াৎ পুমান্নারায়ণাদৃতে।
ধারয়েদ্বিষ্ণুনির্ম্মাল্যং ধূপশেষং বিলেপনং।
বৈষ্ণবং কারয়েৎ পুণ্ড্রং গোপীচন্দনসম্ভবং।

তত্রৈব কার্ত্তিকপ্রসঙ্গে ॥

যস্যোর্দ্ধপুণ্ড্রং দৃশ্যেত ললাটে নো নরস্য হি।
তদ্দর্শনং ন কর্ত্তব্যং দৃষ্ট্বা সূর্য্যং নিরীক্ষয়েৎ ॥ ৭৫ ॥

অন্যত্রাপি

ধরেৎ ধারয়েৎ ॥ ৭৪ ॥

বৈষ্ণবং হরিমন্দিরলক্ষণমূর্দ্ধপুণ্ড্রং। ললাট ইতি ঊর্দ্ধপুণ্ড্রস্য তত্রৈব বিহিতত্বাৎ ॥ ৭৫ ॥

তাহা শ্মশানের তুল্য ॥ ৭৩ ॥

ঐ পদ্মপুরাণেরই উত্তরখণ্ডে ॥

বৈদিক ব্রাহ্মণ শুভ্র মৃত্তিকাদ্বারা ঊর্দ্ধপুণ্ড্র রচনা করিবেন, আপদ্ উপস্থিত হইলেও বিদ্বান্ ব্যক্তি কখনু বক্র পুণ্ড্র করিবেন না ॥ ৭৪ ॥

স্কন্দপুরাণে ॥

পুরুষ মৃত্যুকাল উপস্থিত হইলেও বক্রপুণ্ড্র ধারণ করিবে না, নারায়ণ ব্যতীত অন্য নামও উচ্চারণ করিবে না। বিষ্ণুর নির্ম্মাল্য ধূপাবশেষ ও চন্দন ধারণ করিবে ॥

ঐ পদ্মপুরাণেই কার্ত্তিকপ্রসঙ্গে ॥

যে মনুষ্যের ললাটে ঊর্দ্ধপুণ্ড্র দৃষ্ট হয় না, তাহাকে অবলোকন করা কর্ত্তব্য নহে, দেখিলে সূর্য্য দর্শন করিবে ॥ ৭৫ ॥

অন্যস্থলেও ॥

বৈষ্ণবানাং ব্রাহ্মণানাং ঊর্দ্ধপুণ্ড্রং বিধীয়তে।
অন্যেযান্তু ত্রিপুণ্ড্রং স্যাদিতি ব্রহ্মবিদো বিদুঃ।
ত্রিপুণ্ড্রং যস্য বিপ্রস্য ঊর্দ্ধপুণ্ড্রং ন দৃশ্যতে।
তং স্পৃষ্ট্বাপ্যথবা দৃষ্ট্বা সচেলং স্নানমাচরেৎ।
ঊর্দ্ধপুণ্ড্রে ন কুর্ব্বীত বৈষ্ণবানাং ত্রিপুণ্ড্রকং।
কৃতত্রিপুণ্ড্রমর্ত্তস্য ক্রিয়া ন প্রীতয়ে হরেঃ ॥ ৭৬ ॥
অতএবোত্তরখণ্ডে ॥
অশ্বত্থপত্রসংকাশো বেণুপত্রাকৃতিস্তথা।
পদ্মকুট্মলসঙ্কাশো মোহনং ত্রিতয়ং স্মৃতং ॥ ৭৭ ॥

ব্রাহ্মণানাঞ্চ অন্যেষাং অবৈষ্ণবশূদ্রাণাং ॥ ৭৬ ॥
এবমত্রোর্দ্ধপুণ্ড্রধারণস্য বিহিতত্বাদগ্রে চ বক্ষোবাহুমূলাদৌ। খড়্গচক্রাদিমুদ্রাধারণস্য বিহিতত্বাদবৈষ্ণবস্মার্ত্তসম্মতমশ্বত্থপত্রাকারাদিকং বক্ষঃস্থলাদৌ ন বিধেয়মিতি লিখতি অশ্বত্থেতি। মোহনং অসুরানুসারি শুক্রাদিমায়ানির্হিতমিত্যর্থঃ ॥ ৭৭ ॥

বৈষ্ণব এবং ব্রাহ্মণগণের পক্ষে ঊর্দ্ধপুণ্ড্রের ব্যবস্থা, অন্যের অর্থাৎ অবৈষ্ণব শূদ্রের পক্ষে ত্রিপুণ্ড্রের ব্যবস্থা, বেদজ্ঞেরা এই প্রকার বিধান করিয়াছেন ॥

যে ব্রাহ্মণের ললাটে ত্রিপুণ্ড্র দেখা যায়, ঊর্দ্ধপুণ্ড্র দৃষ্ট হয় না, তাঁহাকে স্পর্শ অথবা দর্শন করিলে, পরিধেয় বস্ত্রের সহিত স্নান করিবে ॥

বৈষ্ণবগণ ঊর্দ্ধপুণ্ড্র স্থলে ত্রিপুণ্ড্র করিবেন না, যিনি ত্রিপুণ্ড্র ধারণ করিয়া কর্ম্ম করেন, তাঁহার সেই কর্ম্ম হরির প্রীতির নিমিত্ত হয় না। ৭৬

অতএব পদ্মপুরাণের উত্তরখণ্ডে ॥

অশ্বত্থপত্রের আকার, বংশপত্রের আকার, আর পদ্মকলিকার আকার এই তিন প্রকার তিলক বক্ষঃস্থলাদিতে ধারণ করিবে না, ইহা অবৈষ্ণব স্মৃতি সম্মত ও মোহন স্বরূপ, অর্থাৎ অসুরগণের মতানুযায়ী, শুক্রাচার্য্যাদি মায়া প্রকাশ পূর্ব্বক ঐরূপ তিলকের ব্যবস্থা করিয়াছেন, এই তিন তিলকের কোন ফল নাই ॥ ৭৭ ॥

অথোর্দ্ধপুণ্ড্রমাহাত্ম্যং । স্কান্দে কার্ত্তিকপ্রসঙ্গে ॥
ঊর্দ্ধপুণ্ড্রো মৃদা শুভ্রো ললাটে যস্য দৃশ্যতে ।
চাণ্ডালোঽপি বিশুদ্ধাত্মা যাতি ব্রহ্মসনাতনং ।
ঊর্দ্ধপুণ্ড্রে স্থিতা লক্ষ্মীরূর্দ্ধপুণ্ড্রে স্থিতং যশঃ ।
ঊর্দ্ধপুণ্ড্রে স্থিতা মুক্তিরূর্দ্ধপুণ্ড্রে স্থিতো হরিঃ ॥
পদ্মপুরাণে ॥
ঊর্দ্ধপুণ্ড্রং মৃদা সৌম্যং ললাটে যস্য দৃশ্যতে ।
স চণ্ডালোঽপি শুদ্ধাত্মা পূজ্য এব ন সংশয়ঃ ॥ ৭৮ ॥
অত্রৈবোত্তরখণ্ডে শিবোমাসম্বাদে ॥
ঊর্দ্ধপুণ্ড্রস্য মধ্যেতু বিশালে সুমনোহরে ।
লক্ষ্ম্যা সার্দ্ধং সমাসীনো দেবদেবো জনার্দ্দনঃ ॥

ঊর্দ্ধপুণ্ড্র ইতি পুংস্ত্বমার্ষং ॥ ৭৮ ॥
সমাসীনোঽস্তি ॥ ৭৯ ॥

অথ ঊর্দ্ধপুণ্ড্রমাহাত্ম্য । স্কন্দপুরাণে কার্ত্তিকপ্রসঙ্গে ॥

যাহার ললাটে মৃত্তিকা দ্বারা শুভ্রবর্ণ ঊর্দ্ধপুণ্ড্র দৃষ্ট হয়, সে যদি চণ্ডালও হয়, তথাপি তাহার আত্মা পবিত্র, সে সনাতন ব্রহ্মকে প্রাপ্ত হইয়া থাকে ॥

ঊর্দ্ধপুণ্ড্রে লক্ষ্মী অবস্থিতি করেন, ঊর্দ্ধপুণ্ড্রে যশঃ অবস্থিত, ঊর্দ্ধপুণ্ড্রে মুক্তি অবস্থিতি করে এবং ঊর্দ্ধপুণ্ড্রে হরি অবস্থিত হয়েন ॥

পদ্মপুরাণে ॥

যাঁহার ললাটে মৃত্তিকা দ্বারা বিরচিত মনোহর ঊর্দ্ধপুণ্ড্র দেখা যায়, সে যদি চণ্ডালও হয় তথাপি তাঁহার আত্মা পবিত্র, তাহাকে অবশ্য পূজা করা উচিত, ইহাতে সংশয় নাই ॥ ৭৮ ॥

ঐ পদ্মপুরাণের উত্তরখণ্ডে শিব এবং উমার সম্বাদে ॥

ঊর্দ্ধপুণ্ড্রের অতিশয় মনোহর বিস্তৃত মধ্যভাগে দেবদেব নারায়ণ

তস্মাদ্যস্য শরীরেতু ঊর্দ্ধপুণ্ড্রং ধৃতং ভবেৎ।
তস্য দেহং ভগবতো বিমলং মন্দিরং স্মৃতং।
ঊর্দ্ধপুণ্ড্রধরো বিপ্রঃ সূর্য্যলোকেষু পূজিতঃ।
বিমানবরমারুহ্য যাতি বিষ্ণোঃ পরং পদং।
ঊর্দ্ধপুণ্ড্রধরং বিপ্রং দৃষ্ট্বা পাপৈঃ প্রমুচ্যতে।
নাম স্মৃত্বা তথা ভক্ত্যা সর্ব্বদানফলং লভেৎ।
ঊর্দ্ধপুণ্ড্রধরং বিপ্রং যঃ শ্রাদ্ধে ভোজয়িষ্যতি।
আকল্পকোটিপিতরস্তস্য তৃপ্তা ন সংশয়ঃ।
ঊর্দ্ধপুণ্ড্রধরো যস্তু কুর্য্যাৎ শ্রাদ্ধং শুভাননে।
কল্পকোটিসহস্রাণি বৈকুণ্ঠে বাসমাপ্নুয়াৎ।
যজ্ঞ-দান-তপশ্চর্য্যা জপ-হোমাদিকঞ্চ যৎ।

লক্ষ্মীর সহিত উপবেশন করিয়া থাকেন। একারণ যাঁহার শরীরে ঊর্দ্ধপুণ্ড্র ধারণ করা থাকে, কথিত আছে তাঁহার শরীর নারায়ণের বিশুদ্ধ মন্দির স্বরূপ॥

যে ব্রাহ্মণ ঊর্দ্ধপুণ্ড্র ধারণ করেন, তিনি সূর্য্যলোকে পূজিত হয়েন এবং বিমানে আরোহণ পূর্ব্বক বিষ্ণুর পরম ধামে গমন করেন॥

ঊর্দ্ধপুণ্ড্রধারি-ব্রাহ্মণকে দর্শন করিলে সকল পাপ হইতে মুক্ত হয় এবং ভক্তিসহকারে তাঁহার নাম স্মরণ করিলে সর্ব্বপ্রকার দানের ফল হইয়া থাকে॥

যে ব্যক্তি শ্রাদ্ধকর্ম্মে ঊর্দ্ধপুণ্ড্রধারি-ব্রাহ্মণকে ভোজন করাইবেন, তাঁহার পিতৃগণ কোটিকল্প পর্য্যন্ত পরিতৃপ্তি লাভ করিবেন, ইহাতে কোন সংশয় নাই॥

হে শুভাননে! যে ব্যক্তি ঊর্দ্ধপুণ্ড্র ধারণ করিয়া শ্রাদ্ধ করেন; তিনি সহস্র কোটিকল্প বৈকুণ্ঠে বাস করিতে অধিকার প্রাপ্ত হয়েন॥

ঊর্দ্ধপুণ্ড্র ধারণ করিয়া যজ্ঞ, দান, তপস্যা, জপ এবং হোম প্রভৃতি যে কোন কর্ম্ম করা হয়, সেই সকল কর্ম্মের পুণ্য অনন্ত অর্থাৎ তাহার

ঊর্দ্ধপুণ্ড্রধরঃ কুর্য্যাৎ তস্য পুণ্যমনন্তকং॥

ব্রহ্মাণ্ডপুরাণে॥

অশুচির্ব্বাপ্যনাচারো মনসা পাপমাচরন্।
শুচিরেব ভবেন্নিত্যমূর্দ্ধপুণ্ড্রাঙ্কিতো নরঃ॥

তত্রৈব শ্রীভগবদ্বচনং॥

ঊর্দ্ধপুণ্ড্রধরো মর্ত্ত্যো ম্রিয়তে যত্র কুত্রচিৎ।
শ্বপাকোঽপি বিমানস্থো মম লোকে মহীয়তে॥ ৭৯॥
ঊর্দ্ধপুণ্ড্রধরো মর্ত্ত্যো গৃহে যস্যান্নমশ্নুতে।
তদা বিংশৎকুলং তস্য নরকাদুদ্ধরাম্যহং॥ ৮০॥

অথোর্দ্ধপুণ্ড্রনির্ম্মাণবিধিঃ॥

ব্রহ্মাণ্ডপুরাণে॥

বিংশৎকুলং বিংশতিকুলানি॥ ৮০॥

ঊর্দ্ধপুণ্ড্রস্য ললাটে মুখ্যত্বাৎ তত্রত্যোর্দ্ধপুণ্ড্রনির্ম্মাণপ্রকারং লিখতি বীক্ষ্যেত্যাদিনা॥৮১॥

সংখ্যা হয় না॥

ব্রহ্মপুরাণে॥

অশুচিই হউক বা আচাররহিতই হউক কিম্বা মনে মনে পাপ কর্ম্মই আচরণ করুক, মনুষ্য ঊর্দ্ধপুণ্ড্র ধারণ করিলে সর্ব্বদাই পবিত্র থাকে॥

ঐ ব্রহ্মপুরাণে শ্রীভগবানের বাক্য॥

মরণধর্ম্মশীল মনুষ্য ঊর্দ্ধপুণ্ড্র ধারণ করিয়া যে কোন স্থানে প্রাণ পরিত্যাগ করুক, সে যদি শ্বপাক অর্থাৎ চণ্ডালও হয় তথাপি সে বিমানে আরোহণ করিয়া আমার লোকে আনন্দানুভব করিবে॥ ৭৯॥

ঊর্দ্ধপুণ্ড্রধারী মনুষ্য যাহার গৃহে অন্ন ভোজন করেন, আমি সেই গৃহির বিংশতি পুরুষকে নরক হইতে উদ্ধার করি॥ ৮০॥

অথ ঊর্দ্ধপুণ্ড্রনির্ম্মাণ বিধি॥

ব্রহ্মাণ্ডপুরাণে॥

বীক্ষ্যাদর্শে জলে বাপি যো বিদধ্যাৎ প্রযত্নতঃ।
ঊর্দ্ধ্বপুণ্ড্রং মহাভাগ স যাতি পরমাং গতিং ॥ ৮১ ॥
দশাঙ্গুলং প্রমাণন্তু উত্তমোত্তমমুচ্যতে।
নবাঙ্গুলং মধ্যমং স্যাৎ অষ্টাঙ্গুলমতঃ পরং।
এতৈরঙ্গুলিভেদৈস্তু কারয়েন্ন নখৈঃ স্পৃশেৎ ॥ ৮২ ॥
পদ্মপুরাণে উত্তরখণ্ডে তত্রৈব ॥
একান্তিনো মহাভাগাঃ সর্ব্বভূতহিতে রতাঃ।
সান্তরালং প্রকুর্ব্বন্তি পুণ্ড্রং হরিপদাকৃতি ॥ ৮৩
শ্যামং শান্তিকরং প্রোক্তং রক্তং বশ্যকরং তথা।
শ্রীকরং পীতমিত্যাহুঃ শ্বেতং মোক্ষপ্রদং শুভং।

অতঃপরং কনিষ্ঠমিত্যর্থঃ ॥ ৮২ ॥
সান্তরালং মধ্যে ছিদ্রান্বিতং তদেবাহ হরিপদাকৃতীতি ॥ ৮৩ ॥

হে মহাভাগ! যে ব্যক্তি আদর্শে (দর্পণে) অথবা জলে প্রতিবিম্ব দেখিয়া যত্ন পূর্ব্বক ঊর্দ্ধ্বপুণ্ড্র নির্ম্মাণ করেন, তাঁহার পরম গতি লাভ হয় ॥ ৮১ ॥

যে ঊর্দ্ধ্বপুণ্ড্রের পরিমাণ দশ অঙ্গুল তাহাকে অত্যুত্তম বলা যায়। নয় অঙ্গুল পরিমাণ মধ্যম, আর অষ্টাঙ্গুল পরিমাণ কনিষ্ঠ। এই ত্রিবিধ অঙ্গুলি পরিমাণে নির্ম্মাণ করিবে, নখ দ্বারা স্পর্শ করিবে না ॥ ৮২ ॥

পদ্মপুরাণের উত্তরখণ্ডের ঐ শিব ও উমা সম্বাদে ॥

একান্ত চিত্ত, সর্ব্বপ্রাণির হিতসাধনে তৎপর, মহাভাগ্যবান্ ব্যক্তি-সকল হরিপাদপদ্মের আকার, মধ্যে ছিদ্র বিশিষ্ট পুণ্ড্র নির্ম্মাণ করেন॥৮৩

পণ্ডিতগণ শ্যামবর্ণ পুণ্ড্রকে শান্তিপ্রদ, রক্তবর্ণ পুণ্ড্রকে বশ্য কারক, পীতবর্ণ পুণ্ড্রকে সম্পত্তি দায়ক এবং শ্বেতবর্ণ পুণ্ড্রকে মঙ্গল জনক ও মোক্ষপ্রদ বলিয়া উল্লেখ করিয়াছেন ॥

বর্ত্তুলং তির্য্যগচ্ছিদ্রং হ্রস্বং দীর্ঘতরং তনু।
বক্রং বিরূপং বদ্ধাগ্রং ভিন্নমূলং পদচ্যুতং।
অশুভ্রং রূক্ষমাসক্তং তথা নাঙ্গুলিকল্পিতং।
বিগন্ধমপসব্যঞ্চ পুণ্ড্রমাহুরনর্থকং ॥ ৮৪ ॥
আরভ্য নাসিকামূলং ললাটান্তং লিখেন্মৃদং।
নাসিকায়াস্ত্রয়ো ভাগা নাসামূলং প্রচক্ষতে।
সমারভ্য ভ্রুবোর্মূলমন্তরালং প্রকল্পয়েৎ ॥ ৮৫ ॥
অথোর্দ্ধ্বপুণ্ড্রস্য মধ্যচ্ছিদ্রনিত্যতা তত্রৈব ॥
নিরন্তরালং যঃ কুর্য্যাদূর্দ্ধ্বপুণ্ড্রং দ্বিজাধমঃ।
স হি তত্র স্থিতং বিষ্ণুং লক্ষ্মীঞ্চৈব ব্যপোহতি ॥ ৮৬ ॥

ততামতি পাঠে বিস্তৃতং। পদচ্যুতং স্থানভ্রষ্টং। অশুভ্রং মলিনং আসক্তমন্যোন্যসংলগ্নং। পাঠান্তরং সুগমং। বিগন্ধং দুর্গন্ধি। অপসব্যং বামহস্তকল্পিতং ॥ ৮৪ ॥
ত্রয়োভাগাস্তৃতীয়ো বিভাগ ইত্যর্থঃ। তথা সদাচারদর্শনাৎ ॥ ৮৫ ॥
ব্যপোহতি নিরস্যতীতি মহাদোষোক্ত্যা নিত্যতা বোধিতা। এবমগ্রেঽপ্যূহ্যং ॥ ৮৬ ॥

অপর, বর্ত্তুলাকার, তির্য্যক্ (বক্র), ছিদ্রশূন্য, খর্ব্ব, অত্যন্ত দীর্ঘ, কৃশ, বক্র, বিরূপ, অগ্রভাগে সংলগ্ন, মূলভাগে বিচ্ছিন্ন অর্থাৎ পুণ্ড্রের নিম্নভাগ পৃথক্, স্থানভ্রষ্ট, মলিন, রূক্ষ, পরস্পর সংলগ্ন, অপিচ, অঙ্গুলি-ভিন্ন অন্য দ্রব্য দ্বারা রচিত পুণ্ড্রকে বিফল বলিয়াছেন ॥ ৮৪ ॥

নাসিকার মূল হইতে আরম্ভ করিয়া ললাটের শেষ পর্য্যন্ত মৃত্তিকা লেপন করিবে, নাসিকার তৃতীয় ভাগকে নাসিকার মূল কহে। ভ্রূদ্বয়ের মূল হইতে আরম্ভ করিয়া ছিদ্র রচনা করিবে ॥ ৮৫ ॥

অথ ঊর্দ্ধ্বপুণ্ড্রের মধ্যচ্ছিদ্রের নিত্যতা ॥
ঐ পদ্মপুরাণের উত্তরখণ্ডে শিব ও উমাসম্বাদে ॥

যে দ্বিজাধম মধ্যে ছিদ্র না রাখিয়া ঊর্দ্ধ্বপুণ্ড্র রচনা করে, সে নিশ্চয় তত্রস্থ বিষ্ণু ও লক্ষ্মীকে দূর করিয়া দেয় ॥ ৮৬ ॥

অচ্ছিদ্রমূর্দ্ধ্বপুণ্ড্রন্তু যে কুর্ব্বন্তি দ্বিজাধমাঃ।
তেষাং ললাটে সততং শুনঃ পাদো ন সংশয়ঃ।
তস্মাচ্ছিদ্রান্বিতং পুণ্ড্রং দণ্ডাকারং সুশোভনং।
বিপ্রাণাং সততং ধার্য্যং স্ত্রীণাঞ্চ শুভদর্শনে॥
অতএবোক্তং হরিমন্দিরলক্ষণং॥
নাসাদিকেশপর্য্যন্তমূর্দ্ধ্বপুণ্ড্রং সুশোভনং।
মধ্যে ছিদ্রসমাযুক্তং তদ্বিদ্যাদ্ধরিমন্দিরং।
বামপার্শ্বে স্থিতো ব্রহ্মা দক্ষিণেতু সদাশিবঃ।
মধ্যে বিষ্ণুং বিজানীয়াৎ তস্মান্মধ্যং ন লেপয়েৎ॥
বায়ুপুরাণে সেবাপরাধে॥
অধৃত্বা চোর্দ্ধ্বপুণ্ড্রঞ্চ হরেঃ পূজাং করোতি যঃ।
তির্য্যক্‌পুণ্ড্রধরো যস্তু যজেদ্দেবং জনার্দ্দনং।
অচ্ছিদ্রেণোর্দ্ধ্বপুণ্ড্রেণ ভস্মনা তির্য্যগঙ্কিনা।

যে সকল দ্বিজাধম ছিদ্র না রাখিয়া ঊর্দ্ধ্বপুণ্ড্র নির্ম্মাণ করে, তাহাদিগের ললাটে সর্ব্বদাই কুক্কুরের পদ অবস্থিত থাকে, ইহাতে কোন সংশয় নাই, অতএব হে শুভদর্শনে! দণ্ডাকৃতি, ছিদ্রযুক্ত, সুশোভন পুণ্ড্র, ব্রাহ্মণ ও স্ত্রীদিগের সর্ব্বদা ধারণ করা কর্ত্তব্য॥

এই কারণেই হরিমন্দিরের লক্ষণ উক্ত হইয়াছে॥

নাসা হইতে আরম্ভ করিয়া কেশ পর্য্যন্ত বিস্তৃত, অতিশয় মনোহর এবং মধ্যে ছিদ্রযুক্ত যে ঊর্দ্ধ্বপুণ্ড্র তাহাকেই হরিমন্দির বলিয়া জানিবে। ঊর্দ্ধ্বপুণ্ড্রের বামপার্শ্বে ব্রহ্মা, দক্ষিণে সদাশিব এবং মধ্যে বিষ্ণু অবস্থিতি করেন, অতএব মধ্যভাগ লেপন করিবে না॥

বায়ুপুরাণে সেবাপরাধপ্রসঙ্গে॥

যে ব্যক্তি ঊর্দ্ধ্বপুণ্ড্র ধারণ না করিয়া অথবা ছিদ্রবিহীন ভস্ম রচিত, বক্রভাবে অঙ্কিত ঊর্দ্ধ্বপুণ্ড্র ধারণ করিয়া, কিম্বা শঙ্খ চক্র ধারণ না

অধৃত্বা শঙ্খচক্রে চেত্যাদিনা দোষ উক্তঃ॥

শ্রুতিশ্চ।

যজুর্ব্বেদস্য হিরণ্যকেশীয়শাখায়াং॥

হরেঃ পদাক্রান্তিমাত্মনি ধারয়তি যঃ

স পরস্য প্রিয়ো ভবতি স পুণ্যবান্।

মধ্যে চ্ছিদ্রমূর্দ্ধ্বপুণ্ড্রং যো ধারয়তি স মুক্তিভাগ্ ভবতীতি॥

তিলক-রচনাঙ্গুলি-নিয়মে স্মৃতিঃ॥

অনামিকা কামদোক্তা মধ্যমায়ুষ্করী ভবেৎ।

অঙ্গুষ্ঠঃ পুষ্টিদঃ প্রোক্তস্তর্জনী মোক্ষসাধনী॥

অথোর্দ্ধ্বপুণ্ড্রমৃত্তিকাঃ॥

পদ্মপুরাণে তত্রৈব॥

পর্ব্বতাগ্রে নদীতীরে বিল্বমূলে জলাশয়ে।

সিন্ধুতীরে চ বল্মীকে হরিক্ষেত্রে বিশেষতঃ।

করিয়া বিষ্ণুর পূজা করেন ইত্যাদি দ্বারা দোষ উক্ত হইয়াছে॥

যজুর্ব্বেদীয় হিরণ্যকেশীয় শাখাতে শ্রুতিও আছে॥

যিনি দেহেতে হরির পাদচিহ্ন ধারণ করেন তিনি পরমেশ্বরের প্রিয় হন এবং তিনি পুণ্যবান্। যিনি মধ্যভাগে ছিদ্র সমন্বিত পুণ্ড্র ধারণ করেন তিনি মুক্তি প্রাপ্ত হয়েন॥

তিলক রচনায় অঙ্গুলিনিয়ম বিষয়ে স্মৃতি যথা—

অনামিকাকে অভীষ্টপ্রদায়িনী বলা যায়, মধ্যমা পরমায়ুঃ বৃদ্ধি করে, অঙ্গুষ্ঠ পুষ্টিসাধক বলিয়া উক্ত হইয়াছে এবং তর্জনী মোক্ষপ্রদান করে॥

অথ উর্দ্ধ্বপুণ্ড্রের মৃত্তিকা॥

পদ্মপুরাণের ঐ উত্তরখণ্ডে শিব ও উমা সম্বাদে॥

পর্ব্বতের অগ্রভাগ অর্থাৎ শিখরদেশ, নদীর তীর, বিল্বমূল, জলাশয়, সমুদ্রের তীর; বাল্মীক (উইমাটী), বিশেষতঃ হরিক্ষেত্র এবং যে

বিষ্ণোঃ স্নানোদকং যত্র প্রবাহয়তি নিত্যশঃ।
পুণ্ড্রাণাং ধারণার্থায় গৃহ্ণীয়াত্তত্র মৃত্তিকাং।
শ্রীরঙ্গে বেঙ্কটাদ্রৌ চ শ্রীকূর্ম্মে দ্বারকে শুভে।
প্রয়াগে নারসিংহাদৌ বারাহে তুলসীবনে।
গৃহীত্বা মৃত্তিকাং ভক্ত্যা বিষ্ণুপাদজলৈঃ সহ।
ধৃত্বা পুণ্ড্রাণি চাঙ্গেষু বিষ্ণুসাযুজ্যমাপ্নুয়াৎ॥
তত্রৈব॥
যত্তু দিব্যং হরিক্ষেত্রং তস্যৈব মৃদমাহরেৎ॥
তত্র শ্রীগোপীচন্দনমাহাত্ম্যং॥
উক্তঞ্চ পাদ্মে শ্রীনারদেন।
ব্রহ্মঘ্নো বাথ গোঘ্নো বা হেতুকঃ সর্ব্বপাপকৃৎ।

দ্বারকে দ্বারকায়াং। বারাহে শূকরক্ষেত্রে॥ ৮৭॥

স্থানে প্রতিদিবস বিষ্ণুর স্নান জল নিক্ষিপ্ত হয়, পুণ্ড্র নির্ম্মাণ নিমিত্ত ঐ সকল স্থান হইতে মৃত্তিকা গ্রহণ করিবে॥

শ্রীরঙ্গ, বেঙ্কট পর্ব্বত, শ্রীকূর্ম্ম, মঙ্গলরূপা দ্বারকা, প্রয়াগ, নরসিংহ ক্ষেত্রাদি, বরাহক্ষেত্র নামক স্থান এবং তুলসীবন হইতে ভক্তি পূর্ব্বক মৃত্তিকা গ্রহণ করিয়া বিষ্ণুর চরণামৃতের সহিত অঙ্গে পুণ্ড্র ধারণ করিলে বিষ্ণুসাযুজ্য মুক্তি লাভ করিবে॥

উক্ত গ্রন্থেই॥

যাহা উৎকৃষ্ট হরিক্ষেত্র সেই স্থান হইতেই মৃত্তিকা আহরণ করিতে হইবে॥

ঐ সকল মৃত্তিকার মধ্যে গোপীচন্দনের মাহাত্ম্য যথা—

পদ্মপুরাণে নারদ বলিয়াছেন॥

ব্রহ্মঘাতক হউক, বা গোঘাতক হউক, কিম্বা কুতর্কী হউক অথবা সর্ব্ব পাপকারীই হউক, গোপীচন্দন স্পর্শ করিলে তৎক্ষণাৎ পবিত্র

গোপীচন্দনসম্পর্কাৎ পূতো ভবতি তৎক্ষণাৎ ॥
গোপীচন্দনখণ্ডন্তু যো দদাতি হি বৈষ্ণবে।
কুলমেকোত্তরং তেন সমুদ্ধৃতং ভবেচ্ছতং ॥
স্কন্দপুরাণে শ্রীধ্রুবেণ ॥
শঙ্খচক্রাঙ্কিততনুঃ শিরসা মঞ্জরীধরঃ।
গোপীচন্দনলিপ্তাঙ্গো দৃষ্টশ্চেত্তদঘং কুতঃ ॥ ৮৭ ॥
গোপীমৃত্তুলসীশঙ্খঃ শালগ্রামঃ সচক্রকঃ।
গৃহেঽপি যস্য পঞ্চৈতে তস্য পাপভয়ং কুতঃ ॥
কাশীখণ্ডে চ শ্রীযমেন ॥
শ্রীখণ্ডে ক্ব স আমোদঃ স্বরো বর্ণঃ ক্ব তাদৃশঃ।
তৎপাবিত্র্যং ক্ব বৈ তীর্থে শ্রীগোপীচন্দনে যথা ॥ ৮৮ ॥

শালগ্রামঃ শালগ্রামশিলা। সচক্রকঃ দ্বারকাচক্রাঙ্কসহিতঃ ॥ ৮৮ ॥ ৮৯ ॥

হয় ॥

যিনি বৈষ্ণবকে একখণ্ড গোপীচন্দন দান করেন, তিনি একশত এককুল উদ্ধার করেন ॥

স্কন্দপুরাণে শ্রীধ্রুব বলিয়াছেন ॥

যাঁহার শরীরে শঙ্খ চক্র অঙ্কিত, মস্তকে তুলসীমঞ্জরী ধারণ এবং অঙ্গে গোপীচন্দন লিপ্ত, তাঁহাকে দর্শন করিলে তাহার পাপ ভয় আর কোথায় থাকে ॥ ৮৭ ॥

গোপীমৃত্তিকা, তুলসী, শঙ্খ এবং দ্বারকাচক্রের সহিত শালগ্রাম-শিলা, এই পাঁচটী পদার্থ যাঁহার গৃহেতে অবস্থিতি করেন, তাঁহার পাপ ভয় কোথায় ? ॥

কাশীখণ্ডেতেও শ্রীযম বলিয়াছেন ॥

গোপীচন্দনে যেরূপ, চন্দনে সে সৌরভ কোথায়, তৎসদৃশ স্বর ও বর্ণই বা কোথায় এবং তত্তুল্য তীর্থেই বা পবিত্রতা কোথায় ? ॥ ৮৮ ॥

অথ গোপীচন্দনোর্দ্ধপুণ্ড্রমাহাত্ম্যং ॥

উক্তঞ্চ গরুড়পুরাণে নারদেন ॥

যো মৃত্তিকাং দ্বারবতীসমুদ্ভবাং
করে সমাদায় ললাটপট্টকে।
করোতি নিত্যং ত্বথ চোর্দ্ধ্বপুণ্ড্রং
ক্রিয়াফলং কোটিগুণং সদা ভবেৎ ॥ ৮৯ ॥

ক্রিয়াবিহীনং যদি মন্ত্রহীনং
শ্রদ্ধাবিহীনং যদি কালবর্জ্জিতং।
কৃত্বা ললাটে যদি গোপিচন্দনং
প্রাপ্নোতি তৎকর্ম্মফলং সদাক্ষয়ং ॥ ৯০ ॥

গোপীচন্দনসম্ভবং সুরুচিরং পুণ্ড্রং ললাটে দ্বিজো
নিত্যং ধারয়তে যদি দ্বিজপতে রাত্রৌ দিবা সর্ব্বদা।

গোপিচন্দনমিতি হ্রস্বত্বমার্ষং। যদীত্যস্য পূর্ব্বার্দ্ধেনৈব সম্বন্ধঃ। যদ্যপি ক্রিয়াদিহীনং কর্ম্ম স্যাত্তথাপি গোপীচন্দনং ললাটে কৃত্বা তেনোর্দ্ধপুণ্ড্রং নির্ম্মায় তৎফলমক্ষয়ং প্রাপ্নোতীর্থঃ ॥ ৯০ ॥

দ্বিজপতে হে শ্রীগরুড় ॥ ৯১ ॥

অথ গোপীচন্দননির্ম্মিত ঊর্দ্ধ্বপুণ্ড্রের মাহাত্ম্য ॥

গরুড়পুরাণে নারদ বলিয়াছেন ॥

যে ব্যক্তি দ্বারাবতীসমুৎপন্না মৃত্তিকা হস্তে গ্রহণ করিয়া নিত্য ললাট ফলকে ঊর্দ্ধ্বপুণ্ড্র নির্ম্মাণ করেন, তিনি যে কার্য্য করিয়া থাকেন তাহার ফল সর্ব্বদা কোটিগুণ হয় ॥ ৮৯ ॥

কর্ম্ম যদি ক্রিয়া হীন বা মন্ত্রহীন, কিম্বা শ্রদ্ধাহীন অথবা কালবহির্ভূতই হয়, কিন্তু যদি ললাটে গোপীচন্দন ধারণ করিয়া করা হয় তাহা হইলে কর্ত্তা সকল সময়েই উহার অক্ষয় ফল লাভ করেন ॥ ৯০ ॥

হে গরুড়! ব্রাহ্মণ যদি প্রতিদিবস রাত্রি দিবা সর্ব্বদা ললাটে গোপীচন্দনের মনোহর পুণ্ড্র ধারণ করেন, কুরুক্ষেত্রে, সূর্য্যগ্রহণে এবং

যৎ পুণ্যং কুরুজাঙ্গলে রবিগ্রহে মাঘ্যাং প্রয়াগে তথা
তৎ প্রাপ্নোতি খগেন্দ্র বিষ্ণুসদনে সন্তিষ্ঠতে দেববৎ॥

যস্মিন্ গৃহে তিষ্ঠতি গোপীচন্দনং
ভক্ত্যা ললাটে মনুজো বিভর্ত্তি।
তস্মিন্ গৃহে তিষ্ঠতি সর্ব্বদা হরিঃ
শ্রদ্ধান্বিতঃ কংসনিহা বিহঙ্গম॥ ৯১॥

যো ধারয়েৎ কৃষ্ণপুরী-সমুদ্ভবাং
সদা পবিত্রাং কলিকিল্বিষাপহাং।
নিত্যং ললাটে হরিমন্ত্রসংযুতাং
যমং ন পশ্যেৎ যদি পাপসংবৃতঃ॥

যস্যান্তকালে খগ গোপীচন্দনং
বাহ্বোর্ললাটে হৃদি মস্তকেচ।
প্রয়াতি লোকং কমলালয়ং প্রভো-
র্গোবালঘাতী যদি ব্রহ্মহা ভবেৎ॥ ৯২॥

কৃষ্ণপুরী শ্রীদ্বারকা তৎসমুদ্ভবাং মৃদমিতি শেষঃ॥ ৯২॥

মাঘী পূর্ণিমায় প্রয়াগে যে পুণ্য হয়, তিনি সেই পুণ্য প্রাপ্ত হন এবং বিষ্ণুলোকে দেবতার ন্যায় বাস করেন॥

যে গৃহে গোপীচন্দন থাকে এবং যে গৃহে মনুষ্য ভক্তি পূর্ব্বক ললাটে গোপীচন্দন ধারণ করে, হে বিহঙ্গম! সেই গৃহে কংসহা হরি শ্রদ্ধান্বিত হইয়া সর্ব্বদা বাস করেন॥ ৯১॥

যিনি কলিপাপনাশিনী সর্ব্বদা পবিত্র স্বরূপা হরিমন্ত্রসংযুতা দ্বারকা মৃত্তিকা নিত্য ললাটে ধারণ করেন, তিনি যদি পাপে পরিবেষ্টিতও হয়েন, তথাপি যমকে অবলোকন করিবেন না॥

হে বিহঙ্গম! মৃত্যু কালে যাঁহার দুই বাহুতে, ললাটে, হৃদয়ে এবং মস্তকে গোপীচন্দন থাকে তিনি যদি গোঘাতী, বালঘাতী অথবা ব্রহ্ম-ঘাতীই হয়েন তথাপি লক্ষ্মীর আবাসস্থান বিষ্ণুধামে গমন করিবেন॥৯২

গ্রহা ন পীড়ন্তি ন রক্ষসাং গণা
যক্ষাঃ পিশাচোরগভূতদানবাঃ।
ললাটপট্টে খগ গোপীচন্দনং
সন্তিষ্ঠতে যস্য হরেঃ প্রসাদতঃ ॥
পদ্মপুরাণে শ্রীগৌতমেন ॥
অম্বরীষ মহাযস্য ক্ষয়ার্থে কুরু বীক্ষণং।
ললাটে যৈঃ কৃতং নিত্যং গোপীচন্দনপুণ্ড্রকং ॥ ৯৩ ॥
কাশীখণ্ডে চ শ্রীযমেন ॥
দূতাঃ শৃণুত যদ্ভালং গোপীচন্দনলাঞ্ছিতং।
জ্বলদিন্ধনবৎ সোঽপি ত্যাজ্যো দূরে প্রযত্নতঃ ॥ ইতি ॥
অথ তস্যোপরি শ্রীমত্তুলসীমূলমৃৎস্নয়া।
তত্রৈব বৈষ্ণবৈঃ কার্য্যমূর্দ্ধ্বপুণ্ড্রং মনোহরং ॥ ৯৪ ॥

ন পীড়ন্তি ন পীড়য়ন্তি ॥ ৯৩ ॥
ইন্ধনমঙ্গারঃ ॥ ৯৪ ॥

হে খগেন্দ্র! যাঁহার ললাটফলকে গোপীচন্দন অবস্থিতি করে, হরির প্রসন্নতা হেতু গ্রহ, রাক্ষস, যক্ষ, সর্প, ভূত এবং দানবগণ তাঁহাকে পীড়া দিতে সমর্থ হয় না ॥

পদ্মপুরাণে গৌতম বলিয়াছেন ॥

হে অম্বরীষ! যাঁহারা প্রতি দিবস ললাটে গোপীচন্দনের পুণ্ড্র নির্ম্মাণ করেন, মহাপাপক্ষয় করিবার নিমিত্ত তাঁহাদিগকে দর্শন কর ॥ ৯৩

কাশীখণ্ডে শ্রীযম কহিয়াছেন ॥

দূতগণ! শ্রবণ কর, যাঁহার ললাট গোপীচন্দনে অঙ্কিত, জ্বলন্ত অঙ্গারের ন্যায় অতিশয় যত্ন সহকারে তাঁহাকে দূরে পরিত্যাগ করিবা ॥
অনন্তর বৈষ্ণবগণ তুলসীমূলের মৃত্তিকা দ্বারা তাহার উপরে ঐ স্থানেই মনোহর উর্দ্ধ্বপুণ্ড্র নির্ম্মাণ করিবেন ॥ ৯৪ ॥

অথ শ্রীতুলসীমূলমৃত্তিকাপুণ্ড্রমাহাত্ম্যং ॥

তন্মৃদং গৃহ্য যৈঃ পুণ্ড্রং ললাটে ধারিতং নরৈঃ।
প্রমাণকং কৃতং তৈস্তু মোক্ষায় গমনং প্রতি ॥ ৯৫ ॥

তত্রৈবচ কার্ত্তিকমাহাত্ম্যে ব্রহ্মনারদসম্বাদে ॥

তুলসীমৃত্তিকাপুণ্ড্রং ললাটে যস্য দৃশ্যতে।
দেহং ন স্পৃশতে পাপং ক্রিয়মাণন্তু নারদ ॥

গরুড়পুরাণে ॥

তুলসীমৃত্তিকাপুণ্ড্রং যঃ করোতি দিনে দিনে।
তস্যাবলোকনাৎ পাপং যাতি বর্ষকৃতং নৃণামিতি ॥ ৯৬ ॥

তস্যোপরিষ্টাদ্ভগবন্নির্ম্মাল্যগন্ধুলেপনং।

তন্মৃদং শ্রীতুলসীমূলমৃত্তিকাং তৎপ্রসঙ্গাৎ। গৃহ্য গৃহীত্বা ॥ ৯৫ ॥

অপ্যর্থে তু শব্দঃ ক্রিয়মাণমপি পাপং কর্ত্তৃদেহমপি ন স্পৃশতি কুতো মন আত্মা-ত্যর্থঃ ॥ ৯৬ ॥ ॥ ৯৭ ॥

অথ শ্রীতুলসী মূলের মৃত্তিকা দ্বারা নির্ম্মিত উর্দ্ধপুণ্ড্রের মাহাত্ম্য ॥

তুলসী মূলের মৃত্তিকা লইয়া যে সকল ব্যক্তি ললাটে পুণ্ড্র রচনা করিয়াছেন, তাঁহারা যে মোক্ষ প্রাপ্ত হইবেন, তাহাই তাহার প্রমাণ দেখাইতেছেন ॥ ৯৫ ॥

ঐ কাশীখণ্ডে কার্ত্তিকমাহাত্ম্যে ব্রহ্মনারদসম্বাদে ॥

হে নারদ! যাঁহার ললাটে তুলসী মৃত্তিকার পুণ্ড্র দৃষ্ট হয়, তিনি পাপ করিলেও সে পাপ তাঁহার দেহে প্রবেশ করিতে পারে না ॥

গরুড়পুরাণে ॥

যিনি প্রতিদিন তুলসীর মূল মৃত্তিকা দ্বারা পুণ্ড্র নির্ম্মাণ করেন, তাঁহাকে অবলোকন করিলে মনুষ্যদিগের এক বৎসরের কৃত পাপ সমুদায় বিনাশ পায় ॥ ৯৬ ॥

তাহার উপরে ভগবানের নির্ম্মাল্য চন্দন ঐ প্রকারেই ধারণ

তত্রৈব ধার্য্যমেবং হি ত্রিবিধং তিলকং স্মৃতং।
ততো নারায়ণীং মুদ্রাং ধারয়েৎ প্রীতয়ে হরেঃ॥
মৎস্য কূর্ম্মাদি চিহ্নানি চক্রাদীন্যায়ুধানি চ॥
অথ মুদ্রাধারণ নিত্যতা॥
স্মৃতৌ॥
অঙ্কিতঃ শঙ্খ চক্রাভ্যামুভয়োর্ব্বাহুমূলয়োঃ।
সমর্চ্চয়েদ্ধরিং নিত্যং নান্যথা পূজনং ভবেৎ॥
আদিত্যপুরাণে॥
শঙ্খচক্রোর্দ্ধপুণ্ড্রাদি রহিতং ব্রহ্মণাধমং।
গর্দ্দভন্তু সমারোপ্য রাজা রাষ্ট্রাৎ প্রবাসয়েৎ॥
গারুড়ে শ্রীভগবদুক্তৌ॥
সর্ব্বকর্ম্মাধিকারশ্চ শুচীনামেব চোদিতঃ।
শুচিত্বঞ্চ বিজানীয়াম্মদীয়ায়ুধধারণাৎ॥

করিবে। কথিত আছে, তিলক এইরূপে তিন প্রকার॥

তাহার পর হরির প্রীতি নিমিত্ত নারায়ণী মুদ্রা, মৎস্য কূর্ম্মাদি চিহ্ন ও চক্রাদি আয়ুধ সকল ধারণ করিবে॥

অথ মুদ্রাধারণের নিত্যতা॥

স্মৃতিতে॥

সর্ব্বদা বাহুদ্বয়ের মূলে শঙ্খ ও চক্র অঙ্কিত করিয়া হরির পূজা করিবে, তাহা না করিলে পূজা হইবে না॥

আদিত্যপুরাণে॥

যে ব্রাহ্মণাধম শঙ্খ, চক্র ও ঊর্দ্ধপুণ্ড্র বর্জিত, রাজা তাহাকে গর্দ্দভে আরোহণ করাইয়া রাজ্য হইতে নির্ব্বাসিত করিবেন॥

গরুড়পুরাণে শ্রীভগবানের উক্তিতে॥

যাহারা শুচি, সমুদায় ধর্ম্ম কর্ম্মে তাঁহাদিগেরই অধিকার। আরও জানিতে হইবে আমার অস্ত্র ধারণ করিলেই শুচিতা জন্মায়॥

পাদ্মেচোত্তরখণ্ডে ॥

শঙ্খচক্রাদিভিশ্চিহ্নৈর্বিপ্রঃ প্রিয়তমৈর্হরেঃ।

রহিতঃ সর্ব্বধর্ম্মেভ্যঃ প্রচ্যুতো নরকং ব্রজেৎ ॥ ৯৭ ॥

শ্রুতৌচ যজুঃকঠশাখায়াং ॥

ধৃতোর্দ্ধপুণ্ড্রঃ কৃতচক্রধারী, বিষ্ণুং পরং ধ্যায়তি যো মহাত্মা।

স্বরেণ মন্ত্রেণ সদা হৃদিস্থিতং পরাৎপরং যন্মহতো মহান্তং ॥

অথর্ব্বণিচ ॥

এভির্ব্বয়মুরুক্রমস্য চিহ্নৈরঙ্কিতা লোকে সুভগা ভবেম।

তদ্বিষ্ণোঃ পরমং পদং যে গচ্ছন্তি লাঞ্ছিতাঃ ॥ ইত্যাদি ॥

অতএব ব্রহ্মপুরাণে ॥

কৃষ্ণায়ুধাঙ্কিতং দৃষ্ট্বা সম্মানং ন করোতি যঃ।

কৃতঃ গোপীচন্দনাদিনা নির্ম্মিতমঙ্কিতং চক্রং ধর্ত্তুং শীলমস্যেতি তথা সঃ। কিং বক্তব্যং মুদ্রাধারণস্য নিত্যত্বং তদ্ধারক সম্মাননস্যাপি নিত্যতা ব্রাহ্মবচনেন গম্যত ইতি

পদ্মপুরাণের উত্তরখণ্ডে ॥

ব্রাহ্মণ হরির প্রিয়তম শঙ্খ চক্রাদি চিহ্ন রহিত হইলে সমুদায় ধর্ম্ম হইতে চ্যুত হইয়া নরকে গমন করেন ॥ ৯৭ ॥

যজুর্ব্বেদীয় কঠশাখাতেও বলিয়াছেন—

যে মহাত্মা ঊর্দ্ধপুণ্ড্র এবং গোপীচন্দনাদি দ্বারা অঙ্কিত চক্র ধারণ করিয়া মহতের মহৎ সেই হৃদয়স্থ পরাৎপর পরমেশ্বরকে স্বর ও মন্ত্রযোগে ধ্যান করেন (তিনিই ধন্য) ॥

অথর্ব্ববেদেও ॥

আমরা ত্রিবিক্রমের এই সকল চিহ্ন দ্বারা অঙ্কিত হইয়া লোক মধ্যে সৌভাগ্য শালী হইব। যাঁহারা এই সকল চিহ্নে চিহ্নিত তাঁহারা বিষ্ণুর প্রসিদ্ধ পরম ধামে গমন করেন, ইত্যাদি ॥

অতএব ব্রহ্মপুরাণে ॥

শ্রীকৃষ্ণের চক্রাঙ্কিত মনুষ্যকে দর্শন করিয়া যিনি সম্মান না করেন,

দ্বাদশাব্দার্জ্জিতং পুণ্যং চাফল্যায়োপগচ্ছতি ॥ ৯৮

অথ মুদ্রাধারণমাহাত্ম্যং ॥

স্কান্দে সনৎকুমার মার্কণ্ডেয় সম্বাদে ॥

যো বিষ্ণুভক্তো বিপ্রেন্দ্র শঙ্খচক্রাদি চিহ্নিতঃ।

স যাতি বিষ্ণুলোকং বৈ দাহপ্রলয়বর্জিতং ॥

তত্রৈবান্যত্রচ ॥

নারায়ণায়ুধৈর্নিত্যং চিহ্নিতং যস্য বিগ্রহং।

পাপকোটিপ্রযুক্তস্য তস্য কিং কুরুতে যমঃ।

শঙ্খোদ্ধারেতু যৎ প্রোক্তং বসতাং বর্ষকোটিভিঃ ॥

তৎফলং লিখিতে শঙ্খে প্রত্যহং দক্ষিণে ভুজে।

যৎফলং পুষ্করে নিত্যং পুণ্ডরীকাক্ষদর্শনে ॥

শঙ্খোপরি কৃতে পদ্মে তৎ ফলং সমবাপ্নুয়াৎ।

লিখতি কৃষ্ণেতি ॥ ৯৮ ॥

মৃদং গৃহীত্বা চিহ্নং কুরুতে ॥ ৯৯ ॥

তাঁহার দ্বাদশ বৎসরের উপার্জিত পুণ্য বিফল হইয়া যায় ॥ ৯৮ ॥

অথ মুদ্রাধারণ মাহাত্ম্য ॥

স্কন্দপুরাণে শ্রীসনৎকুমার মার্কণ্ডেয় সম্বাদে ॥

হে বিপ্রেন্দ্র! যে বিষ্ণুভক্ত শঙ্খচক্রাদি চিহ্নে চিহ্নিত, তিনি নিশ্চয় দাহ ও প্রলয় বর্জ্জিত বিষ্ণুলোকে গমন করেন ॥

ঐ স্কন্দপুরাণের অন্য স্থলে ॥

যাহার শরীর সর্ব্বদা নারায়ণের অস্ত্র সকলে চিহ্নিত থাকে, তিনি কোটি পাপ যুক্ত হইলেও যম তাঁহার কি করিতে পারেন? কোটি বৎসর শঙ্খোদ্ধার তীর্থে বাসকারি ব্যক্তির যে ফল বলা হইয়াছে প্রত্যহ দক্ষিণ বাহুতে শঙ্খ অঙ্কিত করিলে সেই ফল লাভ হইয়া থাকে॥ নিত্য পুষ্করক্ষেত্রে পুণ্ডরীকাক্ষ শ্রীকৃষ্ণকে দর্শন করিলে যে ফল শঙ্খের হয়, উপর পদ্ম লিখিলে সেই ফল প্রাপ্ত হইয়া থাকে ॥

বামে ভুজে গদা যস্য লিখিতা দৃশ্যতে কলৌ ।
গদাধরো গয়াপুণ্যং প্রত্যহং তস্য যচ্ছতি ।
যচ্চানন্দপুরে প্রোক্তং চক্রস্বামিসমীপতঃ ।
গদাধরো লিখেচ্চক্রে তৎ ফলং কৃষ্ণদর্শনে ॥ ৯৯ ॥
শ্রীভগবদুক্তৌচ ॥
যঃ পুনঃ কলিকালেতু মৎপুরীসম্ভবাং মৃদং ।
মৎস্যকূর্ম্মাদিকং চিহ্নং গৃহীত্বা কুরুতে নরঃ ।
দেহে তস্য প্রবিষ্টোঽহং জানন্তু ত্রিদশোত্তমাঃ ।
তস্য মে নান্তরং কিঞ্চিৎ কর্ত্তব্যং শ্রেয় ইচ্ছতা ॥ ১০০ ॥
মমাবতারচিহ্নানি দৃশ্যন্তে যস্য বিগ্রহে ।
মর্ত্তৈর্ম্মর্ত্ত্যো ন বিজ্ঞেয়ঃ স নূনং মামকী তনুঃ ॥ ১০১ ॥
পাপং সুকৃতরূপন্তু জায়তে তস্য দেহিনঃ ।

মে ময়া সহ অন্তরং ভেদং ন কর্ত্তব্যং ॥ ১০০ ॥
মামকী তনুঃ মদবতার ইত্যর্থঃ ॥ ১০১ ॥

কলিযুগে যাঁহার বাম বাহুতে গদা লিখিত দৃষ্ট হয়, গদাধর তাঁহাকে প্রত্যহ গয়াধামোৎপন্ন পুণ্য প্রদান করেন ॥

আনন্দপুরে চক্রস্বামির সমীপে কৃষ্ণদর্শনে যে ফল কথিত হইয়াছে গদার নিম্নদিকে চক্র অঙ্কিত করিলে সেই ফল হইয়া থাকে ॥ ৯৯ ॥

শ্রীভগবানের উক্তিতে ॥

কলিকালে যে মনুষ্য আমার দ্বারকাপুরী সম্ভূত মৃত্তিকা গ্রহণ করিয়া মৎস্য কূর্ম্মাদি চিহ্ন অঙ্কিত করেন, হে দেবশ্রেষ্ঠগণ! অবগত হও আমি তাহার দেহে প্রবেশ করিয়া থাকি। যিনি মঙ্গল ইচ্ছা করিবেন, তিনি কখনই তাঁহাতে এবং আমাতে ইতর বিশেষ করিবেন না ॥ ১০০ ॥

যাঁহার দেহে আমার অবতার চিহ্ন সকল দেখা যায়, মানবগণ তাঁহাকে মানুষ বলিয়া জানিবেন না, তিনি আমারই অবতার ॥ ১০১ ॥

কলিযুগে যাঁহার অঙ্গে আমার আয়ুধ সকল লিখিত থাকে, সেই

মমায়ুধানি তস্যাঙ্গে লিখিতানি কলৌ যুগে।
উভাভ্যামপি চিহ্নাভ্যাং যোঽঙ্কিতো মৎস্যমুদ্রয়া।
কূর্ম্ময়াপি স্বকং তেজো নিক্ষিপ্তং তস্য বিগ্রহে॥
শঙ্খঞ্চ পদ্মঞ্চ গদাং রথাঙ্গং, মৎস্যঞ্চ কূর্ম্মং রচিতং স্বদেহে।
করোতি নিত্যং সুকৃতস্য বৃদ্ধিং,পাপক্ষয়ং জন্মশতার্জ্জিতস্য॥১০২

তত্রৈব শ্রীব্রহ্মনারদ সম্বাদে॥
কৃষ্ণশস্ত্রাঙ্ক কবচং দুর্ভেদ্যং দেবদানবৈঃ।
অদৃশ্যং সর্ব্বভূতানাং শত্রূণাং রক্ষসামপি।
লক্ষ্মীঃ সরস্বতী দুর্গা সাবিত্রী হরিবল্লভা।
নিত্যং তস্য বসেদ্দেহে যস্য শঙ্খাঙ্কিতা তনুঃ।
গঙ্গা গয়া কুরুক্ষেত্রং প্রয়াগং পুষ্করাদিচ।
নিত্যং তস্য সদা তিষ্ঠেদ্ যস্য পদ্মাঙ্কিতং বপুঃ।

নিক্ষিপ্তং ময়া। যঃ স্বদেহে রচিতং করোতি স সুকৃত বৃদ্ধ্যাদি করোতীত্যর্থঃ। সমাসস্থস্যাপি পাপশব্দস্য জন্মশতার্জ্জিতস্যেতি বিশেষণমার্ষং॥ ১০২॥

দেহধারির পাপ সমুদায় পুণ্যস্বরূপ হইয়া উঠে॥

যিনি মৎস্য মুদ্রা ও কূর্ম্মমুদ্রা এই দুই মুদ্রায় অঙ্কিত হয়েন,আমার তেজ তাঁহার দেহে নিক্ষিপ্ত হয়॥

যাহার স্বীয় দেহে শঙ্খ, পদ্ম, গদা, চক্র, মৎস্য এবং কূর্ম্ম রচিত হয়, তাহার নিত্য পুণ্যের বৃদ্ধি এবং শত জন্মের অর্জ্জিত পাপ সকল ক্ষয় করে॥ ১০২॥

ঐ স্কন্দপুরাণেই শ্রীব্রহ্মনারদ সম্বাদে॥

শ্রীকৃষ্ণের অস্ত্র রূপ বর্ম্ম দেব দানবগণ ভেদ করিতে পারে না এবং সমুদায় ভূতগণ, শত্রুগণ ও রাক্ষস সকল দেখিতে সমর্থ হয় না।

যাঁহার দেহ শঙ্খ চিহ্নে চিহ্নিত, গঙ্গা গয়া, কুরুক্ষেত্র, প্রয়াগ এবং পুষ্করাদি তীর্থ সকল তাঁহার দেহে সর্ব্বদা বাস করেন॥

যস্য কৌমোদকীচিহ্নং ভুজে বামে কলিপ্রিয়।
প্রত্যহং তত্র দ্রষ্টব্যো গঙ্গাসাগরসঙ্গমঃ।
সব্যে করে গদাধস্তাচ্চ্রথাঙ্গং তিষ্ঠতে যদি।
কৃষ্ণেন সহিতং তত্র ত্রৈলোক্যং স চরাচরং।
ত্রয়োঽগ্নয়স্ত্রয়ো দেবা বিষ্ণোস্ত্রীণি পদানিচ।
নিবসন্তি সদা তস্য যস্য দেহে সুদর্শনং॥
কিঞ্চ॥
কৃষ্ণায়ুধাঙ্কিতা মুদ্রা যস্য নারায়ণী করে।
ঊর্দ্ধলোকাধিকারী চ স জ্ঞেয়স্ত্রিদশাম্পতিঃ।
কৃষ্ণমুদ্রাপ্রযুক্তস্তু দৈবং পিত্র্যং করোতি যঃ।
নিত্যং নৈমিত্তিকং কাম্যং প্রত্যহং চাক্ষয়ং ভবেৎ।
পীড়য়ন্তি ন বৈ তত্র গ্রহা ঋক্ষাণি রাশয়ঃ।

ত্রিদশাং ত্রিদশানামিত্যর্থঃ।

হে কলিপ্রিয়! যাঁহার বাম ভুজে কৌমোদকী অর্থাৎ গদা চিহ্ন, সেই স্থানে প্রত্যহ গঙ্গাসাগর সঙ্গম দেখিবে॥

বাম হস্তে গদা এবং তাহার তলে যদি চক্র থাকে, তাহা হইলে চরাচর লোকত্রয় শ্রীকৃষ্ণের সমভিব্যাহারে সেই স্থানে অবস্থিতি করেন।

যাঁহার দেহে সুদর্শনচক্রের চিহ্ন বিদ্যমান, তাঁহার তিন অগ্নি অর্থাৎ গার্হপত্য, দক্ষিণ ও আহবনীয়, তিন দেবতা অর্থাৎ ব্রহ্মা, বিষ্ণু ও মহেশ্বর এবং বিষ্ণুর তিন পদ অর্থাৎ ত্রিবিক্রমের তিন চরণ সর্ব্বদা অবস্থিতি করেন॥

আরও বলি॥

শ্রীকৃষ্ণের অস্ত্রাঙ্কিত নারায়ণী মুদ্রা যাঁহার হস্তে বিদ্যমান, ঊর্দ্ধলোকে তাঁহার অধিকার লাভ হয়, তাঁহাকে ইন্দ্র বলিয়া জানিবে॥

যে ব্যক্তি কৃষ্ণমুদ্রা সকল ধারণ করিয়া, দৈব, পিত্র্য, নিত্য, নৈমিত্তিক অথবা কাম্য কর্ম্ম করেন সেই কর্ম্মের ফল অক্ষয় হয়॥

অষ্টাক্ষরাঙ্কিতা মুদ্রা যস্য ধাতুময়ী করে ॥
বারাহে শ্রীসনৎকুমারোক্তৌ ॥
কৃষ্ণায়ুধাঙ্কিতং দেহং গোপীচন্দনমৃৎস্নয়া।
প্রয়াগাদিষু তীর্থেষু স গত্বা কিং করিষ্যতি ॥
যদা যস্য প্রপশ্যেত দেহং শঙ্খাদিচিহ্নিতং।
তদা তস্য জগৎস্বামী তুষ্টো হরতি পাতকং।
ভবতে যস্য দেহেতু অহোরাত্রং দিনে দিনে।
শঙ্খচক্রগদাপদ্মং লিখিতং সোঽচ্যুতঃ স্বয়ং ॥ ১০৩ ॥
নারায়ণায়ুধৈর্যুক্তং কৃত্বাত্মানং কলৌ যুগে।
কুরুতে পুণ্যকর্ম্মাণি মেরুতুল্যানি তানি বৈ।
শঙ্খাদীনাং কৃতো ভক্ত্যা শ্রাদ্ধং যঃ কুরুতে দ্বিজ।

প্রপশ্যেতেত্যার্ষমাত্মনেপদং। ভবতে ইতি চ ॥ ১০৩ ॥
আত্মানং দেহং ॥ ১০৪ ॥

অষ্টাক্ষর নারায়ণ মন্ত্রদ্বারা অঙ্কিত ধাতুময়ী মুদ্রা যাঁহার হস্তে অবস্থিতি করে, গ্রহ, নক্ষত্র ও রাশি সকল তাহার কোন অপকার করিতে পারে না॥

বরাহপুরাণে শ্রীসনৎকুমারের বাক্যে ॥

যাঁহার দেহ উৎকৃষ্ট মৃত্তিকা গোপীচন্দন দ্বারা বিরচিত কৃষ্ণায়ুধে অঙ্কিত তিনি আর প্রয়াগাদি তীর্থ সকল গমন করিয়া কি করিবেন ॥

যখন মনুষ্যের দেহকে শঙ্খাদি চিহ্নে চিহ্নিত দেখা যায়, তখন জগৎস্বামী হরি তুষ্ট হইয়া তাহার পাপ হরণ করেন॥

যাঁহার দেহে প্রতিদিন দিবারাত্র শঙ্খ, চক্র, গদা পদ্ম অঙ্কিত থাকে, তিনি সাক্ষাৎ নারায়ণের স্বরূপ ॥ ১০৩ ॥

কলিযুগে দেহকে নারায়ণের অস্ত্র সকলে অঙ্কিত করিয়া যে সকল পুণ্যকর্ম্ম করা হয়, তাহার ফল সুমেরু তুল্য হইয়া থাকে ॥

হে দ্বিজ! যে ব্যক্তি শঙ্খাদি চিহ্ন দ্বারা অঙ্কিত হইয়া ভক্তিপূর্ব্বক শ্রাদ্ধ করেন, সে শ্রাদ্ধ বিধিহীন হইলেও সম্পূর্ণ এবং পিতৃগণের সম্বন্ধে

বিধিহীনস্তু সম্পূর্ণং পিতৃণাস্তু গয়াসমং ॥ ১০৪ ॥
যথাগ্নির্দহতে কাষ্ঠং বায়ুনা প্রেরিতো ভৃশং ।
তথা দহন্তি পাপানি দৃষ্ট্বা কৃষ্ণায়ুধানি বৈ ॥
ব্রাহ্ম্যে শ্রীব্রহ্মনারদসম্বাদে ॥
বিষ্ণুনামাঙ্কিতাং মুদ্রামষ্টাক্ষরসমন্বিতাং ।
শঙ্খায়ুধাদিকৈর্যুক্তাং স্বর্ণরূপ্যময়ীমপি ।
ধত্তে ভাগবতো যস্তু কলিকালে বিশেষতঃ ।
প্রহ্লাদস্য সমো জ্ঞেয়ো নান্যথা কলিবল্লভ ! ।
কিঞ্চ—
শঙ্খাঙ্কিততনুর্বিপ্রো ভুঙ্‌ক্তে যস্য চ বেশ্মনি ।
তদন্নং স্বয়মশ্নাতি পিতৃভিঃ সহ কেশবঃ ॥ ১০৫ ॥
কৃষ্ণায়ুধাঙ্কিতো যস্তু শ্মশানে ম্রিয়তে যদি ।

দহন্তি দহন্তি পাপানি স্বস্থানোষাং বা দহন্তে স্বয়মেব নশ্যন্তীত্যর্থঃ ॥ ১০৫ ॥
যদীতি ন শ্মশানে ম্রিয়েত এব যদি কদাচিন্ম্রিয়েত ইত্যর্থঃ ॥ ১০৬ ॥

গয়াশ্রাদ্ধ তুল্য হইয়া থাকে ॥ ১০৪ ॥

যেমন বায়ু দ্বারা বিচলিত হইয়া অগ্নি অতিশয়রূপে কাষ্ঠ দগ্ধ করে তদ্রূপ কৃষ্ণায়ুধ সকলকে দর্শন করিয়া যাবদীয় পাপ দগ্ধ হইয়া যায় ॥

ব্রহ্মপুরাণে শ্রীব্রহ্মনারদ সম্বাদে ॥

বিষ্ণুনামে অঙ্কিতা অষ্টাক্ষর সমন্বিতা, শঙ্খাদি আয়ুধযুক্তা স্বর্ণ এবং রৌপ্যময়ী মুদ্রা যে ভগবদ্ভক্ত বিশেষতঃ কলিযুগে ধারণ করেন, হে কলিবল্লভ অর্থাৎ কলহপ্রিয় নারদ ! তাঁহাকে প্রহ্লাদের সমান জানিবা, ইহাতে অন্যথা নাই ॥

আরও বলি ॥

যে ব্রাহ্মণের শরীর শঙ্খ চিহ্নে চিহ্নিত, তিনি যাঁহার গৃহে ভোজন করেন, পিতৃগণের সহিত স্বয়ং কেশব তাঁহার সেই অন্ন ভোজন করিয়া থাকেন ॥ ১০৫ ॥

যে ব্যক্তির দেহ শ্রীকৃষ্ণের আয়ুধ সকলে অঙ্কিত, তিনি যদিও শ্মশানে

প্রয়াগে যা গতিঃ প্রোক্তা সা গতিস্তস্য নারদ ॥ ১০৬ ॥
কৃষ্ণায়ুধৈঃ কলৌ নিত্যং মণ্ডিতং যস্য বিগ্রহং।
তত্রাশ্রয়ং প্রকুর্ব্বন্তি বিবুধা বাসবাদয়ঃ ॥ ১০৭ ॥
যঃ করোতি হরেঃ পূজাং কৃষ্ণশস্ত্রাঙ্কিতো নরঃ।
অপরাধসহস্রাণি নিত্যং হরতি কেশবঃ।
কৃত্বা কাষ্ঠময়ং বিম্বং কৃষ্ণশস্ত্রৈস্তু চিহ্নিতং।
যো হ্যঙ্কয়তি চাত্মানং তৎসমো নাস্তি বৈষ্ণবঃ।
পাষণ্ডপতিতব্রাত্যৈর্নাস্তিকালাপপাতকৈঃ।
ন লিপ্যতে কলিকৃতৈঃ কৃষ্ণশস্ত্রাঙ্কিতো নরঃ ॥

বিগ্রহমিতি নপুংসকত্বমার্ষং ॥ ১০৭ ॥

কাষ্ঠময়মিতি কাষ্ঠেত্যুপলক্ষণং তাম্রাদিধাতুময়মিত্যপি জ্ঞেয়ং স্বর্ণরূপাময়ীমপীত্যাদিনা মুদ্রায়া অপি তাদৃশত্বোক্তেঃ। অনেন বচনেন চৈষা মুদ্রা প্রতিবিম্বনীয়েতি কেষাঞ্চিন্মতং নিরস্তং ॥ ১০৮ ॥

প্রাণত্যাগ করেন, হে নারদ! তথাপি প্রয়াগমরণে যে গতি কথিত হইয়াছে তাহাই তাঁহার লাভ হইয়া থাকে ॥ ১০৬ ॥

কলিযুগে যাঁহার দেহ সর্ব্বদা কৃষ্ণের আয়ুধ সকলে ভূষিত থাকে, ইন্দ্রাদি দেবগণ সেই দেহকে আশ্রয় করিয়া অবস্থিতি করেন ॥ ১০৭ ॥

যে মনুষ্য কৃষ্ণের আয়ুধ সকলে অঙ্কিত হইয়া হরির পূজা করেন, কেশব সর্ব্বদা তাঁহার সহস্র পাপ হরণ করিয়া থাকেন ॥

কৃষ্ণের আয়ুধ সকলে অঙ্কিত কাষ্ঠময় বিম্ব অর্থাৎ ছাপা প্রস্তুত করিয়া তদ্দ্বারা যিনি আপনার দেহকে বিভূষিত করেন, তাঁহার সমান বৈষ্ণব নাই ॥

যে মনুষ্য কৃষ্ণের আয়ুধ সকলে চিহ্নিত, তিনি কলি[illegible]জন্য পাষণ্ডতা, পাতিত্য, ব্রাত্য অর্থাৎ সংস্কারহীনতা এবং নাস্তিকের সহিত আলাপরূপ পাতক সকলে লিপ্ত হয়েন না ॥

কিঞ্চ—

অষ্টাক্ষরাঙ্কিতা মুদ্রা যস্য ধাতুময়ী ভবেৎ।
শঙ্খপদ্মাদিভির্যুক্তা পূজ্যতেঽসৌ সুরাসুরৈঃ॥ ১০৮॥
ধৃতা নারায়ণী মুদ্রা প্রহ্লাদেন পুরা কৃতে।
বিভীষণেন বলিনা ধ্রুবেণ চ শুকেন চ॥ ১০৯॥
মান্ধাতৃণাম্বরীষেণ মার্কণ্ডপ্রমুখৈর্দ্বিজৈঃ।
শঙ্খাদিচিহ্নিতৈঃ শস্ত্রৈ র্দেহে কৃত্বা কলিপ্রিয়!।
আরাধ্য কেশবাৎ প্রাপ্তং সমীহিতফলং মহৎ॥ ১১০॥

কিঞ্চ—

গোপীচন্দনমৃৎস্নায়া লিখিতং যস্য বিগ্রহে।
শঙ্খপদ্মাদিচক্রং বা তস্য দেহে বসেদ্ধরিঃ॥

কৃতে সত্যযুগে নারায়ণাঙ্কিতা মুদ্রা প্রহ্লাদেন ধৃতা। পুরেতি ক্বচিৎ পাঠঃ॥ ১০৯॥
মান্ধাতৃণেতি মার্কণ্ডেতি চার্ষং ছন্দোঽনুরোধেন। শস্ত্রৈঃ সহ দেহে কৃত্বা মুদ্রামিতি শেষঃ।
আরাধ্য তেনৈব কেশবং সম্বোধ্য॥ ১১০॥

আরও বলি॥

যাঁহার শঙ্খ পদ্মাদি যুক্তা অষ্টাক্ষর চিহ্নিতা ধাতুময়ী মুদ্রা থাকে, সুর অসুর সকলেই তাঁহার পূজা করেন॥ ১৯৮॥

পূর্ব্বে সত্য যুগে প্রহ্লাদ, তৎপরে বিভীষণ, বলি, ধ্রুব এবং শুকদেব প্রভৃতি সকলে নারায়ণী মুদ্রা ধারণ করিয়াছিলেন॥ ১০৯॥

হে কলহপ্রিয়! মান্ধাতা, অম্বরীষ ও মার্কণ্ডেয় প্রভৃতি দ্বিজগণ শঙ্খাদি শস্ত্র সকলের চিহ্ন দ্বারা দেহকে চিহ্নিত করিয়া কেশবের নিকট হইতে অভিলষিত মহৎ ফল প্রাপ্ত হইয়াছিলেন॥ ১১০॥

আরও বলি॥

যাঁহার দেহে অত্যুত্তম মৃত্তিকা গোপীচন্দন দ্বারা শঙ্খ পদ্মাদি অথবা চক্র লিখিত থাকে হরি তাঁহার দেহে বাস করেন॥

তত্রৈব শ্রীসনৎকুমারোক্তৌ ॥
যস্য নারায়ণী মুদ্রা, দেহং শঙ্খাদিচিহ্নিতং।
ধাত্রীফলকৃতা মালা তুলসী কাষ্ঠসম্ভবা।
দ্বাদশাক্ষরমন্ত্রৈস্তু নিযুক্তানি কলেবরে।
আয়ুধানি চ বিপ্রস্য মৎসমঃ সচ বৈষ্ণবঃ ॥
কিঞ্চ ॥
যস্য নারায়ণী মুদ্রা দেহে শঙ্খাদিচিহ্নিতা।
সর্ব্বাঙ্গং চিহ্নিতং যস্য শস্ত্রৈর্নারায়ণোদ্ভবৈঃ ॥
প্রবেশোনাস্তি পাপস্য কবচং তস্য বৈষ্ণবং ॥
অন্যত্র চ ॥
এভি র্ভাগবতৈশ্চিহ্নৈঃ কলিকালে দ্বিজাতয়ঃ।
ভবন্তি মর্ত্ত্যলোকে তে শাপানুগ্রহকারকাঃ ॥
অথ মুদ্রাধারণবিধিঃ গৌতমীয়ে ॥

সেই ব্রহ্মপুরাণে শ্রীসনৎকুমারের বাক্য ॥

যে ব্রাহ্মণের দেহে নারায়ণী মুদ্রা ও যাঁহার দেহ শঙ্খচক্রাদি দ্বারা চিহ্নিত, আমলকী ফলের মালা, তুলসী কাষ্ঠের মালা এবং দ্বাদশাক্ষর মন্ত্রের সহিত অস্ত্র সকল অঙ্কিত হয়, তিনি আমার সমান বৈষ্ণব ॥

আরও বলি ॥

যাঁহার দেহে শঙ্খাদি চিহ্নিতা নারায়ণী মুদ্রা থাকে এবং যাঁহার সর্ব্বাঙ্গ নারায়ণের অস্ত্রদ্বারা অঙ্কিত তাঁহার দেহে পাপ প্রবেশ করিতে পারে না, ঐ সমস্ত আয়ুধ চিহ্ন তাঁহার সম্বন্ধে বৈষ্ণবকবচ ॥

অন্যস্থানেও বলিয়াছেন ॥

কলিকালে যে সকল দ্বিজ ভগবানের এই সমুদায় আয়ুধ চিহ্নে চিহ্নিত হয়েন, তাঁহারা মর্ত্ত্যলোকে শাপ এবং অনুগ্রহের কর্ত্তা ॥

অথ মুদ্রাধারণ বিধি ॥

গৌতমীয় তন্ত্রে ॥

চক্রঞ্চ দক্ষিণে বাহৌ শঙ্খং বামেঽপি দক্ষিণে।
গদাং বামে গদাধস্তাৎ পুনশ্চক্রঞ্চ ধারয়েৎ।
শঙ্খোপরি তথা পদ্মং পুনঃ পদ্মঞ্চ দক্ষিণে।
খড়্গং বক্ষসি চাপঞ্চ সশরং শীর্ষ্ণি ধারয়েৎ॥ ১১১॥
ইতি পঞ্চায়ুধান্যাদৌ ধারয়েদ্বৈষ্ণবো জনঃ।
মৎস্যঞ্চ দক্ষিণে হস্তে কূর্ম্মং বামকরে তথা॥ ১১২॥
তথা চোক্তং॥
দক্ষিণেতু ভুজে বিপ্রো বিভৃয়াদ্বৈ সুদর্শনং।
মৎস্যং পদ্মং চাপরেঽথ শঙ্খং পদ্মং গদাং তথেতি॥ ১১৩॥

দক্ষিণেঽপি শঙ্খঃ ধারয়েৎ। যদ্যপি দক্ষিণেতু ভুজে বিপ্রো বিভৃয়াদ্বৈ সুদর্শনমিত্যাদি-বচনেন বামে শঙ্খস্য ধারণমুক্তং তথাপি শঙ্খোদ্ধারে তু যৎ প্রোক্তমিত্যাদিলিখিতবচনানুসারেণ দক্ষিণেঽপি পুনঃ শঙ্খধারণাদিকং লিখিতং। খড়্গস্য বক্ষসি সশরচাপস্য চ মূর্দ্ধ্নি ধারণং। ললাটে চ গদা ধার্য্যা মূর্দ্ধ্নি চাপশরস্তথা। নন্দকঞ্চৈব হৃন্মধ্যে শঙ্খচক্রভুজদ্বয়ে। ইতি সপ্তমুদ্রাধারণং বারাহবচনানুসারেণ লিখিতং। কিন্তু নিজরুচ্যনুসারেণ সর্ব্বাণি সর্ব্বত্রৈব ধারয়েদিত্যগ্রে স্বয়ং লেখ্যমেবেতি দিক্॥ ১১১॥

শঙ্খচক্রৌ গদাখড়্গৌ চাপশ্চেত্যেতানি পঞ্চায়ুধানি॥ ১১২॥

মৎস্যং পদ্মঞ্চ দক্ষিণে। অথানন্তরং অপরে বামে পাণৌ শঙ্খাদিকং বিভৃয়াৎ॥ ১১৩॥

দক্ষিণ বাহুতে চক্র, বাম বাহুতে এবং দক্ষিণ বাহুতেও শঙ্খ, বাম বাহুতে গদা এবং গদার নীচে পুনর্ব্বার চক্র ধারণ করিবে। শঙ্খের উপরে পদ্ম, পুনরায় দক্ষিণ বাহুতে পদ্ম, বক্ষঃস্থলে খড়্গ এবং মস্তকে শর সহিত ধনু ধারণ করিবে॥ ১১১॥

বৈষ্ণব জন অগ্রে এই পঞ্চ আয়ুধ ধারণ করিবেন, পরে দক্ষিণ হস্তে মৎস্য এবং বাম হস্তে কূর্ম্মচিহ্ন ধারণ করিবেন॥ ১১২॥

অতএব উক্ত হইয়াছে॥

ব্রাহ্মণ দক্ষিণ বাহুতে সুদর্শন, মৎস্য ও পদ্ম, আর বাম বাহুতে শঙ্খ, পদ্ম ও গদা ধারণ করিবেন॥ ১১৩॥

সাম্প্রদায়িকশিষ্টানামাচারাচ্চ যথারুচি।
শঙ্খচক্রাদিচিহ্নানি সর্ব্বেষ্বঙ্গেষু ধারয়েৎ।
ভক্ত্যা নিজেষ্টদেবস্য ধারয়েল্লক্ষণান্যপি ॥ ১১৪ ॥
চক্রশঙ্খৌ চ ধার্য্যেতে সংমিশ্রাবেব কৈশ্চন ॥ ১১৫ ॥
শ্রীগোপীচন্দনেনৈবং চক্রাদীনি বুধোঽন্বহং।

লক্ষণানি বেণুপ্রভৃতীনি। যচ্চ পঞ্চায়ুধেতরভগবচ্চিহ্নানাং ধারণং নিষিদ্ধং। তথাচ পাদ্মোত্তরখণ্ডে। অন্যৈর্ন দাহয়েৎ গাত্রং ব্রাহ্মণো হরিলাঞ্ছনাং। শঙ্খচক্রগদাপদ্মশার্ঙ্গাদৈন্যৈ-র্বরেরপীতি তত্তু তপ্তমুদ্রাদিবিষয়ং ॥ ১১৪ ॥

যদ্যপি নিত্যপার্ষদস্য শ্রীভাগবতপ্রবরস্য শ্রীশঙ্খস্য মুদ্রাধারণে কথঞ্চিদপি দোষো ন ঘটতে। তথাপি তন্নাদস্রস্তগর্ভায়া গর্ভিণ্যা কস্যচিদ্ব্রাহ্মণস্য শাপসত্যতার্থমসুরযোনৌ পাঞ্চজন্য সংজ্ঞয়াঽবতীর্ণস্য শঙ্খস্য তস্যাসুরত্বমুদ্ভাব্য কৈশ্চিদ্বৈষ্ণবৈস্তচ্চিহ্নং কেবলং পৃথক্ ধার্য্যতে ইতি তন্মতং লিখতি চক্রশঙ্খৌ চেতি ॥ ১১৫ ॥

সাম্প্রদায়িক শিষ্টদিগের আচার অনুসারে আপনার অভিরুচি ক্রমে শঙ্খ চক্রাদি চিহ্ন সকল সর্ব্বাঙ্গে ধারণ করিবেন। এবং নিজ ইষ্ট দেবতার চিহ্ন সকলও সর্ব্বাঙ্গে ধারণ করিবেন ॥ ১১৪ ॥

কোন কোন ব্যক্তি শঙ্খ এবং চক্র এই দুইকে পরস্পর সংলগ্ন করিয়াই ধারণ করেন ॥

তাৎপর্য্য। যদ্যপি নিত্যপার্ষদ ভগবদ্ভক্ত প্রধান শ্রীশঙ্খের মুদ্রা ধারণে কোন ক্রমেও দোষ ঘটে না, তথাপি ঐ শঙ্খের শব্দে কোন ব্রাহ্মণীর গর্ভস্রাব হইয়াছিল, তাহাতে তাহার পতি ব্রাহ্মণ শঙ্খকে শাপ দেন তোমার অসুর যোনিতে জন্ম হউক, শঙ্খ ঐ শাপ সত্য করিবার নিমিত্ত পাঞ্চজন্য নাম ধারণ পূর্ব্বক শঙ্খরূপে অবতীর্ণ হয়েন, কোন কোন বৈষ্ণব ঐ শঙ্খের অসুরত্ব উদ্ভাবন করিয়া তদীয় চিহ্নকে পৃথক্‌রূপে ধারণ করিয়া থাকেন ॥ ১১৫ ॥

পণ্ডিত ব্যক্তি প্রত্যহ গোপীচন্দন দ্বারা চক্রাদি আয়ুধ সকল অঙ্কিত করিবেন এবং শয়নদ্বাদশী ও উত্থানদ্বাদশীতে ঐ সকল মুদ্রা

ধারয়েচ্ছয়নাদৌ তু তপ্তানি কিল তানি হি ॥ ১১৬ ॥
অথ চক্রাদীনাং লক্ষণানি ॥
দ্বাদশারন্তু ষট্‌কোণং বলয়ত্রয়সংযুতং।
চক্রং স্যাদ্দক্ষিণাবর্ত্তঃ শঙ্খশ্চ শ্রীহরেঃ স্মৃতঃ।
গদাপদ্মাদিকং লোকসিদ্ধমেব মতং বুধৈঃ।
মুদ্রা বা ভগবন্নাম্নাঙ্কিতাবাষ্টাক্ষরাদিভিঃ ॥ ১১৭ ॥
অথ মালাদিধারণং ॥
ততঃ কৃষ্ণার্পিতা মালা ধারয়েত্তুলসীদলৈঃ।
পদ্মাক্ষৈস্তুলসীকাষ্ঠৈঃ ফলৈর্ধাত্র্যাশ্চ নির্ম্মিতাঃ।
ধারয়েত্তুলসীকাষ্ঠভূষণানি চ বৈষ্ণবঃ।

তানি চক্রাদীনি তু তপ্তানি বহ্নৌ বিধিবৎ সন্তপ্য শয়নদ্বাদশ্যাং আদিশব্দাদুত্থানাদি-দ্বাদশীষু চ ধারয়েৎ। অতোঽত্র নিত্যকর্ম্মলিখনে তদ্বিধ্যাদিকং ন লিখিতমিতি ভাবঃ। কিলেতি তত্র শ্রুতিস্মৃত্যাদিবাক্যপ্রামাণ্যং বোধয়তি ॥ ১১৬ ॥

লোকসিদ্ধমেব যথা লোকে দৃশ্যতে তদাকারমেবেত্যর্থঃ। ভগবন্নাম্না কৃষ্ণরামেত্যাদিনা অষ্টাক্ষরমন্ত্রাদিভির্বাঙ্কিতা। আদিশব্দেন পঞ্চাক্ষরাদি ॥ ১১৭ ॥

তপ্ত করিয়া ধারণ করিবেন ॥ ১১৬ ॥ অথ-চক্রাদি লক্ষণ ॥

দ্বাদশ আর অর্থাৎ চাকার দ্বাদশ পাখী, ছয় কোন এবং তিনটী বলয় সংযুক্ত হইলে চক্র হয়, কথিত হইয়াছে হরির শঙ্খ দক্ষিণাবর্ত্ত অর্থাৎ উহার দক্ষিণদিক্ হইতে আবর্ত্ত আরম্ভ হইয়াছে। গদা ও পদ্মাদির যেরূপ লোকে নির্ম্মাণ প্রসিদ্ধ আছে, পণ্ডিতগণ তদনুরূপই গ্রাহ্য করেন। অথবা মুদ্রা ভগবানের রামকৃষ্ণাদি নাম সকল দ্বারা কিম্বা অষ্টাক্ষর বা পঞ্চাক্ষর মন্ত্রদ্বারা নির্ম্মিত হইয়া থাকে ॥ ১১৭ ॥

অথ মালাদি ধারণ ॥

অনন্তর তুলসীপত্র, পদ্মবীজ, তুলসীকাষ্ঠ এবং আমলকী ফল দ্বারা গ্রথিত মালা শ্রীকৃষ্ণকে অর্পণ করিয়া ধারণ করিবে। বৈষ্ণব ব্যক্তি,

মস্তকে কর্ণয়োর্বাহ্বোঃ করয়োশ্চ যথারুচি ॥

অথ মালাধারণবিধিঃ ॥

স্কান্দে ॥

সন্নিবেদ্যৈব হরয়ে তুলসীকাষ্ঠসম্ভবাং।
মালাং পশ্চাৎ স্বয়ং ধত্তে স বৈ ভাগবতোত্তমঃ।
হরয়ে নার্পয়েদ্যস্তু তুলসীকাষ্ঠসম্ভবাং।
মালাং ধত্তে স্বয়ং মূঢ়ঃ স যাতি নরকং ধ্রুবং।
ক্ষালিতাং পঞ্চগব্যেন মূলমন্ত্রেণ মন্ত্রিতাং।
গায়ত্র্যা চাষ্টকৃত্বো বৈ মন্ত্রিতাং ধূপয়েচ্চ তাং।
বিধিবৎ পরয়া ভক্ত্যা সদ্যোজাতেন পূজয়েৎ।
তুলসীকাষ্ঠসম্ভূতে মালে কৃষ্ণজনপ্রিয়ে।

মস্তকে, দুই কর্ণে, দুই বাহুতে এবং দুই হস্তে রুচি অনুসারে তুলসী-কাষ্ঠের ভূষণ ধারণ করিবেন ॥

মালাধারণের বিধি ॥

স্কন্দপুরাণে ॥

যিনি তুলসীকাষ্ঠ নির্ম্মিত মালা হরিকে নিবেদন করিয়া পশ্চাৎ স্বয়ং ধারণ করেন তিনি নিশ্চয় ভগবদ্ভক্তের প্রধান ॥

যে মূঢ় তুলসীকাষ্ঠ নির্ম্মিত মালা হরিকে নিবেদন করে না, নিজে ধারণ করে, সে নিশ্চয় নরকে গমন করিবে ॥

মালা নির্ম্মাণ করিয়া পঞ্চগব্য দ্বারা ক্ষালন করিবে, পরে উহার উপর মূলমন্ত্র জপ পূর্ব্বক অষ্টবার গায়ত্রী জপ করিবে, তৎপরে ধূপের ধূম স্পর্শ করাইয়া সদ্যোজাত মন্ত্র দ্বারা পরম ভক্তি সহকারে পূজা করিবে ॥

হে মালে! তুমি তুলসীকাষ্ঠে নির্ম্মিতা হইয়াছ, কৃষ্ণভক্তগণ তোমাতে প্রীতি করিয়া থাকেন, আমি তোমাকে কণ্ঠে ধারণ করিতেছি,

বিভর্ম্মি ত্বামহং কণ্ঠে কুরু মাং কৃষ্ণবল্লভং ।
যথা ত্বং বল্লভা বিষ্ণো র্নিত্যং বিষ্ণুজনপ্রিয়া ।
তথা মাং কুরু দেবেশি নিত্যং বিষ্ণুজনপ্রিয়ং ।
দানে লা-ধাতুরুদ্দিষ্টো লাসি মাং হরিবল্লভে ।
ভক্তেভ্যশ্চ সমস্তেভ্যস্তেন মালা নিগদ্যসে ।
এবং সংপ্রার্থ্য বিধিবৎ মালাং কৃষ্ণগলেঽর্পিতাং ।
ধারয়েদ্বৈষ্ণবো যো বৈ স গচ্ছেদ্বৈষ্ণবং পদং ॥ ১১৮ ॥
মালাধারণনিত্যতা ॥
তত্রৈব কার্ত্তিকপ্রসঙ্গে ॥
ধাত্রীফলকৃতাং মালাং কণ্ঠস্থাং যো বহেন্ন হি ।

তুলসীদলাদিভির্নির্ম্মিতা মালাঃ কৃষ্ণার্পিতাঃ সতীর্দ্ধারয়েৎ ॥ ১১৮ ॥

আমাকে কৃষ্ণের প্রিয়পাত্র কর ॥

হে হরিবল্লভে ! যেমন তুমি কৃষ্ণের প্রিয়া এবং যেমন কৃষ্ণভক্তগণ তোমাকে সর্ব্বদা প্রীত করিয়া থাকেন, তদ্রূপ আমাকে কৃষ্ণভক্তজনের প্রিয়পাত্র কর ॥

দান অর্থ বুঝাইতে লাধাতুর প্রয়োগ হইয়া থাকে, হে হরিবল্লভে ! তুমি আমাকে সমস্ত ভক্তজনকে দান করিলা, একারণ তোমাকে মালা বলিয়া উল্লেখ করা যায় ॥

বিধানানুসারে এরূপ প্রার্থনা করিয়া যে বৈষ্ণব অগ্রে শ্রীকৃষ্ণের গলদেশে মালা অর্পণ করিয়া পশ্চাৎ ধারণ করেন, তিনি বিষ্ণুপদে গমন করেন ॥ ১১৮ ॥

অথ মালাধারণ নিত্যতা ॥

ঐ স্কন্দপুরাণের কার্ত্তিকপ্রসঙ্গে ॥

যিনি আমলকীফলগ্রথিত মালা কণ্ঠে ধারণ না করেন, তিনি যদিও

বৈষ্ণবো ন স বিজ্ঞেয়ো বিষ্ণুপূজারতো যদি ॥ ১১৯ ॥

গারুড়ে ॥

ধারয়ন্তি ন যে মালাং হৈতুকাঃ পাপবুদ্ধয়ঃ।

নরকান্ন নিবর্ত্তন্তে দগ্ধাঃ কোপাগ্নিনা হরেঃ ॥ ১২০ ॥

অতএব স্কান্দে ॥

ন জহ্যাৎ তুলসীমালাং ধাত্রীমালাং বিশেষতঃ।

মহাপাতকসংহর্ত্রীং ধর্ম্মকামার্থদায়িনীং ॥ ১২১ ॥

অথ মালাধারণমাহাত্ম্যং।

অগস্ত্যসংহিতায়াং ॥

নির্ম্মাল্যতুলসীমালাযুক্তো যশ্চার্চ্চয়েদ্ধরিং।

যদি যদ্যপি ॥ ১১৯ ॥

হৈতুকা হেতুবাদনিষ্ঠাঃ ॥ ১২০ ॥

ন জহ্যাৎ নিত্যত্বাৎ ধাত্রীমালাঞ্চ। নিত্যত্বেঽপি ফলং দর্শয়তি বিশেষতঃ সম্যকৃতয়েত্যর্থঃ। যদ্বা বিশেষতো ধাত্রীমালাং ন জহ্যাদিতি তন্নিত্যত্বং নিতরামভিপ্রেতং ॥ ১২১ ॥

বিষ্ণু পূজায় রত হয়েন, তথাপি তাঁহাকে বৈষ্ণব জ্ঞান করিবে না ॥১১৯॥

গরুড়পুরাণে ॥

যে সকল হেতুবাদরত, পাপবুদ্ধি মনুষ্য মালা ধারণ না করে, তাহারা বিষ্ণুর কোপাগ্নিতে দগ্ধ হয় এবং নরক হইতে আর ফিরিয়া আইসে না ॥ ১২০ ॥

অতএব স্কন্দপুরাণে ॥

তুলসীর মালা, বিশেষতঃ আমলকী ফলের মালা পরিত্যাগ করিবে না, উহা মহাপাতক নাশ করে এবং ধর্ম্ম, অর্থ, কাম প্রদান করিয়া থাকে ॥ ১২১ ॥

অথ মালাধারণমাহাত্ম্য

অগস্ত্যসংহিতায় ॥

ভগবানে যাহা নিবেদন করা হইয়াছে এমত তুলসীমালা ধারণ

যদ্ যৎ করোতি তৎসর্ব্বমনন্তফলদং ভবেৎ ॥ ১২২ ॥

নারদীয়ে ॥

যে কণ্ঠলগ্ন তুলসী নলিনাক্ষমালা

যে বা ললাটফলকে লসদূর্দ্ধপুণ্ড্রাঃ।

যে বাহুমূলপরিচিহ্নিত শঙ্খচক্রা-

স্তে বৈষ্ণবা ভুবনমাশু পবিত্রয়ন্তি ॥ ১২৩ ॥

কিঞ্চ ॥

ভুজযুগমপি চিহ্নৈরঙ্কিতং যস্য বিষ্ণোঃ

পরমপুরুষনাম্নাং কীর্ত্তনং যস্য বাচি।

ঋজুতরমপি পুণ্ড্রং মস্তকে যস্য কণ্ঠে

সরসিজমণিমালা যস্য তস্যাস্মি দাসঃ ॥ ১২৪ ॥

নির্ম্মাল্যং ভগবচ্ছেষস্তদ্রূপা যা তুলসীমালা তয়া যুক্তঃ সন্ ॥ ১২২ ॥

লসৎ শ্রীহরিমন্দিরতয়া শোভমানমূর্দ্ধপুণ্ড্রং যেষাং তে ॥ ১২৩ ॥

বিষ্ণোশ্চিহ্নৈঃ। যস্য বাচি নাম্নাং কীর্ত্তনমিত্যত্র দৃষ্টান্তত্বেন জ্ঞেয়ং। এবমন্যত্রা-পূহ্যং ॥ ১২৪ ॥

করিয়া যিনি হরিকে অর্চ্চনা করেন এবং অন্যান্য যে যে কর্ম্ম করেন, তৎসমুদায় অনন্ত ফল প্রদান করিয়া থাকে ॥ ১২২ ॥

যাঁহাদিগের কণ্ঠে তুলসীমালা এবং পদ্মবীজের মালা সংলগ্ন, আর যাঁহাদিগের ললাটদেশে ঊর্দ্ধপুণ্ড্র দেদীপ্যমান,তথা যাঁহাদের বাহুমূলে শঙ্খ চক্রের চিহ্ন সেই সকল বৈষ্ণব, শীঘ্র ভুবন পবিত্র করেন ॥ ১২৩ ॥

আরও বলি ॥

যাঁহার বাহুদ্বয় বিষ্ণুর আয়ুধাদি চিহ্ন সকলে চিহ্নিত, যাঁহার বাক্যে বিষ্ণুর পরম পুরুষের নাম সকল কীর্ত্তিত হয়, যাঁহার মস্তকে অতিশয় সরল ঊর্দ্ধপুণ্ড্র এবং কণ্ঠে পদ্মবীজের মালা থাকে আমি তাঁহার দাস॥১২৪

বিষ্ণুধর্ম্মোত্তরে শ্রীভগবদুক্তৌ ॥

তুলসীকাষ্ঠমালাঞ্চ কণ্ঠস্থাং বহতে তু যঃ।

অপ্যশৌচোঽপ্যনাচারো মামেবৈতি ন সংশয়ঃ ॥

স্কান্দে ॥

ধাত্রীফলকৃতা মালা তুলসীকাষ্ঠসম্ভবা।

দৃশ্যতে যস্য দেহে তু স বৈ ভাগবতোত্তমঃ ॥ ১২৫ ॥

তুলসীদলজাং মালাং কণ্ঠস্থাং বহতে তু যঃ।

বিষ্ণূত্তীর্ণাং বিশেষেণ স নমস্যো দিবৌকসাং।

তুলসীদলজা মালা ধাত্রীফলকৃতাপি চ।

দদাতি পাপিনাং মুক্তিং কি পুনর্ব্বিষ্ণুসেবিনাং ॥

তত্রৈব কার্ত্তিকপ্রসঙ্গে ॥

তুলসীকাষ্ঠসম্ভবা চ ॥ ১২৫ ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে শ্রীভগবানের বাক্যে ॥

যিনি কণ্ঠস্থিতা তুলসীকাষ্ঠের মালা বহন করেন, তিনি অশুচিই হউন আর অনাচারই হউন, আমাকেই প্রাপ্ত হইবেন, ইহাতে কোন সংশয় নাই ॥

স্কন্দপুরাণে ॥

যাঁহার দেহে ধাত্রীফল গ্রথিতা মালা ও তুলসীকাষ্ঠনির্ম্মিতা মালা দৃষ্ট হয়, তিনি নিশ্চয় ভগবদ্ভক্ত জনের মধ্যে শ্রেষ্ঠ ॥ ১২৫ ॥

যিনি তুলসীপত্রগ্রথিতা মালা বিশেষতঃ বিষ্ণুকে নিবেদন করিয়া কণ্ঠদেশে বহন করেন, তিনি দেবতাদিগের নমস্য হয়েন ॥

যাঁহারা বিষ্ণুর সেবা করেন তাঁহাদের কথা আর কি বলিব, তুলসী দল নির্ম্মিতা মালা এবং আমলকীফলগ্রথিতা মালা পাপিদিগকেও মুক্তি প্রদান করিয়া থাকে ॥

ঐস্থলে স্কন্দপুরাণে কার্ত্তিকপ্রসঙ্গে ॥

যঃ পুনস্তুলসীমালাং কৃত্বা কণ্ঠে জনার্দ্দনং ।
পূজয়েৎ পুণ্যমাপ্নোতি প্রতিপুষ্পং গবাযুতং ॥ ১২৬ ॥
যাবল্লুঠতি কণ্ঠস্থা ধাত্রীমালা নরস্য হি ।
তাবত্তস্য শরীরে তু প্রীত্যা লুঠতি কেশবঃ ।
স্পৃশেচ্চ যানি লোমানি ধাত্রীমালা কলৌ নৃণাং ।
তাবদ্বর্ষসহস্রাণি বসতে কেশবালয়ে ।
যাবদ্দিনানি বহতে ধাত্রীমালাং কলৌ নরঃ ।
তাবদযুগসহস্রাণি বৈকুণ্ঠে বসতির্ভবেৎ ।
মালাযুগ্মঞ্চ যো নিত্যং ধাত্রীতুলসিসম্ভবং ।
বহতে কণ্ঠদেশে চ কল্পকোটি দিবং বসেৎ ॥ ১২৭ ॥
গারুড়ে চ মার্কণ্ডেয়োক্তৌ ॥

গবাযুতং অযুতসংখ্যগোদানফলমিত্যর্থঃ ॥ ১২৬ ॥
তুলসিসম্ভবমিতি হ্রস্বত্বমার্ষং ॥ ১২৭ ॥

যিনি কণ্ঠে তুলসীমালা ধারণ করিয়া জনার্দ্দনের পূজা করেন, তিনি প্রত্যেক পুষ্প অর্পণে দশ সহস্র গোদানের ফল প্রাপ্ত হয়েন ॥ ১২৬ ॥

ধাত্রীমালা কণ্ঠে সংলগ্ন হইয়া যত কাল মনুষ্যের দেহে লুণ্ঠিত হয়, কেশবও প্রীতিসহকারে তত কাল তাহার দেহে লুণ্ঠিত হয়েন ॥

কলিযুগে ধাত্রীফলের মালা মনুষ্যদিগের যত লোম স্পর্শ করে, তাঁহারা তত সহস্র বৎসর কেশবের আলয়ে বসতি করেন ॥

কলিযুগে মনুষ্য যত দিন আমলকী ফলের মালা বহন করেন, তত সহস্র যুগ তাঁহার বৈকুণ্ঠে বসতি হয় ॥

ধাত্রীর মালা আর তুলসীর মালা, এই দুই মালা যিনি প্রত্যহ কণ্ঠদেশে বহন করেন, তাঁহার কোটিকল্প স্বর্গলোকে বাস হয় ॥ ১২৭ ॥

গরুড়পুরাণে মার্কণ্ডেয়ের বাক্যে ॥

তুলসীদলজাং মালাং কৃষ্ণোত্তীর্ণাং বহেত্তু যঃ।
পত্রে পত্রে ঽশ্বমেধানাং দশানাং লভতে ফলং।
তুলসীকাষ্ঠসম্ভূতাং যো মালাং বহতে নরঃ।
ফলং যচ্ছতি দৈত্যারিঃ প্রত্যহং দ্বারকোদ্ভবং।
নিবেদ্য বিষ্ণবে মালাং তুলসীকাষ্ঠসম্ভবাং।
বহতে যো নরো ভক্ত্যা তস্য বৈ নাস্তি পাতকং।
সদা প্রীতমনাস্তস্য কৃষ্ণো দেবকিনন্দনঃ।
তুলসীকাষ্ঠসম্ভূতাং যো মালাং বহতে নরঃ।
প্রায়শ্চিত্তং ন তস্যাস্তি নাশৌচং তস্য বিগ্রহে॥
তুলসীকাষ্ঠসম্ভূতং শিরসো যস্য ভূষণং।
বাহ্বোঃ করে চ মর্ত্ত্যস্য দেহে তস্য সদা হরিঃ॥ ১২৮॥
তুলসীকাষ্ঠমালাভি ভূ্ষিতঃ পুণ্যমাচরেৎ।

দ্বারকোদ্ভবং দ্বারকানিবাসজং ফলং তস্মৈ প্রযচ্ছতি॥ ১২৮॥

যিনি শ্রীকৃষ্ণের গলদেশ হইতে উত্তীর্ণ তুলসী পত্রজাত মালা বহন করেন, ঐ মালায় যত পত্র থাকে, তাহার প্রতি পত্রে তিনি দশ দশ অশ্বমেধের ফল প্রাপ্ত হয়েন॥

যে মনুষ্য তুলসীকাষ্ঠনির্ম্মিতা মালা প্রত্যহ ধারণ করেন, দৈত্যারি শ্রীকৃষ্ণ তাঁহাকে দ্বারকাবাসের ফল প্রদান করেন॥

যে মনুষ্য তুলসীকাষ্ঠনির্ম্মিতা মালা বিষ্ণুকে নিবেদন করিয়া ভক্তি পূর্ব্বক ধারণ করেন, তাঁহার পাপ থাকে না, দেবকীনন্দন শ্রীকৃষ্ণ তাঁহার প্রতি সর্ব্বদা প্রসন্ন থাকেন॥

যে মানব তুলসীকাষ্ঠনির্ম্মিতা মালা বহন করেন, তাঁহাকে প্রায়শ্চিত্ত করিতে হয় না এবং তাঁহার দেহে পাপ থাকে না॥

তুলসীকাষ্ঠ রচিত ভূষণ যে মনুষ্যের মস্তকে, দেহে, বাহুদ্বয়ে এবং হস্তে থাকে, হরি সর্ব্বদা তাঁহার দেহে বিরাজ করেন॥ ১২৮॥

কলিযুগে তুলসীকাষ্ঠের মালাসমূহে বিভূষিত হইয়া পুণ্য কর্ম্ম এবং

পিতৃণাং দেবতানাঞ্চ কৃতং কোটিগুণং কলৌ ॥ ১২৯ ॥
তুলসীকাষ্ঠমালাস্তু প্রেতরাজস্য দূতকাঃ।
দৃষ্ট্বা নশ্যন্তি দূরেণ বাতোদ্ধূতং যথা দলং।
তুলসীকাষ্ঠমালাভির্ভূষিতো ভ্রমতে যদি।
দুঃস্বপ্নং দুর্নিমিত্তঞ্চ ন ভয়ং শস্ত্রজং ক্বচিৎ ॥ ১৩০ ॥
অথ গৃহে সন্ধ্যোপাসনবিধিঃ ॥
সন্ধ্যোপাস্ত্যাদিকং কর্ম্ম ততঃ কুর্য্যাৎ যথাবিধি।
কৃষ্ণপাদোদকেনৈব তত্র দেবাদিতর্পণং ॥ ১৩১ ॥
শিরসা বিষ্ণুনির্ম্মাল্যং পাদোদেনাপি তর্পণং।
পিতৃণাং দেবতানাঞ্চ বৈষ্ণবৈস্তু সমং মতং ॥ ১৩২ ॥

পুণ্যং পুণ্যকর্ম্ম পিতৃণাং দেবতানাঞ্চ তৎসম্বন্ধি কর্ম্ম কৃতং কোটিগুণং ভবেৎ। বিশেষতঃ কলৌ ॥ ১২৯ ॥ নশ্যন্তি অদৃশ্যা ভবন্তি পলায়ন্তে ইত্যর্থঃ ॥ ১৩০ ॥

পূর্ব্বং বহিস্তীর্থস্নানে সন্ধ্যোপাসনাদিকং লিখিতং, ইদানীং গৃহবিষয়কং তল্লিখতি সন্ধ্যেতি। তত্র তস্মিন্ কর্ম্মণি ॥ ১৩১ ॥

বিষ্ণুনির্ম্মাল্যং তদ্বহনমিত্যর্থঃ। তদ্দ্বয়ং সমং তুল্যং মতং ॥ ১৩২ ॥

পিতৃলোকের ও দেবগণের কর্ম্ম আচরণ করিলে, তাহাতে কোটিগুণ ফল হইয়া থাকে ॥ ১২৯ ॥

যমরাজের দূত সকল তুলসীকাষ্ঠের মালা দেখিয়া দূর হইতে বায়ু-বিচালিত পত্রের ন্যায় পলায়ন করে। যদি তুলসী কাষ্ঠের মালা সকলে বিভূষিত হইয়া ভ্রমণ করে, তাহা হইলে তাহার কোথাও দুঃস্বপ্ন, দুর্ঘটনা এবং শস্ত্র জন্য ভয় থাকে না ॥ ১৩০ ॥

অথ গৃহে সন্ধ্যোপাসনার বিধি ॥

অনন্তর অর্থাৎ মালা ধারণের পর যথাবিধি সন্ধ্যোপাসনাদি কর্ম্ম ও ঐ কর্ম্মে শ্রীকৃষ্ণের চরণামৃত দ্বারা দেবাদির তর্পণ করিবে ॥ ১৩১ ॥

মস্তকে বিষ্ণুর নির্ম্মাল্য ধারণ, বিষ্ণুপাদোদক দ্বারা পিতৃ ও দেবতা-দিগের তর্পণ করণ বৈষ্ণবগণ এই দুইকে তুল্য বিধান করিয়াছেন ॥ ১৩২

সন্ধ্যোপাস্তৌ চ বশিষ্ঠবচনং ॥
গৃহে ত্বেকগুণা সন্ধ্যা গোষ্ঠে দশগুণা স্মৃতা।
শতসাহস্রিকা নদ্যামনন্তা বিষ্ণুসন্নিধৌ।
অথ শ্রীগুরুপূজা ॥
পূজয়িষ্যংস্ততঃ কৃষ্ণমাদৌ সন্নিহিতং গুরুং।
প্রণম্য পূজয়েদ্ভক্ত্যা দত্ত্বা কিঞ্চিদুপায়নং ॥
স্মৃতিমহার্ণবে ॥
রিক্তপাণি র্ন পশ্যেত রাজানং ভিষজং গুরুং।
নোপায়নকরঃ পুত্রং শিষ্যং ভৃত্যং নিরীক্ষয়েৎ ॥ ১৩৩ ॥
কিঞ্চ শ্রীভগবদুক্তৌ ॥
প্রথমন্তু গুরুং পূজ্য ততশ্চৈব মমার্চ্চনং।
কুর্ব্বন্ সিদ্ধিমবাপ্নোতি হ্যন্যথা নিষ্ফলং ভবেৎ ॥

পশ্যেত পশ্যেৎ। নিরীক্ষয়েৎ স্বার্থে ইন্ নিরীক্ষেত ॥ ১৩৩ ॥

এবং কিঞ্চিদুপায়নং দত্ত্বেত্যত্র প্রমাণবচনং সংগৃহ্যাধুনা সন্নিহিতং সন্তং গুরুমাদৌ পূজয়েদিতি শ্রীভগবদ্বচনাদিনা প্রমাণয়তি প্রথমমিতি দ্বাভ্যাং। পূজ্য পূজয়িত্বা ॥ ১৩৪ ॥

সন্ধ্যোপাসনা বিষয়ে বশিষ্ঠের বচন যথা—

সন্ধ্যোপাসনা গৃহে এক গুণ, গোষ্ঠে দশ গুণ, নদীতে শত সহস্র গুণ এবং বিষ্ণুর সমীপে করিলে অসংখ্য গুণ হইয়া থাকে ॥

অথ গুরুপূজা ॥

অনন্তর শ্রীকৃষ্ণকে পূজা করিতে উপস্থিত হইয়া অগ্রে সমীপবর্ত্তি-শ্রীগুরুদেবকে কিঞ্চিৎ উপহার প্রদান পূর্ব্বক নমস্কার করিয়া ভক্তি সহকারে পূজা করিবে ॥ স্মৃতিমহার্ণবে ॥

রিক্তহস্তে রাজা, গুরু এবং চিকিৎসকের সহিত সাক্ষাৎ করিবে না, আর উপায়ন হস্তে লইয়া পুত্র, শিষ্য ও ভৃত্যকে দেখিবে না ॥১৩৩॥

আরও বলি। শ্রীভগবানের বাক্যে ॥

প্রথমে গুরুর পূজা করিয়া তৎপরে আমার পূজা করিলে সিদ্ধি প্রাপ্ত হয়, তাহা না করিলে পূজার ফল হয় না ॥

শ্রীনারদেন চ ॥

গুরৌ সন্নিহিতে যস্তু পূজয়েদন্যমগ্রতঃ।

স দুর্গতিমবাপ্নোতি পূজনং তস্য নিষ্ফলং ॥ ১৩৪ ॥

অথ শ্রীগুরুমাহাত্ম্যং। শ্রুতিষু ॥

যস্য দেবে পরা ভক্তির্যথা দেবে তথা গুরৌ।

তস্যৈতে কথিতা হ্যর্থাঃ প্রকাশন্তে মহাত্মনঃ ॥ ১৩৫ ॥

একাদশস্কন্ধে শ্রীভগবদুক্তৌ ॥

আচার্য্যং মাং বিজানীয়ান্নাবমন্যেত কর্হিচিৎ।

ন মর্ত্ত্যবুদ্ধ্যাসূয়েত সর্ব্বদেবময়ো গুরুঃ ॥ ১৩৬ ॥

অর্থাঃ পুরুষার্থাঃ ॥ ১৩৫ ॥

নাসূয়েত না দোষদৃষ্টিং কুর্য্যাৎ ॥ ১৩৬ ॥

নারদও বলিয়াছেন ॥

গুরু নিকটে থাকিতে যিনি অগ্রে অন্যের পূজা করেন, তিনি দুর্গতি প্রাপ্ত হয়েন এবং তাঁহার পূজা বিফল হয় ॥ ১৩৪ ॥

অথ শ্রীগুরুর মাহাত্ম্য। শ্রুতি সকলে ॥

যাঁহার দেবতার প্রতি পরমা ভক্তি এবং যেমন দেবতার প্রতি তদ্রূপ গুরুরও প্রতি ভক্তি, আমি যে সকল পুরুষার্থের কথা কহিলাম সেই মহাত্মাই ঐ সকল বুঝিতে পারেন ॥ ১৩৫ ॥

একাদশস্কন্ধে ১৭ অধ্যায়ে ২২ শ্লোকে ॥

আচার্য্যকেও আমাকে অভেদ জানিবেন, কখন তাঁহার অবমাননা করিবে না এবং মনুষ্যবোধে কখন তাঁহার প্রতি অসূয়া করিবেন না, যে হেতু গুরু সর্ব্বদেবময় ॥ ১৩৬ ॥

শ্রীদশমস্কন্ধে চ ॥

নাহমিজ্যাপ্রজাতিভ্যাং তপসোপশমেন চ।

তুষ্যেয়ং সর্ব্বভূতাত্মা গুরুশুশ্রূষয়া যথা ॥ ১৩৭ ॥

সপ্তমস্কন্ধে শ্রীনারদোক্তৌ ॥

যস্য সাক্ষাদ্ভগবতি জ্ঞানদীপপ্রদে গুরৌ।

মর্ত্ত্যাসদ্ধীঃ শ্রুতং তস্য সর্ব্বং কুঞ্জরশৌচবৎ ॥ ১৩৮ ॥

অন্যত্রাপি ॥

সাধকস্য গুরৌ ভক্তিং মন্দীকুর্ব্বন্তি দেবতাঃ।

যন্নোতীত্য ব্রজেদ্বিষ্ণুং শিষ্যো ভক্ত্যা গুরৌ ধ্রুবং ॥

ইজ্যা যজ্ঞো গার্হস্থধর্ম্মঃ। প্রজাতিঃ প্রকৃষ্টজন্ম উপনয়নং। তেন ব্রহ্মচারিধর্ম্ম উপলক্ষ্যতে তাভ্যাং। তথা তপসা বানপ্রস্থধর্ম্মেণ বা অহং পরমেশ্বরস্তথা ন তুষ্যেয়ং যথা সর্ব্বভূতাত্মাপি গুরুঃ শুশ্রূষয়া ॥ ১৩৭ ॥

গুর্ব্বভক্ত্যা পরমানর্থোক্ত্যা গুরুভক্তিমেব দ্রঢ়য়তি যস্যেতি। সাক্ষাদ্ভূতে। মর্ত্ত্যাসদ্ধীঃ মর্ত্ত্য ইতি অসদ্বুদ্ধিঃ। শ্রুতং শাস্ত্রাভ্যাসঃ কুঞ্জরশৌচবৎ ব্যর্থমেবেত্যর্থঃ ॥ ১৩৮ ॥

দশমস্কন্ধে ৮০ অধ্যায়ে ২৬ শ্লোকে ॥

আমি সর্ব্বভূতের আত্মা, গুরুশুশ্রূষা দ্বারা আমি যে রূপ তুষ্ট হই, গার্হস্থ ধর্ম্ম,ব্রহ্মচর্য্য, বানপ্রস্থ ও যত্যাচারেও তদ্রূপ সন্তুষ্ট হই না ॥ ১৩৭

সপ্তমস্কন্ধে ১৫ অধ্যায়ে ২০ শ্লোকে শ্রীনারদের বাক্যে ॥

হে রাজন্! জ্ঞানদীপপ্রদ গুরু সাক্ষাৎ ভগবানের স্বরূপ, যে ব্যক্তি ঐ গুরুতে মনুষ্য বুদ্ধি করে, তাহার সমুদায় শাস্ত্রশ্রবণ হস্তিস্নানের ন্যায় ব্যর্থ হয় ॥ ১৩৮ ॥

অন্যস্থলেও ॥

যে হেতু শিষ্য গুরুতে অবিচল ভক্তি করিয়া আমাদিগকে অতিক্রম করত বিষ্ণুকে প্রাপ্ত হইবে, এই কারণে দেবগণ, সাধকের গুরুতে ভক্তি

মনুস্মৃতৌ ॥

অজ্ঞো ভবতি বৈ বালঃ পিতা ভবতি মন্ত্রদঃ

অজ্ঞং হি বালমিত্যাহুঃ পিতেত্যেব তু মন্ত্রদং ॥

কিঞ্চ ॥

গুরুর্ব্রহ্মা গুরুর্বিষ্ণুর্গুরুর্দেবো মহেশ্বরঃ।

গুরুরেব পরং ব্রহ্ম তস্মাৎ সংপূজয়েৎ সদা ॥ ১৩৯ ॥

বামনকল্পে ব্রহ্মণো বাক্যং ॥

যো মন্ত্রঃ স গুরুঃ সাক্ষাৎ যো গুরুঃ স হরিঃ স্মৃতঃ।

গুরুর্যস্য ভবেত্তুষ্টস্তস্য তুষ্টো হরিঃ স্বয়ং।

গুরোঃ সমাসনেনৈব নচৈবোচ্চাসনে বসেৎ ॥

বিষ্ণুরহস্যে ॥

সংপূজয়েৎসদা গুরুমেব ॥ ১৩৯ ॥

মন্দীভূত করিয়াদেন ॥

মনুস্মৃতিতে ॥

যিনি অজ্ঞান তিনিই বালক, যিনি মন্ত্র দান করেন তিনিই পিতা, পণ্ডিতেরা বলিয়া থাকেন, জ্ঞানহীন ব্যক্তি নিশ্চয় বালক এবং মন্ত্রদাতা নিশ্চয়ই পিতা ॥

আরও বলি ॥

গুরুই ব্রহ্মা, গুরুই বিষ্ণু, গুরুই দেব মহেশ্বর এবং গুরুই পরম ব্রহ্ম, অতএব সর্ব্বদা গুরুকেই পূজা করিবে ॥ ১৩৯ ॥

বামনকল্পে ব্রহ্মার বাক্য ॥

যাহা মন্ত্র, তাহাই সাক্ষাৎ গুরু, যিনি গুরু, তিনিই হরি। গুরু যাঁহার প্রতি সন্তুষ্ট হয়েন, স্বয়ং হরিও তাঁহার প্রতি সন্তুষ্ট হইয়া থাকেন। গুরুর সমান আসনে, অথবা গুরু অপেক্ষা উচ্চাসনে উপবেশন করিবে না ॥

বিষ্ণুরহস্যে ॥

তস্মাৎ সর্ব্বপ্রযত্নেন যথাবিধি তথা গুরুং।
অভেদেনার্চ্চয়েদ্যস্তু স মুক্তিফলমাপ্নুয়াৎ ॥
বিষ্ণুধর্ম্মে শ্রীভাগবতে চ হরিশ্চন্দ্রস্য ॥
গুরুশুশ্রূষণং নাম সর্ব্বধর্ম্মোত্তমোত্তমং।
তস্মাৎ ধর্ম্মাৎ পরো ধর্ম্মঃ পবিত্রং নৈব বিদ্যতে।
কামক্রোধাদিকং যদ্যদাত্মনো ঽনিষ্টকারণং।
এতৎ সর্ব্বং গুরৌ ভক্ত্যা পুরুষো হ্যঞ্জসা জয়েৎ ॥
পাদ্মে ॥
পিতুরাধিক্যভাবেন যে ঽর্চ্চয়ন্তি গুরুং সদা।
ভবন্ত্যতিথয়ো লোকে ব্রহ্মণস্তে বিশাম্বর ॥
তত্রৈব দেবহূতিস্তুতৌ ॥
ভক্তির্যথা হরৌ মে ঽস্তি তদ্বন্নিষ্ঠা গুরৌ যদি।

অতএব যেরূপ বিধি আছে, তদনুসারে যিনি সর্ব্বপ্রকার যত্ন করিয়া গুরুকে বিষ্ণুর সহিত অভেদ জ্ঞানে পূজা করেন তিনি মুক্তি-ফল প্রাপ্ত হইবেন ॥

বিষ্ণুধর্ম্মে এবং শ্রীমদ্ভাগবতে হরিশ্চন্দ্রের বাক্য ॥

গুরু শুশ্রূষা করা সর্ব্বাপেক্ষা উত্তম ধর্ম্ম, ঐ ধর্ম্ম হইতে উৎকৃষ্ট বা পবিত্র ধর্ম্ম আর নাই। আত্মার অনিষ্ট কারক যে যে কাম ক্রোধাদি আছে, মনুষ্য গুরুতে ভক্তি করিলে অনায়াসে তৎসমুদায় জয় করিতে পারেন ॥

পদ্মপুরাণে ॥

হে বৈশ্যশ্রেষ্ঠ! যাঁহারা গুরুকে পিতা অপেক্ষা শ্রেষ্ঠজ্ঞানে সর্ব্বদা পূজা করেন, তাঁহারা ব্রহ্মলোকের অতিথি হইয়া থাকেন অর্থাৎ তাঁহাদের ব্রহ্মলোকে গতি হয় ॥

ঐ পদ্মপুরাণে দেবহূতির স্তবে ॥

হরিতে আমার যে প্রকার ভক্তি আছে, গুরুতে যদি তদ্রূপ নিষ্ঠা

মমাস্তি তেন সত্যেন স্বং দর্শয়তু মে হরিঃ ॥

আদিত্যপুরাণে ॥

অবিদ্যো বা সবিদ্যো বা গুরুরেব জনার্দ্দনঃ।

মার্গস্থো বাপ্যমার্গস্থো গুরুরেব সদাগতিঃ।

অন্যত্রচ ॥

হরৌ রুষ্টে গুরুস্ত্রাতা গুরৌ রুষ্টে ন কশ্চন।

তস্মাৎ সর্ব্বপ্রযত্নেন গুরুমেব প্রসাদয়েৎ ॥

ব্রহ্মবৈবর্ত্তে।

অপি ঘ্নন্তঃ শপন্তো বা বিরুদ্ধা অপি যে ক্রুধা।

গুরব ইতি বহুবচনং গৌরবেণ। যদ্বা প্রসঙ্গাদন্যেষামপি গুরূণাং সংগ্রহার্থং। তে চোক্তাঃ কৌর্ম্মে। উপাধ্যায়ঃ পিতা জ্যেষ্ঠা ভ্রাতা চৈব মহীপতিঃ। মাতুলঃ শ্বশুরঃ ত্রাতা মাতামহ-পিতামহৌ। বর্ণজ্যেষ্ঠঃ পিতৃব্যশ্চ সর্ব্বে তে গুরবঃ স্মৃতাঃ। গুরূণামপি সর্ব্বেষাং পূজ্যাঃ পঞ্চ বিশেষতঃ। তেষামাদ্যাস্ত্রয়ঃ শ্রেষ্ঠাস্তেষাং মাতা সুপূজিতা। কিঞ্চ। যো ভাবয়তি যা সূতে যেন বিদ্যোপদিশ্যতে। জ্যেষ্ঠো ভ্রাতা চ ভর্ত্তাচ পঞ্চৈতে গুরবঃ স্মৃতাঃ। আত্মনঃ সর্ব্ব-

---

থাকে তাহা হইলে সেই সত্যতা দ্বারা হরি আমাকে নিজমূর্ত্তি দর্শন দান দিউন ॥

আদিত্যপুরাণে ॥

অবিদ্বান্ হউন বা বিদ্বান্ই হউন, গুরুই জনার্দ্দন। স্বপথে থাকুন বা বিপথেই গমন করুন, সর্ব্বদা গুরুই গতি ॥

অন্যস্থলেতেও ॥

হরি রুষ্ট হইলে গুরু ত্রাণ করিয়া থাকেন, গুরু রুষ্ট হইলে কেহই উদ্ধার করিতে পারে না, অতএব সম্যক্ প্রকার যত্ন করিয়া গুরুকেই প্রসন্ন করিবে ॥

ব্রহ্মবৈবর্ত্তপুরাণে ॥

প্রহার করুন, অথবা শাপই প্রদান করুন এবং বিরুদ্ধ হউন বা

গুরবঃ পূজনীয়াস্তে গৃহং নত্বা নয়েত তান্।
তৎ শ্লাঘ্যং জন্ম ধন্যং তদ্ দিনং পুণ্যাথ নাড়িকা।
যস্যাং গুরুং প্রণমতে সমুপাস্য তু ভক্তিতঃ॥ ১৪০॥
কিঞ্চ॥
উপদেষ্টারমাম্নায়াগতং পরিহরন্তি যে।
তান্ মৃতানপি ক্রব্যাদাঃ কৃতঘ্নান্নোপভুঞ্জতে॥ ১৪১॥
বোধঃ কলুষিতস্তেন দৌরাত্ম্যং প্রকটীকৃতং

যত্নেন প্রাণত্যাগেন বা পুনঃ। পূজনীয়া বিশেষেণ পঙ্ক্তৌ ভূতিমিচ্ছতেতি॥ ১৪০॥
গুরুত্যাগেন পরমানর্থং দর্শয়ন্ গুরুমাহাত্ম্যমেব দ্রঢ়য়তি উপদেষ্টারমিতি ত্রিভিঃ। আম্নায়াগতং কুলক্রমায়াতং বেদবিহিতং বা॥ ১৪১॥
বোধো জ্ঞানং বিদ্যা বা॥ ১৪২॥

ক্রুদ্ধই হউন, তাঁহারা গুরুজন, তাঁহাদিগকে পূজা করত নমস্কার করিয়া গৃহে আনয়ন করিবে *॥

সেই শ্লাঘ্য জন্ম, সেই ধন্য দিন, সেই পবিত্র ঘটিকা, যাহাতে ভক্তি পূর্ব্বক পূজা করিয়া গুরুকে নমস্কার করা যায়॥ ১৪০॥

আরও বলি॥

যাহারা কুলক্রমাগত অথবা বেদবিহিত গুরুকে পরিত্যাগ করে, তাহারা কৃতঘ্ন, মরিলে মাংসভোজী পশু পক্ষীরাও তাহাদিগকে ভক্ষণ করে না॥ ১৪১॥

যে গুরুকে পরিত্যাগ করিল সে অগ্রে হরিকে পরিত্যাগ করিয়াছে'

* প্রথমতঃ মন্ত্রদাতা গুরুর কথা উপস্থিত করিয়া প্রসঙ্গাধীন অন্যান্যও গুরুর কথা বলিতেছেন। কূর্ম্মপুরাণে গুরুবর্গের উল্লেখ আছে যথা,—

উপাধ্যায় অর্থাৎ যিনি বেদ অধ্যয়ন করান, পিতা, জ্যেষ্ঠ ভ্রাতা, রাজা, মাতুল, শ্বশুর, সূত অর্থাৎ পুরাণবক্তা, মাতামহ, পিতামহ, বর্ণজ্যেষ্ঠ এবং পিতৃব্য (পিতার ভ্রাতা), ইঁহারা সকলেই গুরু বলিয়া কথিত হইয়াছেন॥

গুরুর্যেন পরিত্যক্তস্তেন ত্যক্তঃ পুরা হরিঃ ॥ ১৪২ ॥

অন্যত্রচ ॥

প্রতিপদ্য গুরুং যস্তু মোহাদ্বিপ্রতিপদ্যতে ।
স কল্পকোটিং নরকে পচ্যতে পুরুষাধমঃ ॥ ১৪৩ ॥

অত্রাপবাদঃ পঞ্চরাত্রে ॥

অবৈষ্ণবোপদিষ্টেন মন্ত্রেণ নিরয়ং ব্রজেৎ ।
পুনশ্চ বিধিনা সম্যগ্ গ্রাহয়েদ্বৈষ্ণবাদ্গুরোঃ ॥ ১৪৪॥

অথ শ্রীগুরুভক্তিফলং ॥

গুরুং প্রতিপদ্য গুরুত্বেন স্বীকৃত্য ॥ ১৪৩ ॥

মার্গস্থো বাপ্যমার্গস্থ ইত্যনেন উপদেষ্টারমিত্যাদিনাচ কথঞ্চিদপি গুরুর্নত্যাজ্য ইতি লিখিতং অধুনা তত্র মোহাদবৈষ্ণবো গুরুঃ কৃতশ্চেত্তর্হি স পরিত্যাজ্য ইতি প্রসঙ্গাৎ পূর্ব্বত্রাপবাদং লিখতি অবৈষ্ণবেতি। গ্রাহয়েদিতি স্বার্থে ইন্ মন্ত্রং গৃহ্নীয়াদিত্যর্থঃ। যদ্বা সাধুজনস্তাদৃশং জনং কৃপয়া মন্ত্রং গ্রাহয়েদিত্যর্থঃ। বৈষ্ণবাৎ প্রায়ো ব্রাহ্মণাদেবেতি জ্ঞেয়ং পূর্ব্বং গুরুলক্ষণে তথা লিখনাৎ ॥ ১৪৪ ॥

এতদ্দ্বারা তাহার জ্ঞানকে দূষিত ও দৌরাত্ম্য প্রকাশ করা হইল ॥১৪২

অন্যস্থানেতেও ॥

যে একবার গুরু বলিয়া স্বীকার করিয়া পুনরায় সেই গুরুকে পরিত্যাগ করে সে নরাধম, কোটিকল্প কাল নরকে পচে ॥ ১৪৩ ॥

এই বিষয়ের বিশেষ বিধি ॥

পঞ্চরাত্রে ॥

যিনি বৈষ্ণব নহেন তাঁহার নিকট মন্ত্র গ্রহণ করিলে নরকে যাইতে হয়, পুনরায় বিধি অনুসারে বৈষ্ণব গুরুর নিকট মন্ত্র গ্রহণ করিবে ॥

অথ শ্রীগুরুকে ভক্তি করার ফল ॥

অগস্ত্যসংহিতায়াং ॥

যে গুর্ব্বাজ্ঞাং ন কুর্ব্বন্তি পাপিষ্ঠাঃ পুরুষাধমাঃ।
ন তেষাং নরকক্লেশনিস্তারো মুনিসত্তম।
যৈঃ শিষ্যৈঃ শশ্বদারাধ্যা গুরবো হ্যবমানিতাঃ।
পুত্রমিত্রকলত্রাদিসম্পদ্ভ্যঃ প্রচ্যুতা হি তে।
অধিক্ষিপ্য গুরুং মোহাৎ পুরুষং প্রবদন্তি যে।
শূকরত্বং ভবত্যেব তেষাং জন্মশতেষ্বপি।
যে গুরুদ্রোহিণো মূঢ়াঃ সততং পাপকারিণঃ।
তেষাঞ্চ যাবৎ সুকৃতং দুষ্কৃতং স্যান্ন সংশয়ঃ ॥ ১৪৫ ॥
অতঃ প্রাগ্‌গুরুমভ্যর্চ্চ্য কৃষ্ণভাবেন বুদ্ধিমান্।

শ্রীগুরুভক্তের্দার্ঢ্যায়ৈব তদভক্তানাং দুর্গতিদোষান্ লিখতি যে গুর্ব্বাজ্ঞামিত্যাদিনা। অতএব সততং পাপকারিণো ভবন্তি ॥ ১৪৫ ॥

অগস্ত্যসংহিতায় ॥

হে মুনিসত্তম! যে সকল পাপিষ্ঠ নরাধম গুরুর আজ্ঞা প্রতিপালন করে না, তাঁহাদের নরক যন্ত্রণায় নিস্তার নাই ॥

শিষ্যগণের উচিত সর্ব্বদা গুরুদিগকে আরাধনা করা, সেই শিষ্যগণ যদি গুরুদিগের অবমাননা করেন তাহা হইলে তাঁহাদিগের পুত্র, মিত্র, স্ত্রী ও সম্পত্তি সকল বিনাশ পায় ॥

যাহারা অজ্ঞানবশতঃ গুরুকে তিরস্কার করিয়া তাঁহাকে সামান্য মানুষ বলে, তাহাদের শত জন্ম পর্য্যন্ত শূকরত্ব লাভ হইবে ॥

সর্ব্বদা পাপ কর্ম্মান্বিত যে সকল মূঢ়, গুরুর দ্রোহ আচরণ করে, তাহাদিগের যে কিছু পুণ্য থাকে তৎ সমুদায় পাপরূপে পরিগণিত হয়, ইহাতে কোন সন্দেহ নাই ॥ ১৪৫ ॥

অতএব বুদ্ধিমান্ ব্যক্তি শ্রীকৃষ্ণবোধে সর্ব্বাগ্রে গুরুর অর্চ্চনা করিয়া

ত্র্যবরানসমান্ কুর্য্যাৎ প্রণামান্ দণ্ডপাতবৎ ॥

অতএব কৌর্ম্মে শ্রীব্যাসবচনং ॥

ব্যত্যস্তপাণিনা কার্য্যমুপসংগ্রহণং গুরোঃ।

সব্যেন সব্যঃ প্রষ্টব্যো দক্ষিণেন তু দক্ষিণঃ ॥ ইতি ॥ ১৪৬ ॥

অথ শ্রীগুরুপাদানাং প্রাপ্যানুজ্ঞাঞ্চ সাধকঃ।

প্রাক্ সংস্কৃতং হরের্গেহং প্রবেক্ষ্যন্ পাদুকে ত্যজেৎ ॥

তথা চাপস্তম্বঃ ॥

অগ্ন্যাগারে গবাং গোষ্ঠে দেবব্রাহ্মণসন্নিধৌ।

জপে ভোজনকালেচ পাদুকে পরিবর্জয়েদিতি ॥ ১৪৭ ॥

ত্রয়োঽবরা অন্ত্যা যেষু তান্ ত্রিভ্যোঽন্যূনানিত্যর্থঃ অসমান্ অযুগ্মান্। উপসংগ্রহণং শ্রীপদদ্বয়ধারণং তৎপ্রকারমেবাহ সব্যেনেতি। নিজসব্যপাণিনা গুরোঃ সব্যপাদ ইত্যর্থঃ। এবমগ্রেঽপি ॥ ১৪৬ ॥

শ্রীগুরুপাদানামিতি গৌরবেণ বহুত্বং। সাধকঃ শ্রীভগবদারাধকঃ। প্রবেক্ষ্যন্ প্রবেশং করিষ্যন্ প্রবেশাৎ পূর্ব্বমেবেত্যর্থঃ। পরিবর্জয়েদগ্ন্যাগারাদিভ্যো দূরতস্ত্যজেদিত্যর্থঃ ॥ ১৪৭ ॥

দণ্ডের ন্যায় পতিত হওত তিনের অন্যূন অযুগ্ম প্রণাম করিবেন ॥

অতএব কূর্ম্মপুরাণে শ্রীব্যাসের বাক্য ॥

ব্যত্যস্ত হস্তে অর্থাৎ দুই হস্ত উল্টা পাল্টা করিয়া গুরুর পাদপদ্ম স্পর্শ পূর্ব্বক নমস্কার করিবে। অর্থাৎ বাম করে বাম চরণ ও দক্ষিণ করে দক্ষিণ চরণ স্পর্শ করিবে ॥ ১৪৬ ॥

অনন্তর সাধক গুরুচরণের অনুজ্ঞা প্রাপ্ত হইয়া মার্জিত করা হরিমন্দিরে প্রবেশ করিবার পূর্ব্বে পাদুকা পরিত্যাগ করিবেন ॥

অতএব আপস্তম্ব বলিয়াছেন ॥

যে গৃহে আহবনীয় অগ্নি স্থাপিত আছে সেই গৃহে, গোপ্রচার স্থানে, দেবতা ও ব্রাহ্মণের সন্নিকটে, জপ কালে এবং ভোজন সময়ে, পাদুকা পরিত্যাগ করিবে ॥ ১৪৭ ॥

ততঃ শ্রীভগবৎপূজামন্দিরস্যাঙ্গনংগতঃ।
প্রক্ষাল্য হস্তৌ পাদৌ চ দ্বিরাচমনমাচরেৎ ॥
তথাচ মার্কণ্ডেয়ে ॥
দেবার্চ্চনাদিকার্য্যাণি তথা গুর্ব্বভিবাদনং।
কুর্ব্বীত সম্যগাচম্য তদ্বদেব ভুজিক্রিয়াং ॥ ইতি ॥ ১৪৮ ॥

॥ * ॥ ইতি শ্রীগোপালভট্টবিলিখিতে ভগবদ্ভক্তিবিলাসে শ্রীবৈষ্ণবালঙ্কারো নাম চতুর্থো বিলাসঃ ॥ * ॥ ৪ ॥ * ॥

সম্যগাচম্যেতি দ্বিরাচমনং বোধয়তি তত্রৈব সম্যক্ত্বাৎ ॥ ১৪৮ ॥

॥ * ॥ ইতি শ্রীভগবদ্ভক্তিবিলাসে চতুর্থঃ ॥ * ॥

তাহার পর শ্রীভগবানের পূজামন্দিরের প্রাঙ্গণে উপস্থিত হইয়া হস্ত পাদ প্রক্ষালন পূর্ব্বক দুই বার আচমন করিবে ॥

অতএব মার্কণ্ডেয়পুরাণে ॥

দেবতার অর্চ্চন প্রভৃতি কর্ম্ম এবং গুরু-নমস্কার তথা ভোজনকর্ম্ম যথাবিধানে আচমন করিয়া করিবে ॥

॥ * ॥ ইতি শ্রীগোপালভট্ট বিলিখিতে ভগবদ্ভক্তিবিলাসে শ্রীরামনারায়ণবিদ্যারত্নানুবাদিতে শ্রীবৈষ্ণবালঙ্কারনামক চতুর্থ বিলাস সম্পূর্ণ ॥ * ॥ ৪ ॥ * ॥

পঞ্চমবিলাসঃ।

শ্রীচৈতন্যপ্রভুং বন্দে বালোঽপি যদনুগ্রহাৎ—
তরেন্নানামতগ্রাহব্যাপ্তং পূজাক্রমার্ণবং ॥ ১ ॥
শ্রীমদ্গোপালদেবস্যাষ্টাদশাক্ষরমন্ত্রতঃ।
লিখ্যতেঽর্চ্চাবিধির্গূঢ়ঃ ক্রমদীপিকয়েক্ষিতঃ।
আগমোক্তেন মার্গেণ ভগবান্ ব্রাহ্মণৈরপি।
সদৈব পূজ্যোঽতো লেখ্যঃ প্রায় আগমিকো বিধিঃ ॥ ২ ॥

শ্রীচৈতন্যায় নমঃ। বালোঽজ্ঞঃ পক্ষে শিশুঃ। নানাবিধমতান্যেব গ্রহা নৈস্তর্ব্যাপ্তং। পূজায়াঃ ক্রমো বিধিঃ বিধানুক্রমো বা স এবার্ণবস্তং ॥ ১ ॥

অষ্টাদশাক্ষরমন্ত্রেণ যোঽর্চ্চাবিধিঃ পূজাপ্রকারঃ স লিখ্যতে যদ্যপি দশাক্ষরাদিনাপি পূজাবিধৌ ভেদো নাস্তি তথাপি ন্যাসাদিভেদাপেক্ষয়া তথা লিখিতঃ। গূঢ়োঽপি ক্রমদীপিকয়া শ্রীকেশবাচার্য্যবিরচিতয়া ঈক্ষিতঃ দর্শিতঃ সন্। অতঃ ক্রমদীপিকোক্তানুসারেণ লেখ্যইতি ভাবঃ ॥ ২ ॥

পূজাবিধি সমুদ্রস্বরূপ কিন্তু নানাবিধ মতরূপী কুম্ভীরাদি হিংস্র জন্তুতে পরিব্যাপ্ত। যাঁহার কৃপা প্রাপ্ত হইলে বালকও ঐ সমুদ্র পার হইতে পারে, আমি সেই প্রভু শ্রীকৃষ্ণচৈতন্যদেবকে নমস্কার করি ॥১॥

শ্রীমান্ গোপালদেবের অষ্টাদশাক্ষর মন্ত্র অনুসারে যে পূজার বিধি তাহাই লিখিত হইতেছে, ইহা ক্রমদীপিকার মতানুযায়ী। ব্রাহ্মণেরাও সর্ব্বদা তন্ত্রোক্ত বিধানানুসারেই পূজা করিবেন অতএব প্রায় তন্ত্রোক্ত বিধানানুসারেই পূজাবিধি লিখিত হইবে ॥ ২ ॥

তথাচ বিষ্ণুযামলে ॥

কৃতে শ্রুত্যুক্তমার্গঃ স্যাৎ ত্রেতায়াং স্মৃতিভাবিতঃ।
দ্বাপরে তু পুরাণোক্তঃ কলাবাগমসম্ভবঃ।
অশুদ্ধাঃ শূদ্রকল্পা হি ব্রাহ্মণাঃ কলিসম্ভবাঃ।
তেষামাগমমার্গেণ শুদ্ধির্ন শ্রৌতবর্ত্মনা ॥ ৩ ॥
শ্রীকৃষ্ণদ্বারদেবেভ্যো দত্ত্বা পাদ্যাদিকং ততঃ।
গন্ধপুষ্পৈরর্চ্চয়েত্তান্ যথাস্থানং যথাক্রমং ॥ ৪ ॥
দ্বারাগ্রে সপরীবারান্ ভূপীঠে কৃষ্ণপার্ষদান্।

তেষামাগমমার্গেণ শুদ্ধির্ন শ্রৌতবর্ত্মনেত্যনেন তৈরপি আগমিকবিধিনৈব পূজাকার্য্যেতি ভাবঃ। তথা চৈকাদশস্কন্ধে। নানাতন্ত্রবিধানেন কলাবপি তথা শৃণু ইতি। তত্র শ্রীধর স্বামিপাদাঃ। নানাতন্ত্রবিধানেনেতি কলৌ তন্ত্রমার্গস্য প্রধান্যং দর্শয়তীতি ॥ ৩ ॥

তান্ শ্রীকৃষ্ণদ্বারদেবান্। প্রণবাদিচতুর্থ্যান্তং দেবনাম নমোঽন্তকমিত্যগ্রে লেখ্যত্বা-দত্রৈব প্রয়োগঃ। শ্রীকৃষ্ণদ্বারদেবতাভ্যো নমঃ। অনেন মন্ত্রেণ পাদ্যার্ঘ্যাদিকং দত্ত্বা গন্ধা-দিভিঃ পুনর্বিশেষেণ পূজয়েদিত্যর্থঃ। এবমগ্রেঽপি সপরিবারেভ্যঃ শ্রীকৃষ্ণপার্ষদেভ্যো নম ইত্যাদি প্রয়োগো দ্রষ্টব্যঃ ॥ ৪ ॥

এবং সামান্যেন সর্ব্বেষামেব পূজাবিধি র্লিখিত ইদানীং যথা স্থানং যথাক্রমমিতি

অতএব বিষ্ণুযামলে কথিত হইয়াছে ॥

সত্যযুগে বেদোক্ত বিধি, ত্রেতাযুগে স্মৃতিসম্মত, দ্বাপরে পুরা-ণোক্ত এবং কলিতে তন্ত্র প্রতিপাদিত। কলিজাত ব্রাহ্মণগণ শূদ্রের তুল্য অশুচি, আগমোক্ত বিধি দ্বারা তাঁহাদের শুদ্ধি জন্মে, বেদোক্ত বিধান দ্বারা শুদ্ধি হয় না ॥ ৩ ॥

অথ দ্বারপূজা ॥

(গুরুপূজার পর) শ্রীকৃষ্ণের দ্বারস্থ দেবতাদিগকে পাদ্যাদি প্রদান করিয়া যথাস্থানে এবং যথাক্রমে গন্ধ পুষ্প দ্বারা তাঁহাদিগের পূজা করিবে ॥ ৪ ॥

প্রথমতঃ দ্বারের অগ্রে যে পৃথিবীরূপ পীঠ, তাহাতে সপরিবারে

তদগ্রে গরুড়ং দ্বারস্যোর্দ্ধে দ্বারশ্রিয়ং যজেৎ।
প্রাগ্‌দ্বারোভয়পার্শ্বে তু যজেচ্চণ্ডপ্রচণ্ডকৌ।
দ্বারেচ দক্ষিণে ধাতৃবিধাতারৌ চ পশ্চিমে।
জয়ঞ্চ বিজয়ঞ্চৈব বলং প্রবলমুত্তরে।
দ্বন্দ্বশস্ত্বেবমভ্যর্চ্চ্য দেহল্যাং বাস্তুপুরুষং ॥ ৫ ॥
দ্বারান্তঃপার্শ্বয়োর্গঙ্গাং যমুনাঞ্চ ততোঽর্চ্চয়েৎ।
তৎপার্শ্বয়োঃ শঙ্খনিধিং তথা পদ্মনিধিং যজেৎ ॥ ৬ ॥
গণেশং মন্দিরস্যাগ্নিকোণে দুর্গাঞ্চ নৈর্ঋতে।

যল্লিখিতং তদেব বিবিচ্য লিখতি দ্বারাগ্র ইতি দ্বাভ্যাং। তত্রাপ্যাদৌ দ্বারস্যাগ্রে যৎ ভূরূপং পীঠং তত্র সমস্তপরিবারান্বিতান্ শ্রীকৃষ্ণপার্ষদান্ যজেৎ পূজয়েৎ। অনন্তরং তস্য দ্বারস্যাগ্রে গরুড়ং। যদ্যপি দ্বারশ্রিয়োঽর্চ্চনং প্রবলার্চ্চনানন্তরমেব ক্রমদীপিকায়ামুক্তং তথাপি ইষ্টেতি ক্ত্বা প্রত্যয়েন চণ্ডাদিপূজাতঃ পূর্ব্বকাল এবেতি বোধিতং তথৈব সদাচারাৎ। কিঞ্চ দ্বন্দ্বশঃ ইত্যগ্রে লিখনাৎ চণ্ডপ্রচণ্ডাভ্যাং নম ইত্যেবং যুগ্মত্বেন প্রয়োগো জ্ঞেয়ঃ ॥ ৫ ॥

দ্বারস্যান্তঃ অভ্যন্তরে তৎপার্শ্বদ্বয়ে তয়োর্গঙ্গাযমুনয়োঃ পার্শ্বদ্বয়ে ॥ ৬ ॥

আগ্নেয়ে কোণে গণেশমর্চ্চয়েৎ। তথাচোক্তং ক্রমদীপিকায়াং পরিবারাঃ কৃতাঃ সর্ব্বে

কৃষ্ণপার্ষদদিগের, তাহার সম্মুখে গরুড়ের এবং তাহার পর দ্বারের ঊর্দ্ধ দেশে দ্বারলক্ষ্মীর পূজা করিবে ॥

বহির্দ্বারের উভয়পার্শ্বে চণ্ড ও প্রচণ্ডের, দ্বারদেশের দক্ষিণভাগে ধাতা ও বিধাতার, পশ্চিম ভাগে জয় ও বিজয়ের, উত্তরভাগে বল ও প্রবলের পূজা করিবে। এইরূপে একএক দ্বারে দুই দুই দেবতার পূজা করিয়া দেহলী দেশে অর্থাৎ দ্বারের সম্মুখবর্ত্তি স্থানে বাস্তুপুরুষের পূজা করিয়া ॥ ৫ ॥

পরে দ্বারের অভ্যন্তর ভাগের দুইপার্শ্বে গঙ্গা ও যমুনার অর্চ্চনা করিবে। তাঁহাদিগের পার্শ্বে শঙ্খনিধি ও পদ্মনিধির পূজা করিবে ॥ ৬ ॥

মন্দিরের অগ্নিকোণে গণেশের, নৈর্ঋত কোণে দুর্গার, বায়ুকোণে

বাণীং বায়ব্য ঐশানে ক্ষেত্রপালং তথার্চ্চয়েৎ ॥ ৭ ॥
দ্বাঃশাখামাশ্রয়ন্ বামাং সঙ্কোচ্যাঙ্গানি দেহলীং।
অস্পৃষ্ট্বা প্রবিশেদ্বেশ্ম ন্যস্যন্ প্রাগ্ দক্ষিণং পদং ॥ ৮ ॥
তথাচ শারদাতিলকে ॥
কিঞ্চিৎ স্পৃশন্ বামশাখাং দেহলীং লঙ্ঘয়ন্ গুরুঃ।
অঙ্গং সঙ্কোচয়ন্নন্তঃ প্রবিশেদ্দক্ষিণাঙ্ঘ্রিণা ॥
তন্মাহাত্ম্যঞ্চ হরিভক্তিসুধোদয়ে ॥

পুনঃ শ্রীবিষ্ণুপার্ষদাঃ। দ্বারাগ্রাবলি পীঠে হর্চ্চ্যাঃ পক্ষীন্দ্রশ্চ তদগ্রতঃ। চণ্ডপ্রচণ্ডৌ প্রাগ্‌ধাতৃবিধাতারৌ চ দক্ষিণে। জয়শ্চ বিজয়ঃ পশ্চাদ্ বলঃ প্রবল উত্তরে। উর্দ্ধে দ্বার শ্রিয়ং চেষ্ট্বা দ্বার্গোত্রান্ যুগ্মশোঽর্চ্চয়েৎ। পূজ্যো বাস্তুপুমাংস্তত্র তত্র দ্বাঃপীঠমধ্যতঃ। দ্বারান্তঃপার্শ্বয়োরর্চ্চ্যা গঙ্গা চ যমুনানদী। কোণেষু বিষ্ণুং দুর্গাঞ্চ বাণীং ক্ষেত্রে সমর্চ্চয়েদিতি ॥ ৭ ॥

বামাং স্ববামভাগবর্ত্তিনীং দ্বারশাখাং আশ্রয়ন্ ঈষৎ স্পৃশন্। নিজাঙ্গানি সঙ্কোচ্য দেহলীং অস্পৃষ্ট্বা ন লঙ্ঘয়িত্বেত্যর্থঃ। দক্ষিণং পদং প্রাক্ আদৌ ন্যস্যন্। দক্ষিণপাদন্যাস ক্রমেণেত্যর্থঃ। বেশ্ম শ্রীভগবন্মন্দিরং হরের্গেহং প্রবেক্ষ্যামিতি পূর্ব্বলিখনাৎ। প্রবিশেৎ তন্মধ্যং শনৈঃ পূজকো গচ্ছেৎ ॥ ৮ ॥

গুরুরিতি দীক্ষাবিধানোক্তঃ ॥ ৯ ॥

সরস্বতীর এবং ঈশানকোণে ক্ষেত্রপালের পূজা করিবে ॥ ৭ ॥

নিজের বামভাগ স্থিত দ্বারশাখা অর্থাৎ চৌকাঠের সহিত সংলগ্ন ভূমিভাগ ঈষৎ স্পর্শ করত অঙ্গ সঙ্কোচ করিয়া দেহলী স্পর্শ না করিয়া প্রথমতঃ দক্ষিণ পাদ প্রক্ষেপণ পূর্ব্বক গৃহে প্রবেশ করিবে ॥ ৮ ॥

অতএব শারদাতিলকে বলিয়াছেন ॥

গুরু বাম শাখা অর্থাৎ বামদিকের দুয়ারের বাজু ঈষৎ স্পর্শ করত দেহলী লঙ্ঘন এবং অঙ্গ সঙ্কোচ করিয়া দক্ষিণ পাদ প্রক্ষেপণ পূর্ব্বক ভিতরে প্রবেশ করিবেন ॥

গৃহ প্রবেশের মাহাত্ম্য যথা—হরিভক্তি সুধোদয়ে ॥

প্রবিশন্নালয়ং বিষ্ণোরর্চ্চনার্থং সুভক্তিমান্।
ন ভূয়ঃ প্রবিশেন্মাতুঃ কুক্ষিকারাগৃহং সুধীঃ ॥ ৯ ॥

অথ গৃহান্তঃপূজা ॥

নৈঋর্তে বাস্তুপুরুষং ব্রহ্মাণমপি পূজয়েৎ।
আসনস্থো যজেত্তাংস্তানন্যত্র ভগবদ্গৃহাৎ ॥ ১০ ॥

তত্তৎপূজামন্ত্রশ্চোক্তঃ ॥

প্রণবাদিচতুর্থ্যন্তং দেবনাম নমোঽন্তকং।
পূজামন্ত্রমিদং প্রোক্তং সর্ব্বত্রার্চ্চনকর্ম্মণি ॥ ইতি ॥ ১১ ॥

ভগবদ্গৃহাৎ দেবালয়াদন্যত্র পরাস্মিন্ স্থানে তাংস্তান্ শ্রীকৃষ্ণপার্ষদাদান্ সর্ব্বান্। আসনস্থঃ আসনে উপবিষ্টঃ সন্নেব পূজয়েৎ অতএব তথাগ্রে লেখ্যং বিঘ্ননিবারণং। পূজারম্ভে দ্বারদেবতাপূজায়াঃ প্রাগেব ভগবদ্গৃহে তু তিষ্ঠন্নেব তাংস্তান্ পূজয়েদিত্যর্থঃ ভগবদগ্রেঽন্য পূজার্থাসনাযোগ্যত্বাৎ। যদ্বা তত্তৎ পূজার্থং তত্তদগ্রে গমনেন পুনঃ পুনরাসনাসম্ভবাৎ। মুহুরাগমনেন কালাপেক্ষাচ্চ। অতএব পার্ষ্ণিপ্রহারাদিনা বিঘ্ননিবারণমপ্যালিখিত্বা নিশ্চলাসনাবসরেঽগ্রে লিখিষ্যতে ॥ ১০ ॥

অত্র প্রায়োদেবালয়ান্তঃপূজাবিধিলিখনাৎ কেচিচ্চ দ্বারপূজানন্তরং গৃহান্তঃপ্রবেশাৎ

পূজার নিমিত্ত ভক্তি সহকারে বিষ্ণুমন্দিরে প্রবেশ করিলে পণ্ডিত ব্যক্তিকে আর জননীর কুক্ষিরূপ কারাগারে প্রবেশ করিতে হয় না ॥ ৯

অথ গৃহের মধ্যে পূজা ॥

গৃহের নৈঋর্তকোণে বাস্তুপুরুষের এবং ব্রহ্মারও পূজা করিবে। ভগবান্ যে গৃহে অবস্থিত আছেন, তথা হইতে অন্য স্থানে আসনে উপবেশন করিয়া শ্রীকৃষ্ণের বিশেষ ২ পার্ষদগণের পূজা করিবে ॥ ১০

সেই সেই পার্ষদদিগের পূজার মন্ত্র উক্ত হইয়াছে যথা—

অগ্রে প্রণব, তাহার পর পূজ্য দেবতার চতুর্থী বিভক্ত্যন্ত নাম, শেষে নমঃ শব্দ অর্থাৎ "ওঁ অমুকদেবতায়ৈ নমঃ"। সমুদায় পূজা কর্ম্মে পূজার এইরূপ মন্ত্র কথিত হইয়াছে ॥ ১১ ॥

অথ কৃষ্ণাগ্রতস্তিষ্ঠন্ কৃত্বা দিগ্বন্ধনং ক্ষিপেৎ।
পুষ্পাক্ষতান্ সমস্তাসু দিক্ষু তন্ত্রোক্তমন্ত্রতঃ॥ ১২॥

অথ পূজার্থাসনং॥

ততশ্চাসনমন্ত্রেণাভিমন্ত্র্যাভ্যর্চ্চ্য চাসনং।
তস্মিন্নুপবিশেৎ পদ্মাসনেন স্বস্তিকেন বা॥ ১৩॥

প্রাগেব বিঘ্ননিবারণমিচ্ছন্তি। অত্র সৎসম্প্রদায়াচার এব ১ তিরিতিদিক্। দেবস্য পূজাস্য নাম। পূজা মন্ত্রমিতি নপুংসকত্বমার্ষং॥ ১১॥

অত্র দিগ্বন্ধনে পুষ্পক্ষেপণে চ উক্তঃ শাস্ত্রে যো মন্ত্রঃ ওঁ শার্ঙ্গায় সশরায় হুং ফট্ নম ইতি তেনেত্যর্থঃ॥ ১২॥

অভ্যর্চ্চ্য ওঁ আধারশক্তয়ে নম ইতি সংপূজ্য। তস্মিন্ আসনে। তত্র পদ্মাসনং। সব্যং পাদমুপাদায় দক্ষিণোপরি বিন্যসেৎ। তথৈব দক্ষিণং সব্যস্যোপরিষ্টান্নিধাপয়েৎ। বিষ্টভ্য কটুরোগ্রীবা নাসাগ্রন্যস্তলোচনঃ। পদ্মাসনং ভবেদেতৎ সর্ব্বেষামপি পূজিতমিতি। ক্বচিচ্চ। বামোরূপরি দক্ষিণং হি চরণং সংস্থাপ্য বামং তত ইত্যাদি। স্বস্তিকং চোক্তং। জানূর্ব্বোরন্তরে সম্যক্ কৃত্বা পাদতলে উভে। ঋজুকায়ো বিশেদ্যোগী স্বস্তিকং তৎ প্রচক্ষতে ইতি॥ ১৩॥

অনন্তর শ্রীকৃষ্ণের সম্মুখে উপবেশন করিয়া দিগ্বন্ধন করত তন্ত্রোক্ত মন্ত্র উচ্চারণ পূর্ব্বক অর্থাৎ "ওঁ শার্ঙ্গায় হুং ফট্" এই বলিয়া সকল দিকে পুষ্প ও আতপ তণ্ডুল নিক্ষেপ করিবে॥ ১২॥

অথ পূজার নিমিত্ত আসন॥

অনন্তর আসন মন্ত্র, অর্থাৎ "ওঁ আধারশক্তয়ে নমঃ" ইহার দ্বারা আসনকে আমন্ত্রণ ও অর্চ্চনা করিয়া সেই আসনের উপর পদ্মাসনে বা স্বস্তিকাসনে * উপবেশন করিবে॥ ১৩॥

* বাম পাদ লইয়া দক্ষিণ পদের উপর এবং দক্ষিণ পদ লইয়া বাম পদের উপর স্থাপন করিবে। কটিদেশ, বক্ষঃস্থল ও গ্রীবাদেশ স্থির করিয়া রাখিবে চক্ষুঃ নাসার অগ্রভাগে বিন্যস্ত করিবে, এইরূপ উপবেশন করার নাম পদ্মাসন।

জানুদেশ ও উরুদেশের মধ্যভাগে উভয় পদতল স্থাপন করত সরল ভাবে উপবেশন করার নাম স্বস্তিকাসন॥

তত্র কৃষ্ণার্চ্চকঃ প্রায়ো দিবসে প্রাঙ্মুখো ভবেৎ।
উদঙ্মুখো রজন্যাস্তু স্থিরমূর্ত্তিশ্চ সংমুখঃ॥
তথাচৈকাদশস্কন্ধে॥
আসীনঃ প্রাগুদগ্বার্চ্চেৎ স্থিরায়াস্ত্বথ সম্মুখঃ॥
অথাসনমন্ত্রঃ॥
আসনমন্ত্রস্য মেরুপৃষ্ঠঋষিঃ সুতলং ছন্দঃ
কূর্ম্মো দেবতা আসনাভিমন্ত্রণে বিনিয়োগঃ॥
পৃথ্বি ত্বয়া ধৃতা লোকা দেবি ত্বং বিষ্ণুনা ধৃতা।
ত্বঞ্চ ধারয় মাং নিত্যং পবিত্রমাসনং কুরু॥ ১৪॥
অথাসনানি। নারদপঞ্চরাত্রে॥
বংশাশ্মদারুধরণীতৃণপল্লবনির্ম্মিতং।

তত্র আসনে। প্রায় ইতি দিবা প্রাঙ্মুখত্বস্য নক্তং চোদঙ্মুখত্বস্য প্রশস্তত্বাৎ॥ ১৪॥

কৃষ্ণপূজক নিশ্চল দেহ এবং সম্মুখীন হইয়া দিবা ভাগে প্রায় পূর্ব্ব মুখে এবং রাত্রিকালে প্রায় উত্তর মুখে উপবেশন করিবে॥

অতএব একাদশ স্কন্ধে ২৭ অধ্যায়ে ১৮ শ্লোকে॥

আসনে উপবিষ্ট হইয়া পূর্ব্বমুখ বা উত্তরমুখ হইয়া অর্চ্চনা করিবে, কিন্তু প্রতিমা থাকিলে তাঁহাকে সম্মুখ করিয়া উপবিষ্ট হইবে॥

অথ আসন মন্ত্র॥

আসন মন্ত্রের ঋষি মেরুপৃষ্ঠ, ছন্দঃ সুতল এবং দেবতা কূর্ম্ম, আসন অভিমন্ত্রণ বিষয়ে প্রেরণ। হে পৃথিবি! তুমি সমস্ত লোক ধারণ করিয়াছ, হে দেবি! বিষ্ণু তোমাকে ধারণ করিয়াছেন, তুমিও সর্ব্বদা আমাকে ধারণ এবং আসনকে পবিত্র কর॥ ১৪॥

অথ নানাবিধ আসন। নারদপঞ্চরাত্রে॥

বংশ, প্রস্তর, কাঠ, মৃত্তিকা কুশ ভিন্ন তৃণ এবং পত্রনির্ম্মিত আসন

বর্জ্জয়েদাসনং বিদ্বান্ দারিদ্র্যব্যাধিদুঃখদং।
কৃষ্ণাজিনং কম্বলম্বা নান্যদাসনমিষ্যতে ॥ ১৫ ॥

অন্যত্র চ ॥

কৃষ্ণাজিনং ব্যাঘ্রচর্ম্ম কৌশেয়ং বেত্রনির্ম্মিতং ॥
বস্ত্রাজিনং কম্বলম্বা কল্পয়েদাসনং মৃদু ॥ ১৬ ॥

অথ বিশেষত আসনদোষগুণৌ ॥

নারদপঞ্চরাত্রে ॥

বংশাদাহু র্দরিদ্রত্বং পাষাণে ব্যাধিসম্ভবং।
ধরণ্যাং দুঃখসম্ভূতিং দৌর্ভাগ্যং দারবাসনে।
তৃণাসনে যশোহানিং পল্লবে চিত্তবিভ্রমং।

তৃণাসনঞ্চ দর্ভাতিরিক্ততৃণনির্ম্মিতং জ্ঞেয়ং। একাদশস্কন্ধে প্রাগুদর্ভৈঃ র্ক্তাসন ইতি শ্রীভগবদুক্তেঃ ॥ ১৫ ॥

কৃষ্ণাজিনং ব্যাঘ্রচর্ম্মেত্যাদিনা আসনাদৌ মতভেদ আপ্রমাণিকত্বেদেন। তত্র বহূনাং যম্মতং তদেব স্বসংপ্রদায়ানুসারেণ গ্রাহ্যমিতি দিক্ ॥ ১৬ ॥

দারিদ্র্য, রোগ ও দুঃখ প্রদান করে, একারণ পণ্ডিত ব্যক্তি এই সকল আসন পরিত্যাগ করিবেন। কৃষ্ণসার মৃগচর্ম্ম এবং কম্বল ভিন্ন অন্য আসন গ্রহণ করা উচিত নহে ॥ ১৫ ॥

অন্যস্থানেও বলিয়াছেন ॥

কৃষ্ণসার মৃগচর্ম্ম, ব্যাঘ্রচর্ম্ম, পট্টবস্ত্র, বেত্রনির্ম্মিত, অথবা কম্বল এতদ্দ্বারা কোমল আসন প্রস্তুত করিবে ॥ ১৬ ॥

অথ বিশেষরূপে আসনের দোষগুণ ॥

নারদপঞ্চরাত্রে ॥

পণ্ডিতগণ বলিয়াছেন বংশে দরিদ্রতা, পাষাণে রোগোৎপত্তি, মৃত্তিকায় দুঃখসম্ভব, কাষ্ঠাসনে দৌর্ভাগ্য, তৃণাসনে যশোহানি, পল্লবাসনে

দর্ব্ভাসনে ব্যাধিনাশঃ কম্বলং দুঃখমোচনং ॥

কিঞ্চ শ্রীভগবদ্গীতাসু ॥

শুচৌ দেশে প্রতিষ্ঠাপ্য স্থিরমাসনমাত্মনঃ।
নাত্যুচ্ছ্রিতং নাতিনীচং চৈলাজিনকুশোত্তরমিতি ॥ ১৭ ॥

যথোক্তমুপবিশ্যাথ সংপ্রদায়ানুসারতঃ।
শঙ্খাদিপূজাসম্ভারান্ ন্যস্যেত্তত্তৎপদেষু তান্ ॥ ১৮ ॥

তত্র পাত্রাসাদনং ॥

স্বস্য বামাগ্রতঃ শঙ্খং সাধারং স্থাপয়েদ্বুধঃ।
তত্রৈবার্ঘ্যাদিপাত্রাণি ন্যস্যেচ্চ দ্বারি ভাগশঃ ॥

চৈলাজিনকুশোত্তরমিতি প্রথমং প্রাগগ্রকুশাস্তদুপরি কৃষ্ণাজিনং তদুপরি চীরমিত্যর্থঃ ॥ ১৭ ॥

সম্প্রদায়ানুসারত ইতি বিবিধমতভেদাভিপ্রায়েণ। তত্তৎ পদেষু তেষাং তেষামুচিত স্থানেষু তান্ প্রসিদ্ধান্ অগ্রে লেখ্যান্ বা ॥ ১৮ ॥

তদেব বিবিচ্য লিখতি স্বস্যেতি সার্দ্ধত্রয়েণ আধারঃ শঙ্খস্যাশ্রয়স্তৎসহিতং। তত্র স্ব-বামাগ্রে এব আদিশব্দেন পাদ্যাচমনীয় মধুপর্কাঃ। ভাগশঃ পৃথক্ পৃথগিত্যর্থঃ। দক্ষিণে

চিত্তবিভ্রম, কুশাসনে রোগনাশ এবং কম্বলাসনে দুঃখমোচন হয় ॥

আরও ভগবদ্গীতায় ॥

অতিশয় উচ্চ না হয় এবং অতিশয় নীচও না হয় এই প্রকারে প্রথমে পূর্ব্বদিকে অগ্রভাগ বিশিষ্ট কুশ, তাহার উপরে কৃষ্ণসার চর্ম্ম ও তাহার উপরে পট্টবস্ত্র বিস্তৃত করিয়া আপনার নিশ্চল আসন পবিত্র দেশে স্থাপন করিবেন ॥ ১৭ ॥

অনন্তর সম্প্রদায় অনুসারে উল্লিখিত আসনে উপবেশন করিয়া শঙ্খ প্রভৃতি পূজার দ্রব্য সকল নিম্নলিখিত উচিত ২ স্থানে স্থাপন করিবে॥১৮

সেই বিষয়ে পাত্রের গ্রহণ ॥

পণ্ডিত ব্যক্তি আপনার বামদিকের সম্মুখে আধারের সহিত শঙ্খ স্থাপন করিবেন, সেই স্থানেই অর্ঘ্যাদির অর্থাৎ অর্ঘ্য, পাদ্য, আচমনীয়

তুলসীগন্ধপুষ্পাদিভাজনানি চ দক্ষিণে।
বামে চ স্থাপয়েৎ পার্শ্বে কলসং পূর্ণমম্ভসা।
দক্ষিণে ঘৃতদীপঞ্চ তৈলদীপঞ্চ বামতঃ।
সম্ভারানপরানন্যস্তেৎ স্বদৃষ্টিবিষয়ে পদে।
করপ্রক্ষালনার্থঞ্চ পাত্রমেকং স্বপৃষ্ঠতঃ॥
অত্র পাত্রাণি তন্মাহাত্ম্যঞ্চ দেবীপুরাণে—
নানাবিচিত্ররূপাণি পুণ্ডরীকাকৃতীনি চ।
শঙ্খনীলোৎপলাভানি পত্রাণি পরিকল্পয়েৎ।
রত্নাদিরচিতান্যেব কাঞ্চীমূলযুতানি চ।
যথাশোভং যথালাভং তথা পত্রাণি কারয়েৎ॥

তুলস্যাদি পত্রাণি। কলসঃ প্রোক্ষণীয়জলকুম্ভং। অপরান্ বস্ত্রালঙ্কারাদীন্। স্বস্যাত্মনো দৃষ্টের্বিষয়ে গোচরে যৎ পদং স্থানং তস্মিন্॥ ১৯॥

ও মধুপর্কের পাত্র সকল স্থানে ২ বিভাগ করিয়া রাখিবেন। দক্ষিণদিকে তুলসী, চন্দন ও পুষ্পাদির পাত্র সকল রাখিবেন। আর বামদিকে জলপূর্ণ কলস সংস্থাপন করিবেন। দক্ষিণে ঘৃতের দীপ ও বামদিকে তৈলের দীপ রাখিবেন। অপর অন্যান্য পূজা সামগ্রী সকল, যে স্থানে আপনার দৃষ্টিপাত হয়, এরূপ স্থানে স্থাপন করিবেন। আর হস্তপ্রক্ষালন নিমিত্ত আপনার পৃষ্ঠদেশে একটী পাত্র রাখিবেন॥

অথ নানাবিধ পাত্র এবং ঐ সকল পাত্রের মাহাত্ম্য দেবীপুরাণে॥

পাত্র সকল নানাবিধ আশ্চর্য্য রূপ করিবে তন্মধ্যে কতক গুলির আকার পদ্মের ন্যায়, কতক গুলি শঙ্খের মত, আর কতক গুলি নীলোৎপলের তুল্য॥

ঐ সকল পাত্র রত্নাদি দ্বারা নির্ম্মিত হইবে এবং তাহাতে মেখলার মূলভাগ সংযুক্ত থাকিবেক, অথবা যাহাতে শোভা হয় এবং যাহা অনা-

কিঞ্চ—

হৈমপাত্রেণ সর্ব্বাণি চেপ্সিতানি লভেন্মুনে।
অর্ঘ্যং দত্ত্বা তথা রৌপ্যেণায়ূরাজ্যং শুভং ভবেৎ।
তাম্রপাত্রেণ সৌভাগ্যং ধর্ম্মং মৃণ্ময়সম্ভবং॥

বারাহে॥

সৌবর্ণং রাজতং কাংস্যং যেন দীয়েত ভাজনং।
তান্ সর্ব্বান্ সংপরিত্যজ্য তাম্রন্তু মম রোচতে।
পবিত্রাণাং পবিত্রং যো মঙ্গলানাঞ্চ মঙ্গলং।
বিশুদ্ধানাং শুচিশ্চৈব তাম্রং সংসারমোক্ষণং॥ ১৯॥
দীক্ষিতানাং বিশুদ্ধানাং মম কর্ম্মপরায়ণঃ।
সদা তাম্রেণ কর্ত্তব্যমেবং ভূমি মম প্রিয়মিতি॥ ২০॥

দীক্ষিতানাং মধ্যে যো মৎকর্ম্মপরায়ণস্তেন সদা তাম্রেণ কর্ত্তব্যমিত্যর্থঃ॥ ২০॥

যাদে পাওয়া যায় তাহার দ্বারাই পাত্র প্রস্তুত করাইবে॥

আরও বলিয়াছেন॥

হে মুনে! স্বর্ণপাত্রে অর্ঘ্য দান করিলে সর্ব্বপ্রকার ইষ্ট লাভ হয়, রৌপ্যপাত্রে আয়ুর্বৃদ্ধি, রাজ্যলাভ ও মঙ্গল হয়, আর তাম্রপাত্রে সৌভাগ্য এবং মৃণ্ময়পাত্রে ধর্ম্ম সঞ্চয় হয়॥

বরাহপুরাণে॥

সুবর্ণ, রজত বা কাংস্য, যাহার দ্বারাই পাত্র নির্ম্মাণ করিয়া দিউক, আমি সে সকল পরিত্যাগ করিয়া থাকি, তাম্রপাত্রেই আমার প্রীতি জন্মে, তাম্র সমুদায় পবিত্র বস্তু অপেক্ষা পবিত্র, সমস্ত মঙ্গলের মঙ্গলস্বরূপ এবং সমুদায় শুদ্ধ অপেক্ষা অধিক শুদ্ধ ও সংসারমোচক॥ ১৯॥

দীক্ষিত বিশুদ্ধ ব্যক্তিদিগের মধ্যে যিনি আমার পূজাপরায়ণ, হে পৃথিবি! তিনি তাম্রদ্বারা পাত্রনির্ম্মাণ করিবেন, এইরূপ পাত্রই আমার প্রিয়॥ ২০॥

কেচিচ্চ তাম্রপাত্রেষু গব্যাদের্যোগদোষতঃ।
তাম্রাতিরিক্তমিচ্ছন্তি মধুপর্কস্য ভাজনং ॥ ২১ ॥
তথৈব শঙ্খমেবার্ঘ্যপাত্রমিচ্ছন্তি কেচন।
শঙ্খে কৃত্বা তু পানীয়ং সপুষ্পং সলিলাক্ষতং।
অর্ঘ্যং দদাতি দেবস্যেত্যেবং স্কান্দেঽভিধানতঃ ॥ ২২ ॥
অথ মঙ্গলঘটস্থাপনং ॥
মঙ্গলার্থঞ্চ কলসং সজলং করকান্বিতং।
ফলাদিসহিতং দিব্যং ন্যসেদ্ভগবতোঽগ্রতঃ ॥
তথাচ স্কান্দে ॥

গব্যস্য ঘৃতব্যতিরিক্তস্য দুগ্ধাদিগোরসস্য। আদিশব্দান্মধুনশ্চ যোগে দোষাদ্ধেতোঃ। তথাচ স্মৃতিঃ। তাম্রপাত্রে স্থিতং গব্যং মদ্যতুল্যং ঘৃতং বিনেতি। মধুনশ্চ সুরাপরিবর্জ্জেন তাম্র পাত্রে‘দেয়ত্বাৎ। কেচিদিতি স্বমতং ব্যাবর্ত্তয়তি। দধিসর্পির্মধুসংযুক্ পাত্রে ঔড়ুম্বরে মমেতি সাক্ষাদ্ভগবদ্বরাহোক্তেঃ ॥ ২১ ॥

কেচনেচ্ছন্তীত্যত্র হেতুং লিখতি শঙ্খে কৃত্বেতি। স্কান্দেঽভিধানতঃ স্কন্দপুরাণোক্তেঃ ॥২২॥ পূর্ব্বং প্রোক্ষণীয়ঘটস্থাপনং লিখিতং ইদানীং মঙ্গলঘটন্যাসং লিখতি মঙ্গলার্থমিতি। আদি-শব্দেন কর্পূরাক্ষতাদি। দিব্যং পরমসুন্দরং ॥ ২৩ ॥

কেহ ২ বলেন গব্যাদির সহিত সংযুক্ত হইলে তাম্রপাত্র দূষিত হয়, একারণ তাঁহারা তাম্র ভিন্ন মধুপর্কের পাত্র ইচ্ছা করিয়া থাকেন ॥২১॥

ঐরূপ কেহ ২ ইচ্ছা করেন যে, শঙ্খকেই অর্ঘ্যপাত্র করিবেন, যে হেতু স্কন্দপুরাণে বলিয়াছেন, শঙ্খে করিয়া বিশুদ্ধ জল, পুষ্প, আতপ-তণ্ডুল ও তিল লইয়া কৃষ্ণকে অর্ঘ্যপ্রদান করিবে ॥ ২২ ॥

অথ মঙ্গলঘটস্থাপন ॥

মঙ্গল বিধানের উদ্দেশে ভগবানের সম্মুখে জল পূরিত, প্রস্তর খণ্ড সহিত, ফলাদি সমন্বিত দিব্য কলস স্থাপন করিবে ॥

অতএব স্কন্দপুরাণে বলিয়াছেন ॥

কুম্ভং সকল্পকং দিব্যং ফলকর্পূর সংযুতং।
ন্যসেদর্চ্চনকালে তু কৃষ্ণস্যাতীববল্লভমিতি ॥ ২৩ ॥
কিঞ্চ ॥
সনীরঞ্চ সকর্পূরং কুম্ভং কৃষ্ণায় যো ন্যসেৎ।
কল্পং তস্য ন পাপেক্ষাং কুর্ব্বন্তি প্রপিতামহাঃ ॥ ২৪ ॥
অথার্ঘ্যাদিপাত্রাণি ॥
প্রক্ষিপেদর্ঘ্যপাত্রে তু গন্ধপুষ্পাক্ষতান্ যবান্।
কুশাগ্রতিলদূর্ব্বাশ্চ সিদ্ধার্থানপি সাধকঃ।
কেচিচ্চাত্র জলাদীনি দ্রব্যাণ্যষ্টৌ বদন্তি হি ॥
যত উক্তং ভবিষ্যে ॥
আপঃ ক্ষীরং কুশাগ্রাণি দধ্যক্ষততিলাস্তথা।

কল্পং ব্রহ্মদিনং ব্যাপ্য পাপে ঈক্ষাং দৃষ্টিং ন কুর্ব্বন্তি ক্রিয়মাণমপি পাপং ন গৃহ্লন্তীত্যর্থঃ ॥ ২৪
অত্র অর্ঘ্যপাত্রে ॥ ২৫ ॥

পূজাকালে প্রস্তরখণ্ড সংযুক্ত ফল ও কর্পূর সমন্বিত দিব্য কলস স্থাপন করিবে, ইহা শ্রীকৃষ্ণের অত্যন্ত প্রিয় ॥ ২৩ ॥

আরও বলিয়াছেন ॥

যিনি শ্রীকৃষ্ণের উদ্দেশে সজল এবং সকর্পূর কলস স্থাপন করেন, যত দিন ব্রহ্মার পরমায়ু, তত দিনের মধ্যে তিনি পাপ করিলেও প্রপিতামহগণ তাঁহার সে পাপ গ্রহণ করেন না ॥ ২৪ ॥

অথ অর্ঘ্যাদি পাত্র সকল ॥

অর্ঘ্যপাত্রে চন্দন, পুষ্প, আতপ তণ্ডুল, কুশের অগ্রভাগ, তিল, দূর্ব্বা এবং শ্বেতসর্ষপ প্রক্ষেপ করিবে। কেহ কেহ ঐ অর্ঘ্যপাত্রে জল প্রভৃতি অষ্টদ্রব্যের ব্যবস্থা করেন ॥

যে হেতু ভবিষ্যপুরাণে বলিয়াছেন ॥

জল, দুগ্ধ, কুশাগ্র, দধি, আতপতণ্ডুল, যব, আর শ্বেতসর্ষপ, কথিত

যবাঃ সিদ্ধার্থকাশ্চৈবমর্ঘ্যোঽষ্টাঙ্গঃ প্রকীর্ত্তিতঃ।
পাদ্যপাত্রেচ কমলং দূর্ব্বাং শ্যামাকমেব চ।
বিনিক্ষিপেদ্বিষ্ণুপত্রীত্যেবং দ্রব্যচতুষ্টয়ং।
তথৈবাচমনীয়ার্থপাত্রে দ্রব্যত্রয়ং বুধঃ।
জাতীফলং লবঙ্গঞ্চ কক্কোলমপি নিক্ষিপেৎ।
মধুপর্কীয়পাত্রে চ গব্যং দধি পয়ো ঘৃতং।
মধুখণ্ডমপীত্যেবং নিক্ষিপেদ্দ্রব্য পঞ্চকং॥ ২৫॥
কেচিত্ত্রীণ্যেব পাত্রেঽস্মিন্ দ্রব্যাণীচ্ছন্তি সাধবঃ॥
যত উক্তং শ্রীবিষ্ণুধর্ম্মে॥
ঘৃতং দধি তথা ক্ষৌদ্রং মধুপর্কো বিধীয়তে॥
আদিবারাহে চ॥
দধিসর্পির্ম্মধুসমং পাত্রে ঔড়ুম্বরে মম।
মধুনস্তু অলাভেতু গুড়েন সহ মিশ্রয়েৎ।

অস্মিন্ মধুপর্কপাত্রে॥

আছে যে, অর্ঘ্যের এই অষ্ট অঙ্গ॥

পাদ্যপাত্রে পদ্ম, শ্যামাক (শ্যামা-ধান্য) এবং তুলসী নিক্ষেপ করিবে এইরূপ ইহাতে দ্রব্য চতুষ্টয়। আর পণ্ডিত ব্যক্তি আচমনীয় পাত্রে, জাতীফল, লবঙ্গ এবং কক্কোল এই তিন দ্রব্য নিক্ষেপ করিবেন। মধুপর্কপাত্রে গব্যদধি, দুগ্ধ, ঘৃত, মধু ও শর্করা এই পাঁচ দ্রব্য নিক্ষেপ করিবেন॥ ২৫॥

কতকগুলি সাধু ব্যক্তি ঐ পাত্রে তিনটী দ্রব্য ব্যবস্থা করিয়া থাকেন॥

যে হেতু বিষ্ণুধর্ম্মোত্তরে বলিয়াছেন॥

ঘৃত, দধি ও মধু এই তিন দ্রব্যে মধুপর্ক হইয়া থাকে॥

আদিবরাহপুরাণেও॥

আমার মধুপর্কে তাম্রপাত্রে দধি, ঘৃত ও মধু নিক্ষেপ করিবে। মধুর

ঘৃতস্যালাভে সুশ্রোণি লাজৈশ্চ সহ মিশ্রয়েৎ।
তথা দধ্নোঽপ্যলাভে তু ক্ষীরেণ সহ মিশ্রয়েৎ॥ ইতি॥ ২৬॥
তেষামভাবে পুষ্পাদি তত্তদ্ভাবনয়া ক্ষিপেৎ।
নারদস্ত্বাহ বিমলেনোদকেনৈব পূর্য্যতে॥ ২৭॥
মূলেন পাত্রৈণৈকৈকমষ্টকৃত্বোঽভিমন্ত্রয়েৎ।
কুর্য্যাচ্চ তেষাং পাত্রাণাং রক্ষণং চক্রমুদ্রয়া।
পূজামারভমাণো হি যথোক্তাসনমাস্থিতঃ।
পঠেন্মঙ্গলশান্তিং তাং যার্চ্চনে সম্মতা সতাং।

গুড়ুম্বরে তাম্রে। অত্র চ ঘৃতং বিনেতি স্মৃত্যুক্ত্যা ঘৃতসহিতেন তাম্রেঽপি গব্যস্য সংযোগো দ্রব্যান্তরসংযোগেন চ মধুনোঽপি ন দুষ্যতোবেতি সূচিতং॥ ২৬॥

নমু গুড়াদ্যভাবে তথান্যস্যাপি কস্যচিদভাবে সতি কিং কার্য্যমিত্যপেক্ষায়ামাহ তেষামিতি। উক্তানামর্ঘ্যাদিদ্রব্যাণামভাবে সতি তত্তদ্ভাবনয়েতি তেষাং তেষাং দ্রব্যাণাং মধ্যে যদ্যন্ন লভ্যতে তস্য তস্য ভাবনয়া তত্তদিদমিতি চিন্তয়িত্বা তত্তৎপরিবর্ত্তেন তত্তৎপাত্রেষু পুষ্পাদিকং নিক্ষিপেদিত্যর্থঃ। আদিশব্দেন তুলসীপত্রাদি। নমু পুষ্পাদ্যভাবেঽপি কিং কার্য্যং তত্র লিখতি নারদস্ত্বিতি। পূর্য্যতে তত্তৎপরিপূর্ণতা ভবতীত্যর্থঃ॥ ২৭॥

মূলেন মূলমন্ত্রেণ॥ ২৮॥

অভাবে গুড় মিশ্রিত করিবে। হে সুশ্রোণি! ঘৃতের অলাভ হইলে লাজ (খৈ) সহ মিশ্রিত করিবে তথা দধির অলাভ হইলে দুগ্ধের সহিত মিশ্রিত করিবে॥ ২৬॥

উক্ত দ্রব্য সকলের অভাব হইলে তত্তৎ স্বরূপ ভাবনা করিয়া পুষ্পাদি নিক্ষেপ করিবে, নারদ বলিয়াছেন কেবল নির্ম্মল জল দ্বারাই সমস্ত পরিপূর্ণ হইবে॥ ২৭॥

প্রত্যেক পাত্রের উপর আট বার করিয়া মূলমন্ত্র জপ করিবে এবং চক্রমুদ্রা দ্বারা ঐ সকল পাত্রের রক্ষা বিধান করিবে। পূজা আরম্ভ করিয়াই যথোক্ত আসনে উপবেশন করত, সাধুগণ অর্চ্চনা কার্য্যে যে মঙ্গল শান্তির বিধান করিয়াছেন তাহা পাঠ করিবে॥

অথ মঙ্গলশান্তিঃ ॥

ওঁ ভদ্রং কর্ণেভিঃ শৃণুয়াম দেবান্
ভদ্রং পশ্যেমাক্ষিভির্যজত্রাঃ।
স্থিরৈরঙ্গৈস্তুষ্টুবাংসস্তনূভি-
র্ব্যশেম দেবহিতং যদায়ুঃ।

স্বস্তি ন ইন্দ্রো বৃদ্ধশ্রবাঃ স্বস্তি নঃ পূষাঃ বিশ্বদেবাঃ স্বস্তি নস্তার্ক্ষ্যোঽরিষ্টনেমিঃ স্বস্তি নো বৃহস্পতির্দধাত্বিতি পঠন্ ওঁ শান্তিঃ শ্রীকৃষ্ণপাদপদ্মারাধনেষু শান্তির্ভবত্বিতি ॥ ২৮ ॥

অথ বিঘ্ননিবারণং ॥

অপসর্পন্তু তে ভূতা যে ভূতা ভুবি সংস্থিতাঃ।
যে ভূতা বিঘ্নকর্ত্তারস্তে নশ্যন্তু শিবাজ্ঞয়া।

অস্ত্রমন্ত্রঃ অস্ত্রায় ফড়িতি। যদ্বা। অস্মিন্ মন্ত্রে যোঽস্ত্রমন্ত্রস্তেনৈব। পার্ষ্ণিনা যে ঘাতাঃ

অথ মঙ্গলশান্তি ॥

হে দেবগণ! আমরা যেন কর্ণে সম্যক্ শুনিতে পাই, হে যাজ্ঞিকগণ! আমরা যেন নয়নে সম্যক্ দেখিতে পাই, আর সুস্থ অঙ্গ ও দেহ লাভ করাতে তুষ্ট থাকিয়া যেন দেবগণের হিত অথচ সমান আয়ুঃ বশ করিতে পারি, বৃদ্ধশ্রবাঃ ইন্দ্র আমাদিগের মঙ্গল করুন। পুষা আমাদিগের মঙ্গল করুন। বিশ্বদেবগণ আমাদিগের মঙ্গল করুন। অরিষ্টনেমি তার্ক্ষ্য আমাদিগের মঙ্গল করুন এবং বৃহস্পতি আমাদিগের মঙ্গল করুন। এই মন্ত্র পাঠ করিয়া "ওঁ শান্তিঃ শ্রীকৃষ্ণ পাদপদ্মারাধনে শান্তির্ভবতু" এই মন্ত্র পাঠ করিবে ॥ ২৮ ॥

অথ বিঘ্ননিবারণ ॥

যে সকল ভূত পৃথিবীতে অবস্থিত আছেন, তাহারা দূরে গমন করুক। যে সকল ভূত বিঘ্নকারক, শিবের আজ্ঞায় তাহারা নষ্ট

ইত্যুদীর্য্যাস্ত্রমন্ত্রেণ বামপাদস্য পার্ষ্ণিনা ।
ঘাতৈস্ত্রিভির্বুধো বিঘ্নান্ ভৌমান্ সর্ব্বান্নিবারয়েৎ ॥ ২৯ ॥
আন্তরীক্ষাংশ্চ তেনৈবোর্দ্ধোর্দ্ধ্বতালত্রয়েণ হি ।
নিরস্যোৎসারয়েদ্দিব্যান্ মান্ত্রিকো দিব্যদৃষ্টিতঃ ॥ ৩০ ॥
অথ শ্রীগুর্ব্বাদি-নতিঃ ॥
ততঃ কৃতাঞ্জলিং বামে শ্রীগুরুং পরমং গুরুং ।
পরমেষ্ঠিগুরুঞ্চেতি নমেদ্গুরুপরম্পরাং ।
গণেশং দক্ষিণে ভাগে দুর্গামগ্রেঽথ পৃষ্ঠতঃ ।

প্রহারৈস্ত্রিঃ ॥ ২৯ ॥

তেন অস্ত্রমন্ত্রেণ । দিব্যদৃষ্টিত ইতি মূলমন্ত্রণক্ষিস্থিত দিব্যদৃষ্ট্যা দিব্যান্ বিঘ্নানুৎসারয়েদিত্যর্থঃ ॥ ৩০ ॥

বামে গুরুপরম্পরাং নমেৎ । অত্র প্রয়োগঃ । ওঁ গুরুভ্যো নমঃ, গাং গণেশায় নমঃ ইত্যাদিঃ ॥ ৩১ ॥

হউক । পণ্ডিত ব্যক্তি এই মন্ত্র পাঠ করিয়া অস্ত্রমন্ত্র অর্থাৎ "অস্ত্রায় ফট্" উচ্চারণ করত তিন বার বামপাদের পার্ষ্ণি প্রহার করিয়া সমস্ত ভূমিগত বিঘ্ন নিবারণ করিবেন ॥ ২৯ ॥

তান্ত্রিক ব্যক্তি "অস্ত্রায় ফট্" এই মন্ত্র দ্বারাই অন্তরীক্ষের বিঘ্ন সকল বিনাশ করিয়া মূল মন্ত্র দ্বারা দিব্য দৃষ্টি ভাবনা করত সেই দিব্য দৃষ্টি দ্বারা দিব্য বিঘ্ন সকল বিনাশ করিবেন ॥ ৩০ ॥

অথ শ্রীগুর্ব্বাদি নমস্কার ॥

তাহার পর কৃতাঞ্জলি হইয়া বাম ভাগে শ্রীগুরু, পরম গুরু ও পরমেষ্ঠি গুরু, ইত্যাদি গুরু পরম্পরাকে নমস্কার করিবে । তৎপরে দক্ষিণ ভাগে গণেশকে, সম্মুখে দুর্গাকে, পৃষ্ঠভাগে ক্ষেত্রপালকে এবং মধ্যভাগে অপরাপর অভীষ্ট দেবতাকে ভক্তিপূর্ব্বক নমস্কার করিবে ইহার প্রয়োগ এইরূপে করিতে হইবে "ওঁ গুরুভ্যো নমঃ, গাং গণেশায় নমঃ"

ক্ষেত্রপালং নমেদ্ভক্ত্যা মধ্যে চাস্বেষ্টদৈবতং ॥
ততশ্চাস্ত্রেণ সংশোধ্য করৌ কুর্ব্বীত তেন হি।
তালত্রয়ং দিশাং বন্ধমগ্নিপ্রাকারমেব চ ॥ ৩২ ॥
অথ ভূতশুদ্ধিঃ ॥
শরীরাকারভূতানাং ভূতানাং যদ্বিশোধনং।
অব্যয়ব্রহ্মসম্পর্কাৎ ভূতশুদ্ধিরিয়ং মতা ॥ ৩৩ ॥
ভূতশুদ্ধিং বিনা কর্ত্তুর্জপহোমাদিকাঃ ক্রিয়াঃ।

এবার্থো হিশব্দস্তেন অস্ত্রমন্ত্রেণৈব উর্দ্ধোর্দ্ধতালত্রয়াদি কুর্য্যাৎ। তত্রাগ্নিপ্রাকারমাত্মনঃ পরিতঃ কুর্য্যাৎ ॥ ৩২ ॥

অথ ভূতশুদ্ধিং লিখিষ্যন্নাদৌ তদর্থং লিখতি শরীরেতি। শরীরস্য আকারভূতানাং আকৃতিত্বং প্রাপ্তানাং শরীরতয়া পরিণতানামিত্যর্থঃ পঞ্চমহাভূতানামুপলক্ষণমেতৎ সর্ব্বেষামেব দৈহিকতত্ত্বানাং অব্যয়ব্রহ্মণো জীবতত্ত্বস্য সম্পর্কাৎ তদাত্মকতয়া। যদ্বা। শ্রীভগবতোঽংশত্বেন সম্বন্ধাদ্ধেতো র্বিশোধনং কার্য্যকারণাদিভিন্নতয়া বিজ্ঞানং যদিয়মেব ভূতশুদ্ধির্মতাহভিজ্ঞৈঃ ॥ ৩৩ ॥

অধুনা ভূতশুদ্ধের্নিত্যতাং লিখতি ভূতশুদ্ধিমিতি। কর্ত্তুর্জপাদিকারিণঃ। যথাবিধানতিক্রমেণ অনুষ্ঠিতা নিষ্পাদিতা অপি নিষ্ফলা ভবন্তি আত্মশোধনং বিনা মূলাশুদ্ধেঃ ॥ ৩৪ ॥

ইত্যাদি ॥ ৩১ ॥

তদনন্তর অস্ত্র মন্ত্র উচ্চারণ করত হস্তদ্বয় সংশোধন করিয়া সেই অস্ত্র মন্ত্র সহকারেই ঊর্দ্ধে ঊর্দ্ধে তিনটী করতালি, দিক্ বন্ধন ও অগ্নির প্রাচীর অর্থাৎ আপনার শরীরের চতুর্দ্দিকে বেস্টন করিবে ॥ ৩২ ॥

অথ ভূতশুদ্ধি ॥

শরীরের উপাদান স্বরূপ ভূত সকল অক্ষয় ব্রহ্মের অংশ, সুতরাং তিনি কারণ ও ইহারা কার্য্য অতএব তাঁহা হইতে ভিন্ন, এই প্রকার যে অবধারণ তাহার নাম ভূতশুদ্ধি ॥ ৩৩ ॥

জপাদিকারি ব্যক্তির জপাদি কর্ম্ম, যথা বিধানে অনুষ্ঠিত হইলেও

ভবন্তি নিষ্ফলাঃ সর্ব্বা যথাবিধ্যপ্যনুষ্ঠিতাঃ ॥ ৩৪ ॥

তৎপ্রকারশ্চায়ং ॥

করকচ্ছপিকাং কৃত্বাত্মানং বুদ্ধ্যা হৃদব্জতঃ।

শিরঃসহস্রপত্রাব্জে পরমাত্মনি যোজয়েৎ।

পৃথিব্যাদীনি তত্ত্বানি তস্মিন্ লীনানি ভাবয়েৎ ॥ ৩৫ ॥

আত্মানং জীবাত্মানং প্রদীপকলিকাকারং সোঽহমিতি মন্ত্রেণ হৃৎপদ্মাৎ শিরঃস্থিতসহস্রদলকমলমধ্যবর্ত্তিপরমাত্মনি বুদ্ধ্যা ভাবনয়া বিচারেণ বা যোজয়েৎ। তদংশত্বাত্তদভিন্নত্বেন তদীয়ত্বেন বা স্বাত্মানং বিজানীয়াদিত্যর্থঃ। এবঞ্চ সতি সোঽহমিতি। সঃ শ্রীভগবদংশঃ শুদ্ধবদ্ধমুক্তস্বভাবোঽহং। যদ্বা। তদংশত্বেন তদধীনো নিত্যসেবকোঽহমিত্যর্থঃ। ততশ্চ তস্মিন্ পরমাত্মন্যেব পৃথিব্যাদীনি কার্য্যকারণতত্ত্বানি সর্ব্বাণ্যেব তদেকমূলত্বেন লীনানি তদাত্মকানি তন্মায়াময়ানি বা বিভাবয়েদিত্যর্থঃ। অত্র চ প্রলয়রীত্যা সাংখ্যোক্তসৃষ্টিপ্রাতিলোম্যেন কার্য্যস্য কারণে লয়দ্বারা তেষাং সর্ব্বেষামেব পরমকারণেঽবধিভূতে ভগবতি লয়ো দ্রষ্টব্য ইতি দিক্ ॥ ৩৫ ॥

ভূতশুদ্ধি ব্যতিরেকে সমুদায় নিষ্ফল হয় ॥ ৩৪ ॥

ভূতশুদ্ধির প্রকারও এই ॥

করকচ্ছপিকা মুদ্রা রচনা করিয়া প্রদীপ শিখাকার জীবাত্মাকে ভাবনা যোগে, হৃৎপদ্ম হইতে লইয়া মস্তকস্থিত সহস্রদল পদ্মের মধ্যবর্ত্তি পরমাত্মাতে যোজনা করিবে, তৎপর ভাবনা করিবে, পৃথিব্যাদি তত্ত্ব সমুদায়, তাঁহাতে লীন হইবে ॥

তাৎপর্য্য। পূজক ব্যক্তি প্রথমতঃ চিন্তা করিবেন, "সোঽহং" অর্থাৎ আমি সেই শ্রীভগবানের অংশ, শুদ্ধ, জ্ঞানময় ও মুক্তস্বভাব অথবা সেই শ্রীভগবানের অংশ প্রযুক্ত, আমি তাঁহার অধীন, নিত্য সেবক এইরূপ নিশ্চয় করিবেন। অনন্তর সেই পরমাত্মায় পৃথিব্যাদি কার্য্য কারণ রূপ তত্ত্ব সমুদায় ঐ পরমাত্মাই মূল হওয়াতে তাঁহাতে লীন হইয়াছে এইরূপ চিন্তা করিবে অথবা তৎসমুদায় তদীয় মায়াময় এইরূপ ভাবনা করিবে ॥ ৩৫ ॥

বামহস্তং তথোত্তানমধো দক্ষিণবদ্ধিতং।
করকচ্ছপিকামুদ্রা ভূতশুদ্ধৌ প্রকীর্ত্তিতা ॥ ৩৬ ॥
দেহং সংশোষ্য দগ্ধ্বেদমাপ্লাব্যামৃতবর্ষতঃ।

করকচ্ছপিকাং ক্রমেতি লিখিতং তামেব দর্শয়তি বামহস্তমিতি ॥ ৩৬॥

অধুনা ভূতশুদ্ধিপ্রকারমেব লিখতি দেহমিতি দ্বাভ্যাং। বিধিনেত্যস্য সর্ব্বত্রৈব সম্বন্ধঃ। ইদং পাঞ্চভৌতিকং পাপময়ং দেহং সংশোষ্য সম্যক্ শোষং নীত্বা ততো দগ্ধ্বা তদেব ততশ্চামৃতবৃষ্ট্যা আপ্লাব্য পশ্চাদুৎপাদ্য তচ্চামৃতবৃষ্ট্যৈবেত্যুভয়োরপ্যেককারণত্বাদমৃতবর্ষত ইতি কারণোল্লেখঃ। অনন্তরং দৃঢ়ীকৃত্য এতচ্চ সর্ব্বং ভাবনয়ৈব ততঃ প্রাণপ্রতিষ্ঠাং কুর্য্যাদিত্যর্থঃ। তত্র চায়ং বিধিঃ। আদৌ পাপপুরুষং চিন্তয়েৎ। তথা চোক্তং। মূলাজ্ঞানং ততঃ পাপং জন্মাদিদুঃখদঞ্চ যৎ। প্রাণাপানৌ নিরুধ্যাথ তস্য রূপং বিচিন্তয়েৎ। মহাপাতকপঞ্চাঙ্গং পাতকোপাঙ্গসংশ্রয়ং। উপপাতকরোমাণং কৃষ্ণং ক্রূরাতিভীষণমিতি। অন্যত্র চ। ব্রহ্মহত্যাশিরস্কঞ্চ স্বর্ণস্তেয়ভুজদ্বয়ং। সুরাপানহৃদা যুক্তং গুরুতল্পকটিদ্বয়ং। তৎসংযোগি পদদ্বন্দ্বমঙ্গপ্রত্যঙ্গপাতকং। উপপাতকরোমাণং রক্তশ্মশ্রুবিলোচনং। খড়্গচর্ম্মধরং পাপমঙ্গুষ্ঠপরিমাণকং। অধোমুখং কৃষ্ণবর্ণং দক্ষকুক্ষৌ বিচিন্তয়েদিতি। তন্নাশার্থ-

ভূতশুদ্ধি কর্ম্মে যে করকচ্ছপিকা মুদ্রা বিহিত হইয়াছে, উহা এই, বামহস্ত উত্তান করিয়া এবং তাহার নিম্নদিকে দক্ষিণ হস্ত সম্বদ্ধ ॥ ৩৬ ॥

বিধি পূর্ব্বক দেহ শুষ্ক করত দাহ করিবে, পুনরায় অমৃত বর্ষণদ্বারা উহাকে শীঘ্র উৎপাদন করত দৃঢ়ীভূত করিয়া উহাতে প্রাণ প্রতিষ্ঠা করিবে ॥

তাৎপর্য্য। প্রথমতঃ পাপপুরুষ ভাবনা করিবে। পাপ পুরুষ জন্মাদি দুঃখদাতা, পঞ্চ মহাপাতক তাঁহার পঞ্চ অঙ্গ। পাতক সমূহ তাঁহার উপাঙ্গ এবং উপপাতক সকল তাঁহার রোম, তিনি কৃষ্ণবর্ণ, ক্রূর ও অতি ভয়ানক। অন্যত্র বর্ণিত আছে ব্রহ্মহত্যা তাঁহার মস্তক, স্বর্ণচৌর্য্য ভুজদ্বয়, গুরুপত্নী গমন কটিদেশ, পাতক সকল তাঁহার পাদদ্বয় ও অন্যান্য অঙ্গপ্রত্যঙ্গ, উপপাতক সকল তাঁহার রোম। তাঁহার শ্মশ্রু ও নয়ন রক্তবর্ণ। তিনি খড়্গ ও চর্ম্ম ধারী। তাঁহার দেহের পরিমাণ বৃদ্ধাঙ্গু-

মাদৌ যমিতি বায়ুবীজং ধূম্রবর্ণং পরমশোষণং বামনাসাপুটে বিচিন্ত্য তস্য ষোড়শবারজপেন বায়ুমাপূর্য্য নাভিমণ্ডলে বীজং মনসা নীত্বা চতুঃষষ্টিবারজপেন কুম্ভকং কৃত্বা যং বীজোত্থ-বায়ুনা সপাপপুরুষং সর্ব্বশরীরং সংশোষ্য যং বীজস্য দ্বাত্রিংশদ্বারজপেন দক্ষিণনাসাপুটেন তং বায়ুং রেচয়েৎ। ততো রমিতি বহ্নিবীজং রক্তবর্ণংবায়ুসম্বন্ধং দক্ষিণনাসাপুটে বিচিন্ত্য তস্য ষোড়শবারজপেন বায়ুমাপূর্য্য মূলাধারে বীজং নীত্বা চতুঃষষ্টিবারজপেন কুম্ভকং কৃত্বা বীজোত্থবহ্নিনা সপাপপুরুষং সমস্তদেহং দগ্ধ্বা দ্বাত্রিংশদ্বারজপেন ভস্মনা সহিতং বায়ুং বামনাসাপুটেন রেচয়েৎ। ততশ্চ ঠমিতি চন্দ্রবীজং শ্বেতবর্ণং বামনাসাপুটে বিচিন্ত্য তস্য ষোড়শবারজপেন বায়ুমাপূর্য্য বীজং ব্রহ্মরন্ধ্রস্থং চন্দ্রং নীত্বা তচ্চন্দ্রমণ্ডলমধ্যে বমিতি বরুণবীজং ধ্যাত্বা তস্য চতুঃষষ্টিবারজপেন কুম্ভকং কৃত্বা ঠং বীজাত্মকচন্দ্রাদ্বর্ণময়ীমমৃত-

ষ্ঠের সমান। তিনি অধোমুখ ও কৃষ্ণবর্ণ। এইরূপ ভাবনা করিয়া, বাম নাসাপুট মধ্যে "যং" এই ধূম্রবর্ণ পরমশোষণ বায়ুবীজ ভাবনা করত ষোড়শ বার উহা জপ করত বায়ুপূর্ণ করিয়া মনো দ্বারা ঐ বীজকে নাভিমণ্ডলে লইয়া যাইবে এবং চতুঃষষ্টি বার জপ করত কুম্ভক করিলে পরে "যং" বীজ হইতে যে বায়ু উত্থিত হইবে তদ্দ্বারা পাপ-পুরুষের সহিত দেহকে শুষ্ক করিবে। পরে দ্বাত্রিংশদ্বার "যং" বীজ জপ করিয়া দক্ষিণ নাসাপুট দ্বারা ঐ বায়ু রেচন করিবে। তাহার পর "রং" এই রক্ত বর্ণ, বায়ু সহ বহ্নিবীজ দক্ষিণ নাসাপুট মধ্যে ভাবনা করিবে। ষোড়শ বার ঐ বীজ জপ করত বায়ু পূর্ণ করিয়া বীজকে মূলাধারে লইয়া গিয়া চতুঃষষ্টি বার জপ করত বায়ু পূর্ণ করিয়া বীজকে মূলাধারে লইয়া অগ্নি উত্থিত হইবে, উহার দ্বারা পাপপুরুষের সহিত ঐ দেহ দগ্ধ করিয়া দ্বাত্রিংশদ্বার জপ করত ভস্মের সহিত ঐ বায়ুকে বাম নাসাপুট দ্বারা রেচন করিবে। পরে "ঠং" এই শ্বেতবর্ণ চন্দ্র-বীজকে বামনাসাপুট মধ্যে ভাবনা করিয়া ষোড়শ বার জপ করিবে। পরে বায়ু পূর্ণ করিয়া বীজকে ব্রহ্মরন্ধ্রস্থ চন্দ্রে লইয়া ঐ চন্দ্রমণ্ডলের "বং" এই বরুণবীজ ধ্যান করিবে। এবং ঐ বীজ চতুঃষষ্টিবার জপ

বৃষ্টিমুৎপাদ্যতয়াপ্লাব্য ততঃ শরীরমুৎপন্নং বিভাব্য পুনরকারাদিবর্ণরূপয়া তয়া মাতৃকা-ন্যাসানুসারেণ মুখকরচরণাদিকমুৎপাদ্য লমিতি পৃথিবীবীজস্য দ্বাত্রিংশদ্বারজপেন সমস্তং শরীরং দৃঢ়ীকুর্ব্বন্ দক্ষিণনাসাপুটেন বায়ুং রেচয়েদিতি। অত্র চ তত্র তত্র দ্বাত্রিংশদ্বার-জপেন পূরণং রেচনঞ্চ ষোড়শবারজপেনেতি। রেচঃ ষোড়শমাত্রাভিঃ পূরো দ্বাত্রিংশতা ভবেদিতি বচনাৎ। এতচ্চ কস্যচিদেব মতং নতু বহূনামিত্যগ্রে ব্যক্তং ভাবি। প্রাণ-প্রতিষ্ঠাবিধিশ্চায়ং। প্রাণপ্রতিষ্ঠামন্ত্রস্য ব্রহ্মবিষ্ণুরুদ্রা ঋষয়ঃ ঋগ্‌যজু সামানি ছন্দাংসি অতিচ্ছন্দো বা ছন্দঃ ক্রিয়াময়বপুঃ প্রাণাখ্যা দেবতা প্রাণপ্রতিষ্ঠার্থে বিনিয়োগঃ। ওঁ কং খং গং ঘং ঙং অং পৃথিব্যপ্তেজোবায্বাকাশাত্মনে আং হৃদয়ায় নমঃ ওঁ চং ছং জং ঝং ঞং ইং শব্দস্পর্শরূপরসগন্ধাত্মনে ঈং শিরসে স্বাহা ওঁ টং ঠং ডং ঢং ণং উং শ্রোত্রত্বক্‌চক্ষু-

---

করত কুম্ভক করিয়া "ঠং" এই বীজময় চন্দ্র হইতে বর্ণময়ী অমৃতধারা উৎপাদন করিবে। ঐ অমৃতধারা দ্বারা দগ্ধ শরীরকে প্লাবিত করিয়া ভাবনা করিবে,শরীর উৎপন্ন হইল। তাহার পর যেমন মাতৃকান্যাস কথিত হইয়াছে, সেই অনুসারে অকারাদি বর্ণময়ী সেই অমৃতধারায় পুন-রায় কর চরণাদি উৎপাদন করিয়া "লং" এই পীতবর্ণ পৃথিবী বীজ দ্বাত্রিংশদ্ বার জপ করত সমস্ত শরীরকে দৃঢ় করিয়া দক্ষিণ নাসারন্ধ্র দ্বারা বায়ু নিঃসারণ করিবে ॥

প্রাণপ্রতিষ্ঠার বিধি এই যে—

"প্রাণপ্রতিষ্ঠামন্ত্রস্য ব্রহ্মাবিষ্ণুরুদ্রা ঋষয়ঃ ঋক্‌যজুঃ সামানি ছন্দাংসি অতিচ্ছন্দো বা ছন্দঃ ক্রিয়াময়বপুঃ প্রাণাখ্যা দেবতা প্রাণপ্রতিষ্ঠার্থে বিনিয়োগঃ"। অর্থাৎ প্রাণপ্রতিষ্ঠা মন্ত্রের ঋষি, ব্রহ্মা বিষ্ণু ও রুদ্র। ঋক্ যজুঃসাম কিম্বা ক্রিয়াময় অতিচ্ছন্দ ইহার ছন্দঃ। প্রাণ নামে ইহার দেবতা। এই মন্ত্র প্রাণপ্রতিষ্ঠা কালে প্রয়োগ করিতে হয়।

ওঁ কং খং গং ঘং ঙং অং পৃথিব্যাকাশবায্বাত্মনে আং হৃদয়ায় নমঃ। ওঁ চং ছং জং ঝং ঞং ইং শব্দ স্পর্শ রূপ রস গন্ধাত্মনে ঈং শিরসে স্বাহা। ওঁ টং ঠং ডং ঢং ণং উং শ্রোত্রত্বক্‌চক্ষুঃজিহ্বাঘ্রাণাত্মনে ঊং শিখায়ৈ

উৎপাদ্য দ্রঢ়য়িত্বাস্য প্রতিষ্ঠাং বিধিনাচরেৎ ॥ ৩৭ ॥

জিহ্বাঘ্রাণাত্মনে ঊং শিখায়ৈ বষট্। ওঁ তং থং দং ধং নং এং বাক্‌পাণিপাদপায়ুপস্থাত্মনে ঐং কবচায় হুং। ওঁ পং ফং বং ভং মং ওঁ বচনাদানগমনবিসর্গানন্দাত্মনে ওঁ নেত্রত্রয়ায় বৌষট্। ওঁ যং রং লং বং শং ষং সং হং লং ক্ষং অং মনোবুদ্ধ্যহঙ্কারচিত্তাত্মনে অঃ অস্ত্রায় ফট্। ওঁ আং নাভেরধঃ। ওঁ হ্রীং হৃদয়াদানাভি। ওঁ ক্রৌঁ মস্তকাদাহৃদয়ং। ততঃ ওঁ যং ত্বগাত্মনে নমঃ হৃদি। ওঁ রং অসৃগাত্মনে নমঃ দক্ষিণাংশে। ওঁ লং মাংসাত্মনে নমঃ ককুদি। ওঁ বং মেদআত্মনে নমঃ বামাংশে। ওঁ শং অস্থ্যাত্মনে নমঃ হৃদয়াদ্দক্ষিণপাণিপর্য্যন্তং। ওঁ ষং মজ্জাত্মনে নমঃ হৃদয়াদ্বামপাণিপর্য্যন্তং। ওঁ সং শুক্রাত্মনে নমঃ হৃদয়াদ্দক্ষিণপাদপর্য্যন্তং। ওঁ হং প্রাণাত্মনে নমঃ হৃদয়াদ্বামপাদপর্য্যন্তং। ওঁ লং জীবাত্মনে নমঃ হৃদয়ান্নাভিপর্য্যন্তং। ওঁ ক্ষং পরমাত্মনে নমঃ হৃদয়ান্মস্তকপর্য্যন্তং। তত্র ধ্যানং।

বষট্। ওঁ তং থং দং ধং নং এং বাক্ পাণিপাদপায়ূপস্থাত্মনে ঐং কবচায় হুং। ওঁ পং ফং বং ভং মং ওঁ বচনাদানগমনবিসর্গানন্দাত্মনে ওঁ নেত্রত্রয়ায় বৌষট্। ওঁ যং রং লং বং শং সং সং হং ক্ষং অং মনোবুদ্ধ্যহঙ্কারচিত্তাত্মনে অঃ অস্ত্রায় ফট্। এই মন্ত্র পাঠ করিবে। তাহার পর নাভির অধোভাগে "ওঁ আং" ন্যাস করিবে। এবং হৃদয় হইতে নাভিস্থান পর্য্যন্ত "ওঁ হ্রীং" মস্তক হইতে হৃদয় পর্য্যন্ত "ওঁ ক্রোং" ন্যাস করিবে। তাহার পর হৃদয়ে "ওঁ যং ত্বগাত্মনে নমঃ"। দক্ষিণস্কন্ধে "ওঁ রং অসৃগাত্মনে নমঃ"। ককুদ্ভাগে "ওঁ লং মাংসাত্মনে নমঃ" বামস্কন্ধে "ওঁ রং মেদাত্মনে নমঃ"। হৃদয় হইতে দক্ষিণ হস্ত পর্য্যন্ত ভাগে "ওঁ শং অস্থ্যাত্মনে নমঃ। হৃদয় হইতে বাম হস্ত পর্য্যন্ত ভাগে "ওঁ ষং মজ্জাত্মনে নমঃ"। হৃদয় হইতে দক্ষিণ পাদপর্য্যন্ত ভাগে "ওঁ সং শুক্রাত্মনে নমঃ"। হৃদয় হইতে বামপাদপর্য্যন্ত ভাগে "ওঁ হং প্রাণাত্মনে নমঃ"। হৃদয় হইতে নাভিপর্য্যন্ত ভাগে "ওঁ লং জীবাত্মনে নমঃ"। এবং হৃদয় হইতে মস্তক পর্য্যন্ত ভাগে "ওঁ ক্ষং পরমাত্মনে নমঃ"। এইরূপ ন্যাস করিবে ॥

বক্ত্রাম্ভোধিস্থ-পোতোল্লসদরুণসরোজাধিরূঢ়া করাব্জৈঃ পাশং কোদণ্ডমিক্ষুদ্ভবমথ গুণমপ্যঙ্কুশং পুষ্পবাণান্। বিভ্রাণাসৃক্কপালং ত্রিনয়নললিতা পীনবক্ষোরুহাঢ্যা দেবী বালার্কবর্ণা ভবতু শুভকরী প্রাণশক্তিঃ পরা ন ইতি। অথ হৃদি হস্তং নিধায়োচ্চারয়েৎ ওঁ আঁ হ্রীঁ ক্রোঁ যং রং লং বং শং ষং সং হং লং ক্ষং হৌং হং সঃ মম প্রাণা ইহ প্রাণা ইতি। পুনস্তান্যেব বীজান্যুচ্চার্য্য মম জীব ইহ স্থিত ইতি পুনস্তান্যেবোচ্চার্য্য মম সর্ব্বেন্দ্রিয়াণীতি। পুনস্তান্যুচ্চার্য্য মম বাঙ্মনস্ত্বক্চক্ষুঃশ্রোত্রঘ্রাণপ্রাণা ইহায়াস্তু স্বস্তয়ে চিরং সুখেন তিষ্ঠন্তু স্বাহা ইতি মন্ত্রঃ। ততো জন্মাদিকষ্টাষ্টসংস্কারসিদ্ধয়ে ষোড়শপ্রণবাবৃত্তীঃ কৃত্বা শাক্তং পরাং স্মরেদিতি ॥ ৩৭ ॥

তাহার পর ধ্যান করিবে যথা—

"বক্ত্রাম্ভোধিস্থ-পোতোল্লসদরুণসরোজাধিরূঢ়া করাব্জৈঃ
পাশং কোদণ্ডমিক্ষুদ্ভবমথ গুণমপ্যঙ্কুশং পুষ্পবাণান্।
বিভ্রাণাসৃক্কপালং ত্রিনয়নললিতা পীনবক্ষোরুহাঢ্যা।
দেবী বালার্কবর্ণা ভবতু শুভকরী প্রাণশক্তিঃ পরা নঃ" ॥

ইহার অর্থ এই যে, বর্ণময়ী পরমা প্রাণশক্তি দেবী মুখরূপ সমুদ্রে ভাসমান তরণীতে দীপ্তিমৎ-রক্তপদ্মে অধিরোহণ করিয়াছেন। হস্তে পাশ, ইক্ষুদণ্ডজাত ধনু, গুণ, অঙ্কুশ, পুষ্পবাণ ও রক্তপূর্ণ নর-কপাল ধারণ করিতেছেন। তিনি নয়নত্রয়ে বিভূষিতা; তাঁহার বক্ষঃস্থলে অতি স্থূল দুই পয়োধর। বর্ণ উদয়শীল সূর্য্যের ন্যায়। তিনি আমাদিগের মঙ্গল বিধান করুন ॥

এই প্রকার ধ্যান করিয়া পরে হৃদয়ে হস্ত প্রদান পূর্ব্বক উচ্চারণ করিবে "ওঁ আঁ হ্রীঁ ক্রোঁ যং রং লং বং শং ষং সং হং লং ক্ষং হৌং হংসঃ মম প্রাণা ইহ প্রাণাঃ" অর্থাৎ আমার এই প্রাণ এই স্থানে। পুনরায় ঐ সকল বীজই উচ্চারণ করিয়া কহিবে 'মম জীব ইহ স্থিতঃ' অর্থাৎ আমার জীব এই স্থানে অবস্থিত হইল। পুনর্ব্বার ঐ সকল বীজই উচ্চারণ করিয়া বলিবে "মম সর্ব্বেন্দ্রিয়াণি" অর্থাৎ আমার সমুদায় ইন্দ্রিয় এই স্থানে, আবার ঐ সকল বীজই উচ্চারণ করিয়া বলিবে "মম বাঙ্মনস্ত্বক্ চক্ষুঃশ্রোত্রঘ্রাণপ্রাণাঃ ইহায়াস্তু স্বস্তয়ে চিরং সুখেন তিষ্ঠন্তু স্বাহা"

আত্মানমেবং সংশোধ্য নীত্বা কৃষ্ণার্চ্চনার্হতাং।
বাৎসল্যাদ্ধৃদগতং কৃষ্ণং যষ্টুং হৃৎপুনরানয়েৎ॥ ৩৮॥
তথাচ ত্রৈলোক্যসম্মোহনতন্ত্রে॥
নাভিস্থবায়ুনা দেহং সপাপং শোষয়েদ্বুধঃ।

এবং লিখিতপ্রকারেণ আত্মানং সম্যক্ শোধয়িত্বা তেনচ শ্রীকৃষ্ণস্য অর্চ্চনার্হতাং পূজা-যোগ্যতাং নীত্বা সম্পাদ্য পুনস্তং হৃদয়কমলমানয়েৎ। কিমর্থং কৃষ্ণং যষ্টুং পূজয়িতুং। নমু ভগবান্ পরমাত্মরূপোহসৌ মূর্দ্ধ্নি সহস্রদলকমলে বর্ত্ততে তত্র লিখতি বাৎসল্যাৎ ভক্তবাৎ-সল্যেন হৃৎ হৃদজ্ঞে গতং প্রাপ্তমিতি অতএব ভগবতো ধ্যানাদিকং হৃদয় এব সর্ব্বতো নির্দ্দি-ষ্টত ইতি দিক্॥ ৩৮॥

এতদেব প্রমাণয়ন্ ভূতশুদ্ধিপ্রকারঞ্চ কিঞ্চিৎ প্রপঞ্চ্য দর্শয়তি তথা চেতি। সপাপং

অর্থাৎ আমার এই বাক্যাদি প্রাণ পর্য্যন্ত সমস্ত এই স্থানে থাকুক, মঙ্গল সাধনের নিমিত্ত দীর্ঘকাল ব্যাপিয়া সুখে বাস করুক॥

তৎপরে জন্ম প্রভৃতি দশ সংস্কার সিদ্ধির নিমিত্ত ষোড়শ বার প্রণব আবৃত্তি করিয়া পরমা শক্তি স্মরণ করিবে॥ ৩৭॥

এই প্রকারে শোধন করিয়া জীবাত্মাকে শ্রীকৃষ্ণ পূজার উপযুক্ত করত ভক্তবাৎসল্য হেতু হৃৎপদ্মে সমাগত শ্রীকৃষ্ণের অর্চ্চনা করিবার নিমিত্ত ঐ আত্মাকে পুনরায় হৃদয়ে আনয়ন করিবে॥

তাৎপর্য্য। ভগবান্ শ্রীকৃষ্ণ পরমাত্মস্বরূপ, তিনি মস্তকস্থ সহস্র দল কমলে অবস্থিত আছেন, তাঁহার হৃদয়ে থাকার সম্ভাবনা কি?। এই আশঙ্কায় হেতু নির্দ্দেশ করিয়া বলিতেছেন, তিনি ভক্তবৎসল, একারণ হৃৎপদ্মে আসিয়া থাকেন। অতএব ভগবানের ধ্যান করিতে হইলে হৃদয়ে করিবে॥ ৩৮॥

ত্রৈলোক্যসম্মোহনতন্ত্রেও এই কথাই উক্ত হইয়াছে॥

পণ্ডিত ব্যক্তি নাভিস্থল গত বায়ুদ্বারা পাপপুরুষের সহিত দেহকে শোষণ করিবেন এবং ঐ দেহকে হৃদয়স্থ অগ্নি দ্বারা দাহ করিবেন।

বহ্নিনা হৃদয়স্থেন দহেত্তচ্চ কলেবরং।
সহস্রারে মহাপদ্মে ললাটস্থে স্থিতং বিধুং।
সম্পূর্ণমণ্ডলং শুদ্ধং চিন্তয়েদমৃতাত্মকং।
তস্মাদ্গলিতধারাভিঃ প্লাবয়েদ্ভস্মসাদ্বুধঃ।
আভির্বর্ণময়ীভিশ্চ পঞ্চভূতাত্মকং বপুঃ।
পূর্ব্ববদ্ভাবয়েদ্দেবীমিত্যাদি ॥ ৩৯ ॥
কিঞ্চাগ্রে ॥
ততস্তস্মাৎ সমাকৃষ্য প্রণবেন তু মন্ত্রবিৎ।
তত্তেজো হৃদয়ে ন্যস্য চিন্তয়েদ্বিষ্ণুমব্যয়ং ॥ ৪০ ॥
কিম্বা চিন্তনমাত্রেণ ভূতশুদ্ধিং বিধায় তাং।

পাপপুরুষসহিতং পূর্ব্বং দাহেন ভস্মসাদ্ভূতং আভির্দ্ধারাভিঃ ॥ ৩৯ ॥

ততঃ শরীরোৎপত্ত্যাদ্যনন্তরং তস্মাৎ সহস্রদলকমলাৎ পরমাত্মনো বা সকাশাৎ তৎ-শুদ্ধাত্মতত্ত্বরূপং তেজঃ ॥ ৪০ ॥

তত্রাশক্তৌ প্রকারান্তরং লিখতি কিম্বেতি। চিন্তনমাত্রেণেতি পূরককুম্ভকাদিকং বিনা কেবলং ভাবনয়ৈব দেহশোষণাদিকং কৃত্বেত্যর্থঃ। সংপ্রদায়ানুসারতঃ ইতি ভূতশুদ্ধৌ

পরে চিন্তা করিবেন, ললাটস্থিত সহস্রদল পদ্মে অবস্থিত বিশুদ্ধ পূর্ণ-চন্দ্র অমৃতময়। সেই চন্দ্র হইতে বিগলিত ধারাদ্বারা ভস্মীভূত দেহকে প্লাবিত করিবেন। তৎপরে ভাবনা করিবেন, এই পঞ্চভূতাত্মক দেহ ঐ সকল বর্ণময়ী ধারার সহযোগে যেন পূর্ব্বের ন্যায় হইয়াছে ইত্যাদি ॥ ৩৯ ॥

আরও ইহার পরে ॥

মন্ত্রজ্ঞ ব্যক্তি তাহার পর বিশুদ্ধ আত্মতত্ত্বস্বরূপ তেজ ঐ সহস্রদল পদ্ম হইতে প্রণব (ওঁ) দ্বারা আকর্ষণ করিয়া হৃদয়ে স্থাপন পূর্ব্বক অব্যয় বিষ্ণুকে চিন্তা করিবেন ॥ ৪০ ॥

কিম্বা অর্থাৎ যদি পূর্ব্বোক্ত প্রকার করিতে সমর্থ না হয়েন, তবে

প্রাণায়ামাংস্ততঃ কুর্য্যাৎ সম্প্রদায়ানুসারতঃ ॥ ৪১ ॥
অথ প্রাণায়ামঃ ॥
রেচঃ ষোড়শমাত্রাভিঃ পূরো দ্বাত্রিংশতা ভবেৎ।
চতুঃষষ্ট্যা ভবেৎ কুম্ভ এবং স্যাৎ প্রাণসংযমঃ।
বিরেচ্য পবনং পূর্ব্বং সঙ্কোচ্য গুদমণ্ডলং।
পূরয়িত্বা বিধানেন স্বশক্ত্যা কুম্ভকে স্থিতঃ ॥ ৪২ ॥
তত্র প্রণবমভ্যস্যন্ বীজং বা মন্ত্রমূর্দ্ধগং।

মতভেদান্নানাপ্রকারত্বেন তথা প্রাণায়ামেষু চ কেষাঞ্চিন্মতে ঽস্মিন্নবসরে ঽকরণাৎ কেষাঞ্চিন্মতে করণেঽপি প্রণবস্য জপাৎ কেষাঞ্চিন্মতে বীজস্য তত্রাপি কেষাঞ্চিন্মতে বারত্রয়ং কেষামপিমতে বহুবারানিত্যেবং মতভেদান্নানাপ্রকারত্বেনানৈকান্তত্বাৎ নিজসংপ্রদায়ব্যবহার এবানুসর্ত্তব্য ইত্যর্থঃ। এবমন্যত্রাপি ॥ ৪১ ॥

মাত্রাভিশ্চ ষোড়শভীরেচঃ দ্বাত্রিংশতাচ পূরো ভবেৎ এবং যত্রাদৌ রেচনং অন্তে পূরণং তত্রৈবৈষা ব্যবস্থা জ্ঞেয়া যত্র চাষ্টাঙ্গযোগান্তর্গতপ্রাণায়ামাদৌ তয়োর্ব্বিপর্য্যয়স্তত্র মাত্রাবৈপরীত্যমপি জ্ঞেয়ং অতএব ভূতশুদ্ধৌ তথা লিখিতং। মাত্রা চোক্তা। কালেন যাবতা স্বীয়ো হস্তঃ স্বং জানুমণ্ডলং। পর্য্যেতি মাত্রা সা জ্ঞেয়া স্বীয়ৈকশ্বাসমাত্রিকা ॥ ইতি ॥ ৪২ ॥

কেবল ভাবনা দ্বারাই অর্থাৎ পূরক কুম্ভকাদি না করিয়াও কথিত প্রকার ভূতশুদ্ধি করিয়া পরে সম্প্রদায় অনুসারে প্রাণায়াম করিবেন ॥ ৪১ ॥

অথ প্রাণায়াম ॥

ষোড়শমাত্রায় * রেচক, † দ্বাত্রিংশন্মাত্রায় পূরক এবং চতুঃষষ্টি মাত্রায় কুম্ভক হয়, এইরূপ করিলে প্রাণবায়ু দমন করা হইয়া থাকে ॥

প্রথমতঃ বায়ু বিরেচন করিয়া গুহ্যদেশ সঙ্কুচিত করিবে। নিজ শক্তি পূর্ব্বক বিধানানুসারে বায়ু পূর্ণ করিয়া কুম্ভক করিবে ॥ ৪২ ॥

যদি কামবীজ কিম্বা বীজমন্ত্র জপ করে, তাহা হইলে ঋষি প্রভৃতি §

* যত সময়ে আপনার হস্ত আপনার জানু মণ্ডল পরিবেষ্টন করিতে পারে, তত সময়ের নাম মাত্রা।

† শরীর হইতে বায়ু নিঃসারণের নাম রেচক। শরীরে বায়ুপূরণ করার নাম পুরক। শরীরমধ্যে বায়ু রোধ করার নাম কুম্ভক ॥

§ প্রণবমন্ত্রের ঋষিপ্রজাপতি। ছন্দ গায়ত্রী, দেবতা পরমাত্মা। বীজ আকার। শক্তি উকার। আধার দণ্ড মকার। প্রাণায়াম কার্য্যে এই মন্ত্র প্রয়োগ হয় ॥

ঋষ্যাদিস্মরণং কৃত্বা কুর্য্যাদ্ধ্যানমতন্দ্রিতঃ ॥

তদ্ধ্যানঞ্চোক্তং ॥

বিষ্ণুং ভাস্বৎকিরীটাঙ্গদবলয়কলাকল্পহারোদরাঙ্ঘ্রি-
শ্রোণীভূষং সবক্ষোমণিমকরমহাকুণ্ডলামণ্ডিতগণ্ডং।
হস্তোদ্যচ্ছঙ্খচক্রাম্বুজগদমমলং পীতকৌশেয়বাসং
বিদ্যাভদ্ভাসমুদ্যদ্দিনকরসদৃশং পদ্ম-সংস্থং নমামি ॥ ৪৩ ॥

ক্বচিচ্চ ॥

রুদ্রস্তু রেচকে ব্রহ্মা পূরকে ধ্যেয়দেবতা।
শ্রীবিষ্ণুঃ কুম্ভকে জ্ঞেয়ো ধ্যানস্থানং গুরোর্ম্মুখাৎ ॥

মন্ত্রমূর্দ্ধগং অষ্টাদশাক্ষরমন্ত্রশিরঃস্থিতং প্রণবং বীজং বা অভ্যস্যন্। মনসা আবর্ত্তয়ন্ প্রণবাভ্যাসে চ ঋষ্যাদিকমুক্তং। অস্য প্রণবমন্ত্রস্য প্রজাপতির্ঋষি দৈবী গায়ত্রীচ্ছন্দঃ পরমাত্মা দেবতা অকারো বীজং উকারঃ শক্তি মকারঃ কীলকং প্রাণায়ামে বিনিয়োগঃ। ইতি বীজাভ্যাসে চ তন্মন্ত্রস্য ঋষ্যাদিকং ধ্যানঞ্চ তদ্দেবতায়া এবেত্যহং বিকল্পশ্চ মুক্তিভুক্ত্যাদি-ফলভেদেন বর্ণাশ্রমাদিভেদেন বেতি দিক্ ॥ ৪৩ ॥

স্মরণ করিয়া অনলস হইয়া ধ্যান করিবে ॥

উহার ধ্যানও কথিত হইয়াছে ॥

যাঁহার উজ্জ্বল কিরীট, অঙ্গদ, বলয় ও শ্রেষ্ঠহার, যাঁহার উদর, চরণ ও শ্রোণীদেশ অলঙ্কারে বিভূষিত, যাঁহার গণ্ডস্থল বক্ষোমণি সংলগ্ন মহৎ শ্রেষ্ঠ মকরকুণ্ডলে চুম্বিত। যাঁহার হস্তে উদ্যত শঙ্খ চক্র ও গদা। যিনি অতি নির্ম্মল পীত পট্টবস্ত্র পরিধান করিয়াছেন। যাঁহার অঙ্গ হইতে দিব্য দীপ্তি উদগত হইতেছে। যিনি দেখিতে উদয়োন্মুখ সূর্য্যের তুল্য এবং যিনি পদ্মমধ্যে অবস্থিত আছেন, আমি সেই বিষ্ণুকে নমস্কার করি ॥ ৪৩ ॥

কোন স্থানেও কথিত হইয়াছে ॥

রেচক কার্য্যে রুদ্রকে, পূরক কার্য্যে ব্রহ্মাকে এবং কুম্ভক কার্য্যে বিষ্ণুকে দেবতা ভাবনা করিবে। ধ্যানের স্থান শ্রীগুরুদেবের নিকটে

তথাহি ॥

নাভিস্থানে পূরকেণ চিন্তয়েৎ কমলাসনং।
ব্রহ্মাণং রক্তগৌরাঙ্গং চতুর্ব্বক্ত্রং পিতামহং।
নীলোৎপলদলশ্যামং হৃদি মধ্যে প্রতিষ্ঠিতং।
চতুর্ভুজং মহাত্মানং কুম্ভকেন তু চিন্তয়েৎ।
রেচকেনৈশ্বরং ধ্যানং ললাটে সর্ব্বপাপহং।
শুদ্ধস্ফটিকসঙ্কাশং কুর্য্যাদ্বৈ নির্ম্মলং বুধঃ ॥ ইতি ॥ ৪৪ ॥
একান্তিভিশ্চ ভগবান্ সর্ব্বদেবময়ঃ প্রভুঃ।

ধ্যানস্থানং গুরোর্মুখাদেব জ্ঞেয়মিত্যুক্তং তদেব অন্যত্রত্য-বচনৈ বিজ্ঞাপয়ন্ তত্তদ্ধ্যানমেব বিশিষ্য লিখতি নাভিস্থান ইতি ত্রিভিঃ। ঐশ্বরং শ্রীরুদ্রসম্বন্ধি ॥ ৪৪ ॥

নহু শ্রীমদনগোপালদেবৈকভক্তিনিষ্ঠে কথমেবং বিবিধধ্যানং রোচেত তত্র লিখতি একান্তিভিশ্চেতি। একান্তিভিঃ শ্রীকৃষ্ণচরণারবিন্দৈকভক্তিনিষ্ঠৈস্তু কৃষ্ণ এব সর্ব্বত্রৈব ধ্যেয়ঃ সচ প্রিয়জনৈর্গোপগোপ্যাদিভিরুপেত এব নত্বেকাকী ভক্তিরসবিশেষবিঘাতাপত্তেঃ। নহু তত্র তত্র তত্তদ্দেবতায়া ধ্যানাভাবেনাসম্পূর্ণতা স্যাত্তত্র লিখতি ভগবান্ সর্ব্বৈশ্বর্য্যযুক্তঃ সর্ব্বদেবময়প্রভুশ্চ সর্ব্বদেবেশ্বরঃ সর্ব্বশক্তিমান্ বেতি। এবমেকান্তিনামগ্রেঽপি সর্ব্বত্রৈব বুদ্ধ্যাবগন্তব্যঃ। অতঃ পূর্ব্বলিখিতদ্বারপূজাদাবপ্যেকান্তিনাং শ্রীগরুড়াদিপরিবর্ত্তেন তত্র তত্র শ্রীদামাদিগোপানাং দ্বারশ্রীগঙ্গাদিপরিবর্ত্তেন চ শ্রীগোপীনাং পূজোহ্যা, অন্যথা তদেব কনিষ্ঠানাং তদন্যরুচাসম্ভবাদ্ভক্তিবিশেষহান্যা পূজালক্ষণকর্ম্মণ এব যথোক্তফলাসিদ্ধেঃ। এবং শ্রীভাগবতাদ্যুক্তানাঞ্চ গোকুলে শ্রীগোপালদেবস্য তদন্যাখিলরাগবিস্মারকাণাং তত্তৎ

জানিতে হইবে ॥

উক্ত বিষয়ের প্রমাণ ॥

পণ্ডিত ব্যক্তি পূরকের সহিত পদ্মাসনস্থিত, রক্তমিশ্রিত শুভ্রবর্ণ, চতুর্মুখ পিতামহ ব্রহ্মাকে নাভিস্থলে চিন্তা করিবেন। কুম্ভক সহযোগে, নীলোৎপলদল-শ্যাম, চতুর্ভুজ, পরমাত্মা বিষ্ণুকে হৃদয়মধ্যে চিন্তা করিবে। রেচক সহ সর্ব্বপাপহর, বিশুদ্ধ স্ফটিকতুল্য নির্ম্মল রুদ্রকে ললাটদেশে চিন্তা করিবেন ॥ ৪৪ ॥

যাঁহারা শ্রীকৃষ্ণচরণারবিন্দে একান্ত ভক্তিনিষ্ঠ, তাঁহাদিগের সকল

কৃষ্ণঃ প্রিয়জনোপেতশ্চিন্তনীয়ো হি সর্ব্বতঃ ॥ ৪৫ ॥

অথ প্রাণায়াম-মাহাত্ম্যং ॥

পাদ্মে দেবহূতিবিকুণ্ডলসম্বাদে ॥

যমলোকং ন পশ্যন্তি প্রাণায়াম-রতা নরাঃ।
অপি দুষ্কৃতকর্ম্মাণস্তৈরেব হতকিল্বিষাঃ ॥ ৪৬ ॥
দিবসে দিবসে বৈশ্য প্রাণায়ামাস্তু ষোড়শ।
অপি ভ্রূণহনং মাসাৎ পুনন্ত্যহরহঃ কৃতাঃ।
তপাংসি যানি তপ্যন্তে ব্রতানি নিয়মাশ্চ যে।
গোসহস্রপ্রদানন্তু প্রাণায়ামস্তু তৎসমঃ।

পরিচ্ছদপরিবারাদীনামাতক্রমেণাত্মপরিজনাদপূজনাদিকং কেবলং কামিনাং জয়দং প্রধানোভয়দং বিপিন ইত্যাত্ম্যুক্তস্তত্তৎফলাবাপ্তয়ে তান্ত্রিকাঃ সমাদিশন্তীতি জ্ঞেয়ং। অলমতিবিস্তরেণ ॥ ৪৫ ॥

তৈঃ প্রাণায়ামৈরেব ॥ ৪৬ ॥

কর্ম্মেই গোপ গোপী প্রভৃতি অভিমত জনবেষ্টিত সর্ব্বদেবময় ভগবান্ প্রভু শ্রীকৃষ্ণকেই ভাবনা করা উচিত ॥ ৪৫ ॥

অথ প্রাণায়ামের মাহাত্ম্য ॥

পদ্মপুরাণে দেবহূতিবিকুণ্ডল সম্বাদে ॥

যে সকল মনুষ্য প্রাণায়াম করেন তাঁহারা যদিও দুষ্কর্ম্মান্বিতও হয়েন, তথাপি তাঁহাদিগকে যমলোক দর্শন করিতে হয় না, যে হেতু ঐ প্রাণায়াম কর্ম্ম দ্বারাই তাঁহাদিগের পাপ সমুদায় বিনাশ পায় ॥ ৪৬ ॥

হে বৈশ্য! একমাস কাল প্রতিদিন ষোড়শবার প্রাণায়াম করিলে, অহরহঃ ভ্রূণহত্যাকারী ব্যক্তিও পবিত্র হয় ॥

যত প্রকার তপস্যা, যত প্রকার ব্রত নিয়ম করা যায় এবং যে সহস্র গোদান করা যায়, প্রাণায়াম সে সকলের সমান ॥

মনুষ্য কিঞ্চিৎ অধিক সম্বৎসর শত কাল যাবৎ প্রতিমাসের অন্তে

অম্বুবিন্দুং কুশাগ্রেণ মাসে মাসে নরঃ পিবেৎ।
সম্বৎসরশতং সাগ্রং প্রাণায়ামস্তু তৎসমঃ।
পাতকন্তু মহদ্যচ্চ তথা ক্ষুদ্রোপপাতকং।
প্রাণায়ামৈঃ ক্ষণাৎ সর্ব্বং ভস্মসাৎ স্যাদ্বিশাম্বরেতি ॥ ৪৭ ॥
ন্যাসান্ বিনা জপং প্রাহুরাসুরং বিফলং বুধাঃ।
অতো যথাসংপ্রদায়ং ন্যাসান্ কুর্য্যাদ্যথাবিধি ॥ ৪৮ ॥
তত্রাদৌ মাতৃকান্যাসঃ ॥
ঋষিচ্ছন্দোদেবতাদি স্মৃত্বাদৌ মাতৃকামনোঃ।
শিরোবক্ত্রহৃদাদৌ চ ন্যস্য তদ্ধ্যানমাচরেৎ ॥

সাগ্রং সম্বৎসরং পিবেৎ ॥ ৪৭ ॥

আসুরং অসুরদৈবত্যং অতএব বিফলং প্রাহুঃ ॥ ৪৮ ॥

ঋষ্যাদিকঞ্চোক্তং ব্রহ্মঋষির্গায়ত্রীচ্ছন্দো মাতৃকা সরস্বতীদেবতা হলোবীজানি স্বরাঃ শক্তয়োঃ মাতৃকান্যাসে বিনিয়োগ ইতি শিরোবক্ত্রাদৌ ক্রমেণ ঋষ্যাদিকমেব ন্যস্য তথা চোক্তং। উচ্চার্য্যেবং ঋষিচ্ছন্দো দেবতা বীজশক্তয়ঃ। শিরোবদনহৃদ্গুহ্যপাদেষু ক্রমতো ন্যসেদিতি। অত্র ন্যস্য ইতি বক্তব্যে ন্যসেদিত্যার্ষং ॥

কুশের অগ্রভাগে করিয়া জলবিন্দু পান করিলে যে ফল হয়, প্রাণায়াম করিলে সেই ফল লাভ হয় ॥

যে কিছু মহাপাতক, ক্ষুদ্রপাতক ও উপপাতক আছে, হে বৈশ্য-শ্রেষ্ঠ! প্রাণায়াম দ্বারা সে সমস্ত ক্ষণকালের মধ্যে নাশ পায় ॥ ৪৭ ॥

পণ্ডিতগণ বলিয়াছেন, ন্যাস ব্যতিরেকে যে জপ, তাহা অসুরের জপ অতএব সম্প্রদায় অনুসারে যথাবিধানে ন্যাস করিবে ॥ ৪৮ ॥

তন্মধ্যে প্রথমত মাতৃকান্যাস ॥

অগ্রে মাতৃকামন্ত্রের ঋষি, ছন্দ ও দেবতাদি * স্মরণ করিয়া উহার

---

* মাতৃকামন্ত্রের ঋষি ব্রহ্মা, ছন্দঃগায়ত্রী, দেবতা সরস্বতীদেবী। বীজ হল বর্ণ, মাতৃকা ন্যাস কার্য্যে ইহার প্রয়োগ হয় ॥

তচ্চোক্তং ॥

পঞ্চাশল্লিপিভির্বিভক্তমুখদোঃপন্মধ্যবক্ষস্থলাং

ভাস্বন্মৌলিনিবদ্ধচন্দ্রশকলামাপীনতুঙ্গস্তনীং।

মুদ্রামক্ষগুণং সুধাঢ্যকলসং বিদ্যাঞ্চ হস্তাম্বুজৈ-

র্বিভ্রাণাং বিষদপ্রভাং ত্রিনয়নাং বাগ্‌দেবতামাশ্রয়ে ॥ ৪৯ ॥

অকারাদীন্ ক্ষকারান্তান্ বর্ণানাদৌতু কেবলান্।

ললাটাদিষু চাঙ্গেষু ন্যস্যেদ্বিদ্বান্ যথাক্রমং ॥

তচ্চ বিবিচ্যোক্তং ॥

ললাট মুখবিম্বাক্ষি শ্রুতিঘ্রাণেষু গণ্ডয়োঃ।

ওষ্ঠদন্তোত্তমাঙ্গাস্যে দোঃপৎসন্ধ্যগ্রকেযুচ।

পঞ্চাশল্লিপিভিরিতি বর্ণানামেকপঞ্চাশত্ত্বেঽপি লকারদ্বয়স্যৈকাভিপ্রায়েণ। ভাস্বতি প্রভাযুক্তে মৌলৌ নিতরাং বদ্ধশ্চন্দ্রশকলং চন্দ্রার্দ্ধং যয়া তাং ॥ ৪৯ ॥

তং ন্যাসবিধিং লিখতি অকারাদীনিতি। কেবলান অনুস্বারাদি হীনান্ প্রথমং ন্যসেৎ।

ধ্যান করিবে ॥

এই বিষয় উক্ত হইয়াছে ॥

পঞ্চাশৎ বর্ণ বিভাগ করিয়া দেবী সরস্বতীর মুখমণ্ডল, বাহুযুগল, পদদ্বয়, কটিদেশ ও বক্ষঃস্থল বিরচিত হইয়াছে। তাঁহার মস্তকে চন্দ্রকলা দীপ্তি পাইতেছে। স্তনদ্বয় অতি স্থূল ও উন্নত। তিনি করকমলে মুদ্রা অক্ষসূত্র, অমৃতপূর্ণ কলস ও বিদ্যা ধারণ করিতেছেন। তিনি শুভ্রবর্ণা ও ত্রিনয়নী, আমি তাঁহার আশ্রয় গ্রহণ করিলাম ॥ ৪৯ ॥

বিদ্বান্ ব্যক্তি অনুস্বার সংযোগ না করিয়া কেবল অকারাদি ক্ষকারান্ত বর্ণ গুলিকে যথাক্রমে ললাটাদি অঙ্গ সকলে ন্যাস করিবেন ॥

ঐ ক্রম বিভাগ করিয়া কথিত হইয়াছে ॥

ললাট, মুখমণ্ডল, চক্ষু, কর্ণ, নাসারন্ধ্র, গণ্ডস্থল, ওষ্ঠ, দন্ত, মস্তক, মুখচ্ছিদ্র, হস্তসন্ধি, পদসন্ধি, হস্তাগ্র, পদাগ্র, পার্শ্বদ্বয়, পৃষ্ঠদেশ, নাভি,

পার্শ্বয়োঃ পৃষ্ঠতো নাভৌ জঠরে হৃদয়েহংসকে।
ককুদ্যংসে চ হৃৎপূর্ব্বং পাণিপাদযুগে ততঃ।
জঠরাননয়োর্ন্যস্যেন্মাতৃকার্ণান্ যথাক্রমং॥ ইতি॥ ৫০॥

কং কুত্র ন্যস্যেদিত্যপেক্ষায়াং লিখতি ললাটেত্যাদি সার্দ্ধত্রয়েণ। মাতৃকায়া লিপিসংজ্ঞায়া অর্ণান্ বর্ণান্ যথাক্রমং ললাটাদিষু ন্যস্যেদিতি দ্বাভ্যামন্বয়ঃ। তত্র চৈকপঞ্চাশদ্বর্ণেষু মধ্যে অকারাদীন্ অন্তস্থবকারান্তান্ পঞ্চচত্বারিংশদ্বর্ণান্ ললাটাদিষু বামাংসান্তেষু পঞ্চচত্বারিংশদবয়বেষু ন্যস্যেৎ। তথাহি ললাটমেকং মুখাবিম্বঃ মুখমণ্ডলমেকং অক্ষ্যাদিদন্তান্তানাং প্রত্যেকং দ্বয়মিত্যেবং দ্বাদশ। তত্র দন্তানাং পঙ্‌ক্তেদ্বিত্বেন দ্বিত্বং জ্ঞেয়ং। কিঞ্চ উত্তমাঙ্গং মস্তকমেকং আস্যং মুখচ্ছিদ্রমেকং ইত্যেবং ষোড়শসু ষোড়শ স্বরান্। ততঃ দোষ্ণোর্ভুজয়োঃ সন্ধয়ঃ প্রত্যেকং মূলকপূ্রমণিবন্ধাঙ্গুলমূলভেদেন চত্বারঃ এবং দ্বয়োরষ্ট। দোশ্চ সন্ধয়ঃ উরুমূলজানুগুল্‌ফাঙ্গুলমূলভেদেন প্রত্যেকং চত্বার এবং দ্বয়োরষ্ট। তথা দোষ্ণোরগ্রদ্বয়ং পদোশ্চাগ্রদ্বয়মিত্যেবং দোঃপৎসন্ধিবিংশত্যঙ্গেষু ব্যঞ্জনানাং মধ্যে ককরাদিনকারান্তবিংশতিবর্ণান্ ততশ্চ পার্শ্বাদিষু দিক্ষু নবস্বঙ্গেষু পকারাদীন্ বকারান্তান্ নব বর্ণান্ ন্যস্যেৎ তত্র পার্শ্বয়োরিতি তয়োর্দ্বিত্বমেব অংসস্য দক্ষিণবামতয়া দ্বিত্বাৎ পুনরুক্তিরিতি। হৃৎ পূর্ব্বমিতি অবশিষ্টান্ শকারাদিক্ষকারান্তান্ ষট্‌বর্ণান্ হৃদয়মারভ্য কক্ষাদিপাণিযুগলপাদযুগলজঠরাননপর্য্যন্তং ব্যাপয্য তত্তৎস্থানষট্‌কে ন্যসেদিত্যর্থঃ। তত্র প্রয়োগঃ। অং নম ইত্যাদিঃ॥ ৫০॥

জঠর, হৃদয়, দক্ষিণস্কন্ধ। ককুৎ, বামস্কন্ধ, হৃদয় হইতে আরম্ভ করিয়া করতলদ্বয়, পদতলদ্বয়, জঠর ও আনন এই সকল অঙ্গে অকারাদি ক্ষকার পর্য্যন্ত মাতৃকা বর্ণ সকল যথাক্রমে ন্যাস করিবে॥

তাৎপর্য্য। ললাট ১। মুখমণ্ডল ১। চক্ষুঃ ২। কর্ণ ২। নাসারন্ধ্র ২। গণ্ড ২। ওষ্ঠ ২। দুই পঙ্‌ক্তি হেতু দন্ত ২। এবং মস্তক ১। ও মুখছিদ্র ১। সর্ব্ব সমেত এই ষোড়শ অঙ্গ। এই সকল অঙ্গে ষোড়শ স্বর ন্যাস করিবে। বাহুসন্ধি ৪। অর্থাৎ বাহুমূল ১। কফোণি (কনুই) ১। মণিবন্ধ (কবজি) ১। ও অঙ্গুলিমূল ১। পদসন্ধি ৪। অর্থাৎ উরুমূল ১। জানু ১। গুল্‌ফ ১। ও অঙ্গুলি ১। অতএব দুই বাহু ও দুই পদের

সানুস্বারান্ বিসর্গাঢ্যান্ সানুস্বারবিসর্গকান্।
ন্যসেদ্ভূয়োঽপি তান্ বিদ্বানেবং বারচতুষ্টয়ং ॥ ৫১ ॥

অথ মাতৃকান্যাসঃ ॥

কণ্ঠহৃন্নাভিগুহ্যেষু পায়ু ভ্রূমধ্যয়োস্তথা।

ভূয়োঽপীত্যস্য সর্ব্বত্রৈবান্বয়ঃ। বারচতুষ্টয়মাত্র লিখনাৎ তান্ মাতৃকার্ণান্ তত্রৈব ভূয়োঽপি সানুস্বারান্ অনুস্বারেণ সহিতান্ ন্যসেৎ তত্র প্রয়োগঃ অং নম ইত্যাদি। ভূয়োঽপি তত্রৈব বিসর্গাঢ্যান্ বিসর্জনীয়যুক্তান্ ন্যসেত্তত্র। প্রয়োগঃ। অঃ নম ইত্যাদি। ভূয়োঽপি তত্রৈব সানুস্বারবিসর্গকান্ অনুস্বারবিসর্গাভ্যাং যুগপদেব সহিতান্ ন্যসেৎ। তত্র প্রয়োগঃ। অঁঃ নম ইত্যাদিঃ। এবং লিখিতপ্রকারেণ কেবলসংযুক্তভেদেন বারচতুষ্টয়ং মাতৃকাবর্ণান্ ন্যসেদিত্যর্থঃ ॥ ৫১ ॥

কণ্ঠাদিষট্‌সু স্থানেষু ক্রমেণ স্থিতে ষোড়শপত্রাদিকমলষট্‌কে তৎপঞ্চাশৎপত্রেষু একৈক-

---

সন্ধি সমুদায়ে ষোড়শ। আর হস্তাগ্র ২। এবং পদাগ্র ২। সাকল্যে ৪। অতএব সর্ব্বসমেত বিংশতি অঙ্গ। এই বিংশতি অঙ্গে ককারাদি নকার পর্য্যন্ত ন্যাস করিবে। আর ককুৎ প্রভৃতি ৯ অঙ্গে পকারাদি অন্তঃস্থ বকার পর্য্যন্ত ৯ বর্ণ ন্যাস করিবে করতলদ্বয়, পদতলদ্বয়, উদর ও আনন এই ৬ অঙ্গে শকারাদি ক্ষকারান্ত ছয় বর্ণের ন্যাস করিবে। অঙ্গের মধ্যে ললাট ও বর্ণের মধ্যে অকার লইয়া ন্যাস আরম্ভ করিবে, ক্রমে পর পর ন্যাস করিবে ॥ ৫০ ॥

বিদ্বান্ ব্যক্তি অনুস্বার সংযুক্ত করিয়া, বিসর্গ সংযুক্ত করিয়া এবং অনুস্বার ও বিসর্গ এক কালীন উভয় সংযুক্ত করিয়া, আবার ঐ সকল বর্ণ ঐ ঐ অঙ্গে ন্যাস করিবেন, এই প্রকারে চারিবার করিতে হইবে। অর্থাৎ প্রথমতঃ অনুস্বার না দিয়া অ নমঃ আ নমঃ। দ্বিতীয়ত অনুস্বার দিয়া অং নমঃ আং নমঃ। তৃতীয়তঃ বিসর্গ দিয়া অঃ নমঃ আঃ নমঃ। চতুর্থ বিসর্গ ও অনুস্বার দিয়া অং নমঃ আং নমঃ ইত্যাদি ॥ ৫১ ॥

অথ মাতৃকান্যাস ॥

কণ্ঠ, হৃদয়, নাভি, লিঙ্গ, পায়ু এবং ভ্রূমধ্য এই ছয় স্থানে যথাক্রমে

স্থিতে ষোড়শপত্রাব্জে ক্রমেণ দ্বাদশচ্ছদে।
দশপত্রে চ ষট্‌পত্রে চতুঃপত্রে দ্বিপত্রকে।
ন্যসেদেকৈকপত্রান্তে সবিন্দ্বেকৈকমক্ষরং ॥ ৫২ ॥

অথ কেশবাদিন্যাসঃ ॥

স্মৃত্বা ঋষ্যাদিকং বর্ণান্ মূর্ত্তিভিঃ কেশবাদিভিঃ।

কস্মিন্ পত্রে বিন্দুসহিতমেকৈকমক্ষরমিতি পঞ্চাশদ্বর্ণান্ তত্তৎপত্রান্তে মনসা ন্যসে-দিত্যর্থঃ ॥ ৫২ ॥

ঋষ্যাদিকঞ্চোক্তং। অস্য কেশবাদিন্যাসস্য প্রজাপতি ঋষিঃ দেবী গায়ত্রী ছন্দো লক্ষ্মীনারায়ণো দেবতা হলোবীজানি স্বরাঃ শক্তয়ঃ আত্মনোঽচ্যুতায়ত্বে বিনিয়োগ ইতি তান্ একপঞ্চাশন্মাতৃকাবর্ণান্ কেশবাদিভিরেকপঞ্চাশন্মূর্ত্তিভিঃ তাবতীভিরেব কীর্ত্ত্যাদিভি শ্চ শক্তিভিঃ সহ পূর্ব্ববং ললাটাদিষু অনুস্বারসহিতান্ তথৈব ন্যসেদিত্যর্থঃ ॥ ৫৩ ॥

ষোড়শদল, দ্বাদশদল, দশদল, ছয়দল, চতুর্দ্দল ও দ্বিদল পদ্ম থাকে, ঐ সকল পদ্মের প্রত্যেক দলের অগ্রভাগে অনুস্বার সহিত এক একটী বর্ণ ন্যাস করিবে, অর্থাৎ ঐ ছয়টী পদ্মের দল সমুদায়ে পঞ্চাশৎ। প্রত্যেক দল, হল ও স্বরের পঞ্চাশৎ বর্ণের প্রত্যেকটীকে অনুস্বার সংযুক্ত করিয়া ন্যাস করিবে ॥ ৫২ ॥

অথ কেশবাদি ন্যাস ॥

ঋষি প্রভৃতি * স্মরণ করিয়া কেশব প্রভৃতি মূর্ত্তি এবং শক্তি সকলের সহিত পূর্ব্বোক্ত বর্ণ সকলকে পূর্ব্বের ন্যায় ক্রম অনুসারে পূর্ব্বের ন্যায় ন্যাস করিবে। মূর্ত্তি ও শক্তি সকলকে চতুর্থী বিভক্তি এবং নমঃ

* কেশবাদি ন্যাসের ঋষি প্রজাপতি। ছন্দঃ দেবী গায়ত্রী। দেবতা লক্ষ্মীনারায়ণ, বীজ হলবর্ণ, শক্তি স্বরবর্ণ, আপনাকে শ্রীকৃষ্ণ স্বরূপ করণ কার্য্যে ইহার প্রয়োগ হয় ॥

কেশবাদি এক পঞ্চাশং মূর্ত্তি, কীর্ত্তি প্রভৃতি একপঞ্চাশৎ শক্তির সহিত পঞ্চাশৎ মাতৃকা বর্ণ গুলিকে অনুস্বার সংযুক্ত করিয়া ললাটাদি পূর্ব্বোক্ত অঙ্গ সকলে ন্যাস করিবে। প্রয়োগ যথা। অং কেশবায় কীর্ত্ত্যৈ নমঃ। আং নারায়ণায় কান্ত্যৈ নমঃ ইত্যাদি ॥

কীর্ত্ত্যাদিভিঃ শক্তিভিশ্চ ন্যসেত্তান্ পূর্ব্ববৎ ক্রমাৎ ॥ ৫৩ ॥
ন্যসেচ্চতুর্থী নত্যন্তা মূর্ত্তীঃ শক্তীশ্চ যাদিভিঃ।
সপ্ত ধাতূন্ প্রাণজীবৌ ক্রোধমপ্যাত্মনেঽন্তকান্ ॥ ৫৪ ॥
তত্র ধ্যানং ॥
উদ্যৎ প্রদ্যোতনশতরুচিং তপ্তহেমাবদাতং।

অত্র মূর্ত্তয়ঃ শক্তয়শ্চ কথং ন্যস্যা ইত্যপেক্ষায়াং তত্র প্রকারং লিখন্ তত্রৈব কাঞ্চিত্তাসাং বিশেষং লিখতি ন্যসেদিতি। মূর্ত্তিঃ শক্তিশ্চ চতুর্থ্যন্তা নম ইত্যন্তাশ্চ ন্যসেৎ। তত্র প্রয়োগঃ। অং কেশবায় কীর্ত্ত্যৈ নমঃ আং নারায়ণায় কান্ত্যৈ নম ইত্যাদিঃ। যাদিভিরিতি তত্র যকারাদি দশ বর্ণৈঃ সহ যা মূর্ত্তীঃ পুরুষোত্তমাদ্যা দশ শক্তীশ্চ বসুধাদ্যা স্তান্ন্যসেৎ। তত্র ত্বঙ্মাংস-মেদোঽস্থিমজ্জাশুক্রাণীতি সপ্ত ধাতূন্ তথা প্রাণং জীবঞ্চ ক্রোধমপীত্যেবং দশ ন্যসেদিত্যর্থঃ কথম্ভূতান্ ত্বগাদীন্ প্রাণাদীংশ্চ আত্মনে ইতি অন্তে যেষাং তান্ বহুব্রীহৌ কঃ। এতচ্চ সর্ব্বেষামেব বিশেষণমপিশব্দাৎ। অত্র প্রয়োগঃ। যং ত্বগাত্মনে পুরুষোত্তমায় বসুধায়ৈ নম ইত্যাদিঃ ॥ ৫৪ ॥

প্রদ্যোতনঃ সূর্য্যঃ। বিশ্বধাত্র্যা শ্রীধরণ্যা ॥ ৫৫ ॥

শব্দ অন্তে দিয়া ন্যাস করিবে ॥ ৫৩ ॥

যকারাদি বর্ণের সহিত যে সকল মূর্ত্তি ও শক্তি ন্যাস করিতে হইবে সেই সকল মূর্ত্তি ও শক্তিকে যকারাদি অর্থাৎ যকার হইতে ক্ষকার পর্য্যন্ত দশ বর্ণ এবং আত্মনে পদ অন্তে দিয়া সপ্ত ধাতু অর্থাৎ ত্বক্, মাংস মেদ, অস্থি, মজ্জা, শোণিত ও শুক্র, আর প্রাণ, জীব ও ক্রোধের সহিত ন্যাস করিবে। অর্থাৎ "যং ত্বগাত্মনে পুরুষোত্তমায় বসুধায়ৈ নমঃ। রং মাংসাত্মনে বলিনে পরায়ৈ নমঃ। ইত্যাদি প্রকারে প্রয়োগ করিতে হইবে ॥ ৫৪ ॥

এই বিষয়ে ধ্যান ॥

যাঁহার কান্তি নবোদিত শত সূর্য্যের প্রভার ন্যায়, যিনি উত্তপ্ত সুবর্ণের ন্যায় বর্ণ শালী। এক পার্শ্বে লক্ষ্মী ও অপর পার্শ্বে ধরণী যাঁহার

পার্শ্বদ্বন্দ্বে জলধিসুতয়া বিশ্বধাত্র্যাচ জুষ্টং ।
নানারত্নোল্লসিতবিবিধাকল্পমাপীতবস্ত্রং ।
বিষ্ণুং বন্দে দরকমলকৌমোদকীচক্রপাণিং ॥ ৫৫ ॥

অথ শ্রীমূর্ত্তয়ঃ ॥

প্রথমং কেশবো নারায়ণঃ পশ্চাচ্চ মাধবঃ ।
গোবিন্দশ্চ তথা বিষ্ণুর্মধুসূদন এবচ ।
ত্রিবিক্রমো বামনোঽথ শ্রীধরশ্চ ততঃ পরং ।
হৃষীকেশঃ পদ্মনাভস্ততো দামোদরস্তথা ।
বাসুদেবঃ সঙ্কর্ষণঃ প্রদ্যুম্নোঽথানিরুদ্ধকঃ ।
চক্রী গদী তথা শার্ঙ্গী খড়্গী শঙ্খী হলী তথা ।
মুষলীচ তথা শূলী পাশী চৈবাঙ্কুশী তথা ।
মুকুন্দো নন্দজশ্চৈব তথা নন্দী নরস্তথা ।
নরকজিদ্ধরিঃ কৃষ্ণঃ সত্যঃ সাত্বত এবচ ।
ততঃ শৌরিস্তথা শূরস্ততঃ পশ্চাজ্জনার্দ্দনঃ ।
ভূধরো বিশ্বমূর্ত্তিশ্চ বৈকুণ্ঠঃ পুরুষোত্তমঃ ।
বলী বলানুজো বালো বৃষঘ্নো বৃষ এবচ ।

সেবা করিতেছেন, যিনি নানা রত্ন খচিত দীপ্তিশালি-আভরণ সকলে বিভূষিত, যাঁহার পরিধান পীতবস্ত্র এবং হস্তে শঙ্খ, পদ্ম, গদা ও চক্র ধারণ সেই বিষ্ণুকে বন্দনা করি ॥ ৫৫ ॥

অথ মূর্ত্তি সকল ॥

কেশব, নারায়ণ, মাধব, গোবিন্দ, বিষ্ণু, মধুসূদন, ত্রিবিক্রম, বামন, শ্রীধর, হৃষীকেশ, পদ্মনাভ, দামোদর, বাসুদেব, সঙ্কর্ষণ, প্রদ্যুম্ন, অনিরুদ্ধ, চক্রী, গদী শার্ঙ্গী, খড়্গী, শঙ্খী, হলী, মুষলী, শূলী, পাশী, অঙ্কুশী, মুকুন্দ, নন্দনন্দন, নন্দী, নর, নরকজিৎ, হরি, কৃষ্ণ, সত্য, সাত্বত, শৌরি, শূর, জনার্দ্দন, ভূধর, বিশ্বমূর্ত্তি, বৈকুণ্ঠ, পুরুষোত্তম, বলী,

হংসো বরাহো বিমলো নৃসিংহশ্চেতি মূর্ত্তয়ঃ ॥
অথ শক্তয়ঃ ॥
কীর্ত্তিঃ কান্তিস্তুষ্টিপুষ্টী ধৃতিঃ শান্তিঃ ক্রিয়া দয়া।
মেধা হর্ষা তথা শ্রদ্ধা লজ্জা লক্ষ্মীঃ সরস্বতী।
প্রীতী রতির্জয়া দুর্গা প্রভা সত্যাচ চণ্ডিকা
বাণী বিলাসিনী চৈব বিজয়া বিরজা তথা।
বিশ্বাচ বিনদাচৈব সুনন্দাচ স্মৃতিস্তথা।
ঋদ্ধিঃ সমৃদ্ধিঃ শুদ্ধিশ্চ বুদ্ধিমু্ক্তির্নতিঃ ক্ষমা।
রমোমা ক্লেদিনী ক্লিন্না বসুদা বসুধা পরা।
পরায়ণাচ সূক্ষ্মা চ সন্ধ্যা প্রজ্ঞা প্রভা নিশা।
অমোঘা বিদ্যুতেত্যেক পঞ্চাশৎ শক্তয়ো মতাঃ।
দদাত্যয়ং কেশবাদিন্যাসোঽত্রাখিলসম্পদং।
অমুত্রাচ্যুতসারূপ্যং নয়তি ন্যাসমাত্রতঃ ॥৫৬॥
তদুক্তং ॥

অত্র অস্মিন্ লোকে অমুত্র পরলোকে শ্রীকৃষ্ণসারূপ্যং প্রাপয়তি ॥ ৫৬ ॥

বলরামানুজ, বাল, বৃষঘ্ন, বৃষ, হংস, বরাহ, বিমল এবং নৃসিংহ, এই একপঞ্চাশৎ মূর্ত্তি ॥

অথ শক্তি সকল ॥

কীর্ত্তি, কান্তি, তুষ্টি, পুষ্টি, ধৃতি, শান্তি, ক্রিয়া, দয়া, মেধা, হর্ষা, শ্রদ্ধা লজ্জা, লক্ষ্মী, সরস্বতী, প্রীতি, রতি, জয়া, দুর্গা, প্রভা, সত্যা, চণ্ডিকা, বাণী, বিলাসিনী, বিজয়া, বিরজা, বিশ্বা, বিনদা, সুনন্দা, স্মৃতি, ঋদ্ধি, সমৃদ্ধি, শুদ্ধি, মুক্তি, নতি, ক্ষমা, রমা, উমা, ক্লেদিনী, ক্লিন্না, বসুদা, বসুধা, পরা, পরায়ণা, সূক্ষ্মা, সন্ধ্যা, প্রজ্ঞা, প্রভা, নিশা, অমোঘা ও বিদ্যুতা, এই এক পঞ্চাশৎ শক্তি ॥

এই কেশবাদি ন্যাস একবার মাত্র করিলে ইহলোকে সমস্ত সম্পত্তি দান করে এবং পর লোকে শ্রীকৃষ্ণের সারূপ্য প্রাপ্তি করায় ॥ ৫৬ ॥

এই বিষয়ে উক্ত হইয়াছে ॥

ধ্যাত্বৈবং পরমপুমাংসমক্ষরৈ-
র্যোবিন্যস্যেদ্দিনমনু কেশবাদিযুক্তৈঃ।
মেধায়ুঃস্মৃতিধৃতিকীর্ত্তিকান্তিলক্ষ্মী
সৌভাগৈশ্চিরমুপবৃংহিতো ভবেৎ সঃ॥
অন্যত্র চ॥
কেশবাদিরিয়ং ন্যাসো ন্যাসমাত্রেণ দেহিনঃ।
অচ্যুতত্বং দদাত্যেব সত্যং সত্যং ন সংশয়ঃ॥ ইতি॥ ৫৭॥
যশ্চ কুর্য্যাদিমং ন্যাসং লক্ষ্মীবীজপুরঃসরং।
ভক্তিং মুক্তিঞ্চ ভুক্তিঞ্চ কৃষ্ণঞ্চ লভতে হ্যচিরাৎ॥ ৫৮॥
তথা চোক্তং॥
অমুমেব রমাপুরঃসরং, প্রভজেদ্যো মনুজো বিধিং বুধঃ।

এবং উদ্যৎপ্রদ্যোতনশতরুচিমিত্যাদি প্রকারেণ। পরমপুমাংসং শ্রীভগবন্তং দিনমনু অনুদিনং॥ ৫৭॥

ইমং কেশবাদি ন্যাসং। লক্ষ্মীবীজং শ্রীশব্দস্তৎপূর্ব্বকং যঃ কুর্য্যাৎ সোঽচিরাৎ ভক্ত্যাদিকং লভতে॥ ৫৮॥

যিনি প্রতিদিন এই প্রকারে পূর্ব্বোক্ত পরমপুরুষের ধ্যান করিয়া কেশবাদি যুক্ত অক্ষরের সহিত ন্যাস করেন, তিনি চিরকাল মেধা, স্মৃতি, শক্তি, ধৈর্য্য, কান্তি, লক্ষ্মী ও সৌভাগ্যের সহিত বৃদ্ধি পাইয়া থাকেন॥

অন্যস্থানেও বলিয়াছেন॥

এই কেশবাদি ন্যাস, কেবল ন্যাস করা মাত্রেই মনুষ্য সকলকে বিষ্ণুর সারূপ্য দান করে, সত্য সত্য ইহাতে কোন সংশয় নাই॥ ৫৭॥

যে ব্যক্তি লক্ষ্মীবীজ উচ্চারণ পূর্ব্বক এই কেশবাদি ন্যাস করেন তিনি অচিরকাল মধ্যে ভক্তি, মুক্তি, ভোগ ও শ্রীকৃষ্ণকে প্রাপ্ত হন॥৫৮

ইহাই উক্ত হইয়াছে॥

যে পণ্ডিত ব্যক্তি লক্ষ্মীবীজ পূর্ব্বক এই বিধিই আচরণ করেন; তিনি

সমুপেত্য রমাং প্রথীয়সীং পুনরন্তে হরিতাং ব্রজত্যসৌ ।৫৯॥

অথ তত্ত্বন্যাসঃ ॥

মকারাদিককারান্তবর্ণৈর্যুক্তং সবিন্দুকৈঃ।

নমঃ পরায়েতি পূর্ব্বমাত্মনে নম ইত্যনু।

নামজীবাদিতত্ত্বানাং ন্যস্যেত্তত্তৎপদে ক্রমাৎ।

ন্যাসেনানেন লোকোহি ভবেৎ পূজাধিকারবান্ ॥ ৬০ ॥

হরিতাং শ্রীকৃষ্ণত্বমিতি তৎসারূপ্যপ্রাপ্তেঃ ॥ ৫৯ ॥

জীবাদিতত্ত্বানাং নাম জীবেত্যাদিকং. তত্তৎপদে তস্মিন্ তস্মিন্ লেখ্যস্থানে ক্রমাৎ লিখন্ ক্রমেণ ন্যস্যেৎ। আদি শব্দেন অগ্রে লেখ্যানি প্রাণমহদহঙ্কারাদীনি তত্ত্বানি। কথমিত্যপেক্ষায়াং তদেব বিশিনষ্টি সবিন্দুকৈঃ অনুস্বারসহিতৈস্তৈর্মকারাদিভিঃ ককারান্তৈর্ব্বর্ণৈর্যুক্তং। মকারাদীনাং ককারান্ততা চাত্র প্রাতিলোম্যেন জ্ঞেয়া। কিঞ্চ নমঃ পরায়েতি বাক্যং পূর্ব্বং যস্মিন্ তৎ। তথা আত্মনে নম ইতি অনু পশ্চাৎ যস্মিন্ তৎ। যদ্বা। নমঃ পরায়েতি নাম্নঃ পূর্ব্বং ন্যস্যেৎ। আত্মনে নম ইতি চ অনু পশ্চাৎ ন্যস্যেৎ হি যতঃ অনেন তত্ত্বন্যাসাখ্যেন ন্যাসেন পূজায়ামধিকারী জনো ভবতি তথাচ ক্রমদীপিকায়াং। ইতি কৃতেহধিকৃতো ভবতি ধ্রুবং সকলবৈষ্ণবমন্ত্রজপাদিম্বিতি। তত্র প্রয়োগঃ মং নমঃ পরায় জীবাত্মনে নমঃ ভং নমঃ পরায় প্রাণাত্মনে নম ইত্যাদিঃ। কেচিচ্চ জীবতত্ত্বাত্মনে নমঃ প্রাণতত্ত্বাত্মনে নমঃ

ইহলোকে বিখ্যাত লক্ষ্মীলাভ পুরঃসর অন্তে শ্রীকৃষ্ণের সারূপ্য প্রাপ্ত হয়েন ॥ ৫৯ ॥

অথ তত্ত্বন্যাস ॥

অগ্রে "নমঃ পরায়" এই পদে, পরে "আত্মনে নমঃ" এই পদ দিয়া অনুস্বার সংযুক্ত মকারাদি ককার পর্য্যন্ত অর্থাৎ ম, ভ, ব, ইত্যাদি বর্ণ সকলের সহিত বক্ষ্যমাণ বিশেষ বিশেষ স্থান সকলে জীবাদি তত্ত্ব সকল ন্যাস করিবে, এই ন্যাস করিলে লোকপূজা করিতে অধিকার প্রাপ্ত হইবে। প্রয়োগ যথা—মং নমঃ পরায় জীবাত্মনে নমঃ। ভং নমঃ পরায় প্রাণাত্মনে নমঃ। কেহ কেহ জীবতত্ত্বাত্মনে নমঃ। প্রাণতত্ত্বাত্মনে নমঃ ইত্যাদি প্রকারে "তত্ত্ব" শব্দও ব্যবহার করেন ॥ ৬০ ॥

তত্রাদৌ সকলে ন্যস্যেজ্জীবপ্রাণৌ কলেবরে।
হৃদয়ে মত্যহঙ্কারমনাংসীতি ত্রয়স্ততঃ॥ ৬১॥
শব্দং স্পর্শং ততোরূপং রসং গন্ধঞ্চ মস্তকে।
মুখে হৃদিচ গুহ্যেচ পাদয়োশ্চ যথাক্রমং॥ ৬২॥
শ্রোত্রং ত্বচং দৃশং জিহ্বাং ঘ্রাণং স্বস্বপদে ততঃ।
বাক্‌পাণিপাদপায়ূপস্থানি স্বস্বপদে তথা॥ ৬৩॥
আকাশবায়ুতেজাংসি জলং পৃথ্বীঞ্চ মূর্দ্ধনি।

ইত্যাদি তত্ত্বশব্দমপি প্রযুঞ্জীত॥ ৬০॥

তানি তত্ত্বান্যেব লিখন্ তত্ত্বন্যাসস্থানং বিবিচ্য লিখতি তত্রাদাবিতি। তস্মিন্ তত্ত্বন্যাসে সকলে কলেবরে সর্ব্বশরীরে জীবং প্রাণঞ্চেতি তত্ত্বদ্বয়ং ন্যস্যেৎ। ততো হৃদয়ে মত্যাদি তত্ত্ব ত্রয়ং ন্যস্যেৎ। তত্র প্রয়োগঃ বং পরায় মত্যাত্মনে নমঃ ইত্যাদিঃ। এবমগ্রে প্রয়োগঃ সর্ব্বত্রোহ্যঃ॥ ৬১॥

ন্যস্যেদিত্যনুবর্ত্তত এব ততঃ শব্দাদিপঞ্চকং মস্তকাদিপঞ্চকে যথাক্রমং লিখিত ক্রমেণ ন্যস্যেৎ॥ ৬২॥

ততঃ শ্রোত্রাদিপঞ্চকং যথাক্রমমেব স্বস্বপদে নিজনিজস্থানে শ্রোত্রাদিপঞ্চকএব তত্রৈব বাগাদি পঞ্চকঞ্চ ন্যস্যেৎ। তত্র চ যস্য দ্বিত্বং তস্য তয়োর্দ্ব্যোরেব ন্যাসঃ। এবঞ্চ শ্রোত্রয়োর্দৃশোঃ পাণ্যোঃ পাদয়োশ্চ তত্ত্বস্যৈকস্যৈব ন্যাসো জ্ঞেয়ঃ পশ্চাদগ্রেচ পাদয়োরিতি লিখনাৎ॥ ৬৩॥

তন্মধ্যে প্রথমতঃ সমস্ত শরীরে জীবতত্ত্ব ও প্রাণতত্ত্ব ন্যাস করিবে, মতি, অহঙ্কার ও মন এই তিন তত্ত্ব হৃদয়ে ন্যাস করিবে॥ ৬১॥

অনন্তর শব্দ, স্পর্শ, রূপ, রস, ও গন্ধতত্ত্ব, মস্তক, মুখ, হৃদয়, গুহ্য ও পাদদ্বয়ে যথাক্রমে ন্যাস করিবে॥ ৬২॥

তদনন্তর শ্রোত্র, ত্বক্, চক্ষু, জিহ্বা, ও ঘ্রাণতত্ত্বকে ইহাদিগের নিজ নিজ স্থানে এবং বাক্, পাণি, পাদ, পায়ু ও উপস্থকে উহাদিগের স্বীয় স্বীয় স্থানে ন্যাস করিবে॥ ৬৩॥

আকাশ, বায়ু, তেজ, জল ও পৃথিবীতত্ত্ব মস্তক, বদন, হৃদয়, লিঙ্গ ও

বদনে হৃদয়ে লিঙ্গে পাদয়োশ্চ যথাক্রমং ॥ ৬৪ ॥
হৃদি হৃৎপুণ্ডরীকঞ্চ দ্বিষট্ দ্ব্যষ্ট দশাদিকং।
কলাব্যাপ্তেতি পূর্ব্বঞ্চ সূর্য্যচন্দ্রাগ্নিমণ্ডলং।
বর্ণৈঃ সহ সরেফৈশ্চ ক্রমান্ন্যস্তেৎ সবিন্দুকৈঃ ॥ ৬৫ ॥

আকাশাদি পঞ্চকঞ্চ মূর্দ্ধাদিপঞ্চকে ন্যসেৎ এবং মকারাদি ককারান্তানাং পঞ্চবিংশতি-বর্ণানাং ন্যাসঃ সমাপ্তঃ ॥ ৬৪ ॥

অধুনাবশিষ্টানাং ব্যঞ্জনবর্ণানাং দশানাং ন্যাসং লিখতি হৃদীতি সার্দ্ধচতুর্ভিঃ। হৃৎ পুণ্ডরীকমিত্যেকং তথা সূর্য্যমণ্ডলং চন্দ্রমণ্ডলং অগ্নিমণ্ডলং চেতি ত্রয়ং। এতচ্চতুষ্টয়ং বিন্দু সহিতৈঃ শকারাদিচতুর্ব্বর্ণৈঃ সহ ক্রমেণ হৃদোব ন্যস্তেৎ। কথম্ভূতং। সূর্য্যাদিমণ্ডলং। কলাব্যাপ্তেতি শব্দঃ পূর্ব্বমাদ্যং যস্মিন্ তৎ। পুনঃ কথম্ভূতং দ্বিষট্দ্বাদশদ্ব্যষ্টষোড়শক্রমেণ দ্বিষট্ ইত্যাদি আদৌ যস্ত তৎ। তথাচ ক্রমদীপিকায়াং। বিম্বানি দ্বিষড়ষ্টযুগশকল-ব্যাপ্তানি সূর্য্যোড়ুবাড়্ বহ্নীনাঞ্চ যতস্ত ভূত বসু মুনাক্ষার্ণৈরর্মন্ত্রবদিতি। অস্যার্থঃ। সূর্য্য-চন্দ্রবহ্নীনাং মণ্ডলানি ক্রমেণ দ্বাদশষোড়শদশকলাব্যাপ্তানি চ তত্তৎকলাব্যাপ্তেত্যতান্যপি। যতঃ যকারাৎ যো ভূতাক্ষরং পঞ্চবর্ণঃ শকারঃ বস্বক্ষরং অষ্টমোবর্ণঃ হকারঃ মুন্যক্ষরং সপ্তম বর্ণঃ সকারঃ অক্ষাক্ষরং দ্বিতীয়বর্ণোরেফঃ এতৈঃ সহেতি। তত্র প্রয়োগঃ। শং নমঃ পরায় হৃৎ পুণ্ডরীকাত্মনে নমঃ। হং নমঃ পরায় দ্বাদশ কলাব্যাপ্ত সূর্য্যমণ্ডলাত্মনে নমঃ। সং নমঃ পরায় ষোড়শ কলাব্যাপ্ত চন্দ্রমণ্ডলাত্মনে নমঃ রং নমঃ পরায় দশকলাব্যাপ্ত বহ্নি মণ্ডলাত্মনে নম ইতি ॥ ৬৫ ॥

পাদদ্বয়ে যথাক্রমে ন্যাস করিবে ॥ ৬৪ ॥

হৃদয় পুণ্ডরীক, দ্বাদশকলাব্যাপ্ত সূর্য্যমণ্ডল, ষোড়শকলা ব্যাপ্ত চন্দ্র মণ্ডল এবং দশকলাব্যাপ্ত অগ্নিমণ্ডল, বিন্দুসংযুক্ত রকার ও অন্যান্য বর্ণ সকলের সহিত হৃদয়ে ন্যাস করিবে ॥

প্রয়োগ যথা—শং নমঃ পরায় পুণ্ডরীকাত্মনে নমঃ। হং নমঃ পরায় দ্বাদশকলাব্যাপ্তসূর্য্যমণ্ডলাত্মনে নমঃ। সং নমঃ পরায় ষোড়শকলা-ব্যাপ্ত চন্দ্রমণ্ডলাত্মনে নমঃ। রং নমঃ পরায় দশকলাব্যাপ্তবহ্নিমণ্ডলা-ত্মনে নমঃ ॥ ৬৫ ॥

বাসুদেবং যকারেণ পরমেষ্ঠিযুতঞ্চ কে।
যকারেণ মুখে সঙ্কর্ষণং ন্যস্যেৎ পুমন্বিতং ॥ ৬৬ ॥
হৃদি ন্যস্যেল্লকারেণ প্রদ্যুম্নং বিশ্বসংযুতং।
অনিরুদ্ধং নিবৃত্ত্যাঢ্যং বকারেণ চ গুহ্যকে।
নারায়ণঞ্চ সর্ব্বাঢ্যং লকারেণৈব পাদয়োঃ ॥ ৬৭ ॥

অধুনাঽবশিষ্ট ষড়্‌বর্ণৈঃ সহ পঞ্চোপনিষদাদিন্যাসং লিখতি বাসুদেবমিতি ত্রিভিঃ। মূর্দ্ধন্যবকারেণ সহ পরমেষ্ঠিযুতং পরমেষ্ঠীতি সহিতং বাসুদেবং কে মস্তকে ন্যস্যেৎ। অত্র প্রয়োগঃ। যং নমঃ পরায় বাসুদেবায় পরমেষ্ঠ্যাত্মনে নম ইতি। পুমন্বিতং পুংসা সহিতং। তত্র প্রয়োগঃ। যং নমঃ পরায় সঙ্কর্ষণায় পুমাত্মনে নম ইতি ॥ ৬৬ ॥

লকারেণ সহ প্রদ্যুম্নং ন্যস্যেদিত্যত্র কেচিদ্রেফেণ সহ ন্যাসং মন্যন্তে তদযুক্তমেব যতঃ পূর্ব্বং বহ্নিমণ্ডলেন সহ রেফস্য ন্যাসো বৃত্তঃ অত্রাপি পুনস্তস্যৈব ন্যাসাত্তস্য দ্বিত্বং প্রসজ্যেত তচ্চ ন সম্ভবেদেব বর্ণ সমাম্নায়েত্যস্যৈকত্বাৎ অতোঽত্র লকারস্যৈব ন্যাসো যুক্তঃ। অগ্রে নারায়ণেন সহ তস্য পুনর্ন্যাসশ্চৈক পঞ্চাশন্মাতৃকা বর্ণেষু তস্য দ্বিত্বাদযুক্ত এবেতি অতএব ক্রম দীপিকায়াং। যোপরবলার্ণকৈঃ সলবকৈরিতি। অস্যার্থঃ যেতি যকার উপরেতি রেফস্য উপ সমীপে তিষ্ঠতীতি যকারো লকারশ্চ তথা বকারো লকারশ্চ দ্বিতীয়ঃ। এবং পঞ্চভির্ব্বর্ণৈঃ সলবকৈঃ সানুস্বারৈরিতি। যো যবলবর্ণৈরিতি পাঠস্তু চিন্ত্যঃ। আর্য্যাভেদঃ স্কন্ধকচ্ছন্দসি চতুষ্কল ভঙ্গ দোষাপত্তেঃ। তথা তত্ত্বন্যাসেঽস্মিন্ প্রথমতঃ প্রস্তুতানাং পঞ্চত্রিংশৎ ব্যঞ্জন বর্ণানাং মধ্যে যো ইত্যস্য বা ইত্যস্য চ কুত্রাপ্যশ্রবণাৎ। অন্তে নান্তস্য ক্ষকারস্য চ রেফৌ-কার সংযোগঃ নৃসিংহবীজত্বেন তস্য তাদৃশত্বাদেব। অতঃ পূর্ব্বং পঞ্চবর্গাণাং বর্ণানাং ন্যাসঃ ততঃ পরমন্ত্রাস্থাদীনাং মধ্যে সকারাদি চতুর্ণাং অগ্রে ন্যাসঃ ততঃ পরমন্ত্রাস্থাদীনাং মধ্যে শকারাদি চতুর্ণাং অগ্রে নৃসিংহবীজময়স্য ক্ষকারস্যান্তেৎব। অন্ন চ পঞ্চোপনিষৎসু অব শিষ্টানাং যকারাদীনাং পঞ্চানামেব যুক্ত ইতি দিক্। অত্র প্রয়োগঃ। লং নমঃ পরায় প্রদ্যুম্নায় বিশ্বাত্মনে নম ইতি ॥ ৬৭ ॥

পরমেষ্ঠিশব্দসংযুক্ত বাসুদেবকে যকারের সহিত মস্তকে ন্যাস করিবে। পুং শব্দপূর্ব্বক সঙ্কর্ষণকে যকারের সহিত মুখেন্যাস করিবে ॥ ৬৬ ॥

বিশ্বশব্দসংযুক্ত প্রদ্যুম্নকে লকারের সহিত হৃদয়ে ন্যাস করিবে। নিবৃত্তিশব্দসংযুক্ত অনিরুদ্ধকে বকারের সহিত গুহ্যে ন্যাস করিবে। সর্ব্বশব্দসংযুক্ত নারায়ণকে লকারের সহিত দুই পদে ন্যাস করিবে ॥ ৬৭

নৃসিংহং কোপসংযুক্তং তদ্বীজেনাখিলাত্মনি।
তত্ত্বন্যাসোঽয়মচিরাৎ কৃষ্ণসান্নিধ্যকারকঃ ॥ ৬৮ ॥
তথাচোক্তং ॥
অতত্ত্বব্যাপ্যরূপস্য তৎপ্রাপ্তেহের্তুনা পুনঃ।
তত্ত্বন্যাসমিতি প্রাহুর্ন্যাসতত্ত্ববিদো বুধাঃ ॥ ৬৯ ॥
যঃ কুর্য্যাত্তত্ত্ববিন্যাসং স পূতো ভবতি ধ্রুবং।
তদাত্মনানুপ্রবিশ্য ভগবানিহ তিষ্ঠতি।

নমোদিত্যনুবর্ত্তত এব। তস্য নৃসিংহস্য বীজেন সহ অখিলাত্মনি সর্ব্বগাত্রেষু। অত্র প্রয়োগঃ। ক্ষৌঁ নমঃ পরায় নৃসিংহায় কোপাত্মনে নমঃ ইতি। এবং তত্ত্বন্যাসফলং লিখতি তত্ত্বেতি। কৃষ্ণসান্নিধ্যকারকঃ কৃষ্ণং সন্নিধৌ কারয়তি প্রাপয়তীত্যর্থঃ ॥ ৬৮ ॥

অতত্ত্বঞ্চ তৎ অতএব ব্যাপ্য রূপঞ্চ তস্য পুনঃ তৎপ্রাপ্তেস্তত্ত্বাবাপ্তের্হেতোঃ ॥ ৬৯ ॥

তদাত্মনা ন্যাসকর্ত্তৃরূপেণ বা ইহ শরীরে লোকে বা ॥ ৭০ ॥

কোপশব্দ সহিত নৃসিংহকে তদীয় বীজের অর্থাৎ ক্ষকারের সহিত সর্ব্বগাত্রে ন্যাস করিবে। উপরি উক্ত এই তত্ত্বন্যাস শীঘ্রই শ্রীকৃষ্ণকে সন্নিকটে উপস্থিত করায় ॥

উক্ত ন্যাস সকলের প্রয়োগ যথা—

"ষং নমঃ পরায় বাসুদেবায় পরমেষ্ঠ্যাত্মনে নমঃ। যং নমঃ পরায় সঙ্কর্ষণায় পুমাত্মনে নমঃ। লং নমঃ পরায় প্রদ্যুম্নায় বিশ্বাত্মনে নমঃ। বং নমঃ পরায় অনিরুদ্ধায় নিবৃত্ত্যাত্মনে নমঃ। লং নমঃ পরায় নারায়ণায় সর্ব্বাত্মনে নমঃ। ক্ষৌং নমঃ পরায় নৃসিংহায় কোপাত্মনে নমঃ" ॥৬৮॥

এই বিষয় উক্ত হইয়াছে ॥

যে সকল পণ্ডিত ন্যাস কার্য্যের তত্ত্ব অবগত আছেন, তাঁহারা এই ন্যাসকে তত্ত্বন্যাস কহিয়া থাকেন, কারণ যাহা বস্তু নহে সুতরাং যাঁহার স্বরূপ অনুমেয়, তাঁহাকে বস্তুতা প্রাপ্ত করায় ॥ ৬৯ ॥

যে ব্যক্তি তত্ত্বন্যাস করেন তিনি নিশ্চয়ই পবিত্র হয়েন। ভগবান্ ন্যাসরূপে প্রবেশ করিয়া তাঁহার শরীরে অবস্থিতি করেন, যে হেতু

যতঃ স এব তত্ত্বানি সর্ব্বং তস্মিন্ প্রতিষ্ঠিতং॥ ৭০॥

অথ পুনঃ প্রাণায়ামবিশেষঃ॥

প্রাণায়ামাংস্ততঃ কুর্য্যান্মূলমন্ত্রং জপন্ ক্রমাৎ।
বারৌ দ্বৌ চতুরঃ ষট্‌চ রেচপূরককুম্ভকে॥ ৭১॥
অথবা রেচকাদীংস্তান্ কুর্য্যাদ্বারাংস্তু ষোড়শ।
দ্বাত্রিংশচ্চ চতুঃষষ্টিং কামবীজং জপন্ ক্রমাৎ॥ ৭২॥

তথাচ ক্রমদীপিকায়াং॥

রেচয়েন্মারুতং দক্ষয়া দক্ষিণঃ

ততস্তত্ত্বন্যাসানন্তরং। ক্রমাদপি রেচকে দ্বৌ বারৌ পূরকে চতুরো বারান্ কুম্ভকে ষট্ বারান্ অষ্টাদশাক্ষরমন্ত্রং জপন্নিত্যর্থঃ। রেচকপূরককুম্ভক ইতি দ্বন্দ্বৈকত্বং॥ ৭১॥

তত্রাশক্তৌ প্রকারান্তরং লিখতি। অথবেতি কামবীজং ক্রমাৎ রেচকপূরক-কুম্ভকেষু পূর্ব্ববৎ ক্রমেণ ষোড়শদ্বাত্রিংশচ্চতুঃষষ্টি বারান্ জপন্ তান্ রেচকপূরককুম্ভকাংস্ত্রীন্ কুর্য্যাৎ॥৭২

তদেব ক্রমদীপিকোক্ত্যা সম্বাদয়ন্ তত্রৈব কিঞ্চিদ্বিশেষঞ্চ দর্শয়তি রেচয়েদিতি দক্ষয়া

সেই ভগবানই সমুদায় তত্ত্ব, সমস্ত বস্তুই তাঁহাতে অবস্থিতি করিতেছে॥ ৭০॥

অথ পুনরায় বিশেষ॥

অনন্তর অর্থাৎ তত্ত্বন্যাস করণানন্তর মূলমন্ত্র অর্থাৎ অষ্টাদশাক্ষর মন্ত্র রেচক, পূরক ও কুম্ভক কার্য্যে ক্রমান্বয়ে দুই, চারি ও ছয়বার অর্থাৎ রেচকে দুইবার, পূরকে চারিবার ও কুম্ভকে ছয়বার জপ করিয়া প্রাণায়াম করিবে॥ ৭১॥

অথবা অশক্ত হইলে ক্রমান্বয়ে ষোড়শ, দ্বাত্রিংশৎ ও চতুঃষষ্টি বার কামবীজ অর্থাৎ "ক্লীঁ" জপ করিয়া রেচকাদি করিবে॥ ৭২॥

অতএব ক্রমদীপিকাতে॥

বিদ্বান্ ব্যক্তি দক্ষিণ নাড়ী দ্বারা বায়ু নিঃসারণ করিবেন, বাম নাড়ী

পূরয়েদ্বাময়া চ মধ্য নাড্যা পুনঃ।
ধারয়েদীরিতং রেচকাদিত্রয়ং
স্যাৎ কলাদন্তবিদ্যাখ্যমাত্রাত্মকং ॥ ৭৩ ॥
তত্র কালং সংখ্যাদিকঞ্চ তত্রৈব ॥
পুরতো জপস্য পরতোঽপি
বিহিতমথ তত্ত্রয়ং বুধৈঃ।
ষোড়শ য ইহাচরেদ্দিনশঃ
পরিপূয়তে স খলু মাসতোঽংহসঃ ॥ ৭৪ ॥

দক্ষিণনাড্যা। দক্ষিণঃ বিদ্বান্ জনঃ। মধ্যনাড্যা সুষুম্নয়া ধারয়েৎ। এবং রেচকপূরককুম্ভকাখ্যং ত্রয়ং স্যাৎ। রেচকাদিষু ত্রিষু ক্রমেণাবধিকালমাহ কলাঃ। ষোড়শ দন্তা দ্বাত্রিংশৎবিদ্যা চতুঃষষ্টি তত্তৎসংখ্যাক মাত্রাত্মকমিত্যর্থঃ। মাত্রা চ বামাঙ্গুষ্ঠেন বামকনিষ্ঠাদ্যঙ্গুলীনাং প্রত্যেকং পর্ব্বত্রয়সম্পর্ককালঃ বামহস্তেন বামজানুমণ্ডলস্য প্রাদক্ষিণ্যেন স্পর্শ কালো বা তত্রাপ্যঙ্গুলিনিয়মোঽপ্যুক্তঃ। কনিষ্ঠানামিকাঙ্গুষ্ঠৈর্যন্নাসাপুটধারণং। প্রাণায়ামঃ স বিজ্ঞেয়স্তর্জনীমধ্যমে বিনেতি। তত্র তেষু প্রাণায়ামেষু পূর্ব্বং রেচকাদিষু সংখ্যোক্তা অত্র চ প্রাণায়ামেম্বিতি ভেদঃ ॥ ৭৩ ॥

জপস্য পুরত আদৌ পরতঃ অন্তে চ ইতি প্রাণায়ামেষু কালঃ। তত্ত্রয়ং প্রাণায়ামত্রয়মিতি সংখ্যা। যো জনো দিনশঃ প্রত্যহং ষোড়শ প্রাণায়ামানাচরেৎ স মাসতঃ মাসেনৈকেন অংহসঃ পাপাৎ পরিপূয়তে শুদ্ধো ভবতীতি সামান্যতঃ ফলং। পরঞ্চ সর্ব্বং পূর্ব্বং লিখিতমেব ॥ ৭৪ ॥

দ্বারা পূরণ করিবেন ও মধ্য নাড়ী সুষুম্না দ্বারা ধারণ করিবেন এই তিন কার্য্যের নাম রেচক, পূরক ও কুম্ভক, ইহাদের পরিমাণ কালক্রমে ষোড়শ, দ্বাত্রিংশৎ ও চতুঃষষ্টি মাত্রা ॥ ৭৩ ॥

প্রাণায়াম-কার্য্যে কাল ও সংখ্যাদি ক্রমদীপিকাতেই
কথিত হইয়াছে ॥

পণ্ডিত ব্যক্তিরা জপের পূর্ব্বে এবং জপের পরেও এই প্রাণায়ামের বিধান করেন, প্রত্যেক সময়ে তিন তিন বার। ইহলোকে যিনি প্রতি দিন ষোড়শ প্রাণায়াম করেন তিনি এক মাসের মধ্যেই পাপ হইতে শুদ্ধ হইয়া থাকেন ॥ ৭৪ ॥

অথ পীঠন্যাসঃ ॥

ততো নিজতনুমেব পূজাপীঠং প্রকল্পয়ন্।
পীঠস্যাধারশক্ত্যাদীন্ ন্যসেৎ স্বাঙ্গেষু তারকৎ ॥ ৭৫ ॥
আধারশক্তিং প্রকৃতিং কূর্ম্মানন্তৌ চ তত্র তু।
পৃথিবীং ক্ষীরসিন্ধুঞ্চ শ্বেতদ্বীপঞ্চ ভাস্বরং।
শ্রীরত্নমণ্ডপঞ্চৈব কল্পবৃক্ষং তথা হৃদি।
ন্যসেৎ প্রদক্ষিণত্বেন ধর্ম্মজ্ঞানে ততোহংসয়োঃ ॥ ৭৬ ॥
ঊর্ব্বোর্বৈরাগ্যমৈশ্বর্য্যং তথৈবাধর্ম্মমাননে।

তারঃ প্রণবস্তদ্বৎ তৎসহিতং যথা স্যাৎ ॥ ৭৫ ॥

তদেব বিবিচ্য লিখতি আধারেত্যাদিনা ক্রমাদিত্যন্তেন। তত্র তস্মিংস্তু পীঠন্যাসে আধারশক্ত্যাদিকল্পবৃক্ষপর্য্যন্তান্ নব হৃদি ন্যসেৎ ভাস্বরং প্রকাশস্বভাবং শ্রীমন্তং রত্নমণ্ডপং। তথাচ ক্রমদীপিকায়াং। ন্যস্যেদাধারশক্তি-প্রকৃতি-কমঠ-শেষ ক্ষমা-ক্ষীরসিন্ধুন্ শ্বেতদ্বীপঞ্চ রত্নোজ্জ্বলসহিতমহামণ্ডপং কল্পবৃক্ষমিতি। অত্র প্রয়োগঃ। ওঁ আধারশক্তয়ে নম ইত্যাদিঃ। প্রণবাদিচতুর্থ্যন্তং দেবনাম নমোহন্তকমিতি প্রাগ্লিখনাৎ। ততস্তদনন্তরং ধর্ম্মং জ্ঞানঞ্চেতি-দ্বয়ং প্রদক্ষিণত্বেন প্রাদক্ষিণ্যক্রমেণ স্কন্ধদ্বয়ে ন্যসেৎ ॥ ৭৬ ॥

ন্যসেদিত্যগ্রেঽপ্যনুবর্ত্তত এব। তথৈব প্রদক্ষিণত্বেন বৈরাগ্যমৈশ্বর্য্যঞ্চেতি দ্বয়মূরুদ্বয়ে

অথ পীঠন্যাস ॥

অনন্তর আপনার শরীরকেই পূজাপীঠরূপে কল্পনা করিয়া পীঠের আধার শক্তি প্রভৃতিকে প্রণবের সহিত নিজের অঙ্গসকলে ন্যাস করিবে ॥ ৭৫ ॥

আধার শক্তি, প্রকৃতি, কূর্ম্ম, অনন্ত, পৃথিবী, ক্ষীরসমুদ্র প্রকাশ স্বভাব, শ্বেতদ্বীপ, শ্রীযুক্ত রত্নমণ্ডপ ও কল্পবৃক্ষকে হৃদয়ে ন্যাস করিবে। তাহার পর প্রদক্ষিণ ভাবে অর্থাৎ হস্ত ঘুরাইয়া ধর্ম্ম ও জ্ঞানকে ন্যাস করিবে ॥ ৭৬ ॥

ঐ প্রকারে দুই ঊরুতে জ্ঞান ও বৈরাগ্য, মুখে অধর্ম্ম, কটিদেশে

ত্রিকেঽজ্ঞানমবৈরাগ্যমনৈশ্বর্য্যঞ্চ পার্শ্বয়োঃ ॥ ৭৭ ॥
হৃদব্জেঽনন্তপদ্মঞ্চ সূর্য্যেন্দুশিখিনাং তথা।
মণ্ডলানি ক্রমাদ্বর্ণৈঃ প্রণবাংশৈঃ সবিন্দুকৈঃ।
সত্ত্বং রজস্তমশ্চাত্মান্তরাত্মানৌ চ তত্র হি।
পরমাত্মানমপ্যাত্মাদ্যাদ্যবর্ণৈঃ সবিন্দুকৈঃ ॥ ৭৮ ॥

ন্যস্যেৎ। অধর্ম্মং মুখে। ত্রিকে কট্যামজ্ঞানং। অবৈরাগ্যমনৈশ্বর্য্যঞ্চেতি দ্বয়ং তথৈব পার্শ্বদ্বয়ে ন্যস্যেৎ। তথাচ ক্রমদীপিকায়াং। অংসদ্বয়োরুদ্বয়-বদন-কটী-পার্শ্বযুগ্মেষু ভূয় ইতি। তথা ধর্ম্মাদ্যধর্ম্মাদি চ পাদগাত্রচতুষ্টয়মিতি। অস্যার্থঃ। পাদগাত্রয়োশ্চতুষ্টয়মিতি পাদচতুষ্টয়ং গাত্রচতুষ্টয়ঞ্চেতি। অংসদ্বয়াদিষু ক্রমেণ ধর্ম্মাদিরূপং পাদচতুষ্টয়ং আদিশব্দেন জ্ঞানবৈরাগ্যৈশ্বর্য্যাণি তথা অধর্ম্মাদিরূপঞ্চ গাত্রে চতুষ্টয়ং ন্যস্যেৎ আদিশব্দেনাত্রাজ্ঞানাবৈরাগ্যানৈশ্বর্য্যং তত্রচ প্রদক্ষিণক্রমেণেতি বোদ্ধব্যং। অংসোরুযুগ্মযোর্ব্বিদ্বান্ প্রাদক্ষিণ্যেন দেশিকঃ। ধর্ম্মং জ্ঞানঞ্চ বৈরাগ্যমৈশ্বর্য্যঞ্চ ন্যসেৎ ক্রমাদিতি শারদাতিলকোক্তেরিতি ॥ ৭৭ ॥

বিন্দুসহিতৈঃ প্রণবাংশৈঃ অকারোকারমকারৈঃ সহ ক্রমেণ সূর্য্যেন্দুবহ্নীনাং মণ্ডলানি চ হৃদব্জ এব ন্যস্যেৎ। প্রয়োগঃ। ওঁ অং সূর্য্যমণ্ডলায় নম ইত্যাদিঃ। সত্ত্বাদিপঞ্চকঞ্চ বিন্দুসহিতৈঃ আত্মাদ্যোঃ স্বস্বপ্রথমৈর্ব্বর্ণৈঃ সহ তত্র হৃদব্জ এব ন্যস্যেৎ। প্রয়োগঃ। ওঁ সং সত্ত্বায় নম ইত্যাদিঃ ॥ ৭৮ ॥

অজ্ঞান, দুই পার্শ্বে অবৈরাগ্য ও অনৈশ্বর্য্য ॥ ৭৭ ॥

এবং হৃদয়ে অনন্ত পদ্ম ন্যাস করিবে। সূর্য্যমণ্ডল, চন্দ্রমণ্ডল ও অগ্নিমণ্ডলকে অনুস্বার যুক্ত প্রণবের অংশত্রয়ের অর্থাৎ অ, উ, মকারের সহিত যথাক্রমে ঐ হৃদয়েতেই ন্যাস করিবে। সত্ত্ব, রজঃ ও তমঃ এবং আত্মা, অন্তরাত্মা ও পরমাত্মাকেও প্রত্যেকের আদিবর্ণ অনুস্বারের সহিত ঐ হৃদয়ে ন্যাস করিবে ॥

প্রয়োগ যথা—

ওঁ সং সত্ত্বায় নমঃ। ওঁ রং রজসে নমঃ। ওঁ তং তমসে নমঃ। ওঁ আং আত্মনে নমঃ। ওঁ অং অন্তরাত্মনে নমঃ। ওঁ পং পরমাত্মনে নমঃ॥৭৮

জ্ঞানাত্মানঞ্চ ভুবনেশ্বরীবীজেন সংযুতং ।
তস্যাষ্টদিক্ষু মধ্যেঽপি নবশক্তীশ্চ দিক্‌ক্রমাৎ ॥
তাশ্চোক্তাঃ ॥
বিমলোৎকর্ষিণী জ্ঞানা ক্রিয়া যোগেতি শক্তয়ঃ ।
প্রহ্বী সত্যা তথেশানানুগ্রহা নবমী স্মৃতেতি ।
ন্যস্যেত্তদুপরিষ্টাচ্চ পীঠমন্ত্রং যথোদিতং ।
ঋষ্যাদিকং স্মরেদস্যাষ্টাদশার্ণমনোস্ততঃ ॥ ৭৯ ॥
জ্ঞেয়াশ্চৈকান্তিভিঃ ক্ষীরসমুদ্রাদিচতুষ্টয়ং ।

ভুবনেশ্বরীবীজং হ্রীঁ তৎসহিতং জ্ঞানাত্মানঞ্চ হৃদব্জ এব ন্যস্যেৎ। চকারস্যোক্তসমুচ্চয়ার্থত্বাৎ তস্য হৃদব্জস্য অষ্টসু দিক্ষু অষ্টদলেষু কেশরমধ্যে দিক্‌ক্রমাৎ পূর্ব্বাদিক্রমেণ বিমলাদ্যাঃ শক্তীরষ্ট ন্যস্যেৎ যথোদিতং ক্রমদীপিকাদিশাস্ত্রোক্তানুসারেণেত্যগ্রে লিখনাৎ॥ ৭৯ ॥

নমু আধারশক্ত্যাদিপঞ্চকং শ্রীমথুরায়া অপ্যাশ্রয়ভূতমিতি তত্ত্যাস একান্তিনাং মতেনাপি ন বিরুদ্ধঃ স্যাৎ। কিন্তু আর্য্যাবর্ত্তান্তর্ব্বর্ত্তিনাং শ্রীগোপালদেবস্য নিরন্তরপ্রেমবিহাররসময়ীং শ্রীমথুরাবৃন্দাবনাদিব্রজভূমিং বিহায় কথং তৈঃ ক্ষীরসিন্ধ্বাদিন্যাসঃ কার্য্যঃ। তত্র লিখতি জ্ঞেয়াশ্চেতি। ক্রমাদিতি। ক্ষীরসিন্ধুঃ শ্রীমথুরেতি শ্বেতদ্বীপঃ শ্রীবৃন্দাবনমিতি রত্নমণ্ডপ-

---

ভুবনেশ্বরীর (হ্রীং) বীজের সহিত জ্ঞানাত্মাকে এবং অষ্টশক্তিকে ঐ হৃৎপদ্মের অষ্টদলে ও মধ্যভাগে পূর্ব্বাদি দিক্ অনুসারে ন্যাস করিবে ॥

ঐ সকল শক্তি উক্ত হইয়াছে যথা—

বিমলা, উৎকর্ষিণী, জ্ঞানা, ক্রিয়া, যোগা, প্রহ্বী, সত্যা, ঈশানা ও অনুগ্রহা এই নয় শক্তি ॥

তাহার উপরিভাগে যথোক্ত পীঠমন্ত্র ন্যাস করিবে। তৎপরে এই অষ্টাদশাক্ষর মন্ত্রের ঋষি প্রভৃতি স্মরণ করিবে ॥ ৭৯ ॥

যাঁহারা একান্তভাবে শ্রীকৃষ্ণকে পূজা করিয়া থাকেন, তাঁহারা জানিবেন ক্ষীরসমুদ্রাদি চারিটী ক্রমান্বয়ে শ্রীমথুরা, বৃন্দাবন, বৃন্দাবনস্থ

ক্রমাচ্ছ্রীমথুরা বৃন্দাবনং তৎকুঞ্জনীপকাঃ ॥ ৮০ ॥

তস্য শ্রীবৃন্দাবনস্য শ্রীকুঞ্জলতামণ্ডপ ইতি কল্পবৃক্ষশ্চ শ্রীবৃন্দাবনবর্ত্তিশ্রীনীপবৃক্ষ ইতি জ্ঞেয় ইত্যর্থঃ। গোসমৃদ্ধিং প্রিয়াজুষ্টমাভীরপ্রায়মানুষমিত্যাদি শ্রীহরিবংশাদ্যুক্ত্যা শ্রীমথুরায়াঃ গোপ্রধানদেশতয়া ক্ষীরময়ত্বাৎ ক্ষীরসমুদ্রত্বং শ্রীবৃন্দাবনস্য চ তত্রত্যব্রজভূমিপ্রধানস্থানস্য বিশেষতঃ ক্ষীরস্রাবকৃতধাবল্যাদিনা শ্বেতদ্বীপত্বাদিত্যগ্রে ব্রহ্মসংহিতাবচনতোঽভিব্যক্তং ভাবি রত্নমণ্ডপকল্পদ্রুমৌ চ ভূমিশ্চিন্তামণিগুণময়ীতি ব্রহ্মসংহিতাস্তোত্রোক্তেঃ। ততঃ প্রভৃতি নন্দস্য ব্রজঃ সর্ব্বসমৃদ্ধিমান্। হরের্নিবাসাত্মগুণৈ রমাক্রীড়মভূন্নৃপেত্যাদি শ্রীদশমস্কন্ধাদ্যুক্তেশ্চ শ্রীবৃন্দাবনান্তর্ঘটিত এব। তেন যদ্যপি তয়োরেকান্তিমতেনাপি ন বিরোধঃ স্যাৎ তথাপি সদা বনবন্যজনপ্রিয়ায় ভগবতে শ্রীগোপালদেবায় শ্রীবৃন্দাবননিকুঞ্জকদম্বাদিবনিকাবিহার এব নিতরাং রোচতে। অতঃ শ্রীভাগবতাদিষু তাদৃশ এব শ্রূয়তে। অত একান্তিভ্যোঽপি স এব প্ররোচ্যত ইত্যেবং রত্নমণ্ডপকল্পদ্রুমৌ শ্রীবৃন্দাবননিকুঞ্জনীপৌ জ্ঞেয়াবিতি লিখিতং। কিঞ্চ। তত্রত্যলতাদিপুষ্পাণাং বিচিত্রবর্ণগুণত্বেন রত্নসাদৃশ্যাৎ পুষ্পময়ং কুঞ্জং রত্নমণ্ডপ এব তথা তত্রত্য কদম্বাদিপাদপাশ্চ সর্ব্বাভীষ্টপূরণাৎ কল্পদ্রুমা এব॥ তথাচ দশমস্কন্ধে॥ অহো এষাং বরং জন্ম সর্ব্বপ্রাণ্যুপজীবিনাং। সুজনস্যেব যেষাং বৈ বিমুখা যান্তি নার্থিনঃ॥ ইত্যাদি॥ যদ্যপি চম্পকাদয়োঽপি বহবো বৃক্ষা বৃন্দারণ্যে বিরাজন্তে তথাচ তত্রৈব শ্রীগোপীনাং ভগবদন্বেষণে কচ্চিৎ কুরুবকাশোক-নাগপুন্নাগ-চম্পকা ইত্যাদি। তথাপি কদম্বপাদপপ্রায়মিতি শ্রীহরিবংশোক্তেঃ। বিশেষতো ভগবৎপ্রিয়ত্বেন অতএব কদম্বপাদপচ্ছায়ে স্থিতং বৃন্দাবনে কচিৎ॥ ইতি গৌতমীয়তন্ত্রোক্তেশ্চাত্র নীপো লিখিতঃ। অথ ধর্ম্মাদীনাং শ্রীভগবদাসনপাদৈকাশ্রয়ত্বাৎ অধর্ম্মাদীনামপি ভগবতো ভক্তবর্গস্য বা কস্যচিদ্ভক্তবাৎসল্যেন কদাচিৎ ধর্ম্মাতিক্রমণাদিলক্ষণানাং তদেকাশ্রয়ত্বাৎ অধর্ম্মাদীনামপি ভগবতো ভক্তবর্গস্য ন্যাসো নৈকান্তিনাং মতেঽপি বিরুদ্ধঃ স্যাৎ। তদন্তে ন্যস্তোঽনন্তঃ শ্রীবলদেবঃ। সূর্য্যাদিমণ্ডলরূপঞ্চ সর্ব্বতঃ প্রসৃমরং অশীতানুষ্ণং মনোনয়নাহ্লাদক পরস্পরমিলিতসূর্য্যচন্দ্রাদিতেজ ইব সহজং শ্রীভগবত্তেজ এব সত্ত্বাদীনাঞ্চ নিজভক্ত্যাদ্যর্থং স্বীকৃতানাং তথা আত্মাদীনাঞ্চ তদংশত্বাদিনা স্বতএব সেবকাদিরূপাণাং তদেকাশ্রয়তাপি নৈব বিরুধ্যতে তান্ত্রিকৈস্তু কেবলং বিচিত্রতত্তৎফলাভিসন্ধিসকামতান্ত্রিকভক্তেষু শ্রীভগবদৈশ্বর্য্যবিশেষপ্রদর্শনেন শ্রদ্ধাতিশয়োৎপাদনায় ক্ষীরসিন্ধ্বাদিন্যাসো বিহিতঃ নতু সাক্ষাৎ শ্রীমথুরাদীনামনির্দ্দেশাদিকং কৃতং। ইত্যাস্তি অলমতিবিস্তরেণ॥ ৮০॥

কুঞ্জ এবং কদম্ববৃক্ষের স্বরূপ॥

তথাচ ব্রহ্মসংহিতায়ামাদিপুরুষরহস্য স্তোত্রে।
স যত্র ক্ষীরাব্ধিঃ সরতি সুরভীভ্যশ্চ সুমহা-

ক্ষীরসিন্ধুঃ শ্রীমথুরাশ্বেতদ্বীপশ্চ শ্রীবৃন্দাবনমিতি শ্রীব্রহ্মসংহিতাবচনেন সাধয়তি স যত্রেতি। তং শ্বেতদ্বীপং ভজে আশ্রয়ে যং শ্বেতদ্বীপং গোলোকং বৈকুণ্ঠলোকোপরি স্থিতং গবাং লোকমিতি বিদন্তঃ তে অনির্ব্বচনীয়াঃ কতিপয়ে অল্প এব ভবন্তি নতু বহবঃ, অতঃ

তাৎপর্য্য। অহে যদি এরূপ বিতর্ক কর, আধারশক্তি, প্রকৃতি, কূর্ম্ম, অনন্ত এবং পৃথিবী এই পঞ্চশক্তি শ্রীমথুরারও আশ্রয় স্বরূপ, সুতরাং যাঁহারা শ্রীকৃষ্ণের একান্ত ভক্ত তাঁহারা পীঠে এই পাঁচ শক্তি ন্যাস করিতে পারেন, ইহাতে কোন বিরোধ হয় না, কিন্তু আর্য্যাবর্ত্তের অন্তর্বর্ত্তিনী শ্রীগোপালদেবের নিরন্তর প্রেমবিহার রসময়ী শ্রীমথুরা বৃন্দাবনাদি ব্রজভূমি পরিত্যাগ করিয়া তাঁহারা কেন পূজাপীঠে ক্ষীর-সাগর, শ্বেতদ্বীপ, রত্নমণ্ডপ ও কল্পবৃক্ষ ন্যাস করিতে যাইবেন। ইহার উত্তর এই যে, পূর্ব্বোক্ত ক্ষীরসমুদ্রাদি চারিটী অর্থাৎ ক্ষীরসাগর দুগ্ধময়, অসংখ্য পয়স্বিনী গাভীর আধারস্থান হওয়াতে শ্রীমথুরা ক্ষীরসাগর স্বরূপ। বৃন্দাবন, ঐ মথুরা প্রদেশের প্রধানস্থান, দুগ্ধে নিরন্তর অভি-ষিক্ত থাকাতে দেখিতে শ্বেতবর্ণ, শ্বেতকায় মনুষ্যের আবাসস্থান এবং যমুনাবেষ্টিত বলিয়া দেখিতে দ্বীপের ন্যায়, সুতরাং শ্বেতদ্বীপ সদৃশ। বিবিধ মণিরত্ন খচিত রত্নমণ্ডপের সহিত মনোহর কুসুমশোভিত শ্রীবৃন্দাবনের লতামণ্ডপের বিলক্ষণ সাদৃশ্য আছে। সুতরাং রত্নমণ্ডপ লতামণ্ডপের স্বরূপ। আর কল্পবৃক্ষ অভিলষিত ফল প্রদান করে। শ্রীবৃন্দাবনের কদম্ব বৃক্ষও তদ্রূপ বাঞ্ছা পূর্ণ করে। সুতরাং পরস্পর ঐক্য ॥ ৮০ ॥

তথাচ ব্রহ্মসংহিতায় আদিপুরুষের গুহ্যস্তবে॥

ক্ষীরসমুদ্র শ্রীমথুরা এবং শ্বেতদ্বীপ শ্রীবৃন্দাবন ইহাই ব্রহ্মসংহিতার

নিমেষার্দ্ধাখ্যো বা ব্রজতি নহি যত্রাপি সময়ঃ ॥
ভজে শ্বেতদ্বীপং তমহমিহ গোলোকমিতি যং।

ক্ষিতিবিরলচারাঃ পরমদুর্ল্লভা ইত্যর্থঃ। যদ্বা। পরমগোপ্যপ্রকাশশঙ্কয়া প্রেমবিশেষোদয়াপাদিতসর্ব্বসঙ্গপরিত্যাগেন বা লোকেষু নিভৃতং চরন্তীত্যর্থঃ। নন্বু শাকদ্বীপে ক্ষীরসিন্ধৌ বর্ত্তমানং প্রপঞ্চান্তর্গতং প্রসিদ্ধং শ্বেতদ্বীপং নিত্যপরমানন্দরসাত্মকানন্তক্ষীরসাগরাকীর্ণপ্রপঞ্চাতীতগোলোকমিতি কথং তে জ্ঞাতুমর্হন্তি পরস্পরবিরোধেনৈক্যাসম্ভবাৎ। সত্যং সোঽপি তাদৃশ এবেতি বিশেষণদ্বয়েন সাধয়তি। সঃ অনির্ব্বনীয় ইত্যপ্রাকৃতত্বং পরমানন্দরসময়ত্বাদিকঞ্চ সূচিতং। সুরভীভ্যঃ কামধেনুভ্যঃ প্রসরতীতি বর্ত্তমাননির্দ্দেশাদিনা নিত্যত্বঞ্চ দর্শিতং। কিঞ্চ। সুমহান্ বৎসরাবৃত্ত্যা পরার্দ্ধাখ্যো বা নিমেষার্দ্ধাখ্যঃ অত্যন্তসূক্ষ্মো বা সময়কালোঽপি ন যত্র ব্রজতি যত্রত্যান্ন প্রাপ্নোতীত্যর্থঃ। মথুরায়াশ্চ তাদৃশত্বাৎ শ্রীমথুরৈব শ্রীগোলোক ইতি শ্রীভাগবতামৃতোত্তরখণ্ডে গোলোকমাহাত্ম্যে বিস্তরেণোক্তমেবাস্তি। এবং গোলোকস্য শ্বেতদ্বীপেন সহাভেদাৎ ক্ষীরসিন্ধুশ্বেতদ্বীপন্যাসোঽপি ন বিরুদ্ধ ইতি ভাবঃ। যদ্বা। গবাং লোকঃ নিবাসস্থানং গোকুলমিতি প্রসিদ্ধা শ্রীবৃন্দাবনাদিশ্রীনন্দব্রজভূমিঃ। যং গোলোকং শ্বেতদ্বীপমিতি বিদন্তঃ। তং গোলোকং ভজে ইত্যন্বয়ঃ। এবং শ্রীগোলোকস্য মাহাত্ম্যবিশেষসম্পত্ত্যা দুরন্বয়োঽপি সোঢ়ব্যঃ। নন্বু শ্বেতদ্বীপে ক্ষীরসমুদ্রো নিত্যং বর্ত্ততে ভগবদেকনিষ্ঠানাং শ্বেতমহাপুরুষাণাং নিবাসেন কালভয়ঞ্চ নাস্তীত্যাশঙ্ক্য গোলোকস্যাপ্যস্য তাদৃশত্বং বিশেষণাভ্যামাহ যত্র যস্মিন্ গোলোকে স ইত্যনেন সুরভীভ্যঃ সরতীত্যাদিনাচ শ্বেতদ্বীপতোঽপ্যস্য বিশেষ উক্তঃ। অন্যৎ সমানং। এবং শ্রীবৃন্দাবনাদিব্রজভূমে র্মথুরান্তর্গতত্বেন শ্রীমথুরা ক্ষীরসিন্ধুস্তদ্ব্রজভূমিপ্রধানঞ্চ শ্রীগোবর্দ্ধনাদিব্যাপি বৃন্দাবনং শ্বেতদ্বীপ ইতি সিদ্ধং। যদ্বা।

রচন দ্বারা প্রমাণ করিতেছেন। আমি সেই শ্বেতদ্বীপের আশ্রয় গ্রহণ করি। পৃথিবীতে যাঁহাদিগের সংখ্যা অতিবিরল অর্থাৎ এরূপ সাধু, সংসারে অতি দুর্ল্লভ। অথবা পাছে গোপনীয় বিষয় প্রকাশের আশঙ্কায় কিম্বা হৃদয়ে অনির্ব্বচনীয় প্রেমরসের আবির্ভাব হওয়াতে অগ্রাহ্য করিয়া সমুদায় বিষয় ত্যাগ করিয়াছেন এতাদৃশ কএক জন সাধু ঐ শ্বেতদ্বীপকে ইহলোকে গোলোক অর্থাৎ বৈকুণ্ঠের উপরিস্থিত

বিদন্তস্তে সন্তঃ ক্ষিতিবিরলচারাঃ কতিপয়ে ॥ ৮১ ॥

অথ পীঠমন্ত্রঃ ॥

ক্রমদীপিকায়াং ॥

তারো হৃদয়ং ভগবান্ বিষ্ণুঃ সর্ব্বান্বিতশ্চ ভূতাত্মা।

আর্য্যাবর্ত্তান্তর্ব্বর্ত্তিশ্রীবৃন্দাবনমেবেদং শ্বেতদ্বীপঃ তঞ্চ পরমোর্দ্ধতরগোলোকমিতি বিদন্ত ইতি যথাক্রমমেবান্বয়ঃ। বৃন্দাবনস্থ শ্বেতদ্বীপত্বে হেতুঃ স যত্রেতি। অন্যৎ পূর্ব্ববদেব। এবং সন্তুতানন্ত শ্রীনন্দগোপরাজ-ব্রজকামধেনুযূথ-নিবাসতোঽনুক্ষণ ক্ষীরধারা-পরিক্ষরণেন ধবলিতত্বাৎ শ্রীকালিন্দীবেষ্টিতত্বেন মণ্ডলাকারতয়া দ্বীপবদ্দৃশ্যমানত্বাচ্চ তথা সর্ব্বথা বিশুদ্ধানাং লোকানাং শ্রীনন্দাদীনামাশ্রয়ত্বাচ্চ তথা তদ্দেশাধিকারিণঃ শ্বেতবর্ণস্থ নিবাসত্বাদপি শ্রীবৃন্দাবনমেব শ্বেতদ্বীপ ইতি যুক্তমেব অন্যথা শাকদ্বীপে নিত্যং ক্ষীরসমুদ্রসিন্ধোঃ শ্বেতদ্বীপে সুরভীভ্যঃ সরতীত্যুক্তেরঘটনাদিতি দিক্। তস্থ গোলোকত্বেন বেদনেঽপ্যেষ এব হেতুরুন্নেয়ঃ গোলোকস্থাপি তস্থ তথাভূতত্বাৎ এবং প্রপঞ্চান্তর্ব্বর্ত্তিশ্রীমথুরা-মণ্ডলস্থ-শ্বেতদ্বীপাখ্যশ্রীবৃন্দাবনমিদং প্রপঞ্চাতীত-বৈকুণ্ঠোপরিস্থিত-গোলোকমিতি যে বিদন্তি তে ক্ষিতিবিরলচারা ইতি পূর্ব্ববদেবার্থঃ এবং শ্রীবৃন্দাবনং শ্বেতদ্বীপ এব তৎপ্রধানক-ব্রজভূমিময়ত্বাৎ শ্রীমথুরা ক্ষীরসিন্ধুরিতি সিদ্ধং ॥ ৮১ ॥

তারঃ প্রণবঃ। ততো হৃদয়ং নম ইতি পদং ততশ্চ ভগবানিতি বিষ্ণুরিতি চ। সর্ব্বান্বিতঃ সর্ব্বশব্দযুক্তঃ ভূতাত্মা সর্ব্বভূতাত্মেতি এতে ত্রয়ঃ সবাসুদেবাঃ বাসুদেবসহিতাঃ প্রত্যেকং ঙেন্তাঃ চতুর্থ্যন্তাঃ। ততশ্চ সর্ব্বাত্মনা যুতং সংযোগং সর্ব্বাত্মসংযোগমিতি নপুংসকত্বমার্ষং।

গো সকলের লোক বলিয়া জানেন। আর ক্ষীরসাগর, কামধেনু, সকলের স্তন হইতে দুগ্ধ প্রসূত হইয়া ঐ শ্বেতদ্বীপে প্রবাহিত হইতেছে। পরার্দ্ধ নামক বা নিমেষার্দ্ধ নামক কাল শ্বেতদ্বীপের অধিবাসিদিগকে বশীভূত করিতে পারে না, অর্থাৎ সে স্থানে কালের বিক্রম নাই, উহা নিত্যধাম ॥ ৮১ ॥

অথ পীঠমন্ত্র ॥

ক্রমদীপিকায় ॥

প্রথমে প্রণব, তৎপরে হৃদয় অর্থাৎ নমঃ শব্দ তাহার পর চতুর্থী

ঙেন্তাঃ স্ববাসুদেবাঃ সর্ব্বাত্মযুতশ্চ সংযোগং ॥
যোগবিধৌ চ পদ্মং পীঠাত্মা ঙেযুতো নতিশ্চান্তে।
পীঠমহামনুরুক্তঃ পর্য্যাপ্তোঽয়ং সপর্য্যাসু ॥ ৮২ ॥

অথ ঋষ্যাদিস্মরণং ॥

ওঁ অষ্টাদশাক্ষরমন্ত্রস্য শ্রীনারদঋষির্গায়ত্রীচ্ছন্দঃ
সকললোকমঙ্গলো নন্দতনয়ো দেবতা ক্লীং বীজং
স্বাহা শক্তিঃ কৃষ্ণঃ প্রকৃতি র্দুর্গাধিষ্ঠাত্রী দেবতাঽভিমতার্থে
বিনিয়োগঃ ॥

ততশ্চ যোগস্যাবধৌ অন্তে পদ্মং যোগপদ্মমিতি। তদন্তে ঙেযুক্তশ্চতুর্থ্যন্তঃ পীঠাত্মা তদন্তে চ নতিঃ নমঃ-শব্দ এবং ওঁ নমো ভগবতে বিষ্ণবে সর্ব্বভূতাত্মনে বাসুদেবায় সর্ব্বাত্মসংযোগ-পদ্মপীঠাত্মনে নম ইতি সিদ্ধং। তথাচ শারদাতিলকে। নমো ভগবতে ব্রূয়াৎ বিষ্ণবে চ পদং বদেৎ। সর্ব্বভূতাত্মনে বাসুদেবায়েতি বদেত্ততঃ। সর্ব্বাত্মসংযোগপদাদ্যোগপদ্ম পদং পুনঃ। পীঠাত্মনে হৃদন্তোঽয়ং মন্ত্রস্তারাদিরীরিত ইতি। সনৎকুমারকল্পে চ। ওঁ নমঃ পদমাভাষ্য তথা ভগবতে পদং। বাসুদেবায় ইত্যুক্ত্বা সর্ব্বাত্মেতি পদং তথা। সংযোগ-যোগেত্যুক্ত্বা চ তথা পীঠাত্মনে পদং। বহ্নিপত্নীসমাযুক্তঃ পীঠমন্ত্র ইতীরিত ইতি ॥ ৮২ ॥

বিভক্তিযুক্ত ভগবান্, বিষ্ণু, সর্ব্বভূতাত্মা বাসুদেব শব্দ, তদনন্তর চতুর্থী বিভক্তিযুক্ত সর্ব্বাত্মসংযোগ পদ্ম পীঠাত্মা পদ এবং সর্ব্বশেষে নমঃ শব্দ। ইহাই মহৎ পীঠমন্ত্র। পূজাকার্য্য মাত্রে ইহার বিধান করা হইয়াছে। প্রয়োগ যথা। "ওঁ নমো ভগবতে বিষ্ণবে সর্ব্বভূতাত্মনে বাসুদেবায় সর্ব্বভূতাত্মসংযোগপদ্মপীঠাত্মনে নমঃ" ॥ ৮২ ॥

অথ ঋষ্যাদিস্মরণ ॥

অষ্টাদশাক্ষর মন্ত্রের ঋষি নারদ, ছন্দঃ গায়ত্রী, সকল লোকের মঙ্গল দাতা নন্দনন্দন দেবতা, ক্লীং বীজ, স্বাহা শক্তি, কৃষ্ণ প্রকৃতি এবং দুর্গা অধিষ্ঠাত্রী দেবতা, বাঞ্ছিত প্রাপ্তির নিমিত্ত ইহার প্রয়োগ হইয়া থাকে ॥

তথাচ সম্মোহনতন্ত্রে শিবোমাসম্বাদে ॥

ঋষির্নারদ ইত্যুক্তো গায়ত্রীচ্ছন্দ উচ্যতে ।

গোপবেশধরঃ কৃষ্ণো দেবতা পরিকীর্ত্তিতঃ ।

বীজং মন্মথসংজ্ঞস্তু প্রিয়াশক্তি র্হবিভুর্জঃ ।

ত্বমেব পরমেশানি, অস্যাধিষ্ঠাতৃদেবতা ।

চতুর্ব্বর্গফলাবাপ্ত্যে বিনিয়োগঃ প্রকীর্ত্তিতঃ ॥

অথাঙ্গন্যাসঃ ॥

চতুশ্চতুর্ভির্ব র্ণৈশ্চ চত্বার্য্যঙ্গানি কল্পয়েৎ ।

দ্বাভ্যামস্ত্রাখ্যমঙ্গঞ্চ তস্যেত্যঙ্গানি পঞ্চ বৈ ॥ ৮৩ ॥

ন্যস্যেচ্চ ব্যাপকত্বেন তান্যঙ্গানি করদ্বয়ে ।

দ্বাভ্যামন্ত্যাভ্যাং বর্ণাভ্যাং অস্ত্রাখ্যং পঞ্চমমঙ্গং কল্পয়েৎ । ইতি অনেন প্রকারেণ তস্যাষ্টাক্ষরমন্ত্রস্য প্রঞ্চাঙ্গানি ভবন্তি । বৈ পসিদ্ধৌ ॥ ৮৩ ॥

ব্যাপকত্বেনেতি । করয়োরন্তর্ব্বহিঃ পার্শ্বে চ ব্যাপয্য তানি পঞ্চাঙ্গানি সর্ব্বমেব মন্ত্রমিত্যর্থঃ করদ্বয়ে ন্যস্যেৎ । অত্র প্রণবসম্পুটিতমিতি কেচিদাহুঃ । অথানন্তরং তানি পঞ্চাঙ্গানি ক্রমেণ করদ্বয়স্যাঙ্গুষ্ঠাঙ্গুলীষু ন্যস্যেৎ । কেচিচ্চ তৈঃ পঞ্চাঙ্গৈঃ সহ করদ্বযাঙ্গুলীষ্বেব মহাবাণপঞ্চকস্যানঙ্গপঞ্চকস্য চ ন্যাসমিচ্ছন্তীতি লিখতি কেচিদিতি । অপি-শব্দস্যাত্র

অতএব সম্মোহনতন্ত্রে শিব ও উমাসম্বাদে যথা—

শিব কহিলেন, হে পরমেশ্বরি ! কথিত আছে, নারদ এই মন্ত্রের ঋষি, গায়ত্রী ইহার ছন্দঃ, গোপবেশধারী কৃষ্ণ ইহার দেবতা, কামবীজ ইহার বীজ, স্বাহা ইহার শক্তি এবং তুমিই ইহার অধিষ্ঠাতৃ-দেবতা, এবং চতুর্ব্বর্গ ফল প্রাপ্তির উদ্দেশে ইহার প্রয়োগ হইয়া থাকে ॥

অথ অঙ্গন্যাস ॥

চারি চারি বর্ণে চারি অঙ্গ কল্পনা করিবে, আর দুই বর্ণে, অস্ত্রনামক অঙ্গ কল্পনা করিবে । প্রসিদ্ধ আছে, এই মন্ত্রের পাঁচ অঙ্গ ॥৮৩॥

এই পঞ্চ অঙ্গ অর্থাৎ সম্পূর্ণ মন্ত্র, প্রথমতঃ দুই হস্তের ভিতরে, বাহিরে ও পার্শ্ব সকলে, পরে দুই হস্তের অঙ্গুষ্ঠ ও অঙ্গুলী সকলে যথাক্রমে ন্যাস করিবে । এই স্থলে কেহ কেহ প্রণব (ওঁ) সম্পুটিত

তান্যঙ্গুলীষু পঞ্চাথ কেচিদ্বর্ণান্ স্বরানপি ॥ ৮৪ ॥

তে চোক্তাঃ ॥

দ্রাবণ-ক্ষোভণাকর্ষ-বশীকৃৎ-স্রাবণাস্তথা।

শোষণো মোহনঃ সন্দীপনস্তাপনমাদনৌ ॥ ইতি ॥ ৮৫ ॥

কিঞ্চ ॥

সমুচ্চয়ার্থত্বাৎ তানি পঞ্চাঙ্গানি পঞ্চ বাণান্ পঞ্চ স্বরাংশ্চানঙ্গান্ তাস্বেবাঙ্গুলীষু যুগপন্ন্যস্যন্তীত্যর্থঃ। তত্রচ বীজপূর্ব্বকং ন্যস্যন্তি। তত্রাপি বাণেষু বাণশব্দং বীজত্বেনাদ্যাক্ষরঞ্চ তথাঽনঙ্গেষু চ শোষণানঙ্গমোহনমদনাদিশব্দং প্রযুঞ্জন্তি ॥ ৮৪ ॥

দ্রাবণাদয়ঃ পঞ্চ বাণাঃ। অত্র আকর্ষঃ আকর্ষণঃ। বশীকৃৎ বশীকরণঃ। শোষণাদয়ঃ পঞ্চ শরাঃ। প্রয়োগঃ। ক্লীং কৃষ্ণায় ক্লীং হ্রাং দ্রাবণায় ক্লীং শোষণানঙ্গায় নমঃ। ক্লীঁ গোবিন্দায় হ্রীঁ ক্ষৌঁ ক্ষোভণায় নমঃ। হ্রীঁ মোহনমদনায় নমঃ। হ্রীঁ গোপীজনায় হ্রীঁ আং আকর্ষণায় ক্লীঁ সন্দীপনমদনাতুরায় নমঃ। হ্রীঁ বল্লভায় হ্রীঁ বশীকরণবাণায় হ্রীঁ তাপনরত্যনঙ্গায় নমঃ। হ্রীঁ স্বাহা হ্রীঁ স্রাং স্রাবণায় নমঃ। হ্রীঁ মাদনমকরধ্বজায় নমঃ। এষু চ মধ্যে নমঃ-শব্দং কেচিন্ন প্রযুঞ্জতে। অত্র স্বসম্প্রদায়ব্যবহার এবানুস্মর্ত্তব্য ইতি পূর্ব্বং লিখিতমেব। তচ্চান্যত্রাপ্যূহ্যং। কেচিদিতি ক্রমদীপিকায়াং। অথান্যুগরক্তার্ণস্যাহং মনোর্ন্যাসনং ব্রুবে। রচয়তু করদ্বন্দ্বে পঞ্চাঙ্গমঙ্গুলিপঞ্চকে, তনুমনুমনুং ব্যাপয্যাথো ত্রিশঃ প্রণবং সকৃৎ। মনুজনি পয়োঽন্যস্যা ভূয়ঃ পদানি চ সাদরং, ইত্যুক্তের্মহাবাণানঙ্গাদিন্যাসপ্রতিপাদনাৎ। এবমগ্রেঽপি জ্ঞেয়ং ॥ ৮৫ ॥

করিয়া প্রয়োগ করার বিধান করেন। কেহ কেহ অঙ্গুলী সকলে পঞ্চাঙ্গ ন্যাসের সহিত পঞ্চ বাণ এবং পঞ্চ অনঙ্গেরও ন্যাস বিধান করেন ॥৮৪॥

ঐ সকল বাণ ও অনঙ্গ কথিত হইয়াছে যথা—

দ্রাবণ, ক্ষোভণ, আকর্ষণ, বশীকরণ ও স্রাবণ, এই পঞ্চ বাণ, আর শোষণ, মোহন, সন্দীপন, তাপন ও মাদন, এই পঞ্চ অনঙ্গ ॥

প্রয়োগ যথা—ক্লীঁ কৃষ্ণায় ক্লীঁ হ্রাং দ্রাবণায় ক্লীঁ শোষণানঙ্গায় নমঃ। ক্লীঁ গোবিন্দায় হ্রীঁ ক্ষৌঁ ক্ষোভণায় নমঃ। হ্রীঁ মোহনমদনায় নমঃ। হ্রীঁ গোপীজনায় হ্রীঁ আং আকর্ষণবাণায় ক্লীঁ সন্দীপনমদনাতুরায় নমঃ। হ্রীঁ স্বাহা হ্রীঁ স্রাং স্রাবণায় নমঃ। হ্রীঁ মাদনমকরধ্বজায় নমঃ ॥ ৮৫ ॥ আরও বলি ॥

নমোঽন্তং হৃদয়ঞ্চাঙ্গৈঃ শিরঃ স্বাহান্বিতং শিখাং।
বষড়্যুতঞ্চ কবচং হুংযুগস্ত্রং চ ফড়্যুতং ॥ ৮৬ ॥
ন্যস্যন্তি পুনরঙ্গুষ্ঠৌ তর্জন্যৌ মধ্যমে তথা।
অনামিকে কনিষ্ঠে চ ক্রমাদঙ্গৈশ্চ পঞ্চভিঃ ॥ ৮৭ ॥
পুনশ্চ হৃদয়াদীনি তথাঙ্গুষ্ঠাদিকানি চ।

অন্যদপি পরমতমেব লিখতি নমোঽন্তমিতি ত্রিভিঃ। অঙ্গৈস্তৈরেব পঞ্চভিঃ সহ নমঃ-শব্দান্তহৃদয়াদিপঞ্চকং ন্যস্যন্তি। প্রয়োগঃ। ক্লীং কৃষ্ণায় হৃদয়ায় নমঃ। গোবিন্দায় শিরসে স্বাহা। গোপীজন শিখায়ৈ বষট্। বল্লভায় কবচায় হুঁ স্বাহা অস্ত্রায় ফড়িতি। অত্রচ হৃদয়াদীনাং হৃদয়াদিস্থানেষ্বেব ন্যাসঃ। কবচস্য সর্ব্বগাত্রেষু অস্ত্রস্য চ চতুর্দ্দিক্ষু জ্ঞেয়ঃ ॥ ৮৬ ॥

পুনঃ পঞ্চভিরঙ্গৈস্তৈঃ সহ অঙ্গুষ্ঠদ্বয়াদিপঞ্চকং ক্রমান্ন্যস্যন্তি। প্রয়োগঃ। ক্লীঁ কৃষ্ণায় অঙ্গুষ্ঠাভ্যাং নম ইত্যাদিঃ। এষাঞ্চ তত্তদঙ্গুলীষ্বেব ন্যাসো জ্ঞেয়ঃ ॥ ৮৭ ॥

পুনশ্চ তৈরেব পঞ্চভিরঙ্গৈঃ সহ তানি হৃদয়াদীনি চ অঙ্গুষ্ঠাদীনি সর্ব্বাণ্যেব যুগপৎ এক-

এই পঞ্চ অঙ্গের সহিত নমঃ-শব্দান্ত হৃদয়, স্বাহা শব্দযুক্ত শিরঃ, বষট্ শব্দযুক্ত শিখা, হুংশব্দযুক্ত কবচ ও ফট্যুক্ত অস্ত্র ন্যাস করিবার বিধান আছে ॥

প্রয়োগ যথা—ক্লীঁ কৃষ্ণায় হৃদয়ায় নমঃ। গোবিন্দায় শিরসে স্বাহা। গোপীজন শিখায়ৈ বষট্। বল্লভায় কবচায় হুং। স্বাহা অস্ত্রায় ফট্ ॥ ৮৬ ॥

পরে ঐ পঞ্চাঙ্গের সহিত ক্রমান্বয়ে অঙ্গুষ্ঠ, তর্জনী, মধ্যমা, অনামিকা এবং কনিষ্ঠাঙ্গুলি ন্যাস করিয়া থাকে ॥

প্রয়োগ যথা—ক্লীঁ কৃষ্ণায় অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ। গোবিন্দায় তর্জনীভ্যাং স্বাহা। গোপীজনায় মধ্যমাভ্যাং বষট্। বল্লভায় অনামিকাভ্যাং হুং। স্বাহা অস্ত্রায় কনিষ্ঠাভ্যাং ফট্ ॥ ৮৭ ॥

পুনর্ব্বার হৃদয়াদি এবং অঙ্গুষ্ঠাদি ঐ পঞ্চ অঙ্গের সহিত ক্রম অনুসারে ন্যাস করিবে ॥

প্রয়োগ যথা—ক্লীঁ কৃষ্ণায় হৃদয়ায় নমঃ অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ। গোবি-

ন্যস্যন্তি যুগপৎ সর্ব্বাণ্যঙ্গৈস্তৈঃ পঞ্চভিঃ ক্রমাৎ ॥ ৮৮ ॥
ন্যস্যন্তি চ ষড়ঙ্গানি হৃদয়াদীনি তন্মনোঃ।
হৃদয়াদিষু চৈতেষাং পঞ্চৈকং দিক্ষু চ ক্রমাৎ ॥ ৮৯ ॥

ষড়ঙ্গানি চোক্তানি সংমোহনতন্ত্রে সনৎকুমারকল্পে ॥

বর্ণেনৈকেন হৃদয়ং ত্রিভিরেব শিরো মতং।
চতুর্ভিশ্চ শিখা প্রোক্তা তথৈব কবচং মতং।
নেত্রং তথা চতুর্ব্বর্ণৈরস্ত্রং দ্বাভ্যাং তথা মতমিতি ॥ ৯০ ॥

দৈব ন্যস্যন্তি। প্রয়োগঃ। ক্লীঁ কৃষ্ণায় হৃদয়ায় নমঃ। অঙ্গুষ্ঠাভ্যাং নম ইত্যাদিঃ। এতেষাঞ্চ করাঙ্গুলিষ্বেব ন্যাসঃ ॥ ৮৮ ॥

এবং পঞ্চাঙ্গন্যাসং সংলিখ্য ষড়ঙ্গন্যাসং পরমতমেব লিখতি ন্যস্যন্তি চেতি। তেষাং ন্যাসস্থানং দর্শয়তি হৃদয়েতি। এতেষাং ষড়ঙ্গানাং পঞ্চাঙ্গানি হৃদয়-শিরঃ-শিখা-কবচ-নেত্রাখ্যানি ক্রমেণ হৃদয়াদিষু নিজহৃদয়শিরঃশিখাকবচনেত্রেষ্বেব ন্যস্যন্তি। অত্র চ কবচস্য পূর্ব্ববৎ সর্ব্বাঙ্গে ন্যাসো জ্ঞেয়ঃ।' এবমন্ত্যমঙ্গমস্ত্রাখ্যঞ্চ সর্ব্বদিক্ষু ন্যস্যন্তি ॥ ৮৯ ॥

তথৈবেতি চতুর্ভিরিত্যর্থঃ ॥ ৯০ ॥

ন্দায় শিরসে স্বাহা তর্জনীভ্যাং স্বাহা। ইত্যাদি ॥ ৮৮ ॥

কেহ কেহ ঐ মন্ত্রের ষড়ঙ্গ ও ন্যাস করিয়া থাকেন। ঐ ষড়ঙ্গের মধ্যে হৃদয়াদি পঞ্চ অঙ্গ অর্থাৎ হৃদয়, মস্তক, শিখা, কবচ ও নেত্র ক্রমান্বয়ে হৃদয়াদি পঞ্চ স্থানে ন্যাস করেন, আর অবশিষ্ট এক অঙ্গ সর্ব্বদিকে ন্যাস করেন অর্থাৎ পূর্ব্বোক্ত এই পাঁচ অঙ্গ নিজের ঐ পাঁচ অঙ্গে ন্যাস করিবে। কবচ পূর্ব্বের ন্যায় সর্ব্বাঙ্গে ন্যাস করিবে। অস্ত্রও সর্ব্বাঙ্গে ন্যাস করিবে ॥ ৮৯ ॥

সম্মোহন তন্ত্রে সনৎকুমার কল্পে ষড়ঙ্গ উল্লেখ করিয়াছেন—

একবর্ণে হৃদয়, তিনবর্ণে মস্তক, চারিবর্ণে শিখা, চারিবর্ণে কবচ, চারিবর্ণে নেত্র এবং দুইবর্ণে অস্ত্র কল্পনা করিতে হয় ॥ ৯০ ॥

ততশ্চাপাদমা কেশান্ন্যস্যেদ্দোর্ভ্যামিমং মনুং।
বারাংস্ত্রীন্ ব্যাপকত্বেন ন্যস্যেচ্চ প্রণবং সকৃৎ ॥ ৯১ ॥
অথাক্ষরন্যাসঃ ॥
ততোঽষ্টাদশ বর্ণাংশ্চ মন্ত্রস্যাস্য যথাক্রমং।
দন্তে ললাটে ভ্রূমধ্যে কর্ণয়োর্নেত্রয়োর্দ্বয়োঃ।
নাসয়োর্ব্বদনে কণ্ঠে হৃদি নাভৌ কটিদ্বয়ে।
গুহ্যে জানুদ্বয়ে চৈকং ন্যস্যেদেকঞ্চ পাদয়োঃ ॥ ৯২ ॥
সন্তো ন্যস্যন্তি তারাদি-নমোঽন্তাংস্তান্ সবিন্দুকান্।

এবমঙ্গন্যাসং লিখিত্বা অধুনা মন্ত্রাক্ষরন্যাসং লিখিষ্যন্ তন্মূমনুমন্নুং ব্যাপয়েতিক্রম-দীপিকোক্তানুসারেণ মনসা ব্যাপকন্যাসমাদৌ লিখতি ততশ্চেতি। কেশমারভ্য পাদ-পর্য্যন্তং ব্যাপকত্বেন ইমমষ্টাদশাক্ষরং মূলমন্ত্রং দোর্ভ্যাং কৃত্বা বারত্রয়ং ন্যসেৎ প্রণবঞ্চ সকৃদ্বারমেকং তথৈব ন্যসেৎ ॥ ৯১ ॥

দ্বয়োরিত্যনেন কর্ণাদিত্রয়ে প্রত্যেকং দ্বৌ বর্ণৌ তথা কটিদ্বয়েঽপি দ্বাবেব অগ্রে জানু-দ্বয়াদাবেকমিতি লিখনাৎ ॥ ৯২ ॥

তেষামেব ন্যাসপ্রকারং সৎসম্প্রদায়ানুসারেণ লিখতি সন্ত ইতি। তান্ অষ্টাদশ

তাহার পর, দুই হস্তে, বেষ্টন করণ ভাবে এই অষ্টাদশাক্ষর মন্ত্র পাদ হইতে মস্তক পর্য্যন্ত সমুদায় অঙ্গের চতুর্দ্দিকে তিনবার ন্যাস করিবে। ঐ ভাবে একবার প্রণব (ওঁ) ন্যাস করিবে ॥ ৯১ ॥

অথ অক্ষর ন্যাস ॥

অঙ্গন্যাসের পর ঐ মন্ত্রের অষ্টাদশ বর্ণ যথাক্রমে দন্তে, ললাটে, ভ্রূমধ্যে, কর্ণদ্বয়ে, নেত্রদ্বয়ে, নাসাদ্বয়ে অর্থাৎ দুই কর্ণে দুই বর্ণ ও দুই নাসায় দুই বর্ণ তথা বদনে, কণ্ঠে, হৃদয়ে, নাভিস্থলে, কটিদ্বয়ে অর্থাৎ দুই কটিতে দুই বর্ণ, আর গণ্ডদেশে এবং জানুদ্বয়ে এক একটী ন্যাস করিবে ॥ ৯২ ॥

সাধুগণ ঐ সকল অক্ষরের আদিতে প্রণব (ওঁ) ও অন্তে নমঃ-শব্দ দিয়া এবং প্রত্যেকটীকে অনুস্বরযুক্ত করিয়া প্রয়োগ করেন। ওঁ ক্লীঁ নমঃ কং নম ইত্যাদি ॥

শ্রীশক্তিকামবীজৈশ্চ সৃষ্ট্যাদিক্রমতোঽপরে ॥ ৯৩ ॥

অথ পদন্যাসঃ ॥

তারং শিরসি বিন্যস্য পঞ্চ মন্ত্রপদানি চ।

ন্যস্যেন্নেত্রদ্বয়ে বক্ত্রে হৃদ্‌গুহ্যাঙ্ঘ্রিষু চ ক্রমাৎ।

দেহে চ ব্যাপকত্বেন ন্যস্যেত্তান্যখিলে পুনঃ।

বর্ণান্ বিন্দুসহিতানেব ন্যস্যন্তি তথা তারঃ প্রণবঃ আদৌ যেষাং নম ইতি অন্তে যেষাং তাংশ্চ তান্। প্রয়োগঃ। ওঁ ক্লীঁ নমঃ কং নম ইত্যাদিঃ। অপরে কেচিচ্চ তানেব লক্ষ্মীশক্তিকামানাং বীজৈঃ সহ তথা চকারস্যোক্তসমুচ্চয়ার্থত্বাৎ পূর্ব্ববৎ তারনমোবিন্দু-সহিতানেব চ তত্র চ সৃষ্টিস্থিতিসংহৃতিক্রমেণৈব ন্যস্যন্তি। তত্র সৃষ্টির্মস্তকাদিক্রমেণৈব স্থিতিশ্চ হৃদয়াদিকণ্ঠান্তা সংহৃতিশ্চ সৃষ্টিবিপর্য্যয়েণ পাদাদিকা। এবং ন্যাসানাং নানা-প্রকারতাভিপ্রায়েণৈব পূর্ব্বং লিখিতং যথাসম্প্রদায়ং ন্যাসান্ কুর্য্যাদিতি ॥ ৯৩ ॥

আদৌ তারং প্রণবং স্বশিরসি বিন্যস্য পশ্চান্মন্ত্রস্য পদপঞ্চকং ক্রমান্নেত্রদ্বয়াদ্যঙ্গপঞ্চকে ন্যস্যেৎ। পুনশ্চ তানি পঞ্চ পদানি অখিলে দেহে ব্যাপকত্বেন সর্ব্বগাত্রং ব্যাপয্য ন্যস্যেৎ। তত্রৈব মতান্তরং লিখতি কেচিদিতি। তানি পঞ্চ পদানি আদ্যাক্ষরৈস্তত্তৎপদপ্রথমা-

কেহ কেহ ঐ প্রকার করিয়া শ্রীবীজ, শক্তিবীজ ও কামবীজের সহিত সৃষ্ট্যাদিক্রমে অর্থাৎ সৃষ্টি, স্থিতি ও সংহারক্রমে * ন্যাস করেন ॥ ৯৩ ॥

অথ পদন্যাস ॥

প্রথমতঃ স্বীয় মস্তকে প্রণব (ওঁ) ন্যাস করিয়া মন্ত্রের পঞ্চ পদ ক্রমান্বয়ে নেত্রদ্বয়ে, মুখে, গুহ্যে ও পাদদ্বয়ে ন্যাস করিবে। তৎপরে বেষ্টনকরণ-ভাবে, সমস্ত শরীরে ঐ পঞ্চ পদ পুনর্ব্বার ন্যাস করিবে। কেহ কেহ নমঃ শব্দ অন্তে দিয়া আদ্য অক্ষরের সহিত ঐ সকল ন্যাস করিবার বিধান করেন ॥

প্রয়োগ যথা—ক্লীঁ ক্লীঁ নমঃ। ক্লী কৃষ্ণায় নমঃ। গোং গোবিন্দায়

* তন্মধ্যে,—সৃষ্টি মস্তকাদিক্রম, স্থিতি হৃদয়াদি কণ্ঠান্তক্রম, আর সংহৃতি সৃষ্টি বিপর্য্যয় অর্থাৎ পাদাদিক্রম ॥

কেচিত্তানি নমোঽন্তানি ন্যস্যন্ত্যাদ্যাক্ষরৈঃ সহ ॥ ৯৪ ॥
স্বাহান্তানি তথা ত্রীণি সংমিশ্রাণ্যুত্তরোত্তরৈঃ।
গুহ্যাদ্গলামস্তকাচ্চ ব্যাপয্য চরণাবধি ॥ ৯৫ ॥
ন্যাসোঽত্র জ্ঞাননিষ্ঠানাং গুহ্যাদিবিষয়স্তু যঃ।

ক্ষরৈঃ সহ। প্রয়োগঃ। ক্লীঁ ক্লীঁ নমঃ ক্লীঁ কৃষ্ণায় নমঃ গোং গোবিন্দায় নমঃ গোং গোপীজনবল্লভায় নমঃ স্বাং স্বাহা নম ইতি ॥ ৯৪ ॥

তথেতি সমুচ্চয়ে। পূর্ব্ববদাদৌ তারং শিরসি বিন্যস্য পশ্চাৎ ত্রীণি মন্ত্রপদানি ক্রমেণ গুহ্যাদিস্থানত্রয়মারভ্য পাদপর্য্যন্তং কেচিন্ন্যস্যন্তি। উত্তরোত্তরসংমিশ্রাণীতি পূর্ব্বপূর্ব্বপদেন উত্তরোত্তরপদং সংযোজ্যেত্যর্থঃ। প্রয়োগঃ। ক্লীঁ কৃষ্ণায় স্বাহা ক্লীঁ কৃষ্ণায় গোবিন্দায় স্বাহা ক্লীঁ কৃষ্ণায় গোবিন্দায় গোপীজনবল্লভায় স্বাহা ইতি ॥ ৯৫ ॥

নন্বু পূর্ব্বং কেশবাদিন্যাসে মুকুন্দানাং পাদমূলাদৌ তত্ত্বন্যাসে চানিরুদ্ধস্য গুহ্যে বর্ণপদন্যাসেঽপ্যত্র কেষাঞ্চিদ্বর্ণপদানাং গুহ্যাদৌ ন্যাসো বৃত্তঃ শ্রীকৃষ্ণচরণাব্জভক্তিনিষ্ঠৈশ্চ সাধুভিস্তত্র তেন তেন প্রকারেণ কথং ন্যাসঃ কার্য্যঃ অস্থানেষু, তত্ত্বন্যাসেন মহাদোষশঙ্কাপত্তেঃ। তত্র লিখতি ন্যাস ইতি। অত্র ন্যাসপ্রকরণে এষু লিখিতেষু ন্যাসেষু মধ্যে ইতি বা জ্ঞাননিষ্ঠানামিতি জ্ঞানপরৈর্বিধীয়মান ইত্যর্থঃ। তেষামদ্বৈতজ্ঞানতো ভেদাভাবেন। তত্র তত্র তত্তন্ন্যাসে দোষশঙ্কাপি নোৎপদ্যত ইতি ভাবঃ। স গুহ্যাদিবিষয়ো ন্যাসঃ বৈষ্ণবৈঃ শ্রীভগবদ্ভক্তিপরৈস্তু স্বস্ববর্ণতনোঃ ভূতশুদ্ধ্যা নিজপূর্ব্বশরীরং দগ্ধ্বা বর্ণময়ামৃতবৃষ্ট্যা সমুৎপাদিতস্য মাতৃকার্ণময়স্য শরীরস্য তত্তদ্বর্ণেষু মাতৃকান্যাসব্যবস্থয়া গুহ্যপদাদিন্যাসেষু

নমঃ। গোপীজন বল্লভায় নমঃ। স্বাং স্বাহা নমঃ ॥ ৯৪ ॥

আবার কেহ কেহ পূর্ব্বের ন্যায় করিয়া স্বাহা শব্দ অন্তে দিয়া এবং পূর্ব্ব পূর্ব্বের সহিত পর পর সংযুক্ত করিয়া তিন পদ ক্রমান্বয়ে হস্ত, গলদেশ ও মস্তক হইতে আরম্ভ করিয়া চরণ পর্য্যন্ত ন্যাস করেন ॥

প্রয়োগ যথা—ক্লীঁ কৃষ্ণায় স্বাহা। ক্লীঁ কৃষ্ণায় গোবিন্দায় স্বাহা। ক্লীঁ কৃষ্ণায় গোবিন্দায় গোপীজনবল্লভায় স্বাহা ॥ ৯৫ ॥

এই ন্যাস প্রকরণে নিজের গুহ্য আদিস্থানে যে ন্যাসের কথা কহিলাম, যাঁহারা জ্ঞাননিষ্ঠ অর্থাৎ যাঁহাদিগের ভেদজ্ঞান নাই, তাঁহারাই

স্বস্ববর্ণতনোঃ কার্য্যস্তত্তদ্বর্ণেষু বৈষ্ণবৈঃ ॥ ৯৬ ॥

অথ ঋষ্যাদিন্যাসঃ ॥

ঋষ্যাদীন্ সপ্ত ভাগাংশ্চ ন্যস্যেদস্য মনোঃ ক্রমাৎ।

মূর্দ্ধাস্য-হৃৎসু কুচয়োঃ পুনর্হৃদি পুনর্হৃদি ॥ ৯৭ ॥

তত্তদঙ্গরূপেষক্ষরেষ্বেব কার্য্য ইত্যর্থঃ। এবঞ্চ ভাবনয়া তত্তদ্বর্ণেষ্বেব ন্যাসান্ন কাপি দোষশঙ্কা তথা তেষামেব বর্ণানাং নিজাঙ্গতয়া স্বস্মিন্নেব ন্যাসোঽপি সিদ্ধ ইতি সর্ব্বমনবদ্যমিতি দিক্ ॥ ৯৬ ॥

ঋষ্যাদীনাং মূর্দ্ধাদিত্রয়ে ত্রীন্ স্তনদ্বয়ে দ্বৌ পুন র্হৃদয় এব দ্বাবিত্যেবং স্থানসপ্তকে ক্রমেণ এতদষ্টাক্ষরমন্ত্রস্য ঋষ্যাদিভাগসপ্তকং ন্যস্যেদিত্যর্থঃ। অত্রচ প্রণবাদিচতুর্থ্যন্তমিত্যাদি-পূর্ব্বলিখিতানুসারেণ সর্ব্বত্র চতুর্থীনমোঽন্ততা জ্ঞেয়া। প্রয়োগঃ। অষ্টাদশাক্ষরশ্রীগোপাল-মন্ত্রস্য নারদায় ঋষয়ে নমঃ। গায়ত্র্যৈ ছন্দসে নমঃ। সকললোকমঙ্গলশ্রীমন্নন্দতনয়ায় দেবতায়ৈ নম ইত্যাদিঃ ॥ ৯৭ ॥

সেই প্রকার ন্যাস করিবেন অর্থাৎ নিজের গুহ্য আদিস্থানে অনিরুদ্ধাদিকে ন্যাস করিতে তাঁহাদিগের বাধা নাই। যাঁহারা বিষ্ণুভক্ত, তাঁহারা বিশেষ বিশেষ বর্ণজাত শরীরের অর্থাৎ ভূতশুদ্ধি দ্বারা শরীরকে দাহ করার পর বর্ণময়ী অমৃতধারা দ্বারা মাতৃকা বর্ণময় যে শরীর উৎপন্ন হইয়াছে সেই শরীরের বিশেষ বিশেষ বর্ণে ন্যাস করিবেন। সুতরাং পাদমূলে মুকুন্দের ন্যাস এবং গুহ্যে অনিরুদ্ধের ন্যাস ইত্যাদি যে অস্থানে ন্যাস বলা হইয়াছে তাহা করিতে বৈষ্ণবগণের আর কোনও আশঙ্কা বা আপত্তি থাকিতেছে না ॥ ৯৬ ॥

অথ ঋষ্যাদিন্যাস ॥

অনন্তর এই অষ্টাদশাক্ষর মন্ত্রের ঋষি প্রভৃতি সাত ভাগ অর্থাৎ ঋষি, ছন্দঃ, দেবতা, বীজ, শক্তি, প্রকৃতি ও অধিষ্ঠাত্রী ক্রমান্বয়ে মস্তকে, মুখে, হৃদয়ে, দুই স্তনে এবং পুনরায় দুইবার হৃদয়ে ন্যাস করিবে ॥

তাৎপর্য্য। পূর্ব্বে বলা হইয়াছে যে, নমঃ-শব্দ পরে দিয়া ও চতুর্থী বিভক্তি সংযুক্ত করিয়া প্রয়োগ করিবে। সেই বিধান এই

অথ মুদ্রাপঞ্চকং ॥

বেণ্বাখ্যাং বনমালাখ্যাং মুদ্রাং সংদর্শয়েত্ততঃ।
শ্রীবৎসাখ্যাং কৌস্তুভাখ্যাং বিল্বাখ্যাঞ্চ মনোরমাং ॥ ৯৮ ॥
ইত্থং ন্যস্তশরীরঃ সন্ কৃত্বা দিগ্বন্ধনং পুনঃ।
করকচ্ছপিকাং কৃত্বা ধ্যায়েচ্ছ্রীনন্দনন্দনং ॥ ৯৯ ॥

বেণ্বাদিমুদ্রালক্ষণমগ্রে মুদ্রাসমুচ্চয়প্রসঙ্গে লেখ্যং। মনোরমামিতি যদ্যপি বহ্ব্যো মুদ্রাঃ সন্তি তথাপি বেণ্বাদিপঞ্চকমিদং ভগবৎপ্রিয়তমত্বাদাদৌ দর্শয়িতব্যমিতি ভাবঃ ॥ ৯৮ ॥

দিগ্বন্ধনে মন্ত্রশ্চায়ং ওঁ নমঃ সুদর্শনায় অস্ত্রায় ফড়িতি। তথাচ ক্রমদীপিকায়াং। প্রণবহৃদোরবসানে স চতুর্থি সুদর্শনং তথাস্ত্রপদং। উক্ত্বা ফড়ন্তমমুনা কলয়েন্মনুনাস্ত্রমুদ্রয়া দশ হরিত ইতি। অস্যার্থঃ। প্রণবঃ ওঁকারঃ হৃৎ নমঃ এতয়োরন্তে চতুর্থীবিভক্তিসহিতং সুদর্শনমিতি পদং তথা চতুর্থ্যন্তমেবাস্ত্রপদং কীদৃশং ফড়িতি শব্দান্তং। অনেন মন্ত্রেণ অস্ত্রমুদ্রয়া দশদিগ্বন্ধনং কুর্য্যাদিতি। করকচ্ছপিকামুদ্রালক্ষণঞ্চ ভূতশুদ্ধৌ পূর্ব্বং লিখিতমেবাস্তি। স্বাঙ্কে করদ্বয়মুত্তানং বিন্যস্যেত্যর্থঃ। হস্তাবুৎসঙ্গমাধায়েতি শ্রীসূতোক্তেঃ ॥ ৯৯ ॥

স্থানেও গ্রহণ করিতে হইবে। তাহা হইলে এইরূপ প্রয়োগ হয় যথা—অষ্টাদশাক্ষর শ্রীগোপালমন্ত্রস্য নারদায় ঋষয়ে নমঃ, গায়ত্র্যৈ ছন্দসে নমঃ, সকললোকমঙ্গলশ্রীমন্নন্দতনয়ায় দেবতায়ৈ নমঃ ইত্যাদি ॥ ৯৭ ॥

অথ পঞ্চমুদ্রা ॥

তাহার পর বেণু, বনমালা, শ্রীবৎস, কৌস্তুভ ও বিল্ব এই পঞ্চ মনোরমা মুদ্রা * প্রদর্শন করিবে ॥ ৯৮ ॥

এই প্রকারে শরীরে ন্যাস করিয়া পুনর্ব্বার "ওঁ নমঃ সুদর্শনায় অস্ত্রায় ফট্" এই মন্ত্র দ্বারা দিগ্ বন্ধন করিবে। তদনন্তর করকচ্ছপিকা মুদ্রা অর্থাৎ স্বীয় ক্রোড়ে করদ্বয় উত্তানরূপে রচনা করিয়া শ্রীনন্দনন্দনের ধ্যান করিবে ॥ ৯৯ ॥

* মনোরমা অর্থাৎ অন্যান্য মুদ্রা অপেক্ষা বেণু প্রভৃতি এই পঞ্চমুদ্রা শ্রীকৃষ্ণের বিশেষ সন্তোষ সাধন করে। এই সকল মুদ্রার লক্ষণ গ্রন্থকার পরে স্বয়ং বলিবেন। এ কারণ এস্থলে আর বিস্তার করা হইল না।

অথ শ্রীনন্দনন্দনভগবদ্ধ্যানবিধিঃ ॥

অথ প্রকটসৌরভোদ্গলিতমাধ্বিকোৎফুল্লসৎ-
প্রসূননবপল্লবপ্রকরনম্রশাখৈর্দ্রুমৈঃ।
প্রফুল্লনবমঞ্জরীললিতবল্লরীবেষ্টিতৈঃ
স্মরেচ্ছিশিরিতং শিবং সিতমতিস্তু বৃন্দাবনং ॥ ১০০ ॥
বিকাসিসুমনোরসাস্বদনমঞ্জুলৈঃ সঞ্চর-
চ্ছিলীমুখমুখোদ্গতৈ র্মুখরিতান্তরং ঝঙ্কৃতৈঃ।

অথানন্তরং সিতমতিঃ শুদ্ধমনাঃ সন্ বৃন্দাবনং চিন্তয়েৎ। কীদৃশং। দ্রুমৈঃ শিশিরিতং শীতলীকৃতং। কীদৃশৈঃ। প্রকটমুদ্ভটং সৌরভং যস্য তচ্চ তৎ উদ্গলিতমাধ্বিকঞ্চ প্রচ্যুতমধু উৎফুল্লঞ্চ বিকসিতং সচ্চ উত্তমং যৎ প্রসূনং পুষ্পং নবপল্লবঞ্চ তয়োঃ প্রকরঃ সমূহঃ তেন নম্রাঃ শাখা যেষাং তৈঃ। মাধ্বিকেতি হ্রস্বত্বং মহাকবিনিবদ্ধত্বাৎ সোঢ়ব্যং। প্রকটসৌরভাকুলিত-মত্তভৃঙ্গোল্লসদিতি পাঠস্তু সুগম এব। পুনঃ কীদৃশৈঃ। প্রফুল্লাভি র্নবমঞ্জরীভি র্ললিতা মনোহরা যা বল্লর্য্য অগ্রশাখাঃ লতা বা তাভির্ব্বেষ্টিতৈঃ। শিবং মঙ্গলরূপং, নির্ব্বাধত্বাৎ পরম-কল্যাণকরত্বাচ্চ ॥ ১০০ ॥

বৃন্দাবনমেব বিশিনষ্টি বিকাসীতি দ্বাভ্যাং। সঞ্চরতামিতস্ততো ভ্রমতাং শিলীমুখানাং

অথ শ্রীনন্দনন্দন ভগবানের ধ্যানবিধি ॥

অনন্তর বিশুদ্ধ মনে শ্রীবৃন্দাবন ভাবনা করিবে। শ্রীবৃন্দাবন মঙ্গল জনক নানা প্রকার বৃক্ষ থাকাতে ঐ পবিত্র স্থান অতিশয় শীতল হইয়া রহিয়াছে। ঐ সমস্ত বৃক্ষের শাখা উদ্দাম সুগন্ধে পরিপূরিত, মধুস্রাবি ও প্রস্ফুটিত উৎকৃষ্ট কুসুম এবং নবপল্লবসমূহের ভারে অব-নত আর প্রস্ফুটিত নবমঞ্জরী দ্বারা মনোহরণকারিণী লতা সকল উহা-দিগকে বেষ্টন করিয়া রহিয়াছে ॥ ১০০ ॥

ভ্রমরগণ বিকাসোন্মুখপুষ্পের রসাস্বাদন করত ইতস্ততঃ ভ্রমণ করিতেছে। রসাস্বাদনকালে মুখোত্থিত ঝঙ্কার দ্বারা বৃন্দাবনের

কপোতশুকশারিকাপরভৃতাদিভিঃ পত্রিভি-
র্ব্বিরাণিতমিতস্ততো ভুজগশত্রুনৃত্যাকুলং ॥ ১০১ ॥
কলিন্দদুহিতুশ্চলল্লহরিবিপ্রুষাং বাহিভি-
র্ব্বিনিদ্রসরসীরুহোদররজশ্চয়োদ্ধূষরৈঃ।
প্রদীপিতমনোভবব্রজবিলাসিনীবাসসাং
বিলোলনবিহারিভিঃ সততসেবিতং মারুতৈঃ ॥ ১০২ ॥
প্রবালনবপল্লবং মরকতচ্ছদং বজ্রমৌ-
. ক্তিকপ্রকরকোরকং কমলরাগনানাফলং।

ভ্রমরাণাং মুখেভ্যঃ উদ্গতৈরুত্থিতৈঃ ঝঙ্কতৈঃ ঝঙ্কারশব্দৈঃ মুখরিতং মুখরতাং নীতং অন্তরং মধ্যং যস্য তৎ। কীদৃশৈঃ। বিকাসিনাং সুমনসাং পুষ্পাণাং রসস্য আস্বাদনং ভ্রমরৈরবলেহনং তেন মঞ্জুলৈ র্মনোহরৈঃ। বিরাণিতং শব্দান্বিতং। ভুজগশত্রো র্ময়ূরস্য নৃত্যেন আকুলং ব্যাপ্তং ॥ ১০১ ॥

যমুনায়াশ্চলন্তীনাং লহরীণাং বিপ্রুষঃ জলবিন্দবস্তাসাং বাহিভি র্নেতৃভিঃ মারুতৈঃ সততং সেবিতং। বিলোলনং সঞ্চালনং তদ্রূপবিহারবদ্ভিঃ বিলোলনপরৈরনারতনিষেবিত-মিতি পাঠঃ সুগম এব। বিশেষণত্রয়েণ মারুতস্য ক্রমেণ শৈত্যসৌগন্ধ্যমান্দ্যান্যুক্তানি ॥ ১০২ ॥

তস্য বৃন্দাবনস্য অন্তর্মধ্যে কল্পবৃক্ষমপি চিন্তয়েৎ। প্রবালং বিদ্রুমমেব নবপল্লবং যস্য তং। মরকতং এব ছদঃ পত্রং যস্য তং। বজ্রস্য হীরকস্য মৌক্তিকস্য চ প্রকরঃ সমূহ এব

অভ্যন্তর ভাগ পরিপূর্ণ রহিয়াছে, কপোত, শুক, শারিকা এবং কোকিল কুল নিরন্তর রব করিতেছে, ময়ূরগণ চতুর্দ্দিকে নৃত্য করিতেছে ॥১০১॥

যমুনাতরঙ্গের জলকণবাহি অর্থাৎ শীতল, প্রস্ফুটিত কমলের পরাগদ্বারা ধূষরীভূত এবং উত্তেজিত কামভাবাপন্ন গোপবিলাসিনী-দিগের বসনপ্রকম্পনকারী অর্থাৎ মন্দ মন্দ বায়ু বৃন্দাবনে সর্ব্বদা সঞ্চ-রণ করিতেছে ॥ ১০২ ॥

ঐ বৃন্দাবনের মধ্যে কল্পবৃক্ষ ভাবনা করিবে। প্রবাল ঐ বৃক্ষের নব-পল্লব, নীলকান্ত মণি উহার পত্র, হীরক ও মুক্তাসমূহ উহার কোরক,

স্থবিষ্ঠমখিলর্ত্তুভিঃ সততসেবিতং কামদং
তদন্তরপি কল্পকাঙ্ঘ্রিপমুদঞ্চিতং চিন্তয়েৎ ॥ ১০৩ ॥
সুহেমশিখরাবলেরুদিতভানুবদ্ভাস্বরা-
মধোঽস্য কনকস্থলীমমৃতশীকরাসারিণঃ।
প্রদীপ্তমণিকুট্টিমাং কুসুমরেণুপুঞ্জোজ্জ্বলাং
স্মরেৎ পুনরতন্দ্রিতো বিগতষট্তরঙ্গাং বুধঃ ॥ ১০৪ ॥

কোরকঃ পুষ্পকলিকা যস্য তং। কমলরাগঃ পদ্মরাগমণিরেব নানাবিধং ফলং যস্য তং। স্থবিষ্ঠং স্থূলতরং। অখিলৈঃ ষড়্ভিরেব ঋতুভিঃ সততং সেবিতং। এতেন সর্ব্বদা সর্ব্বপুষ্পাঢ্যত্বমুক্তং। উদঞ্চিতং উচ্ছ্রিতং ॥ ১০৩ ॥

অমৃতশীকরাসারিণঃ অমৃতবিন্দুবর্ষিণোঽস্য কল্পকাঙ্ঘ্রিপস্য অধঃ কনকস্থলীং চিন্তয়েৎ। শীকরাস্রাবিণ ইতি পাঠেঽপি তথৈবার্থঃ। কীদৃশীং। সুহেম্নঃ শোভনসুবর্ণস্য শিখরং শৃঙ্গং তস্য আবলিঃ পঙ্‌ক্তিস্তস্যাঃ সকাশাদুদিতো যো ভানুস্তদ্বৎ ভাস্বরাং দেদীপ্যমানাং। যদ্বা। সুহেমময়ী শিখরাবলিঃ শাখাপঙ্‌ক্তির্যস্য তস্যেতি কল্পকাঙ্ঘ্রিপস্যৈব বিশেষণং। পুনঃ কীদৃশীং। প্রদীপ্তৈ র্দেদীপ্যমানৈর্মণিভিঃ পদ্মরাগাদিভিঃ কুট্টিমং রত্নবদ্ধভূমি র্যস্যা স্তাং। অতন্দ্রিতঃ অনলসঃ। বিগতা দূরীভূতাঃ ষট্ তরঙ্গা উর্ম্ময়ো যস্যাস্তাং। শোকমোহৌ জরা মৃত্যুঃ ক্ষুত্তৃট্ চেতি ষড়ূর্ম্ময়ঃ ॥ ১০৪ ॥

এবং পদ্মরাগমণি উহার বিবিধ ফল। উহা অতি স্থূল ও অতি উন্নত। অভিলষিত ফল প্রদান করে। সকল কালে সকল ঋতু উহাকে ভজনা করিতেছে অর্থাৎ সকল ঋতুর পুষ্প উহাতে সমকালে প্রস্ফুটিত ॥১০৩॥

পণ্ডিত ব্যক্তি তাহার পর আলস্যশূন্য হইয়া অমৃতবর্ষণকারি ঐ কল্পবৃক্ষের তলভাগে রত্নময়ী ভূমি ভাবনা করিবেন। উৎকৃষ্ট স্বর্ণময় শৃঙ্গের শ্রেণীর সন্নিকটে উদিত হইলে দিবাকরের যেরূপ আভা হয়, ঐ ভূমির আভাও সেইরূপ। উহার মণিবিনির্ম্মিত কুট্টিম অর্থাৎ স্বর্ণে বান্ধান ভূমি খণ্ড জ্বলিতেছে। কুসুমসমূহের পরাগরাশি পতিত হওয়াতে ঐ ভূমি উজ্জ্বল হইয়া রহিয়াছে। সংসারসাগরের ছয় তরঙ্গ অর্থাৎ শোক, মোহ, জরা, মৃত্যু, ক্ষুধা ও তৃষ্ণা ঐ স্থানে নাই ॥ ১০৪ ॥

তদ্রত্নকুট্টিমনিবিষ্টমহিষ্ঠযোগ-
পীঠেঽষ্টপত্রমরুণং কমলং বিচিন্ত্য।
উদ্যদ্বিরোচনসরোচিরমুষ্য মধ্যে
সঞ্চিন্তয়েৎ সুখনিবিষ্টমথো মুকুন্দং ॥ ১০৫ ॥
সূত্রামরত্নদলিতাঞ্জনমেঘপুঞ্জ-
প্রত্যগ্রনীলজলজন্মসমানভাসং।
সুস্নিগ্ধনীলঘনকুঞ্চিতকেশজালং
রাজন্মনোজ্ঞশিতিকণ্ঠশিখণ্ডচূড়ং ॥ ১০৬ ॥

তস্যাঃ কনকস্থল্যা যদ্রত্নকুট্টিমং রত্নবদ্ধভূভাগঃ তস্মিন্নিবিষ্টং স্থিতং যৎ মহিষ্ঠং মহত্তরং যোগপীঠং তস্মিন্। কীদৃশং কমলং। উদ্যতো বিরোচনস্য রবেঃ সরোচিঃ সমানপ্রভং অতএবারুণং। অমুষ্য কমলস্য মধ্যে সুখনিবিষ্টং সুখমাসীনং। যদ্বা। কুট্টিমনিবিষ্টেত্যত্র নিবিষ্ট-শব্দার্থানুসারেণাত্রাপি সুখস্থিতমিত্যর্থঃ। বিলম্বমানসন্তানকপ্রসবদামেত্যগ্রেবক্ষ্যমাণমালা-বিলম্বমানতায়াঃ তথা মৎস্যাঙ্কুশেতি বর্ণয়িষ্যমাণভক্তজনৈকাশ্রয়শ্রীচরণকমলসন্দর্শনাসম্প-ত্তেশ্চ। অতএব তৃতীয়স্কন্ধে। স্থিতং ব্রজন্তমাসীনং শয়ানম্বা গুহাশয়মিত্যত্র মুখ্যত্বাভিপ্রা-য়েণাদৌ শ্রীকপিলদেবেন নির্দ্দিষ্টং। সম্মোহনতন্ত্রে চ শ্রীশিবেনোক্তং। বেণুং গৃহীত্বা হস্তাভ্যাং মুখে সংযোজ্য সংস্থিতমিতি। সম্যকৃত্রিভঙ্গললিতং স্থিতমিত্যর্থঃ। যতস্তত্র তেনৈবোক্তং। তিষ্ঠন্তং দেবদেবেশং ত্রিভঙ্গললিতাকৃতিমিতি। অতএবোক্তং শ্রীবিষ্ণুধর্ম্মো-ত্তরে। গোপালপ্রতিমাং কুর্য্যাদ্বেণুবাদনতৎপরাং। বর্হাপীড়াং ঘনশ্যামাং দ্বিভুজামূর্দ্ধ-সংস্থিতামিতি ॥ ১০৫ ॥

শ্রীমুকুন্দমেব বিশিনষ্টি সূত্রামেতি পঞ্চবিংশতিভিঃ। সূত্রামরত্নং ইন্দ্রনীলমণিঃ দলিতা-ঞ্জনং মৃষ্টকজ্জলং প্রত্যগ্রং নবং নীলজন্ম উৎপলং তৈঃ সমানা ভাঃ কান্তির্যস্য তং। রাজৎ শোভমানং মনোজ্ঞং শিতিকণ্ঠশিখণ্ডং ময়ূরপুচ্ছং তেন চূড়া মৌলির্যদ্বা তদেব চূড়ায়াং যস্য তং। কচিচ্চ কেশজালরাজদিতি সমস্তপাঠঃ ॥ ১০৬ ॥

ঐ রত্নকুট্টিমে অবস্থিত একখানি শ্রেষ্ঠ যোগাসনে রক্তবর্ণ অষ্টদল পদ্ম ভাবনা করিবে। তৎপরে চিন্তা করিবে, উহার মধ্যভাগে উদয়োন্মুখ সূর্য্যের ন্যায় প্রভাশালী শ্রীকৃষ্ণ সুখে বাস করিতেছেন ॥ ১০৬ ॥

তাঁহার কান্তি, নীলকান্তমণি, মর্দ্দিতাঞ্জন, মেঘপুঞ্জ এবং নূতন নীল-পদ্মের সদৃশ এবং তাঁহার কেশজাল সুচিক্কণ কৃষ্ণবর্ণ, ঘন ও আকুঞ্চিত, তাঁহার চূড়ায় মনোহর ময়ূরপুচ্ছ শোভা পাইতেছে ॥ ১০৬ ॥

রোলম্বলালিতসুরদ্রুমসূনকল্পি-
তোত্তংসমুৎকচনবোৎপলকর্ণপূরং।
লোলালকস্ফুরিতভালতলপ্রদীপ্ত-
গোরোচনাতিলকমুচ্চলচিল্লিমালং ॥ ১০৭ ॥
আপূর্ণশারদগতাঙ্কশশাঙ্কবিম্ব-
কান্তাননং কমলপত্রবিশালনেত্রং।
রত্নস্ফুরন্মকরকুণ্ডলরশ্মিদীপ্ত-
গণ্ডস্থলীমুকুরমুন্নতচারুনাসং ॥ ১০৮ ॥
সিন্দূরসুন্দরতরাধরমিন্দুকুন্দ-
মন্দারমন্দহসিতদ্যুতিদীপিতাঙ্গং।
বন্যপ্রবালকুসুমপ্রচয়াবকুপ্ত-

রোলম্বৈর্ভ্রমরৈর্লালিতং প্রীত্যা সেবিতং সুরদ্রুমপ্রসূনং পারিজাতপুষ্পং তেন কল্পিতঃ রচিতঃ উত্তংসঃ শিরোভূষণং যেন তং। উচ্চলে উদ্গতে নৃত্যন্তৌ বা চিল্লিমালে ভ্রূলতে যস্য তং ॥ ১০৭ ॥

আপূর্ণং শারদঞ্চ গতাঙ্কঞ্চ নিষ্কলঙ্কং যচ্ছশাঙ্কবিম্বং চন্দ্রমণ্ডলং তস্মাদপি কান্তং সুন্দরমাননং যস্য তং ॥ ১০৮ ॥

তিনি ভ্রমরকুলসেবিত কল্পবৃক্ষপ্রসূনে বিরচিত আভরণ ধারণ করিয়া আছেন। বিকসিত নবপল্লব তাঁহার কর্ণপূর। আর চঞ্চল অলক দ্বারা সুশোভিত তদীয় ললাটমণ্ডলে গোরোচনা-বিরচিত তিলক দীপ্তি পাইতেছে। তাঁহার দুই ভ্রূলতা নৃত্য করিতেছে ॥ ১০৭ ॥

তাঁহার মুখমণ্ডল সম্পূর্ণ কলঙ্কবিহীন শারদীয়শশাঙ্কের সদৃশ মনোহর। লোচনযুগল পদ্মপত্রের ন্যায় বিশাল। দর্পণতুল্য অর্থাৎ নির্ম্মল গণ্ডস্থল মণিবিরচিত মকরকুণ্ডল দ্বারা উদ্দীপিত। নাসিকা উন্নত ও মনোহর ॥ ১০৮ ॥

অধর দেখিতে সিন্দুর হইতেও অধিক সুন্দর। সর্ব্বাঙ্গ চন্দ্র, কুন্দ-পুষ্প ও মন্দারপ্রসূন সদৃশ শুভ্র, ঈষৎ হাস্যে উজ্জ্বলীভূত। কণ্ঠ, নব

গ্রৈবেয়কোজ্জ্বলমনোহরকম্বুকণ্ঠং ॥ ১০৯ ॥

মত্তভ্রমদ্ভ্রমরজুষ্টবিলম্বমান-
সন্তানকপ্রসবদামপরিষ্কৃতাংসং ।
হারাবলী-ভগণ-রাজিতপীবরোরো-
ব্যোমস্থলীললিতকৌস্তুভভানুমন্তং ॥ ১১০ ॥

শ্রীবৎসলক্ষণসুলক্ষিতমুন্নতাংস-
মাজানুপীনপরিবৃত্তসুজাতবাহুং ।
আবন্ধুরোদরমুদারগভীরনাভিং
ভৃঙ্গাঙ্গনানিকরমঞ্জুলরোমরাজিং ॥ ১১১ ॥

প্রচলার্ককুপ্তেতি পাঠে প্রচলার্কো ময়ূরপিচ্ছং ॥ ৩০৯ ॥

মত্তৈর্ভ্রমদ্ভির্ভ্রমরৈর্জুষ্টং সেবিতং। বিলম্বমানং আপাদলম্বি। পাঠান্তরে সুরভি সুগন্ধি। অবালং চাম্লানং যৎ সন্তানকপ্রসবদাম কল্পবৃক্ষপুষ্পমালা তেন পরিষ্কৃতৌ অলঙ্কৃতৌ অংসৌ যস্য তং। হারাবল্যেব ভগণঃ নক্ষত্রবর্গস্তেন রাজিতং শোভিতং পীবরং পীনং উরঃ বক্ষ-এব ব্যোমস্থলী তয়া লসিতঃ শোভিতঃ কৌস্তুভ এব ভানুঃ সূর্য্যস্তদ্যুক্তং ॥ ১১০ ॥

শ্রীবৎসলক্ষণেন সুলক্ষিতং প্রব্যঞ্জিতং আজানু জানুপর্য্যন্তব্যাপিনৌ পীনৌ চ পরিবৃত্তৌ চ ক্রমবলিতৌ সুজাতৌ সুকুমারৌ নির্দ্দোষৌ বাহূ যস্য তং। আবন্ধুরং নিম্নোন্নতং অতি-শয়েন ভদ্রং বা উদরং যস্য তং ॥ ১২১ ॥

পল্লব ও পুষ্প দ্বারা বিরাজিত কণ্ঠাভরণে দীপ্তিমান্ ॥ ১০৯ ॥

দুই স্কন্ধ চঞ্চল মত্ত ভ্রমরনিকর বিরাজিত লম্বমান কল্পকুসুমের মালায় সুশোভিত। হারাবলীরূপ তারাগণে শোভমান তদীয় বক্ষো-রূপ নভোমণ্ডলে মনোহর কৌস্তুভরূপী সূর্য্য দীপ্তি পাইতেছে ॥ ১১০ ॥

শ্রীবৎসচিহ্ন দ্বারা তাঁহাকে সুন্দররূপে চিনিতে পারা যাইতেছে, তাঁহার স্কন্ধদেশ উন্নত, বাহুযুগল জানু পর্য্যন্ত লম্বিত, গোলাকার, পুষ্ট এবং সুন্দর। উদর ঈষৎ উন্নতানত। নাভিস্থল প্রশস্ত ও গম্ভীর। রোমাবলী দেখিতে ভ্রমর-শ্রেণীর সদৃশ সুন্দর ॥ ১১১ ॥

নানামণিপ্রঘটিতাঙ্গদকঙ্কণোর্ম্মি
গ্রৈবেয়সারসননূপুরতুন্দবন্ধং।
দিব্যাঙ্গরাগপরিপিঞ্জরিতাঙ্গযষ্টি-
মাপীতবস্ত্রপরিবীতনিতম্ববিম্বং ॥ ১১২ ॥
চারূরুজানুমনুবৃত্তমনোজ্ঞজঙ্ঘং
কান্তোন্নতপ্রপদনিন্দিতকূর্ম্মকান্তিং।
মাণিক্যদর্পণলসন্নখরাজিরাজ-
দ্রক্তাঙ্গুলিচ্ছদনসুন্দরপাদপদ্মং ॥ ১১৩ ॥
মৎস্যাঙ্কুশার-দরকেতুযবাব্জবজ্র-

নানামণিভিঃ প্রকর্ষেণ ঘটিতাঃ কল্পিতাঃ অঙ্গদাদয়ো যস্য তং। তত্র উর্ম্মির্মুদ্রিকা। সারসনং রসনা। তুন্দবন্ধঃ উদরবন্ধনার্থস্বর্ণডোরকং। দিব্যৈরঙ্গরাগৈরনুলেপনৈঃ পরিপিঞ্জরিতা নানাবর্ণতাং নীতা অঙ্গযষ্টির্যস্য তং ॥ ১১২ ॥

মাণিক্যময়দর্পণেভ্যোঽপি বিলসতাং শোভমানানাং নখানাং রাজিশুয়া রাজন্ত্যো রক্তাঙ্গুলয়ঃ তাশ্ছদাঃ পত্রাণি তৈঃ সুন্দরে পাদপদ্মে যস্য তং। রক্তেতি পাঠঃ সুগমঃ ॥ ১১৩ ॥

মৎস্যাদিভীরেখাত্মকৈশ্চিহ্নৈঃ সংলক্ষিতং অরুণতরং চাতিরক্তং অঙ্ঘ্রিতলং। করাঙ্ঘ্রীতি পাঠে অরুণং করাঙ্ঘ্র্যোস্তলং তেন অভিরামং মনোরমং। আরং চক্রং দরঃ শঙ্খঃ। নির্জ্জিতে-

অঙ্গদ, কঙ্কণ, কবচ, রসনা, নূপুর এবং কটিবন্ধনের জন্য স্বর্ণরচিত ডোর বিবিধ মণিগণ দ্বারা নির্ম্মিত। দেহ দিব্য অঙ্গরাগে বিবিধ বর্ণবিশিষ্ট। নিতম্ব অতি পীতবস্ত্রে বেষ্টিত ॥ ১১২ ॥

ঊরু এবং জানু মনোহর। জঙ্ঘা সুন্দররূপে অনুবৃত্ত। মনোহর উন্নত পাদাগ্রভাগ কূর্ম্মের আকার অপেক্ষা উৎকৃষ্ট। নখরাজি মাণিক্যনির্ম্মিত দর্পণ হইতে অধিকতর শোভাশালিনী। সেই নখরাজি দ্বারা শোভমান রক্তাঙ্গুলিস্বরূপ পত্রনিকরে তাঁহার পাদপদ্ম-যুগল দীপ্তি পাইতেছে ॥ ১১৩ ॥

নিরতিশয় অরুণবর্ণ চরণতলে মৎস্য, অঙ্কুশ, চক্র, শঙ্খ, ধ্বজ, যব,

সংলক্ষিতারুণকরাঙ্ঘ্রিতলাভিরামং ।
লাবণ্যসারসমুদায়বিনির্ম্মিতাঙ্গ-
সৌন্দর্য্যনির্জ্জিতমনোভবদেহকান্তিং ॥ ১১৪ ॥
আস্যারবিন্দপরিপূরিতবেণুরন্ধ্র-
লোলৎকরাঙ্গুলিসমীরিতদিব্যরাগৈঃ ।
শশ্বদ্দ্রবীকৃতবিকৃষ্টসমস্তজন্তু-
সন্তানসন্ততিমনন্তসুখাম্বুরাশিং ॥ ১১৫ ॥
গোভির্মুখাম্বুজবিলীনবিলোচনাভি-
রূধোভরস্খলিতমন্থরমন্দগাভিঃ ।
দন্তাগ্রদষ্টপরিশিষ্টতৃণাঙ্কুরাভি-

ত্যত্র নির্জ্জিতেতি ক্বচিৎ পাঠঃ। কান্তিঃ শোভা ॥ ১১৪ ॥

শশ্বৎ মুহুঃ দ্রবীকৃতা আর্দ্রিতা বিকৃষ্টা সমাকৃষ্টা চ সমস্তজন্তুনাং সন্তানসন্ততির্বংশসমূহো যেন তং ॥ ১১৫ ॥

অথানন্তরং গোভিঃ অভিতো বীতং বেষ্টিতং। ঊধোভরেণ স্তনগৌরবেণ স্খলিতং মন্থরং চালসং মন্দঞ্চ যথা স্যাত্তথা গচ্ছন্তীভিরিত্যর্থঃ। বালধিঃ পুচ্ছং ॥ ১১৬ ॥

পদ্ম ও বজ্রের চিহ্ন থাকাতে তিনি দেখিতে অতি মনোহর হইয়াছেন। তাঁহার দেহকান্তি লাবণ্যের সারসর্ব্বস্ব দ্বারা বিনির্ম্মিত, অঙ্গ সকলের সৌন্দর্য্যদ্বারা মীনকেতনের দেহকান্তি জয় করিয়াছে ॥ ১১৪ ॥

অনন্তর সুখের সাগরস্বরূপ সেই শ্রীকৃষ্ণ মুখপদ্মদ্বারা পরিপূরিত বংশীর রন্ধ্রসমূহে হস্তের অঙ্গুলিনিচয় চালন করিয়া যে দিব্য রাগ সকল উদ্গিরণ করিয়াছেন, তদ্দ্বারা যাবতীয় জন্তুর সন্তান সন্ততি অর্থাৎ বংশাবলী দ্রবীভূত ও আকৃষ্ট হইয়াছে ঊধোভারে ভারাক্রান্ত গাভী সকল মন্দ মন্দ স্খলিতগমনে আসিয়া তাঁহাকে বেষ্টন করিতেছে ॥ ১১৫ ॥

ঐ গাভীদিগের লোচনসমূহ তাঁহার মুখপদ্মে লীন হইয়া রহিয়াছে, তাহারা যে তৃণাঙ্কুর চর্ব্বণ করিতেছিল, তাহার অবশিষ্ট অংশ তাহাদিগের দন্তের অগ্রভাগেই সংলগ্ন রহিয়াছে, সকলের পুচ্ছ

রালম্বিবালধিলতাভিরথাভিবীতং ॥ ১১৬ ॥
সপ্রস্রবস্তনবিভূষণপূর্ণনিশ্চ-
লাস্যাবটক্ষরিতফেনিলদুগ্ধমুগ্ধৈঃ।
বেণুপ্রবর্ত্তিতমনোহরমন্দ্রগীত-
দত্তোচ্চকর্ণযুগলৈরপি তর্ণকৈশ্চ ॥ ১১৭ ॥
প্রত্যগ্রশৃঙ্গমৃদুমস্তকসম্প্রহার-
সংরম্ভবল্গনবিলোলখুরাগ্রপাতৈঃ।

তর্ণকৈর্নূতনবৎসৈশ্চাভিবীতমিত্যন্বয়ঃ। এবমগ্রেঽপি। কীদৃশৈঃ। প্রস্রবঃ দুগ্ধক্ষরণং তৎ-সহিতস্য স্তনস্য বিভূষণং দন্তৌষ্ঠেনাকৃষ্য পানং তেন পূর্ণঃ দুগ্ধভৃতো নিশ্চলশ্চ আস্যাবটো মুখবিবরং তস্মাৎ ক্ষরিতং যৎ ফেনিলং ফেনময়ং তেন মুগ্ধৈঃ সুন্দরৈঃ মন্দো গম্ভীরধ্বনিঃ। ক্বচিন্মন্দেতি পাঠঃ ॥ ১১৭ ॥

প্রত্যগ্রং নবং শৃঙ্গং যস্মিন্ তেন মৃদুনা মস্তকেন সংপ্রহারঃ অন্যেন সহ যুদ্ধে অভিঘাত-স্তস্মিন্ বা অন্যেন প্রহারস্তেন সংরম্ভঃ ক্রোধস্তস্মিন্ আবেশো বা তেন বল্গনং ইতস্ততো বিচলনং তেন বিলোলঃ খুরাগ্রপাতো যেষাং তৈঃ। আমেদুরৈঃ সুস্নিগ্ধৈঃ পুষ্টৈরিতি বা বহুলা স্থূলা সাস্না গলকম্বলঃ যস্মিন্ তাদৃশো গলো যেষাং তৈঃ। বৎস এব স্তনপানা-

গুলিও বিশেষ বিলম্বিত ॥ ১১৬ ॥

নবপ্রসূত বৎস সকল আসিয়াও বেষ্টন করিতেছে, ঐ সকল বৎস অতি মনোহররূপে দন্ত ও ওষ্ঠ দ্বারা আকর্ষণ করিয়া যে স্তনক্ষরিত দুগ্ধ পান করিতেছে, সেই দুগ্ধ দ্বারা পরিপূর্ণ হইয়া তাহাদের মুখবিবর নিশ্চল হইয়া গিয়াছে, সেই নিশ্চল মুখবিবর দ্বারা দেখিতে অতি সুন্দর হইয়াছে। আর বংশী হইতে যে মনোহর গভীর গীতস্বর বহির্গত হইতেছে, কর্ণযুগল উন্নত করিয়া তাহারা একমনে সেই গীত শ্রবণ করিতেছে ॥ ১১৭ ॥

চিক্কণবর্ণ হৃষ্টপুষ্ট বৎসতর বৎসতরী অর্থাৎ তিন বৎসরের বৎস আর যাহারা দুগ্ধ পান করে না, তাহারা আসিয়াও তাঁহার চতুর্দ্দিকে একত্র হইতেছে। তাহাদিগের গলদেশে স্থূল গলকম্বল ও পুচ্ছ উন্নত।

আমেদুরৈর্ব্বহুলসাস্নগলৈরুদগ্র-
পুচ্ছৈশ্চ বৎসতরবৎসতরীনিকায়ৈঃ ॥ ১১৮ ॥
হুম্বারবক্ষুভিতদিগ্বলয়ৈর্ম্মহদ্ভি-
রপ্যুক্ষভিঃ পৃথুককুদ্ভরভারখিন্নৈঃ ।
উত্তম্ভিতশ্রুতিপুটীপরিবীতবংশ-
ধ্বানামৃতোদ্ধতবিকাশিবিশালঘোণৈঃ ॥ ১১৯ ॥
গোপৈঃ সমানগুণশীলবয়োবিলাস-
বেশৈশ্চ মূর্চ্ছিতকলস্বরবেণুবীণৈঃ ।

বস্থামতিক্রান্তো বৎসতরঃ ত্রৈবার্ষিকো বলীবর্দ্ধ ইতি কেচিৎ তাদৃশ্যেব বৎসতরী তয়ো-র্নিকায়ৈঃ সমূহৈশ্চাভিবীতং ॥ ১১৮ ॥

উক্ষভিঃ বৃষৈরপ্যভিবীতং । পৃথুককুদ্ভর এব ভারস্তেন খিন্নৈঃ অলসৈঃ । উত্তম্ভিতয়া উর্দ্ধীকৃত্য স্তব্ধতাং প্রাপিতয়া শ্রুতিপুট্যা পরিবীতং যৎ শ্রীকৃষ্ণবংশধ্বানামৃতং তস্মিন্ উদ্ধতা উদ্ভটা তেন বা উর্দ্ধীকৃতা বিকাশিনীচ প্রস্ফুটপুটা বিশালা ঘোণা নাসা যেষাং তৈঃ ॥ ১১৯ ॥

গোপৈশ্চাভিবীতং গুণাঃ করুণাদয়ঃ শীলং স্বভাবঃ জগদানন্দকত্বাদি । মূর্চ্ছিতঃ মূর্চ্ছনং প্রাপিতঃ কলস্বনঃ মধুরাস্ফুটধ্বনিঃ । স্বরেতি পাঠে মধুরাস্ফুটরাগো যস্মিন্ তাদৃশো

মস্তকে অল্প অল্প শৃঙ্গ উদ্গত হইয়াছে। আসিবার সময় তাদৃশ মস্তক দ্বারা পরস্পর পরস্পরকে আঘাত করিতেছে। তাহাতেই ব্রত হওয়াতে চঞ্চল হইয়া বিচলিতভাবে ইতস্ততঃ ক্ষুরক্ষেপ করিতেছে ॥১১৮॥

ক্রমে অতিস্থূলককুদ্ভারে আক্রান্ত মহৎ মহৎ বৃষ সকল হুম্বারব দ্বারা দিঙ্মণ্ডল বিলোড়ন করত অলসগমনে আগমন করিয়া তাঁহাকে বেষ্টন করিতেছে। উর্দ্ধীকৃত কর্ণবিবরে পরিপূরিত বেণুস্বর-রূপ অমৃতরস সংযোগে ঐ সকল বৃষের নাসারন্ধ্র বিস্ফারিত ও উচ্চীকৃত হইয়াছে ॥ ২১৯ ॥

অনন্তর গোপসকল আসিয়া তাঁহার চতুর্দ্দিকে সম্মিলিত হইতেছে। উহাদিগের করুণাদি গুণ, জগদানন্দত্বাদি স্বভাব, বয়ঃক্রম, বিলাস ও

মন্দ্রোচ্চতালপটুগানপরৈর্ব্বিলোল-
দোর্ব্বল্লরীললিতলাস্যবিধানদক্ষৈঃ ॥ ১২০ ॥
জঙ্ঘান্তপীবরকটীরতটীনিবদ্ধ-
ব্যালোলকিঙ্কিণিঘটারটিতৈরটদ্ভিঃ।
মুগ্ধৈস্তরক্ষুনখকল্পিতকণ্ঠভূষৈ-
রব্যক্তমঞ্জুবচনৈঃ পৃথুকৈঃ পরীতং ॥ ১২১ ॥
অথ সুললিতগোপসুন্দরীণাং
পৃথু-নিবিবীষ-নিতম্বমন্থরাণাং।

বেণুর্ব্বীণা চ যেষাং তৈঃ। মূর্চ্ছনা চোক্তা। স্বরঃ সংমূর্চ্ছিতো যত্র রাগতাং প্রতিপদ্যতে। মূর্চ্ছনামিতি তাং প্রাহুঃ কবয়ো গ্রামসম্ভবাং। সপ্ত স্বরাস্ত্রয়ো গ্রামা মূর্চ্ছনাস্ত্বেকবিংশতিরিতি। মন্দ্রোচ্চতারৈর্ধ্বনিভেদৈঃ পটু ব্যক্তং যদ্গানং তৎপরৈঃ। লাস্যং নৃত্যং ॥ ১২০ ॥

পৃথুকৈর্ব্বালকৈঃ পরীতং বেষ্টিতং। কীদৃশৈঃ। জঙ্ঘান্তে পীবরকটীরতট্যাং চ পীনকটীস্থল্যাং নিবদ্ধা চ ব্যালোলা চ কিঙ্কিণীনাং ঘটা সমূহঃ তস্যাঃ রটিতৈঃ শব্দৈঃ কৃত্বা রটদ্ভিঃ শব্দায়মানৈঃ। তরক্ষুর্ব্যাঘ্রঃ ॥ ১২১ ॥

অথেত্যানন্তর্য্যে মাঙ্গল্যে বা। সুললিতানাং পরমমনোহরাণাং গোপসুন্দরীণাং গোপীনাং আলিভিঃ পঙ্‌ক্তিভিঃ সমন্তাৎ সর্ব্বতঃ সততং নিতরাং সেবিতমিতি অষ্টম-

বেশ তাঁহার নিজেরই সমান। উহাঁরা রাগ সম্মিলিত করিয়া মধুর অস্ফুটস্বরে বেণু ও বীণা বাদন করিতেছেন, একমনে তান-সহযোগে সুব্যক্ত গান করিতেছেন এবং মনোহর ভাবে বাহুলতাকে বিলম্বিত করিয়া সুপটুরূপে নৃত্য করিতেছেন ॥ ১২০ ॥

অস্ফুটবোধ বালকেরাও তাঁহাকে বেষ্টন করিয়া আছে। ঐ সকল বালকের জঙ্ঘাপ্রান্তে এবং স্থূলকটিদেশে নিবদ্ধ চঞ্চলকিঙ্কিণী জালের শব্দ উদ্গত হইতেছে। উহাদিগের গলায় ব্যাঘ্রনখের ভূষণ, বাক্য অর্দ্ধস্ফুট অথচ মধুর ॥ ১২১ ॥

মনোহারিণী গোপকামিনী সকল চতুর্দ্দিকে বেষ্টন করিয়া একাগ্র ভাবে তাঁহার সেবা করিতেছেন। উহাঁরা স্থূলমাংসল নিতম্বের ভারে

গুরু-কুচভর-ভঙ্গুরাবলগ্ন-
ত্রিবলিবিজৃম্ভিত-রোমরাজিভাজাং ॥ ১২২ ॥
তদতিমধুরচারুবেণুবাদ্যা-
মৃতরসপল্লবিতাঙ্গজাঙ্ঘ্রিপাণাং।
মুকুলবিসররম্যরূঢ়রোমো-
দ্গমসমলঙ্কৃতগাত্রবল্লরীণাং ॥ ১২৩ ॥
তদতিরুচিরমন্দহাসচন্দ্রা-
তপপরিজৃম্ভিতরাগবারিরাশেঃ।
তরলতরতরঙ্গভঙ্গবিপ্রুট্-

শ্লোকেনান্বয়ঃ। তা এব বিশিনষ্টি পৃথ্বাদিনা করাম্বুজানামিত্যনেন পাদদ্বয়োনশ্লোকাষ্টকেন নিবিবীষং নিবিড়ং অবলগ্নং মধ্যদেশঃ ॥ ১২২ ॥

তস্য শ্রীকৃষ্ণস্য অতিমধুরং সুখদং চারু সুন্দরং বেণুবাদ্যমেবামৃতরসস্তেন পল্লবিতো বিস্তারিতোঽঙ্গজাঙ্ঘ্রিপঃ কামবৃক্ষো যাসাং তাসাং। অঙ্গজাঙ্ঘ্রিপস্তেতি পাঠে পরেণ সম্বন্ধঃ। মুকুলবিসরঃ কুট্মলসমূহস্তদ্বদ্রম্যঃ রূঢ়শ্চ জাতো যো রোমোদ্গমঃ পুলকং তেন সম্যগলঙ্কৃতা গাত্রবল্লরী দেহলতা যাসাং ॥ ১২৩ ॥

তস্য শ্রীকৃষ্ণস্য অতিরুচিরো মন্দহাস এব চন্দ্রস্যাতপো রশ্মিস্তেন পরিজৃম্ভিতস্য বর্দ্ধিতস্য রাগবারিরাশেঃ প্রেমসমুদ্রস্য যে তরলতরা অতিচঞ্চলা স্তরঙ্গা উর্ম্মিকল্লোলা স্তরঙ্গপরম্পরা যা তেষাং বিপ্রুষো জলবিন্দবস্তাসাং প্রকরঃ সমূহস্তেন সমাস্তুল্যা যে শ্রমোৎপন্নস্বেদবিন্দবস্তৈঃ

উহাদিগের গুরুতর কুচের ভারে আনতকটিদেশের ত্রিবলিরেখাতে রোমরাজি অলসগতি হইয়া শোভা পাইতেছে ॥ ১২২ ॥

সেই শ্রীকৃষ্ণের মনোহর বেণুবাদ্যস্বরূপ অমৃতরসযোগে উহাদিগের মদনবৃক্ষ পল্লবিত হইয়া উঠিয়াছে এবং উহাঁদিগের দেহলতা কুট্মলনিকর সদৃশ রোমোদ্ভেদে ভূষিত হইয়াছে ॥ ১২৩ ॥

সেই নন্দনন্দনের শোভমান হাস্য রূপ চন্দ্রকিরণে ঐ গোপীগণের অনুরাগসমুদ্র স্ফীত হইয়া উঠিয়াছে। উহাদিগের গাত্রে শ্রমজন্য স্বেদবিন্দু সংলগ্ন হইয়াছে, বোধ হইতেছে যেন, সে সকল অনুরাগ সাগরের

প্রকরসমশ্রমবিন্দুসন্ততানাং ॥ ১২৪ ॥
তদতিললিতমন্দচিল্লিতাপ-
চ্যুতনিশিতেক্ষণমারবাণবৃষ্ট্যা।
দলিতসকলমর্ম্মবিহ্বলাঙ্গ-
প্রবিসৃতদুঃসহবেপথুব্যথানাং ॥ ১২৫ ॥
তদতিসুভগকম্ররূপশোভা-
হমৃতরসপানবিধানলালসাভ্যাং।
প্রণয়সলিলপূরবাহিনীনা-
মলসবিলোলবিলোচনাম্বুজাভ্যাং ॥ ১২৬ ॥

সন্ততানাং ব্যাপ্তানাং। প্রসবেতি পাঠেঽপি স এবার্থঃ। সন্ততীনামিতি পাঠে শ্রমবিন্দূনাং সন্ততিঃ পরম্পরা যাসাং ॥ ১২৪ ॥

তস্য শ্রীকৃষ্ণস্য অতিললিতা পরমমনোহরা মন্দা চ আয়তপ্রগল্ভা বা যা চিল্লি র্জ্রঃ সৈব চাপঃ তস্মাৎ চ্যুতঃ নিশিতশ্চ তীক্ষ্ণ ঈক্ষণং মারবাণঃ কটাক্ষরূপঃ কামশরঃ তস্য বৃষ্ট্যা দলিত-সকলমর্ম্মসু অতএব বিহ্বলেষু অঙ্গেষু প্রবিসৃতা বিস্তৃতা দুঃসহা বেপথুরূপা বেদনা যাসাং॥১২৫

অলসাভ্যাং লজ্জাদিনার্দ্ধমীলিতাভ্যাং বিলোলাভ্যাঞ্চ বিশিষ্টলোচনাম্বুজাভ্যাং কৃত্বা প্রেমজলপ্রবাহবহনশীলানাং। কথম্ভূতাভ্যাং তস্য শ্রীকৃষ্ণস্য অতিসুভগাৎ পরমকমনীয়া-দপি কম্রং কমনীয়ং রূপং তস্য শোভাকৈশোরে নবযৌবনোদ্ভেদে শ্রীঃ সৈব। যদ্বা। তদেব শোভাযুক্তামৃতরসস্তস্য পানবিধানে লালসা অত্যৌৎসুক্যং যয়োস্তাভ্যাং ॥ ১২৬ ॥

তরল তরঙ্গের জলকণা ॥ ১২৪ ॥

সেই শ্রীকৃষ্ণের অতি মনোহর, আয়ত ভ্রূধনু হইতে যে কটাক্ষ রূপ বাণবৃষ্টি হইতেছে, তদ্দ্বারা ঐ গোপরমণীদিগের মর্ম্ম স্থল বিদলিত হইয়া গিয়াছে, অতএব অবশ হওয়াতে, সর্ব্বাঙ্গে দুঃসহ কম্পযাতনা উপস্থিত হইয়াছে ॥ ১২৫ ॥

উহাঁদিগের অলস ও চঞ্চল লোচনসকল শ্রীকৃষ্ণের সাতিশয় শোভ-নীয় বস্তু হইতেও সুশোভন রূপামৃতরস পান করিবার নিমিত্ত লালস।

বিস্রংসৎকবরীকলাপবিগলৎফুল্লপ্রসূনস্রব-
ন্মাধ্বীলম্পটচঞ্চরীকঘটয়া সংসেবিতানাং মুহুঃ ।
মারোন্মাদমদস্খলন্মৃদুগিরামালোলকাঞ্চ্যুচ্ছ্বস-
ন্নীবীবিশ্লথমানচীনসিচয়ান্তাবির্নিতম্বত্বিষাং ॥ ১২৭ ॥
স্খলিতললিতপাদাম্ভোজমন্দাভিঘাত-
ক্বণিতমণিতুলাকোট্যাকুলাশামুখানাং ।
চলদধরদলানাং কুট্মলৎপক্ষ্মলাক্ষি-

মাধ্বী মাধ্বীকং। চঞ্চরীকঃ ভ্রমরঃ। মারোন্মাদেন যো মদঃ মত্ততা তেন স্খলন্তী অস্পষ্টাক্ষরা মৃদুঃ কোমলা গী র্বাণী যাসাং। উন্মাদলক্ষণং চোক্তং। শ্বাসপ্ররোদনোৎকম্পৈর্বহুধা লোকনৈরপি। ব্যাপারো জায়তে যস্ত স উন্মাদঃ স্মৃতো যথেতি। আলোলয়া সঞ্চলন্ত্যা কাঞ্চ্যা হেতুনা উচ্ছ্বসতী শ্লথীভবন্তী যা নীবী পরিধানবস্ত্রবন্ধস্তয়ৈব বিশ্লথমানঃ বিশ্লথীভবন্ চীনদেশোদ্ভবঃ সূক্ষ্মো বা সিচয়ঃ পট্টবস্ত্রবিশেষস্তস্যান্তে স্বরূপে আবিঃ প্রকটা নিতম্বত্বিট্ যাসাং। অন্তঃ স্বরূপে বিনাশে চান্তিকেঽপি চেতি কোষঃ ॥ ১২৭ ॥

স্খলিতস্য স্খলনযুক্তস্য ললিতস্য চ পাদাম্ভোজস্য মন্দাভিঘাতেন ঈষদ্ভূভাগপ্রহারেণ ক্বণিতঃ কৃতশব্দঃ মণিময়ো যস্তুলাকোটির্নূপুরং তেন আকুলং শব্দব্যাপ্তং আশানাং দিশাং মুখং

উহাঁরা তাদৃশলোচনে প্রণয় জলরাশি বহন করিতেছেন ॥ ১২৬ ॥

উহাঁদিগের কবরী স্খলিত হইয়া পড়িয়াছে, তাহা হইতে প্রস্ফুটিত পুষ্পরাশি বিগলিত হইতেছে, সেই সকল কুসুম হইতে যে মধু ক্ষরিত হইতেছে, ভ্রমরকুল সেই মধুপানে লোলুপ হইয়া উহাঁদিগকে বারম্বার বেস্টন করিতেছেন। আর কাঞ্চীদাম চঞ্চল হওয়াতে উহাঁদিগের বস্ত্রগ্রন্থি স্খলিত হইয়া গিয়াছে, তাহাতে উহাঁদিগের নিতম্বের কান্তি প্রকাশিত হইয়াছে ॥ ১২৭ ॥

উহাঁরা স্খলিত অথচ মনোহরভাবে যে চরণকমল দ্বারা ভূমিতলে আঘাত করিতেছেন, তাহাতে উহাঁদিগের মণিময় নূপুরের শব্দ হইতেছে, সেই শব্দে দিঙ্মণ্ডল পরিপূরিত হইয়াছে। উহাঁদের অধর কম্পিত হইতেছে, নয়নসকল মুকুলিত এবং সুন্দর পক্ষ্মে সুশোভিত।

দ্বয়সরসিরুহাণামুল্লসৎকুণ্ডলানাং ॥ ১২৮ ॥
দ্রাঘিষ্ঠশ্বসনসমীরণাভিতাপ-
প্রম্লানীভবদরুণোষ্ঠপল্লবানাং।
নানোপায়নবিলসৎকরাম্বুজানা-
মালীভিঃ সততনিষেবিতং সমন্তাৎ ॥ ১২৯ ॥
তাসামায়াতলোলনীলনয়নব্যাকোষনীলাম্বুজ-
স্রগ্‌ভিঃ সম্পরিপূজিতাখিলতনুং নানাবিনোদাস্পদং।
তন্মুগ্ধাননপঙ্কজপ্রবিগলন্মাধ্বীরসাস্বাদিনীং
বিভ্রাণং প্রণয়োন্মদাক্ষিমধুকৃন্মালাং মনোহারিণীং ॥ ১৩০ ॥

যাভ্যস্তাসাং কুটূলৎ মুকুলায়মানং পক্ষ্মলঞ্চ উৎকৃষ্টপক্ষ্মযুক্তং অক্ষিদ্বয়সরসিরুহং যাসাং ॥১২৮॥

দ্রাঘিষ্ঠোঽতিদীর্ঘঃ শ্বসনসমীরণঃ শ্বাসবায়ুস্তেন অভিতাপঃ সন্তাপস্তেন প্রম্লানীভবন্ অরুণোষ্ঠপল্লবো যাসাং ॥ ১২৯ ॥

ব্যাকোষং বিকসিতং। প্রণয়াদুন্মদে উদ্গতমদে অক্ষিণী এব মধুকৃন্মালা ভ্রমরপংক্তিঃ তাং বিভ্রাণং প্রকটয়ন্তং শ্রীলোচনয়োরিতস্ততো বহুধা নিপতনেন সর্ব্বতো দর্শনান্মালেত্যুক্তং কীদৃশীং। তাসাং যন্মুগ্ধং মনোহরমাননপঙ্কজং তস্মাৎ প্রবিগলিতো মাধ্বীরসস্ত মকরন্দস্ত আস্বাদনশীলাং। অতএব মনোহারিণীং ॥ ১৩০ ॥

উঁহারা দীপ্তিমান্ কুণ্ডল পরিধান করিয়া আছেন ॥ ১২৮ ॥

যে অতি দীর্ঘনিশ্বাস বায়ু পরিত্যাগ করিতেছেন, তাহার তাপে উঁহাদিগের ওষ্ঠপল্লব ম্লান হইয়া গিয়াছে। আর উঁহারা করকমলে নানাবিধ উপঢৌকন ধারণ করিয়াছেন ॥ ১২৯ ॥

উঁহাদিগের বিস্ফারিত চঞ্চল নয়ন, বিকসিত নীলপদ্মের সদৃশ। তাদৃশ লোচনের আভায় সেই নন্দ-নন্দনের সমস্ত দেহ বিশেষরূপে বিভূষিত হইয়াছে। সেই গোপীনাথ বিবিধ আমোদের আধার। তাঁহার নয়নভৃঙ্গ প্রণয়মদে মত্ত। ঐ সকল গোপ-রমণীদিগের সলজ্জ মুখপদ্ম হইতে বিগলিত মধুধারা পান করিতেছে। শ্রীকৃষ্ণ তাদৃশ ভ্রমরের মনোহারিণী মালা ধারণ করিয়া প্রকাশ পাইতেছেন ॥ ১৩০ ॥

গোপ-গোপী-পশূনাং বহিঃ স্মরেদগ্রতোঽস্য গীর্ব্বাণঘটাং।
বিত্তার্থিনাং বিরিঞ্চিত্রিনয়নশতমন্যুপূর্ব্বিকাংস্তোত্রপরাং॥১৩১
তদ্দক্ষিণতো মুনিনিকরং দৃঢ়ধর্ম্মবাঞ্ছমাম্নায়পরং।
যোগীন্দ্রানথ পৃষ্ঠে মুমুক্ষমাণান্ সমাধিনা সনকাদ্যান্ ॥১৩২॥
সব্যে সকান্তানথ যক্ষসিদ্ধগন্ধর্ব্ববিদ্যাধরচারণাংশ্চ।
সকিন্নরানপ্সরসশ্চ মুখ্যাঃ কামার্থিনো নর্ত্তনগীতবাদ্যৈঃ॥১৩৩॥
শঙ্খেন্দুকুন্দধবলং সকলাগমজ্ঞং

ইদানীং ক্রমেণ বিত্ত-ধর্ম্ম-মোক্ষ-কামাখ্য-পুরুষার্থ-চতুষ্টয়স্য তথা সর্ব্বতঃ শ্রেষ্ঠস্য পঞ্চম-পুরুষার্থরূপায়া ভক্তেশ্চ বাঞ্ছায়াঃ প্রদানাৎ দেবাদীনাং ধ্যানমাহ গোপেতি পঞ্চভিঃ। অস্য কৃষ্ণস্য অগ্রতঃ সংমুখে॥ ১৩১॥

দক্ষিণে চাস্য মুনিনিকরং স্মরেৎ দৃঢ়া ধর্ম্মে বাঞ্ছা যস্য তং॥ ১৩২॥

সকান্তান্ পত্নীসহিতান্ যক্ষাদীংশ্চ স্মরেৎ। কথম্ভূতান্ নর্ত্তনাদ্যৈঃ কামার্থিনঃ নিজ-নিজাভীষ্টপ্রার্থকান্। মুখ্যাঃ শ্রেষ্ঠা উর্ব্বশ্যাদ্যা অপ্সরসশ্চ স্মরেৎ॥ ১৩৩॥

তস্য শ্রীকৃষ্ণস্য পাদপঙ্কজগতাং তদ্বিষয়িণীমিত্যর্থঃ। উজ্ঝিততরো নিতরাং পরিত্যক্তো-

তাহার পর ভাবনা করিবে, গোপ, গোপী এবং গোগণের সীমার বাহিরে এই শ্রীকৃষ্ণের সম্মুখভাগে ব্রহ্মা, রুদ্র ও ইন্দ্রকে অগ্রে লইয়া অর্থাকাঙ্ক্ষী দেবগণ তাঁহার স্তবে নিরত রহিয়াছেন॥ ১৩১॥

ধর্ম্মবিষয়ে যাঁহাদিগের দৃঢ় বাঞ্ছা এবং যাঁহারা বেদনিষ্ঠ, তাদৃশ মুনিগণ তাঁহার দক্ষিণদিকে রহিয়াছেন। সমাধিযোগে মুক্তি লাভের অভিলাষী সনক-সনন্দ-প্রভৃতি যোগীন্দ্রগণ পশ্চাদ্ভাগে অবস্থিতি করিতেছেন॥ ১৩২॥

বামভাগে স্ব স্ব পত্নীর সহিত যক্ষ, সিদ্ধ, গন্ধর্ব্ব, বিদ্যাধর ও চারণগণ, আর কিন্নরগণ এবং প্রধান প্রধান অপ্সরাসকল নৃত্য, গীত ও বাদ্যাদি দ্বারা বাঞ্ছিত প্রার্থনা করিতেছে॥ ১৩৩॥

অনন্তর আকাশপথে ব্রহ্মপুত্র মুনিবর নারদকে ভাবনা করিবে। তিনি শঙ্খ, চন্দ্র ও কুন্দপুষ্প সদৃশ শুভ্রবর্ণ এবং তিনি সকল শাস্ত্রই

সৌদামিনীততিপিষঙ্গজটাকলাপং।
তৎ পাদপঙ্কজগতামচলাঞ্চ ভক্তিং
বাঞ্ছন্তমুজ্ ঝিততরান্যসমস্তসঙ্গং॥ ১৩৪॥
নানাবিধ-শ্রুতিগণান্বিত-সপ্তরাগ-
গ্রামত্রয়ীগত-মনোহর-মূর্চ্ছনাভিঃ।
সংপ্রীণয়ন্তমুদিতাভিরমুং মহত্যা
সঞ্চিন্তয়েন্নভসি ধাতৃসুতং মুনীন্দ্রং॥ ১৩৫॥
শ্রীগৌতমীয়তন্ত্রে॥
অথ ধ্যানং প্রবক্ষ্যামি সর্ব্বপাপপ্রণাশনং।
পীতাম্বরধরং কৃষ্ণং পুণ্ডরীকনিভেক্ষণং।

হন্যস্মিন্ ভক্তিব্যতিরিক্তে সমস্তে সঙ্গ আসক্তির্যেন তং॥ ১৩৪॥

অতএব অমুং শ্রীকৃষ্ণং মহত্যাখ্যয়া কচ্ছপিকয়া স্বকীয়বীণয়া প্রীণয়ন্তং। কাভির্নানাবিধঃ ষট্‌ত্রিংশদ্ভেদাত্মকো যঃ শ্রুতিগণো নাদসমূহস্তেনান্বিতা যে সপ্তরাগা নিষাদাদি স্বরা মেঘ-নাদবসন্তাদিরাগা বা যেষু গ্রামত্রয়ী গ্রামাণাং ত্রয়াণাং সমাহারস্তস্যাং গতাঃ প্রাপ্তা যা মনো-হরা মূর্চ্ছনাস্তাভিঃ। কথম্ভূতাভিঃ। উদিতাভিঃ স্বয়মেব প্রাকট্যং প্রাপ্তাভিঃ মহত্যোদি-তাভিরিতি বা সম্বন্ধঃ। অতএব মুনীন্দ্রং মুনিগণশ্রেষ্ঠং ধাতৃসুতং শ্রীনারদং নভসি সম্যক্ চিন্তয়েৎ॥ ১৩৫॥

জানেন। তাঁহার জটাভার বিদ্যুৎ-মালার ন্যায় পিঙ্গলবর্ণ। সেই শ্রীকৃষ্ণের পাদপদ্মে যে অচলাভক্তি, তিনি একভাবে কেবল তাহাই প্রার্থনা করিতেছেন। অন্যান্য সমস্ত বিষয়ে অনুরাগ একেবারে পরি-ত্যাগ করিয়াছেন॥ ১৩৪॥

অতএব স্বীয় মহতী নাম্নী বীণার নাদ, সপ্তস্বর এবং গ্রামত্রয় জন্য যাবতীয় মূর্চ্ছনা উদ্ভাবন করিয়া শ্রীকৃষ্ণের তৃপ্তিসাধন করিতেছেন॥১৩৫॥

শ্রীগৌতমীয়তন্ত্রে॥

অনন্তর ধ্যান বলি। ঐ ধ্যান সমুদায় পাপ নাশ করে। শ্রীকৃষ্ণকে দিবারাত্র ধ্যান করিবে। তিনি পীতবস্ত্রধারী, কৃষ্ণবর্ণ, তাঁহার নয়ন

রক্তনেত্রাধরং রক্তপাণিপাদনখং শুভং।
কৌস্তুভোদ্ভাসিতোরস্কং নানারত্নবিভূষিতং।
তদ্ধাম বিলসম্মুক্তাবদ্ধহারোপশোভিতং।
নানারত্নপ্রভোদ্ভাসি মুকুটং দিব্যতেজসং।
হারকেয়ূর-কটককুণ্ডলৈঃ পরিমণ্ডিতং।
শ্রীবৎসবক্ষসং চারু নূপুরাদ্যুপশোভিতং।
নানারত্নবিচিত্রৈশ্চ কটিসূত্রাঙ্গুরীয়কৈঃ।
বর্হিপত্রকৃতাপীড়ং বন্যপুষ্পৈরলঙ্কৃতং॥
কদম্বকুসুমোদ্বদ্ধবনমালাবিভূষিতং।
সচন্দ্রতারকানন্দিবিমলাম্বরসন্নিভং।

শুভং জগন্মঙ্গলরূপং তস্য কৌস্তুভস্য ধাম্না তেজসা বিলসন্তীভি মুক্তাভিরাচ্ছন্নেন সম্বেষ্টিতেন হারেণ উপশোভিতং। মুক্তাবদ্ধেতি বা পাঠঃ। কটিসূত্রেণাঙ্গুলীয়কৈশ্চালঙ্কৃতং সচন্দ্রাভিস্তারাভিঃ আনন্দং সুখকরং যদ্বিমলং অম্বরং ব্যোম তৎসদৃশং। অত্র চন্দ্রস্থানে কৌস্তুভঃ তারাস্থানে কদম্বমালা অম্বরস্থানে শ্রীমদ্বক্ষঃস্থলমূহ্যং। স্বর্গাদিব পরিভ্রষ্টানাং পরমসুন্দরীণা-

---

পদ্মের সদৃশ ও রক্তবর্ণ। অধর রক্তবর্ণ, করতল রক্তবর্ণ, পাদতল রক্তবর্ণ এবং নখর রক্তবর্ণ, তিনি মঙ্গলময়। তাঁহার বক্ষঃস্থল কৌস্তুভের প্রভায় দীপ্তি পাইতেছে। তিনি বিবিধ মণি দ্বারা বিভূষিত যে হার তাহার শোভা সাধন করিতেছেন, উহার মুক্তা সকল ঐ কৌস্তুভের প্রভায় সমুজ্জ্বল হইয়াছে। তাঁহার মুকুট নানা মণির আভায় প্রদীপিত এবং দিব্য-তেজঃসম্পন্ন। তিনি হার, কেয়ূর, কটক ও কুণ্ডলে বিভূষিত। তাঁহার বক্ষঃস্থলে শ্রীবৎস চিহ্ন, মনোহর নূপুরাদি অলঙ্কার তাঁহার শোভা সম্পাদন করিতেছে। তিনি বিবিধ রত্ন দ্বারা বহু প্রকারে চিত্রিত, কটিসূত্র ও অঙ্গুলীয়ক দ্বারা অলঙ্কৃত। তিনি ময়ূরপিচ্ছ ও নানা বন্যপুষ্পে বিভূষিত হইয়াছেন। কদম্ব পুষ্পদ্বারা গ্রথিত বনমালা তাঁহার ভূষা সম্পাদন করিয়াছে। অতএব তিনি

বেণুং গৃহীত্বা হস্তাভ্যাং মুখে সংযোজ্য সংস্থিতং।
গায়ন্তং দিব্যগানৈশ্চ গোষ্ঠমধ্যগতং হরিং।
স্বর্গাদিব পরিভ্রষ্ট-কন্যকাশতবেষ্টিতং।
সর্ব্ব-লক্ষণসম্পন্নং সৌন্দর্য্যেণাভিশোভিতং।
মোহনং সর্ব্বগোপীনাং সর্ব্বাসাঞ্চ গবামপি।
লেলিহ্যমানং বৎসৈশ্চ ধেনুভিশ্চ সমন্ততঃ।
সিদ্ধগন্ধর্ব্বযক্ষৈশ্চ অপ্সরোভির্বিহঙ্গমৈঃ।
সুরাসুরমনুষ্যৈশ্চ স্থাবরৈঃ পন্নগৈরপি।
মৃগৈর্বিদ্যাধরৈশ্চৈব বীক্ষ্যমাণং সুবিস্মিতৈঃ।
নারদেন বশিষ্ঠেন বিশ্বামিত্রেণ ধীমতা।
পরাশরেণ ব্যাসেন ভৃগুণাঙ্গিরসা তথা।
দক্ষেণ শৌনকাত্রিভ্যাং সিদ্ধেন কপিলেন চ।
সনকাদ্যৈর্মুনীন্দ্রৈশ্চ ব্রহ্মলোকগতৈরপি।

মিত্যর্থঃ। তাদৃশীনাং কন্যানাং শ্রীগোপকুমারীণাং শতেন বেষ্টিতং। শতশব্দোঽত্রাসংখ্যত্বে॥১৩৬

দেখিতে চন্দ্র ও তারকাদি দ্বারা আনন্দজনক গগনতলের ন্যায় হইয়াছেন। দুই হস্তে বেণু ধারণ করিয়া মুখে যোজনা করত গোষ্ঠমধ্যে অবস্থিতি করিতেছেন এবং দিব্য দিব্য গান সকল গাইতেছেন। যেন স্বর্গ হইতে পরিচ্যুত শত শত কন্যাগণ তাঁহাকে বেষ্টন করিয়া রহিয়াছে। তিনি সর্ব্ব-সুলক্ষণ-সম্পন্ন এবং সর্ব্ব-সৌন্দর্য্যে বিভূষিত। সমুদায় গোপী এবং গোপগণের মনোরঞ্জন করিতেছেন, ধেনু ও বৎস সকল চতুর্দ্দিক্ বেষ্টন করিয়া তাঁহাকে লেহন করিতেছে। সিদ্ধ, গন্ধর্ব্ব, যক্ষ, অপ্সরা, পক্ষী, দেবতা, অসুর, স্থাবর, পন্নগ, পশু ও বিদ্যাধর সকলেই আশ্চর্য্যান্বিত হইয়া তাঁহাকে দর্শন করিতেছে॥

ধীশক্তি সম্পন্ন নারদ, বশিষ্ঠ, বিশ্বামিত্র, পরাশর, ব্যাস, ভৃগু, অঙ্গিরা, দক্ষ, শৌনক, অত্রি, সিদ্ধেশ্বর কপিল, ব্রহ্মলোকগত সনকাদি মুনীন্দ্র

অন্যৈরপি চ সংযুক্তং কৃষ্ণং ধ্যায়েদহর্নিশং ॥ ১৩৬ ॥

সংক্ষেপেণ শ্রীসনৎকুমারকল্পেঽপি ॥

অব্যান্মীলৎকলায়-দ্যুতিরহিরিপুপিচ্ছোল্লসৎকেশজালো
গোপীনেত্রোৎপলারাধিত ললিতবপুর্গোপগোবৃন্দবীতঃ।
শ্রীমদ্বক্ত্রারবিন্দ প্রতিহসিত শশাঙ্কাকৃতিঃ পীতবাসা
দেবোঽসৌ বেণুনাদক্ষপিতজনধৃতির্দেবকীনন্দনো নঃ ॥ ইতি ॥১৩৭

ধ্যাত্বৈবং ভগবন্তং তং সংপ্রার্থ্য চ যথাসুখং।
আদৌ সংপূজয়েৎ সর্ব্বৈরুপচারৈশ্চ মানসৈঃ ॥ ১৩৮ ॥

অথান্তর্যাগঃ ॥

অসৌ অনির্ব্বচনীয়মাহাত্ম্যঃ শ্রীদেবকীনন্দনো দেবঃ নঃ অস্মান্ অব্যাৎ রক্ষতু। কলায়স্য তৎ পুষ্পস্যেব দ্যুতিঃ শ্যামা কান্তির্যস্য সঃ ॥ ১৩৭ ॥

যথাসুখমিতি যাবতা স্বমনস্তৃপ্তিঃ স্যাত্তাবতা প্রকারেণ তাবৎকালঞ্চ পূজয়েদিত্যর্থঃ। মানসৈঃ মনঃ কল্পিতৈঃ ॥ ১৩৮ ॥

এবং অন্যান্য মুনিগণ তাঁহাকে বেষ্টন করিয়া রহিয়াছেন ॥ ১৩৬ ॥

সনৎকুমারকল্পেও সংক্ষেপে কহিয়াছেন ॥

দেবকীনন্দন আমাদিগকে রক্ষা করুন। তাঁহার দেহকান্তি স্ফুটিত-কলায় পুষ্পের ন্যায় শ্যামবর্ণ, কেশকলাপ ময়ূরপিচ্ছ দ্বারা শোভা পাই-তেছে, গোপীগণ নয়নপদ্ম দ্বারা তাঁহার মনোহর শরীর অর্চ্চনা করি-তেছেন, গোপ ও গো সকল তাঁহাকে বেষ্টন করিয়া রহিয়াছে, সুশো-ভন মুখপদ্ম হাস্যপ্রভা সংযোগে দেখিতে চন্দ্র তুল্য, তাঁহার পরিধান পীতবস্ত্র, এই দেব বেণুবাদ্য করিয়া জন সকলের ধৈর্য্য হরণ করি-তেছেন ॥ ১৩৭ ॥

সেই ভগবানকে এইরূপে ধ্যান করত, যে প্রকারে মনের তৃপ্তি জন্মে সেই প্রকারে প্রার্থনা করিয়া সর্ব্বাগ্রে সমুদায় মানস উপচার দ্বারা পূজা করিবে ॥ ১৩৮ ॥

অথ অন্তর্যাগ অর্থাৎ মানসপূজা ॥

লেখ্যা যে বহিরর্চ্চায়ামুপচারা বিভাগশঃ।
তে সর্ব্বেঽপ্যন্তরর্চ্চায়াং কল্পনীয়া যথারুচি ॥ ১৩৯ ॥

তত্র প্রার্থনাবিধিঃ ॥

শ্রীনারদপঞ্চরাত্রে ॥

স্বাগতং দেবদেবেশ সন্নিধৌ ভব কেশব।
গৃহাণ মানসীং পূজাং যথার্থপরিভাবিতামিতি ॥ ১৪০ ॥

অথোপচারৈর্ব্বাহ্যৈশ্চ স্বাত্মন্যেব স্থিতং প্রভুং।

তেচ কতি কীদৃশাঃ কথং বার্চ্চয়িতব্যা ইত্যপেক্ষায়াং লিখতি লেখ্যা ইতি। যে যাবন্ত ইত্যর্থঃ। বিভাগশঃ পৃথক্ পৃথক্। যথা রুচীতি নিজরুচ্যনুসারেণ যাবন্তো যাদৃশা যথা চ কল্পয়িতুমুপযুজ্যন্তে তাবন্তস্তাদৃশা স্তথৈব তে কল্পয়িতব্যা ইত্যর্থঃ। তৎ প্রকারশ্চ শ্রীনারদ-পঞ্চরাত্রাদৌ ব্যক্ত এবাস্তীতি বিস্তার্য্যাত্র ন লিখিতঃ ॥ ১৩৯ ॥

সংপ্রার্থ্যেতি লিখিতং কথং সংপ্রার্থ্যেতি তৎপ্রকারং তন্মন্ত্রদ্বারৈব লিখতি স্বাগতমিতি॥১৪০

বাহ্যপূজার যে সকল সামগ্রী, ইহার পর পৃথক্ পৃথক্ করিয়া নির্দ্দেশ করিব, নিজের অভিরুচি অনুসারে সেই সকল সামগ্রী মানস-পূজা কার্য্যেও ব্যবহার করিবে ॥ ১৩৯ ॥

মানসপূজায় প্রার্থনার বিধি ॥

শ্রীনারদপঞ্চরাত্রে ॥

হে কেশব! সুখে আগমন করুন, সমীপে উপস্থিত হউন, আমি অকপট ভাবে পূজা করিতে উপস্থিত হইয়াছি, আমার মানসী পূজা গ্রহণ করুন ॥ ১৪০ ॥

অনন্তর সাধুসম্প্রদায়ের আচার অনুসারে * বাহ্যপূজার সামগ্রী

* বাহ্য উপচারদ্বারা নিজশরীর মধ্যস্থিত শ্রীকৃষ্ণের পূজা করা কৃষ্ণভক্তিনিষ্ঠ সাধুদিগের মত। কোন কোন ব্যক্তি শ্রীভগবানের সহিত নিজের অভেদ ভাবনা করিয়া নিজের শরীরেই বাহ্য পূজা এবং নিজেরই পাদাদিতে পুষ্পাঞ্জলি অর্পণ করেন ॥

পূজয়ন্ স্থাপয়েদাদৌ শঙ্খং সৎসম্প্রদায়তঃ ॥ ১৪১ ॥

অথ শঙ্খপ্রতিষ্ঠা ॥

স্বস্য বামাগ্রতোভূমাবুল্লিখ্য ত্র্যস্রমণ্ডলং।

পূজয়ন্ পূজয়িতুং তত্র তত্র বিবিধভেদাভিপ্রায়েণ লিখতি সৎসম্প্রদায়ত ইতি সৎসম্প্রদায়িকাচারানুসারত ইত্যর্থঃ। নমু বাহ্যোপচারৈরর্চ্চনং কথমন্তর্যাগমধ্যে লিখ্যতে। সত্যং। পূর্ব্বং মানসৈরুপচারৈরন্তঃপূজা অধুনা চ বাহৈরুপচারৈরন্তরেব স্থিতস্য পূজা অতোহন্তর্যাগে ইয়মপি পর্য্যবস্যতি। বহিঃপূজা চ শ্রীমূর্ত্তিবিষয়িকাগ্রে লেখ্যা। এতচ্চ শ্রীভগবদ্ভক্তিপরাণাং সম্মতং অতএব লিখিতং সৎসম্প্রদায়ত ইতি। অন্যে চ শ্রীভগবতা সহাত্মনোঽভেদং ধ্যাত্বা নিজবপুষ্যেব বহিঃপূজাং কুর্ব্বন্তো নিজপাদাদাবেব পুষ্পাঞ্জলীন্ সমর্পয়ন্তীতি দিক্॥১৪১

অথ বাহ্যোপচারকরণকপূজনায় পূর্ব্বং জন্বাদি শোধনেন শোধিতানামপি দ্রব্যাণাং তথা স্নানাদিনা শোধিতস্যাপি যজমানদেহস্য প্রতিষ্ঠিতশঙ্খজলপ্রোক্ষণেন বিশেষতঃ শোধনার্থং শঙ্খপ্রতিষ্ঠাং লিখতি স্বস্যেতি। বামভাগে পুরস্তাৎ ত্র্যস্রং ত্রিকোণং মণ্ডলং উল্লিখ্য চতুষ্কোণং সিকতাভিরষ্কৈ নির্ম্মায় তত্র তস্মিন্মণ্ডলে অস্ত্রেণ অস্ত্রমন্ত্রেণ প্রক্ষালিতং সাধারং আধারঃ শঙ্খস্যাশ্রয়ঃ ত্রিপদিকাদিঃ তেন সহিতমিতি। আদৌ অস্ত্রমন্ত্রেণাধারং প্রক্ষাল্য ওঁ আধারশক্তয়ে নম ইতি প্রতিষ্ঠাপ্য তদুপরি অস্ত্রক্ষালিতমেব শঙ্খং প্রতিষ্ঠাপয়েদিত্যর্থঃ। যতোবুধঃ তত্তৎপ্রকারং স্বতএব জানাতীত্যর্থঃ। বুধ ইতি সর্ব্বত্রাগ্রেঽপ্যনুবর্ত্তনীয়ং। যদ্বা। সতামাচারত ইত্যগ্রতো লেখ্যত্বাৎ শিষ্টাচারানুসারতস্তদূহ্যং। এবমগ্রেঽপি সর্ব্বত্র জ্ঞেয়মিতি দিক্ ॥ ১৪২ ॥

দ্বারাও নিজ শরীরে অবস্থিত শ্রীকৃষ্ণের পূজার নিমিত্ত সর্ব্বাগ্রে শঙ্খ স্থাপনা করিবে ॥ ১৪১ ॥

অথ শঙ্খপ্রতিষ্ঠা ॥

পণ্ডিত ব্যক্তি নিজের সম্মুখভাগে বামদিকে ত্রিকোণ মণ্ডল লিখিয়া আধার অর্থাৎ ত্রিপদী সহিত শঙ্খকে অস্ত্রমন্ত্র দ্বারা ক্ষালন করত সেই মণ্ডলে স্থাপন করিবেন। অর্থাৎ প্রথমতঃ "অস্ত্রায় ফট্" এই মন্ত্রদ্বারা আধারকে ক্ষালন করত "ওঁ আধার শক্তয়ে নমঃ" এই মন্ত্র পাঠ পূর্ব্বক আধার স্থাপন করিবে। তাহার পর "অস্ত্রায় ফট্" এই মন্ত্র দ্বারা

তত্রাস্ত্রক্ষালিতং শঙ্খং সাধারং স্থাপয়েদ্বুধঃ ॥ ১৪২ ॥
শঙ্খে হৃদয়মন্ত্রেণ গন্ধপুষ্পাক্ষতান্ ক্ষিপেৎ।
ব্যুৎক্রান্তৈর্মাতৃকার্ণৈস্তং শিরোন্তৈঃ কেন পূরয়েৎ ॥ ১৪৩ ॥
সবিন্দুনা মকারেণ তদাধারেঽগ্নিমণ্ডলং।
সংপূজয়েদকারেণ শঙ্খে চাদিত্যমণ্ডলং।
উকারেণ জলে সোমমণ্ডলঞ্চ তথার্চ্চয়েৎ।

হৃদয়ায় নম ইতি হৃদয়মন্ত্রেণ গন্ধাদীন্ ক্ষিপেৎ নিক্ষিপেৎ। ব্যুৎক্রান্তৈঃ ব্যুৎক্রমাৎ প্রাপ্তৈঃ মাতৃকাক্ষরৈঃ ক্ষকারাদি ককারান্তৈর্ব্ব্যঞ্জনৈঃ ততঃ অঃ আদি অকারান্তৈশ্চ স্বরৈরিত্যর্থঃ সানুস্বারৈরিতি জ্ঞেয়ং। কেবলৈরিতি কেচিৎ। কীদৃশৈঃ শিরঃ শিরোমন্ত্রঃ শিরসে স্বাহেতি তদন্তে যেষাং তৈঃ এষচ শঙ্খপূরণে মন্ত্রঃ। তং শঙ্খং কেন জলেন পূরয়েৎ ॥ ১৪৩ ॥
তস্য শঙ্খস্য আধারে বিন্দুসহিতেন মকারেণ সহাগ্নিমণ্ডলং জলগন্ধাদিনা সংপূজয়েৎ। অত্র চ বহ্নিমণ্ডলাদের্দশকলাত্মাদিবিশেষণং পূর্ব্ববৎ বুধত্বাদ্দ্রষ্টব্যমেব। অতএবং প্রয়োগঃ। মং বহ্নিমণ্ডলায় দশকলাত্মনে নমঃ। শঙ্খে চ বিন্দুসহিতেনৈবাকারেণ সহাদিত্যমণ্ডলং

শঙ্খকে ক্ষালন করত ঐ আধারে স্থাপন করিবে ॥ ১৪২ ॥

হৃদয়মন্ত্র অর্থাৎ "হৃদয়ায় নমঃ" এই মন্ত্র উচ্চারণ করত শঙ্খ মধ্যে চন্দন, পুষ্প ও দূর্ব্বা নিক্ষেপ করিবেন। শিরোমন্ত্র অর্থাৎ "শিরসে স্বাহা" এই মন্ত্র অগ্রে উচ্চারণ করিয়া ব্যুৎক্রমে অর্থাৎ ক্ষকার হইতে ককার এবং বিসর্গ (ঃ) হইতে অকার * মাতৃকাবর্ণ উচ্চারণ করত সেই জলদ্বারা শঙ্খ পূর্ণ করিবেন ॥ ১৪৩ ॥

অনুস্বার সহিত মকার দ্বারা সেই আধারে অগ্নিমণ্ডলের, অকার দ্বারা শঙ্খে সূর্য্যমণ্ডলের এবং উকারদ্বারা জলে চন্দ্রমণ্ডলের পূজা করিবেন। তাৎপর্য্য। মণ্ডল শব্দের পর দশ কলাত্মাদি বিশেষণ দিতে

* কেহ কেহ কহেন প্রত্যেক বর্ণে অনুস্বার দিবে, কেহ কেহ কহেন শুদ্ধ প্রয়োগ করিবে।

তীর্থমন্ত্রেণ তীর্থান্যাবাহয়েচ্চার্কমণ্ডলাৎ।
কৃষ্ণঞ্চাবাহ্য হৃৎপদ্মাদ্‌গালিনীং শিখয়েক্ষয়েৎ।
নেত্রমন্ত্রেণ বীক্ষ্যাম্ভঃ কবচেনাবগুণ্ঠয়েৎ।
কুর্য্যান্ন্যাসং জলে মূলমন্ত্রাঙ্গানাং ততোদিশঃ।
বদ্ধাস্ত্রেণামৃতীকুর্য্যাদথ তদ্ধেনুমুদ্রয়া।
তচ্চক্রমুদ্রয়ারক্ষ্য সলিলং মৎস্যমুদ্রয়া।

পূজয়েৎ। প্রয়োগঃ। অং অর্কমণ্ডলায় দ্বাদশকলাত্মনে নমঃ। তথা সবিন্দুনৈবোকারেণ সহ। প্রয়োগঃ। ওঁ উং সোমমণ্ডলায় ষোড়শকলাত্মনে নম ইতি। তীর্থমন্ত্রশ্চ পূর্ব্বং গৃহস্থানে লিখিতোঽস্তি গঙ্গে চ যমুনেচৈবেত্যাদিঃ। তেন শঙ্খজল এবাঙ্কুশমুদ্রয়া তীর্থান্যাবাহয়েৎ। কৃষ্ণঞ্চ তত্রৈব নিজহৃৎপদ্মাৎ শ্রীকৃষ্ণ ইহাগচ্ছেত্যাবাহ্য শিখয়া শিখায়ৈ বষড়িতি শিখামন্ত্রেণ গালিনীং মুদ্রাং ঈক্ষয়েৎ দর্শয়েৎ। অম্ভঃ তৎজলং নেত্রাভ্যাং বৌষড়িতি নেত্রমন্ত্রেণ বীক্ষ্য। অত্র চ কেচিদাহুঃ। পঞ্চাঙ্গেঽষ্টাদশাক্ষরে মন্ত্রেঽস্মিন্ নেত্রমন্ত্রাভাবাৎ তন্ন কার্য্যমিতি। কবচায় হুমিতি কবচমন্ত্রেণ অম্ভস্তদেব হস্তাভ্যামবগুণ্ঠয়েৎ। মূলমন্ত্রস্য অঙ্গানাং পঞ্চানাং ন্যাসং জলে তস্মিন্নেব কুর্য্যাৎ। কেচিচ্চ ষড়ঙ্গানাং হৃদয়াদীনাং অত্র ন্যাসমাহুঃ। ততস্তদনন্তরং অস্ত্রমন্ত্রেণ দিশোবদ্ধা দিগ্বন্ধনং কৃত্বা তজ্জলং ধেনুমুদ্রয়াঽমৃতী কুর্য্যাদিত্যত্রৈবং বিশেষো বুধত্বাৎ সদাচারতো জ্ঞেয়ঃ দিগ্বন্ধনানন্তরং গন্ধাদিকং দত্বা ধেনুমুদ্রাং প্রদর্শ্য কূর্চ্চেন জলং স্পৃষ্ট্বাঽমৃতবীজং দ্বাদশবারান্ সপ্রণবং জপ্ত্বা সোমমণ্ডলায় ষোড়শকলাত্মনে নম ইতি পুনঃ-

হইবে। প্রয়োগ যথা—"মং অগ্নিমণ্ডলায় দশকলাত্মনে নমঃ" অং আদিত্যমণ্ডলায় দ্বাদশকলাত্মনে নমঃ" উং সোমমণ্ডলায় ষোড়শকলাত্মনে নমঃ" ॥

তীর্থমন্ত্র অর্থাৎ "গঙ্গেচ যমুনেচৈব" ইত্যাদি উচ্চারণ করিয়া সূর্য্যমণ্ডল হইতে তীর্থ সকলকে অঙ্কুশমুদ্রা প্রদর্শন করত সেই জলেই আবাহন করিবেন। হৃৎপদ্ম হইতে শ্রীকৃষ্ণকে আবাহন করিয়া শিখামন্ত্র অর্থাৎ "শিখায়ৈ বষট্" এই মন্ত্র উচ্চারণ করত গালিনীমুদ্রা প্রদর্শন করিবেন। নেত্রমন্ত্র অর্থাৎ "নেত্রাভ্যাং বৌষট্" এই মন্ত্র উচ্চারণ করত জলে দৃষ্টি করিয়া কবচমন্ত্র অর্থাৎ "কবচায় হুং" এই মন্ত্র উচ্চারণ পূর্ব্বক হস্ত দ্বারা ঐ জল আচ্ছাদন করিবেন। জলে মূলমন্ত্রের অঙ্গ

আচ্ছাদ্য সংস্পৃশন্ শঙ্খং জপেন্মূলং ততোহষ্টশঃ ॥ ১৪৪ ॥
তজ্জলং প্রোক্ষণীপাত্রে কিঞ্চিৎক্ষিপ্ত্বা ত্রিরুক্ষয়েৎ।
তচ্ছেষেণার্চ্চনদ্রব্য জাতানি স্বতনূমপি ॥ ১৪৫ ॥
কনিষ্ঠাঙ্গুষ্ঠকৌ সক্তৌ করয়োরিতরেতরং।

গন্ধাদিনাভ্যর্চ্চয়েদিতি। তজ্জলং চক্রমুদ্রয়া আ সম্যক্ রক্ষিত্বা শঙ্খং সংস্পৃশন্ কূর্চ্চেন তজ্জলং সংস্পৃশ্য মূলমন্ত্রং অষ্টশো বারাষ্টকং জপেৎ ॥ ১৪৪ ॥

তৎ শঙ্খস্থজলং কিঞ্চিৎ ক্ষিপ্ত্বা নিক্ষিপ্য। তস্য প্রোক্ষণীপাত্রনিক্ষিপ্ত জলস্য শেষেণ শঙ্খস্থেন সর্ব্বাণি পূজোপকরণানি নিজশরীরঞ্চ বারত্রয়ং মূলমন্ত্রেণ প্রোক্ষয়েৎ এবং প্রোক্ষণেন প্রায়ো দ্রব্যশুদ্ধিরাত্মশুদ্ধিশ্চোক্তা ॥ ১৪৫ ॥

কনিষ্ঠেতি। বামকরে কনিষ্ঠাঙ্গুষ্ঠকৌ সক্তৌ সংলগ্নৌ কৃত্বা তয়োরন্তর্দ্দক্ষিণ করাঙ্গুষ্ঠং নিধায় তঞ্চ তৎ কনিষ্ঠয়া সংযোজ্য করয়োর্দ্বয়োরপি তর্জ্জনীমধ্যমানামিকাঃ সংহতা মিলিতাঃ

সকল ন্যাস করিবেন †। তাহার পর অস্ত্রমন্ত্র উচ্চারণ করত দিগ্‌বন্ধন করিয়া ধেনুমুদ্রা প্রদর্শন পূর্ব্বক ঐ জলকে অমৃত করিবেন * ॥

চক্রমুদ্রা দ্বারা ঐ জল সম্পূর্ণ প্রকারে রক্ষা করিয়া মৎস্যমুদ্রা প্রদর্শন পূর্ব্বক আচ্ছাদন করত শঙ্খ স্পর্শ করিয়া এবং কূর্চ্চ অর্থাৎ ভ্রূদ্বয়ের মধ্যস্থল দ্বারা জলস্পর্শ করিয়া আটবার মূলমন্ত্র জপ করিবেন ॥ ১৪৪ ॥

সেই জলের কিঞ্চিৎ অংশ প্রোক্ষণীপাত্রে অর্থাৎ যে পাত্র জল ফেলিবার জন্য পূজার সময় রাখা যায়, তাহাতে ফেলিয়া অবশিষ্ট শঙ্খস্থিত জল লইয়া পূজার সমুদায় সামগ্রীতে এবং আপনার শরীরে তিনবার প্রোক্ষণ করিবেন ॥ ১৪৫ ॥

উভয় হস্তের অঙ্গুষ্ঠ ও কনিষ্ঠাঙ্গুলী পরস্পর মিলিত এবং তর্জ্জনী,

† কেহ কেহ পঞ্চাঙ্গ, কেহ কেহ ষড়ঙ্গ ন্যাস করেন।

* সদাচার অনুসারে এই স্থানে কিঞ্চিৎ বিশেষ আছে। যথা দিগ্বন্ধনের পর চন্দনাদি অর্পণ করত ধেনুমুদ্রা প্রদর্শন করিয়া কূর্চ্চদ্বারা স্পর্শ করত ওঁকারের সহিত অমৃতবীজ দ্বাদশবার জপ করিয়া "সোমমণ্ডলায় ষোড়শকলাত্মনে নমঃ" উচ্চারণ পূর্ব্বক পুনরায় চন্দনাদি দ্বারা পূজা করিবে ॥

তর্জনীমধ্যমানাম্যাঃ সংহতা ভুগ্নসজ্জিতাঃ।
মুদ্রেষা গালিনী প্রোক্তা শঙ্খস্যোপরি চালিতা।
ততোঽপাস্যাবশিষ্টাম্ভঃ শঙ্খং বর্দ্ধনিকাম্বুনা।
পুনরাপূর্য্য কৃষ্ণাগ্রে ন্যসেদাচারতঃ সতাং ॥ ১৪৬ ॥
অথ স্বদেহে পীঠপূজা ॥
গুরূন্মূর্দ্ধ্নি গণেশঞ্চ মূলাধারেঽভিপূজ্য তং।

কৃত্বা ভুগ্নাশ্চ কিঞ্চিদাকুঞ্চিতাঃ সজ্জিতাশ্চ পরস্পরং সক্তাগ্রাশ্চ কার্য্যা ইত্যর্থঃ। চালিতা সতী দেবপ্রীতিং সম্পাদয়েদিতি শেষঃ। ততঃ অর্চ্চনদ্রব্যজাতাভ্যুক্ষণানন্তরং তদুক্ষণাবশিষ্টং শঙ্খস্থিতং জলং অপাস্য প্রক্ষিপ্য বর্দ্ধনী জলেন শঙ্খং তং পুনরাপূর্য্য ভগবদগ্রতঃ স্থাপয়েৎ। সতামাচারত ইতি যদ্যপি ক্রমদীপিকাদৌ ব্যক্তমেতন্নোক্তমস্তি তথাপি শিষ্টাচারানুসারেণ তৎ স্থাপনং কার্য্যমিত্যর্থঃ। তন্মাহাত্ম্যং চাগ্রে শঙ্খোদক পাদোদক গ্রহণানন্তরং পুনঃ শঙ্খ-স্থাপনে লেখ্যমেব। অতোঽগ্রে লেখ্যং ক্ষীরস্নপনাদিকং শঙ্খান্তরেণেতি জ্ঞেয়মিতি দিক্॥১৪৬

মধ্যমা ও অনামিকা পরস্পর একত্রিত ঈষৎ আকুঞ্চিত এবং পরস্পরের অগ্রভাগ মিলিত করিবে অর্থাৎ প্রথমতঃ বামকরের বৃদ্ধাঙ্গুষ্ঠ ও কনিষ্ঠাঙ্গুলি পরস্পর মিলিত করিবে, পরে ঐ দুই অঙ্গুলির মধ্যে দক্ষিণ করের বৃদ্ধাঙ্গুষ্ঠ দিবে, উহার সহিত ঐ করের কনিষ্ঠাঙ্গুলি সংযুক্ত করিবে, এইরূপ করত অবশিষ্ট অঙ্গুলি সকল কিঞ্চিৎ বক্র করিয়া পরস্পর মিলিত এবং উভয় হস্তের অঙ্গুলি সকলের অগ্রভাগ সংযুক্ত করিবে। ইহাই গালিনীমুদ্রা। শঙ্খের উপর ইহার প্রয়োগ হয়।

অনন্তর শঙ্খস্থিত অবশিষ্ট জল নিক্ষেপ করত পুনরায় বর্দ্ধনিকার অর্থাৎ ঘটী বা অন্য প্রকার জলপাত্রের জলদ্বারা শঙ্খ পূর্ণ করিয়া শ্রীকৃষ্ণের সম্মুখভাগে স্থাপন করিবেন। ইহা সাধুদিগের আচার ॥১৪৬

অথ নিজদেহে পীঠপূজা ॥

মস্তকে গুরুবর্গের এবং মূলাধারে গণেশের অর্থাৎ "ওঁ গুরুভ্যো

পীঠন্যাসানুসারেণ পীঠং চাত্মনি পূজয়েৎ ॥ ১৪৭ ॥

অথ দেবাঙ্গেষু মন্ত্রাঙ্গাদিন্যাসঃ ॥

ততো জপন্ কামবীজং ত্রিস্থানস্থং পরং মহঃ।

অধুনা বাহ্যোপচার করণকান্তঃপূজার্থমেবাত্মদেহে পীঠপূজাং লিখতি গুরূনিতি। তং বিঘ্নবিঘাতকং। প্রয়োগঃ। ওঁ গুরুভ্যো নমঃ মূর্দ্ধ্নি। গং গণপতয়ে নমঃ মূলাধারে। পীঠন্যাসানুসারেণেতি পূর্ব্বং পীঠন্যাসে আধারশক্ত্যাদীনাং যস্য যত্র যথা পূজা লিখিতাস্তি তদনুক্রমেণ আত্মনি স্ববপুষ্যেব জলগন্ধাক্ষতপুষ্প ধূপদীপৈঃ পীঠপূজাং কুর্য্যাদিত্যর্থঃ। স্বদেহমেব ভগবৎ পীঠত্বেনোপকল্প্য তত্রৈব পূর্ব্ববদাধারশক্ত্যাদীন্ পূজয়েদিতি ভাবঃ। অত্র প্রয়োগঃ আধারশক্তয়ে নম ইত্যাদিঃ ॥ ১৪৭ ॥

তত্র চ মন্ত্রোপাসনেনৈব শ্রীভগবদুপাসনং তথা শ্রীভগবদুপাসনেনৈব মন্ত্রোপাসনমিতি বোধয়িতুং মন্ত্রমাহাত্ম্যবিশেষঞ্চ দর্শয়িতুং শ্রীভগবতা সহ মন্ত্রস্যাভেদমাপাদয়তি তত ইতি দ্বাভ্যাং। ত্রীণি স্থানানি নিজ মূলাধার হৃদয় ভ্রূমধ্যানি তৎস্থং মূলমন্ত্রাত্মকং পরং মহঃ আনন্দঘনং তড়িৎকোটিপ্রভং তেজঃ কামবীজেন সহৈকীভূতং ঐক্যং প্রাপ্তং বিচিন্তয়েৎ। শব্দ ব্রহ্মময়ত্বেন তত্তৎ স্থানে সূক্ষ্মতয়া বর্ত্তমানস্য মন্ত্রস্যাস্য প্রায়ো নামময়ত্বেন ভগবদাত্মকস্য বীজে চ মন্ত্রসম্বন্ধেন তাদৃশত্বং তস্যাপি জানীয়াদিত্যর্থঃ। তত্র চ তত্তৎ স্থানে পৃথক্ পৃথক্ বিচিন্ত্য জলগন্ধাক্ষতপুষ্পাদিভিরভ্যর্চ্চ্য পশ্চাত্তৎ স্থানত্রয়গতং তন্মহঃ

নমঃ মর্দ্ধি” “ওঁ গণপতয়ে নমঃ মূলাধারে” এইরূপ মন্ত্র উচ্চারণ পূর্ব্বক পূজা করিয়া পীঠন্যাস অনুসারে নিজের দেহে পূজা করিবে ॥

তাৎপর্য্য। পূর্ব্বে পীঠন্যাস ও আধারশক্তি প্রভৃতির মধ্যে যাহার যে স্থানে পূজা লেখা হইয়াছে, তদনুসারে নিজের দেহে জল, চন্দন ও ধূপাদি দ্বারা পীঠপূজা করিবে। প্রয়োগ যথা—আধারশক্তয়ে নম ইত্যাদি ॥ ১৪৭ ॥

অথ দেবতার অঙ্গে মন্ত্রের অঙ্গাদি ন্যাস ॥

তাহার পর কামবীজ জপ করিতে করিতে ভাবনা করিবেন, স্থানত্রয় অর্থাৎ মূলাধার, হৃদয় ও ভ্রূমধ্যস্থিত মূলমন্ত্র স্বরূপ পরমতেজ অর্থাৎ আনন্দঘন কোটি বিদ্যুৎপ্রভতেজ কামবীজের সহিত এক। এই-

মূলমন্ত্রাত্মকং বীজেনৈকীভূতং বিচিন্তয়েৎ ॥ ১৪৮ ॥
তচ্চ পঞ্চাঙ্গন্যাসেন সাকারং স্বেষ্টদৈবতং ।
বিচিন্ত্য পঞ্চাঙ্গাদীনি ন্যসেত্তস্মিন্ যথাত্মনি ॥ ১৪৯ ॥
কুর্য্যুর্ভগবতি প্রাদুর্ভূতে কৃষ্ণে চ বৈষ্ণবাঃ ।

কামবীজেনৈকীভূতং ভাবয়েদিতি শিষ্টাচারাৎ বোধ্যং ॥ ১৪৮ ॥

পঞ্চাঙ্গানি মূলমন্ত্রসম্বন্ধীনি তেষাং তস্মিন্ ন্যাসে তৎপরং মহঃ সাকারং বিচিন্ত্য তচ্চ নিজেষ্টদৈবতঞ্চ পূর্ব্বধ্যাতাবির্ভূতং শ্রীকৃষ্ণদেবস্বরূপং বিচিন্ত্য। তথাচ ক্রমদীপিকায়াং। অথ মূলমন্ত্রতেজো নিজমূলে হৃদয়ে ভ্রুবোশ্চ মধ্যে ত্রিতয়ং স্মরতঃ স্মরতঃ স্মরেণ কামবীজেনৈকীভূতং স্মরেৎ তদেকীভূতমানন্দঘনং তড়িল্লতাভং। তত্তেজঃ সাবয়বীকৃত্যেতি তস্মিন্ তাদৃশে নিজেষ্টদৈবতে মন্ত্রস্য পঞ্চাঙ্গানি আদিশব্দাদষ্টাদশাক্ষরাণি পঞ্চপদানি চ ন্যস্যেৎ। তথাচ ক্রমদীপিকায়াং। যদাষ্টাদশলিপিনা স্বর্ণপদাঙ্গৈশ্চ বেণুপূর্ব্বৈর্বিধিঃ প্রোক্ত ইতি। অস্যার্থঃ। যদা অষ্টাদশাক্ষরমন্ত্রেণ পূজা তদা মন্ত্রাক্ষরপদপঞ্চকাঙ্গপঞ্চক ন্যাসৈর্বের্ণ্বাদিভিশ্চ বিধিঃ প্রোক্ত ইতি। তত্র চ কথং কুত্র কিং ন্যাস্যমিত্যপেক্ষায়াং লিখতি যথাত্মনীতি। পূর্ব্বং যথা স্বদেহে তত্তন্ন্যাসো লিখিতঃ তদ্বদিত্যর্থঃ। তথাহি প্রথমং মূলমন্ত্রং ব্যাপকত্বেন বারত্রয়ং বিন্যস্য পশ্চাচ্ছ্রীকরদ্বয়ে ব্যাপকত্বেনাদৌ বিন্যস্য শ্রীকরদ্বয়াঙ্গুলিষু পঞ্চাঙ্গানি ন্যস্যেৎ। ততোঽষ্টাদশাক্ষরাণি মস্তকাদিষু পঞ্চ পদানি চ নেত্রদ্বয়াদিষু ক্রমেণ ন্যস্যেদিতি পূর্ব্ব লিখিতানুসারেণ জ্ঞেয়ং ॥১৪৯॥

নন্থ সচ্চিদানন্দবিগ্রহোঽখিলবেদমন্ত্রময়ো ভগবান্ শ্রীকৃষ্ণঃ ধ্যানবিশেষবলাৎ পূর্ব্বমা-

রূপ ভাবনা করিয়া ঐ তেজে মন্ত্রের পঞ্চাঙ্গ ন্যাস করত চিন্তা করিবেন ॥ ১৪৮ ॥

এইরূপ ভাবনা করিয়া ঐ তেজে মন্ত্রের পঞ্চাঙ্গ ন্যাস করত চিন্তা করিবেন, ঐ তেজে আকারবিশিষ্ট নিজ অভীষ্টদেবতা। তদনন্তর যেমন আপনাতে তেমন ঐ দেবতার অঙ্গে, অষ্টাদশাক্ষর মন্ত্রের পঞ্চাঙ্গ ন্যাস করিবেন ॥

তাৎপর্য্য। এতদ্দ্বারা বলা হইল যে, মন্ত্রের পূজা করিলে শ্রীকৃষ্ণের পূজা করা এবং শ্রীকৃষ্ণের পূজা করিলে মন্ত্রের পূজা করা হয়, কারণ উভয়ই এক ॥ ১৪৯ ॥

বৈষ্ণবগণ ভগবানের সহিত মন্ত্রের একতা প্রতিপাদন করিবার

তত্ত্বন্যাসানভেদায় মনোর্ভগবতা সহ ॥ ১৫০ ॥
কেচিন্ন্যস্যন্তি তত্ত্বাদীন্যব্যক্তানি যথোদিতং।

যেমন বনমধ্যে সিংহ দর্শন করিয়া মৃগগণ ভয়ে পলায়ন করে, তেমনি শালগ্রামশিলা দর্শন করিয়া নানাবিধ পাপ দূরীভূত হয়॥

যখন মনুষ্য শালগ্রামশিলা পূজা করিয়া নমস্কার করে, তখন, যেমন সূর্য্য উদিত হইলে অন্ধকার নাশ পায়, তেমনি তাহার সমস্ত পাপ ধ্বংস প্রাপ্ত হয়॥ ২০৩॥

কামাসক্ত বা ক্রোধাসক্ত ব্যক্তি ভক্তিপূর্ব্বকই হউক আর অভক্তি-পূর্ব্বকই হউক, শালগ্রাম অর্চ্চনা করিলে মুক্তি প্রাপ্ত হয়॥

যিনি শালগ্রামশিলার সম্মুখে হরিকথা কহেন তাঁহার যমভয় এবং জন্ম মরণভয় থাকে না॥

কুরুতে মানবো যস্তু কলৌ ভক্তিপরায়ণঃ।
কল্পকোটিসহস্রাণি রমতে বিষ্ণুসদ্মনি ॥ ২০৪ ॥
শালগ্রাম-নমস্কারেঽভাবেনাপি নরৈঃ কৃতে।
ভয়ং নৈব করিষ্যন্তি মদ্ভক্তা যে নরা ভুবি।
মদ্ভক্তিবলদর্পিষ্ঠা মৎপ্রভুং ন নমন্তি যে।
বাসুদেবং ন তে জ্ঞেয়া মদ্ভক্তাঃ পাপিনো হি তে।

অভাবেন ভাবরাহিত্যেনাপি। মদ্ভক্তা ইতি পাঠে ময়া সহ কৃষ্ণভেদাপরাধতো ভয়ং নৈব করিষ্যন্তীত্যর্থঃ। যদ্বা। মৎ মত্তঃ সংহারকাদপি। ভক্তাঃ কৃষ্ণভক্তাঃ ॥ ২০৫ ॥

কলিযুগে যে ব্যক্তি ভক্তিপরায়ণ হইয়া গীত, বাদ্য ও স্তোত্র দ্বারা শালগ্রামশিলা অর্চ্চনা করেন, তিনি সহস্র-কোটি কল্প কাল বিষ্ণুলোকে আনন্দ সম্ভোগ করেন ॥ ২০৪ ॥

শ্রীশিবের উক্তি। পৃথিবীতে যে সকল ব্যক্তি, আঁমার ভক্ত, তাহারা যদি ভক্তিহীনভাবেও শালগ্রামশিলাকে নমস্কার করে, তাহা হইলে তাহাদিগকে ভয় করিতে হয় না ॥

তাৎপর্য্য। শ্রীশিব কার্ত্তিককে কহিলেন, যাহারা আমার ভক্ত অর্থাৎ যাহারা শ্রীকৃষ্ণকে ও আমাকে ভিন্ন করিয়া কেবল আমারই উপাসনা করে, ভেদজ্ঞান করণ জন্য তাহাদিগের অপরাধ হয়, সুতরাং তাহাদিগের দণ্ড-ভয় থাকে। কিন্তু শালগ্রামশিলা নমস্কার করিলে তাহাদিগের সে অপরাধ খণ্ডন হয়, সুতরাং আর সে দণ্ডভয় থাকে না। অথবা যে সকল ব্যক্তি ভক্ত অর্থাৎ শ্রীকৃষ্ণভক্ত, তাহারা যদি অভক্তিভাবেও নমস্কার করে, তাহা হইলে আমা হইতেও অর্থাৎ সংহার-রূপী আমা হইতেও তাহাদিগের ভয় থাকে না ॥

আমাতে ভক্তি আছে সেই বলে দর্পিত হইয়া যাহারা আমার প্রভু বাসুদেবকে নমস্কার না করে, জানিবে তাহারা আমার ভক্ত নহে, তাহারা নিশ্চয় পাপী ॥

শালগ্রামশিলায়াস্তু সদা পুত্র বসাম্যহং।
দত্তং দেবেন তুষ্টেন স্বস্থানং মম ভক্তিতঃ।
পদ্মকোটিসহস্রৈস্তু পূজিতে ময়ি যৎ ফলং।
তৎ ফলং কোটিগুণিতং শালগ্রামশিলার্চ্চনে।
পূজিতোঽহং ন তৈর্ম্মর্ত্ত্যৈর্নমিতোঽহং ন তৈর্নরৈঃ।
ন কৃতং মর্ত্ত্যলোকে যৈঃ শালগ্রামশিলার্চ্চনং।
শালগ্রামশিলাগ্রেতু যঃ করোতি মমার্চ্চনং।
তেনার্চ্চিতোঽহং সততং যুগানামেকসপ্ততিং।
কিমর্চ্চিতৈর্লিঙ্গশতৈর্বিষ্ণুভক্তিবিবর্জ্জিতৈঃ।
শালগ্রামশিলাবিম্বং নার্চ্চিতং যদি পুত্রক।
অনর্হং মম নৈবেদ্যং পত্রং পুষ্পং ফলং জলং।
শালগ্রামশিলালগ্নং সর্ব্বং যাতি পবিত্রতাং।

হে পুত্র! আমি শালগ্রামশিলায় সর্ব্বদা বাস করি। প্রভু আমার ভক্তিতে তুষ্ট হইয়া, আমাকে নিজ-বাসস্থান দান করিয়াছেন॥

সহস্রকোটি পদ্ম দ্বারা আমার পূজা করিলে যে ফল হয়, শালগ্রাম-শিলা অর্চ্চনা করিলে তদপেক্ষা কোটি-গুণ ফল হইয়া থাকে॥

মর্ত্ত্যলোকে যাহারা শালগ্রামশিলার অর্চ্চনা করে নাই, তাহারা আমাকে পূজা বা নমস্কার করিলে, আমি তাহাদিগের সে নমস্কার ও পূজা গ্রহণ করি না॥

যে ব্যক্তি শালগ্রামশিলার সম্মুখে আমার পূজা করে, তাহার এক সপ্ততিযুগ নিরন্তর আমার পূজা করা হয়॥

হে পুত্র! যাহারা শালগ্রামশিলা পূজা না করিয়াছে, বিষ্ণুতে তাহাদিগের ভক্তি নাই, তাহারা একশত শিবলিঙ্গ পূজা করিলেও তাহাদিগের কোন ফল হয় না॥

আমার যে সকল নৈবেদ্য, পত্র, পুষ্প, ফল ও জল অযোগ্য, শাল-গ্রামশিলা স্পর্শ হইলে তৎসমুদায় পবিত্র হয়॥

যোহি মাহেশ্বরো ভূত্বা বৈষ্ণবং লিঙ্গমুত্তমং ।
দ্বেষ্টি বৈ যাতি নরকং যাবদিন্দ্রাশ্চতুর্দ্দশ ।
সকৃদপ্যর্চ্চিতে বিম্বে শালগ্রামশিলোদ্ভবে ।
মুক্তিং প্রযান্তি মনুজা নূনং সাংখ্যেন বর্জিতাঃ ।
মল্লিঙ্গৈঃ কোটিভির্দৃষ্টৈ র্যৎ ফলং পূজিতৈস্তু তৈঃ ।
শালগ্রামশিলায়াস্তু একেনাপি হি তদ্ভবেৎ ।
তস্মাদ্ভক্ত্যা চ মদ্ভক্তৈঃ প্রীত্যর্থে মম পুত্রক ।
কর্ত্তব্যং সততং ভক্ত্যা শালগ্রামশিলার্চ্চনং ।
শালগ্রামশিলারূপী যত্র তিষ্ঠতি কেশবঃ ।
তত্র দেবাঽসুরা যক্ষা ভুবনানি চতুর্দ্দশ ॥ ২০৫ ॥
শালগ্রামশিলাগ্রে তু সকৃৎপিণ্ডেন তর্পিতাঃ ।

যেন সকৃদপি তর্পিতাঃ তস্য পিতরো যাবৎকালং তর্পিতা ভবন্তি তস্য সংখ্যা নাস্তীত্যর্থঃ।

যে ব্যক্তি শিবভক্ত হইয়া সর্ব্বোত্তম বিষ্ণুমূর্ত্তির দ্বেষ করে, যত দিন চতুর্দ্দশ ইন্দ্রের অধিকার থাকে, তাহাকে তত দিন নরক যাতনা ভোগ করিতে হয় ॥

যে সকল মনুষ্যের তত্ত্বজ্ঞান নাই, তাহারাও যদি একবার মাত্র শালগ্রামশিলার পূজা করে, তাহারা নিশ্চয়ই মুক্তি প্রাপ্ত হয় ॥

আমার কোটিলিঙ্গ দর্শন ও অর্চ্চনা করিলে যে ফল হয়, একমাত্র শালগ্রামশিলাতে তাহাই হয় ॥

হে পুত্র! এই সকল কারণে আমার ভক্তগণ আমার প্রীতি-সাধনের নিমিত্ত, ভক্তি পূর্ব্বক সর্ব্বদা শালগ্রামশিলার পূজা করিবেন ॥

যে স্থানে শালগ্রামশিলারূপী কেশব অবস্থিত আছেন, দেব, অসুর, যক্ষ ও চতুর্দ্দশভুবন তথায় অবস্থিত ॥ ২০৫ ॥

যে ব্যক্তি শালগ্রামশিলার অগ্রে একবার মাত্র পিণ্ডদান দ্বারা

ভবন্তি পিতরস্তস্য ন সংখ্যা তত্র বিদ্যতে ॥ ২০৬ ॥
প্রমাণমস্তি সর্ব্বস্য সুকৃতস্য হি পুত্রক।
ফলং প্রমাণহীনন্তু শালগ্রামশিলার্চ্চনে।
যো দদাতি ফলং বিষ্ণোঃ শালগ্রামসমুদ্ভবং।
বিপ্রায় বিষ্ণুভক্তায় তেনেষ্টং বহুভির্ম্মখৈঃ।
মানুষ্যে দুর্ল্লভা লোকে শালগ্রামোদ্ভবা শিলা।
প্রাপ্যতে ন বিনা পুণ্যৈঃ কলিকালে বিশেষতঃ।
স ধন্যঃ পুরুষোলোকে সফলং তস্য জীবিতং।
শালগ্রামশিলা শুদ্ধা গৃহে যস্য চ পূজিতা।
সংনিয়ম্যেন্দ্রিয়গ্রামং শালগ্রামশিলার্চ্চনং।
যঃ কুর্য্যান্মানবো ভক্ত্যা পুষ্পে পুষ্পেঽশ্বমেধভাক্।

বসন্তীতি পাঠে স্বর্গাদাবিতি শেষঃ ॥ ২০৬ ॥
প্রমাণং ইয়ত্তাং ॥ ২০৭ ॥

পিতৃগণকে পরিতৃপ্ত করেন, তাহার পিতৃগণ যে কতকাল পরিতৃপ্ত হয়েন, তাহার সংখ্যা নাই ॥ ২০৬ ॥

হে পুত্র! সমস্ত পুণ্যেরই পরিমাণ আছে, কিন্তু শালগ্রামশিলা অর্চ্চনা করিলে যে ফল হয়, তাহার ইয়ত্তা নাই ॥

যিনি বিষ্ণুভক্ত ব্রাহ্মণকে শালগ্রামশিলা দান করেন, তাঁহার বহু বহু যজ্ঞ করার ফল-লাভ হইয়া থাকে ॥

মনুষ্যলোকে শালগ্রামশিলা দুর্ল্লভ, পুণ্য ব্যতিরেকে পাওয়া যায় না, বিশেষ আবার কলিকালে ॥

সংসারে সেই ধন্য পুরুষ, তাহারই জীবন সফল, যাহার গৃহে পবিত্র শালগ্রামশিলার অর্চ্চনা হয় ॥

যে মনুষ্য ইন্দ্রিয় সকল সংযত করিয়া ভক্তি পূর্ব্বক পুষ্প দ্বারা শালগ্রামশিলার অর্চ্চনা করেন, তিনি প্রতি পুষ্পে অশ্বমেধযজ্ঞের ফল প্রাপ্ত হয়েন ॥

কালে বা যদি বাঽকালে শালগ্রামশিলার্চ্চনং।
ভক্ত্যা বা যদি বাঽভক্ত্যা যঃ করোতি স পুণ্যভাক্।
দ্বেষেণাপি চ লোভেন দম্ভেন কপটেন বা।
শালগ্রামোদ্ভবং দেবং দৃষ্ট্বা পাপাৎ প্রমুচ্যতে।
অশুচির্ব্বা দুরাচারঃ সত্যশৌচবিবর্জ্জিতঃ।
শালগ্রামশিলাং স্পৃষ্ট্বা সদ্য এব শুচির্ভবেৎ।
তিলপ্রস্থশতং ভক্ত্যা যো দদাতি দিনে দিনে।
তৎ ফলং সমবাপ্নোতি শালগ্রামশিলার্চ্চনে।
পত্রং পুষ্পং ফলং মূলং তোয়ং দুর্ব্বাক্ষতং সুত।
জায়তে মেরুণা তুল্যং শালগ্রামশিলার্পিতং॥ ২০৭॥
বিধিহীনোপি যঃ কুর্য্যাৎ ক্রিয়ামন্ত্রবিবর্জ্জিতঃ।

চক্রং শালগ্রামশিলারূপং তস্য পূজাং যঃ কুর্য্যাৎ॥ ২০৮॥

কালেই হউক, আর অকালেই হউক, ভক্তি পূর্ব্বকই হউক, আর অভক্তি পূর্ব্বকই হউক, যিনি শালগ্রামশিলা অর্চ্চনা করেন, তিনি পুণ্যভাগী হয়েন॥

দ্বেষবশতই হউক, আর লোভ বশতই হউক, দম্ভ বশতই হউক, আর কাপট্য বশতই হউক, শালগ্রামসমুৎপন্ন দেবকে দর্শন করিলে পাপ হইতে মুক্ত হয়॥

যে ব্যক্তি অশুচি বা দুরাচার এবং যাহার সত্য বা শুদ্ধি নাই, শালগ্রামশিলা স্পর্শ করিলে তৎক্ষণাৎ পবিত্র হয়॥

যে ব্যক্তি প্রতি দিন ভক্তি পূর্ব্বক শতপ্রস্থ তিল দান করিয়া থাকেন, তিনি শালগ্রামশিলার অর্চ্চনা করিলে সেই ফল প্রাপ্ত হয়েন॥

হে পুত্র! শালগ্রামশিলায় অর্পিত হইলে পত্র, পুষ্প, ফল, মূল, জল, দুর্ব্বা ও আতপ-তণ্ডুল মেরুতুল্য হইয়া থাকে॥ ২০৭॥

যে ব্যক্তি বিধিহীন, ক্রিয়াহীন ও মন্ত্রহীন, সে শালগ্রামচক্রের পূজা

চক্রপূজামবাপ্নোতি সম্যক্ শাস্ত্রোদিতং ফলং ॥ ২০৮ ॥

তত্রৈব চান্যত্র ॥

স্কন্ধে কৃত্বা তু যোঽধ্বানং বহতে শৈলনায়কং।

তেনোঢ়স্তু ভবেৎ সর্ব্বং ত্রৈলোক্যং সচরাচরং।

ব্রহ্মহত্যাদিকং পাপং যৎকিঞ্চিৎ কুরুতে নরঃ।

তৎ সর্ব্বং নির্দ্দহত্যাশু শালগ্রামশিলার্চ্চনং।

ন পূজনং ন মন্ত্রাশ্চ ন জপো ন চ ভাবনা।

ন স্তুতি র্নোপচারশ্চ শালগ্রামশিলার্চ্চনে।

শালগ্রামশিলা যত্র তত্তীর্থং যোজনত্রয়ং।

তত্র দানঞ্চ হোমশ্চ সর্ব্বং কোটিগুণং ভবেৎ।

শালগ্রামশিলায়াস্তু যঃ শ্রাদ্ধং কুরুতে নরঃ।

পিতরস্তস্য তিষ্ঠন্তি তৃপ্তাঃ কল্পশতং দিবি।

অধ্বানং ব্যাপ্য পন্থানমিত্যর্থঃ। শৈলনায়কং শ্রীশালগ্রামশিলামিত্যর্থঃ ॥ ২০৯ ॥

করিলে শাস্ত্রোক্ত ফল সম্পূর্ণরূপে প্রাপ্ত হয় ॥ ২০৮ ॥

সেই প্রসঙ্গেই অন্য স্থলে ॥

যিনি শালগ্রামশিলা স্কন্ধে লইয়া পর্য্যটন করেন, তাঁহার চরাচর ত্রৈলোক্য বহন করা হয় ॥

মনুষ্য ব্রহ্মহত্যাদি যে কিছু পাপ করে শালগ্রামশিলার পূজা তৎসমুদায় শীঘ্র দগ্ধ করিয়া ফেলেন ॥

পূজা, মন্ত্র, জপ, ধ্যান, স্তব, বা পূজা সামগ্রী, শালগ্রাম অর্চ্চনায় এ সকল কিছুরই আবশ্যক করে না ॥

যে স্থানে শালগ্রামশিলা থাকেন, তাহার তিন-যোজন তীর্থ, তথায় দান কি হোম, সমুদায় কোটিগুণ হয় ॥

যে মনুষ্য শালগ্রামশিলায় শ্রাদ্ধ করেন, তাঁহার পিতৃগণ পরিতৃপ্ত হইয়া শতকল্পকাল স্বর্গে বাস করেন ॥

শালগ্রামসমীপেতু ক্রোশমাত্রং সমন্ততঃ।
কীকটোঽপি মৃতো যাতি বৈকুণ্ঠভুবনং নরঃ।

পাদ্মে চ ॥

শালগ্রামশিলাচক্রং যো দদ্যাদ্দানমুত্তমং।
ভূচক্রং তেন দত্তং স্যাৎ সশৈলবনকাননং ॥ ২০৯ ॥

গরুড়পুরাণে ॥

তিষ্ঠন্তি নিত্যং পিতরো মনুষ্যা-
স্তীর্থানি গঙ্গাদিকপুষ্করাণি।
যজ্ঞাশ্চ মেধাহ্যপি পুণ্যশৈলা-
শ্চক্রাঙ্কিতা যস্য বসন্তি গেহে ॥ ২১০ ॥

পাদ্মে কার্ত্তিকমাহাত্ম্যে—

শ্রীযমধূম্রকেশসম্বাদে ॥

যত্র যস্মিন্ গৃহে চক্রাঙ্কিতাঃ শ্রীশালগ্রামশিলাঃ বসন্তি তত্র পিত্রাদয়ো নিত্যং তিষ্ঠন্তি। তত্র যজ্ঞাঃ বিবিধপূজাঃ মেধাঃ হিংসালক্ষণা অশ্বমেধাদয়ঃ। যজ্ঞাশ্বেতি পাঠে অশ্বমেধযজ্ঞ ইত্যর্থঃ। যদ্বা। যজ্ঞেঽশ্বানাং মেধা হিংসা অর্থস্তু স এব ॥ ২১০ ॥

শালগ্রাম সন্নিকটে একক্রোশের মধ্যে মরিলে, কীকটদেশ-জাত মনুষ্যও বৈকুণ্ঠধামে গমন করে ॥

পদ্মপুরাণেও ॥

যিনি উত্তম শালগ্রামশিলাচক্র দান করেন, তাঁহার গিরি, কানন, বন সহিত ভূমণ্ডল দান করার ফল হয় ॥ ২০৯ ॥

গরুড়পুরাণে ॥

যাঁহার গৃহে চক্রচিহ্নিত পবিত্র শিলা বাস করেন, তাঁহার গৃহে পিতৃগণ, সমুদায় মনুষ্য, গঙ্গাদি পুষ্কর পর্য্যন্ত সকল তীর্থ এবং অশ্বমেধ প্রভৃতি সমুদায় যজ্ঞ ও পুণ্যজনক পর্ব্বত সকল উপস্থিত হয়েন ॥ ২১০

পদ্মপুরাণে কার্ত্তিকমাহাত্ম্যে যম ও ধূম্রকেশসম্বাদে ॥

শালগ্রামশিলায়াস্তু যৈর্ন রৈঃ পূজিতো হরিঃ।
সংশোধ্য তেষাং পাপানি মুক্তয়ে বুদ্ধিদো ভবেৎ।
কার্ত্তিকে মথুরায়াস্তু সারূপ্যং দিশতে হরিঃ।
শালগ্রামশিলায়াং বৈ পিতৄনুদ্দিশ্য পূজিতঃ।
কৃষ্ণঃ সমুদ্ধরেত্তস্য পিতৄনেতান্ স্বলোকতাং।
বৃহন্নারদীয়ে চ যজ্ঞধ্বজোপাখ্যানান্তে ॥
শালগ্রামশিলারূপী যত্র তিষ্ঠতি কেশবঃ।
ন বাধন্তেঽসুরাস্তত্র ভূতবেতালকাদয়ঃ।
শালগ্রামশিলা যত্র তত্তীর্থং তত্তপোবনং।
যতঃ সন্নিহিতস্তত্র ভগবান্ মধুসূদন ইতি ॥ ২১১ ॥
শালগ্রামশিলাস্তাশ্চ যদি দ্বাদশ পূজিতাঃ।

তত্র কার্ত্তিকমাসে তত্রাপি শ্রীমথুরায়াং বিশেষমাহ কার্ত্তিক ইতি ॥ ২১১ ॥

যে সকল মনুষ্য শালগ্রামশিলায় হরির পূজা করেন, হরি তাঁহাদিগের সমস্ত পাপ সংশোধন করিয়া মুক্তি-লাভের নিমিত্ত বুদ্ধি দান করেন ॥

মথুরায় কার্ত্তিকমাসে শালগ্রামশিলায় পূজিত হইলে, হরি সারূপ্য মুক্তি দান করেন ॥

পিতৃগণকে উদ্দেশ করিয়া শালগ্রামশিলার পূজা কবিলে, কৃষ্ণ সেই সকল পিতৃগণকে উদ্ধার করিয়া আপনার লোকে লইয়া যান ॥

বৃহন্নারদীয়পুরাণে যজ্ঞধ্বজের উপাখ্যানের শেষভাগে ॥

যে স্থানে শালগ্রামশিলারূপী কেশব অবস্থিতি করেন, সে স্থানে অসুর, ভূত ও বেত্তাল প্রভৃতি কোন বিঘ্ন উৎপাদন করিতে পারে না ॥

যে স্থানে শালগ্রামশিলা অবস্থিতি করেন, সেই স্থানই তীর্থ, সেই স্থানই তপোবন, যে হেতু ভগবান্ মধুসূদন সেই স্থানের নিকটবর্ত্তী ॥ ২১১ ॥

পূর্ব্বোক্ত শালগ্রামশিলা সকলের দ্বাদশ বা একশত ভক্তি পূর্ব্বক

শতং বা পূজিতং ভক্ত্যা তদা স্যাদধিকং ফলং ।

অথ বাহুল্যে তাসাং ফলবিশেষঃ—

পাদ্মে মাঘমাহাত্ম্যে দেবদূতবিকুণ্ডলসম্বাদে ॥

শিলা দ্বাদশ ভো বৈশ্য শালগ্রামসমুদ্ভবাঃ ।
বিধিবৎ পূজিতা যেন তস্য পুণ্যং বদামি তে ।
কোটিদ্বাদশলিঙ্গৈস্তু পূজিতৈঃ স্বর্ণপঙ্কজৈঃ ।
যৎ স্যাদ্দ্বাদশকল্পেস্তু দিনেনৈকেন তদ্ভবেৎ ।
যঃ পুনঃ পূজয়েদ্ভক্ত্যা শালগ্রামশিলাশতং ।
উষিত্বা স হরের্লোকে চক্রবর্ত্তী হি জায়তে ॥ ২১২ ॥

স্কান্দে কার্ত্তিকমাহাত্ম্যে শ্রীশিবস্কন্দসম্বাদে ॥

দ্বাদশৈব শিলা যো বৈ শালগ্রামসমুদ্ভবাঃ ।

স্বর্ণপঙ্কজৈঃ কৃত্বা পূজিতৈঃ সদ্ভিঃ পূজিতৈর্ষিত্যর্থঃ যৎ ফলং স্যাৎ । ইহ লোকে চক্রবর্ত্তী সন্ জায়তে শ্রীভগদ্ভক্তিপ্রচারণার্থ মাহাত্ম্যোচ্ছা বিশেষেণেতি জ্ঞেয়ং ॥ ২১২ ॥

যদি পূজা করা যায়, তাহা হইলে অধিক ফল হয় ॥

অথ বহুল পরিমাণে পূজাকরার ফলবিশেষ—

পদ্মপুরাণে মাঘমাহাত্ম্যে দেবদূত ও বিকুণ্ডলসম্বাদে ॥

হে বৈশ্য ! যিনি বিধি অনুসারে দ্বাদশ শালগ্রামশিলার অর্চ্চনা করিয়াছেন, তাঁহার পুণ্যের কথা তোমাকে বলি ॥

দ্বাদশকোটি শিবলিঙ্গ দ্বাদশকল্পকাল স্বর্ণপদ্ম দ্বারা পূজা করিলে যে ফল হয়, একদিন মাত্র শালগ্রামশিলার পূজায় সেই ফল হইয়া থাকে ॥

আর যিনি ভক্তি সহকারে একশত শালগ্রামশিলা পূজা করেন, তিনি বিষ্ণুলোকে বাস করিয়া, পরে চক্রবর্ত্তী অর্থাৎ রাজা হয়েন ॥ ২১২ ॥

স্কন্দপুরাণে কার্ত্তিকমাহাত্ম্যে শ্রীশিব ও কার্ত্তিকেয়সম্বাদে ॥

যে বৈষ্ণব নিত্য দ্বাদশমাত্র শালগ্রামশিলার অর্চ্চনা করেন, আমি

অর্চ্চয়েদ্বৈষ্ণবো নিত্যং তস্য পুণ্যং বদামি তে।
কোটিলিঙ্গসহস্রৈস্তু পূজিতৈর্জাহ্নবীতটে।
কাশীবাসে যুগান্যষ্টৌ দিনেনৈকেন তদ্ভবেৎ॥ ২১৩॥
কিং পুনর্ব্বহবো যস্তু পূজয়েদ্বৈষ্ণবো নরঃ।
নহি ব্রহ্মাদয়ো দেবাঃ সংখ্যাং কুর্ব্বন্তি পুণ্যতঃ॥ ২১৪॥
অথ তৎক্রয়বিক্রয়নিষেধঃ॥
তত্রৈব॥
শালগ্রামশিলায়াং যো মূল্যমুদ্ঘাটয়েন্নরঃ।
বিক্রেতা চানুমন্তা চ যঃ পরীক্ষামুদীরয়েৎ।

জাহ্নবীতটে কোটিলিঙ্গসহস্রৈঃ পূজিতৈ র্যৎফলং। যুগান্যষ্টৌ ব্যাপ্য কাশীবাসে চ যৎ ফলং তৎ॥ ২১৩॥

বহবঃ বহ্বীঃ সুবহূরিতি কচিৎ পাঠঃ। পুণ্যতঃ পুণ্যে বিষয়ে সংখ্যাং ন কুর্ব্বন্তি কর্ত্তুং ন শক্নুবন্তীত্যর্থঃ। যদ্বা। পুণ্যতো হেতোঃ সংখ্যাং ন কুর্ব্বন্তি। অসংখ্যেয়স্য সংখ্যাকরণাপরাধেন পুণ্যক্ষয়াপত্তেরিত্যর্থঃ॥ ২১৪॥

যশ্চ অনুমন্তা মূল্যে সম্মতিকর্ত্তা। যশ্চ তাং পরীক্ষ্য গুণদোষাদিকং বিচার্য্য তন্মূল্যমনুমোদয়েৎ। পাঠান্তরে মূল্যার্থং পরীক্ষা ক্রিয়তামিত্যুচ্চারয়েদপি যঃ। যদ্বা। বিচারেণ

তোমাকে তাঁহার পুণ্যের কথা বলি॥

গঙ্গাতীরে সহস্রকোটি শিবলিঙ্গ পূজা করিলে এবং অষ্টযুগ কাশীবাস করিলে যে ফল হয়, একদিন মাত্রেই সেই ফল হইয়া থাকে॥২১৩

যে বৈষ্ণব তদপেক্ষা অধিক পূজা করেন, তাঁহার কথা আর অধিক কি বলিব, ব্রহ্মাদি দেবগণ তাঁহার পুণ্যের সংখ্যা করিতে পারেন না॥ ২১৪॥

অথ শালগ্রাম ক্রয় বিক্রয় নিষেধ—

ঐ স্কন্দপুরাণেই॥

যে মনুষ্য শালগ্রামশিলার মূল্য করে, যে বিক্রয় করে, যে মূল্য করণে সম্মতি দেয় এবং যে শিলার গুণ দোষ পরীক্ষা করে, তাহারা

সর্ব্বে তে নরকং যান্তি যাবদাহূতসংপ্লবং।
অতঃ সংবর্জ্জয়েদ্বিপ্র চক্রস্থ ক্রয়বিক্রয়ং।
অথ প্রতিষ্ঠানিষেধঃ॥
তত্রৈব॥
শালগ্রামশিলায়াস্তু প্রতিষ্ঠা নৈব বিদ্যতে।
মহাপূজান্তু কৃত্বাদৌ পূজয়েত্তাং ততো বুধ ইতি॥ ২১৫॥
অতোঽধিষ্ঠানবর্গেষু সূর্য্যাদিম্বিব মূর্ত্তিষু।
শালগ্রামশিলৈব স্যাদধিষ্ঠানোত্তমং হরেঃ।
অথ সর্ব্বাধিষ্ঠানশ্রৈষ্ঠ্যং॥
পাদ্মে তত্রৈব॥
হৃদি সূর্য্যে জলে বাথ প্রতিমা স্থণ্ডিলেষু চ।
সমভ্যর্চ্চ্য হরিং যান্তি নরাস্তে বৈষ্ণবং পদং॥ ২১৬॥

গুণদোষাদিকমপি যো বদেদিত্যর্থঃ॥ ২১৫॥
মূর্ত্তিষু প্রতিকৃতিষ্বপি॥ ২১৬॥

সকলেই, যতদিন মহাপ্রলয় না হয়, তত দিন নরকে বাস করে। অতএব হে ব্রহ্মন্! শালগ্রামচক্র ক্রয় বা বিক্রয় করিবে না॥

অথ শালগ্রামশিলার প্রতিষ্ঠাকরণ নিষেধ॥

ঐ স্কন্দপুরাণেই॥

শালগ্রামশিলার প্রতিষ্ঠা নাই। সর্ব্বাগ্রে মহাপূজা করিয়া পণ্ডিত ব্যক্তি পরে ঐ শিলাই পূজা করিবেন॥ ২১৫॥

অতএব সূর্য্যাদি অধিষ্ঠান সমূহের এবং প্রতিমূর্ত্তি সকলের মধ্যে শালগ্রামশিলাই হরির উৎকৃষ্ট অধিষ্ঠান হইল॥

অথ সমুদায় অধিষ্ঠান হইতে শালগ্রামের প্রাধান্য॥

পদ্মপুরাণের মাঘমাহাত্ম্যেই॥

মনুষ্যগণ হৃদয়ে, সূর্য্যে, জলে, প্রতিমায় অথবা স্থণ্ডিলে হরির অর্চ্চনা করিয়া বিষ্ণুধাম প্রাপ্ত হয়েন॥ ২১৬॥

অথবা সর্ব্বদা পূজ্যো বাসুদেবো মুমুক্ষুভিঃ।
শালগ্রামশিলাচক্রে বজ্রকীটবিনির্ম্মিতে।
অধিষ্ঠানাং হি তৎ বিষ্ণোঃ সর্ব্বপাপপ্রণাশনং।
সর্ব্বপুণ্যপ্রদং বৈশ্য সর্ব্বেষামপি মুক্তিদং ॥ ২১৭ ॥
তত্রৈব কার্ত্তিকমাহাত্ম্যে যমধূম্রকেশসম্বাদে ॥
পূজা চ বিহিতা তস্য প্রতিমায়াং নৃপাত্মজ।
শৈলী দারুময়ী লৌহী লেপ্যা লেখ্যা চ সৈকতা।
মনোময়ী মণিময়ী শ্রীমূর্ত্তিরষ্টধা স্মৃতা।
শালগ্রামশিলায়াস্তু সাক্ষাৎ শ্রীকৃষ্ণসেবনং।
নিত্যং সন্নিহিত স্তত্র বাসুদেবো জগদ্গুরুঃ ॥ ২১৮ ॥
স্কান্দে কার্ত্তিকমাহাত্ম্যে শ্রীশিবস্কন্দসম্বাদে ॥

অথবেতি পূর্ব্বাপরিতোষে। সর্ব্বদা পূজ্যত্বে হেতুঃ অধিষ্ঠানং হীতি ॥ ২১৭ ॥
তুশব্দঃ পূর্ব্বতো বৈশিষ্ট্যে। তদেবাহ সাক্ষাদিতি ॥ ২১৮ ॥

অথবা অর্থাৎ ঐ সকলে পূজা করিয়া যদি পরিতৃপ্তি না হয়, তাহা হইলে যাঁহারা মুক্তি ইচ্ছা করেন, তাঁহারা বজ্রকীট নির্ম্মিত শালগ্রাম-শিলায় বাসুদেবের পূজা করিবেন ॥

হে বৈশ্য। বিষ্ণুর এই শালগ্রাম রূপ অধিষ্ঠান সর্ব্বপাপ নাশ, সর্ব্বপুণ্য দান ও সকলকেই মুক্তি প্রদান করেন ॥ ২১৭ ॥

ঐ পদ্মপুরাণেই কার্ত্তিকমাহাত্ম্যে যম ও ধূম্রকেশসম্বাদে ॥

হে নৃপনন্দন! প্রতিমায় বিষ্ণুর পূজা করিতে বিধান করিয়াছেন। প্রতিমা আট প্রকার। শিলাময়ী, দারুময়ী, লৌহময়ী অর্থাৎ ধাতুময়ী, লেপময়ী, লেখময়ী, বালুকাময়ী, মনোময়ী এবং মণিময়ী ॥

শালগ্রামশিলায় অর্চ্চনা করিলে সাক্ষাৎ শ্রীকৃষ্ণের সেবা করা হয়। জগদ্গুরু বাসুদেব উহাতে বসতি করেন ॥ ২১৮ ॥

স্কন্দপুরাণে কার্ত্তিকমাহাত্ম্যে শ্রীশিব ও কার্ত্তিকেয়সম্বাদে ॥

সুবর্ণার্চ্চা ন রত্নার্চ্চা ন শিলার্চ্চা সুরোত্তম ।
শালগ্রামশিলায়ান্তু সর্ব্বদা বসতে হরিঃ ॥ ২১৯ ॥
অতএবোক্তং ॥
হত্যাং হন্তি যদঙ্ঘ্রিসঙ্গতুলসী স্তেয়ং চ তোয়ং পদে
নৈবেদ্যং বহুমদ্যপানদুরিতং গুর্ব্বঙ্গনাসঙ্গজং ।
শ্রীশাধীনমতিঃ স্থিতি র্হরিজনৈস্তৎসঙ্গজং কিল্বিষং
শালগ্রামশিলা নৃসিংহমহিমা কোঽপ্যেষ লোকোত্তরঃ ॥২২০॥
শালগ্রামশিলারূপভগবন্মহিমাম্বুধেঃ ।

সুবর্ণস্য অর্চ্চা প্রতিমা তদাদিষু হরিঃ সর্ব্বদা ন বসতীত্যর্থঃ । বক্ষ্য ন হরেঃ প্রিয়েতি শেষঃ ॥ ২১৯ ॥

পাদতোয়ং শ্রীচরণোদকং শ্রীশঃ শালগ্রামশিলারূপ এব ভগবান্ তদধীনমতিঃ তৎ স্মরণমিত্যর্থঃ । হরিশ্চ শালগ্রামশিলাত্মক এব তস্য জনৈঃ সেবকৈঃ সহ স্থিতিঃ ॥ ২২০ ॥

উর্ম্মীনিতি সমুদ্রতরঙ্গগণনবৎ মাহাত্ম্যপরা ইত্যর্থঃ । শ্রীযুক্ত চৈতন্যং সর্ব্বজ্ঞত্বাদিকং তেনাশ্রিতোঽপি । স্বমতে শ্রীচৈতন্যদেবমাশ্রিতঃ পরমশক্তিমত্ত্বাৎ প্রাপ্তোঽপীত্যর্থঃ । যথো-

হে দেবোত্তম ! স্বর্ণের প্রতিমা, রত্নের প্রতিমা ও শিলার প্রতিমা এ সকলে হরি সর্ব্বদা অবস্থিতি করেন না, কিন্তু শালগ্রামশিলায় সর্ব্বদা অবস্থিত থাকেন ॥ ২১৯ ॥

এই জন্যই কহিয়াছেন যে,—

শালগ্রামশিলারূপী নৃসিংহের কি এক অলৌকিক মহিমা যে, তাঁহার চরণ সংলগ্না তুলসী ব্রহ্মহত্যা পাপ, তাঁহার পাদোদক চৌর্য্যজন্য পাপ এবং তাঁহার নৈবেদ্য বহু মদ্যপান জনিত পাপ ও গুরুপত্নীগমন জন্য পাপ নাশ করেন । আর তাঁহাকে স্মরণ এবং তাঁহার ভক্তদিগের সহিত সহবাস করিলে পূর্ব্বোক্ত পাপিদিগের সহিত সহবাস জনিত পাপ নষ্ট হয় ॥ ২২০ ॥

সর্ব্বজ্ঞ হইলেও কোন ব্যক্তি শালগ্রাম শিলার মাহাত্ম্যরূপ সমুদ্রের

উর্ম্মীর্ন্ গণয়িতুং শক্যঃ শ্রীচৈতন্যাশ্রিতোঽপি কঃ॥ ২২১ ॥

অথ শালগ্রামশিলাপূজানিত্যতা পাদ্মে।

শালগ্রামশিলাপূজাং বিনা যো ঽশ্নাতি কিঞ্চন।

স চণ্ডলাদিবিষ্ঠায়ামাকল্পং জায়তে কৃমিঃ॥

স্কান্দে চ॥

গৌরবাচলশৃঙ্গাগ্রৈর্ভিদ্যতে তস্য বৈ তনুঃ।

ন মতি র্জায়তে যস্য শালগ্রামশিলার্চ্চনে। ইতি॥ ২২২ ॥

এবং শ্রীভগবান্ সর্ব্বৈঃ শালগ্রামশিলাত্মকঃ।

র্ম্ময় কেনাপি ন গণয়িতুং শক্যন্তে তদ্বৎ অনন্তত্বাদিতি ভাবঃ॥ ২২১ ॥

গৌরবং গরিমা তদ্যুক্তস্যাচলস্য যদ্বা গৌরবেণ অচলং স্থিরং যচ্ছৃঙ্গং অর্থাৎ পর্ব্বত এব তস্যাগ্রৈঃ। পাঠান্তরং সুগমং। ভিদ্যতে বিদার্য্যতে। যদ্বা। শৃঙ্গাগ্রেভ্যো নিপাত্য চূর্ণী ক্রিয়ত ইত্যর্থঃ॥ ২২২ ॥

এবং লিখিত প্রকারেণ শালগ্রামশিলাত্মকঃ তৎস্বরূপঃ শ্রীভগবানেবেতি তদ্ভজনে সর্ব্বেষামধিকারোঽভিপ্রেতঃ তদেবাভিব্যঞ্জয়তি সর্ব্বৈর্দ্বিজাতিভির্জনৈঃ সম্যক্ পূজ্য ইতি। তত্র দ্বিজৈরিতি ত্রিবর্ণৈর্বিপ্র ক্ষত্রিয় বৈশ্যৈরিত্যর্থঃ। নন্বু ব্রাহ্মণস্যৈব পূজ্যোঽহং শুচেরপ্যশুচেরপি। স্ত্রীশূদ্র করসংস্পর্শো বজ্রপাত সমো মমেতি। শালগ্রামশিলাপ্রসঙ্গে শ্রীভগবদ্বচ-

---

তরঙ্গমালা গণনা করিতে সমর্থ হয়েন না॥ ২২১ ॥

অথ শালগ্রামশিলা পূজার নিত্যতা—

পদ্মপুরাণে॥

যে ব্যক্তি শালগ্রামশিলার পূজা না করিয়া কিছু আহার করে, সে কল্পকাল পর্য্যন্ত চণ্ডাল প্রভৃতির বিষ্ঠায় কৃমি হইয়া বাস করে॥

স্কন্দপুরাণেও॥

যাহার শালগ্রামশিলা পূজা করিতে মতি না হয়, পর্ব্বতশৃঙ্গাগ্র দ্বারা তাহার শরীর বিদ্ধ করে॥ ২২২ ॥

অতএব যদি যথাবিধি দীক্ষা গ্রহণ করিয়া ভগবানের পূজায় নিরত

দ্বিজৈঃ স্ত্রীভিশ্চ শূদ্রৈশ্চ পূজ্যো ভগবতঃ পরৈঃ ॥ ২২৩ ॥

তথা স্কান্দে শ্রীব্রহ্মনারদসম্বাদে ॥

চাতুর্মাস্যব্রতে শালগ্রামশিলার্চ্চাপ্রসঙ্গে ॥

ব্রাহ্মণ-ক্ষত্রিয়-বিশাং সচ্ছূদ্রাণামথাপি বা।

শালগ্রামেঽধিকারোঽস্তি ন চান্যেষাং কদাচন।

নেন স্ত্রীশূদ্রাণাং তৎপূজা নিষিধ্যতে তত্র লিখতি ভগবতঃ পরৈরিতি। যথাবিধি দীক্ষাং গৃহীত্বা ভগবৎপূজাপরৈঃ সদ্ভিরিত্যর্থঃ॥ ২২৩॥

তদেব শ্রীনারদোক্ত্যা প্রমাণয়তি ব্রাহ্মণেতি। সতাং বৈষ্ণবানাং শূদ্রাণাং শালগ্রামে শ্রীশালগ্রামশিলার্চ্চনে। অন্যেষামসতাং শূদ্রাণাং অতএব শূদ্রমধিকৃত্যোক্তং বায়ুপুরাণে। অযাচকঃ প্রদাতা স্যাৎ কৃষিং বৃত্ত্যর্থমাচরেৎ। পুরাণং শৃণুয়ান্নিত্যং শালগ্রামঞ্চ পূজয়েদিতি। এবং মহাপুরাণানাং বচনৈঃ সহ ব্রাহ্মণস্যৈব পূজ্যোঽহমিতি বচনস্য বিরোধাদ্যৎ-সর্য্যপরৈঃ স্মার্ত্তৈঃ কৈশ্চিৎ কল্পিতমিতি মন্তব্যং। যদি চ যুক্ত্যা সিদ্ধং সমূলং স্যাত্তর্হি চ অবৈষ্ণবৈঃ শূদ্রৈস্তাদৃশীভিশ্চ স্ত্রীভিস্তৎপূজা ন কর্ত্তব্যা যথাবিধি গৃহীতবিষ্ণুদীক্ষাকৈস্তু তৈঃ কর্ত্তব্যেতি ব্যবস্থাপনীয়ং। যতঃ শূদ্রেষন্ত্যজেষপি যে বৈষ্ণবাস্তে শূদ্রাদয়ো ন কিলোচ্যন্তে। তথাচ নারদীয়ে। শ্বপচোঽপি মহীপাল বিষ্ণোর্ভক্তো দ্বিজাধিক ইতি। ইতিহাসসমুচ্চয়ে। শূদ্রম্বা ভগবদ্ভক্তং নিষাদং শ্বপচং তথা। বীক্ষ্যতে জাতিসামান্যাৎ স যাতি নরকং ধ্রুব-

হন, তাহা হইলে কি ব্রাহ্মণ, কি বৈশ্য, কি ক্ষত্রিয়, কি স্ত্রী, কি শূদ্র, সকলেই নিরত হইয়া শালগ্রামশিলারূপী ভগবানের পূজা করিবেন ॥ ২২৩ ॥

স্কন্দপুরাণে শ্রীব্রহ্মা ও নারদের সম্বাদে চাতুর্মাস্য ব্রতবিষয়ে শালগ্রামশিলা পূজার প্রসঙ্গে ঐ বিষয়ই কথিত হইয়াছে ॥

ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্য, ইহাঁদিগের শালগ্রামে অধিকার আছে, শূদ্র সৎ হইলে তাহারও অধিকার আছে, অন্যের কখনও নাই, ॥

তাৎপর্য্য। অন্যের অর্থাৎ যাঁহারা বিষ্ণুভক্ত নহেন, তাঁহাদিগের শালগ্রামশিলায় অধিকার নাই। বিষ্ণুর প্রতি ভক্তি না থাকিলে ব্রাহ্মণেরও শালগ্রাম পূজায় অধিকার নাই, "সৎশূদ্র" শব্দে বিষ্ণুভক্তি পরায়ণ শূদ্র ॥

মিতি পাদ্মে চ। ন শূদ্রা ভগবদ্ভক্তা স্তেতু ভাগবতা নরাঃ। সর্ব্ববর্ণেষু তে শূদ্রা যে ন ভক্তা জনার্দ্দন ইতি। এতদাদিকং চাগ্রে বৈষ্ণবমাহাত্ম্যে বিস্তরেণ ব্যক্তং ভাবি। কিঞ্চ ভগবদ্দীক্ষাপ্রভাবেণ শূদ্রাদীনামপি বিপ্রসাম্যং সিদ্ধমেব। তথাচ তত্র। যথা কাঞ্চনতাং যাতীত্যাদি। এতচ্চ প্রাগ্দীক্ষামাহাত্ম্যে লিখিতমেব। অতএব তৃতীয়স্কন্ধে দেবহূতি-বাক্যং। যন্নামধেয়-শ্রবণানুকীর্ত্তনাদ্যৎপ্রহ্বণাদ্যৎস্মরণাদপি কচিৎ। শ্বাদোঽপি সদ্যঃ সবনায় কল্পতে কুতঃ পুনস্তে ভগবন্নু দর্শনাৎ। ইতি। সবনায় যজনায় কল্পতে যোগ্যো ভবতীত্যর্থঃ। অতএব বিপ্রৈঃ সহ বৈষ্ণবানামেকত্রৈব গণনা। তথাচ হরিভক্তিসুধোদয়ে শ্রীভগবদ্ব্রহ্মসম্বাদে। তীর্থাশ্বত্থতরবো গাবো বিপ্রাস্তথা স্বয়ং। মদ্ভক্তাশ্চেতি বিজ্ঞেয়াঃ পঞ্চৈতে তনবো মমেতি। চতুর্থস্কন্ধে শ্রীপৃথুমহারাজবর্ণনে॥ সর্ব্বত্রাস্খলিতাদেশঃ সপ্তদ্বীপৈকদণ্ডধৃক্। অন্যত্র ব্রাহ্মণকুলাদন্যত্রাচ্যুতগোত্রত ইতি। অচ্যুতো গোত্রং প্রবর্ত্তকতুল্যং যেষাং বৈষ্ণবানাং তেভ্যোঽন্যত্র চেত্যর্থঃ। তথা তন্মহারাজস্যোক্তৌ। মা জাতু তেজঃ প্রভবেন্মহর্দ্ধিভিস্তিতিক্ষয়া তপসা বিদ্যয়া চ। দেদীপ্যমানেঽজিতদেবতানাং কুলে স্বয়ং রাজকুলাদ্দ্বিজানামিতি। অত্র স্বামিপাদানা টীকা। মহত্যশ্চ তা ঋদ্ধয়শ্চ তাভির্যদ্রাজকুলস্য তেজস্তৎ তস্মাৎ সকাশাদ্দ্বিজানাং বিপ্রাণাং কুলে অজিতো দেবতা পূজ্যো যেষাং বৈষ্ণবানাং তেষাঞ্চ কুলে মা জাতু প্রভবেৎ কদাচিদপি প্রভবং ন করোতু। কথম্ভূতে। সমৃদ্ধিভি র্বিনাপি স্বয়মেব তিতিক্ষাদিভি র্দেদীপ্যমান ইতি পুরঞ্জনোক্তৌ চ। তস্মিন্ দধে দমমহং তব বীরপত্নি যোঽন্যত্র ভূসুরকুলাৎ কৃতকিল্বিষস্তে। পশ্যে ন বীতভয়মুন্মুদিতং ত্রিলোক্যামন্যত্র বৈ মুররিপোরিতরত্র দাসাদিতি। অত্রাপি সৈব টীকা। হে বীরপত্নি যস্তে কৃতাপরাধঃ তস্মিন্নহং ব্রাহ্মণকুলাদন্যত্র অন্যস্মিন্ মুররিপুদাসাদিতরত্র চ দমং দধে দণ্ডং করোমীত্যাদি। ঈদৃশানিচ বচনানি শ্রীভাগবতাদৌ বহূন্যেব সন্তি॥ ইত্থং বৈষ্ণবানাং ব্রাহ্মণৈঃ সহ সাম্যমেব সিধ্যতি। কিঞ্চ। বিপ্রাদ্দ্বিষড়্গুণযুতাদিত্যাদি

বায়ুপুরাণে এইরূপ শূদ্রের বর্ণনা করিয়াছেন। যাচ্ঞা করিবে না, যথেষ্ট দান করিবে, জীবনযাত্রা নির্ব্বাহের নিমিত্ত কৃষিকর্ম্ম করিবে এবং নিত্য পুরাণ শ্রবণ করিবে। এরূপ শূদ্র শালগ্রামশিলা পূজা করিতে পারিবে। অতএব শূদ্রে শালগ্রাম পূজা করিতে পারে না, এ ব্যবস্থা কতক গুলিন মৎসর স্মার্ত্ত কল্পনামাত্র করিয়াছেন। নারদপুরাণে কথিত হইয়াছে। হে মহীপাল! চণ্ডালও বিষ্ণুভক্তিপরায়ণ হইলে দ্বিজাতি অপেক্ষা শ্রেষ্ঠ হয়॥

তত্রৈবান্যত্র ॥

স্ত্রিয়ো বা যদি বা শূদ্রা ব্রাহ্মণাঃ ক্ষত্রিয়াদয়ঃ।
পূজয়িত্বা শিলাচক্রং লভন্তে শাশ্বতং পদমিতি ॥
অতো নিষেধকং যদযদ্বচনং শ্রূয়তে স্ফুটং।
অবৈষ্ণবপরং তত্তদ্বিজ্ঞেয়ং তত্ত্বদর্শিভিঃ।

বচনৈরবৈষ্ণবব্রাহ্মণেভ্যো নীচজাতিজাতানামপি বৈষ্ণবানাং শ্রৈষ্ঠ্যং নির্দ্দিশ্যতেতরাং। অতএবোক্তং শ্রীভগবতা শ্রীহয়গ্রীবেণ হয়শীর্ষপঞ্চরাত্রে পুরুষোত্তমপ্রতিষ্ঠান্তে। মূর্ত্তিপানাস্তু দাতব্যা দেশিকার্দ্ধেন দক্ষিণা। তদর্দ্ধং বৈষ্ণবানাস্তু তদর্দ্ধং .তদ্দ্বিজন্মনামিতি। অতো যুক্তমেব লিখিতং সর্ব্বৈর্ভগবৎপরৈঃ সংপূজ্য ইতি। তথাচ ব্রহ্মবৈবর্ত্তে প্রিয়ব্রতোপাখ্যানে ধর্ম্মব্যাধস্যাপি শ্রীশালগ্রামশিলাপূজনমুক্তং। ততঃ স বিস্মিতঃ শ্রুত্বা ধর্ম্মব্যাধস্য তদ্বচঃ। তস্থৌ স চ সমানীয় দর্শয়ামাস তাবুভৌ। নির্নিক্তবসনৌ বৃদ্ধাবাসনস্থৌ :নিজৌ গুরূ। শালগ্রামশিলাঞ্চৈব তৎসমীপে সুপূজিতামিতি। অত্রাচারশ্চ সতাং মধ্যদেশে হস্মিন্ বিশেষতো দক্ষিণদেশে চ মহত্তমানাং শ্রীবৈষ্ণবানাং প্রমাণমিতি দিক্। এবং শ্রীভাগবতপাঠাদাবপ্যধিকারো বৈষ্ণবানাং দ্রষ্টব্যঃ। যতো বিধিনিষেধা ভগবদ্ভক্তানাং ন ভবন্তীতি দেবর্ষিভূতাপ্তনৃণাং পিতৃণামিত্যাদি বচনৈঃ। তথা কর্ম্মপরিত্যাগাদিনাপি ন কশ্চি-

পদ্মপুরাণেও বর্ণিত হইয়াছে, যে সকল শূদ্র বিষ্ণুর ভক্ত, তাঁহারা শূদ্র নহেন, যাহাদের জনার্দ্দনে ভক্তি নাই, তাহারা যে কোন বর্ণ হউক না কেন, তাহাদিগকেই শূদ্র বলিয়া জানিতে হয়। অতএব শ্রীমদ্ভাগবতে তৃতীয়স্কন্ধে দেবহূতি "যন্নামধেয়" ইত্যাদি শ্লোকে কহিয়াছেন, স্ত্রীর পক্ষেও এইরূপ বিধি ॥

ঐ স্কন্দপুরাণের অন্যস্থলে ॥

স্ত্রী হউক বা শূদ্র হউক, অথবা ব্রাহ্মণ হউক কিম্বা ক্ষত্রিয়াদিই হউক, শালগ্রাম পূজা করিলে নিত্যপদ লাভ করিবে ॥

অতএব স্ত্রীশূদ্রাদির শালগ্রাম পূজা করিবার বিষয়ে যে সকল নিষেধ-বাক্য স্পষ্ট শ্রবণ করা যায়, তত্ত্বদর্শি পণ্ডিতগণ বলিয়াছেন, যাহারা বিষ্ণুভক্ত নহে, ঐ সকল নিষেধ-বচন তাহাদিগেরই পক্ষে ॥

যথা—

ব্রাহ্মণস্যৈব পূজ্যোঽহং শুচেরপ্যশুচেরপি।
স্ত্রীশূদ্রকরসংস্পর্শো বজ্রাদপি সুদুঃসহঃ।
প্রণবোচ্চারণাচ্চৈব শালগ্রামশিলার্চ্চনাৎ।
ব্রাহ্মণীগমনাচ্চৈব শূদ্রশ্চণ্ডালতামিয়াৎ॥ ২২৪॥
সন্ধার্য্যা বৈষ্ণবৈর্যত্নাচ্ছালগ্রামশিলাসুবৎ।
সা চার্চ্চা দ্বারকাচক্রাঙ্কিতোপেতৈব সর্ব্বদা॥
অথ শালগ্রামশিলা শ্রীদ্বারকাচক্রাঙ্ক—
শিলাসংযোগমাহাত্ম্যং ব্রাহ্মে তত্রৈব॥
শালগ্রামোদ্ভবো দেবো দেবো দ্বারবতীভবঃ।

দোষো ঘটত ইতি তাবৎ কর্ম্মাণি কুর্ব্বীতেতি যদা যস্যানুগৃহ্নাতি ভগবানিত্যাদি বচনৈশ্চ ব্যক্তং বোধিতমেবাস্তি। এতৎ সর্ব্বমগ্রে শ্রীবৈষ্ণবমাহাত্ম্যে বিস্তরেণ ব্যক্তং ভাবি॥ ২২৪॥

অসুবৎ প্রাণবৎ যত্নাৎ সংধার্য্যা। অর্চ্চ্যা পূজয়িতব্যা॥ ২২৫॥

নিষেধ বচন যথা—

শুচি হউন বা অশুচিই হউন, ব্রাহ্মণই আমার পূজায় অধিকারী, স্ত্রী বা শূদ্রের হস্তসংস্পর্শ বজ্র হইতেও আমার দুঃসহ বোধ হয়॥

প্রণব "ওঁ" উচ্চারণ করিলে শালগ্রামশিলার পূজা করিলে এবং ব্রাহ্মণীগমন করিলে শূদ্র চণ্ডালত্ব প্রাপ্ত হয়॥ ২২৪॥

বৈষ্ণবগণ যত্ন সহকারে প্রাণের ন্যায় শালগ্রামশিলা ধারণ করিবেন। যখন পূজা করিবেন, তখন দ্বারকাচক্রাঙ্কিতশিলার সহিত একত্রই পূজা করিবেন॥

অথ শালগ্রামশিলা ও দ্বারকাচক্রাঙ্কিতশিলা,
এই উভয়ের সংযোগমাহাত্ম্যে॥
ব্রহ্মপুরাণের ঐ স্থলেই॥

শালগ্রামোৎপন্ন দেব এবং দ্বারকায় উৎপন্ন দেব, যে স্থানে এই

উভয়োঃ সঙ্গমো যত্র মুক্তিস্তত্র ন সংশয়ঃ।
স্কান্দে শ্রীব্রহ্মনারদসম্বাদে ॥
চক্রাঙ্কিতা শিলা যত্র শালগ্রামশিলাগ্রতঃ।
তিষ্ঠতে মুনিশার্দ্দূল বর্দ্ধন্তে তত্র সম্পদঃ।
তত্রৈবান্যত্র ॥
প্রত্যহং দ্বাদশ শিলাঃ শালগ্রামস্য যোঽর্চ্চয়েৎ।
দ্বারবত্যাঃ শিলাযুক্তাঃ স বৈকুণ্ঠে মহীয়তে ॥ ২২৫ ॥
অথ শ্রীদ্বারকাচক্রাঙ্কলক্ষণানি ॥
শ্রীপ্রহ্লাদসংহিতায়াং ॥
একঃ সুদর্শনো দ্বাভ্যাং লক্ষ্মীনারায়ণঃ স্মৃতঃ।
ত্রিভিস্ত্রিবিক্রমো নাম চতুর্ভিশ্চ জনার্দ্দনঃ।
পঞ্চভির্বাসুদেবস্তু ষড়্ভিঃ প্রদ্যুম্ন উচ্যতে

এক একচক্রো যঃ স সুদর্শন ইত্যর্থঃ। দ্বাভ্যাং চক্রাভ্যামেবমগ্রেঽপ্যূহং ॥ ২২৬ ॥

উভয়ের সম্মিলন আছে, সেই স্থানেই মুক্তি অবস্থিত, ইহাতে কোন সন্দেহ নাই ॥

স্কন্দপুরাণে শ্রীব্রহ্মা ও নারদের সম্বাদে ॥

হে মুনিশ্রেষ্ঠ! দ্বারকাচক্রাঙ্কিত শিলা যে স্থানে শালগ্রামশিলার সম্মুখে থাকে, সে স্থানে সর্ব্বপ্রকার সম্পত্তি বৃদ্ধি প্রাপ্ত হয় ॥

ঐ স্কন্দপুরাণেই অন্যস্থলে ॥

যে ব্যক্তি প্রত্যহ দ্বারকাশিলার সহিত দ্বাদশটী শালগ্রামশিলার পূজা করেন, বৈকুণ্ঠে তিনি সম্মান প্রাপ্ত হয়েন ॥ ২২৫ ॥

অথ দ্বারকাচক্রচিহ্নের লক্ষণ সকল ॥

শ্রীপ্রহ্লাদসংহিতায় ॥

যিনি এক চক্র, তিনি সুদর্শন, যাঁহার দুই চক্র তাঁহার নাম লক্ষ্মী-নারায়ণ, তিন চক্রাঙ্কিতের নাম ত্রিবিক্রম, চারি চক্রাঙ্কিতের নাম

সপ্তভির্বলদেবস্তু অষ্টভিঃ পুরুষোত্তমঃ ॥ ২২৬ ॥
নবভিশ্চ নবব্যূহো দশভি র্দশমূর্ত্তিকঃ।
একাদশৈশ্চানিরুদ্ধো দ্বাদশৈর্দ্বাদশাত্মকঃ।
অন্যেষু বহুচক্রেষু অনন্তঃ পরিকীর্ত্তিতঃ ॥ ২২৭ ॥
অথ দ্বাদশচক্রাঙ্কমাহাত্ম্যং বারাহে ॥
যে কেচিচ্চৈব পাষাণা বিষ্ণুচক্রেণ মুদ্রিতাঃ।
তেষাং স্পর্শনমাত্রেণ মুচ্যতে সর্ব্বপাতকৈঃ।
গারুড়ে ॥
সুদর্শনাদ্যাস্তু শিলাঃ পূজিতাঃ সর্ব্বকামদাঃ।

নবব্যূহঃ নৃসিংহ বরাহ হয়গ্রীব নারায়ণ ব্রহ্মাণঃ পঞ্চ বাসুদেবাদ্যাশ্চত্বারঃ এবং নবব্যূহ রূপঃ মৎস্যকূর্ম্মাদি দশাবতারাত্মকঃ। একাদশৈরিত্যার্ষং। একাদশভিঃ। পাঠান্তরে একাদশ চক্রাণি যদি স্যুস্তর্হি অনিরুদ্ধ ইত্যর্থঃ। এবমগ্রেঽপি দ্বাদশাত্মকঃ দ্বাদশাদিত্য-রূপঃ। কেশব নারায়ণাদি দ্বাদশরূপো বা ॥ ২২৭ ॥

জনার্দ্দন। পঞ্চচক্রাঙ্কিতের নাম বাসুদেব, ষট্চক্রাঙ্কিতের নাম প্রদ্যুম্ন, সপ্ত চক্র বলদেব। অষ্ট চক্র পুরুষোত্তম ॥ ২২৬ ॥

নবচক্র নবব্যূহ। দশচক্র দশমূর্ত্তি। একাদশ চক্রাঙ্কিত শিলার নাম অনিরুদ্ধ। দ্বাদশ চক্রের নাম দ্বাদশাত্মক। যাঁহার ইহা অপেক্ষা অধিক চক্র, তাঁহাকে অনন্ত বলিয়া কীর্ত্তন করাযায় ॥ ২২৭ ॥

অথ দ্বাদশ চক্রাঙ্কের মাহাত্ম্য—

বরাহপুরাণে ॥

যে কোন শিলা বিষ্ণুচক্র দ্বারা চিহ্নিত সেই সকলের স্পর্শমাত্রে সমুদায় পাতক হইতে নির্ম্মুক্ত হইবে ॥

গরুড়পুরাণে ॥

সুদর্শন প্রভৃতি শিলার পূজা করিলে সমুদায় কামনা সুসিদ্ধ হয় কারণ ঐ সকল শিলা সর্ব্বকামপ্রদায়িনী ॥

স্কান্দে চ ॥

ভক্ত্যা বা যদি বাভক্ত্যা চক্রাঙ্কং পূজয়েন্নরঃ।
অপি চেৎ সুদুরাচারো মুচ্যতে নাত্র সংশয়ঃ।

দ্বারকামাহাত্ম্যে চ দ্বারকাগতানাং শ্রীব্রহ্মাদীনামুক্তৌ ॥

এতদ্বৈ চক্রতীর্থন্তু যচ্ছিলা চক্রচিহ্নিতা।
মুক্তিদা পাপিনাং লোকে ম্লেচ্ছদেশেঽপি পূজিতা।

অথ তেষ্বেব চক্রভেদেন ফলভেদঃ। কপিলপঞ্চরাত্রে ॥

একচক্রস্তু পাষাণো দ্বারবত্যাঃ সুশোভনঃ।
সুদর্শনাভিধো যোঽসৌ মোক্ষৈকফলদায়কঃ।
লক্ষ্মীনারায়ণো দ্বাভ্যাং ভুক্তিমুক্তিফলপ্রদঃ।
ত্রিভিশ্চাচ্যুতরূপোঽসৌ ফলমৈন্দ্রং প্রযচ্ছতি।
চতুর্ভুজশ্চতুশ্চক্রশ্চতুর্ব্বর্গফলপ্রদঃ।

স্কন্দপুরাণে ॥

ভক্তিভাবেই হউক, আর অভক্তিভাবেই হউক, যে মানব চক্রচিহ্নিত শিলার পূজা করেন, তিনি অতিশয় দুরাচার হইলেও মুক্তি প্রাপ্ত হয়েন, ইহাতে কোন সংশয় নাই ॥

দ্বারকামাহাত্ম্যগ্রন্থে দ্বারকাগত ব্রহ্মাদির বাক্যে ॥

যে শিলায় চক্র চিহ্ন আছে তাহারই নাম চক্রতীর্থ। পৃথিবীতে ম্লেচ্ছদেশেও তাহার পূজা করিলে পাপি সকল মুক্তি পায় ॥

ঐ সকল শিলারই মধ্যে চক্রভেদে ফলভেদ ॥

কপিলপঞ্চরাত্রে ॥

দ্বারকায় যে সুন্দর শিলায় একটী চক্রের চিহ্ন আছে, তাহার নাম সুদর্শন। সুদর্শন একমাত্র মুক্তি দান করেন ॥

দুই চক্রে লক্ষ্মীনারায়ণ, ইনি ভোগ ও মুক্তিফল দান করেন। তিন চক্রে অচ্যুত, অচ্যুত ইন্দ্রপদ প্রদান করেন ॥

চারি চক্রে চতুর্ভুজ, ইনি চতুর্ব্বর্গফল দান করেন। পাঁচ চক্রা-

পঞ্চভি র্বাসুদেবশ্চ জন্মমৃত্যুভয়াপহঃ।
ষড়্‌ভিঃ প্রদ্যুম্ন এবাসৌ লক্ষ্মীং কান্তিং দদাতি সঃ।
সপ্তভি র্বলভদ্রোঽসৌ গোত্রকীর্ত্তিবিবর্দ্ধনঃ।
দদাতি বাঞ্ছিতং সর্ব্বমষ্টভিঃ পুরুষোত্তমঃ।
নবচক্রো নৃসিংহস্তু ফলং যচ্ছত্যনুত্তমং।
রাজ্যপ্রদো দশভিস্তু দশাবতারকঃ স্মৃতঃ।
একাদশভিরৈশ্বর্য্যমনিরুদ্ধঃ প্রযচ্ছতি।
নির্ব্বাণং দ্বাদশাত্মাসৌ সৌখ্যদশ্চ সুপূজিতঃ।
অথ বর্ণাদিভেদেন দোষগুণাঃ পূজ্যত্বাপূজ্যত্বে চ—
তত্রৈব॥
কৃষ্ণো মৃত্যুপ্রদো নিত্যং ধূম্রশ্চৈব ভয়াবহঃ।
অস্বাস্থ্যং কর্ব্বুরো দদ্যান্নীলস্তু ধনহানিদঃ।
ছিদ্রো দারিদ্র্যদুঃখানি দদ্যাৎ সংপূজিতো ধ্রুবং॥

ঙ্কিতের নাম বাসুদেব, ইনি জন্ম মরণ-জন্য ভয় নিবারণ করেন॥

ছয় চক্রের নাম প্রদ্যুম্ন, ইনি লক্ষ্মী ও সৌন্দর্য্য দান করেন এবং সাতচক্রে বলভদ্র, ইনি গোত্র এবং যশ বৃদ্ধি করেন॥

আট চক্রাঙ্কিত শিলার নাম পুরুষোত্তম, ইনি সমুদায় অভীষ্ট পূর্ণ করেন। নয় চক্রে নৃসিংহ, নৃসিংহ অত্যুত্তম ফল দান করেন। দশ চক্রে দশাবতার, দশাবতার রাজ্যপ্রদাতা। একাদশ চক্রে অনিরুদ্ধ, ইনি ঐশ্বর্য্য দান করিয়া থাকেন। দ্বাদশ চক্রে দ্বাদশাত্মা, পূজা করিলে ইনি মুক্তি ও সুখ দান করেন॥

অথ বর্ণাদিভেদে দোষ গুণ ও পূজ্য অপূজ্যের বিষয়॥

ঐ গ্রন্থেই॥

কৃষ্ণবর্ণ মৃত্যু এবং ধূম্রবর্ণ সর্ব্বদা ভয় প্রদান করেন। কর্ব্বুরবর্ণ অস্বাস্থ্য দেন, নীলবর্ণ ধন হানি করেন॥

যাঁহার ছিদ্র আছে, তাঁহার পূজা করিলে নিশ্চয়ই দারিদ্র্য-দুঃখ

পাণ্ডুরস্তু মহদ্দুঃখং ভগ্নো ভার্য্যাবিয়োগদঃ ।
পুত্রপৌত্রধনৈশ্বর্য্যসুখমত্যন্তমুত্তমং ।
দদাতি শুক্লবর্ণশ্চ তস্মাদেনং সমর্চ্চয়েৎ ॥ ২২৮ ॥
শ্রীপ্রহ্লাদসংহিতায়াং ॥
কৃষ্ণা মৃত্যুপ্রদা নিত্যং কপিলা চ ভয়াবহা ॥
রোগার্ত্তিং কর্ব্বুরা দদ্যাৎ পীতা বিত্তবিনাশিনী ।
ধূম্রাভা বিত্তনাশায় ভগ্না ভার্য্যাবিনাশিকা ।
সচ্ছিদ্রা চ ত্রিকোণা চ তথা বিষমচক্রিকা ।
অর্দ্ধচন্দ্রাকৃতি র্যাচ পূজ্যাস্তা ন ভবন্তি হি ॥ ২২৯ ॥
গার্গ্যগালবয়োঃ ॥
সুখদা সমচক্রা তু দ্বাদশী চোত্তমা শুভা ।

ছিদ্রঃ সচ্ছিদ্র ইত্যর্থঃ । শুক্লঃ বর্চ্চঃ বর্ণো যস্য সঃ ॥ ২২৮ ॥
তাঃ সচ্ছিদ্রাদ্যাঃ কৃষ্ণাদয়ো বা ॥ ২২৯ ॥

ঘটে, পাণ্ডুবর্ণ সুমহৎ দুঃখ দান করেন, ভগ্ন, ভার্য্যাবিয়োগ উপস্থিত করেন। শুক্লবর্ণ পুত্র, পৌত্র, ধন, ঐশ্বর্য্য ও অত্যুত্তম সুখ দান করেন, অতএব ইহাঁরই পূজা করিবে ॥ ২২৮ ॥

প্রহ্লাদসংহিতায় ॥

কৃষ্ণবর্ণ মৃত্যু প্রদান করেন, কপিলবর্ণ সর্ব্বদা ভয়প্রদ হয়েন। কর্ব্বুর অর্থাৎ নানাবর্ণ রোগজন্য যাতনা দেন, পীতবর্ণ ধন নাশ করেন। ধূম্রবর্ণ ধন নাশ ও ভগ্ন, ভার্য্যা নাশ করিয়া থাকেন। যাহাতে ছিদ্র আছে, যাহা ত্রিকোণ, যাহার চক্র বিষম ও যাহার আকৃতি অর্দ্ধ-চন্দ্রের ন্যায়, এরূপ শিলা কদাচ পূজা করিবে না ॥ ২২৯ ॥

গার্গ্য ও গালব কহিয়াছেন ॥

যাঁহার চক্র সমান, তিনি সুখদাতা, যাঁহারা দ্বাদশ চক্র তিনি অত্যুত্তম মঙ্গল প্রদান করেন, বর্ত্তুলাকার বা চতুষ্কোণ মনুষ্যগণকে সুখ

বর্ত্তুলা চতুরস্রা চ নরাণাঞ্চ সুখপ্রদা ॥
ত্রিকোণা বিষমা চৈব ছিদ্রা ভগ্না তথৈব চ।
অর্দ্ধচন্দ্রাকৃতির্যাতু পূজার্হা ন ভবেত্তু সা।
ফলং নোৎপদ্যতে তত্র পূজিতায়াং কদাচন ॥ ২৩০ ॥

॥ ❋ ॥ ইতি শ্রীগোপালভট্টবিলিখিতে ভগবদ্ভক্তিবিলাসে আধিষ্ঠানিকো নাম পঞ্চমোবিলাসঃ ॥ ❋ ॥ ৫ ॥ ❋ ॥

দ্বাদশী দ্বাদশাত্মসংজ্ঞিকা দ্বাদশকোণা বা ॥ ২৩০ ॥

॥ * ॥ ইতি পঞ্চমঃ ॥ * ॥

প্রদান করিয়া থাকেন। আর যে শিলা ত্রিকোণ, বিষম চক্র, সচ্ছিদ্র, ভগ্ন বা অর্দ্ধচন্দ্রাকৃতি তাঁহার পূজা করিবে না, পূজা করিলে কখনই ফল হয় না ॥ ২৩০ ॥

॥ ❋ ॥ ইতি শ্রীগোপালভট্টবিলিখিতে ভগবদ্ভক্তিবিলাসে শ্রীরামনারায়ণবিদ্যারত্নকৃতানুবাদে আধিষ্ঠানিকো নাম পঞ্চমোবিলাসঃ সমাপ্তঃ ॥ ❋ ॥

ষষ্ঠবিলাসঃ।

শ্রীচৈতন্যপ্রসাদেন তদ্রূপং গোকুলোৎসবং।
মনোজ্ঞং যষ্টুকামস্য মূর্ত্ত্যর্চ্চাবিধিরুচ্যতে॥ ১॥

শ্রিয়ো মহালক্ষ্ম্যাঃ চৈতন্যং জীবনরূপো ভগবান্ শ্রীকৃষ্ণঃ। স্বমতেতু নিজভক্তৌ সর্ব্বেষামেব চেতয়িতৃত্বেন শ্রীচৈতন্য ইতি বিখ্যাতঃ শ্রীশচীনন্দনস্তস্য প্রসাদেন মূর্ত্তেঃ শ্রীভগবৎপ্রতিকৃতেঃ অর্চ্চায়াঃ পূজায়া বিধিরুচ্যতে লিখ্যতে। নন্থ সর্ব্বাধিষ্ঠানতঃ শ্রীশালগ্রামশিলায়া মাহাত্ম্যমধিকং লিখিতমিতি;তৎপূজাবিধিরেব লিখিতুং যুজ্যতে তত্র লিখতি। গোকুলোৎসবং তস্য চৈতন্যস্য রূপং তৎ অনির্ব্বচনীয়ং বা রূপং যষ্টুকামস্য পূজয়িতুমিচ্ছতো জনস্য। কুতঃ। মনোজ্ঞং চিত্তাকর্ষকং। শ্রীমূর্ত্তিমন্তরেণ মনঃসন্তোষো ন স্যাদিতি তদ্ভক্তানাং তৎপূজৈবোপযুক্তেতি ভাবঃ। অতএব তত্তদ্দীপং সুরভিঘৃতসংসিক্তকর্পূরবর্ত্ত্যা দীপ্তং দৃষ্ট্বাদ্যতিবিশদধীঃ পাদপর্য্যন্তমুর্চ্চেরিত্যাদি বচনৈঃ ক্রমদীপিকাদৌ দৃষ্ট্যাদিনির্দ্দেশেন শ্রীমূর্ত্তিপূজৈবাভিপ্রেতেতি দিক্॥ ১॥

যিনি সেই শ্রীকৃষ্ণের মনোহর গোকুলের উৎসব-স্বরূপ মূর্ত্তিপূজা করিতে ইচ্ছা করেন, তাঁহার জন্য শ্রীশচীনন্দনদেবের অনুগ্রহে মূর্ত্তিপূজার বিধান লিখিতে প্রবৃত্ত হইলাম॥

তাৎপর্য্য। যদি বলেন শালগ্রামই ভগবানের সর্ব্বশ্রেষ্ঠ অধিষ্ঠান অতএব শালগ্রাম শিলারই পূজা করা কর্ত্তব্য, তবে আর কেন মূর্ত্তিপূজার বিধান লিখিতে প্রবৃত্ত হইতেছ। এই আশঙ্কায় কহিতেছেন। মনোজ্ঞ অর্থাৎ শ্রীমূর্ত্তির অলৌকিক রূপ দর্শন করিলে অনায়াসেই চিত্ত আকৃষ্ট হয়, সুতরাং যাঁহারা ভগবানের ভক্ত তাঁহাদিগের শ্রীমূর্ত্তিরই পূজা করা কর্ত্তব্য॥ ১॥

স্বয়ং ব্যক্তাঃ স্থাপনাশ্চ মূর্ত্তয়ো দ্বিবিধা মতাঃ।
স্বয়ং ব্যক্তাঃ স্বয়ং কৃষ্ণঃ স্থাপনাস্তু প্রতিষ্ঠয়া ॥ ২ ॥
তথাচ পাদ্মোত্তরখণ্ডে ॥
শৃণু দেবি প্রবক্ষ্যামি তদর্চ্চাবসথং হরেঃ।
স্থাপনঞ্চ স্বয়ং ব্যক্তং দ্বিবিধং তৎ প্রকীর্ত্তিতং ॥ ৩ ॥
শিলামৃদ্দারুলৌহাদ্যৈঃ কৃত্বা প্রতিকৃতিং হরেঃ।
শ্রৌতস্মার্ত্তাগমপ্রোক্ত বিধিনা স্থাপনং হি যৎ।
তৎ স্থাপনমিতি প্রোক্তং স্বয়ং ব্যক্তং হি মে শৃণু।
যস্মিন্ সন্নিহিতো বিষ্ণুঃ স্বয়মেব নৃণাং ভুবি।
পাষাণদার্ব্বোরাত্মেশঃ স্বয়ং ব্যক্তং হি তৎ স্মৃতমিতি।
দুর্ল্লভত্বাৎ স্বয়ং ব্যক্তমূর্ত্তেঃ শ্রীবৈষ্ণবোত্তমঃ।

স্বয়ং ব্যক্তাঃ শ্রীরঙ্গশায়িপ্রভৃতয়ঃ। স্বয়ং সাক্ষাদেব কৃষ্ণঃ। প্রতিষ্ঠয়া কৃত্বা কৃষ্ণঃ স্যাৎ ॥ ২ ॥

অর্চ্চায়াঃ পূজায়াঃ আবসথং স্থানমিত্যর্থঃ ॥ ৩ ॥

মূর্ত্তি দুই প্রকার, স্বয়ং প্রকাশিত অর্থাৎ শ্রীরঙ্গশায়ী প্রভৃতি, আর স্থাপিত। স্বয়ং প্রকাশিত সাক্ষাৎ কৃষ্ণ, আর যাহা প্রতিষ্ঠা করা হইয়াছে, তাহার নাম স্থাপিত ॥ ২ ॥

অতএব পদ্মপুরাণের উত্তরখণ্ডে ॥

হে দেবি! হরির যে পূজার স্থান, তাহা বলিতেছি শ্রবণ কর। উহা দুই প্রকার, স্থাপিত এবং স্বয়ং ব্যক্ত ॥ ৩ ॥

শিলা, মৃত্তিকা, কাষ্ঠ এবং লৌহাদি দ্বারা হরির প্রতিমূর্ত্তি নির্ম্মাণ করিয়া শ্রুতি, স্মৃতি এবং তন্ত্রোক্ত বিধি দ্বারা যে প্রতিষ্ঠা করা, তাহার নাম স্থাপন। স্বয়ং ব্যক্ত বলিতেছি শ্রবণ কর ॥

আত্মেশ্বর বিষ্ণু পৃথিবীতে যে পাষাণ বা কাষ্ঠে মনুষ্যগণের সন্নিধানে অবস্থিতি করিতেছেন, তাঁহার নাম স্বয়ং ব্যক্ত ॥

স্বয়ং ব্যক্তমূর্ত্তি সহজে পাওয়া যায় না অতএব বৈষ্ণবোত্তম যথা-

যথাবিধি প্রতিষ্ঠাপ্য স্থাপিতাং মূর্ত্তিমর্চ্চয়েৎ।

অথ শ্রীমূর্ত্তিপূজামাহাত্ম্যং ॥

হরিভক্তিসুধোদয়ে ॥

নৈকং স্ববংশন্তু নরস্তারয়ত্যখিলং জগৎ।
অর্চ্চায়ামীপ্সিতং নৃণাং ফলং যাগাদিদুর্ল্লভং।
প্রতিমামাশ্রিতোঽভীষ্টপ্রদাং কল্পলতাং যথা ॥ ৪ ॥

অথ শ্রীমূর্ত্তেঃ প্রসাদনং। আত্মাদিশুদ্ধয়শ্চ ॥

শ্রীমূর্ত্তিং ক্ষালনার্হান্তু শস্তগন্ধজলাদিনা।
প্রক্ষালয়েত্তদন্যান্তু মূলমন্ত্রেণ মার্জয়েৎ ॥ ৫ ॥
শ্রীমূর্ত্তিহৃদয়ং স্পৃষ্ট্বা স্বমন্ত্রং চাষ্টধা জপেৎ।

অর্চ্চায়াং শ্রীমূর্ত্তৌ। নৃণামীপ্সিতং ফলং যাগাদিদুর্ল্লভমপি সা দদাতি ॥ ৪ ॥
প্রক্ষালনার্হাং শৈলী-লৌহী-প্রতিকৃতিং। তদন্যাং লেপ্যাদ্যাং ॥ ৫ ॥

বিধানে প্রতিষ্ঠা করিয়া স্থাপিত মূর্ত্তির অর্চ্চনা করিবেন ॥

অথ শ্রীমূর্ত্তিপূজার মাহাত্ম্য ॥

হরিভক্তিসুধোদয়ে ॥

পূজা করিলে মনুষ্য কেবল নিজের বংশ নহে, সমস্ত জগৎ উদ্ধার করেন। যাগাদি দ্বারা মনুষ্যগণের যে ফল দুর্ল্লভ শ্রীমূর্ত্তি পূজা করিলে সেই ফল লাভ হইয়া থাকে, যেমন কল্পলতাকে, তেমনি প্রতিমাকে আশ্রয় করিলে অভীষ্ট সিদ্ধি হয় ॥ ৪ ॥

অথ শ্রীমূর্ত্তির সংস্কার এবং আত্মাদি শুদ্ধি ॥

যে সকল মূর্ত্তি ক্ষালন করিবার যোগ্য অর্থাৎ প্রস্তরময়ী ও লৌহময়ী, সে সকল মূর্ত্তিকে প্রশস্ত গন্ধ ও জলাদি দ্বারা ক্ষালন করিবে। অন্যান্য মূর্ত্তি অর্থাৎ লেপময়ী ও লেখময়ী প্রভৃতি যাহা ক্ষালন করিবার যোগ্য নহে, তৎসমুদায়কে মূলমন্ত্র পাঠ করিয়া মার্জনা করিবে ॥ ৫ ॥

শ্রীমূর্ত্তির হৃদয় স্পর্শ করিয়া আটবার নিজমন্ত্র জপ করিবে। এই

এবং প্রসাদনং মূর্ত্তেরাত্মনস্তৎপ্রসাদনাৎ।
শুদ্ধিরেকা দ্বিতীয়া তু স্যাদব্যগ্রতয়াপি চ ॥ ৬ ॥
স্থানশুদ্ধিস্তথা দ্রব্যশুদ্ধিশ্চ লিখিতা পুরা।
ইতি প্রকারভেদেন ভবেচ্ছুদ্ধিচতুষ্টয়ং।
উক্তঞ্চ শ্রীনারদেন ॥
পুষ্পেণাম্বু গৃহীত্বা তু প্রোক্ষয়েৎ সর্ব্বসাধনং।

অষ্টধা বারাষ্টকং। আত্মশুদ্ধিং অব্যগ্রত্বাদিনা। যদ্যপি পূজারম্ভাদেব সা সদাপেক্ষ্যতে তথাপি বহিঃ শ্রীমূর্ত্তিপূজায়ামবশ্যাপেক্ষ্যত্বাৎ শুদ্ধিপ্রসঙ্গাদ্বাত্র লিখিতা ॥ ৬ ॥

নমু কচিৎ শুদ্ধিচতুষ্টয়ং কচিচ্চ শুদ্ধিষট্‌কং শ্রূয়তে। অত্র তু মূর্ত্তিশুদ্ধিরাত্মশুদ্ধিশ্চেতি শুদ্ধিদ্বয়মাত্রং লিখিতং তৎ কুত ইত্যতো লিখতি স্থানেতি। পুরা পূর্ব্বং দেবালয়মার্জনাদি· প্রকরণে স্থানশুদ্ধিঃ শঙ্খপ্রতিষ্ঠাশেষেচ শঙ্খোদকাদিনা দ্রব্যশুদ্ধির্লিখিতা ইতি। অনেন প্রকারেণ ভেদোঽত্রায়ং জ্ঞেয়ঃ। প্রক্ষালনাদিনা শ্রীমূর্ত্তিশুদ্ধিঃ শোধনপ্রোক্ষণাদিনা দ্রব্যশুদ্ধিরব্যগ্রত্বেন চাত্মশুদ্ধিরভিব্যঞ্জিতৈব। তত্রচ আত্মতত্ত্বায় নমঃ বিদ্যাতত্ত্বায় .নমঃ শ্রীভগবত্তত্ত্বায় নম ইত্যুক্ত্বা প্রোক্ষণীপাত্রনিহিতেন কিঞ্চিদভিমন্ত্রিতশঙ্খজলেন তুলসীদলগৃহীতেন স্বমূর্দ্ধন্যভিষেকং কুর্য্যাদিত্যেবমাত্মশুদ্ধিং কেচিন্মন্যন্তে। স্থানশুদ্ধিশ্চ সংমার্জনালেপনাদিনা বেদিকামণ্ডলনির্ম্মাণাদিনা.চ। তথাচোক্তং শ্রীরামার্চ্চনচন্দ্রিকায়াং। বিলিপ্য বেদিকাং সম্যঙ্মণ্ডলং তত্র কারয়েৎ। রক্তৈস্তণ্ডুলচূর্ণৈশ্চ নীল-পীত·সিতাসিতৈঃ। লিখেদষ্টদলং পদ্মং চতুরস্রং সমাবৃতং। ষট্‌কোণং কর্ণিকামধ্যে কোণাগ্রে বৃত্তসংবৃতং। সাধ্যমেব ততঃ শোভা রেখাভিরুপশোভিতং। সংপূজ্য মণ্ডলঞ্চৈব তত্র সিংহাসনং ন্যসেৎ। চন্দ্রাতপপতাকৈশ্চ তোরণৈরপি সর্ব্বতঃ। চিত্রিতং তত্র তত্রাপি ভিত্তিস্তম্ভস্থলাদিম্বিতি। এতচ্চ কেষাঞ্চিন্মতে শ্রীরঘুনাথপূজাবিষয়ং। ক্রমদীপিকাকারাদিমতে চ দীক্ষাবিধিবিষয়মেবেতি। মন্ত্রশুদ্ধিশ্চ অস্ত্রমন্ত্রেণ মন্ত্রশুদ্ধিং পরিকল্পয়ামীত্যেবং। চিত্তশুদ্ধিশ্চ চিন্তান্তরপরিত্যাগাদি· নেত্যেবং ষট্‌শুদ্ধয়ঃ। তাশ্চ সর্ব্বা এব পরিপাল্যা বৈষ্ণবৈঃ কিন্তু নিজসম্প্রদায়ানুসারেণেত্যর্থঃ ॥ ৭ ॥

প্রকার মূর্ত্তি সংস্কার করাতে এক প্রকার আত্মশুদ্ধি হয়। দ্বিতীয় আত্মশুদ্ধি চিত্তের স্থৈর্য্য সম্পাদন দ্বারা হইয়া থাকে ॥ ৬ ॥

পূর্ব্বে স্থানশুদ্ধি ও দ্রব্যশুদ্ধি লিখিয়াছি। এই প্রকার গণনা করিলে শুদ্ধি চারি প্রকার হয় ॥

শ্রীনারদ কহিয়াছেন ॥

পুষ্পদ্বারা জল লইয়া সমুদায় পূজা সামগ্রীর উপর প্রোক্ষণ করিবে,

মলস্নানং ততঃ কুর্য্যাৎ পাত্রে দেবং বিধায় চ।
অন্যেনাপি ॥
পুষ্পাক্ষতাদিদ্রব্যাণাং কুর্য্যান্মন্ত্রাদিশোধনং।
ক্ষালনেনাম্বুলেপাদে মূর্ত্তিশুদ্ধিং সমাচরেৎ।
অব্যগ্রত্বেনাত্মশুদ্ধিং ক্ষিতিশুদ্ধিং ততশ্চরেদিতি।
মন্ত্রশুদ্ধিং পরাং চিত্তশুদ্ধিং চেচ্ছন্তি কেচন।
এবং ষট্ শুদ্ধয়ঃ পুণ্যাঃ সম্প্রদায়ানুসারতঃ ॥ ৭ ॥
অথ পীঠপূজা ॥
তাম্রাদিপীঠে শ্রীখণ্ডাদ্যালিপ্তেঽষ্টদলং লিখেৎ।
সকর্ণিকং ত্রিবৃত্তাঢ্যং পদ্মং ষোড়শকেশরং।

তাম্রাদিরচিতপীঠে শ্রীখণ্ডং চন্দনং তদাদিনা আলিপ্তে অষ্টদলং ষোড়শকেশরং

তাহার পর পাত্রে দেবতাকে রাখিয়া মলস্নান করাইবে ॥

অন্য মহাত্মাও কহিয়াছেন ॥

পুষ্প ও আতপ তণ্ডুলাদি দ্রব্য সকলের শোধন, মন্ত্রাদি দ্বারা করিবে, জল ও চন্দন দ্বারা ক্ষালন করিয়া প্রতিমার শোধন করিবে। চিত্ত স্থির করিয়া আত্মশুদ্ধি, তাহার পর স্থানশুদ্ধি করিবে। এই স্থলে কেহ কেহ মন্ত্রশুদ্ধি ও চিত্তশুদ্ধিরও বিধান করেন। এই প্রকারে সম্প্রদায় অনুসারে শুদ্ধি ছয় প্রকার, ঐ ছয় প্রকার শুদ্ধিই পবিত্র-কারক ॥

তাৎপর্য্য। বৈষ্ণব ব্যক্তি ছয় প্রকার শুদ্ধিই করিবেন, কিন্তু নিজ সম্প্রদায়ের আচার পরিপালন করিতে হইবে অর্থাৎ যে সম্প্রদায়ে যেরূপ আচার আছে তাহার অনুগামী হইতে হইবে ॥ ৭ ॥

অথ পীঠপূজা ॥

তাম্রাদিনির্ম্মিত পীঠে অর্থাৎ তাম্রটাটে চন্দনাদি লেপন করিয়া তাহাতে চতুর্দ্বার বিভূষিত চতুষ্কোণের মধ্যে অষ্টদলে, ষোড়শ কেশর

সদলাগ্রং চতুষ্কোণং চতুর্দ্বার-বিভূষিতং।
পূজাযন্ত্রং সমুদ্ধৃত্য পীঠার্চ্চাং তত্র সাধয়েৎ ॥ ৮ ॥
পীঠে ভগবতো বামে শ্রীগুরূন্ গুরুপাদুকাং।
নারদাদীন্ পূর্ব্বসিদ্ধান্ যজেদন্যাংশ্চ বৈষ্ণবান্ ॥ ৯ ॥
দক্ষিণে চার্চ্চয়েদ্দুর্গাং গণেশঞ্চ সরস্বতীং।
তত্র প্রাগ্ লিখিতন্যাসস্যানুসারেণ পূজয়েৎ ॥ ১০ ॥

সকর্ণিকং বৃত্তত্রয়যুক্তং দলাগ্রসহিতঞ্চ পদ্মং লিখেৎ। এবং পূজাযন্ত্রং সম্যক্ উদ্ধৃত্য অঙ্কয়িত্বা তত্র তস্মিন্ যন্ত্রে পীঠস্য অর্চ্চাং পূজাং সাধয়েৎ নিষ্পাদয়েৎ তত্র চার্ঘ্যজলেনাভ্যুক্ষ্য কুর্য্যাদিতি সদাচারতো জ্ঞেয়ং ॥ ৮ ॥

ভগবতো বাম ইতি বায়ুকোণাদীশানকোণপর্য্যন্তদেশে ইত্যর্থঃ। শ্রীগুরূন্ নিজগুরু-পরমগুরু-পরাপরগুরু-মহাগুরু-পরমেষ্ঠিগুরূন্ যজেৎ। কচিচ্চ শ্রীগুরু-পরমগুরু-পরমেষ্ঠি-গুরু-পরাৎপরগুরূনিতি। প্রয়োগঃ। শ্রীগুরুভ্যো নম ইত্যাদিঃ। কেচিদত্রাদ্যাক্ষরবিন্দু-সহিতং বীজত্বেনাদৌ প্রযুঞ্জতে গুং গুরুভ্যো নম ইতি। তথা গুরুপাদুকাশ্চ শ্রীনারদাদীংশ্চ পূর্ব্বসিদ্ধান্ অন্যাংশ্চাধুনিকান্ ভাগবতান্ যজেৎ। প্রয়োগঃ ওঁ। শ্রীগুরুপাদুকাভ্যো নম ইত্যাদিঃ ॥ ৯ ॥

ভগবতো দক্ষিণে চ ভাগে দুর্গাদীনর্চ্চয়েৎ। তত্তৎপরিচ্ছদাদিসমেতানিতি জ্ঞেয়ং। ততস্তদনন্তরং প্রাক্ পূর্ব্বং পীঠন্যাসে লিখিতস্য ন্যাসস্য পীঠন্যাসস্যানুসারেণেতি যত্র যস্য পূজা যেন ক্রমেণ লিখিতাস্তি তথৈব পুষ্পাদিনা তাং কুর্য্যাদিত্যর্থঃ ॥ ১০ ॥

বৃত্তত্রয় সংযুক্ত কর্ণিকার সহিত দলাগ্র সমন্বিত পদ্ম লিখিবে। ঐ প্রকার পূজামন্ত্র লিখিয়া তাহাতে পীঠপূজা করিবে ॥ ৮ ॥

পীঠে ভগবানের বামে শ্রীগুরুপরম্পরা অর্থাৎ নিজগুরু, পরমগুরু, পরাপরগুরু, মহাগুরু ও পরমেষ্ঠিগুরু, তথা গুরুপাদুকা, নারদাদি প্রাচীন সিদ্ধ ও অন্যান্য আধুনিক বৈষ্ণবদিগের পূজা করিবে ॥ ৯ ॥

দক্ষিণে দুর্গা, গণেশ ও সরস্বতী ইহাঁদিগকে বিশেষ বিশেষ পরিচ্ছদের, সহিত পূজা করিবে। এই সকল পূজা পূর্ব্ব লিখিত ন্যাসানুসারেই করিতে হইবে ॥ ১০ ॥

মধ্যে আধারশক্ত্যনদীন্ ধর্ম্মাদীংশ্চ বিদিক্ষ্বথ।
অধর্ম্মাদীংশ্চতুর্দ্দিক্ষ্বনন্তাদীন্ মধ্যতঃ পুনঃ।
শক্তী র্নবাষ্টপত্রেষু কর্ণিকায়াঞ্চ পূজয়েৎ।

তদেব বিশেষ্য দর্শয়তি মধ্যে ইতি দ্বাভ্যাং। পীঠমধ্যে আধারশক্ত্যাদীন্ পূজয়েৎ। আদিশব্দেন প্রকৃতি--কূর্ম্মানন্ত--পৃথিবী--ক্ষীরসমুদ্র--শ্বেতদ্বীপ--রত্নমণ্ডপ--কল্পবৃক্ষাঃ। অত্রচ পূর্ব্ববদেব ক্ষীরসমুদ্রাদিস্থানে তত্তৎপরিবর্ত্তেন শ্রীমথুরাদ্যা একান্তিভিঃ পূজ্যা ইতি বোদ্ধব্যং। প্রয়োগঃ। ওঁ আধারশক্তয়ে নম ইত্যাদিঃ। এবমগ্রেঽপি। অথানন্তরং বিদিক্ষু কোণেষু ধর্ম্মাদীন্ পূজয়েৎ। আদিশব্দেন জ্ঞানবৈরাগৈশ্বর্য্যাণি। চতুর্দ্দিক্ষু পূর্ব্বাদিদিক্‌চতুষ্টয়ে অধর্ম্মাদীন্ পূজয়েৎ। আদিশব্দেনাজ্ঞানাবৈরাগ্যানৈশ্বর্য্যাণি। পুনশ্চ পীঠমধ্যএব অনন্তাদীন্ পূজয়েৎ। অদিশব্দেন পদ্ম--সূর্য্যমণ্ডল--সোমমণ্ডল--বহ্নিমণ্ডলানি সত্ত্বরজস্তমাংসি আত্মান্তরাত্ম-পরমাত্ম-জ্ঞানাত্মানশ্চ। অষ্টসু পত্রেষু পূর্ব্বাদিদলক্রমেণ কেশরমধ্যে বিমলাদ্যষ্টশক্তীঃ কর্ণিকায়াং চানুগ্রহাং শক্তিং পূজয়েদিত্যর্থঃ। শক্তয়শ্চ। বিমলোৎকর্ষিণী জ্ঞানা ক্রিয়া যোগা প্রহ্বী সত্যেশানা ইত্যষ্ট নবমী চানুগ্রহেতি। যথোদিতমিতি সূর্য্যাদি-

মধ্যস্থলে আধারশক্তি প্রভৃতির অর্থাৎ আধারশক্তি, প্রকৃতি, কূর্ম্ম, অনন্ত, পৃথিবী, ক্ষীরসমুদ্র, শ্বেতদ্বীপ, রত্নমণ্ডপ ও কল্পবৃক্ষ। কোণ সকলে ধর্ম্ম প্রভৃতির অর্থাৎ ধর্ম্ম, জ্ঞান, বৈরাগ্য ও ঐশ্বর্য্য। চতুর্দ্দিকে অধর্ম্মাদি অর্থাৎ অধর্ম্ম, অজ্ঞান, অবৈরাগ্য ও অনৈশ্বর্য্য। তার মধ্যস্থলে অনন্তাদি অর্থাৎ অনন্ত, পদ্ম, সূর্য্যমণ্ডল, চন্দ্রমণ্ডল, অগ্নিমণ্ডল, সত্ত্ব, রজঃ, তমঃ, আত্মা, অন্তরাত্মা, পরমাত্মা ও জ্ঞানাত্মার এবং অষ্টপত্রে ও কর্ণিকায় নবশক্তির ক্রমান্বয়ে পূজা করিবে। আর উহার উপরি ভাগে যথোক্ত প্রকারে পীঠ মন্ত্রের অর্থাৎ সেই সেই বীজের সহিত সূর্য্যাদি মণ্ডলের এবং সেই সেই আদ্য অক্ষরের সহিত সত্ত্বাদির এবং ভুবনেশ্বরী (হ্রীং) বীজের সহিত জ্ঞানাত্মার পূজা করিবে॥

প্রয়োগ যথা। আধারশক্তয়ে নমঃ। ইত্যাদি। তথা। ওঁ অং সূর্য্যমণ্ডলায় নমঃ। ওঁ উং সোমমণ্ডলায় নমঃ। ওঁ বং বহ্নিমণ্ডলায় নমঃ

তথা তদুপরিষ্টাচ্চ পীঠমন্ত্রং যথোদিতং ॥ ১১ ॥
তৎপীঠে মূলমন্ত্রেণ শ্রীমূর্ত্তিং স্থাপয়েদথ।
পুষ্পাঞ্জলিং গৃহীত্বেষ্টদেবরূপং বিচিন্তয়েৎ ॥ ১২ ॥
ততশ্চ মূলমন্ত্রেণ ক্ষিপ্ত্বা পুষ্পাঞ্জলিত্রয়ং।
নিজেষ্টদেবমূর্ত্তেশ্চ পরমৈক্যং বিভাবয়েৎ ॥ ১৩ ॥
অথাবাহনাদীনি ॥
ততো দেবার্চ্চনে প্রৌঢ়পাদতায়া নিষেধনাৎ।
ভূমৌ নিহিতপাদঃ সন্ কুর্য্যাদাবাহনাদিকং।

মণ্ডলং তত্তদ্বীজাক্ষরেণ সহ সত্বাদীন্ তত্তদাদ্যাক্ষরৈঃ সহ জ্ঞানাত্মানঞ্চ ভুবনেশ্বরীবীজেন সহ পূর্ব্ববৎ পূজয়েদিত্যর্থঃ। তত্র প্রয়োগঃ। ওঁ অং সূর্য্যমণ্ডলায় নমঃ। ওঁ উং সোমমণ্ডলায় নমঃ। ওঁ অং বহ্নিমণ্ডলায় নমঃ। ওঁ সং সত্বায় নমঃ ইত্যাদি। ওঁ হ্রীং জ্ঞানাত্মনে নমঃ ইতি চ ॥ ১১ ॥

তস্মিন্ পূজিতে পীঠে ॥ ১২ ॥

নিজেষ্টদেবস্য মূর্ত্তেশ্চ পীঠস্থাপিতভগবৎপ্রতিকৃতেঃ। পরমং অত্যন্তং ঐক্যং অভিন্নত্বং সঞ্চিন্তয়েৎ ॥ ১৩ ॥

প্রৌঢ়পাদতালক্ষণমাদৌ লিখিতমেবাস্তি। আদিশব্দেন সংস্থাপনাদি। তচ্চাগ্রে

ওঁ সং সত্ত্বায় নমঃ। অপর। ওঁ হ্রীঁ জ্ঞানাত্মনে নমঃ। ইত্যাদি ॥ ১১ ॥

তাহার পর মূলমন্ত্র উচ্চারণ করিয়া ঐ পীঠে শ্রীমূর্ত্তি স্থাপন করিবে। পুষ্পাঞ্জলি গ্রহণ করিয়া ইষ্টদেবতারূপ ভাবনা করিবে ॥ ১২ ॥

অনন্তর মূলমন্ত্র পাঠ করত, তিন বার পুষ্পাঞ্জলি প্রদান করিয়া ভাবনা করিবে। নিজ ইষ্টদেবতা ও প্রতিমা এই দুই এক, অর্থাৎ ইহাঁদের পরস্পর ভিন্নতা নাই ॥ ১৩ ॥

অথ আবাহনাদি বিধি ॥

অনন্তর ভূমিতে পদ রাখিয়া আবাহনাদি করিবে, কারণ পূজাকার্য্যে প্রৌঢ়পাদ হইবার নিষেধ আছে ॥

যচ্চাবাহ্যমধিষ্ঠানং তত্ৰাবাহনমাচরেৎ।
শালগ্রামস্থাপনে চ নাবাহনবিসর্জনে।
তথা চোক্তং॥
উদ্বাসাবাহনে ন স্তঃ স্থাবরে বৈ যথা তথা।
শালগ্রামার্চ্চনে নৈব হ্যাবাহনবিসর্জনে।
শালগ্রামেতু ভগবানাবির্ভূতো যথা হরিঃ।
ন তথান্যত্র সূর্য্যাদৌ বৈকুণ্ঠেঽপিচ সর্ব্বগঃ॥ ১৪॥
অথাবাহনাদিবিধিঃ॥
আবাহনাদিমুদ্রাশ্চ সংদর্শ্যাবাহনং বুধঃ।
তথা সংস্থাপনং সন্নিধাপনং সন্নিরোধনং।

ব্যক্তং ভাবি। আবাহ্যং আবাহনযোগ্যং অস্থিরাদি। তত্র তস্মিন্ অধিষ্ঠানে আবাহনং বিসর্জনঞ্চ নাচরেৎ। যদ্যপি মূর্ত্ত্যর্চ্চাবিধিরুচ্যতে ইতি পূর্ব্বলিখনাচ্ছ্রীমূর্ত্তিপূজৈব প্রস্তুতাস্তি তথাপ্যাবাহনাদিপ্রসঙ্গেঽস্মিন্ শালগ্রামাবাহননিষেধাদিকং লিখিতমতি দিক্॥ ১৪॥
আবাহনাদিকরণপ্রকারমেব লিখতি। আবাহনাদিতি দ্বাভ্যাং। আবাহনাদিমুদ্রা আদৌ সম্যক্ দর্শয়িত্বা পশ্চাদাবাহনং তথা সংস্থাপনাদিকঞ্চ বুধো যথাবিধি কুর্য্যাদিতি

যে যে অধিষ্ঠানে আবাহন করিতে পারা যায়, সেই সেই অধিষ্ঠানেই আবাহন করিবে। শালগ্রাম স্থাপনে আবাহন বা বিসর্জন নাই॥

এই বিষয় উক্ত হইয়াছে॥

স্থাবর প্রতিমায় যেমন আবাহন বিসর্জন নাই, তেমনি শালগ্রামশিলাতেও আবাহন বিসর্জন নাই॥

সর্ব্বগামী ভগবান্ হরি শালগ্রামে যে প্রকার আবির্ভূত হয়েন, সূর্য্যাদি অন্যান্য অধিষ্ঠানে কিম্বা বৈকুণ্ঠেও তদ্রূপ হয়েন না॥ ১৪॥

অথ আবাহনাদির বিধি॥

পণ্ডিত ব্যক্তি আবাহনাদি মুদ্রা সম্যক্ প্রকারে দর্শন করাইয়া যথাবিধানে আবাহন এবং সংস্থাপন, সন্নিধাপন, সন্নিরোধন, সকলী-

সকলীকরণং চাবগুণ্ঠনঞ্চ যথাবিধি।
অমৃতীকরণং কুর্য্যাৎ পরমীকরণং তথা ॥ ১৫ ॥
তথাবাহনাদ্যর্থঃ। আগমে ॥
আবাহনঞ্চাদরেণ সংমুখীকরণং প্রভোঃ।
ভক্ত্যা নিবেশনং তস্য সংস্থাপনমুদাহৃতং।
তবাস্মীতি তদীয়ত্বদর্শনং সন্নিধাপনং।
ক্রিয়াসমাপ্তিপর্য্যন্তং স্থাপনং সন্নিরোধনং।

দ্বয়োরন্বয়ঃ। বিধিশ্চায়ং। শ্রীকৃষ্ণ ইহাবহ ইহাবহ ইহ সম্যক্ তিষ্ঠ তিষ্ঠ ইহ সন্নিধেহি ইহ সন্নিধেহি ইহ সন্নিরুধ্যস্ব ইহ সন্নিরুধ্যস্ব ইহ সকলীকুরু ইহ সকলীকুরু ইহাবগুণ্ঠস্ব ইহাবগুণ্ঠস্ব ইহ পরমীকুরু ইহ পরমীকুরু ইতি ক্রমাদ্ ব্রূয়াদিতি। আবাহনাদ্যষ্ট মুদ্রাশ্চাগ্রে লেখ্যাঃ। কেচিচ্চাহুঃ ক্রমেণ মুদ্রাঃ প্রদর্শয়ন্ তত্র ক্রমেণ তত্তদ্ ব্রূয়াদিতি ॥ ১৫ ॥
তস্য প্রভোঃ সর্ব্বাঙ্গস্য প্রকাশনমভিব্যঞ্জনং সকলীকরণং। কেচিচ্চ অঙ্গৈরেবাঙ্গবিন্যাসং

করণ, অবগুণ্ঠন, অমৃতীকরণ ও পরমীকরণ করিবেন ॥

বিধি যথা—"শ্রীকৃষ্ণ ইহ আবহ ইহ আবহ, ইহ সম্যক্ তিষ্ঠ ইহ সম্যক্ তিষ্ঠ, ইহ সন্নিধেহি ইহ সন্নিধেহি, ইহ সন্নিরুধ্যস্ব, ইহ সন্নিরুধ্যস্ব, ইহ সকলীকুরু ইহ সকলীকুরু, ইহ অবগুণ্ঠস্ব ইহ অবগুণ্ঠস্ব, ইহ পরমী কুরু ইহ পরমীকুরু" ॥

কেহ কেহ বলেন অগ্রে একেবারে আবাহনাদি অষ্ট মুদ্রা প্রদর্শন করিয়া পরে ক্রমান্বয়ে আবাহনাদি করিবে। অন্যে বলেন আবাহনাদির সঙ্গেই তত্তৎ মুদ্রা প্রদর্শন করিবে ॥ ১৫ ॥

আবাহনাদির অর্থ—

আগমে ॥

আদর পূর্ব্বক প্রভুকে অভিমুখীকরণের নাম আবাহন। ভক্তি পূর্ব্বক তাঁহাকে স্থাপন করা, সংস্থাপন। "তবাস্মি" অর্থাৎ আমি তোমার, এই বলিয়া আপনাকে তাঁহার দাসত্ব প্রদর্শন করা সন্নিধা-

সকলীকরণঞ্চোক্তং তৎ সর্ব্বাঙ্গপ্রকাশনং।
আনন্দঘনতাত্যন্তপ্রকাশো হ্যবগুণ্ঠনং।
অমৃতীকরণং সর্ব্বৈরেবাঙ্গৈরবরুদ্ধতা।
পরমীকরণং নামাভীষ্টসম্পাদনং পরং॥ ১৬॥
অথাবাহনমাহাত্ম্যং নারসিংহে॥
আগচ্ছ নরসিংহেতি আবাহ্যাক্ষতপুষ্পকৈঃ।
এতাবতাপি রাজেন্দ্র সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে ইতি।
ন্যস্যেদ্যথা সম্প্রদায়ং দেবেঽঙ্গাদীনি পূর্ব্ববৎ।
শঙ্খচক্রাদিকাশ্চাথ মুদ্রা বিদ্বান্ প্রদর্শয়েৎ।

সকলীকরণং বিহ্বরিতি বচনাপেক্ষয়া শ্রীমদঙ্গেষু মন্ত্রাঙ্গন্যাসং সকলীকরণং মন্যন্তে। তন্মতে চাবাহনাদি চতুষ্টয়মাদৌ কৃত্বা পশ্চাদঙ্গন্যাসং বিধায় ততোঽবগুণ্ঠনাদিকং কুর্য্যাদিতি॥ ১৩॥

দেবে শ্রীভগবন্মূর্ত্তৌ মন্ত্রস্যাঙ্গাদীনি ন্যস্তেৎ। আদিশব্দেনাক্ষরাদি। পূর্ব্ববদিতি

পন। যতক্ষণ ক্রিয়া শেষ না হয়, ততক্ষণ পর্য্যন্ত স্থাপন করা সন্নিধাপন। তাঁহার সর্ব্বাঙ্গ প্রকাশ করা, সকলীকরণ। সাতিশয় নিবিড় আনন্দ প্রকাশের নাম অবগুণ্ঠন। সমুদায় অঙ্গ দ্বারাই অবরুদ্ধ করার নাম অমৃতীকরণ। অভীষ্ট সম্পাদন, পরমীকরণ॥ ১৬॥

অথ আবাহনের মাহাত্ম্য—

নৃসিংহপুরাণে॥

"নরসিংহ আগচ্ছ" এই বলিয়া আতপ-তণ্ডুল ও পুষ্প দ্বারা আবাহন করিবে। হে রাজেন্দ্র! কেবল এই আবাহন করিলেই সমস্ত পাপ হইতে মুক্ত হইবে॥

পূর্ব্বে যেরূপ উপদেশ করা গিয়াছে, পণ্ডিত ব্যক্তি সেইরূপে সম্প্রদায় অনুসারে দেবতার অঙ্গাদি ন্যাস করিবেন এবং শঙ্খ চক্রাদি মুদ্রাও দেখাইবেন॥

তথাচ তন্ত্রসারে ॥

আবাহনাদিমুদ্রাশ্চ দর্শয়িত্বা ততঃ পুনঃ।
অঙ্গন্যাসঞ্চ দেবস্য কৃত্বা মুদ্রাঃ প্রদর্শয়েৎ ॥

অথ মুদ্রাঃ ॥

আগমে ॥

আবাহনীং স্থাপনীঞ্চ তথান্যাং সন্নিধাপনীং।
সংনিরোধকরীং চান্যাং সকলীকরণীং পরাং।
তথাবগুণ্ঠনীং পশ্চাদমৃতীকরণীং তথা।
পরমীকরণীং চান্যাং প্রাগষ্টৌ দর্শয়েদিমাঃ।
শঙ্খং চক্রং গদাং পদ্মং মুষলং শার্ঙ্গমেব চ।
খড়্গং পাশাঙ্কুশৌ তদ্বদ্বৈনতেয়ং তথৈব চ।
শ্রীবৎসকৌস্তুভৌ বেণুমভীতিবরদৌ তথা।

যত্র যস্য ন্যাসো লিখিতোঽস্তি তথৈব কুর্য্যাদিত্যর্থঃ। এতচ্চ পূর্ব্বং স্বস্মিন্ পঞ্চাঙ্গাদিন্যাস-প্রসঙ্গে তথা ধ্যানানন্তরমন্তর্যাগে পীঠপূজামনু স্বহৃদি চিন্তিতশ্রীভগবন্মূর্ত্তৌ ন্যাসপ্রসঙ্গে চ লিখিতমস্ত্যেব। দেবাঙ্গেষু মন্ত্রাদিন্যাসো নাম দেবেন সহ মন্ত্রস্যৈক্যাপাদনায়েতি পূর্ব্বং লিখিতমেব ॥ ১৭ ॥

অতএব তন্ত্রসারে ॥

আবাহনাদি মুদ্রা সকল প্রদর্শন করিয়া, তাহার পর দেবতার অঙ্গে অঙ্গ ন্যাস করিয়া মুদ্রা সকল দেখাইবে ॥

অথ মুদ্রা সকল আগমে ॥

মন্ত্রী ব্যক্তি কৃষ্ণপূজায় আবাহনী, স্থাপনী, সন্নিধাপনী, সন্নিরোধনী, সকলীকরণী, অবগুণ্ঠনী, অমৃতীকরণী ও পরমাকরণী, প্রথমত এই অষ্ট মুদ্রা দর্শন করাইবেন। পরে শঙ্খ, চক্র, গদা, পদ্ম, মুষল, শার্ঙ্গ, খড়্গ, পাশ, অঙ্কুশ, গরুড়, শ্রীবৎস, কৌস্তুভ, বেণু, অভয়, বর ও বনমালা,

বনমালাং তথা মন্ত্রী দর্শয়েৎ কৃষ্ণপূজনে।
মুদ্রা চাপি প্রয়োক্তব্যা নিত্যং বিল্বফলাকৃতিঃ।
ইত্যেতাশ্চ পুনঃ সপ্তদশ মুদ্রাঃ প্রদর্শয়েৎ।
গন্ধদিগ্ধৌ করৌ কৃত্বা মুদ্রাঃ সর্ব্বত্র যোজয়েৎ।
যোঽন্যথা কুরুতে মূঢ়ো ন সিদ্ধঃ ফলভাগ্‌ভবেৎ ॥ ১৭ ॥
অথ মুদ্রামাহাত্ম্যং। অগস্ত্যসংহিতায়াং ॥
এতাভিঃ সপ্তদশভি র্মুদ্রাভিস্তু বিচক্ষণঃ।
যো বৈ মামর্চ্চয়েন্নিত্যং মোহয়েৎ স সুরেশ্বরং।
দ্রাবয়েদপি বিপ্রেন্দ্র ততঃ প্রার্থিতমাপ্নুয়াৎ ॥ ১৮ ॥
ক্রমদীপিকায়াঞ্চ বিল্বমুদ্রামধিকৃত্য ॥
মনো-বাণী-দেহৈ র্যদিহ বপুষা বাপি বিহিত-

সুরেশ্বরং ইন্দ্রং দ্রাবয়েৎ স্বর্গাচ্চ্যাবয়েদপি। এবং ততস্তাভ্যো মুদ্রাভ্যো নিজাভীষ্টং প্রাপ্নুয়াৎ। যদ্বা। সুরেশ্বরং ভগবন্তং শ্রীরামমেব ততশ্চ দ্রাবয়েদিতি বৈকুণ্ঠান্নিজপার্শ্বং দ্রুতং প্রাপয়েৎ। দ্রুতহৃদয়ং কুর্য্যাদিতি বা। ততস্তদনন্তরং তস্মাদ্বা সুরেশ্বরাদিতি ॥ ১৮ ॥
অসৌ নর ইমাং বিল্বাখ্যাং মুদ্রাং জানন্ এতৎ দুষ্কৃতনিচয়ং পাপসমূহং অখিলং নিঃ-

এই সকল মুদ্রা প্রদর্শন করিবেন। বিল্বফলাকৃতি মুদ্রা নিত্য প্রয়োগ করা উচিত। পুনর্ব্বার এই সপ্তদশ মুদ্রা প্রদর্শন করিবেন, সর্ব্ব প্রদর্শন কার্য্যেই হস্তদ্বয় চন্দনলিপ্ত করিয়া প্রয়োগ করিবেন। যে মূঢ় অন্য প্রকার করে সে সিদ্ধ হয় না এবং ফললাভ করিতে পারে না ॥ ১৭ ॥

অথ মুদ্রা মাহাত্ম্য। অগস্ত্যসংহিতায় ॥

যে বিচক্ষণ ব্যক্তি এই সপ্তদশ মুদ্রা দ্বারা নিত্য আমার পূজা করেন, হে বিপ্রেন্দ্র! তিনি ইন্দ্রকে মোহিত ও বিচলিতও করিতে পারেন, পরে অভিলষিত বিষয় প্রাপ্ত হয়েন ॥ ১৮ ॥

ক্রমদীপিকাতেও বিল্বমুদ্রা উদ্দেশ করিয়া ॥

অজ্ঞান বশতই হউক, আর জ্ঞান বশতই হউক, সংসারে মন, বাক্য

মমত্যা মত্যা বা তদখিলমসৌ দুষ্কৃতচয়ং।
ইমাং মুদ্রাং জানন্ ক্ষপয়তি নরস্তং সুরগণা
নমন্ত্যস্যাধীনা ভবতি সততং সর্ব্বজনতা ॥ ১৯ ॥

শেষঃ ক্ষপয়তি বিনাশয়তি। কং যং মনোবাক্ কায়ৈঃ ইহ অস্মিন্ জন্মনি পুরা পূর্ব্বজন্মনি চ অমত্যা অজ্ঞানেন মত্যা বা জ্ঞানেন বিহিতং। দিবারাত্রিবিহিতমিতি পাঠে দিনে রাত্রৌ চ কৃতং। যত্তদোর্নপুংসকত্বং মহাকবিস্বাতন্ত্র্যাদব্যয়ত্বাদ্বা। যদ্বা যৎ যস্মাৎ ক্ষপয়তি তত্তস্মান্নমন্তীত্যন্বয়ঃ। মুদ্রালক্ষণানি চ গুহ্যত্বান্ন লিখিতানি। তথা চোক্তং। গুরুং প্রকাশয়েদ্বিদ্বান্মন্ত্রং নৈব প্রকাশয়েৎ। অক্ষমালাঞ্চ মুদ্রাঞ্চ গুরোরপি ন দর্শয়েদিতি। অত্র চ। তদ্বিজ্ঞানার্থমুদ্দিশ্যন্তে। তথা চাগমে। সম্যক্ সংপূটিতৈঃ পুষ্পৈঃ করাভ্যাং কল্পিতোঽঞ্জলিঃ। আবাহনী সমাখ্যাতা মুদ্রা দেশিকসত্তমৈঃ। ১। অধোমুখীকৃতৈঃ সৈর্ব্বঃ স্থাপনীতি নিগদ্যতে। ২। আশ্লিষ্টমুষ্টিযুগলা প্রোন্নতাঙ্গুষ্ঠযুগ্মকা। সন্নিধানে সমুদ্দিষ্টা মুদ্রেয়ং তন্ত্রবেদিভিঃ। ৩। অঙ্গুষ্ঠগর্ভিণী সৈব সন্নিরোধে সমীরিতা। ৪। অঙ্গৈরেবাঙ্গ

দেহ এবং সর্ব্ব শরীর দ্বারা যে পাপ করাযায়, মনুষ্য এই মুদ্রা জানিতে পারিলে, তিনি সমুদায় পাপ নাশ করিতে সমর্থ হয়েন। দেবগণ ইহাঁকে নমস্কার করেন এবং লোক সমুদায় ইহাঁর বশীভূত হইয়া থাকে॥

তাৎপর্য্য। মুদ্রা সকল গুরুকেও প্রকাশ করিবে না, এ কারণ গ্রন্থকার ঐ সকল মুদ্রার লক্ষণ বলেন নাই। জ্ঞাতার্থ লক্ষণ সকল বিস্তার করিতেছি। যথা তন্ত্রে॥

সময়ে তাঁহার প্রীতি সাধন করে ॥

নৃত্য ও বাদ্যের অভাব হইলে পুস্তক পাঠ করিবে । হে পুত্র ! পূজার সময়ে ইহা সর্ব্বদা প্রীতি সাধন করে ॥

হে মুনিশ্রেষ্ঠ ! শ্রীকৃষ্ণের পূজাকালে পুস্তকের অভাব হইলে বিষ্ণু-সহস্র নাম, স্তবরাজ, গজেন্দ্রমোক্ষণ, গীতাস্তোত্র ও অনুস্মৃতি, এই পঞ্চ স্তব হরির অতিশয় প্রীতি সাধন করে ॥

হরির পূজাকালে গীত বাদ্য না করিয়া মহতী ভক্তি সহকারে সর্ব্বদা বিষ্ণুর সহস্র নাম পাঠ করিবে ॥ ৭১ ॥

দ্বারকামাহাত্ম্যে ॥

যে ব্যক্তি শ্রীকৃষ্ণের স্নানকালে জয় শব্দ উচ্চারণ করেন, করতালি সহকারে গীত ও নৃত্য করেন এবং উন্মত্তের ন্যায় যথেচ্ছ হাস্য করেন,

উন্মত্তচেষ্টাং কুর্ব্বাণো হসন্ জল্পন্ যথেচ্ছয়া।
নোত্তানশায়ী ভবতি মাতুরঙ্কে নরেশ্বর ॥ ৭২ ॥
অথ সহস্রনামমাহাত্ম্যং ॥
তত্রৈব ॥
স্নানকালে তু দেবস্য পঠেন্নাম সহস্রকং।
প্রত্যক্ষরং লভেৎ পুণ্যং কপিলাগোশতোদ্ভবং ॥
বিষ্ণুধর্ম্মোত্তরে ॥
কৃত্বা নাম সহস্রেণ স্তুতিং তস্য মহাত্মনঃ।
বিয়োগমাপ্নোতি নরঃ সর্ব্বানর্থৈর্ন সংশয়ঃ ॥
স্কান্দে শ্রীব্রহ্মনারদসম্বাদে ॥
বিষ্ণোর্নাম সহস্রস্তু পূজাকালে পঠন্তি যে।
বেদানাঞ্চৈব পুণ্যানাং ফলমাপ্নোতি মানবঃ।

মাতুরঙ্কে উত্তানশায়ী ন ভবতি মুক্তো ভবতীত্যর্থঃ ॥ ৭২ ॥
মানবঃ প্রাপ্নোতি অন্তে মানবাঃ প্রাপ্নুবন্তীত্যর্থঃ। স্তবং লিখিতমিতি নপুংসকত্বমার্ষং॥৭৬

ও কথা কহেন, হে মহারাজ! তাঁহাকে আর মাতৃক্রোড়ে উত্তান অর্থাৎ চিৎ হইয়া শয়ন করিতে হয় না ॥ ৭২ ॥

অথ সহস্রনামের মাহাত্ম্য ॥

ঐ দ্বারকামাহাত্ম্যগ্রন্থে ॥

শ্রীকৃষ্ণের স্নানকালে সহস্রনাম পাঠ করিলে প্রত্যেক অক্ষরে এক শত কামধেনু দানের ফল লাভ হয় ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে ॥

মনুষ্য সহস্র নাম দ্বারা সেই মাহাত্মার স্তব করিলে, সর্ব্ব প্রকার অনর্থ হইতে পরিত্রাণ পায়, ইহাতে সংশয় নাই ॥

স্কন্দপুরাণে শ্রীব্রহ্মনারদসম্বাদে ॥

যে মানব পূজাকালে বিষ্ণুর সহস্রনাম পাঠ করেন, তিনি সমুদায়

শ্লোকেনৈকেন দেবর্ষে সহস্রনামকস্য যৎ।
পঠিতেন ফলং প্রোক্তং ন তৎ ক্রতুশতৈরপি।
মন্ত্রহীনং ক্রিয়াহীনং যৎকৃতং পূজনং হরেঃ।
পরিপূর্ণং ভবেৎ সর্ব্বং সহস্রনামকীর্ত্তনাৎ॥
কিঞ্চ॥
জ্ঞানাজ্ঞানকৃতং পাপং পঠিত্বা বিষ্ণুসন্নিধৌ।
নাম্নাং সহস্রং বিষ্ণোস্তু প্রজহাতি মহারুজং।
ব্রহ্মহত্যাদি পাপানি কামচারকৃতান্যপি।
বিলয়ং যান্তি বৈ নূনমন্যপাপে তু কা কথা।
সিদ্ধ্যন্তি সর্ব্বকার্য্যাণি মনসা চিন্তিতানি চ।
যঃ পঠেৎ প্রাতরুত্থায় বিষ্ণোর্নামসহস্রকং॥
তত্রৈব শ্রীকৃষ্ণার্জ্জুনসম্বাদে॥

বেদ পাঠের পুণ্যভাগী হয়েন॥

হে দেবর্ষে! সহস্র নামের এক শ্লোক পাঠ করিলে যে ফল হয়, কথিত আছে, শত যজ্ঞ করিলেও সে ফল হয় না॥

হরির যে কোন পূজা মন্ত্রহীন বা ক্রিয়াহীন হয়, সহস্র নাম কীর্ত্তন করিলে সে সমস্তই সফল হইয়াথাকে॥

আরও॥

বিষ্ণুর সম্মুখে বিষ্ণুর সহস্র নাম পাঠ করিলে জ্ঞান বা অজ্ঞানকৃত পাপ এবং মহারোগ বিনষ্ট হয়॥

কামকৃত ব্রহ্মহত্যাদি পাপ সকলও নিশ্চয় দূরীভূত হয়, অন্য পাপের কথা আর কি বলিব॥

যিনি প্রাতঃকালে উত্থান করিয়া সহস্র নাম পাঠ করেন, তিনি মনোমধ্যে যে সকল কার্য্যের চিন্তা করেন, তাঁহার সে সকল কার্য্যের সিদ্ধি হয়॥

ঐ স্কন্দপুরাণেই শ্রীকৃষ্ণ ও অর্জ্জুনের সম্বাদে॥

অধীতাস্তেন বৈ বেদাঃ সুরাঃ সর্ব্বে সমর্চ্চিতাঃ।
নাম্নাং সহস্রং যোঽধীতে মুক্তিস্তস্য করে স্থিতা।
কুর্ব্বন্ পাপসহস্রাণি ভুঞ্জানোঽপি যতস্ততঃ।
পাঠেন্নামসহস্রন্তু দুর্গন্ধং ন স পশ্যতি।
উক্ত্বা নাম সহস্রন্তু নান্যো ধর্ম্মোঽস্তি কশ্চন।
কলৌ প্রাপ্তে গুড়াকেশ সত্যমেতন্ময়েরিতং।
যজ্ঞৈর্দানৈ স্তপোভিশ্চ স্তবৈঃ প্রীতি র্নমেঽর্জ্জুন।
সন্তুষ্টিস্তু ন চান্যেন বিনা নামসহস্রকং।
স্তবং নামসহস্রাখ্যং যে ন জানন্তি বৈ কলৌ।
ভ্রমন্তি তে নরা লোকে সর্ব্বধর্ম্মবহিষ্কৃতাঃ।
স্তবং নামসহস্রাখ্যং লিখিতং যস্য বেশ্মনি।
পূজ্যতে মম সান্নিধ্যে পূজাং গৃহ্লামি তস্য বৈ।

যিনি সহস্রনাম অধ্যয়ন করেন, তিনি সমস্ত বেদ অধ্যয়ন করিলেন, সমুদায় দেবতার অর্চ্চনা করিলেন এবং মুক্তি তাঁহার করতলে অবস্থিত হইল॥

যে ব্যক্তি সর্ব্বদা পাপ করিতেছে এবং যথা তথা ভোজনও করিতেছে, সে যদি সহস্র নাম পাঠ করে, তাহা হইলে তাহাকে আর নরক দর্শন করিতে হয় না॥

হে অর্জ্জুন! আমি সত্য বলিতেছি কলিযুগ সমাগত হইলে পর, সহস্র নাম পাঠ করিলে আর অন্য ধর্ম্ম না করিলেও হইবে॥

অর্জ্জুন! সহস্র নাম ব্যতীত যজ্ঞ, দান, তপস্যা ও স্তব কিছুতেই আমার প্রীতি বা তুষ্টি জন্মে না॥

কলিকালে যে সকল মনুষ্য সহস্র নাম না জানে, তাহারা সর্ব্বধর্ম্ম হইতে বহিষ্কৃত হইয়া সংসারে ভ্রমণ করে॥

যাহার গৃহে সহস্র নাম লিখিয়া আমার অগ্রে পূজা করা হয়, আমি

যস্মিন্নামসহস্রং মে গৃহে তিষ্ঠতি সর্ব্বদা।
লিখিতং পাণ্ডবশ্রেষ্ঠ তত্র নো বিশতে কলিঃ।
তস্মাত্ত্বমপি কৌন্তেয় মদ্ভক্তো মন্মনা ভব।
পঠন্নামসহস্রং মে সর্ব্বান্ কামানবাপ্স্যসি।
অহমারাধিতঃ পূর্ব্বং ব্রহ্মণা লোককর্ত্তৃণা।
ততো নাম সহস্রং মে প্রাপ্তং লোকহিতং পরং।
নারদেন ততঃ পূর্ব্বং প্রাপ্তঞ্চ পরমেষ্ঠিনঃ।
নারদেন ততঃ প্রোক্তমৃষীণামূর্দ্ধরেতসাং।
ঋষিভিস্তু মহাবাহো দেবলোকে প্রকাশিতং।
মর্ত্ত্যলোকে মনুষ্যাণাং ব্যাসেন পরিভাষিতং ॥ ৭৩ ॥
তপসোগ্রেণ মহতা শঙ্করেণ মহাত্মনা।

লঘুসহস্রনামমাহাত্ম্যমুক্ত্বা বৃহৎসহস্রনামমাহাত্ম্যং বক্ষ্যন্নাদৌ তৎপ্রবৃত্তিক্রমমাহ তপ-

তাহার পূজা গ্রহণ করি ॥

হে পাণ্ডবশ্রেষ্ঠ! যে গৃহে আমার সহস্র নাম লিখিত হইয়া সর্ব্বদা অবস্থিত থাকে, সে গৃহে কলি প্রবেশ করিতে পারে না ॥

অতএব হে কুন্তিনন্দন! তুমিও আমার ভক্ত হইয়া এবং আমাতে মনোনিবিষ্ট করিয়া সহস্র নাম পাঠ করিতে থাক, তাহা হইলে তোমার সমুদায় অভীষ্ট সিদ্ধ হইবে ॥

পূর্ব্বে লোককর্ত্তা ব্রহ্মা আমার আরাধনা করিয়াছিলেন তাহাতেই লোকের মঙ্গল সাধন আমার সর্ব্বোৎকৃষ্ট সহস্র নাম প্রাপ্ত হইয়াছেন ॥

তাহার পর নারদ ব্রহ্মার নিকট প্রাপ্ত হন, তাহার পর নারদ ঊর্দ্ধরেতা মুনিগণকে বলেন। হে মহাবাহো! ঋষিগণ আবার দেবলোকে প্রকাশ করেন। ব্যাস মর্ত্ত্যলোকে মনুষ্যদিগকে বলিয়াছেন ॥ ৭৩ ॥

মহাদেব সুকঠিন তপস্যা করিয়া আমার অনুগ্রহে অত্যন্ত গোপনীয়

মৎ প্রসাদাদনুপ্রাপ্তং গুহ্যানামুত্তমোত্তমং।
দত্তং ভবান্যৈ রুদ্রেণ নাম্নাং মে হি সহস্রকং।
বিশ্রুতং ত্রিষু লোকেষু ময়া তে পরিকীর্ত্তিতং।
অশেষার্ত্তিহরং পার্থ মম নাম সহস্রকং।
সদ্যঃ প্রীতিকরং পুণ্যং সুরাণামমৃতং যথা।
অষ্টাদশ পুরাণানাং সারমেতদ্ধনঞ্জয়।
ময়োদ্ধৃত্য সমখ্যাতং তব নাম সহস্রকং।
সহস্রনাম মাহাত্ম্যং দেবো জানাতি শঙ্করঃ।
সহস্রনাম মাহাত্ম্যং যঃ পঠেৎ শৃণুয়াদপি।
অপরাধসহস্রৈস্তু ন স লিপ্যেৎ কদাচন॥ ৭৪॥
অথ শ্রীভগবদ্গীতামাহাত্ম্যং॥
স্কান্দে অবন্তীখণ্ডে শ্রীব্যাসোক্তৌ॥

সেতি স্বাভ্যাং॥ ৭৪॥

এই সহস্র নাম স্তব প্রাপ্ত হইয়া ছিলেন। তিনি আবার ভবানীকে দিয়াছিলেন, এইরূপে আমার সহস্রনাম ত্রিলোক মধ্যে বিখ্যাত হইয়াছে, আমি তোমাকে বলিলাম॥

হে অর্জ্জুন! যেমন অমৃত দেবগণের, তেমনি আমার সহস্র নাম জীবের অশেষ ক্লেশ নাশ করে এবং তৎক্ষণমাত্রেই প্রীতি সাধন করে॥

ধনঞ্জয়! এই সহস্র নাম অষ্টাদশ পুরাণের সার, আমি উদ্ধার করিয়া তোমাকে বলিলাম, সহস্রনামের মহাত্ম্য মহাদেব জানেন॥

যিনি সহস্রনামের মাহাত্ম্য পাঠ বা শ্রবণ করেন, তিনি সহস্র অপরাধ করিলেও তাহাতে কথন লিপ্ত হইবেন না॥ ৭৪॥

অথ ভগবদ্গীতামাহাত্ম্য॥

স্কন্দপুরাণে অবন্তীখণ্ডে ব্যাসদেবের বাক্যে॥

গীতা সুগীতা কর্ত্তব্যা কিমন্যৈঃ শাস্ত্রবিস্তরৈঃ।
যা স্বয়ং পদ্মনাভস্য মুখপদ্মাদ্বিনিঃসৃতা।
সর্ব্বশাস্ত্রময়ী গীতা সর্ব্বদেবময়ী যতঃ।
সর্ব্বধর্ম্মময়ী যস্মাত্তস্মাদেতাং সমভ্যসেৎ।
শালগ্রামশিলাগ্রে তু গীতাধ্যায়ং পাঠেত্তু যঃ।
মন্বন্তরসহস্রাণি বসতে ব্রহ্মণঃ পুরে।
হত্বা হত্বা জগৎ সর্ব্বং মুষিত্বা সচরাচরং।
পাপৈর্ন লিপ্যতে চৈব গীতাধ্যায়ী কথঞ্চন।
তেনেষ্টং ক্রতুভিঃ সর্ব্বৈ র্দত্তং তেন গবাযুতং ॥ ৭৫ ॥
গীতামভ্যস্যতা নিত্যং তেনাপ্তং পদমব্যয়ং ॥ ৭৬ ॥

সুগীতা কর্ত্তব্যা শোভনপ্রকারেণ গেয়েত্যর্থঃ ॥ ৭৫ ॥

নিত্যমভ্যস্যতা যেন স্থিতমিতি শেষঃ। যদ্বা। তেন হননাদিকর্ত্রাপি গীতামভ্যস্যতা ইষ্টং দত্তং পরমং পদঞ্চ প্রাপ্তমিত্যর্থঃ ॥ ৭৬ ॥

যে গীতা স্বয়ং পদ্মনাভ শ্রীকৃষ্ণের মুখপদ্ম হইতে বহির্গতা হইয়াছেন, তাঁহাকেই সুন্দররূপে পাঠ করিবে, অন্যান্য বিবিধ শাস্ত্রের প্রয়োজন নাই ॥

গীতা সর্ব্বশাস্ত্রময়ী, সর্ব্ববেদময়ী এবং সর্ব্বধর্ম্মময়ী, অতএব ইহাঁকে অভ্যাস করিবে ॥

যিনি শালগ্রামশিলার সম্মুখে গীতাধ্যায় পাঠ করেন, তাঁহার সহস্র মন্বন্তর ব্রহ্মলোকে বাস হয় ॥

যদি কোন ব্যক্তি বারম্বার সচরাচর জগৎ নাশ বা চুরি করে, গীতা পাঠ করিলে তাহাকেও কোন প্রকারে পাপে লিপ্ত হইতে হয় না। তাঁহার সর্ব্বযজ্ঞ ও অযুত গোদান করার ফল হয় ॥ ৭৫ ॥

যিনি নিত্য গীতা অভ্যাস করেন, তাঁহার অক্ষয় পদ লাভ হয় ॥ ৭৬

গীতাধ্যায়ং পাঠেযদ্যস্তু শ্লোকং শ্লোকার্দ্ধমেব বা।
ভবপাপবিনির্মুক্তো যাতি বিষ্ণোঃ পরং পদং ॥ ৭৭ ॥
যো নিত্যং বিশ্বরূপাখ্যমধ্যায়ং পঠতি দ্বিজঃ।
বিভূতিং দেবদেবস্য তস্য পুণ্যং বদাম্যহং ॥ ৭৮ ॥
বেদৈরধীতৈ র্যৎপুণ্যং সেতিহাসৈঃ পুরাতনৈঃ।
শ্লোকেনৈকেন তৎপুণ্যং লভতে নাত্র সংশয়ঃ।
আব্রহ্ম স্তম্ভপর্য্যন্তং জগত্তৃপ্তিং করোতি সঃ।
বিশ্বরূপং সদাধ্যায়ং বিভূতিঞ্চ পঠেত্তু যঃ ॥ ৭৯ ॥
অহন্যহনি যো মর্ত্ত্যো গীতাধ্যায়ং পঠেত্তু বৈ।
দ্বাত্রিংশদপরাধাংস্তু ক্ষমতে তস্য কেশবঃ ॥ ৮০ ॥

ভবঃ সংসার এব পাপং তেন বিনির্ম্মুক্তঃ সন্ ॥ ৭৭ ॥
বিভূতিং চাধ্যায়ং ॥ ৭৮ ॥
পুরাতনৈশ্চ পুরাণৈঃ ॥ ৭৯ ॥
দ্বাত্রিংশদপরাধান্ বারাহোক্তান্ অগ্রে লেখ্যান্ ॥ ৮০ ॥

যিনি গীতাধ্যায়ের এক বা অর্দ্ধশ্লোক মাত্র পাঠ করেন, তিনি পাপ রূপ সংসার হইতে মুক্ত হইয়া বিষ্ণুলোকে গমন করিয়া থাকেন ॥ ৭৭ ॥

যে দ্বিজ ভগবদ্গীতার শ্রীকৃষ্ণের বিশ্বরূপ নামক একাদশ অধ্যায় এবং বিভূতিযোগ নামক দশমাধ্যায় নিত্য পাঠ করেন, আমি তাঁহার পুণ্যের কথা বলিতেছি ॥ ৭৮ ॥

সমুদায় বেদ, ইতিহাস ও পুরাণ পাঠ করিলে যে পুণ্য হয়, এক শ্লোকেই সেই পুণ্য লাভ করেন, ইহাতে আর সংশয় নাই ॥

যিনি নিত্য বিশ্বরূপ অধ্যায় এবং বিভূতি অধ্যায় পাঠ করেন, তিনি আব্রহ্মস্তম্ভ পর্য্যন্ত জগতের তৃপ্তিসাধন করেন ॥ ৭৯ ॥

যে মনুষ্য প্রতিদিন গীতাধ্যায় পাঠ করেন, কেশব তাঁহার

লিখিত্বা বৈষ্ণবানাঞ্চ গীতাশাস্ত্রং প্রযচ্ছতি।
দিনে দিনে চ যজতে হরিং চাত্র ন সংশয়ঃ।
চতুর্ণামেব বেদানাং সারমুদ্ধৃত্য বিষ্ণুনা।
ত্রৈলোক্যস্যোপকারায় গীতাশাস্ত্রং প্রকাশিতং॥ ৮১॥
ভারতামৃতসর্ব্বস্বং বিষ্ণোর্বক্ত্রাদ্বিনিঃসৃতং।
গীতা গঙ্গোদকং পীত্বা পুনর্জন্ম ন বিদ্যতে।
ধর্ম্মং চার্থঞ্চ কামঞ্চ মোক্ষঞ্চাপীচ্ছতা সদা।
শ্রোতব্যা পঠনীয়া চ গীতা কৃষ্ণমুখোদ্গতা।
যো নরঃ পঠতে নিত্যং গীতাশাস্ত্রং দিনে দিনে।
বিমুক্তঃ সর্ব্বপাপেভ্যো যাতি বিষ্ণোঃ পরং পদং॥ ৮২॥

বৈষ্ণবানাং বৈষ্ণবেভ্যঃ॥ ৮১॥

গীতৈব গঙ্গোদকং পাপাদিহারিত্বাৎ ভুক্তিমুক্তিপ্রদত্বাচ্চ তৎ পীত্বা স্থিতস্য প্রসিদ্ধগঙ্গোদকাদ্বিশেষমাহ। ভারতমেবামৃতং বহিরন্তঃশোধনং বেদার্ণবসারত্বাৎ তস্যাপি সর্ব্বস্বং সারভূতমিত্যর্থঃ। যদ্বা। সর্ব্বার্থপ্রকাশকং যদ্ভারতাখ্যং শাস্ত্রং তস্যামৃতং মধুর রসভাগস্তস্য সর্ব্বস্বং। তত্তু নেদৃশং বাহ্যতীর্থমাত্রত্বাৎ। কিঞ্চ। বিষ্ণোর্মুখাৎ বিশেষেণ প্রীত্যাদিময়েন নিঃসৃতং তত্তু পাদাঙ্গুষ্ঠশৌচাদেবেতি দিক্॥ ৮২॥

দ্বাত্রিংশৎ অপরাধ মার্জনা করিয়া থাকেন॥ ৮০॥

যিনি গীতাশাস্ত্র লিখিয়া বৈষ্ণবকে দান করেন, তাঁহার দিন দিন হরিপূজার ফল হয়, ইহাতে সন্দেহ নাই॥

বিষ্ণু চারি বেদেরই সার উদ্ধার করিয়া ত্রৈলোক্যের উপকারের নিমিত্ত গীতাশাস্ত্র প্রকাশ করিয়াছেন॥ ৮১॥

ভারতামৃতের সার বিষ্ণুমুখবিনিঃসৃত গীতারূপ গঙ্গাজল পান করিলে পুনর্জন্ম হয় না॥

যিনি ধর্ম্ম, অর্থ, কাম এবং মোক্ষ কামনা করেন, তাঁহার কৃষ্ণমুখ বিনিঃসৃতা গীতা নিত্য শ্রবণ এবং পাঠ করা কর্ত্তব্য॥

যে মনুষ্য দিন দিন নিত্য গীতাশাস্ত্র পাঠ করেন, তিনি সর্ব্ব পাপ

অথ পুরাণপাঠাদিমাহাত্ম্যং ॥

পাদ্মে দেবদূতবিকুণ্ডলসম্বাদে ॥

বিচারয়ন্তি যে শাস্ত্রং বেদাভ্যাসরতাশ্চ যে।
পুরাণসংহিতাং যে চ শ্রাবয়ন্তি পঠন্তি চ।
ব্যাকুর্ব্বন্তি স্মৃতিং যে চ যে ধর্ম্মপ্রতিবোধকাঃ।
বেদান্তেষু নিষণ্ণা যে তৈরিয়ং জগতী ধৃতা।
তত্তদভ্যাসমাহাত্ম্যৈঃ সর্ব্বে তে হতকিল্বিষাঃ।
গচ্ছন্তি ব্রহ্মণোলোকং যত্র মোহো ন বিদ্যতে ॥

তত্রৈব শ্রীশিবোমাসম্বাদে ॥

অন্তং গতোঽপি বেদানাং সর্ব্বশাস্ত্রার্থবেদ্যপি।
পুংসোঽশ্রুতপুরাণস্য ন সম্যগ্‌গতিদর্শনং।

ব্যাকুর্ব্বন্তি ব্যাখ্যানং কুর্ব্বন্তি। নিষণ্ণা নিষ্ণাতাঃ গতিঃ তত্ত্বং তস্য দর্শনং বিজ্ঞানং সম্যক্‌ ন ভবতি ॥ ৮৩ ॥

হইতে মুক্ত হইয়া বিষ্ণুর পরমধামে গমন করেন ॥ ৮২ ॥

অথ পুরাণপাঠাদির মাহাত্ম্য ॥

পদ্মপুরাণে দেবদূত ও বিকুণ্ডলের সম্বাদে ॥

যাঁহারা শাস্ত্রের বিচার করেন, যাঁহারা বেদাভ্যাসে রত হয়েন, যাঁহারা পুরাণসংহিতা পাঠ ও শ্রবণ করেন, যাঁহারা স্মৃতিশাস্ত্রের ব্যাখ্যা করেন, যাঁহারা ধর্ম্মোপদেশ করেন এবং যাঁহারা বেদান্তে একান্ত অনুরক্ত, তাঁহারাই এই জগৎ ধারণ করিয়াছেন, তাঁহারা যে এই সকল অভ্যাস করেন, তাঁহারই মাহাত্ম্যে পাপ নাশ হওয়াতে তাঁহারা ব্রহ্মলোকে গমন করেন, যথায় বুদ্ধিভ্রম নাই ॥

ঐ পদ্মপুরাণেই শ্রীশিব ও উমাসম্বাদে ॥

সমুদায় বেদের পার গমন করিয়াছেন এবং সমুদায় শাস্ত্রের মর্ম্ম অবগত হইয়াছেন এরূপ হইলেও যে ব্যক্তি পুরাণ শ্রবণ করেন নাই

বেদার্থাদধিকং মন্যে পুরাণার্থঞ্চ ভামিনি।
পুরাণমন্যথা কৃত্বা তির্য্যগ্‌যোনিমবাপ্নুয়াৎ॥ ৮৩॥
বৃহন্নারদীয়ে চ॥
পুরাণেষ্বর্থবাদত্বং যে বদন্তি নরাধমাঃ।
তৈরর্জ্জিতানি পুণ্যানি তদ্বদেব ভবন্তি বৈ॥ ৮৪॥
পুরাণেষু দ্বিজশ্রেষ্ঠাঃ সর্ব্বধর্ম্মপ্রবক্তৃষু।
প্রবদন্ত্যর্থবাদত্বং যে তে নরকভাজনাঃ॥ ৮৫॥
অনায়াসেন যঃ পুণ্যানীচ্ছতীহ দ্বিজোত্তমাঃ।
শ্রাব্যাণি ভক্ত্যা তেনৈব পুরাণানি ন সংশয়ঃ।
পুরার্জ্জিতানি পাপানি নাশমায়ান্তি তস্য বৈ।

তদ্বদেব অর্থবাদরূপাণি বিফলান্যেব ভবন্তীত্যর্থঃ॥ ৮৪॥
হে দ্বিজশ্রেষ্ঠাঃ॥ ৮৫॥
হে দ্বিজোত্তমাঃ॥ ৮৬॥

তাঁহার সম্যক্ তত্ত্বজ্ঞান জন্মে নাই॥

হে পার্ব্বতি! বোধ করি, বেদের অর্থ হইতেও পুরাণের অর্থ শ্রেষ্ঠ, যিনি পুরাণকে অগ্রাহ্য করেন, তাঁহাকে পশুযোনিতে জন্মগ্রহণ করিতে হয়॥ ৮৩॥

বৃহন্নারদীয়পুরাণেও॥

যে সকল নরাধম বলিয়াথাকে যে, পুরাণ-কল্পিত ফলশ্রুতি মাত্র তাহারা যে কিছু পুণ্য উপার্জন করিয়াছিল, সে সমুদায়ই ঐরূপ নিষ্ফল হয়॥ ৮৪॥

হে দ্বিজশ্রেষ্ঠগণ! পুরাণ সর্ব্বধর্ম্ম উপদেশ করেন, যাহারা বলে সেই পুরাণকল্পিত ফলশ্রুতিমাত্র, তাহাদিগকে নরকে যাইতে হয়॥৮৫

হে ব্রাহ্মণশ্রেষ্ঠগণ! যিনি ইহলোকে অনায়াসে পুণ্য উপার্জন করিতে ইচ্ছা করেন, তিনি ভক্তি পূর্ব্বক পুরাণ সকল শ্রবণ করুন।

পুরাণশ্রবণে বুদ্ধিস্তস্যৈব ভবতি ধ্রুবং ॥ ৮৬ ॥

কিঞ্চ ॥

পুরাণে বর্ত্তমানেঽপি পাপপাশেন যন্ত্রিতঃ।
অনাদৃত্যান্যগাথাসু সক্তবুদ্ধিঃ প্রবর্ত্ততে ॥ ৮৭ ॥

অথ বস্ত্রার্পণং ॥

স্নানমুদ্রাং প্রদর্শ্যাথ শুদ্ধসূক্ষ্মাঙ্গবাসসা।
শনৈঃ সংমার্জ্য গাত্রাণি দিব্যে বস্ত্রে সমর্পয়েৎ ॥ ৮৮ ॥
মধ্যদেশীয়নেপথ্যাদ্যনুসারেণ ভক্তিতঃ।
কেঽপ্যত্র কঞ্চুকোষ্ণীষাদ্যম্বরাণ্যর্পয়ন্তি চ ॥

পাপপাশেন যন্ত্রিতঃ বশীকৃতো জনঃ পুরাণমনাদৃত্য অন্যগাথাসু প্রাকৃত গীতবদজ্ঞ জনশ্রবণমাত্র প্রিয়াসু অপৌরাণিকীসু অসৎকথাসু আসক্তবুদ্ধিঃ সন্ তাস্বেব প্রবর্ত্ততে ইত্যর্থঃ ॥ ৮৭ ॥

শুদ্ধেন সুসূক্ষ্মেণ চ অঙ্গবাসসা শ্রীমদঙ্গসংমার্জনযোগ্যবস্ত্রেণ। বস্ত্রে পবিধানোত্তরীয়বাসসী ॥ ৮৮ ॥

অত্র স্নপনানন্তর বস্ত্রার্পণকালে। অপ্যর্থে চকারঃ কঞ্চুকাদ্যম্বরাণ্যপি ॥ ৮৯ ॥

তাহা হইলে তাহার পূর্ব্বজন্মার্জিত পাপ সকল নষ্ট হইবে এবং পুরাণ শ্রবণে তাঁহার নিশ্চয়ই বুদ্ধি প্রবেশ করিবে ॥ ৮৬।

আরও ॥

যাহার বুদ্ধি পাপপাশে নিবদ্ধ, সেই ব্যক্তিই পুরাণ থাকিতে অন্য কথায় আসক্ত হইয়া তাহাতেই প্রবৃত্ত হয় ॥ ৮৭ ॥

অথ বস্ত্রার্পণ ॥

স্নান মুদ্রা অবলোকন করাইয়া শুদ্ধ, সূক্ষ্ম, অঙ্গবস্ত্র অর্থাৎ গামছা দ্বারা ধীরে ধীরে গাত্রপ্রোঞ্ছন করিয়া উৎকৃষ্ট পরিধেয় এবং উত্তরীয় নিবেদন করিবে ॥ ৮৮ ॥

মধ্যদেশীয় বেশবিন্যাসাদির অনুসারে কেহ কেহ এই সময়ে কঞ্চুক এবং উষ্ণীষাদি বস্ত্রও নিবেদন করিয়া থাকেন ॥

তথাচ মাৎস্যে ॥

তত্তদ্দেশীয় ভূষাঢ্যাং তত্তন্মূর্ত্তিঞ্চ কারয়েৎ ॥ ৮৯ ॥

একাদশস্কন্ধে শ্রীভগবদুক্তৌ ॥

অলং কুর্ব্বীত সপ্রেম মদ্ভক্তো মাং যথোচিতং ॥ ৯০ ॥

ভবিষ্যে চ ॥

বাসোভিঃ পূজয়েদ্বিষ্ণুং যান্যৈরাত্মপ্রিয়াণি তু।

তথান্যৈশ্চ শুভৈর্দিব্যৈরর্চ্চয়েচ্চ দুকূলকৈঃ।

বাসাংসি চ বিচিত্রাণি সারবন্তি শুচীনি চ।

ধূপিতানি হরের্দদ্যাৎ বিকেশানি নবানি চ ॥ ৯১ ॥

ভূষয়েদ্বহুভির্বস্ত্রৈর্বিচিত্রৈঃ কঞ্চুকাদিভিঃ।

ভোগানন্তরমেবেতি বহূনাং সম্মতং সতাং ॥ ৯২ ॥

যথোচিতং যদ্দেশে যাদৃক্ বেশভূষণং তত্র তেনৈবেত্যর্থঃ ॥ ৯০ ॥

সারবন্তি চিরস্থায়ীনি। পরমোত্তমানি বা কৌশেয়াদীনি বিকেশানি কেশরহিতানি ॥৯১

পরমতং লিখিত্বা নিজমতং লিখতি ভূষয়েদিতি। বহূনাং সতামিতি ভোজনসময়ে

অতএব মৎস্যপুরাণে ॥

বিশেষ বিশেষ মূর্ত্তিকে বিশেষ বেশেষ বেশভূষায় ভূষিত করিবে ॥ ৮৯ ॥

একাদশস্কন্ধে ২৭ অধ্যায়ে ২৯ শ্লোকে শ্রীভগবানের উক্তিতে ॥

আমার ভক্ত প্রেম সহকারে আমাকে যথোচিত অলঙ্কারে অলঙ্কৃত করিবে ॥ ৯০ ॥

ভবিষ্যপুরাণেও ॥

আত্মপ্রিয় আবরণীয়-বস্ত্র এবং অন্যান্য পবিত্র দিব্যবস্ত্র ও পট্টবস্ত্র দ্বারা বিষ্ণুর পূজা করিবে। বিবিধ বর্ণ, চিরস্থায়ী, কেশরহিত, নূতন দিব্যবস্ত্র সকল ধূপিত করিয়া হরিকে নিবেদন করিবে ॥ ৯১ ॥

অনেকানেক সাধুদিগের মত এই যে, ভোগের পরেই কঞ্চুক

অথ শ্রীমদঙ্গমার্জনমাহাত্ম্যং—

দ্বারকামাহাত্ম্যে ॥

কৃষ্ণং স্নানার্দ্রগাত্রন্তু বস্ত্রেণ পরিমার্জতি।

তস্য লক্ষার্জিতস্যাপি ভবেৎ পাপস্য মার্জনং।

অথ বস্ত্রার্পণমাহাত্ম্যং—

নারসিংহে ॥

বস্ত্রাভ্যামচ্যুতং ভক্ত্যা পরিধাপ্য বিচিত্রিতং।

সোমলোকে বসিত্বাতু বিষ্ণুলোকে মহীয়তে ॥

স্কান্দে শ্রীশিবোমাসম্বাদে ॥

বস্ত্রাণি সুপবিত্রাণি সারবন্তি মৃদূনি চ।

রূপবন্তি হরের্দত্ত্বা সদশানি নবানি চ।

বস্ত্রদ্বয়ঞ্চৈব স্মৃতিশাস্ত্রেণ বিহিতত্বাৎ তচ্চাগ্রে ব্যক্তং ভাবি ॥ ৯২ ॥

সদশানি দশাসহিতানি। রাঙ্কবং মৃগরোমজং বস্ত্রং তস্য ॥ ৯৩ ॥

প্রভৃতি বিচিত্র বিবিধ বস্ত্র দ্বারা ভূষিত করিবে ॥ ৯২ ॥

অথ শ্রীমূর্ত্তির অঙ্গমার্জনার মাহাত্ম্য—

দ্বারকামাহাত্ম্যে ॥

যিনি শ্রীকৃষ্ণের স্নানসিক্ত গাত্রকে বস্ত্র দ্বারা মার্জন করেন, তাঁহার লক্ষজন্মার্জিত পাপেরও মার্জন হইয়া থাকে ॥

অথ বস্ত্রার্পণমাহাত্ম্য—

নৃসিংহপুরাণে ॥

পরিধেয় ও উত্তরীয়-বস্ত্রযুগল দ্বারা যিনি বিষ্ণুকে বিচিত্ররূপে ভূষিত করেন, তিনি চন্দ্রলোকে বাস করিয়া পরে বিষ্ণুলোকে আনন্দানুভব করেন ॥

স্কন্দপুরাণে শ্রীশিব ও উমাসম্বাদে ॥

সুপবিত্র, চিরস্থায়ী, কোমল, সুদৃশ্য, দশা সহিত নূতনবস্ত্র হরিকে

যাবদ্বস্ত্রস্য তন্তূনাং পরিমাণং ভবত্যথ ।
তাবদ্বর্ষ সহস্রাণি বিষ্ণুলোকে মহীয়তে ॥
বিষ্ণুধর্ম্মোত্তরে ॥
রাঙ্কবস্য প্রদানেন সর্ব্বান্ কামানবাপ্নুয়াৎ ।
কার্পাসিকং বস্ত্রযুগং যঃ প্রদদ্যাজ্জনার্দ্দনে ॥ ৯৩ ॥
যাবন্তি তস্য তন্তূনি হস্তমাত্রমিতানি তু ।
তাবদ্বর্ষ সহস্রাণি বিষ্ণুলোকে মহীয়তে ।
মহার্ঘ্যতা যথা তস্য সাধুদেশোদ্ভবো যথা ।
সূক্ষ্মতাচ যথা বিপ্রাস্তথা প্রোক্তং ফলং মহৎ ॥ ৯৪ ॥
কিঞ্চ তত্রৈবান্যত্র ॥
শুক্লবস্ত্রপ্রদানেন শ্রিয়মাপ্নোত্যনুত্তমাং ।
মহারজনরক্তেন সৌভাগ্যং মহদশ্নুতে ।

তন্তূনীতি নপুংসকত্বমার্ষং । যাবদ্ধস্তমিতা স্তন্তবো ভবন্তীত্যর্থঃ ॥ ৯৪ ॥
মহারজনং কুসুম্ভপুষ্পং তেন রক্তেন রঞ্জিতেন বাসসা দত্তেনেতি শেষঃ । নীল্যা রক্তং

নিবেদন করিলে বস্ত্রের তন্তুর যত পরিমাণ, তত সহস্র-বৎসর বিষ্ণু-লোকে আনন্দের সহিত বাস হয় ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে ॥

মৃগলোম নির্ম্মিত বস্ত্র দান করিলে সমস্ত কামনা পরিপূর্ণ হয় । যে ব্যক্তি জনার্দ্দনকে কার্পাস-বস্ত্রযুগল নিবেদন করেন ॥ ৯৩ ॥

তিনি সেই বস্ত্রের তন্তু-সংখ্যা যত হস্ত, তত বৎসর বিষ্ণুলোকে সম্মানের সহিত বাস করেন ॥

হে ব্রাহ্মণগণ ! বস্ত্রের মূল্য যত অধিক হইবে, বস্ত্র যত পুণ্যদেশে উৎপন্ন হইবে এবং যত সূক্ষ্ম হইবে, ফলও তত অধিক হইবে ॥ ৯৪ ॥

আরও ঐ বিষ্ণুধর্ম্মেরই অন্যস্থলে ॥

শুক্লবস্ত্র প্রদান করিলে অত্যুত্তম সম্পত্তি লাভ করিবে, কুসুম্ভ-

তথা কুঙ্কুমরক্তেন স্ত্রীণাং বল্লভতাং ব্রজেৎ।
নীলীরক্তং বিনা রক্তং শেষরঙ্গে র্দ্বিজোত্তমাঃ।
দত্ত্বা ভবতি ধর্ম্মাত্মা সর্ব্বব্যাধিবিবর্জ্জিতঃ॥ ৯৫॥
কৌশেয়ানি চ বস্ত্রাণি সুমৃদূনি লঘূনি চ।
যঃ প্রযচ্ছতি দেবায় সোঽশ্বমেধফলং লভেৎ।
রাঙ্কবা মৃগলোম্যাশ্চ কদল্যাশ্চ তথা শুভাঃ।
যো দদ্যাদ্দেবদেবায় সোঽশ্বমেধফলং লভেৎ।
নানাভক্তিবিচিত্রাণি চীবজানি নবানি চ।
দত্ত্বা বাসাংসি শুভ্রাণি রাজসূয়ফলং লভেৎ॥
দ্বারকামাহাত্ম্যে চ॥
নানা দেশসমুদ্ভূতৈঃ সুবস্ত্রৈশ্চ সুকোমলৈঃ।

বস্ত্রং বিনা শেষৈঃ। নীলীব্যতিরিক্তৈ র্বর্ণৈঃ রক্তং বস্ত্রং দত্ত্বা নীলীরক্তঞ্চ পট্টবস্ত্রাতিরিক্তং জ্ঞেয়ং। নীলীপট্টে ন দুষ্যতীত্যাদি বচনাৎ॥ ৯৫॥

কৌশেয়ানি কোশকার কৃমিকৃত তন্তুময়ানি। নানাভক্তিবিচিত্রাণি ভাগশো বিচিত্র-

পুষ্প রঞ্জিত বস্ত্র নিবেদন করিলে সৌভাগ্য প্রাপ্ত হইবে, কুঙ্কুম রঞ্জিত বস্ত্র নিবেদন করিলে স্ত্রীলোকদিগের প্রিয় হইবে॥

হে ব্রাহ্মণশ্রেষ্ঠগণ! নীল ও রক্ত ভিন্ন অন্য রঙ্গে রঞ্জিত বস্ত্র দান করিলে ধর্ম্মাত্মা ব্যক্তি সমস্ত রোগ হইতে মুক্তি পাইবেন॥ ৯৫॥

যিনি সুকোমল লঘু কৌশেয়-বস্ত্র বিষ্ণুকে নিবেদন করেন, তিনি অশ্বমেধযজ্ঞের ফল প্রাপ্ত হয়েন। যিনি রঙ্কুরোম নির্ম্মিত, মৃগরোম জাত এবং কদলী অর্থাৎ মৃগী বিশেষ লোমজাত শুভ্রবস্ত্র সকল দেব-দেবকে দান করেন, তিনি অশ্বমেধ যজ্ঞের ফল লাভ করেন॥

বিচিত্র সূচ্যাদি শিল্প নির্ম্মিত, বল্কলজাত নূতন শুভ্র বস্ত্র নিবেদন করিলে রাজসূয়-যজ্ঞের ফলভাগী হইবেন॥

দ্বারকামাহাত্ম্যেও॥

যিনি নানা দেশজাত সুকোমল সুবস্ত্র সকল ধূপদ্বারা ধূপিত করিয়া

ধূপয়িত্বা স্বভক্ত্যা চ প্রধাপয়তি মাধবং।
মন্বন্তরাণি বসতে তন্তুসংখ্যং হরেগৃহে॥ ৯৬॥
অথ বস্ত্রার্পণে নিষিদ্ধং বিষ্ণুধর্ম্মোত্তরে॥
নীলীরক্তং তথা জীর্ণং বস্ত্রমন্যধৃতং তথা।
দেবদেবায় যো দদ্যাৎ স তু পাপৈ র্হি যুজ্যতে॥
অত্রাপবাদঃ তত্রৈব॥
আবিকে পট্টবস্ত্রে চ নীলীরাগো ন দুষ্যতি॥ ৯৭॥
অথ যজ্ঞোপবীতং॥
বস্ত্রস্যার্পণমুদ্রাঞ্চ প্রদর্শ্য পরিধাপ্য তৎ।
উপবীতং সমর্প্যাথ তন্মুদ্রাঞ্চ প্রদর্শয়েৎ॥ ৯৮॥
অথোপবীতার্পণমাহাত্ম্যং॥

স্থচ্যাদি শিল্পনির্ম্মিতানি। চীরজানি বল্কলোদ্ভবানি॥ ৯৬॥ ৯৭॥
তদ্বস্ত্রং পরিধাপ্য তস্মিন্ উপবীতার্পণে যা মুদ্রা তাং॥ ৯৮॥

ভক্তি সহকারে মাধবকে পরিধান করান, তিনি তন্তুর যত সংখ্যা, তত মন্বন্তরকাল হরিধামে বাস করেন॥ ৯৬॥

অথ বস্ত্রার্পণকর্ম্মে নিষিদ্ধবস্ত্র॥
বিষ্ণুধর্ম্মোত্তরে॥

যিনি নীলরঙ্গ দ্বারা রঞ্জিত, জীর্ণ এবং অন্য ব্যক্তির পরিহিত বস্ত্র দেবদেবকে দান করেন, তিনি সর্ব্বপ্রকার পাপে লিপ্ত হয়েন॥

এই বিষয়ের বিশেষ ব্যবস্থা॥
ঐ বিষ্ণুধর্ম্মোত্তরেই॥

মেষলোম নির্ম্মিত বস্ত্র বা পট্টবস্ত্র নীলরঙ্গের হইলে দোষ হয় না॥ ৯৭

অথ যজ্ঞোপবীত॥

বস্ত্রার্পণ মুদ্রা প্রদর্শন পূর্ব্বক বস্ত্র পরিধান করাইয়া পরে উপবীত নিবেদন করত উহার মুদ্রা প্রদর্শন করাইবেন॥ ৯৮॥

অথ উপবীতার্পণমাহাত্ম্য॥

ত্রিবিৎ শুক্লঞ্চ পীতঞ্চ পট্টসূত্রাদিনির্ম্মিতং।
যজ্ঞোপবীতং গোবিন্দে দত্ত্বা বেদান্তগো ভবেৎ॥
নন্দিপুরাণে॥
যজ্ঞোপবীতদানেন স্থরেভ্যো ব্রাহ্মণায় বা।
ভবেদ্বিদ্বাংশ্চতুর্ব্বেদী শুদ্ধধী র্নাত্র সংশয়ঃ॥ ৯৯॥
অথ পাদ্যতিলকাচমনানি॥
অথ পাদ্যং নিবেদ্যাদাবূর্দ্ধপুণ্ড্রং মনোহরং।
নির্ম্মায় ভালে কৃষ্ণস্য দদ্যাদাচমনং ততঃ॥ ১০০॥
অথ ভূষণং॥
ততো দেবায় দিব্যানি ভূষণানি নিবেদ্য চ।

ত্রিবিৎ নবগুণমিত্যর্থঃ। বার্থে চকারৌ। আদিশব্দেন কার্পাসাদি। তথা চ ছন্দোগপরিশিষ্টে। কার্পাস ক্ষৌম গোবাল তৃণবল্ক তৃণাদিকং। সদা সম্ভবতো ধার্য্যমুপবীতং দ্বিজাতিভিরিতি। বেদান্তগঃ বেদপারঙ্গতো বেদান্তার্থাভিজ্ঞো বা॥ ৯৯॥

অথ যজ্ঞোপবীতার্পণানন্তরং। অত্র পাদ্যনিবেদনং স্নানানন্তরমবশ্যং পাদপ্রক্ষালনস্য তিলকাচমনয়োরপ্যপেক্ষ্যত্বাৎ। অতস্ত্রয়মিদমত্রৈকত্রৈব লিখিতং। মনোহরমিতি শ্যামসুন্দরে শ্রীললাটে সংঘৃষ্ট সকুঙ্কুমচন্দনেন মধ্যছিদ্রতয়া বিরচনাৎ॥ ১০০॥

নবগুণিত শুক্ল বা পীত পট্টসূত্রাদি নির্ম্মিত যজ্ঞোপবীত গোবিন্দকে নিবেদন করিলে বেদান্তশাস্ত্রের পারদর্শী হয়েন॥

নন্দিপুরাণে॥

দেবতা বা ব্রাহ্মণদিগকে যজ্ঞোপবীত দান করিলে বিদ্বান্ ব্যক্তি চতুর্ব্বেদবেদী ও বিশুদ্ধ বুদ্ধি হইবেন, ইহাতে সংশয় নাই॥ ৯৯॥

অথ পাদ্য, তিলক ও আচমনীয়॥

অনন্তর পাদ্য নিবেদন পূর্ব্বক মনোহর ঊর্দ্ধপুণ্ড্র শ্রীকৃষ্ণের কপোলদেশে অঙ্কিত করিয়া পরে আচমন দিবেন॥ ১০০॥

অথ ভূষণ॥

তাহার পর বিষ্ণুকে দিব্য ভূষণ সকল নিবেদন করিয়া এবং যথা

পরিধাপ্য যথাযুক্তং তন্মুদ্রাঞ্চ প্রদর্শয়েৎ ॥ ১০১ ॥

অথ ভূষণার্পণমাহাত্ম্যং—

স্কান্দে শিবোমাসম্বাদে ॥

মণিমৌক্তিকসংযুক্তং দত্ত্বাভরণমুত্তমং।

স্বশক্ত্যা ভূষণং দত্ত্বা অগ্নিষ্টোমফলং লভেৎ ॥ ১০২ ॥

কিঞ্চ ॥

গুঞ্জামাত্রং সুবর্ণস্য যো দদ্যাদ্বিষ্ণুমূর্দ্ধনি।

ইন্দ্রস্য ভবনে তিষ্ঠেদ্যাবদাভূতসংপ্লবং।

তস্মাদাভরণং দেবি দাতব্যং বিষ্ণবে সদা।

যথাযুক্তমিতি যস্মিন্নঙ্গে যথা যৎ পরিধাপয়িতুমুপযুজ্যতে। তত্র তথা তৎপরিধাপ্যে-ত্যর্থঃ ॥ ১০১ ॥

স্বশক্ত্যা নিজসামর্থ্যেন ভূষণমন্যদপি দত্ত্বা। যদ্বা। নিজশক্ত্যনুসারেণ মণ্যাদ্যাভরণ-ব্যতিরিক্তমপি ভূষণং দত্ত্বা ॥ ১০২ ॥

আভরণদানাম্বিকয়া পরমভক্ত্যা প্রীতো ভবেদিতি মুখ্যং ফলং। অন্যত্তু সর্ব্বং সকামস্য নান্তরীয়কং জ্ঞেয়ং। এবমন্যত্রাপ্যূহং। অনন্তো ভগবান্ বিষ্ণুস্তস্য কামবিবর্জিতৈঃ। যদেব দীয়তে কিঞ্চিত্তদেবাক্ষয়মুচ্যতে ইত্যাদি বচনাৎ তচ্চাগ্রে লেখ্যমেব ॥ ১০৩ ॥

যোগ্য স্থানে পরিধান করাইয়া উহার মুদ্রা প্রদর্শন করিবেন ॥ ১০১ ॥

অথ ভূষণার্পণমাহাত্ম্য ॥

স্কন্দপুরাণে শিব ও উমাসম্বাদে ॥

মণি মৌক্তিক সংযুক্ত অত্যুত্তম ভূষণ অথবা নিজশক্ত্যনুসারে অন্য প্রকার ভূষণ নিবেদন করিলে অগ্নিষ্টোম-যজ্ঞের ফল লাভ করিবে ॥১০২

আরও ॥

যিনি এক গুঞ্জামাত্র পরিমিত সুবর্ণ বিষ্ণুর মস্তকে দান করেন, তিনি যে পর্য্যন্ত মহাপ্রলয় না হইয়াছে, তত দিন ইন্দ্রলোকে বাস করিবেন। অতএব হে দেবি! সর্ব্বদা বিষ্ণুকে অলঙ্কার দান করিবে।

নারায়ণো ভবেৎ প্রীতো ভক্ত্যা পরময়া শুভে ॥ ১০৩ ॥

নন্দিপুরাণে ॥

অলঙ্কারন্তু যো দদ্যাদ্বিপ্রায়াথ সুরায় বা।
স গচ্ছেদ্বারুণং লোকং নানাভরণভূষিতঃ।
জাতঃ পৃথিব্যাং কালেন ভবেদ্দ্বীপপতি র্নৃপঃ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে ॥

কর্ণাভরণদানেন ভবেচ্ছ্রুতিধরো নরঃ।
অশ্বমেধমবাপ্নোতি সৌভাগ্যঞ্চাপি বিন্দতি।
কর্ণপূরপ্রদানেন শ্রুতিং সর্ব্বত্র বিন্দতি ॥ ১০৪ ॥
মূর্দ্ধাভরণদানেন মূর্দ্ধন্যো ভূতলে ভবেৎ।
চতুঃসমুদ্রবলয়াং প্রশাস্তি চ বসুন্ধরাং ॥

তত্রৈব তৃতীয়কাণ্ডে ॥

কর্ণাভরণ কর্ণপূরয়োরবান্তরভেদঃ। শ্রুতিং সর্ব্বত্র বিন্দতি দূরতোঽপি সর্ব্বং শৃণোতীত্যর্থঃ ॥ ১০৪ ॥

অলঙ্কার দান রূপ পরমভক্তিতে নারায়ণ তুষ্ট হয়েন ॥ ১০৩ ॥

নন্দিপুরাণে ॥

যিনি ব্রাহ্মণ অথবা দেবতাকে অলঙ্কার দান করেন, তিনি নানা আভরণে বিভূষিত হইয়া বরুণলোকে গমন করেন এবং কালে জন্ম গ্রহণ করিয়া পৃথিবীতে চক্রবর্ত্তী রাজা হয়েন ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে ॥

কর্ণাভরণ দান করিলে মনুষ্য শ্রুতিধর হয়েন এবং অশ্বমেধযজ্ঞের ফল ও সৌভাগ্য লাভ করেন। আর কর্ণপূর দান করিলে দূর হইতেও শ্রবণ করিবার শক্তি প্রাপ্ত হয়েন ॥ ১০৪ ॥

শিরোভূষণ দান করিলে ভূতলে সর্ব্বশ্রেষ্ঠ এবং চতুঃসাগর-বেষ্টিতা ধরার শাসনকর্ত্তা হয় ॥

ঐ বিষ্ণুধর্ম্মেরই তৃতীয়কাণ্ডে ॥

বিভূষণপ্রদানেন মূর্দ্ধন্যো ভূতলে ভবেৎ।
রম্যাণি রত্নচিত্রাণি সৌবর্ণানি দ্বিজোত্তমাঃ।
দত্ত্বাভরণজাতানি রাজসূয়ফলং লভেৎ।
পাদাঙ্গুলীয় দানেন গুহ্যকাধিপতির্ভবেৎ।
পাদাভরণদানেন স্থানং সর্ব্বত্র বিন্দতি॥ ১০৫॥
শ্রোণীসূত্রপ্রদানেন মহীং সাগরমেখলাং।
প্রশাস্তি নিহতামিত্রো নাত্র কার্য্যা বিচারণা।
সৌভাগ্যং মহদাপ্নোতি কিঙ্কিণীং প্রদদদ্ধরেঃ।
হস্তাঙ্গুলীয়দানেন পরং সৌভাগ্যমাপ্নুয়াৎ।
তথৈবাঙ্গদদানেন রাজা ভবতি ভূতলে।
কেয়ূরদানাদ্ভবতি শত্রুপক্ষক্ষয়ঙ্করঃ।
গ্রৈবেয়কাণি দত্ত্বাচ সর্ব্বশাস্ত্রার্থবিদ্ভবেৎ।

পাদাভরণং নূপুরং॥ ১০৫॥
শ্রোণীসূত্রং কাঞ্চী॥ ১০৬॥

উত্তম অলঙ্কার প্রদান করিলে ভূতলে সকলের শ্রেষ্ঠ হইবে। হে দ্বিজশ্রেষ্ঠগণ! মনোহর রত্নখচিত স্বুবর্ণ নির্ম্মিত আভরণ সকল অর্পণ করিলে রাজসূয় যজ্ঞের ফল লাভ হয়। পাদাঙ্গুরীয় দান করিলে গুহ্যকগণের অধীশ্বর হয়, নূপুর নিবেদন করিলে সকললোকে স্থান প্রাপ্ত হয়॥ ১০৫॥

কাঞ্চী অর্পণ করিলে নিষ্কণ্টক হইয়া সসাগরা ধরার শাসন করিবে, এ বিষয়ে সন্দেহ করার প্রয়োজন নাই। হরিকে কিঙ্কিণী প্রদান করিলে মহৎ সৌভাগ্য লাভ হয়। হস্তাঙ্গুলীয় প্রদান করিলে উৎকৃষ্ট সৌভাগ্য লাভ হইয়াথাকে। এইরূপ অঙ্গদ দান করিলে পৃথিবীতে রাজা হয়। কেয়ুর দান করিলে শত্রুপক্ষ বিনষ্ট করিতে সমর্থ হয়। হে দ্বিজশ্রেষ্ঠগণ! গ্রীবাভূষণ অর্পণ করিলে সর্ব্বশাস্ত্রে জ্ঞান লাভ এবং

নার্য্যশ্চ বশগাস্তস্য ভবন্তি দ্বিজপুঙ্গবাঃ ॥ ১০৬ ॥
দত্ত্বা প্রতিসবান্ মুখ্যান্ ভূতৈরভিভূয়তে ॥ ১০৭ ॥
কিঞ্চ। তত্রৈব ॥
কৃত্রিমঞ্চ প্রদাতব্যং তথৈবাভরণং দ্বিজাঃ।
প্রতিরূপকৃতং দত্ত্বা ক্ষিপ্রং পুষ্ট্যা প্রযুজ্যতে ॥ ১০৮ ॥
পাদ্মে ॥
শঙ্খচক্রগদাদীনি পাদাদ্যবয়বেষু চ।
সৌবর্ণাভরণং কৃত্বা বিষ্ণুলোকে মহীয়তে ॥ ১০৯ ॥
নারসিংহে ॥
সুবর্ণাভরণৈর্দিব্যৈর্হারকেয়ূরকুণ্ডলৈঃ।

প্রতিসবান্ হস্তসূত্রাণি ॥ ১০৭ ॥
কৃত্রিমং সুবর্ণরসোপস্কৃতং তাম্রাদিনির্ম্মিতং তদেব প্রতিরূপকৃতং ॥ ১০৮ ॥
পাদাদ্যবয়বেষু সৌবর্ণাভরণঞ্চ কৃত্বা দত্ত্বেত্যর্থঃ। দত্ত্বেত্যেব বা পাঠঃ ॥ ১০৯ ॥

নারীগণ তাহার বশবর্ত্তিনী হয় ॥ ১০৬ ॥

হস্তসূত্র দান করিলে ভূতগণ তাঁহাকে আক্রমণ করিতে পারে না ॥ ১০৭ ॥

আরও ॥

ঐ বিষ্ণুধর্ম্মেই ॥

হে দ্বিজশ্রেষ্ঠগণ! কৃত্রিম আভরণ অর্থাৎ সুবর্ণরসে গিল্টীকরা অলঙ্কারও নিবেদন করিতে পারে। প্রতিরূপকৃত অর্থাৎ তাম্রাদি-নির্ম্মিত ঐরূপ আভরণ দান করিলে শীঘ্র পুষ্টিলাভ করিবে ॥ ১০৮ ॥

পদ্মপুরাণে ॥

পাদাদি অবয়ব সকলে শঙ্খ, চক্র, গদা প্রভৃতি অলঙ্কার অর্পণ করিলে বিষ্ণুলোকে আনন্দের সহিত বসতি হয় ॥ ১০৯ ॥

নৃসিংহপুরাণে ॥

যে বুদ্ধিমান্ মনুষ্য উৎকৃষ্ট হার, কেয়ূর, কুণ্ডল, মুকুট ও বলয়াদি

মুকুটৈঃ কটকাদ্যৈশ্চ যো বিষ্ণুং পূজয়েন্নরঃ।
সর্ব্বপাপবিনির্ম্মুক্তঃ সর্ব্বভূষণভূষিতঃ।
ইন্দ্রলোকে বসেদ্ধীমান্ যাবদিন্দ্রাশ্চতুর্দ্দশঃ॥ ১১০॥
গরুড়পুরাণে॥
যস্যার্চ্চা তিষ্ঠতে বিষ্ণোর্হেমভূষণভূষিতা।
রত্নৈর্ম্মুক্তা বিশেষেণ অহন্যহনি বাসব।
কল্পকোটি সহস্রাণি তস্য বৈ ভুবনে হরেঃ।
বাসো ভবতি দেবেন্দ্র কথিতং ব্রহ্মণা মম।
যঃ পশ্যতি নরঃ কৃষ্ণং হেমভূষণভূষিতং।
সকৃদ্ভক্ত্যা কলৌ শক্র পুনাত্যাসপ্তমং কুলমিতি॥ ১১১॥
বহুলং ভূষণং ভোগাৎ পশ্চাদেবানুলেপনং।

কটকং বলয়ং॥ ১১০॥
বিষ্ণোরর্চ্চা প্রতীমা যস্য গৃহে তিষ্ঠতি॥ ১১১॥
এবমধুনাখিল ভূষণার্পণমেব লিখিতং তত্র শিষ্টাচারাপেক্ষয়া লিখতি বহুলমিতি। ভগ-

অলঙ্কার দ্বারা বিষ্ণুর পূজা করেন, তিনি সর্ব্বপাপ হইতে মুক্ত এবং সর্ব্বাভরণে ভূষিত হইয়া চতুর্দ্দশ ইন্দ্রের অধিকার কাল পর্য্যন্ত ইন্দ্র-লোকে বাস করেন॥ ১১০॥

গরুড়পুরাণে॥

হে দেবরাজ! যিনি রত্ন ও মুক্তাবিশেষ খচিত সুবর্ণাভরণ দ্বারা প্রতিদিবস বিষ্ণুর পূজা করেন, ব্রহ্মা আমাকে কহিয়াছেন, তাঁহার সহস্র কোটি কল্পকাল হরিধামে বাস হয়॥

যে মনুষ্য কলিতে সুবর্ণাভরণ-ভূষিত হরিকে ভক্তিসহকারে এক-বার মাত্র দর্শন করেন, তিনি সপ্তকুল উদ্ধার করিয়াথাকেন॥ ১১১॥

সাধুগণ ভোগের পর বহু অলঙ্কার এবং বহু পরিমাণে অনুলেপন ও পুষ্প নিবেদন করিবার ব্যবস্থা করেন তথা অনুলেপনের পর অল-

পুষ্পং চেচ্ছন্তি সন্তোঽনুলেপনার্চ্চানুভূষণং।
সংপ্রার্থ্যাথ প্রভুং প্রাগ্বৎ নিবেদ্য শুচিপাদুকে।
বাদ্যগীতাতপত্রাদ্যৈঃ পূজাস্থানং পুনর্নয়েৎ॥ ১১২॥
প্রাগ্বদ্দত্ত্বাসনাদীনি গন্ধং তন্মুদ্রয়ার্পয়েৎ।
শঙ্খে নিধায় তুলসীদলেনৈবাথ চন্দনং॥ ১১৩॥
অথ গন্ধঃ। আগমে॥

বতো ভোজনানন্তরমেব ভূষণং বহুলং সন্ত ইচ্ছন্তি সমর্পয়িতুং মন্যন্তে। অতোঽধুনা স্বল্প-মেবার্প্যমিতি ভাবঃ। তথা অনুলেপনং পুষ্পঞ্চ তদানীমেব বহুলমিচ্ছন্তীতি প্রসঙ্গাদত্র লিখিতং অতএবং জ্ঞেয়ং শ্রীভগবতঃ স্নানানন্তরং ভোজনাৎ প্রথমমসঙ্কোচেন সুখভোজ-নার্থমবশ্যাপেক্ষ্যং মকরকুণ্ডলমৌক্তিকহারাঙ্গদাঙ্গুলীয়কাদি ভূষণং কিঞ্চিৎ তথা শ্রীবক্ষো বাহুগ্রীবাদি তিলকমাত্রোপযোগি কিঞ্চিদনুলেপনং তথা বনমালাবতংসমাত্রং কিঞ্চিৎ পুষ্পঞ্চ নিজরুচ্যার্প্যং ভোজনান্তে চ যথা শোভং তত্তৎ সর্ব্বমেবেতি। কিঞ্চ। তত্র চানুলেপনাদনু পশ্চাদেব ভূষণমিচ্ছন্তি। ভূষণরহিতেষু সৎসু শ্রীমদঙ্গেষু সর্ব্বেষ্বেব সম্যগনুলেপনসিদ্ধেঃ॥ ১১২
অথানন্তরং নন্দনং চার্পয়েৎ। তচ্চ শঙ্খে নিধায়ৈব তুলসীদলেনৈব চ। বিলেপয়ন্তী দেবেশং শঙ্খে কৃত্বাতু চন্দনমিতি। তুলসীদললগ্নেন চন্দনেন জনার্দ্দনমিত্যাদি বচনেন ফল বিশেষোক্তেঃ। তচ্চাগ্রে লেখ্যমেব॥ ১১৩॥

স্কৃত করিবার অভিপ্রায় প্রকাশ করেন॥

অনন্তর পূর্ব্বের ন্যায় প্রভুর অনুমতি প্রার্থনা করত পবিত্র পাদুকা যুগল নিবেদন করিয়া বাদ্য গীত ও ছত্রাদির সহিত পুনর্ব্বার পূজা স্থানে লইয়া যাইবে॥ ১১২॥

এবং পূর্ব্বের ন্যায় আসনাদি সমর্পণ করিয়া গন্ধ ও তুলসীপত্র দান পূর্ব্বক শঙ্খস্থিত চন্দন, গন্ধমুদ্রা দ্বারা অর্পণ করিবে॥ ১১৩॥

অথ গন্ধ। তন্ত্রে॥

চন্দনাগুরুকর্পূরপঙ্কং গন্ধমিহোচ্যতে ॥ ১১৪ ॥

গারুড়ে ॥

কস্তূরিকায়া দ্বৌ ভাগৌ চত্বারশ্চন্দনস্য তু।

কুঙ্কুমস্য ত্রয়শ্চৈকঃ শশিনঃ স্যাচ্চতুঃসমং।

কর্পূরং চন্দনং দর্পঃ কুঙ্কুমঞ্চ চতুঃসমং।

সর্ব্বং গন্ধমিতি প্রোক্তং সমস্তসুরবল্লভং ॥ ১১৫ ॥

বারাহে ॥

কর্পূরং কুঙ্কুমঞ্চৈব বরং তগরমেব চ।

বসঞ্চ চন্দনঞ্চৈব অগুরুং গুগ্গুলং তথা।

এতৈর্ব্বিলেপনং দদ্যাৎ শুভং চারু বিচক্ষণঃ ॥

বিষ্ণুধর্ম্মোত্তরাগ্নিপুরাণয়োঃ ॥

গন্ধমিতি নপুংসকত্বমার্ষং ॥ ১১৪ ॥

শশিনঃ কর্পূরস্যৈকো ভাগঃ দর্পো মৃগমদঃ ॥ ১১৫ ॥

শুভং সুখকরং চারু সুন্দরং। পাঠান্তরং স্পষ্টং ॥ ১১৬ ॥

চন্দন, অগুরু ও কর্পূর পঙ্ককে এস্থলে গন্ধ বলে ॥ ১১৪ ॥

গরুড়পুরাণে ॥

কস্তূরীর দুই ভাগ, চন্দনের চারি ভাগ, কুঙ্কুমের তিন ভাগ এবং কর্পূরের এক ভাগ। এই ভাগক্রমে কর্পূর, চন্দন, কস্তূরী ও কুঙ্কুম একত্রে মিশ্রিত হইলে উহাকে গন্ধ বলে। ঐ গন্ধ সমস্ত দেবতার প্রিয় ॥ ১১৫ ॥

বরাহপুরাণে ॥

কর্পূর, কুঙ্কুম, উৎকৃষ্ট তগরপুষ্প, স্নেহযুক্ত চন্দন, অগুরু ও গুগ্গুলু, পণ্ডিত ব্যক্তি এই সকল দ্রব্যের মনোহর শুভ বিলেপন প্রদান করিবেন ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে এবং অগ্নিপুরাণে ॥

স্বগন্ধৈশ্চ মুরামাংসী কর্পূরাগুরুচন্দনৈঃ।
তথান্যৈশ্চ শুভৈর্দ্রব্যৈরর্চ্চয়েজ্জগতীপতিং।
বশিষ্ঠসংহিতায়াং॥
কর্পূরাগুরুমিশ্রেণ চন্দনেনানুলেপয়েৎ।
মৃগদর্পং বিশেষেণ অভীষ্টং চক্রপাণিনঃ॥
স্কান্দে শ্রীব্রহ্মনারদসম্বাদে॥
গন্ধেভ্যশ্চন্দনং পুণ্যং চন্দনাদগুরু র্বরঃ।
কৃষ্ণাগুরুস্ততঃ শ্রেষ্ঠং কুঙ্কুমস্তু ততোঽধিকং॥
বিষ্ণুধর্ম্মোত্তরে॥
ন দাতব্যং দ্বিজশ্রেষ্ঠা অতোঽন্যদনুলেপনং।
অনুলেপনমুখ্যস্তু চন্দনং পরিকীর্ত্তিতং॥
নারদীয়ে॥
যথা বিষ্ণোঃ সদাভীষ্টং নৈবেদ্যং শালিসম্ভবং।

মুরামাংসী, কর্পূর, অগুরু ও চন্দন এবং অন্যান্য শুভ সুগন্ধি দ্রব্য দ্বারা জগৎপতির অর্চ্চনা করিবে॥

বশিষ্ঠসংহিতায়॥

কর্পূর এবং অগুরু মিশ্রিত-চন্দন দ্বারা অনুলেপন করিবে। মৃগমদ চক্রপাণি বিষ্ণুর বিশেষ প্রিয়॥

স্কন্দপুরাণে শ্রীব্রহ্মনারদসম্বাদে॥

যাবতীয় গন্ধ অপেক্ষা চন্দন পবিত্র, চন্দন হইতে অগুরু শ্রেষ্ঠ। কৃষ্ণ-অগুরু তাহা হইতে শ্রেষ্ঠ, কুঙ্কুম আবার তাহা হইতেও অধিক॥

বিষ্ণুধর্ম্মোত্তরে॥

হে দ্বিজশ্রেষ্ঠগণ! ইহা ভিন্ন অন্য বস্তুর অনুলেপন দিবে না, কথিত আছে চন্দন অনুলেপন বস্তুর মধ্যে প্রধান॥

নারদপুরাণে॥

শুকদেব পুরাণ সকলে বলিয়াছেন, যেমন শালি-তণ্ডুলের নৈবেদ্য

শুকেনোক্তং পুরাণে চ তথা তুলসিচন্দনং ॥

অগস্ত্যসংহিতায়াঞ্চ ॥

সংঘৃষ্য তুলসীকাষ্ঠং যো দদ্যাদ্রামমূর্দ্ধনি ।
কর্পূরাগুরুকস্তুরীকুঙ্কুমং ন চ তৎ সমং ॥

অথানুলেপনমাহাত্ম্যং ॥

স্কান্দে ব্রহ্মনারদসম্বাদে শঙ্খমাহাত্ম্যে ॥

বিলেপয়ন্তি দেবেশং শঙ্খে কৃত্বাতু চন্দনং ।
পরমাত্মা পরাং প্রীতিং করোতি শতবার্ষিকীং ॥ ১১৬ ॥

গারুড়ে ॥

তুলসীদললগ্নেন চন্দনেন জনার্দ্দনং ।
বিলেপয়তি যো নিত্যং লভতে বাঞ্ছিতং ফলং ॥

নারসিংহে ॥

চিন্তিতং বাঞ্ছিতং অকার প্রশ্লেষেণ চিন্তিতাতীতমপীতি বা ॥ ১১৭ ॥

বিষ্ণুর সর্ব্বদা প্রিয়, তুলসীচন্দনও তদ্রূপ প্রিয় ॥

অগস্ত্যসংহিতাতেও ॥

তুলসীকাষ্ঠ ঘর্ষণ করিয়া যদি রামের মস্তকে দেওয়া যায়, কর্পূর, অগুরু, কস্তূরী এবং কুঙ্কুমও তাহার সমান হইবে না ॥

অথ অনুলেপনমাহাত্ম্য ॥

স্কন্দপুরাণে ব্রহ্মনারদসম্বাদে শঙ্খমাহাত্ম্যে ॥

শঙ্খে চন্দন লইয়া দেবদেবের অঙ্গে লেপন করিলে, পরমাত্মা এক শতবৎসর পরমপ্রীতি অনুভব করেন ॥ ১১৬ ॥

গরুড়পুরাণে ॥

যে ব্যক্তি তুলসীদলসংলগ্ন চন্দন প্রতিদিন জনার্দ্দনের অঙ্গে লেপন করেন, তিনি বাঞ্ছিত ফল প্রাপ্ত হয়েন ॥

নৃসিংহপুরাণে ॥

কুঙ্কুমাগুরু শ্রীখণ্ডকর্দ্দমৈরচ্যুতাকৃতিং।
বিলিপ্য ভক্ত্যা রাজেন্দ্র কল্পকোটিং বসেদ্দিবি॥
বিষ্ণুধর্ম্মোত্তরাগ্নিপুরাণয়োঃ॥
চন্দনাগুরু কর্পূর কুঙ্কুমোশীরপদ্মকৈঃ।
অনুলিপ্তো হরির্ভক্ত্যা বরান্ ভোগান্ প্রযচ্ছতি॥ ১১৭॥
কালেয়কং তুরুষ্কঞ্চ রক্তচন্দনমুত্তমং॥ ১১৮॥
নৃণাং ভবন্তি দত্তানি পুণ্যানি পুরুষোত্তমে॥ ১১৯॥
বিষ্ণুধর্ম্মোত্তরে॥
চন্দনেনানুলিপ্যৈনং চন্দ্রলোকমবাপ্নুয়াৎ।
শারীরৈর্মানসৈ র্দুঃখৈস্তথৈব চ বিমুচ্যতে।

কালেয়কং কালাগুরুঃ। তুরুষ্কং শিহ্লকং॥ ১১৮॥
পুরুষোত্তমে দত্তানি সন্তি নৃণাং পুণ্যরূপাণি ভবন্তি॥ ১১৯॥
এনং শ্রীকৃষ্ণং॥ ১২০॥

হে রাজেন্দ্র! কুঙ্কুম, অগুরু ও চন্দন দ্বারা ভক্তি পূর্ব্বক শ্রীকৃষ্ণের শ্রীমূর্ত্তি বিলেপন করিলে কোটিকল্পকাল স্বর্গে বাস করিবে॥

বিষ্ণুধর্ম্মোত্তরে ও অগ্নিপুরাণে॥

চন্দন, অগুরু, কর্পূর, কুঙ্কুম, বেণামূল ও পদ্ম দ্বারা ভক্তি সহকারে হরিকে অনুলেপন প্রদান করিলে, হরি বিবিধ উৎকৃষ্ট ভোগ দান করেন॥ ১১৭॥

কৃষ্ণাগুরু, শিহ্লক ও উৎকৃষ্ট রক্তচন্দন॥ ১১৮॥

পুরুষোত্তমকে প্রদান করিলে মনুষ্যদিগের পুণ্যস্বরূপ হয়॥ ১১৯॥

বিষ্ণুধর্ম্মোত্তরে॥

ইঁহাকে চন্দন দ্বারা অনুলিপ্ত করিলে মনুষ্য চন্দ্রলোক প্রাপ্ত হইবে এবং শারীরিক ও মানসিক দুঃখ হইতে নিষ্কৃতি পাইবে। ইঁহাকে কুঙ্কুম মাখাইলে সূর্য্যলোকে সুখানুভব এবং ইহলোকে উত্তম সৌভাগ্য

কুঙ্কুমেনানুলিপ্যৈনং সূর্য্যলোকে মহীয়তে।
সৌভাগ্যমুত্তমং লোকে তথা প্রাপ্নোতি মানবঃ।
কর্পূরেণানুলিপ্যৈনং বারুণং লোকমাপ্নুয়াৎ।
শারীরৈর্মানসৈ র্দুঃখৈস্তথৈব চ বিমুচ্যতে।
দত্ত্বা মৃগমদং মুখ্যং যশসা চ বিরাজতে।
দত্ত্বা জাতীফলক্ষোদং ক্রিয়াসাফল্যমশ্নুতে।
রম্যেণাগুরুসারেণ অনুলিপ্য জনার্দ্দনং।
সৌভাগ্যমতুলং লোকে বলং প্রাপ্নোতি চোত্তমং॥ ১২০॥
তথা বকুলনির্য্যাসৈরগ্নিষ্টোমফলং লভেৎ।
বকুলাগুরুমিশ্রেণ চন্দনেন সুগন্ধিনা।
সমালিপ্য জগন্নাথং পুণ্ডরীকফলং লভেৎ॥ ১২১॥
একীকৃত্য তু সর্ব্বাণি সমালিপ্য জনার্দ্দনং।
অশ্বমেধস্য মুখ্যস্য ফলং প্রাপ্নোত্যসংশয়ং।

পুণ্ডরীকং যজ্ঞবিশেষঃ॥ ১২১॥

প্রাপ্ত হইবে॥

ইহাঁকে কর্পূর মাখাইলে বরুণলোক প্রাপ্ত হইবে এবং শারীরিক ও মানসিক দুঃখ হইতে মুক্তি পাইবে॥

উৎকৃষ্ট মৃগমদ নিবেদন করিলে যশস্বী হইয়া বিরাজ করিবে। জাতীফলের চূর্ণ অর্পণ করিলে ক্রিয়ায় সফলতা লাভ করিবে। মনোহর অগুরুচন্দন জনার্দ্দনের অঙ্গে লেপন করিলে সংসারমধ্যে অতুল সৌভাগ্য এবং শ্রেষ্ঠবল প্রাপ্ত হইবে॥ ১২০॥

বকুলের নির্য্যাস লেপন করিলে অগ্নিষ্টোমযাগের ফল পাইবে, জগন্নাথের অঙ্গে বকুল ও অগুরু মিশ্রিত সুগন্ধি চন্দন লেপন করিলে পুণ্ডরীক-যজ্ঞের ফলভাগী হইবে॥ ১২১॥

সমুদায় একত্র করিয়া জনার্দ্দনকে মাখাইলে মুখ্য অশ্বমেধের ফল পাইবে সন্দেহ নাই॥

যোঽনুলিম্পেত দেবেশং কীর্ত্তিতৈরনুলেপনৈঃ।
পার্থিবাদ্যানি যাবন্তি পরমাণূনি তত্র বৈ।
তাবদব্দানি লোকেষু কামচারী ভবত্যসৌ।
কেশসৌগন্ধ্যজননং কৃত্বা মৃগমদং নরঃ।
সর্ব্বকামসমৃদ্ধস্য যজ্ঞস্য ফলমশ্নুতে ॥ ১২২ ॥
যঃ প্রযচ্ছতি গন্ধানি গন্ধযুক্তীকৃতানি চ।
গন্ধর্ব্বত্বং ধ্রুবং তস্য সৌভাগ্যঞ্চ তথোত্তমং ॥ ১২৩ ॥
অথ শ্রীতুলসীকাষ্ঠচন্দনমাহাত্ম্যং ॥
গারুড়ে শ্রীনারদধুন্ধুমারনৃপসম্বাদে ॥
যো দদাতি হরের্নিত্যং তুলসীকাষ্ঠচন্দনং।

তত্রানুলেপনেষু পার্থিবাশ্চন্দনাদি সম্বন্ধিনঃ আদ্যশব্দেন জলাদি সম্বন্ধিনশ্চ নপুংসকত্ব-মার্ষং। লোকেষু চতুর্দ্দশভুবনেষু ॥ ১২২ ॥
গন্ধযুক্তীকৃতানি সুগন্ধিদ্রব্যযোগেন শোধিতানি ॥ ১২৩ ॥

যে সকল অনুলেপন দ্রব্য কীর্ত্তন করিলাম, যে ব্যক্তি সেই সকল দ্রব্য দ্বারা দেবেশ্বরকে লেপন করিবেন, তিনি পৃথিবী প্রভৃতি লোক-সমুদায়ে যত পরমাণু হয়, তত বৎসর স্বেচ্ছাচারী হইয়া চতুর্দ্দশভুবনে ভ্রমণ করিবেন ॥

মৃগমদকস্তুরী দ্বারা শ্রীমূর্ত্তির কেশের সৌগন্ধ্য সাধন করিলে, সর্ব্ব কামপ্রদ যজ্ঞের ফল লাভ করে ॥ ১২২ ॥

যে ব্যক্তি সুগন্ধি দ্রব্য সকলের দ্বারা শোধন করিয়া উক্ত গন্ধদ্রব্য সকল নিবেদন করেন, তাঁহার নিশ্চয় গন্ধর্ব্বত্ব ও উত্তম সৌভাগ্য লাভ হয় ॥ ১২৩ ॥

অথ তুলসীকাষ্ঠচন্দনমাহাত্ম্য ॥

গরুড়পুরাণে শ্রীনারদ ও ধুন্ধুমারনৃপসম্বাদে ॥

যে নরশ্রেষ্ঠ প্রতিদিন হরিকে তুলসীকাষ্ঠের চন্দন অর্পণ করেন,

যুগানি বসতে স্বর্গে হ্যনন্তানি নরোত্তমঃ।
মহাবিষ্ণৌ কলৌ ভক্ত্যা দত্ত্বা তুলসিচন্দনং।
যোঽর্চ্চয়েন্মালতীপুষ্পৈ র্ন ভূয় স্তনপো ভবেৎ ॥ ১২৪ ॥
তুলসীকাষ্ঠসম্ভূতং চন্দনং যচ্ছতো হরেঃ।
নির্দ্দহেৎ পাতকং সর্ব্বং পূর্ব্বজন্মশতৈঃ কৃতং।
সর্ব্বেষামপি দেবানাং তুলসীকাষ্ঠচন্দনং।
পিতৃণাঞ্চ বিশেষেণ সদাভীষ্টং হরের্যথা ॥ ১২৫ ॥
মৃত্যুকালে তু সংপ্রাপ্তে তুলসীতরুচন্দনং।
ভবতে যস্য দেহে তু হরির্ভূত্বা হরিং ব্রজেৎ ॥ ১২৬ ॥
তাবন্মলয়জং বিষ্ণো র্ভাতি কৃষ্ণাগুরু নৃপ।

তুলসিচন্দনং তুলসীকাষ্ঠচন্দনং। হ্রস্বত্বমার্ষং। স্তনপঃ সংসারীত্যর্থঃ॥ ১২৪॥
যচ্ছতো জনস্য পাতকং কর্ম্মভূতং চন্দনমেব কর্তৃ নিঃশেষেণ দহেত ॥ ১২৫ ॥
অস্তু তাবদ্ভগবদর্পণমাহাত্ম্যং অন্ত্যদশায়াং তৎ স্পর্শেনাপি কৃতার্থতা স্যাৎ ইত্যাহ মৃত্যুকালেত্বিতি ভবতে ভবতি তিষ্ঠতীত্যর্থঃ। হরির্ভূত্বা সারূপ্য প্রাপ্ত্যা হরিরিব ভূত্বা ইত্যর্থঃ ॥ ১২৬ ॥

তিনি অনন্তযুগ স্বর্গে বাস করেন ॥

কলিযুগে যে ব্যক্তি মহাবিষ্ণুকে তুলসীকাষ্ঠের চন্দন প্রদান করিয়া মালতীপুষ্প দ্বারা অর্চ্চনা করেন, তাঁহাকে আর সংসারী হইতে হয় না ॥ ১২৪ ॥

হরিকে তুলসীকাষ্ঠের চন্দন অর্পণ করিলে ঐ চন্দন পূজকের পূর্ব্বশতজন্মকৃত সমুদায় পাপ নিঃশেষ করিয়া দাহ করে ॥

তুলসীকাষ্ঠের চন্দন যেমন হরির, তদ্রূপ সমুদায় দেবতারই, বিশেষতঃ সর্ব্বদা পিতৃগণের অভীষ্ট সাধন করে ॥ ১২৫ ॥

মৃত্যুকাল উপস্থিত হইলে যে ব্যক্তির গাত্রে তুলসীকাষ্ঠের চন্দন থাকে, সে স্বয়ং হরির সারূপ্য লাভ করত হরিকে প্রাপ্ত হয় ॥ ১২৬ ॥

হে রাজন্! যে পর্য্যন্ত পবিত্র তুলসীকাষ্ঠের চন্দন না দেখিতে

যাবন্ন দৃশ্যতে পুণ্যং তুলসীকাষ্ঠচন্দনং।
তাবৎ কস্তূরিকামোদঃ কর্পূরস্য সুগন্ধিতা।
যাবন্নদীয়তে বিষ্ণোস্তুলসীকাষ্ঠচন্দনং ॥ ১২৭ ॥
কলৌ যচ্ছন্তি যে বিষ্ণৌ তুলসীকাষ্ঠচন্দনং।
ধুন্ধুমার ন বৈ মর্ত্ত্যাঃ পুনরায়ান্তি তে ভুবি ॥ ১২৮ ॥
যোহি ভাগবতো ভূত্বা কলৌ তুলসিচন্দনং।
নার্পয়তি সদা বিষ্ণো র্ন স ভাগবতো নরঃ ॥ ১২৯ ॥
প্রহ্লাদসংহিতায়াং ॥
ন তেন সদৃশো লোকে বৈষ্ণবো বিদ্যতে ভুবি।

অত্র হেতুত্বেন তস্য শ্রীভগবৎ প্রিয়তামাহ তাবদিতি দ্বাভ্যাং ভাতি শোভতে রোচতে বা ॥ ১২৭ ॥

বিশেষতঃ কলিকালে তদর্পণমাহাত্ম্যমাহ কলাবিতি। ভুবি ন পুনরায়ান্তি মুক্তা ভবন্তি কিম্বা শ্রীবৈকুণ্ঠলোক এব বসন্তীত্যর্থঃ। পূর্ব্বং মালতীসহিতস্য ফলমুক্তং অধুনা কেবলস্যৈবেতি ভেদঃ ॥ ১২৮ ॥

অতো বৈষ্ণবৈঃ কলাববশ্যমেব তদর্পণমিত্যাহ যো হীতি ॥ ১২৯ ॥

লোক ইতি সপ্তম্যন্তপাঠে ভুবি লোকে ভূর্লোক ইত্যর্থঃ। যদ্বা। ভুবি পৃথিব্যাং চতুর্দ্দশসংখ্য

পাওয়া যায়, সেই পর্য্যন্তই চন্দন ও কৃষ্ণবর্ণ অগুরু বিষ্ণুর অঙ্গে শোভা পায় ॥

যে পর্য্যন্ত বিষ্ণুর অঙ্গে তুলসীকাষ্ঠের চন্দন না দেওয়া যায়, সেই পর্য্যন্ত কস্তূরিকার আমোদ ও কর্পূরের সুগন্ধিতা ॥ ১২৭ ॥

ধুন্ধুমার! কলিতে যে সকল মনুষ্য বিষ্ণুকে তুলসীকাষ্ঠের চন্দন অর্পণ করেন, তাঁহাদিগকে আর পৃথিবীতে আগমন করিতে হয় না ॥ ১২৮ ॥

যে ব্যক্তি ভগবানের ভক্ত হইয়া কলিতে সর্ব্বদা বিষ্ণুকে তুলসীকাষ্ঠের চন্দন অর্পণ না করে, সে ভগবদ্ভক্ত হইতে পারে না ॥ ১২৯ ॥

প্রহ্লাদসংহিতায় ॥

যিনি শ্রীকৃষ্ণকে তুলসীকাষ্ঠের চন্দন নিবেদন করেন, পৃথিবীতে

যঃ প্রযচ্ছতি কৃষ্ণায় তুলসীকাষ্ঠচন্দনং।
তুলসীদারুজাতেন চন্দনেন কলৌ নরঃ।
বিলিপ্য ভক্তিতো বিষ্ণুং রমতে সন্নিধৌ হরেঃ॥ ১৩০ ॥
তুলসীকাষ্ঠজাতেন চন্দনেন বিলেপনং।
যঃ কুর্য্যাদ্বিষ্ণুতোষায় কপিলাগোফলং লভেৎ॥ ১৩১ ॥
তুলসীকাষ্ঠসম্ভূতং চন্দনং যস্তু সেবতে।
মৃত্যুকালে বিশেষেণ কৃতপাপোঽপি মুচ্যতে॥ ৭৩২ ॥
যো দদাতি পিতৃণাস্তু তুলসীকাষ্ঠচন্দনং।
তেসাং স কুরুতে তৃপ্তিং শ্রাদ্ধে বৈ শতবার্ষিকীং॥
বিষ্ণুধর্ম্মোত্তরে চ ॥

লোকেঽপি নাস্তীত্যর্থঃ॥ ১৩০ ॥
বিষ্ণোস্তোষার্থং তস্য স্বস্যাপি বা বিলেপনং যঃ কুর্য্যাৎ কপিলাগোশতদানফলং লভতে ॥১৩১
বিশেষেণ মৃত্যুকালে যঃ সেবতে বিশেষেণেতি তদানীং পাপান্তরাসম্ভবাদিনা সদ্যো-মুক্তিসিদ্ধিঃ। যদ্বা। মৃত্যুকালেঽপি সেবতে বিশেষেণেত্যস্য পরেণান্বয়ঃ॥ ১৩২ ॥
কিঞ্চ য ইতি শ্রাদ্ধে যো দদাতি॥ ১৩৩ ॥

লোকমধ্যে তাঁহার সমান বৈষ্ণব নাই॥

মনুষ্য কলিতে হরির অঙ্গে ভক্তিপূর্ব্বক তুলসীকাষ্ঠের চন্দন লেপন করিলে হরির নিকটে গিয়া আনন্দভোগ করেন॥ ১৩০ ॥

বিষ্ণুর তুষ্টির নিমিত্ত যিনি তুলসীকাষ্ঠের চন্দন লেপন করেন, তাঁহার কামধেনু গোদানের ফল হয়॥ ১৩১ ॥

যে ব্যক্তি তুলসীকাষ্ঠজাত চন্দন সেবন করেন, বিশেষতঃ মৃত্যুকালে অঙ্গে লেপন করেন, তিনি পাপী হইলেও মুক্ত হইবেন॥ ১৩২ ॥

শ্রাদ্ধসময়ে যে ব্যক্তি পিতৃলোকদিগকে তুলসীকাষ্ঠের চন্দন দান করেন, তাঁহার পিতৃগণ শতবর্ষকাল তৃপ্ত থাকেন॥

বিষ্ণুধর্ম্মোত্তরে॥

তুলসীচন্দনাক্তাঙ্গঃ কুরুতে কৃষ্ণপূজনং।
পূজনেন দিনৈকেন লভতে শতবার্ষিকীং।
বিলেপনার্থং কৃষ্ণস্য তুলসীকাষ্ঠচন্দনং।
মন্দিরে বসতে যস্য, তস্য পুণ্যফলং শৃণু।
তিলপ্রস্থাষ্টকং দত্ত্বা যৎ পুণ্যং চোত্তরায়ণে।
তত্তুল্যং জায়তে পুণ্যং প্রসাদাচ্চক্রপাণিনঃ ॥ ইতি ॥ ১৩৩ ॥
দেয়ং ময়লজাভাবে শীতলত্বাৎ কদম্বজং।
যথা কিঞ্চিৎ সুগন্ধিত্বাচ্চন্দনং দেবদারুজং ॥
গারুড়ে ॥
হরে র্মলয়জং শ্রেষ্ঠমভাবে দেবদারুজং ॥ ১৩৪ ॥
অথানুলেপে নিষিদ্ধানি। বিষ্ণুধর্ম্মোত্তরে ॥

কদম্বজং চন্দনং ॥ ১৩৪ ॥

অঙ্গে তুলসীকাষ্ঠের চন্দন লেপন করিয়া শ্রীকৃষ্ণের পূজা করিলে একদিনের পূজায় শতবর্ষের পূজার ফল লাভ হয় ॥

শ্রীকৃষ্ণের অঙ্গে লেপন করিবার নিমিত্ত, যাঁহার গৃহে তুলসীকাষ্ঠের চন্দন থাকে, তাঁহার পুণ্যফলের কথা শ্রবণ কর ॥

উত্তরায়ণ সংক্রান্তিতে অষ্টপ্রস্থ তিলদান করিলে যে পুণ্য হয়, চক্রপাণির প্রসন্নতায় তত্তুল্য পুণ্য হইয়াথাকে ॥ ২৩৩ ॥

মলয়জ চন্দনের অভাব হইলে কদম্বকাষ্ঠের চন্দন প্রদান করিবে, কারণ উহা শীতল। দেবদারুর চন্দনও চন্দন, যে হেতু তাহারও যৎকিঞ্চিৎ সুগন্ধি আছে ॥

গরুড়পুরাণে ॥

হরিপূজায় মলয়জ চন্দন প্রশস্ত, অভাবে দেবদারুর চন্দন ॥ ১৩৪ ॥

অনুলেপনকার্য্যে নিষিদ্ধ বস্তু সকল ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে ॥

দারিদ্র্যং পদ্মকং কুর্য্যাদস্বাস্থ্যং রক্তচন্দনং।
উশীরং চিত্তবিভ্রংশমন্যে কুর্য্যুরুপদ্রবমিতি ॥ ১৩৫ ॥
পদ্মকাদি ন দাতব্যমৈহিকং হীচ্ছতা সুখং।
মুখ্যালাভে তু তৎ সর্ব্বং দাতব্যং ভগবৎপরৈঃ ॥ ১৩৬ ॥
ততো ভগবতঃ কুর্য্যাদনুলেপাদনন্তরং।
বিদ্বান্ বিচিত্রৈ র্ব্যজনৈশ্চামরৈরপি বীজনং ॥
বীজনমাহাত্ম্যঞ্চ বিষ্ণুধর্ম্মোত্তরে ॥

অন্যে দেবদার্ব্বাদয়ঃ উগ্রগন্ধয়ঃ বিহিতেভ্যোঽপরে বা ॥ ১৩৫ ॥

পূর্ব্বং চন্দনাগুরু কর্পূর কুঙ্কুমোশীর পদ্মকৈরিত্যুশীরপদ্মকার্পণং বিহিতং। অধুনা দারিদ্র্যং পদ্মকং কুর্য্যাদিতি নিষিদ্ধমিত্যেবং বিরোধে লিখতি পদ্মকেতি পদ্মকাদি ন দাতব্যমিতি যৎ এবার্থো হি শব্দঃ তদৈহিকং সুখমিচ্ছতৈব ন দাতব্যমিত্যর্থঃ ভগবৎপরৈস্তু দাতব্যমেব কিন্তু মুখ্যানাং চন্দনাদীনামলাভে সতি। যথা পুষ্পাণ্যধিকৃত্যোক্তং পাদ্মে। বিহিত প্রতিষিদ্ধৈস্তু বিহিতালাভতোঽর্চ্চয়েদিতি তচ্চাগ্রে ব্যক্তং ভাবি এবমধিকারি ভেদাদিনা ন বিরোধ ইতি ভাবঃ ॥ ১৩৬ ॥

বিদ্বানিতি উষ্ণকালে কুর্য্যাৎ শীতলকালে চ নৈবেতি ভাবঃ। তচ্চাগ্রে লেখ্যমেব ॥ ১৩৭

পদ্মকাষ্ঠ দরিদ্রতা ঘটায়, রক্তচন্দন স্বাস্থ্য ভঙ্গ করে, উশীর চিত্ত বিভ্রম জন্মায় এবং অন্যান্য অর্থাৎ দেবদারু প্রভৃতি উগ্রগন্ধি দ্রব্য উপদ্রব উপস্থিত করে ॥ ১৩৫ ॥

যাঁহারা ঐহিকসুখ ইচ্ছা করিবেন, তাঁহারা পদ্মাদি কাষ্ঠ প্রদান করিবেন না। মুখ্য দ্রব্যের অভাব হইলে ভগবৎপরায়ণ ব্যক্তি ঐ সমস্ত নিষিদ্ধ দ্রব্যই নিবেদন করিবেন ॥ ১৩৬ ॥

পণ্ডিত ব্যক্তি অনুলেপনের পর বিচিত্র ব্যজন এবং চামর দ্বারা ভগবান্‌কে বীজন করিবেন ॥

বীজনের মাহাত্ম্য ও বিষ্ণুধর্ম্মোত্তরে কহিয়াছেন ॥

জগন্নাথকে অনুলেপন করিয়া তালবৃন্তদ্বারা বীজন করিবে, এই কর্ম্ম

অনুলিপ্য জগন্নাথং তালবৃন্তেন বীজয়েৎ।
বায়ুলোকমবাপ্নোতি পুরুষস্তেন কর্ম্মণা।
চামরৈ র্বীজয়েদ্যস্তু দেবদেবং জনার্দ্দনং।
তিলপ্রস্থপ্রদানস্য ফলমাপ্নোত্যসংশয়ং॥ ১৩৭॥
ব্যজনেনাথ বস্ত্রেণ সুভক্ত্যা মাতরিশ্বনা।
দেবদেবস্য রাজেন্দ্র কুরুতে তাপবারণং।
তৎকুলে যমলোকে তু শমতে নারকো দবঃ।
বায়ুলোকান্মহীপাল ন চ্যুতি র্বিদ্যতে পুনঃ।
চলচ্চামরবাতেন কৃষ্ণং সন্তোষয়ে ন্নরঃ॥ ১৩৮॥
তস্যোত্তমাঙ্গং দেবেশ স্তুবতে স্বমুখেন বৈ।
উষ্ণকালেষ্বিদং জ্ঞেয়ং যৎ সন্তঃ পৌষমাঘয়োঃ।

বস্ত্রেণ যদ্ব্যজনং তেন বস্ত্রনির্ম্মিত ব্যজনেনেত্যর্থঃ। যদ্বা। অথ শব্দো বিকল্পে ব্যজনেন তালবৃন্তাদিনা বস্ত্রেণ বা ব্যজনরূপেণৈব যো মাতরিশ্বা বাতস্তেন তাপস্য উষ্ণতায়া বারণং যঃ কুর্য্যাৎ। তাপস্তু প্রায়ো ঘর্ম্মকালেঽনুলেপনস্য বিশেষতোঽর্পণাৎ। ততশ্চ প্রস্বেদোদ্ভবাত্তদ্বারণং যুক্তমেব। যমলোকে যো নারকঃ নরকসম্বন্ধী দবো ভয়ং শমতে শাম্যতি॥ ১৩৮॥
উত্তমং বীজনেনোৎকৃষ্টতাং প্রাপ্তং অঙ্গং হস্তং দেহং বা স্তৌতি ইদং অনুলেপনানন্তরং

করিলে মনুষ্য বায়ুলোকে স্থান পাইবে॥

যে ব্যক্তি চামর দ্বারা দেবদেব জনার্দ্দনকে বীজন করেন, তিনি এক প্রস্থ তিলদানের ফল পাইবেন সংশয় নাই॥ ১৩৭॥

হে রাজেন্দ্র! যে ব্যক্তি ভক্তিপূর্ব্বক বস্ত্র ব্যজনের বায়ুদ্বারা দেবদেবের তাপ নিবারণ করেন, তাঁহার বংশে যমলোকের তাপ থাকে না॥

হে রাজন্! যে ব্যক্তি চলিত চামরের বায়ু দ্বারা শ্রীকৃষ্ণের তুষ্টি সাধন করেন, তাঁহাকে বায়ুলোক হইতে আর চ্যুত হইতে হয় না॥১৩৮

দেবেশ্বর নিজমুখে তাঁহার উৎকৃষ্ট অঙ্গের অর্থাৎ হস্তের প্রশংসা করেন। জানিবে গ্রীষ্মকালেই এই বীজন করিতে হয়। যে হেতু

শীতলত্বান্মলয়জমপি নৈ বার্পয়ন্তি হি ॥

তথা চোক্তং ॥

ন শীতে শীতলং দেয়মিতি ॥ ১৩৯ ॥

॥ * ॥ ইতি শ্রীগোপালভট্টবিলিখিতে ভগবদ্ভক্তিবিলাসে স্নাপনিকো নাম ষষ্ঠো বিলাসঃ ॥ * ॥ ৬ ॥ * ॥

বীজনং। যদ্যস্মাৎ ॥ ১৩৯ ॥

॥ * ॥ ইতি ষষ্ঠোবিলাসঃ ॥ * ॥

সাধু সকল শীতল বলিয়া পৌষ ও মাঘমাসে চন্দন লেপন করিতেও বারণ করেন ॥

অতএব বলিয়াছেন—

শীতকালে শীতল দ্রব্য নিবেদন করিবে না ॥ ১৩৯ ॥

॥ * ॥ ইতি শ্রীগোপালভট্টবিলিখিতে ভগবদ্ভক্তিবিলাসে শ্রীরামনারায়ণ বিদ্যারত্নানুবাদিতে স্নাপনিকো নাম ষষ্ঠোবিলাসঃ ॥ * ॥

সপ্তমবিলাসঃ।

—০:*⁐*:০—

কুমনাঃ সুমনস্ত্বং হি যাতি যস্য পদাব্জয়োঃ।
সুমনোঽর্পণমাত্রেণ তং চৈতন্যপ্রভুং ভজে ॥ ১ ॥
শ্রীমদঙ্গানি তৈ র্ভক্ত্যা সমালিপ্যানুলেপনৈঃ।
নিবেদ্যোত্তমপুষ্পাণি তন্মুদ্রাঞ্চ প্রদর্শয়েৎ ॥
অথ পুষ্পাণি। নারসিংহে ॥
পুষ্পৈররণ্যসম্ভূতৈস্তথা নগরসম্ভবৈঃ।

বিচিত্রপুষ্পপ্রধানপ্রকরণ লিখন সৌষ্ঠবায় নিজেষ্টদেবরূপং পরমগুরুবরং শরণং যাতি কুমনা ইতি। সুমনসাং পুষ্পাণামর্পণমাত্রেণ সুমনস্ত্বমিতি শ্লেষেণ পদাব্জয়োঃ পুষ্পবৎ সংসক্ততয়া প্রিয়তমত্বমভিপ্রেতং ॥ ১ ॥

তৈ র্লিখিতৈ র্ভক্ত্যা প্রীত্যা অভক্তিচ্ছেদেন বা। তস্য পুষ্পনিবেদনস্য মুদ্রাং। অপর্য্যু-

---

যাঁহার পাদপদ্মযুগলে পুষ্প অর্পণ করামাত্রেই কুমনা ব্যক্তি সুমনা হয়, আমি সেই চৈতন্য প্রভুকে ভজনা করি ॥ ১ ॥

প্রীতি সহকারে পূর্ব্বোক্ত অনুলেপন দ্রব্যজাত দ্বারা শ্রীমৎ অঙ্গ সকল লেপন করত উত্তম উত্তম পুষ্প নিবেদন করিয়া, পুষ্পার্পণের মুদ্রা দেখাইবে ॥

অথ পুষ্প সকল ॥

নৃসিংহপুরাণে ॥

অরণ্যজাত বা নগরজাত কিম্বা নিজ আরামজাত, অপর্য্যুষিত,

অপর্য্যুষিতনিশ্ছিদ্রৈঃ প্রোক্ষিতৈর্জন্তুবর্জ্জিতৈঃ ।
আত্মারামোদ্ভবৈ র্বাপি পূতৈঃ সংপূজয়েদ্ধরিং ॥ ২ ॥

বামনপুরাণে শ্রীপ্রহ্লাদবলিসম্বাদে ॥

তান্যেব সুপ্রশস্তানি কুসুমানি মহাসুর ।
যানি স্যুর্বর্ণযুক্তানি রসগন্ধযুতানি চ ।
জাতী শতাঙ্গা সুমনাঃ কুন্দং চারুপুটং তথা ।
বাণঞ্চ চম্পকাশোকং করবীরঞ্চ যূথিকা ।
পারিভদ্রং পাটলা চ বকুলং গিরিশালিনী ।
তিলকং জাম্বনজং পীতকং তগরস্তথা ।
এতানি সুপ্রশস্তানি কুসুমান্যচ্যুতার্চ্চনে ।
সুরভীণি তথান্যানি বর্জয়িত্বা তু কেতকীং ॥ ৩ ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে ॥

ষিতৈ র্নিশ্ছিদ্রৈশ্চ অবিদীর্ণদলৈঃ আত্মনঃ আরামঃ উপবনং তদুদ্ভবৈঃ ॥ ২ ॥

শতাঙ্গা শতপত্রিকা চারুপুটং কর্ণিকারং বাণং ঝিণ্টীভেদঃ । পারিভদ্রং পলহদেতি প্রসিদ্ধং । গিরিশালিনী শ্বেতকুটজং জাম্বনজং জবাকুসুমং পীতকং পিয়লীতি প্রসিদ্ধং । কেতকীমিতি বনকেতকীং ॥ ৩ ॥

অচ্ছিন্ন, সিক্ত, কীটাদি জন্তু রহিত, পবিত্র পুষ্প দ্বারা হরিকে পূজা করিবে ॥ ২ ॥

বামনপুরাণে শ্রীপ্রহ্লাদ ও বলিসম্বাদে ॥

হে অসুররাজ ! যে সকল পুষ্পের বর্ণ, রস ও গন্ধ আছে, সেই সকল পুষ্পই প্রশস্ত । তন্মধ্যে জাতী, শতপত্রিকা (পদ্ম), মালতী, কুন্দ, কর্ণিকার, ঝিণ্টী, চম্পক, অশোক, করবীর, যূথিকা, মন্দার, পাটলা (পারুল), বকুল, শ্বেতকুটজ, তিল, জবা, পিয়লী ও তগর শ্রীকৃষ্ণের অর্চ্চনে এই সকল পুষ্প অতিশয় প্রশস্ত । বনকেতকী ভিন্ন অন্যান্য সুগন্ধি পুষ্পও সুপ্রশস্ত ॥ ৩ ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে ॥

কুঙ্কুমস্য চ পুষ্পাণি বন্ধুজীবস্য চাপ্যথ।
চম্পকস্য চ দেয়ানি তথা ভূচম্পকস্য চ।
পীতযূথিকজান্যেব যানি বৈ নীপজান্যপি।
মঞ্জর্য্যঃ সহকারস্য তথা দেয়া জনার্দ্দনে।
মল্লিকা কুব্জকুসুমমতিমুক্তকমেব চ।
সর্ব্বাশ্চ যূথিকা জাত্যো মল্লিকাজাত্য এব চ।
যাশ্চ কুব্জকজাজাত্যঃ কদম্বকুসুমানি চ।
কেতকীপাটলা পুষ্পং কাণ্বপুষ্পং তথৈব চ।
এবমাদীনি দেয়ানি গন্ধবন্তি শুভানি চ
কেচিদ্বর্ণগুণাদেব কেচিদ্গন্ধগুণাদথ।
অনুক্তান্যপি রম্যাণি তথা দেয়ানি কানিচিৎ।
দেশে দেশে তথা কালে যানি পুষ্পাণ্যনেকশঃ।
গন্ধবর্ণোপপন্নানি তানি দেয়ানি নিত্যশঃ।

নীপঃ কদম্বভেদঃ। অতিমুক্তকং মাধবীলতা। কাণ্বপুষ্পং কণতুহুলীতি প্রসিদ্ধং বাসন্তী বসন্তোদ্ভবা বার্ষিকী চ যা মল্লিকা তস্যাঃ পুষ্পমিত্যর্থঃ ॥ ৪ ॥

কুঙ্কুম ও বন্ধুজীবপুষ্প (বাঁদুলী) ফুল, চম্পক, ভূমিচম্পক, পীত-যূথিকা, কদম্ব ও আম্রমঞ্জরী জনার্দ্দনকে অর্পণ করিবে ॥

মল্লিকা, কুব্জ ও মাধবী, যূথিকাজাতীয় ও মল্লিকাজাতীয় এবং কুব্জ-জাতীয় সমুদায় পুষ্প, কদম্ব, কেতকী, পাটলা ও কণকতুহুলী ইত্যাদি বিবিধ সুগন্ধি পুষ্প বিষ্ণুকে নিবেদন করিবে ॥

উত্তম বর্ণ আছে বলিয়া কতকগুলিকে দিবে, উত্তম গন্ধ আছে বলিয়া কতকগুলিকে দিবে, যে সকল পুষ্প উল্লেখ করা হয় নাই, সে সকল যদি দেখিতে সুন্দর হয়, তহা হইলে প্রদান করিবে। দেশ-ভেদে, কালভেদে যে নানাপ্রকার পুষ্প জন্মে, গন্ধ বা বর্ণ থাকিলেই তৎসমুদায় নিত্য নিবেদন করিবে ॥

কিঞ্চ। তত্রৈব শ্রীবজ্রমার্কণ্ডেয়সম্বাদে ॥

মধ্যেঽন্যবর্ণো যস্য স্যাৎ শুক্লস্য কুসুমস্য চ।
শুভশুক্লস্তু বিজ্ঞেয়ং মনোজ্ঞং কেশবপ্রিয়ং ॥

স্কান্দে ॥

বাসন্তী মল্লিকাপুষ্পং তথা বৈ বার্ষিকী তু যা।
কুসুম্ভং যূথিকে দ্বেচ তথা চৈবাতিমুক্তকং ॥ ৪ ॥
কেতকং চম্পকঞ্চৈব মাষবৃন্তকমেব চ।
পুরন্ধ্রিমঞ্জরীপুষ্পং চূতপুষ্পং তথৈব চ ॥
বন্ধুজীবকপুষ্পঞ্চ কুসুমং কুঙ্কুমস্য চ।
জাতীপুষ্পাণি সর্ব্বাণি কুন্দপুষ্পস্তথৈব চ ॥
পাটলায়াস্তথা পুষ্পং নীলমিন্দীবরং তথা।
কুমুদে শ্বেতরক্তে চ শ্বেতরক্তে তথাম্বুজে।
এবমাদীনি পুষ্পাণি দাতব্যানি সদা হরেঃ ॥ ৫ ॥

পুরন্ধ্রিঃ পুন্নবীতি তস্যা মঞ্জরী পুষ্পঞ্চ ॥ ৫ ॥

আরও ঐ বিষ্ণুধর্ম্মোত্তরে ॥

শ্রীবজ্র ও মার্কণ্ডেয়সম্বাদে ॥

যে শুক্লবর্ণ পুষ্পের মধ্যভাগে অন্যবর্ণ থাকে, তাহার নাম শুভশুক্ল, তাহা দেখিতে অতি সুন্দর ও কেশবের প্রিয় ॥

স্কন্দপুরাণে ॥

বসন্তকালীন বা বর্ষাকালীন মল্লিকা, কুসুম্ভ, দুই প্রকার যূথিকা মাধবী ॥ ৪ ॥

কেতকী, চম্পক, মাষবৃন্ত, পুরন্ধ্রির মঞ্জরী বা পুষ্প, আম্রমঞ্জরী, বন্ধুজীব, কুঙ্কুম, সর্ব্ব প্রকার জাতী, কুন্দ ও পাটলা পুষ্প এবং নীল ইন্দীবর, শ্বেতকুমুদ, রক্তকুমুদ, শ্বেতপদ্ম ও রক্তপদ্ম ইত্যাদি কুসুম সকল হরিকে সর্ব্বদা নিবেদন করিবে ॥ ৫ ॥

তত্রৈবান্যত্র ॥

মালতী তুলসী পদ্মং কেতকী মণিপুষ্পকং।

কদম্বকুসুমং লক্ষ্মীঃ কৌস্তুভং কেশবপ্রিয়ং ॥

কিঞ্চ ॥

কণ্টকীন্যপি দেয়ানি শুক্লানি সুরভীণি চ।

তথা রক্তানি দেয়ানি জলজানি দ্বিজোত্তম ॥ ৬ ॥

নারদীয়ে সপ্তসাহস্রে শ্রীভগবন্নারদসম্বাদে ॥

মালতী বকুলাশোক শেফালী নবমালিকা।

আম্রঞ্চ তগরাখ্যঞ্চ মল্লিকা মধু পিণ্ডিকা।

যূথিকাষ্টপদং কুন্দকদম্বশিখিপিঙ্গকং।

পাটলা চম্পকং হৃদ্যং লবঙ্গমতিমুক্তকং।

কেতকং কুরুবকং বিল্বং কহ্লারং বাসকং দ্বিজ।

যথা লক্ষ্মীঃ কৌস্তুভঞ্চেতি দৃষ্টান্তত্বেনোদাহৃতং। কণ্টকীনি কণ্টকযুক্তানি ॥ ৬ ॥ শেফালী সেহলীতি প্রসিদ্ধা। মধু মধূকপুষ্পং। পিণ্ডিকা নন্দ্যাবর্ত্তঃ। অষ্টপদং নাগকেশরং। শিখি চুত্রিযেতি প্রসিদ্ধা পিঙ্গকং হরিদ্রাকুসুমং ॥ ৭ ॥

ঐ স্কন্দপুরাণেরও অন্যস্থানে ॥

মালতী, তুলসী, পদ্ম, কেতকী, মণি ও কদম্বপুষ্প, লক্ষ্মী ও কৌস্তু-ভের ন্যায় কেশবের প্রিয় ॥

আরও ॥

হে দ্বিজশ্রেষ্ঠ! শুক্লবর্ণ সুগন্ধি পুষ্প কণ্টকযুক্ত হইলেও প্রদান করিবে, তথা জলজাত রক্তপুষ্পও দিবে ॥ ৬ ॥

নারদপুরাণের সপ্তসাহস্রে ॥

শ্রীভগবান্ ও নারদসম্বাদে ॥

হে দ্বিজ! মালতী, বকুল, অশোক, শেফালী, নবমল্লিকা, আম্র, তগর, মল্লিকা, মধূক (মৌহুয়া পুষ্প) পিণ্ডিকা (নন্দ্যাবর্ত্ত) যূথিকা, নাগকেশর, কুন্দ, কদম্ব, শিখি (চুত্রিয়া) হরিদ্রা, পাটলা, চম্পক,

পঞ্চবিংশতিপুষ্পাণি লক্ষ্মীতুল্যপ্রিয়াণি মে।
মদীয়া বনমালা চ পুষ্পৈরেভির্ময়া পুরা।
গ্রথিতা চ তথা তত্ত্বৈঃ পঞ্চবিংশতিভিঃ ক্রমাৎ॥
হারীতস্মৃতৌ চ॥
তুলস্যৌ পঙ্কজে জাত্যৌ কেতক্যৌ করবীরকৌ।
শস্তানি দশপুষ্পাণি তথা রক্তোৎপলানি চ॥ ৭॥
অথ সামান্যতোঽখিলপুষ্পমাহাত্ম্যং॥
বিষ্ণুধর্ম্মোত্তরে॥
দানং সুমনসাং শ্রেষ্ঠং তথৈব পরিকীর্ত্তিতং।
অলক্ষ্ম্যাঃ শমনং মুখ্যং পরং লক্ষ্মীবিবর্দ্ধনং।
ধন্যং যশস্যমায়ুষ্যং মাঙ্গল্যং বুদ্ধিবর্দ্ধনং।
স্বর্গদঞ্চ তথা প্রোক্তং বহ্নিষ্টোমফলপ্রদং।

লবঙ্গ, মাধবী, কেতকী, কুরুবক, বিল্ব, কহ্লার ও বাসক। এই পঞ্চবিংশতি পুষ্প লক্ষ্মীর তুল্য আমার প্রিয়, আমি পূর্ব্বে ক্রমান্বয়ে এই পঞ্চবিংশতি পুষ্পে ও পঞ্চবিংশতি তত্ত্বে আমার বনমালা গাঁথিয়াছি॥

হারীতস্মৃতিতে॥

দুই প্রকার তুলসী, দুই প্রকার পদ্ম, দুই প্রকার জাতি, দুই প্রকার কেতকী এবং দুই প্রকার করবীর, এই দশ পুষ্প ও রক্তোৎপল প্রশস্ত॥ ৭॥

অথ সাধারণরূপে সমস্ত পুষ্পের মাহাত্ম্য॥

বিষ্ণুধর্ম্মোত্তরে॥

কথিত হইয়াছে পুষ্পদান সর্ব্বশ্রেষ্ঠ, এই দান অলক্ষ্মী নিবারণ ও লক্ষ্মী বৃদ্ধি করে এবং ধন, যশঃ, আয়ুঃ, মঙ্গল ও বুদ্ধি বৃদ্ধি করে। বলিয়াছেন ইহাতে স্বর্গ এবং অগ্নিষ্টোমযজ্ঞের ফল পাওয়া যায়॥

ন রত্নেন সুবর্ণেন ন চ বিত্তেন ভূরিণা।
তথা প্রসাদমায়াতি দেবশ্চক্রগদাধরঃ।

তথৈবান্যত্র ॥

ধর্ম্মার্জ্জিতধনক্রীতৈ র্যঃ কুর্য্যাৎ কেশবার্চ্চনং।
উদ্ধরিষ্যত্যসন্দেহং সপ্ত পূর্ব্বাংস্তথাপরান্ ॥
আরামস্থৈস্তু কুসুমৈ র্যঃ কুর্য্যাৎ কেশবার্চ্চনং।
এতদেব সমাপ্নোতি নাত্র কার্য্যা বিচারণা ॥
যথাকথঞ্চিদাহৃত্য কুসুমৈঃ পূজয়ন্ হরিং।
নাকপৃষ্ঠামবাপ্নোতি ন মেহত্রাস্তি বিচারণা ॥
তথা রাষ্ট্রাহৃতৈঃ পুষ্পৈ র্যঃ কুর্য্যাৎ কেশবার্চ্চনং।
পঞ্চবিংশত্যতীতাংশ্চ পঞ্চবিংশত্যনাগতান্।
উদ্ধরেদাত্মনো বংশ্যান্ নাত্র কার্য্যা বিচারণা।

ধর্ম্মেণ ন্যায়েন অর্জ্জিতং যদ্ধনং তেন ক্রীতৈঃ কুসুমৈঃ এতেন ন্যায়োপাত্তবিত্তেন পুষ্প ক্রয়ণমপি শস্তং ব্রাহ্মণাদেরিতি বোধিতং ॥ ৮ ॥

চক্র ও গদাধারী দেব রত্ন, সুবর্ণ বা ভূরি ভূরি ধনে এপ্রকার তুষ্ট হয়েন না ॥

এই প্রকার অন্য স্থলেও ॥

যিনি ধর্ম্মার্জ্জিত ধন দ্বারা পুষ্প ক্রয় করিয়া কেশবের পূজা করেন, তিনি অধস্তন সপ্ত ও উর্দ্ধতন সপ্ত পুরুষ উদ্ধার করেন ॥

যিনি আরামস্থিত কুসুম দ্বারা কেশবের অর্চ্চনা করেন, তিনি এই আরামই প্রাপ্ত হয়েন, ইহাতে সন্দেহ করিবে না ॥

যে কোনরূপে পুষ্প আহরণ করিয়া হরির পূজা করিলে স্বর্গপ্রাপ্ত হয়, এবিষয়ে আমার সন্দেহ নাই ॥

যিনি রাষ্ট্র হইতেও পুষ্প আহরণ করিয়া কেশবের অর্চ্চনা করেন, তিনি আপনার অতীত পঞ্চবিংশতি ও ভবিষ্যৎ পঞ্চবিংশতি পুরুষ উদ্ধার করেন, এবিষয়ে সন্দেহ করার প্রয়োজন নাই ॥

নগরেঽপি বসন্ যস্তু ভৈক্ষ্যাশী শংসিতব্রতঃ।
অরণ্যাদাহৃতৈঃ পুষ্পৈঃ পত্রমূলফলাঙ্কুরৈঃ॥
যথোপপন্নৈঃ সততমভ্যর্চ্চয়তি কেশবং।
সর্ব্বকামপ্রদোদেব স্তস্য স্যান্মধুসূদনঃ॥
পুংসস্তস্যাপ্যকামস্য পরং স্থানং প্রকীর্ত্তিতং।
যত্র গত্বা ন শোচন্তি তদ্বিষ্ণোঃ পরমং পদং॥
তত্রৈব শ্রীবজ্রমার্কণ্ডেয়সম্বাদে॥
অক্ষমৈ স্তুপবাসানাং ধনহীনৈস্তথা নরৈঃ।
অরণ্যাদাহৃতৈঃ পুষ্পৈঃ সংপূজ্য মধুসূদনং।
পূর্ব্বজন্মনি সংপ্রাপ্তং রাজ্যং শৃণু নরাধিপ॥ ৮॥
নৃপো যযাতি র্নহুষো বিশ্বগন্ধঃ করন্ধমঃ।
দিলীপো যুবনাশ্বশ্চ শতপর্ব্বা ভগীরথঃ।
ভীমশ্চ সহদেবশ্চ মহাশীলো মহামনুঃ।

নগরবাসী হইলেও যিনি ভীক্ষাজীবী এবং ব্রতাচারী হইয়া বন হইতে যথাপ্রাপ্ত পুষ্প, পত্র এবং ফল, মূল ও অঙ্কুর আহরণ করিয়া নিয়ত নারায়ণের পূজা করেন, দেব মধুসূদন তাঁহার সমস্ত কামনা পূর্ণ করেন। সেই পুরুষ যদি প্রার্থনাও না করেন, কথিত আছে তাঁহার পরমপদ লাভ হয়। যে স্থানে গমন করিলে শোক করিতে হয় না, তাহাই বিষ্ণুর পরমপদ॥

ঐ গ্রন্থেই শ্রীবজ্র ও মার্কণ্ডেয়সম্বাদে॥

হে নরাধিপ! শ্রবণ করুন, পূর্ব্বজন্মে উপবাসে অসক্ত এবং ধন হীন মনুষ্য সকল অরণ্য হইতে পুষ্প আহরণ করত মধুসূদনের অর্চ্চনা করিয়া রাজ্য প্রাপ্ত হইয়াছেন॥ ৮॥

রাজা যযাতি, নহুষ, বিশ্বগন্ধ, করন্ধম, দিলীপ, যুবনাশ্ব, শতপর্ব্বা, ভগীরথ, ভীম, সহদেব, মহাশীল, মহামনু, দেবল, কালকাক্ষ, কৃতবীর্য্য,

দেবলঃ কালকাক্ষশ্চ কৃতবীর্য্যো গুণাকরঃ।
দেবরাতঃ কুসুম্ভশ্চ বিনীতো বিক্রমো রঘুঃ।
মহোৎসাহো বীতভয়ো অলমিত্রঃ প্রভাকরঃ।
কপোতরোমা পর্য্যন্যশ্চন্দ্রসেনঃ পরন্তপঃ।
ভীমসেনো দৃঢ়রথঃ কুশনাভঃ প্রতর্দ্দনঃ।
এতে চান্যে চ বহবঃ পূর্ব্বজন্মনি কেশবং।
পূজয়িত্বা ক্ষিতাবস্যাং প্রাপুরাজ্যমকণ্টকং।
যক্ষত্বমথ গান্ধর্ব্বং দেবত্বঞ্চ তথৈব চ।
বিদ্যাধরত্বং নাগত্বং যে গতা মনুজোত্তমাঃ।
বহুত্বাচ্চ ন তে শক্যা ময়া বক্তুং তবানঘ।
তস্মাদযত্নঃ সদা কার্য্যঃ পুরুষৈঃ কুসুমার্চ্চনে।
অরণ্যজাতৈঃ কুসুমৈঃ সদৈব সংপূজয়িত্বা স্বয়মাহৃতৈস্তু।
সর্ব্বেশ্বরং যৎ ফলমাপ্নুবন্তি রাজেন্দ্র তদ্বর্ণয়িতুং ন শক্যং॥

অলমিত্যত্র ইত্যাদাবকার লোপাদিকমার্ষং॥ ৯॥

গুণাকর, দেবরাত, কুসুম্ভ, বিনীত, বিক্রম, রঘু, মহোৎসাহ, বীতভয়, অলমিত্র, প্রভাকর, কপোতরোমা, পর্য্যন্য, চন্দ্রসেন, পরন্তপ, ভীমসেন, দৃঢ়রথ, কুশনাভ এবং প্রতর্দ্দন। এই সকল এবং অপরাপর অনেক রাজা পূর্ব্বজন্মে কেশবের পুজা করিয়া এই পৃথিবীতে নিষ্কণ্টক রাজ্য প্রাপ্ত হইয়াছিলেন॥

যে সকল প্রধান প্রধান মনুষ্য, যক্ষ, গন্ধর্ব্ব, দেবতা অথবা বিদ্যাধর কি নাগ হইয়াছিলেন, তাঁহাদিগের সংখ্যা অনেক। হে নিষ্পাপ! এইজন্য আমি তাঁহাদিগের নামোল্লেখ করিতে পারিলাম না। অতএব মনুষ্য সকল পুষ্প আহরণ করিতে সর্ব্বদা যত্ন করিবে॥

হে রাজেন্দ্র স্বয়ং বিবিধ বনজাত পুষ্প আহরণ করিয়া নিত্য সর্ব্বেশ্বরের অর্চ্চনা করিলে মনুষ্যগণ যে ফল পাইয়া থাকেন, তাহা বর্ণনা করিতে পারা যায় না॥

স্বয়মাহৃত্য পুষ্পাণি ভিক্ষাশী কেশবার্চ্চনং।
যঃ করোতি স রাজেন্দ্র বংশানামুদ্ধরেৎ শতং॥
বিষ্ণুধর্ম্মোত্তরে॥
পুষ্পাণিতু সুগন্ধীনি মনোজ্ঞানি তু যঃ পুমান্।
প্রযচ্ছতি হৃষীকেশে স ভাগবতমানবঃ॥
নারসিংহে॥
তপঃ শীলগুণোপেতে পাত্রে বেদস্য পারগে।
দশ দত্ত্বা সুবর্ণানি যৎ ফলং সমবাপ্নুয়াৎ।
তৎফলং লভতে মর্ত্ত্যো হরেঃ কুসুমদানতঃ॥
তত্রৈবাগ্রে॥
মল্লিকা মালতী জাতী কেতকাশোকচম্পকৈঃ।
পুন্নাগ নাগ বকুলৈঃ পদ্মৈরুৎপলজাতিভিঃ।

হে রাজশ্রেষ্ঠ! যে ব্যক্তি ভিক্ষান্ন ভোজন করতঃ স্বয়ং পুষ্প সকল আহরণ করিয়া কেশবের অর্চ্চনা করেন, তিনি বংশজাত শত পুরুষ উদ্ধার করেন॥

বিষ্ণুধর্ম্মোত্তরে॥

যে ব্যক্তি মনোহর সুগন্ধি পুষ্প হৃষীকেশকে নিবেদন করেন, তিনি একজন ভগবদ্ভক্ত॥

নৃসিংহপুরাণে॥

তপশ্চারী, শীলগুণ সম্পন্ন, বেদপারগ-পাত্রে দশ সুবর্ণ দান করিলে যে ফল হয়, মনুষ্য হরিকে কুসুম দান করিলে সেই ফল প্রাপ্ত হয়েন॥

ঐ নৃসিংহপুরাণের আরও পরে॥

মল্লিকা, মালতী, জাতী, কেতকী, অশোক, চম্পক, পুন্নাগ, নাগ, বকুল, পদ্ম এবং উৎপলজাতীয় সমুদায় পুষ্প ও অন্যান্য প্রশস্তপুষ্পদ্বারা

এতৈরন্যৈশ্চ কুসুমৈঃ প্রশস্তৈরচ্যুতং নরঃ।
অর্চ্চন্ দশ সুবর্ণস্য প্রত্যেকং ফলমাপ্নুয়াৎ।
এবং হি রাজন্ নরসিংহমূর্ত্তেঃ প্রিয়াণি পুষ্পাণি তবেরিতানি।
এতৈশ্চ নিত্যং হরিমর্চ্চ্য ভক্ত্যা নরো বিশুদ্ধো হরিমেব যাতি ॥

স্কান্দে ॥

স্বয়মাহৃত্য যো দদ্যাদরণ্যকুসুমানি চ।
স রাজ্যং স্ফীতমাপ্নোতি লোকে নিহতকণ্টকং ॥ ৯ ॥

তত্রৈব শ্রীশিবোমাসম্বাদে ॥

যৈঃ কৈশ্চিদিহ পুষ্পৈশ্চ জলজৈঃ স্থলজৈরপি।
সংপূজ্য কথিতৈ র্ভক্ত্যা বিষ্ণুলোকে মহীয়তে ॥

বিষ্ণুরহস্যে। শ্রীমার্কণ্ডেয়েন্দ্রদ্যুম্নসম্বাদে ॥

কথিতৈ বিঁহিতৈরিত্যর্থঃ পূর্ব্বোক্তৈ র্ব্বা ॥ ১০ ॥

মনুষ্য নারায়ণের অর্চ্চনা করিলে প্রত্যেক পুষ্পে দশ সুবর্ণমুদ্রা দানের ফল পাইবে ॥

হে রাজন্! নৃসিংহ মূর্ত্তির প্রিয়পুষ্প সকল এই প্রকারে তোমাকে বলিলাম, কেবল এই গুলি দ্বারা ভক্তিপূর্ব্বক নিত্য হরির আরাধনা করিলে মনুষ্য পাপ শূন্য হইয়া বিষ্ণুকেই প্রাপ্ত হইবে ॥

স্কন্দপুরাণে ॥

যিনি স্বয়ং অরণ্যপুষ্প আহরণ করিয়া বিষ্ণুকে নিবেদন করেন, তিনি পৃথিবীতে নিষ্কণ্টকে পরিবর্দ্ধিত রাজ্য প্রাপ্ত হইবেন ॥ ৯ ॥

ঐ স্কন্দপুরাণেই শ্রী শিব ও উমার সম্বাদে ॥

জলজই হউক, আর স্থলজই হউক, পূর্ব্বোক্ত যে কোন পুষ্প দ্বারাই অর্চ্চনা করিলে মনুষ্য বিষ্ণুলোকে গিয়া সম্মানের সহিত বাস করিবে ॥

বিষ্ণুরহস্যে শ্রীমার্কণ্ডেয় ও ইন্দ্রদ্যুম্ন সম্বাদে ॥

ঋতুকালোদ্ভবৈঃ পুষ্পৈ র্যোঽর্চ্চয়েদ্রুক্মিণীপতিং।
সর্ব্বান্ কামানবাপ্নোতি যান্ দিব্যান্ যাংশ্চ মানুষান্॥ ১০॥

অথ পুষ্পবিশেষমাহাত্ম্যং॥

তথাচ নারসিংহে॥

পুষ্পজাতি বিশেষেণ ভবেৎ পুণ্যং বিশেষতঃ॥

কিঞ্চ॥

এবং পুষ্পবিশেষেণ ফলং তদধিকং নৃপ।
জ্ঞেয়ং পুষ্পান্তরেণাপি যথা স্যাত্তন্নিবোধ মে॥

তত্র দ্রোণপুষ্পমাহাত্ম্যং॥

নারসিংহে এব॥

এবমিতি দ্রোণপুষ্পোক্তপ্রকারেণেতি জ্ঞেয়ং তৎ পুরাণে দ্রোণপুষ্পে তদৈকস্মিন্নিত্যনন্তরমস্য পাঠাৎ। অতঃ পুষ্পান্তরেণেতি দ্রোণপুষ্পাদি ভবেণাপীত্যর্থঃ। পুষ্পান্তরজ্ঞেনেতি পাঠে অন্তরং ভেদ স্তজ্জ্ঞেন॥ ১১॥

যিনি ঋতুকালজাত কুসুম দ্বারা রুক্মিণীপতির অর্চ্চনা করেন, তাঁহার পরলোক সম্বন্ধীয় ও মনুষ্যলোক সম্বন্ধীয় সমুদায় কামনা পরিপূর্ণ হয়॥ ১০॥

অথ বিশেষরূপে পুষ্পের মাহাত্ম্য॥

নৃসিংহপুরাণে এই কথাই উক্ত হইয়াছে যথা—

পুষ্পের জাতিভেদে বিশেষ বিশেষ পুণ্য হয়॥

আরও॥

হে নৃপ! দ্রোণপুষ্পের যে মাহাত্ম্যের কথা কহিলাম, তদনুসারে জানিবে যে, পুষ্পভেদে ফলও অধিক হইয়াথাকে, এতদ্ভিন্ন অন্য পুষ্পেও যে ফল হয়, তাহা আমার নিকট শ্রবণ কর॥

তন্মধ্যে দ্রোণপুষ্পের মাহাত্ম্য॥

নৃসিংহপুরাণেই॥

দ্রোণপুষ্পে তথৈকস্মিন্ মাধবায় নিবেদিতে।
দত্ত্বা দশ সুবর্ণানি যৎফলং তদবাপ্নুয়াৎ ॥ ১১ ॥
জাত্যাঃ নারসিংহে ॥
দ্রোণপুষ্পসহস্রেভ্যঃ খাদিরং বৈ বিশিষ্যতে।
শমীপুষ্পসহস্রেভ্যো বিল্বপুষ্পং বিশিষ্যতে।
বিল্বপুষ্পসহস্রেভ্যো বকপুষ্পং বিশিষ্যতে।
বকপুষ্পসহস্রাদ্ধি নন্দ্যাবর্ত্তং বিশিষ্যতে।
নন্দ্যাবর্ত্তসহস্রাদ্ধি করবীরং বিশিষ্যতে।
করবীরস্য কুসুমাৎ শ্বেতপুষ্পমনুত্তমং।
করবীরশ্বেতকুসুমাৎ পালাশং পুষ্পমুত্তমং।
পালাশপুষ্পসাহস্র্যাৎ কুশপুষ্পং বিশিষ্যতে।
কুশপুষ্পসহস্রাদ্ধি বনমালা বিশিষ্যতে।
বনমালাসহস্রাদ্ধি চম্পকস্তু বিশিষ্যতে।

নন্দ্যাবর্ত্তং পিণ্ডীতগরং করবীরং রক্তং অগ্রে শ্বেতমিত্যুক্তেঃ। বনমালা পুষ্পবিশেষঃ মালতী জাতিভেদঃ ॥ ১২ ॥

একটীমাত্র দ্রোণপুষ্প মাধবকে নিবেদন করিলে দশ সুবর্ণমুদ্রা দান করিলে যে ফল হয়, সেই ফল লাভ হইয়া থাকে ॥ ১১ ॥

জাতীপুষ্পের বিষয় নৃসিংহপুরাণে ॥

সহস্র দ্রোণপুষ্প অপেক্ষা একটী শমীপুষ্প শ্রেষ্ঠ। সহস্র শমীপুষ্প হইতে একমাত্র বিল্বপুষ্প উৎকৃষ্ট। সহস্র বিল্বপুষ্প অপেক্ষা বকপুষ্প প্রধান, সহস্র বকপুষ্প হইতে একটী নন্দ্যাবর্ত্ত উত্তম। সহস্র নন্দ্যাবর্ত্ত অপেক্ষা এক করবীরের প্রশস্ততা। করবীর কুসুমের মধ্যে শ্বেতকরবীর উত্তম, শ্বেতকরবীর হইতে পলাশপুষ্প উৎকৃষ্ট। সহস্র পলাশপুষ্প হইতে এক কুশপুষ্প শ্রেষ্ঠ। সহস্র কুশফুল হইতে এক বনমালার অর্থাৎ মালতী জাতীয় পুষ্পবিশেষের প্রধানতা। সহস্র বনমালা

চম্পকাৎ পুষ্পশতকাদশোকপুষ্পমুত্তমং।
অশোকপুষ্পসাহস্র্যাৎ সেবন্তীপুষ্পমুত্তমং।
কুব্জপুষ্পসহস্রাণাং মালতীপুষ্পমুত্তমং।
মালতীপুষ্পসাহস্র্যাৎ ত্রিসন্ধ্যাপুষ্পমুত্তমং।
ত্রিসন্ধ্যারক্তসাহস্র্যাৎ ত্রিসন্ধ্যাশ্বেতকং বরং।
ত্রিসন্ধ্যাশ্বেতসাহস্র্যাৎ কুন্দপুষ্পং বিশিষ্যতে।
কুন্দপুষ্পসহস্রাদ্ধি শতপত্রং বিশিষ্যতে।
শতপত্রসহস্রাদ্ধি মল্লিকাপুষ্পমুত্তমং।
মল্লিকাপুষ্পসাহস্র্যাজ্জাতীপুষ্পং বিশিষ্যতে।
সর্ব্বাসাং পুষ্পজাতীনাং জাতীপুষ্পমিহোত্তমং।
জাতীপুষ্পসহস্রেণ যচ্ছন্মালাং সুশোভনাং।
বিষ্ণবে বিধিবদ্ভক্ত্যা তস্য পুণ্যফলং শৃণু।
কল্পকোটিসহস্রাণি কল্পকোটিশতানি চ।

অপেক্ষা এক চম্পক উৎকৃষ্ট, একশত চম্পক হইতে এক অশোক উত্তম। সহস্র অশোকপুষ্প হইতে এক কুব্জপুষ্প শ্রেষ্ঠ। সহস্র কুব্জপুষ্প অপেক্ষা এক মালতীপুষ্প উত্তম। সহস্র মালতী হইতে এক ত্রিসন্ধ্যা-পুষ্প শ্রেষ্ঠ। রক্তবর্ণ সহস্র ত্রিসন্ধ্যা অপেক্ষা একমাত্র শ্বেতত্রিসন্ধ্যা উৎকৃষ্ট। সহস্র শ্বেত ত্রিসন্ধ্যা হইতে এক কুন্দপুষ্প উত্তম। সহস্র কুন্দফুল হইতে এক পদ্ম প্রশস্ত। সহস্র পদ্মফুল হইতে এক মল্লিকা-ফুল উত্তম। সহস্র মল্লিকা অপেক্ষা একমাত্র জাতীকুসুম প্রশস্ত, এস্থলে যত প্রকার ফুল আছে, তৎ সমুদায় অপেক্ষা একমাত্র জাতীফুলের উত্তমতা॥

যে ব্যক্তি সহস্র জাতীফুল দ্বারা মনোহর মালা গাঁথিয়া ভক্তিভাবে বিধানানুসারে বিষ্ণুকে নিবেদন করেন, তাঁহার পুণ্যফল শ্রবণ কর॥

কল্পকোটি-সহস্র, কল্পকোটি-শত শ্রীমান্ এবং বিষ্ণুতুল্য পরাক্রম

বসেৎ বিষ্ণুপুরে শ্রীমান্ বিষ্ণুতুল্যপরাক্রমঃ।
শেষাণাং পুষ্পজাতীনাং যৎফলং বিধিদর্শিতং।
তৎফলস্যানুসারেণ বিষ্ণুলোকে মহীয়তে॥
বিষ্ণুধর্ম্মোত্তরে॥
সর্ব্বাসাং পুষ্পজাতীনাং জাত্যঃ শ্রেষ্ঠতমা মতাঃ।
জাতীনামপি সর্ব্বাসাং শুক্লা জাতিঃ প্রশস্যতে।
স্কান্দেঽপি ব্রহ্মনারদসম্বাদে॥
মল্লিকেত্যাদি শ্লোকত্রয়মাস্তে॥
কিঞ্চ তত্রৈবান্যত্র॥
জাতীপুষ্পপ্রদানেন গন্ধর্ব্বৈঃ সহ মোদতে।
জাতীপুষ্পাষ্টকং দত্ত্বা বহ্নিষ্টোমফলং লভেৎ॥ ১২॥

শালী হইয়া বিষ্ণুপুরে বাস করিবেন॥

বিধানানুসারে অবশিষ্ট ফুল সকলের যে ফল নির্দ্দেশ করা হইয়াছে, তদনুসারে পূজক ব্যক্তি বিষ্ণুলোকে সম্মান লাভ করিবেন॥

বিষ্ণুধর্ম্মোত্তরে॥

যত যত কুসুমজাতি আছে, সেই সকল অপেক্ষা জাতীফুল শ্রেষ্ঠ বলিয়া সম্মত। সমুদায় জাতীর মধ্যেও আবার শুক্লবর্ণ জাতী শ্রেষ্ঠ॥

স্কন্দপুরাণেও ব্রহ্মা ও নারদসম্বাদে॥

"মল্লিকা" ইত্যাদি তিনটী শ্লোক আছে॥

আরও ঐ স্কন্দপুরাণে অন্যস্থলে॥

জাতীফুল প্রদান করিলে গন্ধর্ব্বদিগের সহিত বাস করত আনন্দে কালযাপন করিবে। আটটী জাতীফুল প্রদান করিলে অগ্নিষ্টোমযজ্ঞের ফল লাভ হইবে॥ ১২॥

জাতীপুষ্পসহস্রেণ যথেষ্টাং গতিমাপ্নুয়াৎ।
শ্বেতদ্বীপমবাপ্নোতি লক্ষপূজাবিধায়কঃ॥ ১৩॥
জাতীপুষ্পকৃতাং মালাং কর্পূরপটবাসিতাং।
নিবেদ্য দেবদেবায় যৎফলং প্রাপ্নুয়ান্নরঃ।
ন তদ্বর্ণয়িতুং শক্যমপি বর্ষশতৈরপি॥
মালত্যাঃ স্কান্দে। শ্রীব্রহ্মনারদসম্বাদে॥
বর্ণানান্তু যথা বিপ্র স্তীর্থানাং জাহ্নবী যথা।
সুরাণান্তু যথা বিষ্ণুঃ পুষ্পাণাং মালতী তথা।
মালত্যা হি তথা দেবং যোঽর্চ্চয়েদ্গরুড়ধ্বজং।
জন্ম দুঃখ জরারোগৈর্মুক্তোঽসৌ মুক্তিমাপ্নুয়াৎ॥ ১৪॥

লক্ষং জাতীপুষ্পাণামেব তেন পূজায়াঃ বিধায়কঃ॥ ১৩॥
কর্পূরস্য পটঃ চূর্ণগন্ধস্তেন বাসিতাং। মালবত্যা ইতি পাঠেঽপি মালবত্যেব মালবতী মুক্তিং পরমানন্দলক্ষণাং॥ ১৪॥

সহস্র জাতী কুসুম প্রদান করিলে যে গতি ইচ্ছা করিবে তাহাই প্রাপ্ত হইবে। লক্ষ জাতী কুসুম দিয়া পূজা করিলে শ্বেতদ্বীপ প্রাপ্ত হইবে॥ ১৩॥

জাতী কুসুমে রচিত মালা কর্পূরচূর্ণ দ্বারা বাসিত করিয়া দেবদেবকে নিবেদন করিলে মনুষ্য যে ফল প্রাপ্ত হইবে, শতবর্ষেও তাহার বর্ণনা করা যায় না॥

মালতীর বিষয় স্কন্দপুরাণে॥

শ্রীব্রহ্মা ও নারদ সম্বাদে॥

যেমন বর্ণের মধ্যে ব্রাহ্মণ, যেমন তীর্থের মধ্যে গঙ্গা, যেমন দেবতার মধ্যে বিষ্ণু, তেমনি কুসুমের মধ্যে মালতী॥

যে ব্যক্তি মালতী ফুল দ্বারা গরুড়ধ্বজ-দেবের পূজা করেন, তিনি জন্মদুঃখ, জরা এবং রোগ হইতে মুক্ত হইয়া মুক্তি লাভ করিবেন॥১৪॥

তত্রৈবান্যত্র ॥

যোঽর্চ্চয়েন্মালতীপুষ্পৈঃ কৃষ্ণং ত্রিভুবনেশ্বরং।
তেনাপ্তং নাস্তি সন্দেহস্তৎপদং দুর্ল্লভং হরেঃ।
মালতীকলিকামালা মীষদ্বিকসিতাং হরেঃ।
দত্ত্বা শিরসি বিপ্রেন্দ্র বাজিমেধফলং লভেৎ।

গারুড়ে ॥

পক্ষীন্দ্র ন শ্রুতং দৃষ্টং ভূতম্বা ন ভবিষ্যতি।
মালত্যা ন সমং পুষ্পং দ্বাদশ্যা ন সমা তিথিঃ।
পুষ্পেণৈকেন মালত্যাঃ প্রীতি র্যা কেশবস্য হি।
ন সা ক্রতু সহস্রেণ ভবতে নারদোঽব্রবীৎ।
যত্র যত্র খগশ্রেষ্ঠ ভবতে মালতীবনং।

ন সমমিত্যত্র নকারস্য অধুনাপি নাস্তীত্যর্থঃ। ভবতে ভবতি ইত্যাদিকমার্ষমূলেয়ং ॥ ১৫

ঐ স্কন্দপুরাণেই অন্যস্থলে ॥

যে ব্যক্তি মালতী কুসুম দ্বারা ত্রিভুবনেশ্বর বিষ্ণুর পূজা করিবেন, তিনি হরির সেই দুর্ল্লভ স্থান লাভ করিবেন, সন্দেহ নাই ॥

হে ব্রাহ্মণশ্রেষ্ঠ! ঈষৎ প্রস্ফুটিত মালতী-কলিকার মালা হরির মস্তকে প্রদান করিলে, অশ্বমেধ যজ্ঞের ফল লাভ করিবে ॥

গরুড়পুরাণে ॥

হে পক্ষিশ্রেষ্ঠ! মালতীর সমান ফুল এবং দ্বাদশী সমান তিথি শ্রবণ করাও যায় নাই, দেখাও যায় নাই, হয়ও নাই, আর হইবেও না ॥

নারদ বলিয়াছেন একটী মালতীর কুসুমে কেশবের যাদৃশী প্রীতি জন্মে, সহস্র যজ্ঞেও সেরূপ প্রীতি হয় না ॥

হে খগশ্রেষ্ঠ! যে যে স্থানে মালতীর বন থাকে, কেশব ঐ প্রকার

পত্রে পত্রে তথা তুষ্ট বসতে তত্র কেশবঃ।
দৃষ্ট্বা তু মালতীপুষ্পং বৈষ্ণবেন করে ধৃতং।
প্রীতো ভবতি দৈত্যারিঃ সুতং দৃষ্ট্বা যথা খগ।
পুষ্পে পুষ্পে খগশ্রেষ্ঠ মালত্যাঃ সুমনোহরে।
অক্ষয়ং প্রাপ্যতে স্থানং দাহপ্রলয়বর্জিতং।
বল্লভং মালতীপুষ্পং মাধবস্য সদৈব হি।
হেলয়া দাপয়েৎ স্থানং স্বকীয়ং গরুড়ধ্বজঃ॥ ১৫॥
দত্তমাত্রং হরেঃ পুষ্পং নির্ম্মাল্যং ভবতি ক্ষণাৎ।
অহোরাত্রং প্রভুক্তং হি মালতীকুসুমং নহি।
বিষ্ণোরঙ্গাৎ পরিভ্রষ্টং মালতীকুসুমং খগ।
যো ধারয়েচ্চ শিরসি সর্ব্বধর্ম্মফলং লভেৎ।

নির্ম্মাল্যমিতি উপভুক্তত্বেনোত্তারণযোগ্যমিত্যর্থঃ। নহি নির্ম্মাল্যং ভবতি। পাঠান্তরং সুগমং। অদত্বা অসমর্প্য॥ ১৬॥

তুষ্ট হইয়া উহার পত্রে পত্রে বাস করেন॥

হে খগ! যেমন পুত্র দেখিলে আনন্দ জন্মে, তেমনি বৈষ্ণব-হস্তে মালতী পুষ্প ধারণ করিয়াছে দেখিলে, দৈত্যারি হরি আহ্লাদিত হয়েন॥

হে খগশ্রেষ্ঠ! সুমনোহর মালতী পুষ্প নিবেদন করিলে প্রতি পুষ্পে তাপশূন্য, প্রলয়রহিত অক্ষয় স্থান প্রাপ্তি হয়॥

মালতীপুষ্প মাধবের সর্ব্বদাই তুষ্টিকর। গরুড়ধ্বজ পূজক ব্যক্তিকে হেলায় আপনার নিজধাম দান করেন॥ ১৫॥

হরিকে পুষ্প দেবামাত্রই নির্ম্মাল্য হয়। কিন্তু দিবরাত্র ভুক্ত হইলেও মালতীপুষ্প নির্ম্মাল্য হয় না॥

হে পক্ষিন্! যে ব্যক্তি বিষ্ণুর অঙ্গ হইতে ভ্রষ্ট মালতীপুষ্প মস্তকে ধারণ করেন, তিনি সমস্ত ধর্ম্মের ফল প্রাপ্ত হয়েন॥

অদত্ত্বা কেশবে যস্তু স্বমূর্দ্ধ্না মালতীং বহেৎ।
স নরঃ খগশার্দ্দূল সর্ব্বধর্ম্মচ্যুতো ভবেৎ।
কার্ত্তিকে চ তস্যা মাহাত্ম্যবিশেষঃ ॥
তথাচ গারুড়ে ॥
সুবর্ণদানং গোদানং ভূমিদানং খগেশ্বর।
বিহায় কার্ত্তিকে মাসি মালতীং যচ্ছ কেশবে।
সর্ব্বমাসেষু পক্ষীন্দ্র মালতী কেশবপ্রিয়া।
প্রবোধন্যাং বিশেষেণ অশ্বমেধাদিদায়িনী ॥ ১৬ ॥
স্কান্দে ব্রহ্মনারদসম্বাদে ॥
মালতীমালয়া বিষ্ণুঃ পূজিতো যেন কার্ত্তিকে।
পাপাক্ষরকৃতাং মালাং হঠাৎ সৌরিঃ প্রমার্জ্জতি ॥ ১৭ ॥
পাদ্মে উত্তখণ্ডে কার্ত্তিকমাহাত্ম্যে ॥

মালাং পঙ্ক্তিং। সৌরির্যমঃ ॥ ১৭ ॥

হে পক্ষিশ্রেষ্ঠ! যে ব্যক্তি কেশবকে নিবেদন না করিয়া মালতী পুষ্প অঙ্গে ধারণ করে, সেই নর সর্ব্বধর্ম্ম হইতে ভ্রষ্ট হয় ॥

কার্ত্তিকমাসে ঐ মালতীপুষ্পের বিশেষ মাহাত্ম্য ॥

গরুড়পুরাণে ঐ বিষয় উক্ত হইয়াছে ॥

হে খগেশ্বর! সুবর্ণদান, গোদান এবং ভূমিদান না করিয়া কার্ত্তিক মাসে কেশবকে মালতীপুষ্প নিবেদন কর ॥

পক্ষিরাজ! মালতী সকল মাসেই কেশবের তুষ্টি সাধন করে, বিশেষতঃ কার্ত্তিক মাসে অশ্বমেধাদির ফল প্রদান করে ॥ ১৬ ॥

স্কন্দপুরাণে ব্রহ্মা ও নারদের সম্বাদে ॥

কার্ত্তিকমাসে যে ব্যক্তি মালতী দ্বারা বিষ্ণুর পূজা করেন, যম তাঁহার হঠাৎ পাপ রূপ অক্ষর দ্বারা বিরচিত পঙ্ক্তি মুছিয়া ফেলেন ॥ ১৭ ॥

পদ্মপুরাণের উত্তরখণ্ডে কার্ত্তিকমাহাত্ম্যপ্রসঙ্গে ॥

মালতী জাতিকাপুষ্পৈঃ স্বর্ণজাত্যা চ চম্পকৈঃ।
পূজিতো মাধবো দদ্যাৎ কার্ত্তিকে বৈষ্ণবং পদং।
কমলস্য চ স্কান্দে ব্রহ্মনারদসম্বাদে ॥
শুভ্রাশুভ্রৈর্মহাগন্ধৈঃ কুসুমৈঃ পঙ্কজোদ্ভবৈঃ।
অধোক্ষজং সমভ্যর্চ্চ্য নরো যাতি হরেঃ পদং ॥
তত্রৈবান্যত্র ॥
অহো নষ্টা বিনষ্টাস্তে পতিতাঃ কলিকন্দরে।
যৈ র্নার্চ্চিতো হরির্ভক্ত্যা কমলৈরসিতৈঃ সিতৈঃ।
পদ্মেনৈকেন দেবেশং যোঽর্চ্চয়েৎ কমলাপ্রিয়ং।
বর্ষাযুতসহস্রস্য পাপস্য কুরুতে ক্ষয়ং।
পদ্মৈঃ পদ্মালয়াভর্ত্তা পূজিতঃ পদ্মহস্তভৃৎ।

অপ্রণয়েনাপ্যর্চ্চিতঃ সন্। পদ্মহস্তভৃদিতি যদ্যপি হস্তেন পদ্মং বিভর্ত্তীত্যর্থঃ ॥ ১৮ ॥

কার্ত্তিকমাসে মালতী, জাতী, স্বর্ণজাতী, বা চম্পক, দ্বারা পূজিত হইলে মাধব বিষ্ণুধাম প্রদান করেন ॥

পদ্মের বিষয় স্কন্দপুরাণে ॥
ব্রহ্মা ও নারদ সম্বাদে ॥

মনুষ্য মহা গন্ধশালী শ্বেত বা নীল পদ্মের দ্বারা অধোক্ষজের অর্চ্চনা করিলে হরির ধামে গমন করে ॥

ঐ স্কন্দপুরাণেরই অন্যস্থলে ॥

অহো! যাঁহারা ভক্তিভাবে নীল বা শুভ্র কমল দ্বারা বিষ্ণুপূজা না করিয়াছেন তাঁহারা নষ্ট ও বিনষ্ট হইয়া কলিগুহায় নিমগ্ন হইয়াছেন ॥

যে ব্যক্তি একমাত্র পদ্ম দ্বারা দেবেশ্বর কমলাকান্তের অর্চ্চনা করেন, তিনি কোটিবর্ষকৃত পাপ ধ্বংস করেন ॥

পদ্মহস্ত কমলাকান্ত কমল দ্বারা পূজিত হইলে বৈষ্ণব-পুত্রদিগকে

দদাতি বৈষ্ণবান্ পুত্রান্ ভক্তিমব্যভিচারিণীং ॥ ১৮ ॥
তত্রৈব শ্রীশিবোমাসম্বাদে ॥
পদ্মপুষ্পাণি যো দদ্যাত্তস্মাচ্ছতগুণং ভবেৎ ॥ ১৯ ॥
তত্র বর্ণবিশেষেণ মাহাত্ম্যবিশেষঃ ॥
তথাচ স্কান্দে ॥
রক্তপদ্মপ্রদানেন রুক্মমাষকদো ভবেৎ।
শতং দত্ত্বাচ ধর্ম্মাত্মা বহ্নিষ্টোমফলং লভেৎ।
সহস্রঞ্চ তথা দত্ত্বা সূর্য্যলোকে মহীয়তে।
বিষ্ণুলোকমবাপ্নোতি লক্ষপূজাবিধায়কঃ।
স্বয়মেব তথা লক্ষ্মীর্ভজতে নাত্র সংশয়ঃ।

তস্মাদিতি প্রাগ্বৎ তত্র পূর্ব্বোক্তাৎ সৌবর্ণপুষ্পদশকফলপ্রদানাৎ করবীরপুষ্পার্পণফলাদিতি জ্ঞেয়ং ॥ ১৯ ॥

রুক্মমাষকদইতি সুবর্ণমাষদানফলং প্রাপ্নুয়াদিত্যর্থঃ। শতং রক্তপদ্মানাং এবমগ্রেঽপি।

অব্যভিচারিণী ভক্তি প্রদান করেন ॥ ১৮ ॥

ঐ স্কন্দপুরাণে শ্রীশিব ও উমাসম্বাদে ॥

যে ব্যক্তি পদ্মপুষ্প নিবেদন করিবে, সে তাহা হইতেও অর্থাৎ সুবর্ণ নির্ম্মিত দশ কুসুম দানের ফলপ্রদ করবীরপুষ্প অর্পণ হইতেও শতগুণ অধিক ফল পাইবে ॥ ১৯ ॥

তন্মধ্যে বর্ণবিশেষে মাহাত্ম্যবিশেষ ॥

স্কন্দপুরাণে ঐ বিষয় বর্ণিত হইয়াছে ॥

রক্তপদ্ম প্রদান করিলে এক মাষা স্বর্ণদানের ফল পাইবে, ধর্ম্মাত্মা এক শত পদ্ম দান করিলে অগ্নিষ্টোমের ফল লাভ করিবেন ॥ সহস্র অর্পণ করিলে সূর্য্যলোকে গিয়া সম্মানের সহিত বাস করিতে পাইবেন। যে ব্যক্তি লক্ষ রক্তপদ্ম দ্বারা পূজা করেন, তিনি বিষ্ণুলোক প্রাপ্ত হন। লক্ষ্মী নিজের ইচ্ছাতেই তাঁহাকে ভজনা করেন,

রক্তপদ্ম প্রদানাদ্ধি শ্বেতস্য দ্বিগুণং ফলং ॥

তত্রাপি কার্ত্তিকে বিশেষঃ ॥

পাদ্মোত্তরখণ্ডে কার্ত্তিকমাহাত্ম্যে ॥

কমলৈঃ কমলাকান্তঃ পূজিতঃ কার্ত্তিকে তু যৈঃ ।
কমলা অনুগা তেষাং জন্মান্তরশতেষপি ॥

স্কান্দে চ শ্রীব্রহ্মনারদসম্বাদে ॥

কার্ত্তিকে নার্চ্চিতো যস্তু কমলৈঃ কমলেক্ষণঃ ।
জন্মকোটিষু বিপ্রেন্দ্র ন তেষাং কমলা গৃহে ॥

নীলোৎপলস্য । বিষ্ণুধর্ম্মোত্তরে ॥

দত্ত্বা নীলোৎপলং মুখ্যং কুসুমং কুঙ্কুমস্য চ ।
তুল্যং ফলমবাপ্নোতি বন্ধুজীবস্য চ দ্বিজাঃ ॥

স্বয়মেব লক্ষ্মীর্ভজত ইতি সাক্ষাৎ সর্ব্বসম্পত্তিস্তস্য ভবেদিত্যর্থঃ। এবং কমলা অনুগেত্যপি ॥২০

ইহাতে সন্দেহ নাই। রক্তপদ্ম নিবেদন করা হইতে শ্বেতপদ্ম নিবেদনের দ্বিগুণ ফল ॥

তাহাতেও আবার কার্ত্তিকমাসে বিশেষ ফল আছে ॥

পদ্মপুরাণের উত্তরখণ্ডে কার্ত্তিকমাহাত্ম্যে ॥

যে সকল ব্যক্তি কার্ত্তিকমাসে কমল দ্বারা কমলাকান্তের পূজা করেন, কমলা শত জন্ম পর্য্যন্তও তাঁহাদিগের অনুগামিনী থাকেন ॥

স্কন্দপুরাণে শ্রীব্রহ্ম নারদ সম্বাদে ॥

হে বিপ্রশ্রেষ্ঠ! যাঁহারা কার্ত্তিকমাসে কমল দ্বারা কমললোচনের অর্চ্চনা না করিয়াছেন, কোটিজন্মেও তাঁহাদিগের গৃহে কমলার অবস্থিতি হয় না ॥

নীলোৎপলের বিষয় বিষ্ণুধর্ম্মোত্তরে ॥

হে দ্বিজগণ! মুখ্যনীলোৎপল ও কুঙ্কুম কুসুম এবং বন্ধুজীব পুষ্প

সুবর্ণদশদানস্য ফলং প্রাপ্নোতি মানবঃ।
দত্ত্বা নীলোৎপলং বিষ্ণোর্নাত্র কার্য্যা বিচারণা।
নীলোৎপলশতং দত্ত্বা বহ্নিষ্টোমফলং লভেৎ।
নীলোৎপলসহস্রেণ পুণ্ডরীকমবাপ্নুয়াৎ।
লক্ষপূজাং নরঃ কৃত্বা রাজসূয়ফলং লভেৎ॥
কুমুদস্য বিষ্ণুধর্ম্মোত্তরে॥
রূপমাষকদানস্য ফলং কুমুদতো ভবেৎ।
কুমুদানাং শতং দত্ত্বা চন্দ্রলোকে মহীয়তে।
সহস্রঞ্চ তথা দত্ত্বা যথেষ্টাং গতিমাপ্নুয়াৎ।
অশ্বমেধমবাপ্নোতি লক্ষপূজাবিধায়কঃ।
রক্তোৎপলপ্রদে বিষ্ণো স্তথা স্যাদ্দ্বিগুণং ফলং॥ ২০॥
কদম্বস্য। স্কান্দে ব্রহ্মনারদসম্বাদে॥

নিবেদন করিলে সমান ফল প্রাপ্তি হয়॥

বিষ্ণুকে নীলোৎপল নিবেদন করিলে মনুষ্য দশ সুবর্ণ দানের ফল পায় ইহাতে সন্দেহ করিবে না॥

একশত নীলোৎপল দান করিলে অগ্নিষ্টোম যজ্ঞের ফল পায়, সহস্র নীলোৎপলে পুণ্ডরীক যাগের পুণ্য জন্মে। লক্ষ নীলোৎপলের দ্বারা পূজা করিলে মনুষ্য রাজসূয় যজ্ঞের ফল লাভ করিবে॥

কুমুদের বিষয় বিষ্ণুধর্ম্মোত্তরে

কুমুদ পুষ্প হইতে এক মাষা রৌপ্য দানের ফল পাইবে। একশত কুমুদপুষ্প দান করিলে চন্দ্রলোকে সম্মানের সহিত বসতি হইবে। সহস্র অর্পণ করিলে অভিলাষানুরূপ গতি লাভ করিবে। যিনি লক্ষের দ্বারা পূজা করিবেন, তিনি অশ্বমেধের ফল পাইবেন। বিষ্ণুকে রক্তোৎপল প্রদান করিলে ঐ প্রকারে দ্বিগুণ ফল হইবে॥ ২০॥

কদম্বের বিষয়। স্কন্দপুরাণে ব্রহ্মা ও নারদের সম্বাদে॥

জাতরূপনিভৈর্বিষ্ণুং কদম্বকুসুমৈ র্মুনে।
যে হর্চ্চয়ন্তি চ গোবিন্দং ন তেষাং সৌরিজং ভয়ং॥
কদম্বকুসুমৈর্হৃদ্যৈর্যেঽর্চ্চয়ন্তি জনার্দ্দনং।
তেষাং যমালয়ো নৈব ন জায়ন্তে কুযোনিষু॥ ২১॥
কিঞ্চ॥
ন তথা কেতকীপুষ্পৈর্মালতীকুসুমৈ র্নহি।
তোষমায়াতি দেবেশঃ কদম্বকুসুমৈ র্যথা।
দৃষ্ট্বা কদম্বপুষ্পাণি প্রীতো ভবতি মাধবঃ।
কিং পুনঃ পূজিতস্তৈশ্চ সর্ব্বকামপ্রদো হরিঃ।
যথা পদ্মালয়াং প্রাপ্য প্রীতো ভবতি মাধবঃ।
কদম্বকুসুমং লব্ধ্বা তথা প্রীণাতি লোককৃৎ।

জাতরূপং সুবর্ণং তন্নিভৈ স্তৎসদৃশবর্ণৈরিত্যর্থঃ। ন চ তে কুযোনিষু জায়ন্তে॥ ২১॥
লোককৃদপি হেলয়াপি। বাশব্দো যদি বেত্যর্থঃ। কদম্বপুষ্পস্ত গন্ধমাত্রেণাপি যদি

হে মুনে! স্বর্ণবর্ণ কদম্বকুসুমের দ্বারা যাঁহারা গোবিন্দের পূজা করেন, তাঁহাদিগের যমভয় হয় না। যাঁহারা মনোহর কদম্বকুসুমের দ্বারা জনার্দ্দনের অর্চ্চনা করেন, তাঁহাদিগকে যমালয়ে যাইতে হয় না এবং কুৎসিৎ যোনিতে জন্ম গ্রহণও করিতে হয় না॥ ২১॥

আরও বলিয়াছেন॥

কদম্বকুসুমে যেমন দেবেশ্বরের প্রীতি হয়, কেতকী বা মালতী-পুষ্পে তদ্রূপ হয় না॥

মাধব কদম্বকুসুম দর্শন করিলেই সন্তুষ্ট হয়েন, তদ্দ্বারা পূজিত হইলে যে কি হন, তাহার আর কথা কি, তখন তিনি সমুদায় বাঞ্ছাই পূর্ণ করেন॥

লোকস্রষ্টা মাধব লক্ষ্মীকে পাইলে যেমন সন্তুষ্ট হয়েন, কদম্ব-কুসুম পাইলেও তদ্রূপ আনন্দিত হইয়া থাকেন॥

সকৃৎ কদম্বপুষ্পেণ হেলয়া হরিরর্চ্চিতঃ।
সপ্তজন্মানি দেবেশ স্তস্য লক্ষ্মীরদূরতঃ।
কদম্বপুষ্পগন্ধেন কেশবো বা সুবাসিতঃ।
জন্মাযুতার্জ্জিতস্তেন নিহতঃ পাপসঞ্চয়ঃ ॥ ২২ ॥
আষাঢ়ে বিশেষস্তত্রৈব ॥
ঘনাগমে ঘনশ্যামঃ কদম্বকুসুমার্চ্চিতঃ।
দদাতি বাঞ্ছিতান্ কামান্ শতজন্মানি সম্পদঃ।
কদম্বকুসুমৈর্দেবং ঘনবর্ণং ঘনাগমে।
যেঽর্চ্চয়ন্তি মুনিশ্রেষ্ঠ তৈরাপ্তং জন্মনঃ ফলং ॥
করবীরস্য ॥

বা বাসিতস্তথাপীত্যর্থঃ ॥ ২২ ॥

সম্পদশ্চ বিভূতীর্দদাতি ঘনশ্যাম ইতি ঘনবর্ণমিতি চ কদম্বপুষ্পভূষণেন শোভাতিশয়োঽভিপ্রেতঃ ॥ ২৩ ॥

হেলায় একবার মাত্র হরিকে কদম্বপুষ্প দ্বারা অর্চ্চনা করিলে হরি এবং লক্ষ্মী সপ্তজন্ম পর্য্যন্ত নিকটে থাকেন ॥

যদি কদম্বকুসুম দ্বারা কেশবকে সুগন্ধিত করা যায়, তাহা হইলে তিনি অযুত-জন্মার্জিত পাপরাশি নাশ করেন ॥ ২২ ॥

আষাঢ়মাসে ইহার বিশেষমাহাত্ম্য ॥

ঐ স্কন্দপুরাণে ॥

বর্ষাকাল উপস্থিত হইলে যদি ঘনশ্যামকে কদম্বকুসুম দ্বারা অর্চ্চনা করা যায়, তাহা হইলে তিনি শত-জন্ম পর্য্যন্ত প্রত্যেক জন্মের অভিলষিত মনোরথ পূরণ এবং সর্ব্বসম্পত্তি দান করেন ॥

হে মুনিশ্রেষ্ঠ! যাঁহারা বর্ষাকালে দেব-ঘনশ্যামকে কদম্বকুসুম দ্বারা অর্চ্চনা করেন, তাঁহাদিগের জন্ম সফল হইল ॥

করবীরপুষ্পের বিষয় ॥

স্কান্দে শ্রীশিবোমাসম্বাদে ॥

করবীরৈর্ম্মহাদেবি যঃ পূজয়তি কেশবং।
দশসৌবর্ণকৈঃ পুষ্পৈর্যৎফলং তদবাপ্নুয়াৎ।
করবীরৈঃ সুরক্তৈশ্চ যো বিষ্ণুং সকৃদর্চ্চয়েৎ।
গবাময়ুতদানস্য ফলং প্রাপ্নোতি মানবঃ।

তত্রৈব ব্রহ্মনারদসম্বাদে ॥

যে হর্চ্চয়ন্তি সুরাধ্যক্ষং করবীরৈঃ সিতাসিতৈঃ।
চতুর্যুগানি বিপ্রেন্দ্র প্রীতো ভবতি কেশবঃ।
সিতরক্তৈর্ম্মহাপুণ্যৈঃ কুসুমৈঃ করবীরজৈঃ।
যোঽচ্যুতং পূজয়েদ্ভক্ত্যা স যাতি গরুড়ধ্বজং ॥ ২৩ ॥

পুরন্ধ্রিপুষ্পস্য ॥

পুরন্ধ্রিপুষ্পৈর্যঃ কুর্য্যাৎ পূজাং মধুরিপোর্নরঃ।
তস্য প্রসাদমায়াতি দেবশ্চক্রগদাধরঃ।

স্কন্দপুরাণে শ্রীশিব ও উমাসম্বাদে ॥

হে মহাদেবি! যিনি করবীরকুসুম দ্বারা কেশবের অর্চ্চনা করেন, তিনি দশ সুবর্ণপুষ্প দানের ফল পান ॥

যে মনুষ্য সাতিশয় রক্তবর্ণ করবীরপুষ্প দ্বারা একবার মাত্র বিষ্ণুর অর্চ্চনা করেন, তিনি দশসহস্র গোদানের ফল লাভ করেন ॥

ঐ স্কন্দপুরাণেই ব্রহ্মা ও নারদের সম্বাদে ॥

যে ব্যক্তি শ্বেত বা রক্তকরবীর দ্বারা দেবাধ্যক্ষ বিষ্ণুর পূজা করেন, হে বিপেন্দ্র! হরি তাঁহার প্রতি চারিযুগ সন্তুষ্ট থাকেন ॥

মহাপবিত্র শ্বেত বা রক্তকরবীর পুষ্প দ্বারা যে ব্যক্তি ভক্তি পূর্ব্বক অচ্যুতের অর্চ্চনা করেন, তিনি অচ্যুতকে প্রাপ্ত হয়েন ॥ ২৩ ॥

পুরন্ধ্রিপুষ্পের বিষয় ॥

যে মনুষ্য পুরন্ধ্রিপুষ্প দ্বারা মধুরিপুর পূজা করেন, চক্র গদাধারী

রম্যাঃ পুরন্ধ্রিমঞ্জর্য্যো দয়িতাস্তস্য নিত্যশঃ।
পুরন্ধ্রিপুষ্পং যো দদ্যাদেকমপ্যস্য মণ্ডলে।
তিলপ্রস্থপ্রদানস্য ফলং প্রাপ্নোত্যসংশয়ং।
পুরন্ধ্রিমঞ্জরীপুষ্পৈঃ সহস্রেণার্চ্চয়েদ্ধরিং।
অগ্নিষ্টোমমবাপ্নোতি কুলমুদ্ধরতে তথা।
কর্পূরপটবাসেন পুরন্ধ্রিমধিবাসিতাং।
মহারজনরক্তে চ তথা সূত্রে নিবেশিতাং।
মালাং পুষ্পসহস্রেণ যঃ প্রযচ্ছতি ভক্তিতঃ।
অশ্বমেধফলং তস্য নাত্র কার্য্যা বিচারণা।
শতেন বাজপেয়স্য ফলমাপ্নোত্যসংশয়ং।
লক্ষপূজাং তথা কৃত্বা সর্ব্বজ্ঞানমবাপ্নুয়াৎ॥ ২৪॥
অগস্ত্যপুষ্পস্য॥

তথেতি সমুচ্চয়ে পক্ষান্তরে বা। মহারজনরক্তে সূত্রে পুষ্পসহস্রেণ নিবেশিতাং গ্রথিতাং মালাঞ্চ যঃ প্রযচ্ছতি। শতেন পুরন্ধ্রিপুষ্পাণাং। এবং লক্ষঞ্চ তেন পূজাং॥ ২৪॥

দেব তাঁহার প্রতি সন্তুষ্ট হয়েন। রমণীয়া পুরন্ধ্রিমঞ্জরী নিত্যই তাঁহার প্রীতি সাধন করে॥

যে ব্যক্তি তাঁহার মণ্ডলে একটীমাত্র পুরন্ধ্রিপুষ্প প্রদান করেন, তিনি নিশ্চয়ই একপ্রস্থ তিল দানের ফল প্রাপ্ত হয়েন॥

যিনি সহস্র-পুরন্ধ্রিমঞ্জরী বা পুষ্পদ্বারা হরির অর্চ্চনা করেন, তিনি অগ্নিষ্টোমযজ্ঞের ফল পান এবং কুল উদ্ধার করেন॥

সহস্র-পুরন্ধ্রিপুষ্প, কর্পূরচূর্ণ দ্বারা বাসিত এবং কুসুম্ভরঙ্গে রঞ্জিত-সূত্রে গ্রন্থন করিয়া যে ব্যক্তি ভক্তি পূর্ব্বক কেশবকে মালা নিবেদন করেন, তাঁহার অশ্বমেধযজ্ঞের ফল হয়, ইহাতে সন্দেহ করিবেন না॥

শত-পুরন্ধ্রিপুষ্প অর্পণ করিলে নিশ্চয় বাজপেয়-যজ্ঞের ফল পায়, লক্ষপুষ্প দ্বারা পূজা করিলে সর্ব্বজ্ঞতা লাভ হয়॥

বকপুষ্পের বিষয়॥

স্কান্দে ব্রহ্মনারদসম্বাদে ॥

অগস্ত্যকুসুমৈর্দেবং যে ঽর্চ্চয়ন্তি জনার্দ্দনং।
দর্শনাত্তস্য দেবর্ষে নরকাগ্নিঃ প্রশাম্যতি।
ন তৎ করোতি বিপ্রেন্দ্র তপসা তোষিতো হরিঃ।
যৎ করোতি হৃষীকেশো মুনিপুষ্পৈরলঙ্কৃতঃ।
মুনিপুষ্পকৃতাং মালাং যে যচ্ছন্তি জনার্দ্দনে।
দেবেন্দ্রোঽপি মুনিশ্রেষ্ঠ কম্পতে তস্য শঙ্কয়া।
কিঞ্চ তত্রৈবান্যত্র ॥
মুনিপুষ্পকৃতাং মালাং দৃষ্ট্বা কণ্ঠে বিলম্বিতাং।
প্রীতো ভবতি দৈত্যারির্দশজন্মনি নারদ।
অগস্ত্যবৃক্ষসম্ভূতৈঃ কুসুমৈরসিতৈঃ সিতৈঃ।
যে ঽর্চ্চয়িষ্যন্তি দেবেশং সংপ্রাপ্তুং পরমং পদং ॥ ২৫ ॥

হে দেবর্ষে তস্য দর্শনাৎ তেষাং দর্শনাদিত্যর্থঃ। কণ্ঠে আত্মনো ভক্তস্য বা ॥ ২৫ ॥

স্কন্দপুরাণে ব্রহ্মা ও নারদসম্বাদে ॥

যাঁহারা বকপুষ্প দ্বারা জনার্দ্দনের অর্চ্চনা করেন, হে দেবর্ষে! তাঁহাদিগকে দর্শন করিলে নরকাগ্নি নির্ব্বাণ হয় ॥

হে বিপ্রেন্দ্র! বকপুষ্প দ্বারা অলঙ্কৃত করিলে হরি যাহা করেন, তপস্যা দ্বারা তুষ্টি-সাধন করিলে তাহা করেন না ॥

যিনি জনার্দ্দনকে বকপুষ্পের মালা নিবেদন করেন, হে মুনিশ্রেষ্ঠ! তাঁহার ভয়ে দেবরাজ ইন্দ্রও কম্পিত হয়েন ॥

আরও ঐ স্কন্দপুরাণের অন্যস্থলে ॥

হে নারদ! আপনার অথবা ভক্তের কণ্ঠদেশে বকপুষ্পের মালা দুলিতেছে দেখিলে, জনার্দ্দন তাঁহার প্রতি দশ-জন্ম তুষ্ট থাকেন ॥

যাঁহারা শুক্ল বা কৃষ্ণ-বকপুষ্প দ্বারা দেবেশ্বরের অর্চ্চনা করেন, তাঁহারা পরমপদ প্রাপ্ত হইবেন ॥ ২৫ ॥

বিষ্ণুরহস্যে ॥

অগস্ত্যসম্ভবৈঃ পুষ্পৈঃ কিংশুকৈঃ সুমনোহরৈঃ।
সমভ্যর্চ্চ্য হৃষীকেশং জন্মদুঃখাদ্বিমুচ্যতে ॥

তত্র চ কার্ত্তিকে বিশেষঃ ॥

স্কান্দে তত্রৈব ॥

বিহায় সর্ব্বপুষ্পাণি মুনিপুষ্পেণ কেশবং।
কার্ত্তিকে যোঽর্চ্চয়েদ্ভক্ত্যা বাজিমেধফলং লভেৎ ॥ ২৬ ॥
মুনিপুষ্পার্চ্চিতো বিষ্ণুঃ কার্ত্তিকে পুরুষোত্তমঃ।
দদাত্যভিমতান্ কামান্ শশিসূর্য্যস্থিতো যথা ॥ ২৭ ॥

কিংশুকৈঃ পলাশপুষ্পৈঃ কিম্বা কিংশুকপুষ্পাকারৈরিত্যর্থঃ ॥ ২৬ ॥

যথা সূর্য্যস্থিতঃ শশীতি অমাবাস্যায়াং যথা ফলবিশেষো ভবতীত্যর্থঃ। শশীতি হ্রস্বপাঠে-নৈকপদ্যে যোগবিশেষঃ। অর্থস্তু স এব। যদ্বা। শুক্লরক্তাগস্ত্যপুষ্পৈঃ পূজিতঃ সন্ শশি সূর্য্যয়োঃ স্থিত ইব তাভ্যামপ্যধিকঃ পুরুষোত্তমো ভবতি অতঃ শোভাতিশয়ং প্রাপ্তোঽসৌ শ্যামসুন্দরঃ সন্তুষ্টঃ সন্ অভিমতান্ কামান্ দদাতীত্যর্থঃ ॥ ২৭ ॥

বিষ্ণুরহস্যে ॥

পলাশফুল সদৃশ মনোহর বককুসুম দ্বারা হৃষীকেশের অর্চ্চনা করিলে জন্ম-দুঃখ হইতে বিমুক্ত হয় ॥

কার্ত্তিকমাসে বকফুল দানের বিশেষ ফল ॥

স্কন্দপুরাণের ঐ স্থানেই ॥

যে ব্যক্তি অন্যান্য ফুল সকল পরিত্যাগ করিয়া কেবল বকফুল দ্বারা কার্ত্তিকমাসে ভক্তি পূর্ব্বক কেশবের পূজা করেন, তিনি অশ্বমেধ-যজ্ঞের ফল প্রাপ্ত হয়েন ॥ ২৬ ॥

কার্ত্তিকমাসে বকফুল দ্বারা অর্চ্চিত হইলে পুরুষোত্তম বিষ্ণু, যেমন অমাবাস্যায় পূজিত হইলে ফল দেন, তদ্রূপ অভিমত বাসনা সমস্ত দান করেন ॥

গবামযুতদানেন যৎ ফলং প্রাপ্যতে মুনে ।
মুনিপুষ্পেণ চৈকেন কার্ত্তিকে তৎ ফলং স্মৃতং ॥

পাদ্মে কার্ত্তিকমাহাত্ম্যে চ ॥

মুনিপুষ্পৈর্যদি হরিঃ পূজিতঃ কার্ত্তিকে নরৈঃ ।
মুনীনামেব গতিদো জ্ঞানিনামূর্দ্ধরেতসাং ॥

কেতকীপুষ্পস্য ॥

স্কান্দে তত্রৈব ॥

কেতকীপুষ্পকেণৈব পূজিতো গরুড়ধ্বজঃ ।
সমাঃ সহস্রং সুপ্রীতো জায়তে মধুসূদনঃ ।
অর্চ্চয়িত্বা হৃষীকেশং কুসুমৈঃ কেতকোদ্ভবৈঃ ।
পুণ্যং তদ্ভবনং যাতি কেশবস্য রমালয়ং ॥ ২৮ ॥

পত্রৈকেকেনেতি পাঠে একেনাপি পত্রেণেত্যর্থঃ । পত্রশব্দোঽত্র পুষ্পপত্র পরঃ । যদ্বা । কেতকীশব্দেন তৎ পুষ্পং তস্যৈকপত্রেণ কচিচ্চ পত্রৈকেনৈবেতি পাঠঃ ॥ ২৮ ॥

মুনে ! দশসহস্র গোদান করিলে যে ফল লাভ হয়, কহিয়াছেন, কার্ত্তিকমাসে একটীমাত্র বককুসুমের দ্বারা পূজা করিলে সেই ফল পাওয়া যায় ॥

পদ্মপুরাণে কার্ত্তিকমাহাত্ম্যেও ॥

যদি মনুষ্যগণ কার্ত্তিকমাসে বকফুল দ্বারা হরিকে অর্চ্চনা করেন, তাহা হইলে তিনি তাহাদিগকে জ্ঞানী, ঊর্দ্ধরেতা ও মুনিগণের গতি দান করেন ॥

কেতকীফুলের বিষয় ॥

স্কন্দপুরাণের ঐ স্থলেই ॥

কেবল কেতকীফুল দ্বারা গরুড়ধ্বজ মধুসূদনের পূজা করিলেই, তিনি সহস্র-বৎসর পর্য্যন্ত পূজকের প্রতি প্রসন্ন থাকেন ॥

কেতকীবৃক্ষ সমুদ্ভব কুসুম দ্বারা হৃষীকেশের অর্চ্চনা করিলে, তাঁহার পবিত্রধামে গমন করিবে, যে স্থানে লক্ষ্মী বাস করিতেছেন ॥ ২৮ ॥

কিঞ্চ ॥

সুবর্ণকেতকীপুষ্পং যো দদাতি জনার্দ্দনে।
সুবর্ণদানজং পুণ্যং লভতে স মহামুনে ॥

বিশেষতশ্চাষাঢ়ে তত্রৈব ॥

কেশবঃ কেতকীপুষ্পৈ র্মিথুনস্থে দিবাকরে।
যেনার্চ্চিতঃ সকৃদ্ভক্ত্যা স মুক্তো নরকার্ণবাৎ।
কেতকীপুষ্পমাদায় মিথুনস্থে দিবাকরে।
যেনার্চ্চিতো হরি র্ভক্ত্যা প্রীতো মন্বন্তরং মুনে ॥

শ্রাবণে ॥

কর্করাশি গতে সূর্য্যে কেতকীপত্রকোমলৈঃ।
যে হর্চ্চয়িষ্যন্তি গোবিন্দং সংপ্রাপ্তে দক্ষিণায়নে।

সুবর্ণবৎ যৎ কেতকীপুষ্পং এতেন শুক্লাভং বন্যকেতকং ব্যবচ্ছিন্নং ॥ ২৯ ॥

আরও ॥

যিনি সুবর্ণ বর্ণ কেতকীকুসুম জনার্দ্দনকে দান করেন, হে মহামুনে! তিনি সুবর্ণদানের পুণ্য লাভ করেন ॥

আষাঢ়মাসে বিশেষ ফল, স্কন্দপুরাণের ঐ স্থলেই ॥

সূর্য্য মিথুন রাশিতে গমন করিলে, যিনি ভক্তি পূর্ব্বক কেতকীফুল দ্বারা একবার মাত্র কেশবের অর্চ্চনা করেন, তিনি নরক-সমুদ্র হইতে উত্তীর্ণ হয়েন ॥

মুনে! দিবাকর মিথুনরাশি আশ্রয় করিলে, যিনি কেতকীকুসুম লইয়া ভক্তি পূর্ব্বক হরির আরাধনা করেন, হরি এক-মন্বন্তরকাল তাঁহার প্রতি তুষ্ট থাকেন ॥

শ্রাবণমাসে কেতকীর মাহাত্ম্য ॥

হে বিপ্রেন্দ্র! দক্ষিণায়ন উপস্থিত হইলে পর, যখন সূর্য্য কর্কটরাশিতে গমন করেন, তখন যাঁহারা কেতকীফুল দ্বারা গোবিন্দের

কৃত্বা পাপসহস্রাণি মহাপাপশতানি চ।
তেঽপি যাস্যন্তি বিপ্রেন্দ্র যত্র বিষ্ণুঃ শ্রিয়া সহ ॥ ২৯ ॥
কার্ত্তিকেঽপি তত্রৈব ॥
কার্ত্তিকে কেতকীপুষ্পং দত্তং যেন কলৌ হরেঃ।
দীপদানঞ্চ দেবর্ষে তারিতং স্বকুলাযুতং ॥ ৩০ ॥
কুন্দস্য ॥
স্কান্দে তত্রৈব ॥
অভ্যর্চ্চ্য কুন্দকুসুমৈঃ কেশবং কল্মষাপহং।
প্রযাতি ভবনং বিষ্ণো র্ব্বন্দিতং মুনিচারণৈঃ।
দশমস্কন্ধে চ। সাক্ষাৎ শ্রীভগবদ্বেশবর্ণনে ॥
অপ্যেণপত্ন্যুপগতঃ প্রিয়য়েহ গাত্রৈ-

দীপদানঞ্চেতি দৃষ্টান্তত্বেন। তস্য কার্ত্তিকে পরমপ্রসিদ্ধমাহাত্ম্যাৎ ॥ ৩০ ॥
রাসক্রীড়ায়াং অন্তর্হিতস্য শ্রীভগবতোঽন্বেষণে বিরহাকুলানাং শ্রীবল্লবীনাং বচনং। অপীতি নির্দ্ধারণে প্রশ্নে বা। ভো এণপত্নি হে সখি বো যুষ্মাকং দৃশাং গাত্রৈঃ শ্রীলোচনা-

অর্চ্চনা করেন, তাঁহারা যদি সহস্র সহস্র ও শত শত পাপ করিয়াও থাকেন, তাহা হইলেও সেই লোকে গমন করিবেন, যে স্থানে বিষ্ণু লক্ষ্মীর সহিত বাস করিতেছেন ॥ ২৯ ॥

কার্ত্তিকমাসেও স্কন্দপুরাণের ঐ স্থলেই ॥

হে দেবর্ষে! যিনি কলিতে কার্ত্তিকমাসে হরিকে কেতকী কুসুম এবং দীপদান করিয়াছেন, তিনি আপনার দশসহস্র কুল উদ্ধার করিয়াছেন ॥ ৩০ ॥

কুন্দকুসুমের মাহাত্ম্য ঐ স্কন্দপুরাণের সেই স্থলেই ॥

কুন্দকুসুম দ্বারা পাপহারী কেশবের অর্চ্চনা করিলে মনুষ্য মুনিগণ ও চারণগণের বন্দনীয় বিষ্ণুলোকে গমন করেন ॥

দশমস্কন্ধে ৩০ অধ্যায়ে ১১ শ্লোকে সাক্ষাৎ ভগবদ্বেশ বর্ণনে ॥

গোপীগণ দৃষ্টি প্রসন্ন দেখিয়া হরিণীদিগের শ্রীকৃষ্ণদর্শন সম্ভাবনা

স্তম্বন্ দৃশাং সখি সুনির্বৃতিমচ্যুতো বঃ।
কান্তাঙ্গসঙ্গকুচকুঙ্কুমরঞ্জিতায়াঃ
কুন্দস্রজঃ কুলপতেরিহ বাতি গন্ধঃ ॥ ৩১ ॥

তথা ॥

কুন্দদামকৃতকৌতুকবেশো গোপগোধনবৃতো যমুনায়াং।
নন্দসূনুরনঘে তব বৎসো নর্ম্মদঃ প্রণয়িনাং বিজহার ॥ ৩২ ॥

দ্যবয়বৈঃ। সুনির্বৃতিং পরমানন্দং তম্বন্ সন্ প্রিয়য়া শ্রীরাধয়া সহাচ্যুত ইহ উপগতঃ নিকটং প্রাপ্তঃ। তস্য লিঙ্গমাহুঃ কান্তেতি। কুলপতেঃ শ্রীকৃষ্ণস্য। এবং রাসক্রীড়ায়াং শ্রীভগবতা সাক্ষাদ্ভূষণভূতকুন্দমালায়া গৃহীতত্বাৎ তয়ৈব চ ভগবদুপগম বিজ্ঞানাত্তৎ প্রিয়ত্বসিদ্ধ্যা মাহাত্ম্যবিশেষঃ সঙ্গতঃ ॥ ৩১ ॥

তথা দিবসান্তরে তাসামেব শ্রীযশোদাং প্রতি বচনং কুন্দেতি। কুন্দস্য দাম্না মালয়া কৃতঃ কৌতুকেন পরমোৎসাহেন। যদ্বা। কৌতুকমুৎসব স্তদ্রূপো বেশো যেন এবং মাহাত্ম্য-

করত কহিতে লাগিলেন, হে এণপত্নীগণ! আমাদের অচ্যুত স্বীয় সুন্দর বদন ও বাহু প্রভৃতি দ্বারা তোমাদের দৃষ্টির তৃপ্তি বিস্তার করত প্রিয়ার সহিত কি সমীপ গত হইয়াছিলেন? কারণ শ্রীকৃষ্ণের কদম্ব-কুসুম মালা যাহা কান্তাঙ্গ-সঙ্গবশতঃ তদীয় কুচকুঙ্কুমে রঞ্জিতা হইয়া-ছিল, এখানে তাহারই গন্ধ পাওয়া যাইতেছে ॥ ৩১ ॥

ঐ দশমস্কন্ধে ৩৫ অধ্যায়ে ১১ শ্লোকে ॥

শুকদেব কহিলেন হে রাজন্! শ্রীকৃষ্ণ ঐ প্রকারে বৃন্দাবন প্রদেশে ক্রীড়া করিয়া সায়াহ্নে গোধন সকল প্রত্যানয়ন পূর্ব্বক যখন যমুনায় ক্রীড়া করেন, গোপীগণ তাঁহার তৎকালীন সৌভাগ্য বর্ণন করত কহিতেল াগিলেন, হে যশোদে! তোমার বৎস নন্দনন্দন শ্রীকৃষ্ণ গোপীজনের উৎসবার্থ কৌতুকান্বিত হইয়া কুন্দকুসুমদামে অলঙ্কার পূর্ব্বক হর্ষদ হইয়া যখন ক্রীড়া করেন, সে সময় মন্দবায়ু চন্দনতুল্য সুগন্ধ [illegible] সুশীতল স্পর্শ দ্বারা তাঁহার সম্মান করত অনুকূল রূপে বীজন ক [illegible], আর গন্ধর্ব্বাদি উপদেবগণ স্তাবক হইয়া বাদ্য, গীত ও

পাবন্তীকুসুমস্য ॥

বিষ্ণুপুরাণে ॥

অর্চ্চয়িত্বা হৃষীকেশং পাবন্তীকুসুমৈর্নরঃ ।
হৃষ্টপুষ্টগণাকীর্ণং কার্ষ্ণং লোকমবাপ্নুয়াৎ ॥ ৩৩ ॥

কর্ণিকারস্য তত্রৈব ॥

কর্ণিকারময়ৈঃ পুষ্পৈঃ কান্তৈঃ কনকসুপ্রভৈঃ ।
অর্চ্চয়িত্বাচ্যুতং লোকে তস্য লোকে মহীয়তে ॥

দশমস্কন্ধে চ তত্রৈব ॥

বর্হাপীড়ং নটবরবপুঃ কর্ণয়োঃ কর্ণিকারং
বিভ্রদ্বাসঃ কনককপিশং বৈজয়ন্তীঞ্চ মালাং ।

বিশেষঃ সিদ্ধ এব ॥ ৩২ ॥

পাবন্তী কুন্দভেদঃ হৃষ্ট পুষ্টৈরন্তর্ব্বহিঃ সুখপূর্ণৈঃ গণৈঃ পার্ষদৈরাকীর্ণং ব্যাপ্তং কার্ষ্ণং কৃষ্ণসম্বন্ধিনং । হৃষ্টপুষ্ট ইত্যসমস্ত পাঠে নরস্য বিশেষণং । পাঠান্তরং সুগমং ॥ ৩৩ ॥

কর্ণিকারং কর্ণয়োর্বিভ্রদিতি সাক্ষাৎ শ্রীভগবদ্বেশে তস্য বর্ণনেন মাহাত্ম্যান্তরঃ সিদ্ধএব ॥ ৩৪

পুষ্পাবর্ষণাদি দ্বারা সর্ব্বতোভাবে উপাসনা করিতে থাকেন ॥ ৩২ ॥

পাবন্তী কুসুমের মাহাত্ম্য বিষ্ণুপুরাণে ॥

মনুষ্য পাবন্তী কুসুম দ্বারা হৃষীকেশের অর্চ্চনা করিলে অন্তর্বাহ্য সুখপূর্ণ পার্ষদগণে সমাকীর্ণ কৃষ্ণলোক প্রাপ্ত হইবে ॥ ৩৩ ॥

কর্ণিকার ফুলের মাহাত্ম্য ঐ বিষ্ণুপুরাণেই ॥

সুবর্ণ তুল্য সুন্দর কান্তি মনোহর কর্ণিকার ফুলদ্বারা অচ্যুতের অর্চ্চনা করিলে তদীয় লোকে সম্মানের সহিত বসতি হয় ॥

দশমস্কন্ধে ২১ অধ্যায়ে ৫ শ্লোকে ॥

শুকদেব কহিলেন হে রাজন্! কি প্রকারে শ্রীকৃষ্ণের স্মরণে ব্রজাঙ্গনাদিগের মনঃ ক্ষুব্ধ হইল, বলি শ্রবণ কর । গোপীগণ মনে করিলেন শ্রীকৃষ্ণ নটবর শরীর ধারন করিয়া স্বীয় পদে অঙ্কিত রমণীয় বৃন্দারণ্যে প্রবেশ করিলেন । তাঁহার মস্তকে ময়ূরপুচ্ছময় মুকুট, কর্ণদ্বয়ে

রন্ধ্রান্ বেণোরধরসুধয়া পূরয়ন্ গোপবৃন্দৈ-
র্বৃন্দারণ্যং স্বপদরমণং প্রাবিশদ্গীতকীর্ত্তিঃ ॥ ৩৪ ॥
রক্তশতপত্রিকায়াঃ ॥
স্কান্দে তত্রৈব ॥
কুঙ্কুমারুণবর্ণাভ্যাং গন্ধাঢ্যাং শতপত্রিকাং।
যো দদাতি জগন্নাথে শ্বেতদ্বীপাৎ পতেন্নহি।
সেবন্তী পলাশপুষ্পয়োস্তত্রৈব ॥
সেবন্তীকুসুমৈঃ পুণ্যৈঃ কিংশুকৈঃ সুমনোহরৈঃ।
সমভ্যর্চ্চ হৃষীকেশং জন্মদুঃখাদ্বিমুচ্যতে ॥
কুব্জস্য। তত্রৈব ॥
গন্ধাঢ্যৈ র্বিমলৈ র্বন্যৈঃ কুসুমৈঃ কুব্জকোদ্ভবৈঃ।

কর্ণিকার, পরিধানে কনকবৎ কপিশ বর্ণ বসন, গলদেশে বৈজয়ন্তী মালা। তিনি স্বয়ং অধরসুধা দিয়া বেণুরন্ধ্র পূরণ করিতেছেন, আর গোপগণ চারিদিকে তদীয় কীর্ত্তি গান করিতেছেন ॥ ৩৪ ॥

রক্তবর্ণ শতপত্রিকার মাহাত্ম্য ॥

স্কন্দপুরাণের ঐ স্থলেই ॥

কুঙ্কুমের ন্যায়, অরুণবর্ণ প্রভা, গন্ধযুক্তা শতপত্রিকা যে ব্যক্তি জগন্নাথকে অর্পণ করেন, তাঁহাকে শ্বেতদ্বীপ হইতে ভ্রষ্ট হইতে হয় না ॥

সেবন্তী ও পলাশ ফুলের মাহাত্ম্য ॥

স্কন্দপুরাণের ঐ স্থলেই ॥

পবিত্র সেবন্তী এবং মনোহর পলাশ ফুল দ্বারা হৃষীকেশের অর্চ্চনা করিলে জন্মদুঃখ হইতে বিমুক্ত হয় ॥

কুব্জকুসুমের মাহাত্ম্য ॥

স্কন্দপুরাণের ঐ স্থলেই ॥

মনুষ্য গন্ধযুক্ত, শুভ্র, বন-কুব্জকুসুম দ্বারা ভক্তিপূর্ব্বক হৃষীকেশের

ভক্ত্যাভ্যর্চ্চ্য হৃষীকেশং শ্বেতদ্বীপে বসেন্নরঃ ॥

চম্পকস্য। স্কান্দে তত্রৈব ॥

নীলোৎপলসমং দানং চম্পকস্য জনার্দ্দনে ॥

তত্রৈব ব্রহ্মনারদসম্বাদে ॥

বর্ষাকালে তু দেবেশং কুসুমৈশ্চম্পকোদ্ভবৈঃ।

যে হর্চ্চয়ন্তি নরা ভক্ত্যা সংসারে ন পুনর্গতিঃ ॥

অশোকবকুলয়োস্তত্রৈব বিষ্ণুরহস্যে ॥

অশোককুসুমৈরম্যৈ র্জন্মশোকভয়াপহং।

পূজয়িত্বা হরিং দেবং যাতি বিষ্ণুমনাময়ং ॥

অন্যচ্চ। স্কান্দে তত্রৈব ॥

জনার্দ্দনে দানং সমর্পণং ॥

অর্চ্চনা করিলে শ্বেতদ্বীপে বাস করিবেন ॥

চম্পকপুষ্পের মাহাত্ম্য ॥

স্কন্দপুরাণের সেই স্থলেই ॥

জনার্দ্দনকে চম্পকপুষ্প দান করিলে নীলোৎপল দানের সমান ফল হয় ॥

ঐ স্কন্দপুরাণেই শ্রীব্রহ্মা ও নারদসম্বাদে ॥

যে সকল ব্যক্তি বর্ষাকালে চম্পকপুষ্প দ্বারা ভক্তি পূর্ব্বক দেবেশ্বরের অর্চ্চনা করেন,তাঁহাকে আর সংসারে পুনরাগমন করিতে হয় না ॥

অশোক এবং বকুলকুসুমের মাহাত্ম্য ॥

বিষ্ণুরহস্যের সেই স্থলেই ॥

মনোহর অশোককুসুম দ্বারা জন্ম, শোক এবং ভয়-নিবারক দেবেশ্বর হরির পূজা করিলে রোগশূন্য বিষ্ণুলোক প্রাপ্তি হয় ॥

আরও স্কন্দপুরাণের ঐ স্থলেই ॥

বকুলাশোককুসুমৈ র্যেঽর্চ্চয়ন্তি জগৎপতিং।
তে বসন্তি হরের্লোকে যাবচ্চন্দ্রদিবাকরৌ ॥

পাটলস্য। তত্রৈব ॥

যোঽর্চ্চয়েৎ পাটলাপুষ্পৈঃ সর্ব্বপাপহরং হরিং।
স পুণ্যাত্মা পরং স্থানং বৈষ্ণবং ব্রজতে ধ্রুবং।
যঃ পুনঃ পাটলাপুষ্পৈ র্বসন্তে গরুড়ধ্বজং।
অর্চ্চয়েৎ পরয়া ভক্ত্যা মুক্তিভাগী ভবেদ্ধি সঃ ॥

তিলকস্য। বিষ্ণুরহস্যে ॥

তিলকস্যোজ্জ্বলৈঃ পুষ্পৈঃ সংপূজ্য মধুসূদনং।
ধূতপাপ্মা নিরাতঙ্কঃ কৃষ্ণস্যানুচরো ভবেৎ ॥ ৩৫ ॥

জবায়াঃ। বিষ্ণুরহস্যে ॥

সমুজ্জ্বলৈ র্জবাপুষ্পৈরভ্যর্চ্চ্য জলশায়িনং।

নিরাতঙ্কঃ সংসারাদিভয়রহিতঃ ॥ ৩৫ ॥

সমুজ্জ্বলৈঃ শুক্লৈঃ তৎ পূজয়ৈব প্রসঙ্গে সতি। দ্বিতীয়ান্তো বা পাঠঃ। পুরুষোত্তম-

---

যাঁহারা বকুল এবং অশোককুসুম দ্বারা জগৎপতির অর্চ্চনা করেন, তাঁহারা চতুর্দ্দশ-ইন্দ্রের অধিকার কাল বিষ্ণুলোকে বাস করেন ॥

পাটলপুষ্পের মাহাত্ম্য স্কন্দপুরাণের ঐ স্থলেই ॥

যে ব্যক্তি পাটলপুষ্প দ্বারা সর্ব্বপাপহর হরির আরাধনা করেন, সেই পুণ্যাত্মা নিশ্চয়ই বিষ্ণুর পরমধামে গমন করিয়া থাকেন ॥

যিনি বসন্তকালে পাটলপুষ্প দ্বারা পরমভক্তি সহকারে গরুড়ধ্বজের অর্চ্চনা করেন, তিনি নিশ্চয়ই মুক্তি পাইবেন ॥

তিলকুসুমের মাহাত্ম্য বিষ্ণুরহস্যে ॥

শুভ্র তিলপুষ্পের দ্বারা সম্যক্ প্রকারে মধুসূদনের পূজা করিলে নিষ্পাপ এবং নির্ভয় হইয়া শ্রীকৃষ্ণের অনুচর হইবে ॥ ৩৫ ॥

জবাপুষ্পের মাহাত্ম্য বিষ্ণুরহস্যে ॥

শুভ্র জবাপুষ্প দ্বারা জলশায়ি দেবের অর্চ্চনা করিলে, নির্ভয় এবং

স্বপুণ্যাং গতিমাপ্নোতি বীতভীর্বীতমৎসরঃ।
জবাপুষ্পৈঃ পুমান্ ভক্ত্যা সংপূজ্য পুরুষোত্তমং।
উত্তমাং গতিমাপ্নোতি প্রসন্নে গরুড়ধ্বজে॥
অটরূষকস্ত। স্কান্দে তত্রৈব॥
অটরূষকপুষ্পৈর্যঃ পূজয়েৎ জগতাং পতিং।
স পুণ্যবান্নরো যাতি বিষ্ণোস্তৎপরমাং গতিং॥ ৩৬॥
কুসুম্ভস্য। তত্রৈব॥
কুসুম্ভকুসুমৈর্হৃদ্যৈর্যে হ্যর্চ্চয়ন্তি জনার্দ্দনং।
তেষাং মমালয়ে বাসঃ প্রসাদাচ্চক্রপাণিনঃ॥ ৩৭॥
মল্লিকায়াঃ। স্কান্দে তত্রৈব॥

মিতি বিশেষণং॥ ৩৬॥
মম ব্রহ্মণঃ॥ ৩৭॥

নির্ম্মৎসর হইয়া সাতিশয় পবিত্র গতি লাভ করে॥

যে পুরুষ জবাকুসুম দ্বারা যথাবিধি ভক্তিপূর্ব্বক গরুড়ধ্বজের পূজা করেন তিনি প্রসন্ন হওয়াতে তিমিও উৎকৃষ্ট গতি লাভ করেন॥

অটরূষকের মাহাত্ম্য স্কন্দপুরাণের ঐ স্থলেই॥

যে ব্যক্তি অটরূষককুসুম দ্বারা জগৎপতির পূজা করেন, সেই পুণ্যাত্মা বিষ্ণুর পরমপদ লাভ করিবেন॥

কুসুম্ভপুষ্পের মাহাত্ম্য॥

স্কন্দপুরাণের ঐ স্থলেই॥

যিনি মনোহর কুসুম্ভকুসুম দ্বারা জনার্দ্দনের অর্চ্চনা করেন, চক্রপাণির অনুগ্রহে আমি যে, ব্রহ্মা আমার আলয়ে তাঁহার বাস হয়॥ ৩৭

মল্লিকার মাহাত্ম্য॥

স্কন্দপুরাণের ঐ স্থলেই॥

মল্লিকাপুষ্পজাতীনাং যূথিকায়াস্তথৈব চ।
তথা কুব্জকজাতীনাং ফলস্যার্দ্ধং প্রকীর্ত্তিতং।
তত্রৈব। শ্রীব্রহ্মনারদসম্বাদে॥
সুগন্ধৈর্ম্মল্লিকাপুষ্পৈরর্চ্চয়িত্বা হ্যচ্যুতং নরঃ।
সর্ব্বপাপবিনির্ম্মুক্তো বিষ্ণুলোকে মহীয়তে॥ ৩৮॥
মল্লিকাকুসুমৈর্দ্দেবং বসন্তে গরুড়ধ্বজং।
যোঽর্চ্চয়েৎ পরয়া ভক্ত্যা দহেৎ পাপং ত্রিধার্জ্জিতং॥ ৩৯॥
কুন্তীপুষ্পস্য। স্কান্দে তত্রৈব॥
কুন্তীপুষ্পন্তু দেবর্ষে যঃ প্রযচ্ছেজ্জনার্দ্দনে।
সুবর্ণপলমাত্রন্তু পুষ্পে পুষ্পে ভবেন্মুনে॥

ফলস্য পূর্ব্বমুক্তস্য নীলোৎপলার্পণস্য তত্র তথৈব ক্রমপাঠাৎ॥ ৩৮॥
ত্রিধেতি মহাপাতকাদি ভেদেন কায়িকাদি ভেদেন বা॥ ৩৯॥

মল্লিকা-জাতীয় কুসুম, যূথিকা এবং কুব্জজাতীয় কুসুমের ফল, পূর্ব্বোক্ত নীলোৎপল দানের ফলের অর্দ্ধেক ফল বলিয়াছেন॥

ঐ স্কন্দপুরাণেই শ্রীব্রহ্মা ও নারদের সম্বাদে॥

মনুষ্য সুগন্ধি মল্লিকাপুষ্প দ্বারা অচ্যুতের অর্চ্চনা করিয়া সর্ব্বপাপ হইতে বিনির্ম্মুক্ত হওত বিষ্ণুলোকে গিয়া সম্মানের সহিত অবস্থিতি করেন॥ ৩৮॥

যে ব্যক্তি বসন্তকালে মল্লিকাকুসুম দ্বারা পরমভক্তি সহকারে গরুড়ধ্বজের অর্চ্চনা করেন, তিনি কায়, মন ও বাক্য দ্বারা উপার্জিত ত্রিবিধ পাপ দাহ করেন॥ ৩৯॥

কুন্তীপুষ্পের মাহাত্ম্য॥

ঐ স্কন্দপুরাণের সেই স্থলেই॥

দেবর্ষে! যে ব্যক্তি জনার্দ্দনকে কুন্তীকুসুম নিবেদন করেন, তাঁহার প্রতিকুসুমে একপল স্বর্ণ দানের ফল হয়॥

গোকর্ণাদীনাং বিষ্ণুরহস্যে ॥

গোকর্ণনাগকর্ণাভ্যাং তথা বিল্লাতকেন চ।

অর্চ্চয়িত্বাঽচ্যুতং দেবং দেবানামধিপো ভবেৎ।

অঞ্জলী বোতকীপুষ্পৈঃ কুষ্মাণ্ডতিমিরোদ্ভবৈঃ।

অলং কৃত্বা নরঃ কৃষ্ণং কৃতার্থো হরিলোকভাক্ ॥

দূর্ব্বাদিপুষ্পাণাং। স্কান্দে তত্রৈব ॥

গৃহদূর্ব্বাভবৈঃ পুষ্পৈস্তথা কাশকুশোদ্ভবৈঃ।

ভূধবং সমলঙ্কৃত্য বিষ্ণুলোকে ব্রজেন্নরঃ ॥

বিষ্ণুরহস্যে চ ॥

শরদূর্ব্বাময়ৈঃ পুষ্পৈস্তথা কাশকুশোদ্ভবৈঃ।

ভুবনেশমলঙ্কৃত্য বিষ্ণুলোকে ব্রজেন্নর ইতি।

নাগকর্ণঃ হস্তিকর্ণেতি প্রসিদ্ধঃ অঞ্জলী গ্রামপুষ্পং বোতকী বোতকাবো ইতি প্রসিদ্ধা। তিমিরা ত্রিতবেতি প্রসিদ্ধা ॥ ৮০ ॥

গোকর্ণ প্রভৃতির মাহাত্ম্য, বিষ্ণুরহস্যে ॥

গোকর্ণ, নাগকর্ণ এবং বিল্লাতক পুষ্প দ্বারা অচ্যুত দেবকে পূজা করিলে দেবগণের অধিপতি হইবে ॥

অঞ্জলী, বোতকী, কুষ্মাণ্ড এবং তিমিরোদ্ভব পুষ্প দ্বারা শ্রীকৃষ্ণকে ভূষিত করিলে মনুষ্য কৃতার্থ হইয়া গোলকে গমন করিবে ॥

দূর্ব্বাদিপুষ্প সকলের মাহাত্ম্য ॥

স্কন্দপুরাণের সেই স্থলেই ॥

গৃহদূর্ব্বার পুষ্প, কাশপুষ্প ও কুশপুষ্প দ্বারা বিষ্ণুকে অলঙ্কৃত করিলে মনুষ্য বিষ্ণুলোকে গমন করিবে ॥

বিষ্ণুরহস্যেও ॥

শরফুল, দূর্ব্বাপুষ্প, কাশপুষ্প, কুশপুষ্প দ্বারা ভুবনেশ্বর বিষ্ণুকে অলঙ্কৃত করিলে মনুষ্য বিষ্ণুলোকে গমন করিবে ॥

বর্ণভেদেন পুষ্পাণাং ফলভেদশ্চ দর্শিতঃ।
তথা তেষাঞ্চ সর্ব্বেষাং মালায়া মহিমাধিকঃ॥
তথা চ স্কান্দে বিষ্ণুধর্ম্মোত্তরে চ॥
শ্বেতৈঃ পুষ্পৈঃ সমভ্যর্চ্চ্য নরো মোক্ষমবাপ্নুয়াৎ।
কামানবাপ্নুয়াল্লোকে পীতৈর্দেবং সমর্চ্চয়ন্।
শত্রূণামভিচারেষু তথা কৃষ্ণৈঃ প্রপূজয়েৎ॥
বিষ্ণুরহস্যে চ॥
স্বর্ণলক্ষাধিকং পুষ্পং মালা কোটিগুণাধিকা।
দত্তা ভবতি কৃষ্ণায় নরৈর্ভক্তিসমন্বিতৈরিতি।
মল্লিকাস্তু দিবারাত্র্যোর্নক্তং সম্পাকযূথিকে।
নন্দ্যাবর্ত্তং চার্দ্ধরাত্রে মালতীং প্রাতরেবহি।

বর্ণভেদে কুসুম সকলের ফলভেদও দেখাইয়াছেন এবং ঐ সকল, ফুলের মালা নির্ম্মাণ করিয়া দিলে মহিমা অধিক হয় তাহাও প্রদর্শ করিয়াছেন॥

অতএব স্কন্দপুরাণে ও বিষ্ণুধর্ম্মোত্তরে॥

মনুষ্য শ্বেতপুষ্প দ্বারা হরিপূজা করিলে মোক্ষ লাভ করিবে। পীত পুষ্প দ্বারা বিষ্ণুর অর্চ্চনা করিলে সংসারে তাহার সমুদায় কামনা পরিপূর্ণ হইবে। শত্রুর প্রতি অভিচার করিতে ইচ্ছা হইলে কৃষ্ণপুষ্প দ্বারা পূজা করিবে॥

বিষ্ণুরহস্যে॥

লক্ষ সুবর্ণ দান না করিয়া মনুষ্য যদি ভক্তিভাবে শ্রীকৃষ্ণকে কুসুম দান করে, তাহা হইলে তাহার ফল অধিক হয়। কুসুমের আবার মালা গ্রন্থন করিয়া দিলে কোটিগুণ অপেক্ষাও অধিক ফল হইয়াথাকে॥

মল্লিকাকুসুম দিবা রাত্রিতে ভগবানকে নিবেদন করিতে পারিবে, সোঁদালি এবং যূথিকা রাত্রিতে, নন্দ্যাবর্ত্ত অর্দ্ধরাত্রে, মালতী কেবল

ইতরাণি চ পুষ্পাণি দিবা ভগবতে হর্পয়েৎ।
এবং কেচিচ্চ মন্যন্তে পূজাবিধিবিশারদাঃ॥
কিঞ্চ॥
প্রহরং তিষ্ঠতে জাতী করবীরমহর্নিশং।
জলজং সপ্তরাত্রাণি মাসান্তু বকং তথা॥ ইতি॥
অবচায়োত্তরে কালে জ্ঞেয়মেতদ্বিচক্ষণৈঃ॥ ৪০॥
অথ পুষ্পমণ্ডপাদি॥
পুষ্পাণাং মণ্ডপং ছত্রং বিতানং বৈষ্ণবোত্তমঃ।
দোলাদিকঞ্চ নির্ম্মায় শ্রীকৃষ্ণায় সমর্পয়েৎ॥
অথ পুষ্পমণ্ডপমাহাত্ম্যং॥
বিষ্ণুধর্ম্মোত্তরে॥
কৃষ্ণবেশ্মনি যঃ কুর্য্যাৎ সুরূপং পুষ্পমণ্ডপং।

সুরূপং সুন্দরং মঞ্চকং পর্য্যঙ্কং॥ ৪১॥

প্রাতঃকালে। অন্যান্য কুসুম সমুদায়ই কেবল দিবাতেই প্রদান করিতে পারিবে। কোন কোন পূজাবিশারদ পণ্ডিত এই রূপ কহিয়াথাকেন॥

আরও॥

জাতী এক প্রহর কাল থাকে। করবীর দিবারাত্রি। পদ্ম সাত রাত্রি। এবং বক ছয় মাস। পণ্ডিতগণ জানিবেন চয়ন করিবার পর এই প্রকার হইয়াথাকে॥ ৪০॥

অথ পুষ্পমণ্ডপাদি॥

বৈষ্ণবশ্রেষ্ঠ ব্যক্তি পুষ্পের মণ্ডপ, ছত্র, বিতান এবং দোলাদি নির্ম্মাণ করিয়া শ্রীকৃষ্ণকে নিবেদন করিবেন॥

অথ পুষ্পমণ্ডপমাহাত্ম্য॥

বিষ্ণুধর্ম্মোত্তরে॥

যিনি শ্রীকৃষ্ণের গৃহে সুন্দর পুষ্পমণ্ডপ রচনা করেন, তিনি কুসুম-

স পুষ্পকবিমানৈস্তু কোটীভিঃ ক্রীড়তে দিবি ॥
তত্রৈব স্কান্দে চ ॥
কৃত্বা পুষ্পগৃহং বিষ্ণোঃ পুষ্পৈর্ব্বা তদ্বিতানকং।
ফলেন যোগমায়াতি রাজসূয়াশ্বমেধয়োঃ ॥
তত্রৈব শ্রীশিবোমাসম্বাদে ॥
কেশবোপরি যঃ কুর্য্যাচ্ছত্রং বা পুষ্পমণ্ডপং।
পুষ্পৈস্তম্পঙ্ককং বাপি তস্য পুণ্যং বদাম্যহং।
প্রাপ্তৈশ্বর্য্যো মহাভোগৈঃ ক্রীড়ারতিসমন্বিতৈঃ ॥
নিত্যন্তু মোদতে স্বর্গে স নরো নাত্র সংশয়ঃ ॥
বিশেষতঃ কার্ত্তিকে। স্কান্দে শ্রীব্রহ্ম নারদসম্বাদে ॥
মালতীমালয়া যেন কার্ত্তিকে পুষ্পমণ্ডপং।
কেশবস্য গৃহে চক্রে ন ময়া বিদিতং ফলং ॥ ৪১ ॥

রচিত কোটি বিমান দ্বারা স্বর্গে ক্রীড়া করেন ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে স্কন্দপুরাণেও ॥

পুষ্প দ্বারা বিষ্ণুর গৃহ এবং ঐ গৃহের শয্যা রচনা করিলে রাজসূয় এবং অশ্বমেধ যজ্ঞের ফল হয় ॥

ঐ স্কন্দপুরাণে শ্রীশিব ও উমাসম্বাদে ॥

যে ব্যক্তি কেশবের উপরিভাগে পুষ্পচ্ছত্র বা পুষ্পমণ্ডপ অথবা তাঁহার পর্য্যঙ্ক নির্ম্মাণ করেন, তাঁহার পুণ্যের কথা আমি বলিতেছি ॥

সেই মনুষ্য ঐশ্বর্য্য, বিবিধ উৎকৃষ্ট ভোগ, ক্রীড়া, এবং বিহার প্রাপ্ত হইয়া নিত্য স্বর্গে বাস করেন, ইহাতে সন্দেহ নাই ॥

বিশেষতঃ কার্ত্তিকমাসে ॥

স্কন্দপুরাণে শ্রীব্রহ্মা ও নারদসম্বাদে ॥

যে ব্যক্তি মালতী দ্বারা কার্ত্তিকমাসে কেশবের গৃহে মণ্ডপ নির্ম্মাণ করিয়াছেন তাঁহার যে কি ফল হইয়াছে আমি তাহা জানি না ॥ ৪১ ॥

অথ সুবর্ণাদিপুষ্পাণি ॥

স্বর্ণরত্নাদিপুষ্পৈশ্চ ভগবন্তং সমর্চ্চয়েৎ।
ন চ নির্ম্মাল্যতাং যান্তি তানি তন্মুহুরর্পয়েৎ ॥

তথাচোক্তং দেব্যা ॥

ন নির্ম্মাল্যং হেমপুষ্পমর্পয়েদর্পিতং সদা ॥ ৪২ ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে স্কান্দে চ ॥

কৃত্রিমাণ্যনুলেপানি গন্ধেনাতিসুগন্ধিনা।
ধূপেন পটবাসেন চন্দনাদ্যনুলেপনৈঃ ॥ ৪৩ ॥

অথ স্বর্ণপুষ্পাদিমাহাত্ম্যং ॥

স্কান্দে ॥

স্বর্ণপুষ্পার্চ্চিতো যস্য গৃহে তিষ্ঠতি কেশবঃ।

তৎ তস্মাৎ ॥ ৪২ ॥

স্বর্ণাদিপুষ্পাণামর্পণপ্রকারং লিখতি কৃত্রিমাণীতি কৃত্রিমাণি সুবর্ণপুষ্পাদীনি ধূপেন পটবাসেন চ সুগন্ধি দ্রব্যাপূর্ণেন বিশিষ্টানি ॥ ৪৩ ॥

স্বর্ণপুষ্পৈরর্চ্চিতঃ অভিষিক্তঃ এবং পুষ্পপ্রাচুর্য্যমুক্তং। পাঠান্তরং সুগমং। তস্যৈবেত্য

অথ সুবর্ণাদি পুষ্প ॥

স্বর্ণ এবং রত্নাদি নির্ম্মিত পুষ্পদ্বারা ভগবানের অর্চ্চনা করিবে। ঐ সকল পুষ্প নির্ম্মাল্য হয় না, পুনরায় নিবেদন করিতে পারিবে ॥

ভগবতী ইহাই বলিয়াছেন ॥

স্বর্ণপুষ্প নির্ম্মাল্য হয় না, অর্পণ করা হইলেও পুনঃ পুনঃ অর্পণ করিতে পারিবে ॥ ৪২ ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে এবং স্কন্দপুরাণে ॥

অতিশয় সুগন্ধি গন্ধদ্রব্য, ধূপ, কর্পূরচূর্ণ এবং চন্দনাদি অনুলেপ দ্রব্যের সহিত স্বর্ণাদিনির্ম্মিত কৃত্রিম পুষ্প সকল নিবেদন করিবে ॥৪৩॥

অথ স্বর্ণপুষ্পাদি মাহাত্ম্য স্কন্দপুরাণে ॥

যে ব্যক্তির গৃহে স্বর্ণপুষ্পাদি দ্বারা অর্চ্চিত হইয়া কেশব অবস্থিতি

তস্যৈব পাদরজসা শুদ্ধ্যতি ক্ষিতিমণ্ডলং ॥ ৪৪

সুবর্ণপুষ্পৈরভ্যর্চ্য রাজসূয়ফলং লভেৎ।
রত্নৈ র্দেবমথাভ্যর্চ্য রাজা ভবতি ভূতলে ॥

তত্রৈব শ্রীশিবোমাসম্বাদে ॥

পুষ্পজাতিষু সর্ব্বাসু সৌবর্ণং পুষ্পমুত্তমমিতি ॥ ৪৫ ॥

এবমুক্তৈরনুক্তৈশ্চ শোভাঢ্যৈ র্ব্বা সুগন্ধিভিঃ।
সংপূজ্যো ভগবান্ পুষ্পৈ র্ন নিষিদ্ধৈস্তু দুঃখদৈঃ ॥ ৪৬ ॥

অথ নিষিদ্ধানি পুষ্পাণি ॥

অয়ং ভাবঃ। যস্য পাদরজোমাত্রেণ জগৎপবিত্রং স্যাত্তস্য স্বর্গাদি ফলান্তরং কিয়ন্মাত্রং শ্রীশ্রীভগবৎপার্ষদানাং এতাসার্ষিঃ ॥ ৫৪ ॥

রত্নৈঃ রত্নময়পুষ্পৈঃ ॥ ৪৫ ॥

অনুক্তৈঃ শাস্ত্রোক্তব্যতিরিক্তৈঃ। যদি চ তানি শোভাবন্তি সুগন্ধীনি বা ভবন্তি তদা-তৈশ্চ সংপূজ্য ইত্যর্থঃ। শাস্ত্রেণ নিষিদ্ধৈস্তু ন সংপূজ্যঃ যতো দুঃখদৈঃ ॥ ৪৬ ॥

করেন, সেই ব্যক্তিরই পাদধূলি দ্বারা ভূমণ্ডল পবিত্র হয় ॥ ৪৪ ॥

সুবর্ণপুষ্প দ্বারা কেশবের অভ্যর্চ্চনা করিলে রাজসূয় যজ্ঞের ফল লাভ হইবে। রত্নপুষ্প দ্বারা কেশবকে পূজা করিলে পৃথিবীতে রাজা হয় ॥

ঐ স্কন্দপুরাণে শিব এবং উমার সম্বাদে ॥

যত প্রকার পুষ্পজাতি আছে সর্ব্বাপেক্ষা সুবর্ণ পুষ্প শ্রেষ্ঠ ॥ ৪৫ ॥

যে সকল পুষ্প উল্লেখ করা হইয়াছে এবং যে সকল উল্লেখ করা নাও হইয়াছে, তৎসমুদায়ও যদি দেখিতে সুন্দর বা সুগন্ধি হয়, তাহা হইলেই ভগবান্কে নিবেদন করিবে। কিন্তু যে সকল পুষ্প নিষেধ করা হইয়াছে কিম্বা যে সকল দান করিলে ভগবানের দুঃখজনক হইবে, সে সকল অর্পণ করিবে না ॥ ৪৬ ॥

অথ নিষিদ্ধ পুষ্প সকল ॥

তত্র সামান্যতঃ বিষ্ণুধর্ম্মোত্তরে ॥

শ্মশানচৈত্যদ্রুমজং ভূমৌ বাপি নিপাতিতং।
কলিকা চ ন দাতব্যা দেবদেবস্য চক্রিণঃ।
শুক্লান্যবর্ণকুসুমং ন দেয়ঞ্চ তথা ভবেৎ।
সুগন্ধি শুক্লং দেয়ং স্যাজ্জাতং কণ্টকিনো দ্রুমাৎ।
দত্ত্বা কণ্টকিসম্ভূতমনুক্তং পরিভূয়তে।
অনুক্তরক্তকুসুমাদসৌভাগ্যমবাপ্নুয়াৎ।
উগ্রগন্ধি তথা দত্ত্বা নিত্যমুদ্বেগমাপ্নুয়াৎ।
অগন্ধি দত্ত্বা বাপ্নোতি হ্যশুভং পরমং নরঃ ॥
তত্রৈব তৃতীয়কাণ্ডে॥
উগ্রগন্ধীন্যগন্ধীনি কুসুমানি ন দাপয়েৎ।
অন্যায়তনজাতানি কণ্টকীনি তথৈবচ ॥ ৪৭ ॥

চৈত্যদ্রুমো নাম বদ্ধবেদিকতলঃ পূজ্যো বৃক্ষঃ অনুক্তং পূর্ব্বোক্তাদিতরৎ ॥ ৪৭ ॥

সামান্যতঃ বিষ্ণুধর্ম্মোত্তরে উল্লেখ করিয়াছেন ॥

শ্মশানবৃক্ষজাত বা চৈত্যবৃক্ষজাত অর্থাৎ যে বৃক্ষের তলা বান্ধান এবং পূজা করা হয়, তাহার পুষ্প, ভূমিতে পতিত পুষ্প এবং কলিকা এ সমস্ত দেবদেব চক্রপাণিকে নিবেদন করিবে না ॥

শুক্লবর্ণ ভিন্ন অন্যবর্ণের পুষ্প নিবেদন করিবে না। কণ্টকবৃক্ষজাত পুষ্প, শুক্লবর্ণ এবং সুগন্ধি হইলে দিবে। যে সকল কণ্টকবৃক্ষজাত পুষ্পের বিধান করা হইয়াছে তদ্ভিন্ন অর্পণ করিলে মনুষ্য দুঃখ পাইবে, যে সকল রক্তপুষ্প উল্লেখ করা হইয়াছে, তদ্ভিন্ন অর্পণ করিলে অসৌভাগ্য লাভ হইবে। তীক্ষ্ণগন্ধযুক্ত পুষ্প নিবেদন করিলে নিত্য উদ্বেগ যুক্ত থাকিবে। গন্ধহীন পুষ্প নিবেদন করিলে অতিশয় অমঙ্গল হইবে ॥

ঐ বিষ্ণুধর্ম্মোত্তরেরই তৃতীয়কাণ্ডে ॥

তীক্ষ্ণগন্ধি বা গন্ধহীন পুষ্প নিবেদন করিবে না। অন্যের গৃহজাত এবং কণ্টকীবৃক্ষজাত পুষ্পও দিবে না ॥ ৪৭ ॥

রক্তানি যানি ধর্ম্মজ্ঞা_শ্চৈত্যবৃক্ষোদ্ভবানি চ।
যানি শ্মশানজাতানি তথা চাকালজানি চ।
দানং বিবর্জয়েদযত্নাৎ পুষ্পাণামপ্যগন্ধিনাং।
নারদীয়ে রাক্ষসীশপথে ॥
পারক্যারামজাতৈশ্চ কুসুমৈরর্চ্চয়েৎ সুরান্।
তেন পাপেন লিপ্যেয়ং যদ্যেতদনৃতং বদে ॥
জ্ঞানমালায়াং ॥
কলিকাভি স্তথা নেজ্যং বিনা চম্পককৈঃ শুভৈঃ।
শুষ্কৈ র্ন পূজয়েদ্বিষ্ণুং পত্রৈঃ পুষ্পৈঃ ফলৈরপীতি ॥ ৪৮ ॥
জাতিযূথ্যো স্তথা মল্লী নবমালিকয়োরপি।
কলিকাভির্হরে র্ভক্তৈঃ সৌরভ্যাৎ কৈশ্চিদিষ্যতে ॥
বিষ্ণুরহস্যে ॥

ধর্ম্মজ্ঞা ইতি পাঠে হে ধর্ম্মজ্ঞা ইতি তত্রত্যানাং সম্বোধনং ॥ ৪৮ ॥

হে ধার্ম্মিকগণ! যে সকল পুষ্প রক্তবর্ণ, যে সকল পুষ্প শ্মশান-বৃক্ষজাত বা চৈত্যবৃক্ষজাত কিম্বা যে সকল অকালে জাত, আর যে সকলের গন্ধ নাই, সে সকল পুষ্প কখনই নিবেদন করিবে না ॥

নারদপুরাণে রাক্ষসীর শপথে ॥

যদি আমি ইহা মিথ্যা বলি, তাহা হইলে পরকীয় আরামজাত পুষ্প দ্বারা দেবতার অর্চ্চনা করিলে যে পাপ হয়, আমি সেই পাপে লিপ্ত হইব ॥

জ্ঞানমালায় ॥

চম্পক ভিন্ন অন্য পুষ্পের কলিকাদ্বারা পূজা করিবে না, শুষ্ক পত্র, পুষ্প বা ফলদ্বারাও বিষ্ণুর পূজা করিবে না ॥

জাতি, যূথি, মল্লিকা এবং নবমল্লিকা এই সকল পুষ্পের কলিকারও গন্ধ অত্যুৎকৃষ্ট, এজন্য হরির কোন কোন ভক্ত নিবেদন করিতে বলেন ॥

বিষ্ণুরহস্যে ॥

ন শুক্লৈঃ পূজয়েদ্বিষ্ণুং কুসুমৈ র্ন মহীগতৈঃ।
নাবিশীর্ণদলৈঃ ক্লিষ্টৈ র্ন চৈবাশুবিকাশিতৈঃ॥ ৪৯॥
পাদ্মে॥
কীটকোষোপবিদ্ধানি শীর্ণপর্য্যুষিতানি চ।
বর্জয়েদূর্ণনাভেন বাসিতং যদি শোভনং।
গন্ধবন্ত্যপবিত্রাণি উগ্রগন্ধীনি বর্জয়েৎ॥ ৫০॥
গন্ধহীনমপি গ্রাহ্যং পবিত্রং যৎ কুশাদিকং॥
বৈহায়সপঞ্চরাত্রে॥
চতুষ্পথ শিবাবাস শ্মশানাবনিমধ্যতঃ।

আশুবিকাশিতৈঃ বলাদ্বিকাশিতৈঃ॥ ৪৯॥
কীটস্য কোষরূপাবাসেন অপবিদ্ধানি দূষিতানি পুষ্পাণি শীর্ণানি পর্য্যুষিতানি চ। যদ্যপি শোভনমুত্তমং অপবিত্রাণি চেৎ গন্ধবন্ত্যপি পুষ্পাণি বর্জয়েৎ॥ ৫০॥
চতুষ্পথাদে রবনিভূমি স্তন্মধ্যাদগৃহ্লীয়াৎ॥ ৫১॥

শুক্লবর্ণ পুষ্পও যদি ভূমিতে পতিত হয়, তথাপি তদ্দারা বিষ্ণুর পূজা করিবে না। আর যে সকল পুষ্পের দল বিকশিত হয় নাই, যে সকল ক্লিষ্ট এবং যে সকলকে বলপূর্ব্বক বিকশিত করা গিয়াছে; সে সকল পুষ্পদ্বারাও পূজা করিবে না॥ ৪৯॥

পদ্মপুরাণে॥

অন্তরে কীটকোষ রূপে বাস করাতে যে সকল পুষ্প দূষিত হইয়াছে, যে সকল পুষ্প শীর্ণ ও পর্য্যুষিত এবং যে সকল পুষ্পে মাকড়শায় জাল করিয়াছে সে সকল পুষ্প দিবে না। অপবিত্র সুগন্ধি পুষ্প বা তীক্ষ্ণগন্ধি পুষ্পও প্রদান করিবে না॥ ৫০॥

কুশাদি পুষ্পের গন্ধ নাই, কিন্তু পবিত্র, একারণ তৎসমুদায় নিবেদন করিবে॥

বৈহায়সপঞ্চরাত্রে॥

বিষ্ণুপূজার নিমিত্ত চতুষ্পথ, শিবের নিবাসস্থান এবং শ্মশানভূমি

সুগন্ধি ফলপুষ্পাণি নাদদীতার্চ্চনে হরেঃ ॥ ৫১ ॥

স্কান্দে শ্রীব্রহ্মনারদসম্বাদে ॥

ন বিশীর্ণদলৈঃ শ্লিষ্টৈর্নাশুভৈর্নাবিকাশিভিঃ।
পূতিগন্ধ্যুগ্রগন্ধীনি অম্লগন্ধানি বর্জয়েৎ ॥ ৫২ ॥
কীটকোষোপবিদ্ধানি শীর্ণপর্য্যুষিতানি চ।
ভগ্নপত্রঞ্চ ন গ্রাহ্যং কৃমিদুষ্টং ন চাহরেৎ।
বর্জয়েদূর্ণনাভেন বাসিতং যদি শোভনং।
স্থলস্থং নোদ্ধরেৎ পুষ্পং ছেদয়েজ্জলজং ন তু।
যানি স্পৃষ্টানি চাস্পৃশ্যৈর্লোকাযুক্তৈশ্চ বর্জয়েৎ ॥ ৫৩ ॥

অত্রাপি বাদঃ ॥

জ্ঞানমালায়াং ॥

বিশীর্ণ দলাদিভিঃ পুষ্পৈ র্ন পূজা কার্য্যেতি শেষঃ। শ্লিষ্টৈঃ অন্যোন্যসংলগ্নৈঃ ॥ ৫২ ॥ নোদ্ধরেৎ মূলতোনোৎপাটয়েৎ। লোকে অযুক্তৈ র্নিন্দ্যৈশ্চ পৃষ্টানি পুষ্পাণি বর্জয়েৎ ॥ ৫৩ ॥

হইতে সুগন্ধি ফল পুষ্প গ্রহণ করিবে না ॥ ৫১ ॥

স্কন্দপুরাণে শ্রীব্রহ্মা ও নারদের সম্বাদে ॥

যে সকল পুষ্পের দল শীর্ণ, যে সকল পুষ্পের দল পরস্পর সংলগ্ন, যে সকল পুষ্প অপবিত্র বা যে সকল পুষ্প বিকশিত হয় নাই, সে সকল পুষ্প দিয়া পূজা করিবে না, পূতিগন্ধি, তীক্ষ্ণগন্ধি, পুষ্প দিবে না ॥ ৫২ ॥

অভ্যন্তরে কীটকোষ থাকাতে দূষিতপুষ্প আহরণ করিবে না। যাহার মধ্যে মাকড়শা বাস করিতেছে, সে পুষ্প দেখিতে সুন্দর হইলেও গ্রহণ করিবে না। স্থলস্থ পুষ্প সমূলে উৎপাটন করিবে না। জলজাত পুষ্প ছেদন করিবে না। যে সকল পুষ্পে অস্পৃশ্য বা লোকনিন্দনীয় সামগ্রী স্পর্শ হইয়াছে, সে সকল পরিত্যাগ করিবে ॥ ৫৩ ॥

এই বিষয়ের বিশেষ ব্যবস্থা ॥

জ্ঞানমালায় ॥

ন পর্য্যুষিতদোষোঽস্তি জলজোৎপলচম্পকে ।
তুলস্যগস্ত্যবকুলে বিল্বে গঙ্গাজলে তথা ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে চ ॥

ন গৃহে করবীরস্থৈঃ কুসুমৈরর্চ্চয়েদ্ধরিং ।
পতিতৈর্মুকুলৈর্ম্লানৈঃ শ্বাসৈর্বা জন্তুদূষিতৈঃ ।
আঘ্রাতৈরঙ্গসংস্পৃষ্টৈর্দূষিতৈশ্চৈব নার্চ্চয়েৎ ॥ ৫৪ ॥

অথ বিশেষতো নিষিদ্ধানি ।

বিষ্ণুধর্ম্মোত্তরে তৃতীয়কাণ্ডে ॥

ক্রকরস্য চ পুষ্পাণি তথা ধুস্তুরকস্য চ ।
কৃষ্ণঞ্চ কুটজং চার্কং নৈব দেয়ং জনার্দ্দনে ॥ ৫৫ ॥

গৃহে যঃ করবীরঃ শ্বেতপুষ্পো রক্তপুষ্পশ্চ তৎস্থৈস্তদীয়ৈরিত্যর্থঃ । অতএবোক্তং বারাহে বন্ধূক করবীরেচ ন গৃহে রোপয়েৎ কচিদিতি । শ্বাসৈর্জন্তুভির্বা দূষিতৈরিত্যর্থঃ । অঙ্গেন স্বীয় হস্ত ব্যতিরিক্তেন গাত্রেণ সংস্পৃষ্টৈঃ দূষিতৈশ্চ নিন্দিতৈঃ ॥ ৫৪ ॥

ক্রকরস্য করবীরস্য ॥ ৫৫ ॥

পদ্ম, উৎপল, তুলসী, বক ও বকুল পুষ্প, আর বিল্বপত্র ও গঙ্গাজল পর্য্যুষিত হইলে দোষ হয় না ॥

বিষ্ণুধর্ম্মোত্তরেও ॥

গৃহস্থিত শ্বেত বা রক্ত করবীর বৃক্ষজাত পুষ্প দ্বারা হরির পূজা করিবে না । ভূমি পতিত অপ্রস্ফুটিত ম্লান, শ্বাস বা জন্তুদ্বারা দূষিত, আঘ্রাত, অঙ্গসংস্পৃষ্ট অর্থাৎ পাদাদি পতিত বা নিন্দনীয় পুষ্প দ্বারাও অর্চ্চনা করিবে না ॥ ৫৪ ॥

অথ বিশেষতঃ নিষিদ্ধ পুষ্প সকল ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে তৃতীয়কাণ্ডে ॥

করবীর পুষ্প, ধুস্তুর পুষ্প, কৃষ্ণবর্ণ কুটজ পুষ্প এবং অর্ক কুসুম জনার্দ্দনকে নিবেদন করিবে না ॥ ৫৫ ॥

কিঞ্চান্যত্র ॥

নার্কং নোন্মত্তকং ঝিণ্টিং তথৈব গিরিকর্ণিকাং।
ন কণ্টকারিকাপুষ্পং অচ্যুতায় নিবেদয়েৎ।
কুটজং শাল্মলীপুষ্পং শিরীষঞ্চ জনার্দ্দনে।
নিবেদিতং ভয়ঞ্চোগ্রং নিঃসত্ত্বঞ্চ প্রযচ্ছতি ॥

স্কান্দে তত্রৈব ॥

যেঽর্চ্চয়ন্তি ত্রিলোকেশমর্কপুষ্পৈর্জনার্দ্দনং।
তেভ্যঃ ক্রুদ্ধো ভয়ং দুঃখং ক্রোধং বিষ্ণুঃ প্রযচ্ছতি।
উন্মত্তকেন যে মূঢ়াঃ পূজয়ন্তি ত্রিবিক্রমং।
উন্মাদং দারুণং তেভ্যো দদাতি গরুড়ধ্বজঃ।
কাঞ্চনারভবৈঃ পুষ্পৈর্যে হর্চ্চয়ন্ত্যসুরদ্বিষং।
দারিদ্র্যদুঃখবহুলং তেষাং বিষ্ণুঃ প্রযচ্ছতি।
গিরিকর্ণিকয়া বিষ্ণুং যে হর্চ্চয়ন্ত্যবুধা নরাঃ।

নিঃসত্ত্বমিতি পাঠে নিঃসত্ত্বতামিত্যর্থঃ ॥ ৫৬ ॥

আরও অন্যস্থলে ॥

অর্ক, ধুস্তুর, ঝিণ্টী, গিরিকর্ণিকা এবং কণ্টকারি কুসুম বিষ্ণুকে নিবেদন করিবে না। কুটজ, শাল্মলী এবং শিরীষ কুসুম যদি জনার্দ্দনকে নিবেদন করা যায় তাহা হইলে মহৎভয় ও দৌর্ব্বল্য ঘটে ॥

স্কন্দপুরাণের সেই স্থলেই ॥

যাঁহারা অর্কফুল দ্বারা ত্রিলোকনাথ জনার্দ্দনের পূজা করেন, বিষ্ণু ক্রুদ্ধ হইয়া তাহাদিগকে ভয়, দুঃখ এবং দণ্ড প্রদান করেন ॥

যে সকল মূঢ় ব্যক্তি ধুস্তুর কুসুম দ্বারা ত্রিবিক্রমের পূজা করেন, গরুড়ধ্বজ তাঁহাদিগকে দারুণ উন্মাদ প্রদান করেন। যাহারা কাঞ্চনাকার ফুল সকল দ্বারা দৈত্যারির পূজা করে, বিষ্ণু তাহাদিগকে বহুতর দারিদ্র দুঃখ ভোগ করান ॥

যে সকল মনুষ্য গিরিকর্ণিকা দ্বারা বিষ্ণুপূজা করে, মধুসূদন ভয়ানক

তেষাং কুলক্ষয়ং ঘোরং কুরুতে মধুসূদনঃ। ইতি ॥ ৫৬ ॥

অথ পুষ্পগ্রহণকালাদি ॥

মধ্যাহ্নে স্নানমাচর্য্য কুসুমৈস্তু সমাহৃতৈঃ।
নৈব সংপূজয়েদ্বিষ্ণুং যন্নিষিদ্ধানি তান্যপি ॥ ৫৭ ॥

তথাচ স্কান্দে। তত্রৈব ॥

স্নানং কৃত্বা তু যৎ কিঞ্চিৎ পুষ্পং গৃহ্নন্তি বৈ নরাঃ।
দেবতাস্তন্ন গৃহ্নন্তি পিতরঃ খলু বৈ দ্বিজ।
ঋষয়স্তন্ন গৃহ্নন্তি ভস্মী ভবতি কাষ্ঠবৎ। ইতি ॥ ৫৮ ॥

কুসুমানামলাভে তু চৌর্য্যাদানং ন দুষ্যতি।
দেবতার্থন্তু কুসুমমস্তেয়ং মনুরব্রবীৎ ॥ ৫৯ ॥

অপিশব্দঃ পূর্ব্বনিষিদ্ধাপেক্ষয়া সমুচ্চয়ে তানি মধ্যাহ্নস্নানানন্তরমাহৃতানি কুসুমানি ॥ ৫৭ ॥

খল্বিতি সমুচ্চয়ে পিতরশ্চ ন গৃহ্নন্তি ভস্মী ভবতি নিষ্ফলং স্যাদিত্যর্থঃ ॥ ৫৮ ॥

ধর্ম্মার্জ্জিত ধনক্রীতৈস্তৈর্গ্যাদিবচনৈর্যথোপার্জ্জিতানি কুসুমানি দেবপূজায়াং বিহিতানি তত্র ধনাদ্যভাবে কিং কর্ত্তব্যং তত্র লিখতি কুসুমানামিতি। চৌর্য্যেণ আদানং গ্রহণং অস্তেয়মিতি চৌর্য্যেণানীতমপি চৌরিতং ন ভবতি। অত এবোক্তং বিষ্ণুধর্ম্মোত্তরে। যথা কথঞ্চিদাহৃত্য কুসুমৈরর্চ্চয়েদ্ধরিমিতি ॥ ৫৯ ॥

রূপে তাহাদিগের কুল বিনাশ করেন ॥ ৫৬ ॥

অথ কুসুমচয়নের কালাদি ॥

মধ্যাহ্নকালে স্নান করিয়া যে পুষ্প চয়ন করা হইবে, তদ্দারা এবং নিষিদ্ধ পুষ্প দ্বারা বিষ্ণুর পূজা করিবে না ॥ ৫৭ ॥

স্কন্দপুরাণের ঐ স্থলেই কথিত হইয়াছে ॥

হে দ্বিজ ! মনুষ্য স্নান করিয়া যে কোন পুষ্প চয়ন করিবে, দেবগণ এবং পিতৃগণ কখনই সে পুষ্প গ্রহণ করেন না, ঋষিরাও উহা গ্রহণ করেন না, উহা কাষ্ঠের ন্যায় ভস্ম হইয়া যায় ॥ ৫৮ ॥

পুষ্প অপ্রাপ্য হইলে চুরি করিয়া আনিলে দোষ হয় না। মনু কহিয়াছেন,—দেবতার নিমিত্ত পুষ্প চুরি, চুরি নহে ॥ ৫৯ ॥

তথা কৌর্ম্মে ব্যাসগীতায়াং ॥

পুষ্পে শাকোদকে কাষ্ঠে তথা মূলে ফলে তৃণে।
অদত্তাদানমস্তেয়ং মনুঃ প্রাহ প্রজাপতিঃ ॥ ৬০ ॥

গ্রহীতব্যানি পুষ্পাণি দেবার্চ্চনবিধৌ দ্বিজাঃ।
নৈকস্মাদেব নিয়তমননুজ্ঞাপ্য কেবলমিতি ॥ ৬১ ॥

বিহিতেষু নিষিদ্ধানাং বিহিতালাভতো মতং।

অদত্তস্যাপ্যাদানং ॥ ৬০ ॥

কিঞ্চ তত্রৈব বিশেষমাহ। গ্রহীতব্যানীতি। এবং ভগবদর্থমেব শাকাদীনামাদানমদুষ্ট-মিতি জ্ঞেয়ং স্বার্থেতু দোষ এব। তৃণং কাষ্ঠং ফলং পুষ্পং প্রকাশং বৈ হরেদ্বুধঃ। ধর্ম্মার্থং কেবলং বিপ্রো হ্যন্যথা পতিতো ভবেৎ। ইতি। অতএব তত্রৈব। তৃণং বা যদি বা শাকং মূলম্বা জলমেব বা। পরস্যাপহরন্ জন্তুর্নরকং প্রতিপদ্যত ইতি ॥ ৬১ ॥

নমু বিষ্ণুধর্ম্মোত্তরে তৃতীয়কাণ্ডে অন্যায়তন জাতানি পুষ্পাণি নিষিদ্ধানি। স্কান্দাদৌ চ কণ্টক্যাদীনি বিহিতানি সন্তি। তথা বামনপুরাণাদৌ বন্ধুকজবাপুষ্পয়োর্নিষেধঃ শ্রূয়তে তে চাত্র বিষ্ণুধর্ম্মোত্তরাদৌ বিহিতে এব ইতোবমাদিবিরোধে কথং ব্যবহর্ত্তব্যং তত্র লিখতি বিহিতেষিতি। শাস্ত্রৈর্বিহিতেষু কুসুমেষু মধ্যে নিষিদ্ধানাং কুসুমানামুপাদানং গ্রহণং বিহি-তানামলাভতো হেতোঃ অলাভে বা সতি মতং বুধৈঃ। বিহিতানাং লাভে সতি চ তানি নিষিদ্ধানি ন গ্রাহ্যাণ্যেব। যানি চ কেবলং সর্ব্বত্র নিষিদ্ধান্যেব তেষাং কদাচিদপ্যুপাদানং ন

কূর্ম্মপুরাণের ব্যাসগীতায় কথিত হইয়াছে ॥

প্রজাপতি মনু বলিয়াছেন, পুষ্প, শাক, জল, কাষ্ঠ, মূল, ফল ও তৃণ কেহ না দিলেও আনয়ন করিলে চুরি করা হয় না ॥ ৬০ ॥

[illegible] ব্রাহ্মণগণ! দেবার্চ্চনার নিমিত্ত না বলিয়া কেবল একজনের [illegible] নিয়ত পুষ্প লইবে না ॥ ৬১ ॥

[illegible] পুষ্প শাস্ত্রে বিহিত হইয়াছে, তাহাদিগের মধ্যে আবার [illegible] কহিয়াছেন, বিহিত পুষ্প না মিলিলে ঐ সকল নিষিদ্ধ [illegible] তে পারিবে, কিন্তু যে সকল একেবারে নিষিদ্ধ, সে

কুসুমানামুপাদানং নিষিদ্ধানাং ন কর্হিচিৎ ॥৬২ ॥
বিহিতপ্রতিষিদ্ধৈস্তু বিহিতালাভতোঽর্চ্চয়েৎ ॥ ৬৩ ॥
নিষিদ্ধপুষ্পসংগ্রহশ্লোকৌ ॥
ক্লিষ্টং পর্য্যুষিতঞ্চ ভূমিপতিতং ছিদ্রঞ্চ কীটান্বিতং
যৎ কেশোপহতঞ্চ গন্ধরহিতং যচ্চোগ্রগন্ধান্বিতং ।
হস্তে যদ্বিধৃতং প্রণামসময়ে যদ্বামহস্তে কৃতং
যচ্চান্তর্জলধৌ তমর্চ্চনবিধৌ পুষ্পঞ্চ তদ্বর্জয়েৎ ॥
ভঙ্‌ক্ত্বা যদ্বিটপাদিকং ক্ষিতিরুহং চোৎপাদ্য যচ্চাহৃতং
যচ্চাক্রম্য সমাহৃতং তদখিলং পুষ্পং ভবত্যাসুরং ।
চৌর্য্যাকৃষ্টমনুক্তিতুষ্টমশুচিস্পৃষ্টং যদপ্রোক্ষিতং

মতমিত্যর্থঃ ॥ ৬২ ॥

বিহিতেষু মধ্যে প্রতিষিদ্ধৈর্নিষিদ্ধৈঃ পুষ্পৈঃ বিহিতানামলাভে সতীত্যর্থঃ। অর্চ্চয়েদ্দেবং ॥ ৬৩ ॥

দ্রুমস্থ চ্ছদং পত্রং প্রসূনং পুষ্পং ॥ ৬৪ ॥

সকল কখনই গ্রহণ করিবে না ॥ ৬২ ॥

বিহিতপুষ্প না পাইলে বিহিতের মধ্যে নিষিদ্ধ পুষ্প দ্বারা পূজা করিবে ॥ ৬৩ ॥

নিষিদ্ধপুষ্প সংগ্রহবিষয়ে দুইটী শ্লোক আছে ॥

শুষ্ক বা দলিত, পর্য্যুষিত, ভূমিতে পতিত, সচ্ছিদ্র, কীটযুক্ত, কেশদূষিত, গন্ধরহিত, উগ্রগন্ধ বিশিষ্ট পুষ্প এবং যে পুষ্প হস্তে গ্রহণ করিয়া প্রণাম করা হইয়াছে, যাহা জলে নিমগ্ন করিয়া ধৌত করা হইয়াছে, সেই পুষ্প পূজাবিষয়ে পরিত্যাগ করিবে ॥

শাখাদি ভগ্ন করিয়া, বৃক্ষ উৎপাটন করিয়া, বৃক্ষে আরোহণ করিয়া যে পুষ্প আহরণ করা হয়, সে সমুদায় অসুরের গ্রহণযোগ্য, চৌর্য্যদ্বারা আহৃত, অধিকারিকে না জানাইয়া গৃহীত, অশুচিবস্তু সংস্পৃষ্ট, অপ্রো-

যচ্চাঘ্রাতমধোঽম্বরে বিনিহিতং ক্রীতঞ্চ তদ্বর্জয়েৎ ॥
পত্রাণি চার্পয়েদ্দূর্ব্বাদ্যঙ্কুরানপি ভক্তিতঃ।
কিন্তু শ্রীতুলসীপত্রং সর্ব্বত্রৈব বিশেষতঃ ॥
অথ পত্রাণি। বিষ্ণুধর্ম্মোত্তরে ॥
পুষ্পাভাবেন যো দদ্যাদত্র দূর্ব্বাঙ্কুরানপি।
সোঽপি পুণ্যমবাপ্নোতি পুষ্পদানস্য বৈ দ্বিজাঃ।
পুষ্পাভাবে হি দেয়ানি পত্রাণ্যপি জনার্দ্দনে।
পত্রাভাবে পয়ো দেয়ং তেন পুণ্যমবাপ্নুয়াৎ।
নিবেদ্য ভক্ত্যা মধুসূদনায়
দ্রুমচ্ছদং বাপ্যথ সৎপ্রসূনং।
দূর্ব্বাঙ্কুরং বা সলিলং দ্বিজেন্দ্রাঃ
প্রাপ্নোতি তত্তন্মনসা যথেচ্ছতি ॥ ৬৪ ॥
তত্রৈব তৃতীয়কাণ্ডে ॥

ক্ষিত, আঘ্রাত, অধোবস্ত্রে স্থাপিত, বা ক্রীতপুষ্প পরিত্যাগ করিবে ॥

পত্র এবং দূর্ব্বাঙ্কুরাদি দ্বারাও ভক্তি পূর্ব্বক পূজা করিবে। কিন্তু বিশেষতঃ সর্ব্বত্রই তুলসীপত্র দ্বারা পূজা করিবে ॥

অথ পত্রসমূহ ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে ॥

হে দ্বিজগণ! যিনি পুষ্প অভাবে দূর্ব্বাঙ্কুর সকল অর্পণ করেন, তিনিও পুষ্পদানের ফল প্রাপ্ত হয়েন ॥

জনার্দ্দনকে পুষ্প অভাবে পত্র এবং পত্রের অভাবে জল প্রদান করিবে, তাহাতেও পুণ্য লাভ হয় ॥

হে দ্বিজশ্রেষ্ঠগণ! বৃক্ষপত্র, উত্তমপুষ্প, দূর্ব্বাঙ্কুর অথবা জল, ভক্তি পূর্ব্বক তদ্গতচিত্তে মধুসূদনকে নিবেদন করিলে, মনে যাহা ইচ্ছা করিবে তাহাই প্রাপ্ত হইবে ॥ ৬৪ ॥

ঐ বিষ্ণুধর্ম্মোত্তরেরই তৃতীয়কাণ্ডে ॥

ভৃঙ্গরাজস্য বিল্বস্য বকপুষ্পস্য চ দ্বিজাঃ।
জম্ব্বাম্রজম্বীরপূরাণাং পত্রাণি বিনিবেদয়েৎ॥
এতেষামপি চৈকস্য পত্রদানং মহাফলং।
পত্রাণি সসুগন্ধীনি পল্লবানি মৃদূনি চ।
তেন পুণ্যমবাপ্নোতি পুষ্পাদানসমুদ্ভবং॥ ৬৫॥
নারসিংহে॥
পত্রাণ্যপি সুপুণ্যানি হরিপ্রীতিকরাণি চ।
প্রবক্ষ্যামি নৃপশ্রেষ্ঠ শৃণুষ্ব গদতো মম।
অপামার্গস্তু প্রথমং ভৃঙ্গরাজং ততঃ পরং॥ ৬৬॥
ততস্তমালপত্রঞ্চ ততশ্চ শমিপত্রকং।
দূর্ব্বাপত্রং ততঃ শ্রেষ্ঠং ততোঽপি কুশপত্রকং।
তস্মাদামলকং শ্রেষ্ঠং ততো বিল্বস্য পত্রকং।

তেষাং মধ্যে একস্য কস্যচিৎ পল্লবানি চ নিবেদয়েদিতি পূর্ব্বেণান্বয়ঃ॥ ৬৫॥
পরং শ্রেষ্ঠং॥ ৬৬॥
কেতক্যাঃ পুষ্পস্য পত্রং। ভৃঙ্গরাজ ভৃঙ্গরজয়োরবান্তরভেদো জ্ঞেয়ঃ॥ ৬৭॥

ভৃঙ্গরাজ, বিল্ব, বকপুষ্প, জম্বু, আম্র এবং জম্বীরের পত্র সকল নিবেদন করিবে। ইহাদিগের মধ্যে একটী বৃক্ষের পত্র দান করিলেও মহৎ ফল লাভ হয়॥

সুগন্ধি পত্র এবং কোমলপল্লব সমূহ ভগবান্‌কে অর্পণ করিলে, পুষ্পদানজনিত পুণ্য লাভ হয়॥ ৬৫॥

নৃসিংহপুরাণে॥

হে নৃপশ্রেষ্ঠ! হরির প্রীতিকারক, অতি পবিত্র পত্র সকলের বিষয় আমি কীর্ত্তন করিব, তুমি শ্রবণ কর। প্রথম অপামার্গ, তাহার পর ভৃঙ্গরাজ॥ ৬৬॥

তদনন্তর তমালপত্র,তাহার পর শমীপত্র,তদপেক্ষা দূর্ব্বাপত্র শ্রেষ্ঠ, তাহা হইতেও আবার কুশপত্র উত্তম, কুশপত্র হইতে আমলকপত্র

বিল্বপত্রাদপি হরে স্তুলসীপত্রমুত্তমং।
এতেষাঞ্চ যথালব্ধৈঃ পত্রৈর্যশ্চার্চ্চয়েদ্ধরিং।
সর্ব্বপাপবিনির্ম্মুক্তো বিষ্ণুলোকে মহীয়তে॥
বামনে॥
বিল্বপত্রং শমীপত্রং পত্রং ভৃঙ্গরজস্য চ।
তমালামলকীপত্রং শস্তং কেশবপূজনে॥
যেষাং ন সন্তি পুষ্পাণি প্রশস্তান্যর্চ্চনে বিভোঃ।
পল্লবান্যপি তেষাং স্যুঃ শস্তান্যর্চ্চাবিধৌ হরেঃ॥
আগ্নেয়ে॥
কেতকীপুষ্পপত্রঞ্চ ভৃঙ্গরাজস্য পত্রকং।
তুলসী কালতুলসী সদ্যস্তুষ্টিকরং হরেঃ॥
বিল্বপত্রং শমীপত্রং পত্রং ভৃঙ্গরজস্য চ।

শ্রেষ্ঠ, তদপেক্ষা বিল্বপত্র প্রধান, বিষ্ণুপূজায় বিল্বপত্র অপেক্ষা তুলসী-পত্র উত্তম। যিনি এই সমুদায়ের যথালব্ধ পত্র দ্বারা হরির অর্চ্চনা করেন, তিনি সকল পাপ হইতে মুক্ত হইয়া বিষ্ণুলোকে সম্মানের সহিত বাস করেন॥

বামনপুরাণে॥

বিল্বপত্র, শমীপত্র, ভৃঙ্গরাজপত্র, তমালপত্র এবং আমলকীপত্র বিষ্ণুপূজায় প্রশস্ত॥

প্রভুর পূজোপযোগী প্রশস্ত পুষ্প যাঁহাদিগের সঞ্চিত নাই, তাঁহারা পল্লব দ্বারা হরির পূজা করিলেও প্রশস্ত ফল প্রাপ্ত হইবেন॥

অগ্নিপুরাণে॥

কেতকীপুষ্পের পত্র, ভৃঙ্গরাজপত্র এবং তুলসী ও কৃষ্ণতুলসী পত্র হরির আশু তুষ্টিকর॥

বিল্বপত্র, শমীপত্র, ভৃঙ্গরাজপত্র এবং তমালপত্র দ্বারা পূজা করিলে

তমালপত্রঞ্চ হরেঃ সদ্যস্তুষ্টিকরং ভবেৎ ॥
স্কান্দে শ্রীব্রহ্মনারদসম্বাদে ॥
শমীপত্রৈশ্চ যো দেবং পূজয়ত্যসুরাদ্দনং ।
যমমার্গো মহাঘোরো নিস্তীর্ণস্তেন নারদ ।
কুম্ভীপত্রেণ দেবর্ষে যে হর্চ্চয়ন্তি জনার্দ্দনং ।
কোটিজন্মার্জ্জিতং পাপং দহতে গরুড়ধ্বজঃ ।
সকৃদভ্যর্চ্য গোবিন্দং বিল্বপত্রেণ মানবঃ ।
হরির্দদ্যাৎ ফলং তস্মৈ সর্ব্বযজ্ঞৈঃ সুদুর্ল্লভং ।
বিল্বপত্রেণ যে দেবং কার্ত্তিকে কলিবর্দ্ধন ।
পূজয়ন্তি মহাভক্ত্যা মুক্তিস্তেষাং ময়োদিতা ।
মারুকং কেতকীপত্রং তথা দমনকং মুনে ।

হরি তৎক্ষণাৎ সন্তুষ্ট হন ॥

স্কন্দপুরাণে ব্রহ্মা ও নারদসম্বাদে ॥

হে নারদ ! যে ব্যক্তি শমীপত্র দ্বারা দৈত্যারি জনার্দ্দনের পূজা করেন, তিনি ভয়ঙ্কর যমমার্গ হইতে নিষ্কৃতি লাভ করিবেন ॥

হে দেবর্ষে ! যাঁহারা কুম্ভীপত্র দ্বারা জনার্দ্দনকে অর্চ্চনা করেন, তাঁহাদিগের কোটি জন্মার্জ্জিত পাপ গরুড়ধ্বজ ধ্বংস করিয়া দেন ॥

মনুষ্য যদি একবার মাত্র বিল্বপত্র দ্বারা গোবিন্দের অর্চ্চনা করে, তাহা হইলে সর্ব্ব প্রকার যজ্ঞানুষ্ঠান দ্বারা যে ফললাভ দুর্ল্লভ হয়, তাহাও হরি তাহাকে প্রদান করেন ॥

হে কলহবর্দ্ধক ! যে সকল ব্যক্তি কার্ত্তিক মাসে বিল্বপত্র দ্বারা সুমহৎ ভক্তি সহকারে বিষ্ণুর পূজা করেন, তাঁহাদিগের মুক্তির বিষয় আমি কীর্ত্তন করিয়াছি ॥

হে মুনে ! মারুকপত্র, কেতকীপত্র, এবং দমনকপত্র হরিকে

দত্তমাত্রং হরেঃ প্রীতিং করোতি শতবার্ষিকীং ॥ ৬৭ ॥
দমনৈকেন দেবেশং সংপ্রাপ্তে মধুমাধবে।
গোসহস্রস্য তু মুনে সংপূজ্য লভতে ফলং।
দূর্ব্বাঙ্কুরং হরে র্যস্তু পূজাকালে প্রযচ্ছতি।
পূজাফলং শতগুণং সম্যগাপ্নোতি মানবঃ।
মঞ্জরীং সহকারস্য কেশবে যদি নারদ।
যে যচ্ছন্তি মহাভাগা স্তে কোটিফলভাগিনঃ ॥
কিঞ্চ ॥
শক্ত্যা দূর্ব্বাঙ্কুরৈঃ পুম্ভিঃ পূজিতো মধুসূদনঃ।
দদাতি হি ফলং নূনং যজ্ঞদানাদিদুর্ল্লভং ॥
তত্রৈব শ্রীশিবোমাসম্বাদে ॥

দেবেশং অর্চ্চয়ন্নিতি শেষঃ। পাঠান্তরং সুগমং ॥ ৬৭ ॥

প্রদান করিবা মাত্র হরি শতবর্ষ ব্যাপিয়া প্রীতি লাভ করেন ॥ ৬৭ ॥

চৈত্র বৈশাখমাসে দমনকপত্রদ্বারা গোবিন্দের পূজা করিলে, সহস্র গোদানের ফল প্রাপ্ত হওয়া যায় ॥

যে ব্যক্তি হরির পূজাকালে দূর্ব্বাঙ্কুর প্রদান করেন, তিনি পূজার শতগুণ ফল লাভ করেন ॥

হে নারদ! যদি মানবগণ কেশবকে আম্রমঞ্জরী অর্পণ করেন, তাহা হইলে সেই সকল সৌভাগ্যশালি ব্যক্তিরা কোটি গুণ ফলভাগী হন ॥

আরও ॥

পুরুষ সকল যদি দূর্ব্বাঙ্কুর দিয়া স্বীয়শক্তি অনুসারে মধুসূদনের পূজা করেন, তাহা হইলে যজ্ঞ দান প্রভৃতি সৎকার্য্যের অনুষ্ঠানে যে ফল প্রাপ্ত হওয়া সুকঠিন, তাহাও তিনি তাহাদিগকে নিশ্চয় প্রদান করেন ॥

ঐ স্কন্দপুরাণেই শ্রীশিব ও উমার সম্বাদে ॥

বিল্বপত্রৈরখণ্ডৈশ্চ সকৃদ্দেবং প্রপূজ্য বৈ।
সর্ব্বপাপবিনির্ম্মুক্তো মম লোকে স তিষ্ঠতি॥
বিষ্ণুরহস্যে চ॥
সকৃদভ্যর্চ্চ্য গোবিন্দং বিল্বপত্রেণ মানবঃ।
মুক্তিভাগী নিরাতঙ্কঃ কৃষ্ণস্যানুচরো ভবেৎ॥

বিষ্ণুধর্ম্মে চ॥

মরুকো দমনশ্চৈব সদ্যস্তুষ্টিকরো হরেঃ॥
কিঞ্চ॥
দেয়ান্যূর্দ্ধমুখান্যেব পত্রপুষ্পফলানি হি॥
তথা জ্ঞানমালায়াং॥
পুষ্পং বা যদি পত্রং ফলং নেষ্টমধোমুখং।
দুঃখদং তৎ সমাখ্যাতং যথোৎপন্নং তথার্পণং॥ ৬৮॥

যে ব্যক্তি অখণ্ড বিল্বপত্র দিয়া একবার মাত্র বিষ্ণুর পূজা করেন, তিনি সমস্ত পাপ হইতে মুক্ত হইয়া আমার লোকে (শিবলোকে) বাস করিবেন॥

বিষ্ণুরহস্যেও॥

মনুষ্য বিল্বপত্র দ্বারা একবার মাত্র গোবিন্দের পূজা করিলে, মুক্ত ও নির্ভয় হইয়া শ্রীকৃষ্ণের অনুচর হইবে॥

বিষ্ণুধর্ম্মেও॥

মরুক ও দমনক পত্র সদ্যঃ হরির প্রীতি সাধন করে॥

আরও॥

ঊর্দ্ধমুখ পত্র, পুষ্প এবং ফল হরিকে প্রদান করিবে॥

ঐ প্রকার জ্ঞানমালায় কহিয়াছেন॥

অধোমুখপত্র, পুষ্প অথবা ফল হরির প্রিয় নহে, ঐ সকল দুঃখদায়ক বলিয়া কথিত হইয়াছে অতএব যেরূপে উৎপন্ন হয় সেই রূপেই অর্পিণ করিবে॥ ৬৮॥

অথ শ্রীতুলস্যর্পণনিত্যতা ॥

পাদ্মে ॥

তুলসী ন যেষাং হরিপূজনার্থং

সংপদ্যতে মাধবপুণ্যবাসরে।

ধিগ্‌যৌবনং জীবনমর্থসন্ততিং

তেষাং সুখং নেহচ দৃশ্যতে পরে ॥ ৬৯ ॥

গারুড়ে শ্রীভগবদুক্তৌ ॥

তুলসীং প্রাপ্য যো নিত্যং ন করোতি মমার্চ্চনং।

তস্যাহং প্রতিগৃহ্ণামি ন পূজাং শতবার্ষিকীং ॥

বৃহন্নারদীয়ে চ যজ্ঞধ্বজাখ্যানান্তে ॥

শ্রীতুলসীপত্রং সর্ব্বৈরেব বিশেষতোঽর্পয়েদিতি লিখিতং তত্র তুলস্যর্পণস্য নিত্যতামাদৌ লিখতি তুলসীত্যাদিনা আর্ষত্বাচ্ছন্দো ভঙ্গঃ সোঢ়ব্যঃ। এবমগ্রেঽপি। মাধবঃ বৈশাখমাসঃ শ্রীকৃষ্ণো বা তস্য পুণ্যবাসরঃ অক্ষয়তৃতীয়াদিঃ একাদশ্যাদি র্বা তস্মিন্নপি। পরে চ পরলোকে সুখং নির্বৃতির্ন দৃশ্যতে শাস্ত্রবিদ্ভিঃ কৈশ্চিদ্বা। যদ্বা। তেষামিতি তৈঃ ॥ ৬৯ ॥

প্রাপ্য আনীয় ইত্যর্থঃ ॥ ৭০ ॥

অথ তুলসী অর্পণের অবশ্য কর্ত্তব্যতা ॥

পদ্মপুরাণে ॥

মাধব বৈশাখমাস অথবা শ্রীকৃষ্ণ, তাঁহার পুণ্যদিন অক্ষয়তৃতীয়া বা একাদশী প্রভৃতি তিথিতে যাহারা হরিপূজার নিমিত্ত তুলসী সংগ্রহ না করে, তাহাদিগের যৌবন, জীবন এবং অর্থসঞ্চয়ে ধিক্। তাহারা ইহকালে বা পরকালে কোন কালেই সুখ দেখিতে পায় না ॥ ৬৯ ॥

গরুড়পুরাণে শ্রীভগবানের বাক্যে ॥

যে ব্যক্তি প্রত্যহ তুলসী আনয়ন করিয়া আমার পূজা না করে, আমি শত বৎসর তাহাদের পূজা গ্রহণ করি না ॥

বৃহন্নারদীয় পুরাণে ॥

যজ্ঞধ্বজের আখ্যানের শেষে ॥

যদ্গৃহে নাস্তি তুলসী শালগ্রামশিলার্চ্চনে।
শ্মশানসদৃশং বিদ্যাত্তদ্গৃহং শুভবর্জ্জিতং ॥
অতএবোক্তং ॥
তুলসীং বিনা যা ক্রিয়তে ন পূজা
স্নানং ন তদ্যত্তুলসীং বিনা কৃতং।
ভুক্তং ন তদ্যত্তুলসীং বিনা কৃতং
পীতং ন তদ্যত্তুলসীং বিনা কৃতং ॥
বায়ুপুরাণে চ ॥
তুলসী রহিতাং পূজাং ন গৃহ্ণাতি সদা হরিঃ।
কাষ্ঠং বা স্পর্শয়েত্তত্র নো চেন্নামতো যজেৎ।
তুলসীদলমাদায় যোহন্যং দেবং প্রপূজয়েৎ।
ব্রহ্মহা স হি গোঘ্নশ্চ স এব গুরুতল্পগঃ ॥
অতএবোক্তং গারুড়ে নৈবেদ্যপ্রসঙ্গে ॥

শালগ্রামশিলার অর্চ্চনার নিমিত্ত যাহার গৃহে তুলসী না থাকে, তাহার গৃহ শ্মশান সদৃশ অমঙ্গলকর জানিবে ॥

অতএব কথিত হইয়াছে ॥

তুলসী বিহীন পূজা পূজা নহে, তুলসী বিহীন স্নান স্নান নহে, তুলসী বিহীন ভোজন, ভোজন নহে এবং তুলসী বিহীন পান, পান বলিয়া গণ্য নহে ॥

বায়ুপুরাণেও ॥

হরি কখন তুলসী ব্যতিরেকে পূজা গ্রহণ করেন না, অতএব তুলসীর অভাব হইলে তদীয় কাষ্ঠ তাঁহার অঙ্গে স্পর্শ করাইবে। তাহারও অভাব হইলে কেবল, তুলসীনাম উচ্চারণ করিয়া হরির পূজা করিবে ॥

তুলসীপত্র লইয়া যে ব্যক্তি অন্য দেবতার পূজা করে, সে ব্যক্তি ব্রহ্মহত্যাকারি, গোহত্যাকারি এবং গুরুপত্নীগামির সমান পাপী হয় ॥

অতএব গরুড়পুরাণে নৈবেদ্যের প্রসঙ্গে কথিত হইয়াছে ॥

তুলসীদলসংমিশ্রং হরের্যচ্ছেচ্চ তৎ সদা। ইতি ॥ ৭০ ॥
ভগবদ্দুর্লভায়াস্তু তুলস্যা মহিমাদ্ভুতঃ।
সর্ব্বশাস্ত্রেষু বিখ্যাতঃ সংক্ষেপেণেহ লিখ্যতে ॥ ৭১ ॥
অথ তুলসীমাহাত্ম্যং ॥
তত্র স্বতঃ পরমোত্তমতা স্কান্দে ॥
সর্ব্বৌষধিরসেনৈব পুরা হ্যমৃতমন্থনে।
সর্ব্বসত্ত্বোপকারায় বিষ্ণুনা তুলসী কৃতা ॥
অতএব ॥
ন বিপ্রসদৃশং পাত্রং ন দানং সুরভীসমং।
ন চ গঙ্গাসমং তীর্থং ন পত্রং তুলসীসমং।
অতএব চ বিষ্ণুরহস্যে ॥
অভিন্নপত্রাং হরিতাং হৃদ্যমঞ্জরিসংযুতাং।

অদ্ভুতঃ অনির্ব্বচনীয়ঃ অতো বিস্তরেণ লিখিতুমশক্য ইতি ভাবঃ ॥ ৭১ ॥
ন বিপ্রসদৃশমিত্যাদিত্রয়ং দৃষ্টান্তত্বে সাধ্যসন্নিধৌ সিদ্ধনির্দ্দেশো দৃষ্টান্ত ইতি ন্যায়াৎ

তুলসীপত্র সংযুক্ত নৈবেদ্য সর্ব্বদা নিবেদন করিবে ॥ ৭০ ॥
ভগবদ্দুর্লভা শ্রীতুলসীর অনির্ব্বচনীয় মহিমার বিষয় সর্ব্বশাস্ত্রে প্রসিদ্ধ আছে, এস্থলে সংক্ষেপে তদ্বিষয় কিঞ্চিৎ লিখিত হইতেছে ॥ ৭১ ॥

অথ তুলসীমাহাত্ম্য ॥

স্কন্দপুরাণে স্বভাবতই তুলসীর পরম উৎকর্ষতা বিষয়ে ॥
পূর্ব্বে অমৃতমন্থন কালে জীবসমূহের উপকার নিমিত্ত বিষ্ণু সর্ব্বৌষধিরস দ্বারা তুলসীর সৃষ্টি করিয়াছেন ॥

অতএব কথিত হইয়াছে ॥

ব্রাহ্মণের সদৃশ দানের পাত্র নাই, গোদানের সমান দান নাই গঙ্গার সমান তীর্থ নাই এবং তুলসী পত্রের তুল্য আর পত্র নাই ॥

অতএব বিষ্ণুরহস্যেও ॥

অখণ্ডপত্র, হরিদ্বর্ণ, সুন্দর মঞ্জরীযুক্ত ক্ষীরোদসমুদ্র হইতে উৎ-

ক্ষীরোদার্ণবসম্ভূতাং তুলসীং দাপয়েদ্ধরেঃ ॥ ৭২ ॥

শ্রীভগবদ্দুর্ল্লভতা নারদীয়ে ॥

তাবদ্গর্জন্তি পুষ্পাণি মালত্যাদীনি ভূসুর।
যাবন্ন প্রাপ্যতে পুণ্যা তুলসী কৃষ্ণবল্লভা ॥

বিষ্ণুরহস্যে ॥

কৃষ্ণা বাপ্যথবাকৃষ্ণা তুলসী কৃষ্ণবল্লভা।
সিতা বা প্যথবা কৃষ্ণা দ্বাদশীবল্লভা হরেঃ ॥
তাবদ্গর্জ্জন্তি রত্নানি কৌস্তভাদীন্যহর্নিশং।
যাবন্ন প্রাপ্যতে কৃষ্ণা তুলসীপত্রমঞ্জরী ॥

অগস্ত্যসংহিতায়াং ॥

পূর্ব্বমুগ্রতপঃ কৃত্বা বরং বব্রে মনস্বিনী।
তুলসী সর্ব্বপুষ্পেভ্যঃ পত্রেভ্যো বল্লভা ততঃ ॥

এবমগ্রেঽপ্যূহং ॥ ৭২ ॥

গর্জন্তি গর্ব্বং বহন্তীত্যর্থঃ। অকৃষ্ণা কৃষ্ণেতরা হরিদ্বর্ণেত্যর্থঃ। কৃষ্ণেতি তস্যাং প্রীতি

পত্র তুলসী হরিকে প্রদান করিবে ॥ ২২ ॥

নারদপুরাণে তুলসীর ভগবদ্দুর্ল্লভতা বিষয়ে ॥

হে বিপ্র! যতক্ষণ কৃষ্ণবল্লভা পবিত্র তুলসী না পাওয়া যায়, সেই পর্য্যন্ত মালতী প্রভৃতি পুষ্প গর্ব্ব প্রকাশ করিয়াথাকে ॥

বিষ্ণুরহস্যে ॥

কৃষ্ণবর্ণ হউন বা হরিদ্বর্ণ হউন, তুলসী শ্রীকৃষ্ণের প্রিয়া এবং কৃষ্ণপক্ষেরই হউন বা শুক্লপক্ষেরই হউন, দ্বাদশী হরির প্রিয়তমা ॥

যে পর্য্যন্ত কৃষ্ণবর্ণ তুলসীপত্র বা মঞ্জরী না পাওয়া যায়, সেই পর্য্যন্ত কৌস্তভাদি রত্ন সকল নিয়ত গর্ব্ব প্রকাশ করে ॥

অগস্ত্যসংহিতায় ॥

পূর্ব্বকালে সদ্বুদ্ধিসম্পন্না শ্রীতুলসী ঘোরতর তপস্যা করিয়া বর প্রার্থনা করিয়াছিলেন, সেই কারণে তিনি সর্ব্ব প্রকার পুষ্প ও পত্র

পাদ্মে বৈশাখমাহাত্ম্যে শ্রীযমব্রাহ্মণসম্বাদে ॥

সর্ব্বাসাং পত্রজাতীনাং তুলসী কেশবপ্রিয়া ॥

কিঞ্চ ॥

সর্ব্বথা সর্ব্বকালেষু তুলসী বিষ্ণুবল্লভা ॥ ৭৩ ॥

তত্রৈবোত্তরখণ্ডে কার্ত্তিকমাহাত্ম্যে শ্রীনারদোক্তৌ ॥

তুলসীদলপূজায়া ময়া বক্তুং ন শক্যতে।

অত্যন্ত বল্লভা সা হি শালগ্রামাভিধে হরৌ ॥ ৭৪ ॥

পাতিব্রত্যেন বৃন্দাসৌ হরিমারাধ্য কর্ম্মণা।

পূর্ব্বজন্মন্যসৌ লেভে কৃষ্ণসংযোগমুত্তমং ॥

তত্রৈব শ্রীবৃন্দোপাখ্যানান্তে ॥

বিশেষাৎ পরমস্নিগ্ধত্বেন শ্যামতা প্রাপ্তের্ব্বা ॥ ৭৩ ॥

শালগ্রামাভিধে শ্রীশালগ্রামশিলাসংজ্ঞকে। শ্রীবৃন্দাভক্ত্যৈব তদ্রূপেণাবতীর্ণত্বাৎ। তদা-খ্যায়িকা তত্রৈব বিস্তীর্ণাস্তি ॥ ৭৪ ॥

অপেক্ষা হরির প্রিয়া হইয়াছেন ॥

পদ্মপুরাণে বৈশাখমাহাত্ম্যে শ্রীযম ব্রাহ্মণ সম্বাদে ॥

সর্ব্বজাতীয় পত্র অপেক্ষা তুলসী কেশবের প্রিয়তমা ॥

আরও ॥

তুলসী সর্ব্বপ্রকারে ও সকল কালে বিষ্ণুর বল্লভা ॥ ৭৩ ॥

ঐ পদ্মপুরাণেরই উত্তরখণ্ডে ॥

কার্ত্তিকমাহাত্ম্যে নারদের বাক্যে ॥

তুলসী পত্র দ্বারা পূজা করিবার মাহাত্ম্য আমি বলিতে অসমর্থ। ঐ তুলসী শালগ্রামশিলারূপী হরির অত্যন্ত প্রিয় ॥ ৭৪ ॥

বৃন্দাদেবী পাতিব্রত্যজনক কর্ম্মদ্বারা হরির আরাধনা করিয়া পূর্ব্বজন্মে তাঁহার সহিত উত্তম সহবাস লাভ করিয়াছিলেন ॥

ঐ উত্তরখণ্ডেই বৃন্দার উপাখ্যানাবসানে ॥

সত্ত্বং প্রীতিকরং বাক্যং কোপস্তস্যাস্তু তামসঃ।
ভাবদ্বয়ং হরৌ জাতং যতস্তদ্বর্ণদ্বয়ং স্মৃতং।
শ্যামাঽপি তুলসী বিষ্ণোঃ প্রিয়া গৌরী বিশেষতঃ॥
দ্বারকামাহাত্ম্যে চ॥
শ্রীমার্কণ্ডেয়েন্দ্রদ্যুম্নসম্বাদে॥
যথা লক্ষ্মীঃ প্রিয়া বিষ্ণোস্তুলসী চ ততোঽধিকা॥
স্কান্দে॥
যোগিনাং বিরতৌ বাঞ্ছা কামিনাঞ্চ যথা রতৌ।
পুষ্পেম্বপি চ সর্ব্বেষু তুলস্যাঞ্চ তথা হরেঃ।
নিরস্য মালতীপুষ্পং মুক্তাপুষ্পং সরোরুহং।
গৃহ্লাতি তুলসীং শুষ্কামপি পর্য্যুষিতাং হরিঃ।
অতএব চতুর্থস্কন্ধে শ্রীধ্রুবং প্রতি শ্রীনারদোপদেশে॥

বৃন্দার প্রীতিকর বাক্যই সত্ত্ব এবং তাঁহার কোপই তমঃ। এই দুই গুণের সংস্পর্শে হরিতে দুইটী ভাব উৎপন্ন হয়, সেই নিমিত্ত তুলসীর বর্ণ দুই প্রকার হইয়াছে। তন্মধ্যে কৃষ্ণা তুলসী বিষ্ণুর প্রিয় হইলেও হরিদ্বর্ণা তুলসী বিশেষরূপে প্রিয়া॥

দ্বারকামাহাত্ম্যেও শ্রীমার্কণ্ডেয় ও ইন্দ্রদ্যুম্ন সম্বাদে॥

লক্ষ্মী যেরূপে বিষ্ণুর প্রিয়া, তুলসী আবার তদপেক্ষাও অধিক॥

স্কন্দপুরাণে॥

যোগিদিগের যেমন বৈরাগ্যে অভিলাষ এবং কামিদিগের যেমন রতিক্রীড়ায় অনুরাগ, সেইরূপ সর্ব্বপ্রকার পুষ্প অপেক্ষা হরির তুলসীর প্রতি অতিশয় প্রীতি॥

মালতীপুষ্প, মুক্তাপুষ্প ও পদ্ম পরিত্যাগ করিয়া হরি পর্য্যুষিত ও শুষ্ক তুলসীপত্রও গ্রহণ করেন॥

অতএব চতুর্থস্কন্ধে ৮ অধ্যায়ে ধ্রুবের প্রতি নারদের উপদেশে॥

সলিলৈঃ শুচিভির্মাল্যৈর্বন্যৈর্মূলফলাদিভিঃ।
শস্তাঙ্কুরাংশুকৈশ্চার্চ্চেৎ তুলস্যা প্রিয়য়া প্রভোঃ॥ ৭৫॥

রাসক্রীড়ায়াঞ্চ দশমস্কন্ধে॥
শ্রীগোপীনাং ভগবদন্বেষণে॥
কচ্চিত্তুলসি কল্যাণি গোবিন্দচরণপ্রিয়ে।
সহ ত্বালিকুলৈর্বিভ্রদ্দৃষ্টস্তেতি প্রিয়োঽচ্যুতঃ॥ ৭৬॥

অতএব স্কান্দে॥
যৎ ফলং সর্ব্বপুষ্পেষু সর্ব্বপত্রেষু নারদ।
তুলসীদলমাত্রেণ প্রাপ্যতে কেশবার্চ্চনে॥ ৭৭॥

পাদ্মে বৈশাখমাহাত্ম্যে তত্রৈব॥
ত্যক্ত্বাতু মালতীপুষ্পং মুক্ত্বা চৈব সরোরুহং।

বন্যৈঃ শস্তৈরঙ্কুরাদিভিরংশুকৈর্বন্যৈর্বল্কলাদিভিঃ প্রিয়য়েতি প্রভোরর্চ্চনে তস্যা আবশ্যকত্বং কিম্বা সর্ব্বনৈরপেক্ষ্যেণ তয়ৈব তৎসন্তোষণমভিপ্রেতং॥ ৭৫॥
অলিকুলৈঃ সহ ত্বা ত্বাং বিভ্রৎ দধানঃ॥ ৭৬॥
তৎ প্রাপ্যতে॥ ৭৭॥
অলং সমর্থো ন স্যাৎ॥ ৭৮॥

জল, পবিত্র মাল্য, ফল মূলাদি, প্রশস্ত দূর্ব্বাঙ্কুর, বল্কল ও প্রেয়সী তুলসী দ্বারা প্রভুর অর্চ্চনা করিবে॥ ৭৫॥

রাসক্রীড়াতেও দশমস্কন্ধে ৩০ অধ্যায়ে ভগবানের অন্বেষণে॥

হে গোবিন্দচরণপ্রিয়ে, কল্যাণি, তুলসি! যিনি তোমার অতিশয় প্রিয় এবং যিনি তোমাকে অলিগণের সহিত মস্তকে ধারণ করেন, সেই কৃষ্ণকে কি দেখিয়াছ?॥ ৭৬॥

অতএব স্কন্দপুরাণে॥

হে নারদ! সর্ব্বপ্রকার পুষ্প ও সর্ব্বপ্রকার পত্র দিয়া বিষ্ণুর অর্চ্চনা করিলে যে ফল লাভ হয় একটী তুলসীপত্র দ্বারাও সেই ফল পাওয়া গিয়া থাকে॥ ৭৭॥

পদ্মপুরাণের বৈশাখমাহাত্ম্যে ঐ বিষয়েই॥

মালতী এবং পদ্ম পুষ্প পরিত্যাগ করিয়া যদি একটীমাত্র তুলসীপত্র

গৃহীত্বা তুলসীপত্রং ভক্ত্যা মাধবমর্চ্চয়েৎ ॥
তস্য পুণ্যফলং বক্তুমলং শেষোঽপি নো ভবেৎ ॥ ৭৮ ॥
তত্রৈব শ্রীমাঘমাহাত্ম্যে দেবদূতবিকুণ্ডলসম্বাদে ॥
মণিকাঞ্চনপুষ্পাণি তথা মুক্তাময়ানি চ।
তুলসীপত্রদানস্য কলাং নার্হন্তি ষোড়শীং ॥ ৭৯ ॥
অগস্ত্যসংহিতায়াং ॥
নীলোৎপলসহস্রেণ ত্রিসন্ধ্যং যোঽর্চ্চয়েদ্ধরিং।
ফলং বর্ষশতেনাপি তদীয়ং নৈব লভ্যতে ॥
বিদ্বন্ সর্ব্বেষু পুষ্পেষু পঙ্কজং শ্রেষ্ঠমুচ্যতে।
তৎপুষ্পেষ্বপি তন্মাল্যং কোটিকোটিগুণং ভবেৎ।

মুক্তাময়ানি চ পদ্মানি তুলসীপত্রস্য শ্রীকৃষ্ণায় কস্মৈচিদ্বা দৈত্য দত্তানং তস্য ॥ ৭৯ ॥
তেনাপি বর্ষশতেনাপি তদীয়ং তুলসী সংজ্ঞি তৎ প্রকরণাৎ ফলং নৈব লভ্যতে ॥ ৮০ ॥

গ্রহণ করিয়া ভক্তি সহকারে মাধবের অর্চ্চনা করা যায়, তাহা হইলে তাহাতে যে কত পুণ্য হয়, সে বিষয় অনন্তদেবও বলিতে সমর্থ হয়েন না ॥ ৭৮ ॥

ঐ পদ্মপুরাণে দেবদূত ও বিকুণ্ডলসম্বাদে ॥

বিষ্ণুকে তুলসীপত্র দান করিলে যে ফল লাভ হয়, মণিকাঞ্চন পুষ্প ও মুক্তাপুষ্প সমূহ অর্পণ করিলে তাহার ষোড়শাংশের একাংশও ফল পাওয়া যায় না ॥ ৭৯ ॥

অগস্ত্যসংহিতায় ॥

যে ব্যক্তি সহস্র নীলোৎপল দ্বারা ত্রিসন্ধ্যা হরির অর্চ্চনা করে, সে শত বৎসর ঐরূপ করিলেও তুলসীপত্র দানের ফল প্রাপ্ত হয় না ॥

হে বিদ্বন্! সমুদায় পুষ্পের মধ্যে পদ্ম শ্রেষ্ঠ বলিয়া কথিত হইয়াছে, ঐ পদ্মপুষ্প সমূহ অপেক্ষা আবার উহার মাল্য কোটি কোটি গুণে শ্রেষ্ঠ ॥

বিষ্ণোঃ শিরসি বিন্যস্তমেকং শ্রীতুলসীদলং।
অনন্তফলদং বিদ্বন্ মন্ত্রোচ্চারণপূর্ব্বকং॥
কিঞ্চ॥
বর্ণাশ্রমেতরাণাঞ্চ পূজায়াশ্চৈব সাধনং।
অপেক্ষিতার্থদং নান্যৎ জগত্যস্তি তপোধন॥ ৮০॥
অতএব নারদীয়ে॥
বর্জ্যং পর্য্যুষিতং পুষ্পং বর্জ্যং পর্য্যুষিতং ফলং।
ন বর্জ্যং তুলসীপত্রং ন বর্জ্যং জাহ্নবীজলং॥ ৮১॥
অথ শ্রীভগবদর্পণেন পাপহারিত্বং॥
পাদ্মে॥
শ্রীমত্তুলস্যার্চ্চয়তে সকৃদ্ধরিং

পর্য্যুষিতমপি তুলসীপত্রং ন বর্জ্যং। এতেন শুষ্কং পর্য্যুষিতং যদাতি স্কন্দোক্ত্যা শ্রী-তুলসীপত্রচূর্ণমপি সমর্পিতং। এবং বৈষ্ণবানাং তচ্চূর্ণসংগ্রহঃ সমূল এব জ্ঞেয়ঃ॥ ৮১॥
এবং স্বাভাবিকং শ্রীতুলস্যা মাহাত্ম্যং লিখিত্বাধুনা শ্রীমচ্চরণাব্জবিষয়ক সমর্পণ মাহাত্ম্যং

হে বিদ্বন্! কিন্তু মন্ত্র উচ্চারণ পূর্ব্বক একটীমাত্র তুলসীপত্র বিষ্ণুর মস্তকে অর্পিত হইলে ঐ পত্র অনন্ত ফল প্রদান করেন॥

আরও॥

হে তপোধন! এই জগতে বর্ণ, আশ্রম ও অপরের পক্ষে তুলসী-পত্র ব্যতীত অন্য প্রকার পূজোপকরণ, সেরূপ অভীষ্ট ফল প্রদান করে না॥ ৮০॥

অতএব নারদপুরাণে॥

পর্য্যুষিত পুষ্প ও পর্য্যুষিত ফল পরিত্যাগ করিবে, কিন্তু তুলসী-পত্র ও গঙ্গাজল পর্য্যুষিত হইলেও পরিত্যাগ করিবে না॥ ৮১॥

অথ ভগবদর্পণে তুলসীর পাপ হরণ ক্ষমতা॥

পদ্মপুরাণে॥

যিনি সুগন্ধি, পরিষ্কৃত এবং অখণ্ডিত তুলসীপত্র দ্বারা একবার মাত্র

পত্রৈঃ সুগন্ধৈর্বিমলৈরখণ্ডিতৈঃ ।
যস্তস্য পাপং পটসংস্থিতং প্রভু-
র্নিরীক্ষয়িত্বা মৃজতে স্বয়ং যমঃ ॥ ৮২ ॥

স্কান্দে ॥

তুলসীদললক্ষেণ যোঽর্চ্চয়েদ্দ্বারকাপ্রিয়ং ।
জন্মায়ুতসহস্রাণাং পাপং স্য কুরুতে ক্ষয়ং ॥

ব্রাহ্মে ॥

লিঙ্গমভ্যর্চ্চিতং দৃষ্ট্বা প্রতিমাং কেশবস্য চ ॥
তুলসীপত্রনিকরৈর্মুচ্যতে ব্রহ্মহত্যয়া ॥ ৮৩ ॥
নিত্যমভ্যর্চ্চয়েদ্যো বৈ তুলস্যা হরিমীশ্বরং ।

লিখন্ তত্রাদাববিলম্বপাপহারিত্বং লিখতি শ্রীমদিত্যাদিনা । প্রভুঃ পাপানাং নিয়ন্তাপি নিরীক্ষ্য মাজয়তাতি মার্জনয়া সম্যক্ত্বায় বিনাশনং কিম্বা গুহত্বাদিতস্ততো হ্যবলোকনমিতি জ্ঞেয়ং ॥ ৮২ ॥

তুলসীপত্রনিকরৈঃ রভ্যর্চ্চিতাং ॥ ৮৩ ॥

হরির অর্চ্চনা করেন গুহ্যই হউক বা প্রকাশ্যই হউক তাঁহার পটসংস্থিত যাবতীয় পাপ, পাপিদিগের নিয়ন্তা স্বয়ং যম তন্ন তন্ন করিয়া নিরীক্ষণ পূর্ব্বক মার্জন করেন ॥ ৮২ ॥

স্কন্দপুরাণে ॥

যিনি লক্ষতুলসী দিয়া দ্বারকানাথের পূজা করেন, তাঁহার কোটিজন্মের পাপ ক্ষয় প্রাপ্ত হয় ॥

ব্রহ্মপুরাণে ॥

তুলসী পত্র দ্বারা পূজিত কেশবের শ্রীমূর্ত্তি দর্শন করিলেও ব্রহ্মহত্যার পাপ হইতে মুক্ত হয় ॥ ৮৩ ॥

যিনি নিত্য তুলসীপত্র দিয়া পরমেশ্বর হরির অর্চ্চনা করেন, তাঁহার উপপাতকের কথা আর কি বলিব, সমুদায় মহাপাতকও বিনাশ

মহাপাপানি নশ্যন্তি কিং পুনশ্চোপপাতকং ॥

অন্যত্র চ ॥

গুহ্যানি যানি পাপানি অনাখ্যেয়ানি মানবৈঃ।

নাশয়েত্তানি তুলসী দত্তা মাধবমূর্দ্ধনি।

হরের্গৃহং যদা যস্তু তুলসীদলবিপ্রুষৈঃ।

ত্রিসন্ধ্যং প্রোক্ষয়েদ্ভক্ত্যা মহাপাপৈঃ প্রমুচ্যতে ॥ ৮৪ ॥

অতএব স্কান্দে অবন্তীখণ্ডে ॥

কিং করিষ্যতি সংরুষ্টো যমোঽপি সহ কিঙ্করৈঃ।

তুলসীদলেন দেবেশঃ পূজিতো যেন দুঃখহা ॥

অগস্ত্যসংহিতায়াঞ্চ॥

ন তস্য নরকক্লেশো যোঽর্চ্চয়েত্তুলসীদলৈঃ।

পাপিষ্ঠো বাপ্যপাপিষ্ঠঃ সত্যং সত্যং ন সংশয়ঃ ॥

তুলসীদলস্য বিপ্রুষৈ র্জলবিন্দুভিঃ ॥ ৮৪ ॥

ক্বচিচ্চ তুলসীদলকোমলৈ রিতি পাঠঃ অর্থস্তথৈব স্বামিনা কার্ত্তিকেয়েন ॥ ৮৫ ॥

প্রাপ্ত হয় ॥

অন্যস্থলেও ॥

মাধবের মস্তকে তুলসী প্রদত্ত হইলে ঐ তুলসী মনুষ্যের অকথ্য গুহ্য পাপ সকলও তিনি বিনাশ করেন ॥

যিনি ভক্তি পূর্ব্বক তুলসীপত্র নিঃসৃত জলবিন্দু দ্বারা ত্রিসন্ধ্যা বিষ্ণুর গৃহ মার্জনা করেন, তিনি মহাপাপ সমূহ হইতে মুক্ত হয়েন ॥৮৪

অতএব স্কন্দপুরাণে অবন্তীখণ্ডে ॥

যিনি তুলসীপত্র দ্বারা দুঃখহারি হরির পূজা করেন, যম এবং তাঁহার কিঙ্করগণ রুষ্ট হইলেও তাঁহার কিছুই করিতে পারেন না ॥

অগস্ত্যসংহিতায় ॥

পাপিষ্ঠ হউক বা ধার্ম্মিকই হউক, যে ব্যক্তি তুলসীপত্র দ্বারা হরির অর্চ্চনা করে, তাহাকে আর নরকযন্ত্রণা ভোগ করিতে হয় না, পুনঃপুনঃ সত্য করিয়া বলিতেছি ইহাতে আর সংশয় নাই ॥

তথা বৈরিনাশকত্বং ।

পুরা ক্রৌঞ্চবধার্থায় কোমলৈস্তুলসীদলৈঃ।
অর্চ্চয়িত্বা হৃষীকেশং স্বামিনা নিহতো রিপুঃ ॥ ৮৫ ॥

সর্ব্বসম্পৎপ্রদত্বং অগস্ত্যসংহিতায়াং ॥

মাল্যানি তন্বতে লক্ষ্মীং কুসুমান্তরিতান্যপি।
তুলস্যাঃ স্বয়মানীয় নির্ম্মিতানি তপোধন ॥

পরমপুণ্যজনকত্ব.। স্কান্দে ॥

কৃষ্ণমূর্দ্ধনি বিন্যস্তা তুলসীপত্রমঞ্জরী।
সুবর্ণকোটিপুণ্যানাং ফলং যচ্ছত্যতোঽধিকং ॥

কুসুমৈরন্তরিতানি মধ্যে মধ্যে হস্তপুষ্পৈর্গ্রথিতানীত্যর্থঃ। তুলস্যা মাল্যানি সমর্পিতানি সন্তি লক্ষ্মীং সম্পদং তন্বতে বিস্তারয়ন্তীতি জ্ঞেয়ং। এবং পুষ্পঃ ফলৈশ্চৈব শ্রীতুলস্যা সমর্পিতমিতি তৎ সংহিতায়াং নিরন্তর প্রাণোক্তৈঃ সমন্দসা প্রকৃতত্বাং। যদ্বা ভগবদর্থং নির্ম্মিতান্যপি লক্ষ্মীং তন্বতে অস্ত তাবৎ সমর্পণাদি ॥ ৮৬ ॥

ঐ অগস্ত্যসংহিতায় তুলসীর শক্রনাশন ক্ষমতা ॥

পূর্ব্বকালে কার্ত্তিকেয় ক্রৌঞ্চবধের নিমিত্ত কোমল তুলসীদল দ্বারা হৃষীকেশের পূজা করিয়া ঐ শক্রনাশ করিয়াছিলেন ॥ ৮৫ ॥

তুলসীর সর্ব্বসম্পৎপ্রদত্বশক্তি ॥

অগস্ত্যসংহিতায় ॥

হে তপোধন ! স্থানে স্থানে পুষ্পান্তর দ্বারা গ্রথিত তুলসীর মাল্য স্বয়ং আহরণ করিয়া যে নির্ম্মাণ করে, তাহার সম্পত্তি বৃদ্ধিশীল হয় ॥

তুলসীর পরমপুণ্যজনকত্ব ॥

স্কন্দপুরাণে ॥

তুলসীর পত্র ও মঞ্জরী শ্রীকৃষ্ণের মস্তকে অর্পিত, হইলে, কোটি সুবর্ণ দান করিলে যে পুণ্য হয়, ঐ তুলসীপত্রমঞ্জরী তদপেক্ষা অধিক ফল প্রদান করিয়া থাকেন ॥ ৮৬ ॥

তীর্থযাত্রাদিভিরহো কালক্ষেপেণ কিং জনাঃ।
যে হর্চ্চয়ন্তি হরের্বিম্বং তুলসীদলকোমলৈঃ ॥ ৮৭ ॥
অগস্ত্যসংহিতায়াঃ ॥
পুষ্পান্তরৈরন্তরিতং নির্ম্মিতং তুলসীদলৈঃ।
মাল্যং মলয়জালিপ্তং দদ্যাৎ শ্রীরামমূর্দ্ধনি।
কিং তস্য বহুভির্যজ্ঞৈঃ সম্পূর্ণবরদক্ষিণৈঃ।
কিন্তীর্থসেবয়া দানৈরুগ্রেণ তপসাহপি বা।
বাচং নিযম্য চাত্মানং মনো বিষ্ণৌ নিধায় চ।
যোহর্চ্চয়েত্তুলসীমাল্যৈর্যজ্ঞকোটিফলং লভেৎ ॥ ৮৮ ॥
ভবান্ধকূপমগ্নানামেতদুদ্ধারকারণং ॥ ৮৯ ॥

বিম্বং শ্রীমূর্ত্তিং ॥ ৮৭ ॥
আত্মানং চ দেহং নিযম্য ॥ ৮৮ ॥
এতৎ তুলসীমাল্যৈ র্বিষ্ণ্বর্চ্চনং ॥ ৮৯ ॥

যাঁহারা তুলসীর কোমল দলসমূহ দ্বারা হরির শ্রীমূর্ত্তির পূজা করেন, তাঁহাদিগের আর তীর্থযাত্রাদি দ্বারা কালক্ষেপণের প্রয়োজন কি ? ॥৮৭

অগস্ত্যসংহিতায় ॥

মধ্যে মধ্যে পুষ্প দিয়া তুলসীপত্র সমূহ দ্বারা মাল্য প্রস্তুত করিয়া, তাহাতে চন্দন লিপ্ত করত যে ব্যক্তি শ্রীরামের মস্তকে প্রদান করেন, তাঁহার আর সম্পূর্ণ ও শ্রেষ্ঠ দক্ষিণাযুক্ত নানা যজ্ঞ করিবার প্রয়োজন কি ? তীর্থপর্য্যটন করিবার ফল কি ? দানের আবশ্যক কি ? এবং কঠোর তপস্যা করিয়াই বা লাভ কি ? ॥

যে ব্যক্তি বাক্য সংযম ও দেহ শোধন করিয়া তদ্গতচিত্তে তুলসী মাল্য দ্বারা বিষ্ণুর অর্চ্চনা করে, সে কোটিযজ্ঞের ফল প্রাপ্ত হয় ॥৮৮॥

ইহা অর্থাৎ তুলসীর মাল্য দ্বারা বিষ্ণুর পূজা সংসার রূপ অন্ধকূপ-মগ্ন ব্যক্তিগণের উদ্ধারের একমাত্র কারণ ॥ ৮৯ ॥

গারুড়ে ॥

যস্যারামোদ্ভবৈঃ পত্রৈস্তুলসীসম্ভবৈর্হরিঃ।

পূজ্যতে খগশার্দ্দূল ত্রিদশং পুণ্যমাপ্নুয়াৎ ॥ ৯০ ॥

অন্যত্র চ ॥

তুলসীদলমাল্যেন বিষ্ণুপূজাং করোতি যঃ।

পত্রে পত্রেহশ্বমেধানাং দশানাং লভতে ফলং ॥

অতএব বিষ্ণুরহস্যে স্কান্দে চ ॥

গৃহীত্বা তুলসীপত্রং ভক্ত্যা বিষ্ণুং সমর্চ্চয়েৎ।

অর্চ্চিতং তেন সকলং স দেবাসুরমানুষং ॥ ৯১ ॥

কিঞ্চ কাশীখণ্ডে ॥

শালগ্রামশিলা যেন পূজিতা তুলসীদলৈঃ।

ত্রিদশং পুণ্যমিতি ॥ ৯০ ॥

স আরামকর্ত্তা ত্রয়োদশং পুণ্যভাগং প্রাপ্নুয়াৎ পূজকস্তু দ্বাদশ ভাগানিত্যর্থঃ সদেবাসুরমানুষং জগদিতি শেষঃ। যদ্বা সকলং বিশ্বং ॥ ৯১ ॥

গরুড়পুরাণে ॥

হে পক্ষিশ্রেষ্ঠ! যাহার উপবন-সম্ভূত তুলসীপত্র দ্বারা বিষ্ণু পূজিত হয়েন, তিনি পূজক ব্যক্তির সঞ্চিত পুণ্যের ত্রয়োদশ ভাগের একভাগ প্রাপ্ত হয়েন ॥ ৯০ ॥

অন্যস্থলেও ॥

যে ব্যক্তি তুলসীপত্রের মাল্য দিয়া বিষ্ণুর পূজা করেন, তিনি প্রত্যেক পত্র দানে দশ অশ্বমেধের ফল প্রাপ্ত হয়েন ॥

অতএব বিষ্ণুরহস্যে ও স্কন্দপুরাণে ॥

যে ব্যক্তি তুলসীপত্র গ্রহণ করিয়া ভক্তিপূর্ব্বক বিষ্ণুর অর্চ্চনা করেন, তাঁহার দেব, অসুর ও মানুষ প্রভৃতি সকলের পূজা করা হয় ॥ ৯১ ॥

আরও কাশীখণ্ডে ॥

যিনি তুলসীপত্র দিয়া শালগ্রামশিলার পূজা করেন, তিনি দেব-

সপারিজাতমালাভিঃ পূজ্যতে সুরসদ্মনি ॥

সর্ব্বার্থসাধকত্বং স্কান্দে ॥

সমঞ্জরীদলৈর্যুক্তং তুলসীসম্ভবৈঃ ক্ষিতৌ।

কুর্ব্বন্তি পূজনং বিষ্ণোস্তে কৃতার্থা কলৌ নরাঃ ॥

অগস্ত্যসংহিতায়াং ॥

পত্রং পুষ্পং ফলঞ্চৈব শ্রীতুলস্যাঃ সমর্পিতং।

রামায় মুক্তিমার্গস্য দ্যোতকং সর্ব্বসিদ্ধিদং ॥ ৯২ ॥

মুক্তিপ্রদত্বং পাদ্মে। দেবদূতবিকুণ্ডলসম্বাদে ॥

তুলসীমঞ্জরীভির্যঃ কুর্য্যাদ্ধরিহরার্চ্চনং।

ন স গর্ব্ভগৃহং যাতি মুক্তিভাগী ভবেন্নরঃ ॥ ৯৩ ॥

গারুড়ে ॥

সর্ব্বসিদ্ধিদং সর্ব্বার্থসিদ্ধিদায়কং ॥ ৯২ ॥

গর্ব্ভরূপং গৃহং ॥ ৯৩ ॥

লোকে পারিজাত মালা দ্বারা পূজিত হয়েন ॥

তুলসীর সর্ব্বার্থসাধন করিবার ক্ষমতা স্কন্দপুরাণে ॥

যাঁহারা মর্ত্যলোকে তুলসীমঞ্জরীর সহিত পত্র দ্বারা বিষ্ণুর পূজা করেন, কলিযুগে তাঁহারাই ধন্য ॥

অগস্ত্যসংহিতায় ॥

যে ব্যক্তি তুলসীর পত্র, পুষ্প, ফল শ্রীরামকে সমর্পণ করেন, তাঁহার মুক্তিপথ পরিষ্কৃত হয় এবং তিনি সর্ব্ববিষয়ে সিদ্ধি লাভ করেন ॥৯২॥

তুলসীর মুক্তিপ্রদান করিবার ক্ষমতা ॥

পদ্মপুরাণে দেবদূত ও বিকুণ্ডলসম্বাদে ॥

যিনি তুলসীর মঞ্জরী দ্বারা হরিহরের অর্চ্চনা করেন, তাঁহাকে আর গর্ব্ভরূপ গৃহে প্রবেশ করিতে হয় না এবং তিনি মুক্তি লাভ করেন ॥৯৩

গরুড়পুরাণে ॥

তাবদ্ভ্রমতি সংসারে বিমূঢ়ঃ কলিবর্ত্মনি।
যাবন্নারাধয়েদ্দেবং তুলসীভিঃ প্রযত্নতঃ॥

তত্রৈব শ্রীভগবদুক্তৌ॥

তুলসীপত্রমাদায় যঃ করোতি মমার্চ্চনং।
ন পুনর্যোনিমায়াতি মুক্তিভাগী ভবেন্নরঃ॥ ৯৪॥

অগস্ত্যসংহিতায়াং॥

তুলসীপত্রমাদায় যোঽর্চ্চয়েদ্রামমন্বহং।
স যাতি শাশ্বতং ব্রহ্ম পুনরাবৃত্তিদুর্ল্লভং।
পূজাযোগ্যৈঃ ফলৈঃ পত্রৈঃ পুষ্পৈর্ব্বা যোঽর্চ্চয়েদ্ধরিং।
স মাতুর্গর্ব্ভবাসাদিদুঃখং নৈব লভেৎ ক্বচিৎ॥ ৯৫॥

শ্রীবৈকুণ্ঠলোকপ্রাপকত্বং॥

কলির্বর্ত্ম যস্য তস্মিন্ প্রায়ঃ পাপময়ত্বাৎ সংসারস্য॥ ৯৪॥
পুনরাবৃত্তিদুর্ল্লভমিতি অপুনরাবৃত্তিকমিত্যর্থঃ॥ ৯৫॥

যে ব্যক্তি যতকাল যত্নপূর্ব্বক তুলসীপত্র দ্বারা বিষ্ণুর আরাধনা না করিবে, সেই মূঢ় ততকাল এই পাপময় সংসারমার্গে ভ্রমণ করিতে থাকিবে॥

ঐ গরুড়পুরাণে শ্রীভগবানের বাক্যে॥

যে ব্যক্তি তুলসীপত্র লইয়া আমার পূজা করে, তাহার পুনরায় জন্ম হয় না এবং সে মুক্তি লাভ করে॥ ৯৪॥

অগস্ত্যসংহিতায়॥

যে ব্যক্তি তুলসীপত্র লইয়া প্রত্যহ রামের অর্চ্চনা করেন, তিনি দুর্ল্লভ নিত্যস্বরূপ ব্রহ্মলোকে গমন করেন, তাঁহার আর পুনর্জ্জন্ম হয় না॥

যে ব্যক্তি পূজাযোগ্য ফল, পত্র ও পুষ্প দ্বারা হরির অর্চ্চনা করেন, তিনি আর কখন মাতৃগর্ব্ভে বাসাদি জনিত দুঃখ অনুভব করেন না॥৯৫

তুলসীর শ্রীবৈকুণ্ঠলোক প্রাপ্তি করাইবার ক্ষমতা॥

পাদ্মে তত্রৈব ॥

আরোপ্য তুলসীং বৈশ্য সংপূজ্য তদ্দলৈর্হরিং।
বসন্তি মোদমানাস্তে যত্র দেবশ্চতুর্ভুজঃ ॥

তত্রৈবান্যত্র ॥

তুলসী কৃষ্ণগৌরাভা তয়াভ্যর্চ্য জনার্দ্দনং।
নরো যাতি তনুং ত্যক্ত্বা বৈষ্ণবীং শাশ্বতীং গতিং ॥ ৯৬ ॥

বিষ্ণুরহস্যে ॥

কৃষ্ণং কৃষ্ণতুলস্যা হি যো ভক্ত্যা পূজয়েন্নরঃ।
স যাতি ভুবনং শুভ্রং যত্র বিষ্ণুঃ শ্রিয়া সহ ॥ ৯৭ ॥

বৃহন্নারদীয়ে শ্রীযমভগীরথসম্বাদে ॥

যোঽর্চ্চয়েদ্ধরিপাদাব্জং তুলসীকোমলচ্ছদৈঃ।

গতিং গম্যং স্থানমিত্যর্থঃ ॥ ৯৬ ॥

শুভ্রং নির্ম্মলং ॥ ৯৭ ॥

পদ্মপুরাণে ঐ বিষয়েই ॥

হে বৈশ্য! যাঁহারা তুলসীবৃক্ষ রোপণ করিয়া তাহার পত্র দ্বারা বিষ্ণুর পূজা করেন, তাঁহারা চতুর্ভুজ ভগবানের অধিষ্ঠিত স্থানে অর্থাৎ বৈকুণ্ঠে সুখে বসতি করেন ॥

ঐ পদ্মপুরাণেরই অন্যস্থলে ॥

যে ব্যক্তি কৃষ্ণবর্ণ ও গৌরবর্ণ তুলসীদ্বারা জনার্দ্দনের পূজা করেন, সেই মনুষ্য দেহত্যাগ করিয়া অক্ষয় বিষ্ণুধামে গমন করেন ॥ ৯৬ ॥

বিষ্ণুরহস্যে ॥

যে ব্যক্তি কৃষ্ণতুলসী দ্বারা ভক্তিপূর্ব্বক কৃষ্ণের পূজা করেন, তিনি, যে লোকে বিষ্ণু লক্ষ্মীর সহিত বিরাজ করিতেছেন, সেই নির্ম্মল লোক প্রাপ্ত হয়েন ॥ ৯৭ ॥

বৃহন্নারদীয় পুরাণে যম ও ভগীরথসম্বাদে ॥

যিনি কোমল তুলসীপত্র দ্বারা হরির পাদপদ্ম অর্চ্চনা করেন, তাঁহার

ন তস্য পুনরাবৃত্তির্ব্রহ্মলোকাৎ কদাচন ॥ ৯৮ ॥

গারুড়ে ॥

কৃষ্ণার্চ্চনার্থং ভিক্ষূণাং যচ্ছন্তি তুলসীদলং।

অন্যেষামপি ভক্তানাং যান্তি তৎ পরমং পদং ॥

অতএব হরিভক্তিসুধোদয়ে ॥

বৈষ্ণবং বিপ্রং প্রতি যমদূতানামুক্তৌ ॥

সুকৃতী দুষ্কৃতী বাপি তুলস্যা যোঽর্চ্চয়েদ্ধরিং।

তস্যান্তে হি বয়ং নেশা বিষ্ণুদূতৈঃ স নীয়তে ॥

অতএবোক্তং স্কান্দে ॥

যোঽভ্যর্চ্চেৎ পরমাত্মানং ত্যক্তসর্ব্বৈষণো মুনিঃ।

ব্রহ্ম সচ্চিদানন্দং তৎস্বরূপলোকাৎ বৈকুণ্ঠাৎ। তথাচ তৃতীয়স্কন্ধে ব্রহ্মলোকঃ সনাতন ইতি ॥ ৯৮ ॥

ত্যক্তাঃ সর্ব্বা এষণাঃ পুত্রাদিস্পৃহাস্তিস্রঃ যেন সঃ এষণা স্তিস্রশ্চ শ্রুত্যোক্তাঃ পুত্রৈষণাশ্চ

আর কখন ব্রহ্মলোক হইতে পুনরাগমন হইবে না ॥ ৯৮ ॥

গরুড়পুরাণে ॥

যাঁহারা কৃষ্ণপূজার নিমিত্ত ভিক্ষুকাশ্রমী ও অন্যান্য ভক্তগণকে তুলসীপত্র প্রদান করেন, তাঁহারা সেই শ্রেষ্ঠধাম প্রাপ্ত হন ॥

অতএব হরিভক্তিসুধোদয়ে ॥

বিষ্ণুভক্ত ব্রাহ্মণের প্রতি যমদূতের বাক্য ॥

ধার্ম্মিক হউক বা অধার্ম্মিক হউক, যে ব্যক্তি তুলসী দ্বারা হরির অর্চ্চনা করেন, তাঁহার মৃত্যু হইলে, আমরা তাঁহাকে স্পর্শ করিতে পারি না, বিষ্ণুদূতেরা তাঁহাকে লইয়া যান ॥

এই নিমিত্ত স্কন্দপুরাণে কথিত হইয়াছে ॥

যে মুনি সর্ব্বকামনা অর্থাৎ পুত্রকামনা, ধনকামনা ও লোককামনা পরিত্যাগ করিয়া পরমাত্মার আরাধনা করেন, আর যে ব্যক্তি তুলসীপত্র

তুলস্যা যোঽর্চ্চয়েদ্বিষ্ণুং জগতঃ সম্মতাবুভৌ ॥ ৯৯ ॥
শ্রীভগবৎপ্রীণনত্বঞ্চ ব্রাহ্মে ॥
তুলসীদলগন্ধেন মালতীকুসুমেন চ।
কপিলাক্ষীরদানেন সদ্যস্তুষ্যতি কেশবঃ ॥
পাদ্মে কার্ত্তিকমাহাত্ম্যে। বৃন্দোপাখ্যানান্তে ॥
ইত্যেবং বল্লভা বিষ্ণোঃ পূর্ব্বজন্মন্যথাধুনা।
প্রীয়তে পূজিতো হ্যস্যা দলৈর্দৈত্যবলান্তকঃ ॥
স্কান্দে চ ॥
সুবর্ণমণিপুষ্পৈস্তু প্রীতো ভবতি নাচ্যুতঃ।
তুলসীদলভাগেন যথা প্রীয়েত কেশবঃ ॥

বিত্তৈষণাশ্চ লোকৈষণাশ্চেতি ॥ ৯৯ ॥

দিয়া বিষ্ণুর পূজা করেন, ইহাঁরা উভয়েই জগতে তুল্যরূপে নির্দ্দিষ্ট হইয়াছেন ॥ ৯৯ ॥

তুলসীর ভগবৎপ্রীতিজনন ক্ষমতা—

ব্রহ্মপুরাণে ॥

তুলসীপত্রের গন্ধ, মালতীপুষ্প এবং কপিলাগাভীর দুগ্ধ, এই তিনে কেশব আশু সন্তুষ্ট হয়েন ॥

পদ্মপুরাণে কার্ত্তিকমাহাত্ম্যে বৃন্দার উপাখ্যানের শেষে ॥

পূর্ব্বজন্মে ইনি অর্থাৎ তুলসীরূপা বৃন্দা, এইরূপে বিষ্ণুর প্রিয়া ছিলেন, অতএব ইহ জন্মে ইহাঁর পত্র দ্বারা পূজিত হইলে, দৈত্যসৈন্য বিনাশক ভগবান্ অতিশয় প্রীতি লাভ করেন ॥

স্কন্দপুরাণেও ॥

তুলসীপত্র দ্বারা কেশব যে রূপ প্রীত হন, সুবর্ণ ও মণিনির্ম্মিত পুষ্প দ্বারা সেরূপ সন্তুষ্ট হন না ॥

অতএব তত্রৈব। ব্রহ্মনারদসম্বাদে ॥
পত্রং পুষ্পং ফলং তোয়ং তুলসীগন্ধবাসিতং।
ফলং লক্ষগুণং প্রোক্তং কেশবায় নিবেদিতং।
তুলসীগন্ধমিশ্রন্তু যৎকিঞ্চিৎ কুরুতে হরেঃ।
কল্পকোটিসহস্রাণি প্রীতো ভবতি কেশবঃ ॥
কিঞ্চ দ্বারকামাহাত্ম্যে মার্কণ্ডেয়েন্দ্রদ্যুম্নসম্বাদে ॥
যঃ পুনস্তুলসীপত্রৈঃ কোমলৈর্ম্মঞ্জরীযুতৈঃ।
পূজয়েৎ সূত্রবদ্ধৈস্তু কৃষ্ণং দেবকিনন্দনং।
যা গতির্যোগযুক্তানাং যা গতির্যজ্ঞশীলিনাং।
যা গতির্দানশীলানাং যা গতিস্তীর্থসেবিনাং।
যা গতির্মাতৃভক্তানাং দ্বাদশীবেধবর্জিনাং।
কুর্ব্বতাং জাগরং বিষ্ণোর্নৃত্যতাং গায়তাং ফলং।

অতএব ঐ স্কন্দপুরাণেই ব্রহ্মনারদসম্বাদে ॥

তুলসীপত্রের গন্ধে সুবাসিত পত্র, পুষ্প, ফল ও জল কেশবকে নিবেদন করিলে লক্ষগুণ ফল কথিত হইয়াছে ॥

তুলসীপত্রের গন্ধযুক্ত যে কোন বস্তু হরিকে নিবেদন করা যায়, তাহাতেই তিনি সহস্রকোটিকল্প সন্তুষ্ট থাকেন ॥

আরও দ্বারকামাহাত্ম্যে।

মার্কণ্ডেয় ও ইন্দ্রদ্যুম্নসম্বাদে ॥

হে রাজন্! যিনি সূত্রদ্বারা গ্রথিত মঞ্জরীসংযুক্ত কোমল তুলসীপত্র দ্বারা দেবকীনন্দন কৃষ্ণের পূজা করেন, যোগাভ্যাসকারির যে গতি, যজ্ঞানুষ্ঠাতার যে গতি, দানশীলদিগের যে গতি, তীর্থপর্য্যটকদিগের যে গতি, মাতৃভক্তগণের যে গতি, দ্বাদশীবেধবর্জনকারিদিগের যে গতি, বিষ্ণুর উদ্দেশে জাগরণপূর্ব্বক নৃত্যগীতকারিদিগের যে ফল, বিষ্ণুভক্ত-দিগের যে ফল, বেদাধ্যয়নশীল ও বৈষ্ণবশাস্ত্র অধ্যয়নকারি এবং বৈষ্ণব

বৈষ্ণবানাস্তু ভক্তানাং যৎ ফলং বেদবাদিনাং।
পঠতাং বৈষ্ণবং শাস্ত্রং বৈষ্ণবেভ্যশ্চ যচ্ছতাং।
ফলমেতন্মহীপাল লভতে নাত্র সংশয়ঃ॥
কার্ত্তিকাদৌ ফলবিশেষঃ। তত্র কার্ত্তিকে গারুড়ে॥
গবাময়ুতদানেন যৎ ফলং লভতে খগ।
তুলসীপত্রকৈকেন তৎ ফলং কার্ত্তিকে স্মৃতং॥
স্কান্দে শ্রীব্রহ্মনারদসম্বাদে॥
তুলসীদললক্ষেণ কার্ত্তিকে যোঽর্চ্চয়েদ্ধরিং।
পত্রে পত্রে মুনিশ্রেষ্ঠ মৌক্তিকং লভতে ফলং॥ ১০০॥
তত্রৈবাগ্রে॥
তুলসীদলানি পুণ্যানি যে যচ্ছন্তি জনার্দ্দনে।

মৌক্তিকং ফলং মোক্ষং মুক্তেঃ ফলং ভক্তিং বা॥ ১০০॥

তেষাং পাপং দহেৎ নশ্যতি। যো যচ্ছতীতি বা পাঠঃ। ততশ্চ স এবাত্মনোঽন্যস্যাপি পাপং দহেৎ পুণ্যৈরুক্তৈমৈবশ্বমেধাদিভিরিত্যর্থঃ। যৎ প্রাপ্যতে তৎ পুণ্যং স্যাৎ॥ ১০১॥

দিগকে দানকারি ব্যক্তিগণ যে ফল লাভ করেন, তিনি সেই ফল লাভ করিবেন, এ বিষয়ে সন্দেহ নাই॥

কার্ত্তিকাদি মাসে তুলসীর বিশেষ ফল।

তন্মধ্যে কার্ত্তিকমাসের ফল গরুড়পুরাণে॥

হে পক্ষিন্! দশ সহস্র গোদান করিলে যে ফল লাভ হয়, কার্ত্তিক মাসে একটীমাত্র তুলসীপত্র অর্পণ করিলে সেই ফল পাওয়া যায়॥

স্কন্দপুরাণে ব্রহ্মনারদসম্বাদে॥

হে মুনিশ্রেষ্ঠ! যে ব্যক্তি কার্ত্তিকমাসে লক্ষ তুলসীপত্র দিয়া হরি পূজা করেন, তিনি প্রত্যেক পত্রে মুক্তির ফল স্বরূপ মোক্ষ বা ভক্তি প্রাপ্ত হয়েন॥ ১০০॥

ঐ গরুড়পুরাণের শেষ ভাগে॥

হে বৎস! যাঁহারা সমস্ত কার্ত্তিকমাস পবিত্র তুলসীপত্র সকল

কার্ত্তিকং সকলং বৎস পাপং জন্মাযুতং দহেৎ ।
ইষ্ট্বা ক্রতুশতৈঃ পুণ্যৈর্দত্ত্বা রত্নান্যনেকশঃ ।
তুলসীদলেন তৎ পুণ্যং কার্ত্তিকে কেশবার্চ্চনাৎ ॥
কিঞ্চ ॥
যঃ পুনস্তুলসীং প্রাপ্য কার্ত্তিকং সকলং মুনে ।
অর্চ্চয়েদ্দেবদেবেশং স যাতি পরমাং গতিং ॥
পাদ্মে কার্ত্তিকমাহাত্ম্যে ॥
মঞ্জরীভিঃ সপত্রাভির্মালাভিশ্চাপি কেশবঃ ।
তুলস্যাঃ কার্ত্তিকে প্রীতো দদাতি পদমব্যয়ং ॥
অথ মাঘে । স্কান্দে তত্রৈব ॥
স্নাত্বা মহানদীতোয়ে কোমলৈস্তুলসীদলৈঃ ।
যোঽর্চ্চয়েন্মাধবং মাঘে কুলানাং তারয়েচ্ছতং ॥

জনার্দ্দনে অর্পণ করেন, তাঁহাদিগের অযুতজন্মের পাপ বিনষ্ট হয় ॥

শত শত পবিত্র অশ্বমেধ যজ্ঞের অনুষ্ঠানে এবং বহু বহু রত্ন দানে যে পুণ্য সঞ্চয় হয়, কার্ত্তিকমাসে তুলসীপত্র দ্বারা কেশবের অর্চ্চনা করিলে সেই পুণ্য লাভ হয় ॥

আরও ॥

হে মুনে! যে ব্যক্তি সমুদায় কার্ত্তিকমাস দেবদেবেশ্বর হরির আরাধনা করেন, তিনি উৎকৃষ্টা গতি প্রাপ্ত হয়েন ॥

পদ্মপুরাণের কার্ত্তিকমাহাত্ম্যে ।

তুলসীপত্র সহ মঞ্জরী ও মালা কার্ত্তিক মাসে প্রদত্ত হইলে, কেশব তদ্দ্বারা প্রীত হইয়া অবিনশ্বর পদ প্রদান করেন ॥

অথ মাঘমাসে তুলসীর ফল ।

ঐ স্কন্দপুরাণে ব্রহ্মনারদসম্বাদে ॥

যে ব্যক্তি মাঘমাসে মহানদীর (গঙ্গার) জলে স্নান করিয়া কোমল

সুকোমলৈর্দলৈর্যস্তু মঞ্জরীভির্জনার্দ্দনং।
অর্চ্চয়েন্মাঘমাসে তু ক্রতুনাং লভতে ফলং॥ ১০১॥
অথ চাতুর্মাস্যে। স্কান্দে॥
সংপূজ্য তুলসীভক্ত্যা ঘনশ্যামং জনার্দ্দনং।
চতুরো বার্ষিকান্ মাসান্ অশ্বমেধাযুতং লভেৎ॥ ১০২॥
অথ বৈশাখে।
পাদ্মে বৈশাখমাহাত্ম্যে শ্রীযমব্রাহ্মণসম্বাদে॥
তুলসী গৌরকৃষ্ণাখ্যা তয়াভ্যর্চ্য মধুদ্বিষং।
বিশেষেণতু বৈশাখে নরো নারায়ণো ভবেৎ।
মাধবং সকলং মাসং তুলস্যা যোঽর্চ্চয়েন্নরঃ॥
ত্রিসন্ধ্যং মধুহন্তারং নাস্তি তস্য পুনর্ভবঃ॥ ১০৩॥

তুলস্যা ভক্তির্মালাদিরচনা তয়া॥ ১০২॥

তুলসীপত্র দ্বারা মাধবের অর্চ্চনা করেন, তাঁহার শতকুল উদ্ধার হয়॥

যিনি মাঘমাসে সুকোমল তুলসীপত্র ও মঞ্জরী দ্বারা জনার্দ্দনের পূজা করেন, তিনি যজ্ঞ সকলের ফল প্রাপ্ত হয়েন॥ ১০১॥

অথ চাতুর্ম্মাস্যপ্রসঙ্গে স্কন্দপুরাণে॥

তুলসী নির্ম্মিত মালাদি দ্বারা বৎসরের চারিমাসে ঘনশ্যাম জনার্দ্দনের অর্চ্চনা করিলে দশ সহস্র অশ্বমেধের ফল লাভ হয়॥ ১০২॥

অথ বৈশাখ মাসে তুলসীর ফল॥

পদ্মপুরাণে বৈশাখমাহাত্ম্যে শ্রীযমব্রাহ্মণসম্বাদে॥

বিশেষ করিয়া বৈশাখ মাসে গৌরবর্ণ ও কৃষ্ণবর্ণ তুলসী দ্বারা যদি কেহ মধুসূদনের পূজা করেন, তিনি নারায়ণ সদৃশ হয়েন অর্থাৎ নিত্য বৈকুণ্ঠধামে বাস হেতু তাঁহার নারায়ণের সারূপ্য লাভ হয়, একারণ তাঁহাকে আর সংসারে আসিয়া জন্মগ্রহণ করিতে হয় না॥

যে মনুষ্য সমস্ত বৈশাখমাস তুলসী দ্বারা ত্রিসন্ধ্যা কাল মধুদ্বেষি শ্রীবিষ্ণুর পূজা করেন, তাঁহার পুনর্জ্জন্ম হয় না॥ ১০৩॥

অথ তুলসীগ্রহণবিধিঃ। বায়ুপুরাণে ॥

অস্নাত্বা তুলসীং ছিত্বা যঃ পূজাং কুরুতে নরঃ।
সোঽপরাধী ভবেৎ সত্যং তৎ সর্ব্বং নিষ্ফলং ভবেৎ ॥

তত্রাদৌ মন্ত্রঃ। স্কান্দে ॥

তুলস্যমৃতজন্মাসি সদা ত্বং কেশবপ্রিয়া।
কেশবার্থে বিচিন্বামি বরদা ভব শোভনে ॥ ১০৪ ॥
ত্বদঙ্গসম্ভবৈঃ পত্রৈঃ পূজয়ামি যথা হরিং।
তথা কুরু পবিত্রাঙ্গি কলৌ মলবিনাশিনি ॥

গারুড়ে চ ॥

নারায়ণ ইব ভবেৎ তৎসারূপ্যপ্রাপ্ত্যা পুনর্ভবো জন্মলক্ষণঃ সংসারো নাস্তি নিত্য-বৈকুণ্ঠবাসাৎ ॥ ১২৩ ॥

বিচিন্বামীত্যার্ষং বিচিনোমি ॥ ১০৪ ॥

একৈকশো দক্ষিণহস্তেন চিত্বা তত্রৈব সৎপাত্রে উত্তমভাজনে অর্পয়েন্নিদধ্যাৎ ॥ ১০৫ ॥

অথ তুলসীগ্রহণ ব্যবস্থা ॥

বায়ুপুরাণে ॥

যে মনুষ্য স্নান না করিয়া তুলসীচ্ছেদন পূর্ব্বক পূজা করেন, তিনি নিশ্চয় অপরাধী হয়েন এবং তাঁহার কর্ম্ম সকল নিষ্ফল হয় ॥

তদ্বিষয়ে প্রথমতঃ মন্ত্র ॥

স্কন্দপুরাণে ॥

হে শোভনে! হে তুলসি! অমৃত হইতে তোমার জন্ম এবং তুমি সকল সময়েই কেশবের প্রিয়া, কেশবের পূজার নিমিত্ত আমি তোমাকে চয়ন করিতেছি, তুমি বরপ্রদা হও ॥ ১০৪ ॥

হে পবিত্রাঙ্গি! হে কলিপাপবিনাশিনি! তোমার অঙ্গসম্ভূত পত্র দ্বারা আমি যেরূপে হরির পূজা করিতে পারি, তুমি সেইরূপ কর ॥

গরুড়পুরাণেও ॥

মোক্ষৈকহেতো ধরণীপ্রশস্তে
বিষ্ণোঃ সমস্তস্য গুরোঃ প্রিয়েতি।
আরাধনার্থং বরমঞ্জরীকং
লুনামি পত্রং তুলসি ক্ষমস্ব॥
ইত্যুক্ত্বা তুলসীং নত্বা চিত্বা দক্ষিণপাণিনা।
পত্রাণ্যেকৈকশো ন্যস্যেৎ সৎপাত্রে মঞ্জরীরপি॥ ১০৫॥
তন্মাহাত্ম্যঞ্চ স্কান্দে॥
মন্ত্রেণানেন যঃ কুর্য্যাদ্গৃহীত্বা তুলসীদলং।
পূজনং বাসুদেবস্য লক্ষকোটিফলং লভেৎ॥
কিঞ্চ॥
শালগ্রামশিলার্চ্চার্থং প্রত্যহং তুলসী ক্ষিতৌ।
তুলসীং যে বিচিন্বন্তি ধন্যাস্তে করপল্লবা॥ ইতি॥ ১০৬॥

ক্ষিতাবিতি পৃথিব্যামেব শ্রীতুলস্যাঃ সত্ত্বাৎ অতঃ ক্ষিতিরপি ধন্যেতি ভাবঃ॥ ১০৬॥

হে তুলসি! তুমি মোক্ষের একমাত্র কারণ, পৃথিবীতে তোমার তুল্য শ্রেষ্ঠ নাই, তুমি সর্ব্বগুরু ভগবান্ বিষ্ণুর প্রিয়া, অতএব তাঁহার আরাধনার নিমিত্ত আমি তোমার শ্রেষ্ঠ মঞ্জরী ও পত্র ছেদন করিতেছি, তুমি ক্ষমা কর॥

এই মন্ত্র পাঠ করিয়া তুলসীকে নমস্কার পূর্ব্বক দক্ষিণহস্তে এক একটী পত্র ও মঞ্জরী চয়ন করিয়া উত্তম পাত্রে রাখিবে॥ ১০৫॥

তুলসীচয়নমন্ত্রের মাহাত্ম্য স্কন্দপুরাণে॥

যিনি এই মন্ত্র দ্বারা তুলসীপত্র গ্রহণ করিয়া বাসুদেবের পূজা করেন, তিনি কোটিলক্ষ ফল লাভ করেন॥

আরও॥

যাঁহারা তুলসীক্ষেত্রে শালগ্রামশিলার অর্চ্চনা নিমিত্ত প্রতিদিন তুলসীচয়ন করেন, তাঁহাদিগের অঙ্গুলি সকল ধন্য এবং পৃথিবীতে তুলসীর সদ্ভাব হেতু পৃথিবীও কৃতার্থা হয়েন॥ ১০৬॥

সংক্রান্ত্যাদৌ নিষিদ্ধোঽপি তুলস্যবচয়ঃ স্মৃতৌ।
পরং শ্রীবিষ্ণুভক্তৈস্তু দ্বাদশ্যামেব নেষ্যতে ॥ ১০৭ ॥
অথ তুলস্যবচয়নিষেধকালো বিষ্ণুধর্ম্মোত্তরে ॥
ন চ্ছিন্দ্যাৎ তুলসীং বিপ্রাঃ দ্বাদশ্যাং বৈষ্ণবঃ ক্বচিৎ ॥
গারুড়ে ॥
ভানুবারং বিনা দূর্ব্বাং তুলসীং দ্বাদশীং বিনা।
জীবিতস্যাবিনাশায় ন বিচিন্বীত ধর্ম্মবিৎ ॥
পাদ্মে চ। শ্রীকৃষ্ণসত্যাসম্বাদীয়কার্ত্তিকমাহাত্ম্যে ॥
দ্বাদশ্যাং তুলসীপত্রং ধাত্রীপত্রঞ্চ কার্ত্তিকে।
লুনাতি স নরো গচ্ছেন্নিরয়ানতিগর্হিতান্ ॥

সংক্রান্তৌ পক্ষয়োরন্তে দ্বাদশ্যাং রবিবাসরে। তুলসীং যে বিচিন্বন্তীত্যাদি বচনৈঃ স্মৃতিশাস্ত্রে নিষিদ্ধোঽপি পরং কেবলং দ্বাদশ্যামেব তুলস্যা অবচয়ো নেষ্যতে ॥ ১০৭ ॥
জীবিতস্যাবিনাশায়েতি অন্যথা আয়ুঃক্ষয়ঃ স্যাদিত্যর্থঃ। এবং দ্বাদশ্যামেব নিষেধা-

স্মৃতিশাস্ত্রে সংক্রান্তি প্রভৃতিতে অর্থাৎ অমাবস্যা, পূর্ণিমা, দ্বাদশী এবং রবিবার দিবসে তুলসীচয়ন নিষিদ্ধ থাকিলেও বিষ্ণুভক্তগণ কেবল দ্বাদশীতেই তুলসীচয়ন ইচ্ছা করেন না ॥ ১০৭ ॥

অথ তুলসীচয়ন নিষেধকাল ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে ॥

হে বিপ্রগণ ! বৈষ্ণব দ্বাদশীতে কখন তুলসী ছেদন করিবেন না ॥

গরুড়পুরাণে ॥

ধর্ম্মজ্ঞ ব্যক্তি যদি আয়ুর ক্ষয় ইচ্ছা না করেন,তাহা হইলে রবিবারে দূর্ব্বা এবং দ্বাদশীতে তুলসীচয়ন করিবেন না, করিলে আয়ুঃ ক্ষয় হয় ॥

পদ্মপুরাণেও ॥

শ্রীকৃষ্ণ ও সত্যভামার সম্বাদসম্বন্ধে কার্ত্তিকমাহাত্ম্যে ॥

যে মনুষ্য দ্বাদশীতে তুলসীপত্র এবং কার্ত্তিকমাসে ধাত্রীপত্র ছেদন করে, সে অতিশয় নিন্দনীয় নরকে গমন করিবে ॥

অতএবোক্তং ॥

দেবার্থে তুলসীচ্ছেদো হোমার্থে সমিধাস্তথা।
ইন্দুক্ষয়ে ন দুষ্যেত গবার্থে তু তৃণস্য চ ॥ ১০৮ ॥

এবং কৃত্বা মহাপূজামঙ্গোপাঙ্গাদিকং প্রভোঃ।
ক্রমাদ্যথা সম্প্রদায়ং তত্তৎস্থানেষু পূজয়েৎ ॥ ১০৯ ॥

অথাঙ্গোপাঙ্গপূজা ॥

অমাবস্যাদাবপি তদবচয়ো বিহিত ইতি জ্ঞেয়ং। তদেবাভিব্যঞ্জয়তি দেবার্থ ইতি সমাসান্ত প্রবিষ্টেনাপি ছেদেন সহাগ্রেঽপ্যন্বয়ঃ ॥ ১০৮ ॥

অঙ্গানি শ্রীমূর্ত্তৌ মন্ত্রবর্ণাদিন্যাসস্থানানি উপাঙ্গানি বেণ্বাদিচিহ্নচতুষ্কং। আদিশব্দেন শ্রীমূর্ত্তিন্যস্তমন্ত্রপদাক্ষরাণি চ। তেষাং তেষাং বর্ণাদীনাং স্থানেষু ক্রমেণ গন্ধাদিভিঃ পূজয়েৎ ॥ ১০৯ ॥

তদেব বিবিচ্য দর্শয়তি মন্ত্রেতি। তস্য তস্য ন্যাসস্থানেষু যথাস্পদং যথাস্থানং। অয়মর্থঃ। পূর্ব্বং শ্রীমূর্ত্তৌ যস্মিন্নঙ্গে যন্ন্যস্তমস্তি তস্মিন্ তদেকক্রমেণ পূজয়েদিতি।

অতএব কথিত হইয়াছে ॥

অমাবস্যায় দেবতার জন্য তুলসীচ্ছেদন, হোমের নিমিত্ত কাষ্ঠচ্ছেদন এবং গো নিমিত্ত তৃণচ্ছেদন দূষণীয় নহে ॥ ১০৮ ॥

এইরূপে ভগবানের মহাপূজা সম্পাদন করিয়া সেই সেই বর্ণাদির স্থানে যথাক্রমে ও সম্প্রদায় অনুসারে গন্ধাদিদ্বারা অঙ্গ অর্থাৎ শ্রীমূর্ত্তিতে মন্ত্রবর্ণাদির ন্যাসস্থান সকল ও উপাঙ্গাদি অর্থাৎ বেণু প্রভৃতি চতুষ্টয় এবং শ্রীমূর্ত্তিস্থিত মন্ত্রপদ ও অক্ষর সমূহ পূজা করিবে ॥ ১০৯ ॥

অথ অঙ্গ ও উপাঙ্গপূজা ॥

প্রথমতঃ সেই সেই ন্যাসস্থানে স্থানানুসারে মন্ত্র, বর্ণ, পদ এবং বেণু, মালা, শ্রীবৎস ও কৌস্তুভের পূজা করিবে ॥

তাৎপর্য্য। শ্রীমূর্ত্তির যে অঙ্গে যাহা ন্যস্ত আছে, তাহাতে ক্রমান্বয়ে পূজা করিবে। পূজার প্রয়োগ এই। মস্তকে ওঁ হ্রীং নমঃ। ললাটে ওঁ ক্লীং নমঃ ইত্যাদি। ওঁ হ্রীং নমঃ ইত্যাদিরূপে শ্রীনেত্রদ্বয়েও কেহ

মন্ত্রবর্ণপদান্যাদৌ তত্তন্ন্যাসপদেষু চ ॥
বেণুঞ্চ মালাং শ্রীবৎসং কৌস্তুভঞ্চ যথাস্পদং ॥ ১১০ ॥
ততশ্চ মূলমন্ত্রেণ ক্ষিপ্ত্বা পুষ্পাঞ্জলিত্রয়ং।
প্রার্থ্যানুজ্ঞাং ভগবতোঽর্চ্চয়েদাবৃতিদেবতাঃ ॥ ১১১ ॥
তাশ্চ প্রত্যেকমাবাহ্য স্নানাদি পরিকল্প্য চ।
পূজয়েদ্গন্ধপুষ্পাভ্যাং যথাস্থানং যথাক্রমং ॥ ১১২ ॥

অথাবরণপূজা ॥

কর্ণিকায়াং চতুর্দ্দিক্ষু দ্যোতমানান্ প্রভোঃ সখীন্।

প্রয়োগঃ। শ্রীমস্তকে ওঁ হ্রীং নমঃ ললাটে ওঁ ক্লীং নম ইত্যাদিঃ। শ্রীনেত্রদ্বয়ে কেচিদপি পূজাং কুর্ব্বন্তি ওঁ হ্রীং নম ইত্যাদিঃ। অত্র সর্ব্বত্র নিজসম্প্রদায়ব্যবহার এবানুসর্ত্তব্যঃ। অতএব লিখিতং যথা সম্প্রদায়মিতি। বেণ্বাদীংশ্চ শ্রীমুখাদৌ পূর্ব্ববৎ পূজয়েৎ। প্রয়োগঃ। শ্রীমুখবেণবে নম ইত্যাদিঃ ॥ ১১০ ॥

আবৃতিঃ আবরণং তদ্রূপা দেবতাঃ ॥ ১১১ ॥

তা আবরণদেবতাঃ তাসামেব স্নানাদিকং পরিকল্প্য সম্পাদ্য তাঃ পূজয়েৎ ॥ ১১২ ॥

তদেব বিবিচ্য দর্শয়তি কর্ণিকায়ামিত্যাদিনা ঊর্দ্ধয়োরিত্যন্তেন। চতুর্দ্দিক্ষু শ্রীভগবতঃ

কেহ পূজা করিয়া থাকেন। এই নিমিত্ত সম্প্রদায় অনুসারে পূজা করিবে ইহা লিখিত হইয়াছে। শ্রীমুখাদিতে পূর্ব্বের ন্যায় পূজা করিবে। উহার প্রকার এই যে—শ্রীমুখে বেণবে নমঃ। ইত্যাদি ॥ ১১০ ॥

তদনন্তর মূলমন্ত্র দ্বারা তিনবার পুষ্পাঞ্জলি দিয়া ভগবানের অনুজ্ঞা প্রার্থনা করত আবরণ দেবতাদিগের পূজা করিবে ॥ ১১১ ॥

ঐ সকল আবরণ দেবতাদিগের প্রত্যেকের আবাহন করিয়া ও স্নান প্রভৃতি করাইয়া গন্ধপুষ্প দ্বারা যথাস্থানে ও যথাক্রমে পূজা করিবে ॥ ১১২ ॥

অথ আবরণপূজা ॥

ভগবানের পূর্ব্বাদি দিক্‌চতুষ্টয়ে কর্ণিকায় বিরাজমান তদীয় সখা বসুদাম, সুদাম, দাম এবং কিঙ্কিণীর পূজা করিবে। প্রয়োগ যথা—ওঁ

বসুদামং সুদামঞ্চ দামঞ্চ কিঙ্কিণীং যজেৎ ॥
ইতি প্রথমাবরণং ॥ ১১৩ ॥
তদ্বহিশ্চাগ্নিকোণাদৌ কেশরেম্বঙ্গদেবতাঃ।
হৃদয়াদিযুতাঃ পূজ্যাঃ স্বস্ববর্ণাদিশোভিতাঃ।
ইতি দ্বিতীয়ং ॥ ১১৪ ॥
ততো বহিশ্চ পূর্ব্বাদিদিগ্‌দলেম্বষ্টসু প্রভোঃ।
মহিষী রুক্মিণী সত্যভামা নাগ্নজিতী ক্রমাৎ।
সুনন্দা মিত্রবৃন্দা চ সম্পূজ্যাথ সুলক্ষণা।

পূর্ব্বাদিদিক্‌চতুষ্টয়ে। প্রয়োগঃ। ওঁ বসুদামায় নম ইত্যাদিঃ ॥ ১১৩ ॥

অগ্নিকোণাদাবিতি কোণচতুষ্টয়ে প্রথমাঙ্গদেবতা চতুষ্টয়ং অন্ত্যাশ্চ চতুর্দ্দিক্ষ্বেবেতি জ্ঞেয়ং। হৃদয়াদিমন্ত্রৈঃ হৃদয়ায় নমঃ শিরসে স্বাহা ইত্যাদিভির্যুক্তাঃ। প্রয়োগঃ। হ্রীং হৃদয়ায় নমোনমঃ শিরসে স্বাহা নমঃ ইত্যাদিঃ। তদ্বর্ণাদিকঞ্চোহ্যং। ক্রমদীপিকায়াং। মুক্তেন্দুকান্তকুবলয় হরিনীলহুতাশনপ্রভাঃ প্রমদাঃ। অভয়বরস্ফুরিতকরাঃ প্রধানতনবোঽঙ্গদেবতাঃ স্মর্য্যাঃ ইতি। অস্যার্থঃ। শুক্লনীলরক্তবর্ণাঃ স্ত্রীরূপাঃ অভয়বরকরাঃ প্রধানদেবতাস্বরূপা ধ্যেয়া ইত্যর্থঃ ॥ ১১৪ ॥

মহিষীণাং ধ্যানং লিখতি তত্তদিতি। তেন তেন কমলাদিনা দ্রব্যেণ আদিশব্দাদ্রূপভূষণাদিনা চ ভূষিতাঃ। তচ্চোক্তং তত্রৈব। তপনীয়মরকতাভাঃ সুসিতবিচিত্রাম্বরাদ্বিশস্ত্বেতাঃ। পৃথুকুচভরালসাঙ্গ্যো বিবিধমণিপ্রকরবিলসিতাভরণাঃ। দক্ষিণকরধৃতকমলাঃ সুরভিসুপাত্রমুদ্রিতান্যকরাঃ ইতি। অস্যার্থঃ। দ্বিশ যুগ্মশঃ ক্রমেণ কাঞ্চনমরকতবর্ণাঃ

বসুদামায় নমঃ। ইত্যাদি। এই প্রথম আবরণ ॥ ১১৩ ॥

তাহার বহির্ভাগে অগ্নিকোণাদি কোণচতুষ্টয়ে কেশরে শোভমান অঙ্গদেবতাগণকে স্বীয় স্বীয় বর্ণাদি এবং হৃদয়াদি মন্ত্র সহিত অর্চ্চনা করিবে। প্রয়োগ যথা—হ্রীঁ হৃদয়ায় নমো নমঃ। শিরসে স্বাহা নমঃ ইত্যাদি। এই দ্বিতীয় আবরণ ॥ ১১৪ ॥

তাহার বহির্ভাগে পূর্ব্বাদি দিক্‌স্থিত অষ্টদলে কমল প্রভৃতি দ্রব্য দ্বারা বিভূষিত রুক্মিণী, সত্যভামা, নাগ্নজিতী, সুনন্দা, মিত্রবৃন্দা, সুলক্ষণা,

জাম্ববতী সুশীলা চ তত্তদ্রব্যাদি ভূষিতাঃ ॥
ইতি তৃতীয়াং ॥ ১১৫ ॥
পূর্ব্বাদ্যষ্টদলাগ্রেষু বসুদেবঞ্চ দেবকীং।
শ্রীনন্দং শ্রীযশোদাঞ্চ বলভদ্রং সুভদ্রিকাং।
গোপান্ গোপীশ্চ তদ্ভাবত্রপয়া দূরতঃ স্থিতাঃ।
বিচিত্ররূপবেশাদিশোভমানানিমান্ যজেৎ ॥
ইতি চতুর্থং ॥

রত্নপূরিত সৎপাত্রলক্ষিতবামকরাঃ ইতি ॥ ১১৫ ॥

পূর্ব্বং পূর্ব্বদিক্‌স্থিতং। তদাদিষু অষ্টসু দলাগ্রেষু বসুদেবাদীনষ্ট যজেৎ পূজয়েদিতি দ্বাভ্যামন্বয়ঃ। ক্রমাদিত্যগে লিখিতত্বাৎ সর্ব্বত্রৈব সম্বন্ধনীয়ং। তত্র গোপগোপীনাং বহুত্বেঽপি গণত্বাভিপ্রায়েণ দ্বিত্বং জ্ঞেয়ং। নন্বু ভগবতঃ প্রিয়তমানাং শ্রীগোপীনাং চতুর্থাবরণে পূজনং নোপযুজ্যতে ভগবদত্যন্তান্তিক এব তাসামবস্থিত্যুৎপত্তেঃ তত্র লিখতি তদ্ভাবেতি। তেন অনির্ব্বচনীয়েন পরমগোপ্যেন বা ভাবেন প্রেমবিশেষেণ যা ত্রপা তয়া দূরতঃ স্থিতা। অত্যন্ত সন্নিকর্ষেণ নিজভাবস্য প্রকাশে সতি সভামধ্যে কুলবতীনাং তাসাং পরমলজ্জোৎপত্ত্যা শ্রীযশোদাদিসঙ্গাপেক্ষয়া চ তত্রাবস্থানং যুক্তমেবেতি ভাবঃ। এতদপি সকামপূজাবিষয়কমেবেত্যাদিকমগ্রে ব্যক্তং ভাবি। ইতি ইমান্ বসুদেবাদীন্ পুমান্ স্ত্রিয়েত্যেকশেষত্বং রূপাদিকঞ্চ তেষাং ধ্যানার্থং তত্রৈবোক্তং। জ্ঞানমুদ্রাভয়করৌ পিতরৌ পীতপাণ্ডুরৌ। দিব্যমাল্যাম্বরালেপভূষণৌ মাতরৌ পুনঃ। ধারয়ন্তৌ চ বরদং পয়সা পূর্ণপাত্রকং। অরুণশ্যামলে হারমণিকুণ্ডলমণ্ডিতে। বলঃ শঙ্খেন্দুধবলো মুষলং লাঙ্গলং দধৎ। হালালীলো নীলবাসা হেলাবানেক কুণ্ডলঃ। কলায়শ্যামলা ভদ্রা সুভদ্রা ভদ্রভূষণা। বরা-

---

জাম্ববতী এবং সুশীলা, নামে শ্রীকৃষ্ণের মহিষীগণকে যথাক্রমে পূজা করিবে, এই তৃতীয় আবরণ ॥ ১১৫ ॥

পূর্ব্বাদি দিক্‌স্থ অষ্টদলে বিচিত্র রূপ ও বেশাদিদ্বারা শোভমান বসুদেব, দেবকী, শ্রীনন্দ, শ্রীযশোদা, বলরাম, সুভদ্রা, গোপগণ এবং শ্রীকৃষ্ণের প্রতি বিশেষ অনুরাগ যুক্ত লজ্জাবশতঃ দূরে অবস্থিত গোপীগণকে যথাক্রমে পূজা করিবে। এই চতুর্থ আবরণ ॥

তদ্বহিশ্চতুরস্রান্তপূর্ব্বাদ্যাশাচতুষ্টয়ে।
সন্তানং পারিজাতঞ্চ কল্পদ্রুমমথার্চ্চয়েৎ॥ ১১৬॥
হরিচন্দনমপ্যেবং দিব্যবৃক্ষানভীষ্টদান্।
কর্ণিকায়াঞ্চ সম্পূজ্য মন্দারং দেবপৃষ্ঠতঃ॥
ইতি পঞ্চমং॥ ১১৭॥
তদ্বহিশ্চাষ্টদিক্পালান্ স্বস্বদিক্ষ্বেব পূজয়েৎ।
তত্তদ্বীজাধিপত্যাস্ত্রবাহনস্বজনান্বিতান্॥ ১১৮॥
তত্তদ্বর্ণান্ দিব্যবেশাননন্তঞ্চ তথার্চ্চয়েৎ।

ভয়যুতা পীতবসনা রূঢ়যৌবনা। বেণু-বীণা-বেত্র-যষ্টি-শঙ্খ-শৃঙ্গাদিপাণয়ঃ। গোপা গোপ্যশ্চ বিবিধপ্রাভৃতাত্তকরাম্বুজাঃ। ইতি। এষামথঃ। পিতরৌ শ্রীবসুদেবনন্দৌ মাতরৌ শ্রীদেবকীযশোদে। হালা মাধ্বী হেলা লীলা প্রাভৃতমুপায়নমিতি॥ ১১৬॥

কর্ণিকায়াং দেবস্য ভগবতঃ পৃষ্ঠে মন্দারঞ্চ, চ শব্দাৎ দিব্যবৃক্ষনভাষ্টদমাদৌ সংপূজ্য পশ্চাত্তেভ্যো বাসুদেবাদিভ্যো বহিশ্চতুরস্রাভ্যন্তরে পূর্ব্বাদিদিক্চতুষ্টয়ে সন্তানাদীন্ ক্রমেণার্চ্চয়েৎ। এবং লিখিতপ্রকারেণ অভীষ্টদায়কান্ দিব্যবৃক্ষান্ পঞ্চার্চ্চয়েৎ॥ ১১৭॥

দিক্পালান্ ইন্দ্রাদীনষ্ট। স্বস্বদিক্ষু ইন্দ্রাদীনাং নিজনিজাসু চতুরস্রস্য পূর্ব্বাদ্যষ্টদিক্ষু। তস্য তস্য ইন্দ্রাদেঃ বীজানি বীজাক্ষরাণি আধিপত্যানি দেবাধিপতিত্বাদীনি অস্ত্রাণি বজ্রাদীন্যায়ুধানি বাহনানি ঐরাবতাদীনি স্বজনাঃ সারথ্যাদিপরিবারাস্তৈরন্বিতান্॥ ১১৮॥

ধ্যানার্থং তেষাং বর্ণাদিকং লিখতি তত্তদিতি পাদেনৈকেন। স প্রসিদ্ধঃ কপিশাদির্বর্ণো যেষাং তান্। দিব্যঃ বিচিত্রমণিগণকিরণপ্রস্ফুরণাদিময়ো বেশঃ ভূষণং যেষাং তান্।

কর্ণিকায় ভগবানের পশ্চাদ্ভাগে প্রথমতঃ মন্দার ও অভীষ্ট ফলপ্রদ স্বর্গীয় পাঁচটী বৃক্ষের আরাধনা করিয়া পশ্চাৎ বসুদেব প্রভৃতির বহির্ভাগে কোণচতুষ্টয়ের মধ্যবর্ত্তী পূর্ব্বাদি দিকে যথাক্রমে সন্তান, পারিজাত, কল্পবৃক্ষ এবং হরিচন্দন বৃক্ষের অর্চ্চনা করিবে। এই পঞ্চম আবরণ॥ ১১৬॥ ১১৭॥

তাহার বহির্ভাগে পূর্ব্বাদি অষ্টদিকে সেই সেই কপিশাদিবর্ণবিশিষ্ট দিব্যবেশধারি ইন্দ্র, অগ্নি, যম, নৈঋর্ত, বায়ু, কুবের ও ঈশান এই অষ্ট দিক্পালকে, নৈঋর্ত ও বরুণের মধ্যে অধোদিক্পাল অনন্তকে এবং

নির্ঋত্যম্বুপয়োর্মধ্যে ব্রহ্মাণং চেন্দ্ররুদ্রয়োঃ।
ইতি ষষ্ঠং ॥ ১১৯ ॥
ততো বহিশ্চাষ্টদিক্ষু মৌলিস্থানাত্মলক্ষণান্।
ভগবৎপার্ষদাংস্তত্র বর্ণায়ুধবিভূষণান্।
বজ্রং শক্তিঞ্চ দণ্ডঞ্চ খড়্গপাশাঙ্কুশান্ ক্রমাৎ।

অধুনা অধ ঊর্দ্ধদিগ্‌দ্বয়পালয়োঃ পূজাসন্নিবেশং লিখতি অনন্তমিতি। তথা তেনৈব প্রকারেণেতি বীজাদিনা বর্ণাদিনা চান্বিতমিত্যর্থঃ। অনন্তং নির্ঋতেঃ অম্বুপস্য বরুণস্য চ মধ্যে অর্চ্চয়েৎ। ব্রহ্মাণঞ্চ ইন্দ্ররুদ্রয়োর্মধ্যে তথৈবার্চ্চয়েৎ। তত্র বীজাক্ষরাণি। লাং বাং মাং ক্ষাং রাং যাং সাং হাং হ্রীং আং ইতি। বর্ণাদিকঞ্চোক্তং তত্রৈব। কপিশ-কপিল-নীল-শ্যামল-শ্বেত-ধূম্রাগলসিতশুচিরক্তাঃ বর্ণতোবাসবাদ্যাঃ। করকমলবিরাজৎস্বায়ুধা দিব্যবেশা বিবিধমণিগণাস্রপ্রস্ফুরদ্ভূষণাঢ্যা ইতি। আধিপত্যানি চ দেবতেজঃপ্রেতরক্ষোজলপ্রাণ-নক্ষত্রভূতনাগপ্রজানাং ক্রমশঃ। প্রয়োগঃ। ওঁ লাং ইন্দ্রায় দেবাধিপতয়ে সায়ুধায় সবাহনায় সপরিবারায় কপিশবর্ণায় বিবিধমণিগণকিরণপ্রস্ফুরদ্ভূষণায় নম ইত্যাদিঃ। ক্বচিচ্চ বর্ণভূষণপ্রয়োগো ন তিষ্ঠতে ॥ ১১৯ ॥

মৌলিস্থানি আত্মনঃ আত্মনো লক্ষণানি আয়ুধচিহ্নানি যেষাং বজ্রাদীনাং তান্ যজে-দিতি দ্বাভ্যামন্বয়ঃ। তেষাং তাদৃশমূর্ত্তিমত্ত্বাদৌ হেতুঃ ভগবৎপার্ষদানিতি। তানেব বিবিচ্য লিখতি বজ্রমিতি। অষ্টদিক্ষু বজ্রাদীনষ্টচক্রং পদ্মঞ্চেতি দ্বে অধ ঊর্দ্ধে চ ক্রমাৎ যজেৎ। বর্ণাদিকং চৈষাং তত্রৈবোক্তং। অচ্ছা বহির্নিজ সুলক্ষিত মৌলিমুক্তাঃ স্ব-স্বায়ুধাভয়সমুদ্যতপাণিপদ্মাঃ। কণকরজততোয়দাভ্রচম্পারুণহিমনীলজবাপ্রবালভাসঃ ক্রমত

ইন্দ্র রুদ্রের মধ্যে ঊর্দ্ধদিক্‌পাল ব্রহ্মাকে স্ব স্ব বীজাক্ষর, আধিপত্য, অস্ত্র, বাহন এবং স্বজন সহিত অর্চ্চনা করিবে। প্রয়োগ যথা। "ওঁ লাং ইন্দ্রায় দেবাধিপতয়ে সায়ুধায় সবাহনায় সপরিবারায় কপিশবর্ণায় বিবিধমণিগণকিরণপ্রস্ফুরদ্ভূষণায় নমঃ" ইত্যাদি। এই ষষ্ঠ আব-রণ ॥ ১১৮ ॥ ১১৯ ॥

তাহার বহির্ভাগে পূর্ব্বাদি অষ্টদিকে বর্ণ, মন্ত্র ও ভূষণ সহিত স্ব স্ব লক্ষণাক্রান্ত ভগবানের প্রধান ২ পার্ষদদিগের আরাধনা করিবে। তন্মধ্যে অষ্টদিকে যথাক্রমে বজ্র, শক্তি, দণ্ড, খড়্গ, পাশ, অঙ্কুশ, গদা ও ত্রিশূ-

যজেদ্গদাং ত্রিশূলঞ্চ চক্রাব্জে ত্বধ ঊর্দ্ধয়োঃ ॥ ১২০ ॥

তন্মাহাত্ম্যঞ্চ বিষ্ণুধর্ম্মোত্তরে ॥

শঙ্খং চক্রং গদাং পদ্মং তোমরং মুষলং হলং।

অন্যদ্বাপি হরেঃ শস্ত্রং স্মৃত্বা পাপাৎ প্রমুচ্যতে ॥

ইতি সপ্তমং ॥

সর্ব্বানন্দপ্রদং হ্যেতৎ সপ্তাবরণপূজনং।

অশক্তোঽঙ্গেন্দ্র বজ্রাদ্যমাবৃতিত্রয়মর্চ্চয়েৎ ॥ ১২২ ॥

ঈদৃক্ চৈকান্তিভির্জ্ঞেয়ং তত্তৎকামবতাং মতং।

ইতি রুচাত্তবজ্রপূর্ব্বা রুচিরবিলেপনবস্ত্রমাল্যভূষা ইতি ॥ ১২০ ॥

অন্যৎ বজ্রাদিকং স্মৃত্বাপি কিং পুনঃ পূজয়িত্বা ইত্যর্থঃ ॥ ১২১ ॥

অশক্তঃ সপ্তাবরণপূজনে অসমর্থশ্চেৎ অঙ্গেন্দ্রবজ্রযুক্তমাবরণত্রয়ং পূজয়েৎ। এতদপি পূর্ব্ববৎ সকামজপাভিপ্রায়েণৈব ॥ ১২২ ॥

নৃত্যের বিষয়ে ঐ স্থানেই দ্বারকামাহাত্ম্যে ॥

যো নৃত্যতি প্রহৃষ্টাত্মা ভাবৈর্ব্বহুসুভক্তিতঃ।
স নির্দ্দহতি পাপানি জন্মান্তরশতেম্বপি ॥ ১২৭ ॥
হরিভক্তিসুধোদয়ে ॥
বহুধোৎসার্য্যতে হর্ষাৎ বিষ্ণুভক্তস্য নৃত্যতঃ।
পদ্ভ্যাং ভূমের্দিশোঽক্ষিভ্যাং দোর্ভ্যাং বা মঙ্গলং দিবঃ ॥ ১২৮॥
বারাহে ॥
যশ্চ নৃত্যতি সুশ্রোণি পুরাণোক্তং সমাসতঃ।
ত্রিংশদ্বর্ষসহস্রাণি ত্রিংশদ্বর্ষশতানি চ।
পুষ্করদ্বীপমাসাদ্য মোদতে বৈ যদৃচ্ছয়া।
পুষ্করাচ্চ পরিভ্রষ্টঃ স্বচ্ছন্দগমনালয়ঃ।

ভাবৈঃ শৃঙ্গারাদিরসৈঃ বিবিধচেষ্টাভির্ব্বা। বহু যথা স্যাৎ তথা জন্মান্তরশতেষু কৃতানি করিষ্যমাণান্যপি পাপানি ॥ ১২৭ ॥

নৃত্যতো বিষ্ণুভক্তস্য পাদাদিভিঃ ক্রমাদ্ভূম্যাদেরমঙ্গলমুৎসার্য্যতে বিনশ্যেত ইত্যর্থঃ ॥ ১২৮ ॥

পুরাণোক্তং ভরতাদিপুরাতনমুন্যুক্তং যথা স্যাৎ তচ্ছাস্ত্রানুসারেণেত্যর্থঃ। সমাসতঃ সংক্ষেপেণাপি যো নৃত্যতি। যদ্বা। সমাসতঃ পুরাণোক্তং তস্য ফলমিদমিতি শেষঃ।

যে ব্যক্তি হৃষ্টচিত্তে অতিশয় ভক্তিসহকারে ও যত্ন পূর্ব্বক অধিক নৃত্য করে, তাহার শত শত জন্মের পাপ দগ্ধ হয় ॥ ১২৭ ॥

হরিভক্তিসুধোদয়ে ॥

হর্ষ প্রযুক্ত নৃত্যকারি বিষ্ণুপরায়ণ ব্যক্তির পাদ দ্বারা পৃথিবীর, চক্ষুর্দ্বারা দিঙ্মণ্ডলের এবং বাহুদ্বারা স্বর্গের অমঙ্গল দূর হয় ॥ ১২৮ ॥

বরাহপুরাণে ॥

হে সুশ্রোণি! যে ব্যক্তি ভরতাদি মুনি কথিত শাস্ত্রানুসারে সংক্ষেপে নৃত্য করে, সে পুষ্কর দ্বীপে গিয়া ত্রিংশৎ সহস্র ও ত্রিংশৎ শত বৎসর যথেচ্ছ বিহার করে। পরে স্বেচ্ছানুসারে তথা হইতে পরিভ্রষ্ট হইয়া যথা তথায় গমন ও বসতি করে এবং আমার প্রতি ভক্তি-

ফলমাপ্নোতি সুশ্রোণি মম কর্ম্মপরায়ণঃ ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে ॥

নৃত্যং দত্ত্বা তথাপ্নোতি রুদ্রলোকমসংশয়ং।
স্বয়ং নৃত্যেন সংপূজ্য তস্যৈবানুচরো ভবেৎ ॥ ১২৯ ॥

অন্যত্র শ্রীনারদোক্তৌ ॥

নৃত্যতাং শ্রীপতেরগ্রে তালিকাবাদনৈর্ভৃশং।
উড্ডীয়ন্তে শরীরস্থাঃ সর্ব্বে পাতকপক্ষিণঃ ॥ ১৩০ ॥

অথ বাদ্যস্য। সঙ্গীতশাস্ত্রে ॥

বীণাবাদনতত্ত্বজ্ঞঃ শ্রুতি-জাতি-বিশারদঃ।

তদেবাহ ত্রিংশদিত্যাদিনা। অন্যল্লিখিতার্থমেব ॥ ১২৯ ॥

শরীরস্থাঃ স্বস্য সর্ব্বেষামপি বা ॥ ১৩০ ॥

শ্রুতয়ঃ ষট্‌ত্রিংশদ্ভেদাঃ। জাতয়ঃ সপ্তস্বরাঃ মেঘনাদবসন্তাদিরাগালাপভেদা বা তত্তদভিজ্ঞঃ। মোক্ষো মার্গো উপায়ভূতো যস্মিন্ ভগবতি বৈকুণ্ঠলোকে বা তং নিযচ্ছতি

পরায়ণ হইলে যে ফল লাভ হয়, সেই ফল প্রাপ্ত হয় ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে ॥

অন্য কৃত নৃত্য দ্বারা ভগবানের আরাধনা করিলে, নিঃসন্দেহ রুদ্র-লোক প্রাপ্ত হয়েন, আর স্বয়ং নৃত্য করিয়া যদি তাঁহার আরাধনা করেন, তাহা হইলে তিনি, তাঁহার অনুচর হইবেন ॥ ১২৯ ॥

অন্যস্থলেও শ্রীনারদের বাক্যে ॥

যাঁহারা শ্রীপতির অগ্রে করতালীবাদন পূর্ব্বক বারম্বার নৃত্য করেন, তাঁহাদিগের শরীরস্থ পাপরূপ পক্ষী সকল উড্ডীন হইয়া পলায়ন করে ॥ ১৩০ ॥

অথ বাদ্যের বিষয় ॥

সঙ্গীতশাস্ত্রে ॥

যিনি বীণাবাদনে নিপুণ, শ্রুতি ও জাতি বিষয়ে অভিজ্ঞ এবং তাল

তালজ্ঞশ্চাপ্রয়াসেন মোক্ষমার্গং নিযচ্ছতি ॥ ১৩১ ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে ॥

বাদ্যং দত্ত্বা তথা বিপ্রঃ শক্রলোকমবাপ্নুয়াৎ।
স্বয়ং বাদ্যেন সংপূজ্য তস্যৈবানুচরো ভবেৎ।
বাদ্যানামপি দেবস্য তন্ত্রীবাদ্যং সদা প্রিয়ং।
তেন সংপূজ্য বরদং গাণপত্যমবাপ্নুয়াৎ ॥

অথ শক্তৌ পুনঃ পূজা ॥

শক্তশ্চেৎ সপরীবারং কৃষ্ণং গন্ধাদিভিঃ পুনঃ।

বশীকরোতি। অন্যেভ্যোঽপি নিতরাং যচ্ছতি দদাতীতি বা ॥ ১৩১ ॥

সপরিবারং পূর্ব্বলিখিতাবরণসহিতং। সপরিবারায় কৃষ্ণায় নম ইত্যুচ্চার্য্য মূলমন্ত্রেণ গন্ধাদিভিঃ পঞ্চভিরুপচারৈঃ পুনঃ সম্যক্ পূজয়িত্বা সপরিবারায় কৃষ্ণায় ইদমর্ঘ্যং স্বাহেতি

প্রয়োগে দক্ষ, তিনি মোক্ষের উপায়ভূত বিষ্ণুকে অনায়াসে বশীভূত করেন ॥

তাৎপর্য্য। শ্রুতি, বাদ্যের অঙ্গবিশেষ, ঐ শ্রুতি ষট্‌ত্রিংশৎ প্রকার জাতি, সপ্তস্বর অথবা মেঘনাদ ও বসন্তাদিরাগের আলাপ বিশেষ ॥১৩১

বিষ্ণুধর্ম্মোত্তরে ॥

ব্রাহ্মণ পরকৃত বাদ্যদ্বারা বিষ্ণুর আরাধনা করিলে ইন্দ্রলোক প্রাপ্ত হয়েন, আর যদি স্বয়ং বাদ্য বাজাইয়া ভগবানের উপাসনা করেন, তাহা হইলে তিনি বিষ্ণুর অনুচর হয়েন ॥

যত প্রকার বাদ্য আছে, তন্মধ্যে তন্ত্রীবাদ্য ভগবানের সর্ব্বদা প্রিয়। সেই তন্ত্রীবাদ্য দ্বারা বরদাতা বিষ্ণুর আরাধনা করিলে গণেশের লোক প্রাপ্তি হয় ॥

শক্তি থাকিলে পুনর্ব্বার পূজা ॥

সমর্থ হইলে মূলমন্ত্র দ্বারা গন্ধ প্রভৃতি পঞ্চ উপচারে পুনর্ব্বার পরিবার সহিত শ্রীকৃষ্ণের পূজা করিয়া অর্ঘ্য সমর্পণ করিবে। প্রয়োগ যথা।

পঞ্চোপচারৈর্ম্মূলেন সংপূজ্যার্ঘ্যং সমর্পয়েৎ ॥ ১৩২ ॥

অথ নীরাজনং ॥

ততশ্চ মূলমন্ত্রেণ দত্ত্বা পুষ্পাঞ্জলিত্রয়ং।
মহানীরাজনং কুর্য্যান্মহাবাদ্যজয়স্বনৈঃ।
প্রজ্বালয়েত্তদর্থঞ্চ কর্পূরেণ ঘৃতেন বা।
আরাত্রিকং শুভে পাত্রে বিসমানেকবর্ত্তিকং ॥ ১৩৩ ॥

অথ নীরাজনমাহাত্ম্যং ॥

স্কান্দে ব্রহ্মনারদসম্বাদে ॥

বহুবর্ত্তিসমাযুক্তং জ্বলন্তং কেশবোপরি।
কুর্য্যাদারাত্রিকং যস্তু কল্পকোটিং বসেদ্দেবি।

অর্ঘ্যং নিবেদয়েদিত্যর্থঃ ॥ ১৩২ ॥

তদর্থং মহানীরাজননিমিত্তং। আরাত্রিকং দীপং। শুভে উত্তমে স্বুবর্ণাদিনির্ম্মিতে বিস্তীর্ণে পাত্রে বিষমা অযুগ্মা অনেকাশ্চ বহ্বা বর্ত্তিকা বর্ত্ত্যো যস্মিন্ তং ॥ ১৩৩ ॥

কেশবোপরীতি কেশবমূর্দ্ধনীতি চ প্রায়ঃ শ্রীমস্তকনির্ম্মঞ্ছনং বোধয়তি। প্রবিশেদিব অত্যন্ত সন্নিকৃষ্টো ভূত্বা তিষ্ঠেদিত্যর্থঃ। নব্যয়ো ভক্তানাং যস্মাদিতি মোক্ষো নিরস্ত

"সপরিবারায় কৃষ্ণায় নমঃ" এই মন্ত্র উচ্চারণ পূর্ব্বক মূলমন্ত্রে গন্ধাদি পঞ্চ উপচারে পুনর্ব্বার সর্ব্বতোভাবে পূজা করিয়া "সপরিবারায় কৃষ্ণায় ইদমর্ঘ্যং স্বাহা" এই বলিয়া অর্ঘ্য সমর্পণ করিবে ॥ ১৩২ ॥

অথ নীরাজন ॥

তদনন্তর মূলমন্ত্র উচ্চারণ পূর্ব্বক তিনবার পুষ্পাঞ্জলি দিয়া মহাবাদ্য ও জয়ধ্বনি সহকারে মহানীরাজন করিবে এবং ঐ নীরাজনের নিমিত্ত স্বর্ণাদিনির্ম্মিত উত্তম পাত্রে কর্পূর অথবা ঘৃত দ্বারা অযুগ্ম ও বহুবর্ত্তি-বিশিষ্ট দীপ প্রজ্বালিত করিবে ॥ ১৩৩ ॥

অথ নীরাজনমাহাত্ম্য

স্কন্দপুরাণে ব্রহ্মনারদসম্বাদে ॥

যে ব্যক্তি বহুবর্ত্তিবিশিষ্ট জ্বলন্ত দীপ দ্বারা কেশবের মস্তকোপরি আরাত্রিক করেন, তিনি কোটিকল্প পরিমিতকাল স্বর্গে বাস করেন ॥

কর্পূরেণ তু যঃ কুর্য্যাৎ ভক্ত্যা কেশবমূর্দ্ধনি।
আরাত্রিকং মুনিশ্রেষ্ঠ প্রবিশেদ্বিষ্ণুমব্যয়ং ॥ ১৩৪ ॥
তত্রৈবান্যত্র ॥
দীপ্তিমন্তং সকর্পূরং করোত্যারাত্রিকং নৃপ।
কৃষ্ণস্য বসতে লোকে সপ্ত কল্পানি মানবঃ ॥ ১৩৫ ॥
তত্রৈব শ্রীশিবোমাসম্বাদে ॥
মন্ত্রহীনং ক্রিয়াহীনং যৎকৃতং পূজনং হরেঃ ॥
সর্ব্বং সম্পূর্ণতামেতি কৃতে নীরাজনে শিবে ॥ ১৩৬ ॥
হরিভক্তিসুধোদয়ে ॥
কৃত্বা নীরাজনং বিষ্ণোর্দীপাবল্যা সুদৃশ্যয়া।

এব ॥ ১৩৪ ॥
সপ্তকল্পানীতি অসংখ্যত্বে তাৎপর্য্যং। অথবা শ্বেতদ্বীপাদৌ বৈকুণ্ঠলোকে তাবৎকালং স্থিত্বা পশ্চাৎ পরমোৎসাহেন তাদৃশভক্তিপ্রচারণায় স্বেচ্ছয়া অবতরণাভিপ্রায়েণোক্তং ॥ ১৩৫ ॥
শিবে হে পার্ব্বতি ॥ ১৩৬ ॥

হে মুনিশ্রেষ্ঠ! যিনি কর্পূর দ্বারা ভক্তি সহকারে বিষ্ণুর মস্তকে নীরাজন করেন তিনি বিষ্ণুর অক্ষয় সান্নিধ্য লাভ করেন ॥ ১৩৪ ॥

ঐ স্কন্দপুরাণের অন্য স্থলে ॥

যে মনুষ্য জ্বলন্ত কর্পূর সহিত দীপ দ্বারা নীরাজন করেন, তিনি সপ্তকল্প পর্য্যন্ত কৃষ্ণধামে বাস করেন ॥

ঐ স্থানেই শ্রীশিব ও উমার সম্বাদে ॥

হে পার্ব্বতি! ভগবানের নীরাজন করিলে মন্ত্রহীন ও ক্রিয়াহীন, যে কোন পূজা করা হইয়াছে তৎসমুদায় সম্পূর্ণ হইয়া থাকে ॥ ১৩৬ ॥

হরিভক্তিসুধোদয়ে ॥

সুদৃশ্য দীপাবলি দ্বারা বিষ্ণুর নীরাজন করিলে তমোবিকার অর্থাৎ

তমোবিকারং জয়তি জিতে তস্মিংশ্চ কো ভবঃ ॥ ১৩৭ ॥

অন্যত্র চ ॥

কোটয়ো ব্রহ্মহত্যানামগম্যাগমকোটয়ঃ।

দহত্যালোকমাত্রেণ বিষ্ণোঃ সারাত্রিকং মুখমিতি ॥ ১৩৮ ॥

যচ্চ দীপস্য মাহাত্ম্যং পূর্ব্বং লিখিতমস্তি তৎ।

দ্রষ্টব্যং সর্ব্বমত্রাপি প্রায়েণাভেদতোঽনয়োঃ ॥ ১৩৯ ॥

তমস্তমোগুণঃ অজ্ঞানং বা সত্ত্বাবরকত্বাৎ। তস্য বিকারং কামক্রোধাদিকং দ্বিতীয়-পক্ষে দেহাভিমানাদিকং। তস্মিন্ তমোবিকারে ভবঃ সংসারঃ কঃ স্যাৎ অপিতু ন কশ্চিদপি। স্বতএব জিতো ভবতীত্যর্থঃ ॥ ১৩৭ ॥

কোটয়ঃ কোটীঃ যা কোটয়স্তা ইতি বা। সারাত্রিকং দীপসহিতং দীপালোকেনাধিকং শোভমানমিত্যর্থঃ ॥ ১৩৮ ॥

অত্র নীরাজনেঽপি তৎসর্ব্বং মাহাত্ম্যং দ্রষ্টব্যং মন্তব্যং জ্ঞেয়ং। তত্র হেতুঃ। অনয়োঃ ধূপানন্তরস্য দীপস্য এতন্নীরাজনদীপস্য চেতি দ্বয়োরভেদাৎ। প্রায়েণেতি স্বমতে বর্ত্ত্যাদি-ভেদাৎ ॥ ১৩৯ ॥

তমোগুণের বিকার কামক্রোধাদি অথবা অজ্ঞানবিকার অভিমানাদি নষ্ট হয় এবং তাহা বিনষ্ট হইলে আর সংসারে জন্মগ্রহণ করিতে হয় না ॥ ১৩৭ ॥

অন্যস্থলেও ॥

নীরাজন কালে দীপালোকে অধিক শোভমান বিষ্ণুর মুখ দর্শনমাত্র কোটি কোটি ব্রহ্মহত্যার পাপ ও কোটি কোটি অগম্যা গমনের পাপ দগ্ধ হয় ॥ ১৩৮ ॥

ধূপানন্তর প্রদত্ত দীপ ও নীরাজন দীপ উভয়ের অভেদ বশতঃ পূর্ব্বে দীপের যে সকল মাহাত্ম্য লিখিত হইয়াছে এস্থলেও প্রায় তৎ-সমুদায় জানিতে হইবে ॥ ১৩৯ ॥

অতঃ সাদরমুত্থায় মহানীরাজনন্ত্বিদং।
দ্রষ্টব্যং দীপবৎ সর্ব্বৈর্বন্দ্যমারাত্রিকঞ্চ যৎ॥ ১৪০॥
তদুক্তং শ্রীপুলস্ত্যেন বিষ্ণুধর্ম্মে॥
ধূপং চারাত্রিকং পশ্যেৎ করাভ্যাঞ্চ প্রবন্দতে।
কুলকোটিং সমুদ্ধৃত্য যাতি বিষ্ণোঃ পরং পদং॥
মূলাগমে চ॥
নীরাজনঞ্চ যঃ পশ্যেদ্দেবদেবস্য চক্রিণঃ।
সপ্ত জন্মানি বিপ্রঃ স্যাদন্তে চ পরমং পদং॥
অথ শঙ্খাদিবাদনমাহাত্ম্যং॥
বৃহন্নারদীয়ে শ্রীযমভগীরথসম্বাদে॥
কেশবায়তনে রাজন্ কুর্ব্বন্ শঙ্খরবং নরঃ।

অতোঽস্যাস্যাগ্যাত্মবিশেষাৎ॥ ১৪০॥

অতএব সকলে সাদরে উত্থিত হইয়া এই মহানীরাজন দীপকেও নীরাজন দীপের ন্যায় দর্শন ও বন্দনা করিবেন॥ ১৪০॥

শ্রীপুলস্ত্য কর্ত্তৃক বিষ্ণুধর্ম্মোত্তরে তাহা উক্ত হইয়াছে॥

ধূপ ও নীরাজন-দীপ-দর্শন এবং করদ্বারা বন্দনা করিলে কোটিকুল উদ্ধার হয় ও বিষ্ণুর পরম স্থান লাভ করে॥

মূলাগমেও॥

যিনি দেবদেব চক্রপাণির নীরাজন দর্শন করেন, তিনি সপ্তজন্ম ব্রাহ্মণ হইয়া পরিণামে পরমপদ লাভ করেন॥

অথ শঙ্খাদিবাদনমাহাত্ম্য॥

বৃহন্নারদীয়পুরাণে যম ও ভগীরথসম্বাদে॥

হে রাজন্! যে মনুষ্য কেশবের গৃহে শঙ্খধ্বনি করেন, তিনি

সর্ব্বপাপবিনির্ম্মুক্তো ব্রহ্মণা সহ মোদতে।
করশব্দং প্রকুর্ব্বন্তি কেশবায়তনেষু যে।
তে সর্ব্বে পাপনির্ম্মুক্তা বিমানেশা যুগদ্বয়ং ॥ ১৪১ ॥
তালাদিকাংস্যনিনদং কুর্ব্বন্ বিষ্ণুগৃহে নরঃ।
যৎ ফলং লভতে রাজন্ শৃণুষ্ব গদতো মম।
সর্ব্বপাপবিনির্ম্মুক্তো বিমানশতসঙ্কুলঃ।
গীয়মানশ্চ গন্ধর্ব্বৈর্বিষ্ণুনা সহ মোদতে।
ভেরীমৃদঙ্গপটহনিশানাদ্যৈশ্চ ডিণ্ডিমৈঃ।
সন্তর্প্য দেবদেবশং যৎ ফলং লভতে শৃণু।
দেবস্ত্রীশতসংযুক্তঃ সর্ব্বকামসমন্বিতঃ ॥

বিমানানামীশাঃ স্বামিনো ভবন্তি ॥ ১৪১ ॥
নিশানো বাদিত্রবিশেষঃ ॥ ১৪২ ॥

সমুদায় পাপ হইতে নির্ম্মুক্ত হইয়া ব্রহ্মলোকে বিহার করেন ॥

যাঁহারা কেশবের আলয়ে কর শব্দ করেন, তাঁহারা সর্ব্ব পাপ বিমুক্ত হইয়া দুই যুগ বিমানের ঈশ্বরত্ব লাভ করেন ॥ ১৪১ ॥

হে রাজন্! বিষ্ণুগৃহে তালপ্রভৃতি কাংস্যধ্বনি করিলে মনুষ্য যে ফল লাভ করেন, আমি তাহা কীর্ত্তন করিতেছি শ্রবণ করুন। সেই বাদ্যকারি মানব সমস্ত পাপ বিনির্ম্মুক্ত ও শত শত বিমানে আরূঢ় হইয়া, বিষ্ণুর সহিত আনন্দানুভব করেন এবং গন্ধর্ব্বগণ তাঁহার যশো গান করিতে থাকেন ॥

ভেরী, মৃদঙ্গ, পটহ, নিশান (বাদ্য) ও ডিণ্ডিম প্রভৃতি বাদ্যযন্ত্র দ্বারা দেবদেবেশ্বর বিষ্ণুকে পরিতৃপ্ত করিলে যে ফল হয় শ্রবণ করুন। সেই বাদ্যকারি ব্যক্তি শত শত দেবস্ত্রীগণ কর্ত্তৃক পরিবৃত ও সর্ব্বকাম সমন্বিত হইয়া স্বর্গলোকে গমন করেন এবং পঞ্চ কল্প পরিমিতকাল

স্বর্গলোকমনুপ্রাপ্য মোদতে কল্পপঞ্চকমিতি ॥ ১৪২ ॥

অথ সজলশঙ্খনীরাজনং ॥

ততশ্চ সজলং শঙ্খং ভগবন্মস্তকোপরি।
ত্রির্ভ্রাময়িত্বা কুর্ব্বীত পুনর্নীরাজনং প্রভোঃ ॥ ১৪৩ ॥

তন্মাহাত্ম্যঞ্চ দ্বারকামাহাত্ম্যে তত্রৈব ॥

শঙ্খে কৃত্বা তু পানীয়ং ভ্রামিতং কেশবোপরি।
সন্নিধৌ বসতে বিষ্ণোঃ কল্পান্তং ক্ষীরসাগরে। ইতি ॥ ১৪৪ ॥

নীরাজনদ্বয়ং চৈতত্তাম্বূলস্যার্পণাৎ পরং।
কেচিদিচ্ছন্তি কেচিচ্চ দর্পণার্পণতঃ পরং ॥

তথা চ পঞ্চরাত্রে ॥

পুনরাচমনং দদ্যাৎ করোদ্বর্ত্তনমেব চ।

জলপূর্ণশঙ্খেন পুনর্নীরাজনং লিখতি ততশ্চেতি ॥ ১৪৩ ॥
যেন ভ্রামিতং স বসতে বসতি ॥ ১৪৪ ॥

তথায় বিহার করেন ॥ ১৪২ ॥

অথ সজল শঙ্খদ্বারা নীরাজন ॥

তদনন্তর জলপূর্ণ শঙ্খ ভগবানের মস্তকোপরি তিনবার ভ্রমণ করাইয়া পুনর্ব্বার প্রভুর নীরাজন করিবে ॥ ১৪৩ ॥

দ্বারকামাহাত্ম্যের ঐ স্থলেই উহার মাহাত্ম্য কথিত হইয়াছে ॥

যে ব্যক্তি জলপূর্ণ শঙ্খ কেশবের মস্তকোপরি ভ্রমণ করান, তিনি কল্পান্তকাল পর্য্যন্ত ক্ষীরসাগরে বিষ্ণুর সন্নিধানে বসতি করেন ॥ ১৪৪ ॥

কেহ কেহ তাম্বুল দানের পর, কেহ বা দর্পণ অর্পণের পর এই দুই প্রকার নীরাজন ইচ্ছা করেন ॥

ঐ বিষয় পঞ্চরাত্রে কথিত হইয়াছে ॥

পুনরাচমন, হস্তমার্জন এবং কর্পূর সহিত তাম্বূল দান করিয়া

সকর্পূরঞ্চ তাম্বূলং কুর্য্যান্নীরাজনং তথা।
সমর্প্য মুকুটাদীনি ভূষণানি বিচক্ষণঃ।
আদর্শয়েত্তথাদর্শং প্রকল্প্য চ্ছত্রচামরে॥
গারুড়ে চ॥
অথ ভুক্তবতে দত্ত্বা জলৈঃ কর্পূরবাসিতৈঃ।
আচমনঞ্চ তাম্বূলং চন্দনৈঃ করমার্জনং।
পুষ্পাঞ্জলিং ততঃ কৃত্বা ভক্ত্যাদর্শং প্রদর্শয়েৎ।
নীরাজনং পুনঃ কার্য্যং কর্পূরং বিভবে সতি॥
অতএব বায়ুপুরাণে॥
আরাত্রিকস্তু নিঃস্নেহং নিঃস্নেহয়তি দেবতাং।
অতঃ সংশময়িত্বৈব পুনঃ পূজনমাচরেৎ॥

আরাত্রিকং নীরাজনপাত্রং নিঃস্নেহং ঘৃতাদিরহিতং। নিঃস্নেহাং দয়ারহিতাং। সংশময়িত্বা সংশময্য নির্ব্বাপ্যেত্যর্থঃ। যশ্চ পূর্ব্বং দীপনির্ব্বাপণদোষ উক্তঃ স দীপবিষয়ক এব নতু নীরাজনবিষয়কো জ্ঞেয়ঃ॥ ১৪৫॥

নীরাজন করিবে। পণ্ডিত ব্যক্তি মুকুটাদি ভূষণ, ছত্র ও চামর অর্পণ করিয়া দর্পণ দেখাইবেন॥

গরুড়পুরাণেও॥

ভোজন করা হইলে, প্রথমতঃ আচমনার্থ কর্পূর-বাসিত জল, তাহার পর তাম্বূল, তাহার পর করমার্জনার্থ চন্দন নিবেদন করিয়া পুষ্পাঞ্জলি দিবে। তদনন্তর ভক্তিপূর্ব্বক দর্পণ দেখাইবে। সমর্থ হইলে তাহার পর কর্পূর দ্বারা পুনর্ব্বার নীরাজন করিবে॥

অতএব বায়ুপুরাণে কথিত হইয়াছে॥

নীরাজন পাত্র স্নেহ শূন্য হইলে দেবতাকে স্নেহ শূন্য করে, এই নিমিত্ত তাহা নির্ব্বাপণ করিয়া পুনর্ব্বার পূজা আরম্ভ করিবে॥

অতএব দ্বারকামাহাত্ম্যে। তত্রৈব ॥

কৃত্বা পূজাদিকং সর্ব্বং জ্বলন্তং কৃষ্ণমূর্দ্ধনি।

আরাত্রিকং প্রকুর্ব্বাণো মোদতে কৃষ্ণসন্নিধৌ। ইতি ॥ ১৪৫॥

কেচিন্নীরাজনাৎ পশ্চাদিচ্ছন্তি প্রণতিং ততঃ।

প্রদক্ষিণং ততঃ স্তোত্রং গীতনৃত্যাদিকং ততঃ ॥ ১৪৬ ॥

এবং ভাগবতাঃ স্বস্বসম্প্রদায়ানুসারতঃ।

প্রবর্ত্তন্তে প্রভোর্ভক্তৌ ভক্ত্যা সর্ব্বং হি শোভনং।

ততো নিক্ষিপ্য দেবস্যোপরি পুষ্পাঞ্জলিত্রয়ং।

বিচিত্রৈর্ম্মধুরৈঃ স্তোত্রৈঃ স্তুতিং কুর্ব্বীত ভক্তিমান্ ॥ ১৪৭ ॥

প্রণতিং বন্দনং। ততঃ প্রণতেঃ পশ্চাৎ প্রদক্ষিণমিচ্ছন্তি। এবমগ্রেঽপি ॥ ১৪৬ ॥

নমু পরস্পরং সম্বাদাভাবেনানির্দ্ধারদোষঃ স্যাত্তত্র লিখতি ভক্ত্যেতি ॥ ১৪৭ ॥

তাৎপর্য্য। পূর্ব্বে দীপনির্ব্বাণের যে সমুদায় দোষ লিখিত হইয়াছে তাহা দীপ সম্বন্ধেই জানিতে হইবে, নীরাজন বিষয়ে নহে ॥

এই কারণে দ্বারকামাহাত্ম্যে ঐ বিষয় কথিত হইয়াছে ॥

যে ব্যক্তি পূজাদি সমুদায় সম্পাদন করিয়া জ্বলিত দীপাবলি দ্বারা শ্রীকৃষ্ণের মস্তকোপরি নীরাজন করেন, তিনি শ্রীকৃষ্ণের নিকট আনন্দ অনুভব করেন ॥ ১৪৫ ॥

কেহ কেহ নীরাজনের পর প্রণাম তদনন্তর প্রদক্ষিণ, তাহার পর স্তব ও সর্ব্বশেষে নৃত্যাদি ইচ্ছা করেন ॥ ১৪৬ ॥

বৈষ্ণবগণ এই প্রকারে স্বীয় স্বীয় সম্প্রদায় অনুসারে ভক্তিসহকারে প্রভুর পূজাদি করিবেন, কারণ ভক্তি পূর্ব্বক যে কোন কার্য্য করা যায় সে সকলই সম্পূর্ণ হইয়া থাকে ॥

তাহার পর ভক্তিযুক্ত হইয়া শ্রীকৃষ্ণের মস্তকে তিনবার অঞ্জলি দিয়া বিচিত্র ও মধুর স্তোত্র দ্বারা স্তব করিবেন ॥ ১৪৭ ॥

অথ স্তুতিবিধিঃ ॥

মহাভারতে ॥

আরিরাধয়িষুঃ কৃষ্ণং বাচং জিগদিষামি যাং।
তয়া ব্যাসসমাসিন্যা প্রীয়তাং মধুসূদনঃ। ইতি ॥ ১৪৮ ॥

আরম্ভে চ স্তবেরেতং শ্লোকং স্তুতিপরঃ পঠেৎ।
সত্যাং তস্যাঃ সমাপ্তৌ চ শ্লোকং সঙ্কীর্ত্তয়েদিমং ॥

ইতি বিদ্যাতপোযোনিরযোনির্বিষ্ণুরীরিতঃ।
বাগ্‌যজ্ঞেনার্চ্চিতো দেবঃ প্রীয়তাং মে জনার্দ্দনঃ ॥ ১৪৯ ॥

অথ স্তোত্রাণি পূর্ব্বতাপয়নীয়শ্রুতিষু ॥

কৃষ্ণমারিরাধয়িষুরারাধয়িতুমিচ্ছন্ জিগদিষামি গদিতুমিচ্ছামি। ব্যাসো বিস্তারঃ সমাসঃ সংক্ষেপস্তদযুক্তয়া তয়া বাচা ॥ ১৪৮ ॥

এতং আরিরাধয়িষুরিত্যাদিকং। তস্যাঃ স্তবেঃ সমাপ্তৌ সত্যাং। ইমং ইতি বিদ্যে-ত্যাদিকং ॥ ১৪৯ ॥

অথ স্তুতি বিধি ॥

মহাভারতে ॥

শ্রীকৃষ্ণকে আরাধনা করিতে ইচ্ছা করিয়া যে সকল বাক্য বলিতে অভিলাষ করিতেছি, সঙ্ক্ষিপ্ত ও বিস্তৃত সেই সমুদায় বাক্য দ্বারা মধু-সূদন প্রসন্ন হউন ॥ ১৪৮ ॥

স্তুতিকারী ব্যক্তি স্তুতির আরম্ভে পূর্ব্বোক্ত "আরিরাধয়িষুঃ" ইত্যাদি শ্লোকটী ও স্তব সমাপ্ত হইলে পশ্চাদুক্ত "ইতিবিদ্যা" ইত্যাদি শ্লোকটী পাঠ করিবেন ॥

বিদ্যা ও তপস্যার কারণ, জন্মরহিত অর্থাৎ বিশ্বব্যাপক বলিয়া প্রসিদ্ধ এবং বাক্য ও যজ্ঞের দ্বারা অর্চ্চিত জনার্দ্দন আমার প্রতি প্রসন্ন হউন ॥ ১৪৯ ॥

অথ স্তোত্র সকল ॥

পূর্ব্বতাপনীয় শ্রুতিতে ॥

ওঁ নমো বিশ্বরূপায় বিশ্বস্থিত্যন্তহেতবে।
বিশ্বেশ্বরায় বিশ্বায় গোবিন্দায় নমোনমঃ ॥
নমো বিজ্ঞানরূপায় পরমানন্দরূপিণে।
কৃষ্ণায় গোপীনাথায় গোবিন্দায় নমোনমঃ।
নমঃ কমলনেত্রায় নমঃ কমলমালিনে।
নমঃ কমলনাভায় কমলাপতয়ে নমঃ।
বর্হাপীড়াভিরামায় রামায়াকুণ্ঠমেধসে।
রমামানসহংসায় গোবিন্দায় নমোনমঃ।
কংসবংশবিনাশায় কেশিচানূরঘাতিনে।
বৃষভধ্বজবন্দ্যায় পার্থসারথয়ে নমঃ।
বেণুবাদনশীলায় গোপালায়াহিমর্দ্দিনে।
কালিন্দীকুললোলায় লোলকুণ্ডলবল্লবে।
বল্লবীনয়নাম্ভোজমালিনে নৃত্যশালিনে।
নমঃ প্রণতপালায় শ্রীকৃষ্ণায় নমোনমঃ।

লোলাভ্যাং কুণ্ডলাভ্যাং বল্লবে সুন্দরায়। বল্লবীনাং নয়নান্যেবাম্ভোজানি তেষাং পঙ্ক্তীর্মালাস্তদ্বতে তাভিঃ সদা পরময়া শক্ত্যা দৃশ্যমানায়েত্যর্থঃ।

জগতের সৃষ্টি, স্থিতি ও বিনাশের কারণ, বিশ্বের ঈশ্বর ও বিশ্বরূপ গোবিন্দকে নমস্কার। জ্ঞান ও পরমানন্দ স্বরূপ গোপীনাথ গোবিন্দ কৃষ্ণকে নমস্কার। পদ্মনেত্র, পদ্মমালী, পদ্মনাভ, পদ্মাপতিকে নমস্কার। যাঁহার মস্তক ময়ূরপুচ্ছে শোভমান, অকুণ্ঠ বুদ্ধি সম্পন্ন, লক্ষ্মীর মানস-সরোবরের হংস স্বরূপ সেই গোবিন্দকে নমস্কার। কংসবংশধ্বংসকারী কেশী ও চানূরঘাতী, মহাদেবের বন্দনীয় এবং অর্জ্জুনের সারথিকে নমস্কার। বেণুবাদনতৎপর, গোরক্ষক, কালিয়মর্দ্দন, কালিন্দীকূলে রত, চঞ্চল-কুণ্ডলদ্বারা শোভান্বিত, গোপীদিগের নয়নপদ্মের মালাধারী, নৃত্যশালী এবং প্রণত ব্যক্তিদিগের প্রতিপালক শ্রীকৃষ্ণকে নমস্কার।

নমঃ পাপপ্রণাশায় গোবর্দ্ধনধরায় চ।
পূতনাজীবিতান্তায় তৃণাবর্ত্তাসুহারিণে॥ ১৫০ ॥
নিষ্কলায় বিমোহায় শুদ্ধায়াশুদ্ধিবৈরিণে।
অদ্বিতীয়ায় মহতে শ্রীকৃষ্ণায় নমোনমঃ।
প্রসীদ পরমানন্দ প্রসীদ পরমেশ্বর।
আধিব্যাধিভুজঙ্গেন দষ্টং মামুদ্ধর প্রভো।
শ্রীকৃষ্ণ রুক্মিণীকান্ত গোপীজনমনোহর।
সংসারসাগরে মগ্নং মামুদ্ধরজগদ্গুরো॥
কেশব ক্লেশহরণ নারায়ণ জনার্দ্দন।
গোবিন্দ পরমানন্দ মাং সমুদ্ধর মাধব॥ ১৫১ ॥
বিশেষতঃ কলিকালে। একাদশস্কন্ধে॥

নিষ্কলায় পরিপূর্ণায় নির্ম্মায়ায়েতি বা। অশুদ্ধিবৈরিণে পরমপাবনায়েত্যর্থঃ॥ ১৫১ ॥

পাপ প্রণাশী, গোবর্দ্ধনধারী, পূতনা ও তৃণাবর্ত্তের প্রাণবিনাশককে নমস্কার॥ ১৫০ ॥

পরিপূর্ণ, মোহবর্জিত, শুদ্ধ, পরমপাবন, অদ্বিতীয় এবং পূজনীয় শ্রীকৃষ্ণকে নমস্কার। হে পরমানন্দ স্বরূপ পরমেশ্বর! আপনি প্রসন্ন হউন, হে প্রভো! মনঃপীড়া ও ব্যাধিরূপ ভুজঙ্গ আমাকে দংশন করিয়াছে আপনি তাহা হইতে উদ্ধার করুন। হে রুক্মিণীকান্ত! হে গোপীজনমনোহারিন্! হে জগদ্গুরো! হে শ্রীকৃষ্ণ! আমি সংসার সাগরে মগ্ন হইয়াছি আমাকে উদ্ধার করুন॥

হে কেশব! হে ক্লেশনাশন! হে নারায়ণ! হে জনার্দ্দন! হে গোবিন্দ! হে পরমানন্দ! হে মাধব! আমাকে উদ্ধার করুন॥ ১৫১ ॥

বিশেষতঃ কলিকালে এই স্তব পাঠ করিবে॥

একাদশস্কন্ধে ৫ অধ্যায়ে ৩০। ৩১ শ্লোকে॥

ধ্যেয়ং সদা পরিভবঘ্নমভীষ্টদোহং
তীর্থাস্পদং শিববিরিঞ্চিনুতং শরণ্যং।
ভৃত্যার্ত্তিহং প্রণতপালভবাব্ধিপোতং

বিশেষতঃ একাদশস্কন্ধোক্তশ্লোকদ্বয়েন কলিকালে স্তুয়াদিতি শিষ্টাচারাল্লিখতি ধ্যেয়মিতি। হে প্রণতপাল হে মহাপুরুষ তে তব চরণারবিন্দং বন্দে। কথম্ভূতং ধ্যেয়ং ধ্যাতুং যোগ্যং। সদেতি সর্ব্বত্র সম্বধ্যতে। ধ্যেয়ত্বে হেতবঃ ইন্দ্রিয়কুটুম্বাদিভির্যঃ পরিভবস্তিরস্কারঃ তং হন্তীতি তথা তৎ। কিঞ্চ। অভীষ্টদোহং মনোরথপূরকং। কিঞ্চ। তীর্থাস্পদং গঙ্গাদ্যাশ্রয়ত্বেন পরমপাবনং। কিঞ্চ। শিববিরিঞ্চিভ্যাং নুতং স্তুতং। নমু তৌ কৃতার্থাবেব কিমর্থং তাভ্যাং নুতং। তত্রাহ শরণ্যং আশ্রয়ণযোগ্যং সুখবিশেষার্থমিতি ভাবঃ। যদ্বা পরমেশ্বরত্বেনাবশ্যসেব্যত্বাৎ তন্মাহাত্ম্যবিশেষেণাকর্ষণাদ্বা। নমু ব্রহ্মাদিস্তুত্যং কথং প্রাকৃতস্য গোচরঃ স্যাৎ। ন। ভৃত্যার্ত্তিহং যস্য কস্যাপি ভৃত্যমাত্রস্যার্ত্তিহন্তারং। ন কেবলমাগন্তুকমার্ত্তিমাত্রং হন্তি কিন্তু ভবাব্ধিপোতং সংসারার্ণবতারকঞ্চ। যদ্বা। শিববিরিঞ্চিনুতমিতি পরমৈশ্বর্য্যমুক্তা শরণ্যমিতি চ শরণাগতবাৎসল্যমুক্ত্বা ভক্তানাং সদা সন্নিহিতমাহ। ভৃত্যানামার্ত্তিং বিরহদুঃখং সাক্ষাৎকারাদিনা হন্তীতি। কিঞ্চ। প্রণতান্ স্বস্বভক্তান্ বরদানাদিনা পালয়ন্তীতি প্রণতপালা ইন্দ্রাদয়োদেবস্তেষামপি ভবাব্ধিপোতং। অথবা পরিভবঘ্নমভীষ্টদোহমিতি বিশেষণাভ্যাং কামিনাং সর্ব্বদুঃখনাশকত্বং কামপরিপূরকত্বং চোক্তং। তীর্থাস্পদমিতি মুমুক্ষুণাং মুক্তিপ্রদত্বং। শিববিরিঞ্চিনুতমিতি মুক্তানামপি স্তুত্যত্বেন সুখবিশেষাত্মকত্বং পরমাকর্ষকত্বঞ্চ। শরণং পরমাশ্রয়মিতি দাসানাং সর্ব্বপুরুষার্থময়ত্বং। কিম্বা শরণং বৈকুণ্ঠধাম ভগবানেব বা তৎপ্রদমিত্যর্থঃ। ইতি পরমপদপ্রদত্বং। ভৃত্যানাং রুক্মিণীপ্রভৃতীনাং ভার্য্যাণাং বিরহার্ত্তিঘ্নমিতি পরমপ্রেমবিষয়ত্বং। প্রণতান্ বৈষ্ণবান্ পালয়ন্তি অন্নাদিদানেন পুষ্ণন্তি দুষ্টজনাদিভ্যো বা রক্ষন্তীতি প্রণতপালাঃ। যদ্বা। প্রণতা বৈষ্ণবা এব পালাঃ পালকা যেষাং জনানাং তেষাং বৈষ্ণবসেবকানাং ভবাব্ধিপোতং ভক্তিপ্রদানেনানায়াসতো বৈকুণ্ঠলোকপ্রাপণাৎ সংসারদুঃখপরম্পরাহারকমিতি নিজদাসানুদাসানামপি

হে প্রণতপাল! হে মহাপুরুষ! আপনার যে চরণারবিন্দ ধ্যানযোগ্য, ইন্দ্রিয় ও কুটুম্বাদিজনিত পরাভবনিবারক, মনোরথপূরক, গঙ্গা প্রভৃতি তীর্থের আশ্রয়, শিব ও ব্রহ্মার স্তুত, আশ্রয়যোগ্য, ভক্ত-

বন্দে মহাপুরুষ্যতে চরণারবিন্দং ॥ ১৫২ ॥

ত্যক্ত্বা সুদুস্ত্যজসুরেপ্সিতরাজ্যলক্ষ্মীং
ধর্ম্মিষ্ঠ আর্য্যবচসা যদগাদরণ্যং।
মায়ামৃগং দয়িতয়েপ্সিতমন্বধাব-

সর্ব্বদুঃখক্ষপণাদিকং ॥ ১৫২ ॥

ইদানীং স্বয়মাপ্তকামত্বান্নৈরপেক্ষ্যং ভক্ত্যর্থঞ্চ সাপেক্ষতাং দর্শয়ন্ শ্রীরামচন্দ্রং স্তৌতি ত্যক্ত্বেতি। হে ধর্ম্মিষ্ঠ সদাচারপ্রবর্ত্তক। হে মহাপুরুষোত্তম। অন্যৈর্দুস্ত্যজা বা সুরেপ্সিতা রাজ্যলক্ষ্মীরযোধ্যাসাম্রাজ্যবিভূতিস্তাং ত্যক্ত্বা তে চরণারবিন্দং অরণ্যং দণ্ডকবনাদিকমগাৎ কিং রাজ্যবৈকল্যদর্শনেন আর্য্যস্য গুরোর্দশরথস্য বচসা কেকয়ীং প্রতি তদীয়বচন-সত্যতা-প্রতিপালনায়েত্যর্থঃ। এবং ধর্ম্মিষ্ঠত্বমুক্ত্বা মহাপুরুষত্বং দর্শয়ন্ ভক্তজনবশ্যতামাহ। দয়িতয়া শ্রীসীতয়া ঈপ্সিতং মায়মৃগং মায়া স্বর্ণময়াকার-হরিণং যদন্বধাবত্তদ্বন্দে। যদ্বা। কৃষ্ণবর্ণং ত্বিষাকৃষ্ণমিতি তত্রৈব প্রাগুক্তেঃ কলৌ শ্রীকৃষ্ণস্য পরমপূজ্যত্বাৎ তদীয়লীলাবর্ণনেন তমেব স্তৌতি। রাজ্যলক্ষ্মীং শ্রীমথুরাসম্পত্তিং অবিবক্ষিতত্বাদসন্ধিঃ। ধর্ম্মিষ্ঠস্য পূর্ব্বজন্মনি একাগ্রতয়া কৃতভগবদারাধনলক্ষণধর্ম্মস্য আর্য্যস্য শ্রীবসুদেবস্য। যদ্বা। ধর্ম্মিষ্ঠয়োরার্য্যয়োঃ শ্রীবসুদেবদেবক্যোর্বচসা তত্র অয়ন্ত্বসভ্য ইত্যাদিনা বসুদেবস্য জন্ম তে মথ্যসাবিদ্যাদিনা দেবক্যাঃ। অরণ্যং বৃহদ্বনাদিকং। যদ্বা। ধর্ম্মিষ্ঠে ভক্তিলক্ষণধর্ম্মনিষ্ঠে শ্রীনন্দগোপরাজে যদরণ্যং ব্রজভূমিলক্ষণং তৎ। এবং স্ত্যপি মহাপুরুষত্বেনৈব সদাচারপ্রবর্ত্তকত্বং ভক্তজনাধীনত্বঞ্চ জ্ঞেয়ং। পরমদুর্ল্লভতামাহ মায়য়া লক্ষ্ম্যা অপি মৃগ্যত ইতি মৃগং। যদ্বা। ভক্তজনাধীনত্বমেবাহ। মায়য়া লক্ষ্ম্যা মৃগং ক্রীড়ামৃগবৎ পরাধীনমিত্যর্থঃ। অরণ্যগমনে নিগূঢ়হেত্বন্তরং। দয়িতয়া শ্রীরাধয়া ঈপ্সিতং পূর্ব্বস্মিন্নিহাপি জন্মনি বিবিধারাধনেন প্রাপ্তুমিষ্টং। অতএব অন্বধাবচ্চারণ্যমেব। গোপালনাদিক্রীড়য়া সর্ব্বতো ধাবন্নিব

গণের দুঃখনাশক এবং সংসারসাগরের পারকারক, তাহা আমি বন্দনা করি ॥ ১৫২ ॥

হে ধর্ম্মিষ্ঠ মহাপুরুষ! অন্যের পক্ষে ত্যাগ করা দুষ্কর এবং দেবগণেরও বাঞ্ছিত রাজ্য লক্ষ্মী পরিত্যাগ করিয়া, আপনি পিতৃবাক্যে অরণ্যে গমন করিয়াছিলেন এবং নিজ প্রিয়া সীতার সন্তোষার্থ মায়া

বন্দে মহাপুরুষ তে চরণারবিন্দং ॥ ১৫৩ ॥
বৈদিকানীদৃশান্যেব কৃষ্ণে পৌরাণিকান্যপি।
তান্ত্রিকাণি চ শস্যানি স্তোত্রাণ্যপি নবান্যপি ॥
বিষ্ণুধর্ম্মোত্তরে হংসগীতায়াং ॥
অভ্রষ্টলক্ষণৈঃ কৃত্বা স্বয়ং বিরচিতাক্ষরৈঃ।
স্তবং ব্রাহ্মণশার্দ্দূলাস্তস্মাৎ কামানবাপ্নুয়াৎ ॥ ১৫৪ ॥
স্তুতিমাহাত্ম্যং বিষ্ণুধর্ম্মে ॥
সর্ব্বদেবেষু যৎ পুণ্যং সর্ব্ববেদেষু যৎ ফলং।
নরস্তৎ ফলমাপ্নোতি স্তুত্বা দেবং জনার্দ্দনং ॥

পরিবভ্রামেত্যর্থঃ ॥ ১৫৩ ॥

ঈদৃশানি এতাদৃশশ্রীগোকুললীলামৃতময়ানি বৈদিকানি কৃষ্ণস্তোত্রাণি শস্তানি ভবন্তি। যদ্বা। কৃষ্ণে শস্তানি তৎসুখকরাণীত্যর্থঃ। অভিনবানি আধুনিক কবিনির্ম্মিতানি ॥ ১৫৪ ॥

মৃগের অভিমুখে ধাবমান হইয়াছিলেন, অতএব আপনার চরণারবিন্দ বন্দনা করি ॥ ১৫৩ ॥

এই প্রকার বেদোক্ত, পুরাণোক্ত, তন্ত্রোক্ত এবং নব্য কবিগণ রচিত স্তোত্র সমুদায় শ্রীকৃষ্ণের প্রীতিসাধনে প্রশস্ত ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে হংসগীতায় ॥

হে শ্রেষ্ঠ ব্রাহ্মণগণ! যাহার লক্ষণ ভ্রষ্ট হয় নাই, এরূপ স্বয়ং বিরচিত অক্ষর সমূহ দ্বারা ভগবানের স্তব করিলে, তিনি সমুদায় কামনা সফল করেন ॥ ১৫৪ ॥

স্তুতিমাহাত্ম্য ॥

বিষ্ণুধর্ম্মে ॥

সমুদায় দেবতার আরাধনা করিলে যে পুণ্য হয় এবং সমগ্র বেদ পাঠ করিলে যে ফল লাভ হয়, দেবশ্রেষ্ঠ জনার্দ্দনের স্তব করিলে সেই ফল লাভ হইয়া থাকে ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে ॥

ন বিত্তদাননিচয়ৈর্ব্বহুভির্ম্মধুসূদনঃ ॥

তথা তোষমবাপ্নোতি যথা স্তোত্রৈর্দ্বিজোত্তমাঃ।

নারসিংহে ॥

স্তোত্রৈর্জপৈশ্চ দেবাগ্রে যঃ স্তৌতি মধুসূদনং।

সর্ব্বপাপবিনির্ম্মুক্তো বিষ্ণুলোকমবাপ্নুয়াৎ।

হরিভক্তিসুধোদয়ে ॥

স্তবন্নমেয়মাহাত্ম্যং ভক্তিগ্রথিতরম্যবাক্।

ভবেদ্ব্রহ্মাদিদুর্ল্লভ্যং প্রভুকারুণ্যভাজনং ॥ ১৫৫ ॥

যথা নরস্য স্তবতো বালকস্যেব তুষ্যতি।

মুগ্ধবাক্যৈর্নহি তথা বিবুধানাং জগৎপিতা ॥ ১৫৬ ॥

ভক্ত্যা প্রেম্ণা গ্রথিতাঃ ক্রমেণ নিবদ্ধাঃ অতএব রম্যা বাগ্ যস্য সঃ। ব্রহ্মাদিদুর্ল্লভ্যং যৎ প্রভোর্ভগবতঃ কারুণ্যং তস্য ভাজনং বিষয়ঃ ॥ ১৫৫ ॥

বিবুধানাং দেবানাং বিদুষামপি বা ॥ ১৫৬ ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে ॥

হে দ্বিজশ্রেষ্ঠ! মধুসূদন স্তব দ্বারা যেরূপ পরিতুষ্ট হন্, বহু বহু ধন দান করিলে সেরূপ সন্তুষ্ট হয়েন না ॥

নৃসিংহপুরাণে ॥

যিনি স্তোত্র ও জপ দ্বারা মধুসূদনের অগ্রে স্তব করেন, তিনি সকল পাপ হইতে মুক্ত হইয়া বিষ্ণুলোক প্রাপ্ত হয়েন ॥

হরিভক্তিসুধোদয়ে।

যে ব্যক্তি ভক্তিপূর্ব্বক বিরচিত রমণীয় স্তুতি দ্বারা ভগবানের অপরিমেয় মাহাত্ম্য কীর্ত্তন করেন, ব্রহ্মাদি দেবগণ প্রভুর যে অনুগ্রহ লাভে বঞ্চিত হন্, তিনি সেই অনুগ্রহের পাত্র হইয়া থাকেন ॥ ১৫৫ ॥

বালকের ন্যায় স্তবকারি মনুষ্যগণের মুগ্ধবাক্যে জগৎপিতা যেরূপ প্রীত হয়েন, জ্ঞানিগণের বাক্যেও তাদৃশ সন্তুষ্ট হন্ না ॥ ১৫৬ ॥

অবলং প্রভুরীপ্সিতোন্নতিং কৃতযত্নং স্বযশঃস্তবে ঘৃণী।
স্বয়মুদ্ধরতি স্তনার্থিনং পদলগ্নং জননীব বালকং ॥
স্কান্দে অমৃতসারোদ্ধারে ॥
শ্রীকৃষ্ণস্তবরত্নৌঘৈর্যেষাং জিহ্বা ত্বলঙ্কৃতা।
নমস্যা মুনিসিদ্ধানাং বন্দনীয়া দিবৌকসাং ॥
তত্রৈব কার্ত্তিকমাহাত্ম্যে শ্রীব্রহ্মনারদসম্বাদে ॥
স্তোত্রাণাং পরমং স্তোত্রং বিষ্ণোর্নামসহস্রকং।
হিত্বা স্তোত্রসহস্রাণি পঠনীয়ং মহামুনে।
তেনৈকেন মুনিশ্রেষ্ঠ পঠিতেন সদা হরিঃ।
প্রীতিমায়াতি দেবেশো যুগকোটিশতানি চেতি ॥ ১৫৭ ॥
স্নানে যৎ স্তোত্রমাহাত্ম্যং লিখিতং লেখ্যমগ্রতঃ।

অবলং অশক্তং ॥ ১৫৭ ॥

যদ্যপি স্নপনে সহস্রনামমাহাত্ম্যং লিখিতমস্তি তথাপি স্তোত্রেষু মধ্যে সহস্রনাম

জননী যেমন স্তনপানেচ্ছু পদলগ্ন বালককে উত্তোলন করিয়া স্বয়ং গ্রহণ করেন, তদ্রূপ দয়ালু প্রভু যত্নসহকারে স্তবকারি অশক্ত ব্যক্তিকে অভীষ্ট উন্নতি প্রদান করিয়া আশ্রয় দান করেন ॥

স্কন্দপুরাণে অমৃতসারোদ্ধারে ॥

যাঁহাদিগের জিহ্বা শ্রীকৃষ্ণের স্তব রূপ রত্নসমূহে অলঙ্কৃত হয়, তাঁহারা সিদ্ধ, মুনি ও দেবগণের বন্দনীয় হয়েন ॥

ঐ স্কন্দপুরাণেই কার্ত্তিকমাহাত্ম্যে ॥
শ্রীব্রহ্মা ও নারদসম্বাদে ॥

হে মহামুনে! স্তোত্র সমূহের মধ্যে সহস্র স্তোত্র পরিত্যাগ করিয়া বিষ্ণুর সহস্র নাম রূপ উৎকৃষ্ট স্তোত্র পাঠ করিবে ॥

হে মুনিশ্রেষ্ঠ! সেই একটীমাত্র সহস্র নাম স্তোত্র সর্ব্বদা পঠিত হইলে দেবেশ্বর শত কোটিযুগ পর্য্যন্ত প্রীতি লাভ করেন ॥ ১৫৭ ॥

স্নান প্রকরণে যে স্তোত্র মাহাত্ম্য লিখিত হইয়াছে এবং পরে যে

যচ্চ কীর্ত্তনমাহাত্ম্যং সর্ব্বং জ্ঞেয়মিহাপি তৎ ॥ ১৫৮ ॥
তন্নিত্যতা চোক্তা বিষ্ণুধর্ম্মে ॥
নূনং তৎ কণ্ঠশালূকমথবা প্রতিজিহ্বিকা।
রোগো বান্যো ন সা জিহ্বা যা ন স্তৌতি হরেগুর্ণান্ ॥১৫৯॥
অথ বন্দনং ॥
প্রণমেদথ সাষ্টাঙ্গং তন্মুদ্রাঞ্চ প্রদর্শয়েৎ।
পঠেৎ প্রতিপ্রণামঞ্চ প্রসীদ ভগবন্নিতি ॥
তদুক্তমেকাদশে শ্রীভগবতা ॥
স্তবৈরুচ্চাবচৈস্তোত্রৈঃ পৌরাণৈঃ প্রাকৃতৈরপি।
স্তুত্বা প্রসীদ ভগবন্নিতি বন্দেত দণ্ডবৎ ॥ ১৬০ ॥

স্তোত্রস্য পরমশ্রৈষ্ঠ্যাপেক্ষয়া পুনরত্রোল্লিখিতং। যচ্চ কীর্ত্তনমাহাত্ম্যমগ্রতো লেখ্যং তৎ সর্ব্বং ইহ স্তুতিমাহাত্ম্যেঽপি জ্ঞেয়ং সর্ব্বষামেবৈষাং কীর্ত্তনরূপত্বাৎ ॥ ১৫৮ ॥
কণ্ঠশালূকং গলরোগবিশেষঃ ॥ ১৫৯ ॥
প্রাকৃতৈরর্ব্বাচীনৈর্লোকভাষানিবদ্ধৈরিতি বা ॥ ১৬০ ॥

কীর্ত্তন মাহাত্ম্য লিখিত হইবে, তৎসমুদায় মাহাত্ম্য এই স্তোত্র প্রকরণেও জানিবে ॥ ১৫৮ ॥

বিষ্ণুধর্ম্মে স্তোত্রের নিত্যতা উক্ত হইয়াছে ॥

যে জিহ্বা হরিগুণ কীর্ত্তন না করে, তাহা শালূক অর্থাৎ গলরোগ বিশেষ অথবা প্রতিজিহ্বা (আলজিহ্বা) কিম্বা অন্যবিধ রোগ ॥ ১৫৯॥

অথ বন্দন ॥

অনন্তর সাষ্টাঙ্গ প্রণাম ও তন্মুদ্রা প্রদর্শন করিবে এবং প্রত্যেক প্রণামেই এই পাঠ করিবে যে "হে ভগবন্! আপনি প্রসন্ন হউন" ॥

একাদশস্কন্ধে ২৭ অধ্যায়ে ৪২ শ্লোকে ভগবান্ বলিয়াছেন ॥

পৌরাণিক ও আধুনিক বিবিধ স্তব পাঠ করিয়া, হে ভগবন্! আপনি প্রসন্ন হউন, এই বলিয়া দণ্ডের ন্যায় পতিত হইয়া বন্দনা করিবে ॥১৬০

অথ প্রণামবিধিঃ। তত্রৈব ॥

শিরো মৎপাদয়োঃ কৃত্বা বাহুভ্যাঞ্চ পরস্পরং।

প্রপন্নং পাহি মামীশ ভীতং মৃত্যুগ্রহার্ণবাৎ ॥ ১৬১ ॥

কিঞ্চাগমে ॥

দোর্ভ্যাং পদ্ভ্যাঞ্চ জানুভ্যামুরসা শিরসা দৃশা।

মনসা বচসা চেতি প্রণামোঽষ্টাঙ্গ ঈরিতঃ ॥ ১৬২ ॥

জানুভ্যাঞ্চৈব বাহুভ্যাং শিরসা বচসা ধিয়া।

বাহুভ্যাং দক্ষিণোত্তরাভ্যাং,পরস্পরং মম দক্ষিণোত্তরপাদৌ গৃহীত্বা। যদ্বা। পরস্পরং নিবদ্ধাভ্যাং কৃতাপরাধ ইব প্রপন্নং পাহী ত্যাদি বিজ্ঞাপ্য প্রণমেদিত্যর্থঃ ॥ ১৬১ ॥

প্রণামেঽষ্টাঙ্গানি দর্শয়তি পদ্ভ্যমিতি। পাদাদিভিঃ প্রণামঃ ক্রমেণ তত্তদঙ্গৈর্ভূম্যবষ্টম্ভনেন তৎসংস্পর্শনাৎ। দৃশা প্রণামঃ চক্ষুরীষন্নিমীলনাৎ। মনসা শিরো মৎপাদয়োঃ কৃত্বা ইত্যাদি ধ্যানেন। বচসা চ ভগবন্ প্রসীদত্যাদিরূপেণোহ্যঃ ॥ ১৬২ ॥

ইমৌ অষ্টাঙ্গপঞ্চাঙ্গপ্রণামৌ ॥ ১৬৩ ॥

অথ প্রণামবিধি ॥

ঐ একাদশস্কন্ধের ২৭ অধ্যায়ে ৪৩ শ্লোকে ॥

উভয় বাহু দ্বারা আমার চরণদ্বয় ধারণপূর্ব্বক মস্তক অবনত করিয়া এই বলিয়া প্রণাম করিবে যে, হে ঈশ! আমি মৃত্যুর আক্রমণ রূপ সাগর হইতে ভীত ও শরণাগত অতএব আমাকে রক্ষা করুন ॥ ১৬১ ॥

আরও আগমে ॥

বাহুদ্বয়, পদদ্বয়, জানুদ্বয়, বক্ষঃস্থল, মস্তক, দৃষ্টি, মন ও বাক্য এই অষ্ট অবয়ব দ্বারা প্রণাম অষ্টাঙ্গ শব্দে নিরূপিত হইয়াছে ॥

তাৎপর্য্য। চক্ষুর ঈষৎ নিমীলন দৃষ্টিগত প্রণাম, বাহু দ্বারা প্রভুর চরণ ধারণপূর্ব্বক অবনত মস্তকে প্রণত হইয়া রহিয়াছি, এই প্রকার ধ্যানই মানসিক প্রণাম। হে ভগবন্! আপনি প্রসন্ন হউন, ইত্যাদি বাক্যে স্তুতিই বাক্যগত প্রণাম ॥ ১৬২ ॥

জানুদ্বয়, বাহুদ্বয়, মস্তক, বাক্য ও বুদ্ধি এই পাঁচ অঙ্গ দ্বারা প্রণাম

পঞ্চাঙ্গকঃ প্রণামঃ স্যাৎ পূজাসু প্রবরাবিমাবিতি ॥ ১৬৩ ॥
গরুড়ং দক্ষিণে কৃত্বা কুর্য্যাত্তৎপৃষ্ঠতো বুধঃ।
অবশ্যঞ্চ প্রণামাংস্ত্রীন্ শক্তশ্চেদধিকাধিকান্ ॥ ১৬৪ ॥
তথাচ নারদপঞ্চরাত্রে ॥
সন্ধিং বীক্ষ্য হরিং চাদ্যং গুরূন্ স্বগুরুমেব চ।
দ্বিচতুর্ব্বিংশদথবা চতুর্বিংশত্তদর্দ্ধকং।
নমেত্তদর্দ্ধমথবা তদর্দ্ধং সর্ব্বথা নমেৎ ॥

গরুড়ং ভগবদভিমুখে বর্ত্তমানং দক্ষিণে কৃত্বেতি ভাবতঃ পুরোভাগে পৃষ্ঠদেশে বামে-ঽত্যন্তনিকটে চ প্রণামনিষেধাৎ। তথা চাগ্রে লেখ্যং অগ্রে পৃষ্ঠে বামভাগ ইত্যাদি। ত্রীন্ প্রণামানবশ্যং কুর্য্যাৎ। যচ্চ নমস্কারেণ চৈকেনেত্যাদিকমগ্রে লেখ্যং তচ্চ মাহাত্ম্যপরতয়ৈব নতু বিধেয়ত্বেন। যথা একপ্রদক্ষিণায়া নিষিদ্ধত্বেঽপি প্রদক্ষিণেন চৈকেনেত্যাদিকমাহাত্ম্য-পরমেব সঙ্গচ্ছতে অন্যথাতিবিরোধাৎ। শক্তশ্চেত্তর্হি তর্হি ততোঽধিকান্ ষড়াদীন্ অষ্ট-চত্বারিংশদন্তান্। ততোপ্যঽধিকান্ অষ্টোত্তরশতাদীন্ কুর্য্যাৎ ॥ ১৬৪ ॥

সন্ধিং ভোজনশয়নাদ্যবসরং। বীক্ষ্য আলোচ্য। তদ্ব্যতিরিক্তকালে ইত্যর্থঃ। লোকে সদাচারানুসারতঃ। আদ্যং হরিং শ্রীকৃষ্ণং। গুরবশ্চোক্তাঃ কৌর্ম্মে। যো ভাবয়তি

পঞ্চাঙ্গ শব্দে নির্দ্দিষ্ট হইয়াছে, পূজা বিষয়ে এই পঞ্চাঙ্গ ও অষ্টাঙ্গ প্রণামই প্রশস্ত ॥ ১৬৩ ॥

পণ্ডিত ব্যক্তি প্রণামকালে ভগবানের সম্মুখস্থ গরুড়কে দক্ষিণদিকে রাখিয়া, তাঁহার পৃষ্ঠে অর্থাৎ বামভাগে প্রণাম করিবে অর্থাৎ প্রভুর অতি নিকটে প্রণাম অত্যন্ত নিষিদ্ধ। প্রণাম তিনবার অবশ্যই করিতে হইবে, কিন্তু সমর্থ হইলে তদপেক্ষা অধিকবার করিলেও হানি নাই ॥ ১৬৪ ॥

নারদপঞ্চরাত্রে ঐ বিষয় কথিত হইয়াছে ॥

শয়ন ভোজনাদি ব্যতিরিক্তকালে প্রথমতঃ হরিকে তদনন্তর গুরু-গণকে অর্থাৎ পিতা, মাতা, বিদ্যাদাতা, জ্যেষ্ঠভ্রাতা এবং পতি এই পাঁচজন গুরুকে এবং নিজ গুরুকে অষ্টচত্বারিংশৎ বার, অথবা ষট্-ত্রিংশৎবার কিম্বা অষ্টাদশবার অথবা নয়বার প্রণাম করিবে ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে।

দেবার্চ্চাদর্শনাদেব প্রণমেন্মধুসূদনং।

স্নানাপেক্ষা ন কর্ত্তব্যা দৃষ্ট্বার্চ্চাং দ্বিজসত্তমাঃ।

দেবার্চ্চা দৃষ্টিপূতং হি শুচি সর্ব্বং প্রকীর্ত্তিতং ॥ ১৬৫ ॥

অথ নমস্কারমাহাত্ম্যং ॥

নারসিংহে ॥

নমস্কারঃ স্মৃতো যজ্ঞঃ সর্ব্বযজ্ঞেষু চোত্তমঃ।

নমস্কারেণ চৈকেন নরঃ পূতো হরিং ব্রজেৎ ॥ ১৬৬ ॥

স্কান্দে ॥

দণ্ডপ্রণামং কুরুতে বিষ্ণবে ভক্তিভাবিতঃ।

যা সূতে যেন বিদ্যোপদিশ্যতে। জ্যেষ্ঠো ভ্রাতা চ ভর্ত্তা চ পঞ্চৈতে গুরবঃ স্মৃতাঃ। ইতি তান্। দ্বিচতুর্বিংশদিতি অষ্টচত্বারিংশদিত্যর্থঃ ॥ ১৬৫ ॥

সর্ব্বেষু যজ্ঞেষু মধ্যে নমস্কারঃ উত্তমো যজ্ঞঃ দেবতারাধনং স্মৃতঃ স্মৃতিকৃদ্ভিঃ ॥ ১৬৬ ॥

রেণুসংখ্যামিতি দণ্ডপ্রণামাচরণে যাবন্তো রেণবো গাত্রৈঃ সংস্পৃশ্যন্তে তাবৎ সংখ্যং তেষাং প্রত্যেকং মন্বন্তরশতং বসেদিত্যর্থঃ। এবমসংখ্যত্বে তাৎপর্য্যং। স্বর্গে ঊর্দ্ধলোকে বসেদিতি

বিষ্ণুধর্ম্মোত্তরে ॥

হে দ্বিজশ্রেষ্ঠগণ! দেবপ্রতিমা দেখিলেই মধুসূদনকে প্রণাম করিবে, স্নানের অপেক্ষা করিবে না। দেবমূর্ত্তি দর্শনের পর যে কোন বস্তু অবলোকন করা যায় তৎসমুদায়ই পবিত্র বলিয়া কীর্ত্তিত হইয়াছে ॥ ১৬৫ ॥

অথ নমস্কারমাহাত্ম্য ॥

নৃসিংহপুরাণে ॥

নমস্কার যজ্ঞ স্বরূপ এবং সমুদায় যজ্ঞের মধ্যে শ্রেষ্ঠ, কেবল এক নমস্কার দ্বারা মনুষ্য পবিত্র হইয়া হরিকে প্রাপ্ত হয় ॥ ১৬৬ ॥

স্কন্দপুরাণে ॥

যে ব্যক্তি ভক্তিভাবে দণ্ডের ন্যায় পতিত হইয়া বিষ্ণুকে প্রণাম

রেণুসংখ্যং বসেৎ স্বর্গে মন্বন্তরশতং নরঃ ॥ ১৬৭ ॥

তত্রৈব শ্রীব্রহ্মনারদসম্বাদে ॥

প্রণম্য দণ্ডবদ্ ভূমৌ নমস্কারেণ যোঽর্চ্চয়েৎ।

স যাং গতিমবাপ্নোতি ন তাং ক্রতুশতৈরপি ॥

নমস্কারেণ চৈকেন নরঃ পূতো হরিং ব্রজেৎ ॥

তত্রৈব শ্রীশিবোমাসম্বাদে ॥

ভূমিমাপীড্য জানুভ্যাং শির আরোপ্য বৈ ভুবি।

প্রণমেদ্যো হি দেবেশং সোঽশ্বমেধফলং লভেৎ ॥

তত্রৈবান্যত্র ॥

তীর্থকোটিসহস্রাণি তীর্থকোটিশতানি চ।

নারায়ণপ্রণামস্য কলাং নার্হন্তি ষোড়শীং।

বৈকুণ্ঠপ্রাপ্তৌ কস্যচিৎ ক্রমগত্যপেক্ষয়া ॥ ১৬৭ ॥

নমস্কারমাত্রেণ যোঽর্চ্চয়েৎ প্রণামরূপমর্চ্চনং যঃ কুর্য্যাদিত্যর্থঃ ॥ ১৬৮ ॥

করে, প্রণামকালে যত গুলি ধূলি গাত্রে সংলগ্ন হয়, তত শত মন্বন্তর সে স্বর্গে বাস করে ॥ ২৬৭ ॥

ঐ স্কন্দপুরাণে ব্রহ্মা ও নারদসম্বাদে ॥

ভূমিতে দণ্ডের ন্যায় প্রণত হইয়া যে ব্যক্তি নমস্কার রূপ অর্চ্চনা করেন, তিনি যাদৃশ ফল প্রাপ্ত হয়েন, তাদৃশ ফল শত যজ্ঞের অনুষ্ঠান করিলেও প্রাপ্ত হওয়া যায় না। কেবল এক নমস্কারেই লোক পবিত্র হইয়া হরিকে প্রাপ্ত হয় ॥

ঐ স্কন্দপুরাণেরই শ্রীশিব ও উমাসম্বাদে ॥

ভূমিতে জানুদ্বয় নিপীড়ন করিয়া এবং মস্তক রাখিয়া যে ব্যক্তি দেবশ্রেষ্ঠ ভগবান্‌কে প্রণাম করে, সে অশ্বমেধযজ্ঞের ফলভাগী হয় ॥

ঐ স্কন্দপুরাণেরই অন্যস্থলে ॥

নারায়ণকে প্রণাম করিলে যে পুণ্য লাভ হয়, সহস্রকোটি ও শত-কোটি তীর্থে তাহার ষোড়শভাগের এক ভাগ ফল লাভ হয় না ॥

শাঠ্যেনাপি নমস্কারং কুর্ব্বতঃ শার্ঙ্গধন্বনে।
শতজন্মার্জ্জিতং পাপং তৎক্ষণাদেব নশ্যতি ॥ ১৬৮ ॥
রেণুমণ্ডিতগাত্রস্য কণা দেহে ভবন্তি যৎ।
তাবদ্বর্ষসহস্রাণি বিষ্ণুলোকে মহীয়তে ॥ ১৬৯ ॥
বিষ্ণুধর্ম্মোত্তরে ।
অভিবাদ্য জগন্নাথং কৃতার্থশ্চ তথা ভবেৎ।
নমস্কারক্রিয়া তস্য সর্ব্বপাপপ্রণাশিনী।
জানুভ্যাঞ্চৈব পাণিভ্যাং শিরসা চ বিচক্ষণঃ।
কৃত্বা প্রণামং দেবস্য সর্ব্বান্ কামানবাপ্নুয়াৎ ॥
বিষ্ণুপুরাণে ॥
অনাদিনিধনং দেবং দৈত্যদানবদারণং।
যে নমন্তি নরা নিত্যং ন হি পশ্যন্তি তে যমং।

কণা রেণুপরমাণবঃ। যদিত্যব্যয়ং যাবন্ত ইত্যর্থঃ। কণা যে ইতি পাঠেঽপি স এবার্থঃ ॥১৬৯

শার্ঙ্গধন্বা হরিকে শঠতা পূর্ব্বক নমস্কার করিলেও শত জন্মের পাপ তৎক্ষণাৎ বিনষ্ট হয় ॥ ১৬৮ ॥

প্রণামকালে ধুলিধূষরিত অঙ্গে যত গুলি ধূলিকণা সংলগ্ন হয়, তত সহস্র বৎসর বিষ্ণুলোকে সম্মানিত হইয়া বাস করেন ॥ ১৬৯ ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে ॥

যে ব্যক্তি জগন্নাথকে প্রণাম করেন, তিনি কৃতার্থ হয়েন এবং তাঁহার সমুদায় পাপ ধ্বংস হয় ॥

বিচক্ষণ ব্যক্তি জানুদ্বয়, হস্তদ্বয় এবং মস্তক দ্বারা ভগবান্‌কে প্রণাম করিলে সমুদায় কামনা প্রাপ্ত হয়েন ॥

বিষ্ণুপুরাণে ॥

আদ্যন্ত শূন্য, দৈত্যদানবহন্তা ভগবান্‌কে যাঁহারা নিত্য নমস্কার করেন, তাঁহাদিগকে আর যমদর্শন করিতে হয় না ॥

যে জনা জগতাং নাথং নিত্যং নারায়ণং দ্বিজাঃ।
নমন্তি ন হি তে বিষ্ণোঃ স্থানাদন্যত্র গামিনঃ॥
নারদীয়ে॥
একোঽপি কৃষ্ণস্য কৃতঃ প্রণামো দশাশ্বমেধাবভৃথৈর্ন তুল্যঃ।
দশাশ্বমেধী পুনরেতি জন্ম কৃষ্ণপ্রণামী ন পুনর্ভবায়॥
হরিভক্তিসুধোদয়ে॥
বিষ্ণোর্দণ্ডপ্রণামার্থং ভক্তেন পততা ভুবি।
পাতিতং পাতকং কৃৎস্নং নোত্তিষ্ঠতি পুনঃ সহ॥ ১৭০॥
পাদ্মে দেবহূতবিকুণ্ডলসম্বাদে॥
তপস্তপ্ত্বা নরো ঘোরমরণ্যে নিয়তেন্দ্রিয়ঃ।

সহ তেন পুনর্নোত্তিষ্ঠতি কদাচিদপি পশ্চাত্তস্য পাতকং ন স্যাদিত্যর্থঃ॥ ১৭০॥

হে দ্বিজগণ! যে সকল মনুষ্য জগৎপতি নারায়ণকে সর্ব্বদা নমস্কার করেন, তাঁহাদিগকে বিষ্ণুলোক হইতে আর অন্য লোকে যাইতে হয় না॥

নারদপুরাণে॥

কৃষ্ণকে একবার মাত্র প্রণাম করিলে যে ফল লাভ হয়, দশ অশ্বমেধের অবভৃথ স্নানেও তৎ সদৃশ ফল পাওয়া যায় না, দশ অশ্বমেধকারিকে পুনরায় সংসারে জন্ম গ্রহণ করিতে হয়, কিন্তু যে ব্যক্তি কৃষ্ণকে প্রণাম করেন, তাঁহার আর পুনর্জ্জন্ম হয় না॥

হরিভক্তিসুধোদয়ে॥

বিষ্ণুকে দণ্ডবৎ প্রণাম করিবার সময় ভক্ত ব্যক্তি যখন ভূমিতলে পতিত হয়েন, তখন তাঁহার সমুদায় পাপও পাতিত অর্থাৎ বিনষ্ট হয়, উত্থানকালে তিনি আর পাপের সহিত উত্থিত হয়েন না, অর্থাৎ তাঁহার আর পাতক থাকে না॥ ১৭০॥

পদ্মপুরাণে দেবহূত ও বিকুণ্ডলসম্বাদে॥

মনুষ্য ইন্দ্রিয় সংযম পূর্ব্বক অরণ্যে নিয়ত দুষ্কর তপস্যা করিয়া

যৎ ফলং সমবাপ্নোতি তন্নত্বা গরুড়ধ্বজং।
কৃত্বাপি বহুশঃ পাপং নরো মোহসমন্বিতঃ।
ন যাতি নরকং নত্বা সর্ব্বপাপহরং হরিং॥
তত্রৈব বেদনিধিস্তুতৌ॥
অপি পাপং দুরাচারং নরং তৎপ্রণতং হরেঃ।
নেক্ষন্তে কিঙ্করা যাম্যা উলূকাস্তপনং যথা॥ ১৭১॥
বিষ্ণুপুরাণে শ্রীযমস্য নিজভটানুশাসনে॥
হরিমমরগণার্চ্চিতাঙ্ঘ্রি পদ্মং
প্রণমতি যঃ পরমার্থতো হি মর্ত্যঃ।
তমপগত-সমস্ত-পাপবন্ধং

নেক্ষন্তে ঈক্ষিতুমপি ন শক্নুবন্তীত্যর্থঃ॥ ১৭১॥
পরমার্থতঃ তত্ত্বতঃ অতএবাপগত-সমস্তপাপবন্ধং॥ ১৭২॥

যে ফল প্রাপ্ত হয়, গরুড়ধ্বজ ভগবান্‌কে নমস্কার করিলে সেই ফল পাওয়া যায়॥

যে ব্যক্তি বহু বহু পাপ করিয়া অজ্ঞানে অভিভূত থাকে, সে ব্যক্তি যদি সর্ব্বপাপহারি হরিকে নমস্কার করে তাহা হইলে তাহাকে আর নরকগামী হইতে হয় না॥

ঐ পদ্মপুরাণেই বেদনিধির স্তবে॥

পাপী ও দুরাচারী মনুষ্য যদি হরিকে প্রণাম করে, তাহা হইলে পেচকেরা যেরূপ সূর্য্যের অভিমুখে দৃষ্টি সঞ্চালন করিতে অক্ষম হয়, সেইরূপ যমের কিঙ্করেরাও তাহার প্রতি দৃষ্টিপাত করিতে পারে না॥ ১৭১॥

বিষ্ণুপুরাণে শ্রীযমের নিজ দূতগণের প্রতি উপদেশ কালে॥

দেবগণও যাঁহার চরণারবিন্দ অর্চ্চনা করেন, সেই হরিকে যে মানব ভক্তি পূর্ব্বক প্রণাম করেন, তাঁহার সমস্ত পাপ বিনষ্ট হয়,

ব্রজ পরিহৃত্য যথাগ্নিমাজ্যসিক্তং ॥ ১৭২ ॥

ব্রহ্মবৈবর্ত্তে ॥

শরণাগতরক্ষণোদ্যতং
হরিমীশং প্রণমন্তি যে নরাঃ।
ন পতন্তি ভবাম্বুধৌ স্ফুটং
পতিতানুদ্ধরতিস্ম তানসৌ ॥ ১৭৩ ॥

অষ্টমস্কন্ধেচ বলিবাক্যে ॥

অহো প্রণামায় কৃতঃ সমুদ্যমঃ
প্রপন্নভক্তার্থবিধৌ সমাহিতঃ।

পূর্ব্বং পশ্চাদ্বা কথঞ্চিদ্ভবাম্বুধৌ পতিতানপি সতঃ তান্ প্রণামকর্ত্তৄন্ অসৌ হরিরুদ্ধরতিস্ম উদ্দধার। যদ্বা। স্ম হেতৌ পতিতান্ ভ্রষ্টানপি তান্ নরানসাবুদ্ধরতি যতঃ তৎ কিং বক্তব্যং তৎপ্রণামকারিণো ন পতন্তীত্যর্থঃ ॥ ১৭৩ ॥

অহো ভগবন্ ত্বৎপ্রণামস্য মহিমা। যদর্থং কৃতঃ সমুদ্যম এব প্রপন্নানাং ত্বদেকনিষ্ঠভক্তানাং যোঽর্থস্তস্য বিধৌ অভক্তেঽপি ময়ি তস্য সম্পাদনে সমাহিতঃ অপ্রমত্তঃ স্থিতঃ কৃতঃ যৎ যেনোদ্যমেন লোকপালৈরমরৈঃ সত্ত্বপ্রধানৈরপ্যলব্ধ পূর্ব্বস্তদনুগ্রহঃ। অপসদে নীচে রাক্ষসে ময্যর্পিতঃ। অয়ং ভাবঃ। পরমেশ্বরায় তুভ্যমহং বরাকস্ত্রিলোকীং দত্ত্বা-

অতএব হোমাগ্নির ন্যায় পবিত্র সেই মনুষ্যকে পরিত্যাগ করিয়া তোমরা অন্যত্র গমন করিবা ॥ ১৭২ ॥

ব্রহ্মবৈবর্ত্তপুরাণে ॥

যে সকল মানব শরণাগত রক্ষক ঈশ্বর হরিকে প্রণাম করেন, তাঁহারা সংসারসাগরে পতিত হয়েন না, অথবা যদি পরে পতিত হইবার সম্ভাবনা থাকে, তাহা হইলেও ভগবান্ তাহাদের উদ্ধার করেন ॥ ১৭৩ ॥

অষ্টমস্কন্ধে বলিবাক্যে ॥

হে ভগবন্! শরণাগত ভক্তগণের ন্যায় সাবধান হইয়া আমি আপনাকে প্রণাম করিবার নিমিত্ত কেবল উদ্যম মাত্র করিয়াছি কিন্তু

যল্লোকপালৈস্তদনুগ্রহোঽমরৈ-
রলব্ধপূর্ব্বোঽপসদে ঽসুরেঽর্পিতঃ॥ ১৭৪॥
অতএব নারায়ণব্যূহস্তবে॥
অহোভাগ্যমহোভাগ্যমহোভাগ্যং নৃণামিদং।
যেষাং হরিপদাব্জাগ্রে শিরোন্যস্তং যথা তথা॥ ১৭৫॥
কিঞ্চ নারসিংহে শ্রীযমোক্তৌ॥
তস্য বৈ নারসিংহস্য বিষ্ণোরমিততেজসঃ।
প্রণামং যে প্রকুর্ব্বন্তি তেষামপি নমো নমঃ।
ভবিষ্যোত্তরেচ জলধেনুপ্রসঙ্গে॥

নিত্যেত্তদাস্তাং প্রণামোঽপি ন সম্যক্ কৃতঃ কিন্তু তদর্থমুদ্যমমাত্রং কৃতং তেন চ কর্ম্ম তপো দানাদি-কোটিভিরপ্যলভ্যস্বদনুগ্রহঃ সম্পাদিতঃ অহো তৎপ্রণামপ্রভাবাশ্চর্য্যত্বমিতি॥ ১৭৪॥
যথা তথা যেন কেনাপি প্রকারেণেত্যর্থঃ॥ ১৭৫॥
তেষাং তেভ্যোঽপি নমোনমঃ ভক্ত্যা বীপ্সা॥ ১৭৬॥

বস্তুতঃ প্রণাম করি নাই, তথাপি আপনি এই অধম অসুরের প্রতি যে রূপ অনুগ্রহ প্রদর্শন করিয়াছেন, এতাদৃশ অনুগ্রহ পূর্ব্বে লোকপাল অমরগণও লাভ করিতে পারেন নাই॥ ১৭৪॥

অতএব নারায়ণব্যূহ স্তবে কথিত হইয়াছে॥

যে সকল মনুষ্যের মস্তক কোন রূপে হরিপাদপদ্মের অগ্রে অর্পিত থাকে, অহো! তাহাদের কি ভাগ্য, কি ভাগ্য!॥ ১৭৫॥

আরও নৃসিংহপুরাণে॥

শ্রীযমের বাক্যে॥

যে সকল ব্যক্তি অমিততেজাঃ নৃসিংহরূপী সেই বিষ্ণুকে প্রণাম করেন, তাঁহাদিগকে নমস্কার নমস্কার॥

ভবিষ্যপুরাণের উত্তরভাগেও

জলধেনুপ্রসঙ্গে॥

বিষ্ণোর্দেবজগদ্ধাতুর্জনার্দ্দন জগৎপতে।
প্রণামং যে প্রকুর্ব্বন্তি তেষামপি নমোনমঃ ॥ ১৭৬ ॥
অথ প্রণামনিত্যতা ॥
বৃহন্নারদীয়ে লুব্ধকোপাখ্যানারম্ভে ॥
সকৃদ্বা ন নমেদযস্তু বিষ্ণবে শর্ম্মকারিণে।
শবোপমং বিজানীয়াৎ কদাচিদপি নালপেৎ ॥ ১৭৭ ॥
কিঞ্চ। পাদ্মে বৈশাখমাহাত্ম্যে যমব্রাহ্মণসম্বাদে ॥
পশ্যন্তো ভগবদ্দ্বারং নামশস্ত্রপরিচ্ছদং।
অকৃত্বা তৎ প্রণামাদি যান্তি তে নরকৌকসঃ ॥ ১৭৮ ॥

অপ্যর্থে বা শব্দঃ। নালপেৎ তং ন সম্ভাষেত। নাস্তিকত্বাপত্তেঃ ॥ ১৭৭ ॥
নাম শ্রীকৃষ্ণাদি শস্ত্রং সুদর্শনাদি তাভ্যাং শোভিতমিত্যর্থঃ। ইতি ভগবদালয়লক্ষণমুক্তং। তস্য ভগবতঃ প্রণামং আদিশব্দেন দর্শনাদি অকৃত্বা যে যান্তি ॥ ১৭৮ ॥

জগতের ধারণ কর্ত্তা জনার্দ্দন জগৎপতি বিষ্ণুকে যাঁহারা প্রণাম করেন তাঁহাদিগকেও নমস্কার নমস্কার ॥ ১৭৬ ॥

অথ প্রণামের নিত্যতা ॥

বৃহন্নারদীয়পুরাণে লুব্ধকের উপাখ্যানের আরম্ভে ॥

যে ব্যক্তি মঙ্গলকারি বিষ্ণুকে একবার মাত্রও নমস্কার না করে তাহাকে শব তুল্য জানিবে এবং তাহার সহিত কখন আলাপও করিবে না ॥ ১৭৭ ॥

আরও পদ্মপুরাণে বৈশাখমাহাত্ম্যে
যম ও ব্রাহ্মণের কথোপকথনে ॥

যাহারা ভগবান্‌কে প্রণাম ও দর্শনাদি না করিয়া শ্রীকৃষ্ণাদি নাম ও সুদর্শনাদি অস্ত্রদ্বারা শোভমান দেবালয় কেবল দর্শন করিয়াই গমন করে, তাহারা নরকবাসী হয় ॥ ১৭৮ ॥

অথ নমস্কারে নিষিদ্ধানি ॥

বিষ্ণুস্মৃতৌ ॥

জন্মপ্রভৃতি যৎকিঞ্চিৎ পুমান্ বৈ ধর্ম্মমাচরেৎ।
সর্ব্বং তন্নিষ্ফলং যাতি একহস্তাভিবাদনাৎ ॥

বারাহে ॥

বস্ত্রপ্রাবৃতদেহস্তু যো নরঃ প্রণমেত মাং।
শ্বিত্রী স জায়তে মূর্খঃ সপ্ত জন্মানি ভামিনি ॥

কিঞ্চান্যত্র ॥

অগ্রে পৃষ্ঠে তথা বামে সমীপে গর্ভমন্দিরে।
জপহোমনমস্কারান্নকুর্য্যাৎ কেশবালয়ে ॥ ১৭৯ ॥

অগ্রাদিকং ভগবত এব জ্ঞেয়ং। তত্র ন কুর্য্যাৎ। কেশবালয় ইতি আলয়ব্যতিরিক্তস্থানেতু কুর্য্যাদিত্যর্থঃ ॥ ১৭৯ ॥

অথ নমস্কারে নিষিদ্ধ ॥

বিষ্ণুস্মৃতিতে ॥

যদি কেহ এক হস্তে ভগবান্‌কে অভিবাদন করে, তাহা হইলে সে ব্যক্তি জন্মাবধি যে কিছু ধর্ম্মাচরণ করে তৎসমুদায় নিষ্ফল হয় ॥

বরাহপুরাণে ॥

হে ভামিনি! যদি কোন মনুষ্য সর্ব্বাঙ্গ বস্ত্রে আচ্ছাদন করিয়া আমাকে প্রণাম করে, তাহা হইলে সে সপ্ত জন্ম শ্বিত্রী অর্থাৎ ধবল কুষ্ঠরোগী ও মূর্খ হয় ॥

আরও অন্যস্থলে ॥

কেশবমন্দিরে, ভগবানের সম্মুখে, পশ্চাদ্ভাগে, বামভাগে, নিকটে এবং মন্দিরের মধ্যে, জপ, হোম ও নমস্কার করিবে না ॥ ১৭৯ ॥

আরও বলি ॥

অপিচ ॥

সকৃদ্ভূমৌ নিপতিতো ন শক্তঃ প্রণমেন্মুহুঃ।

উত্থায়োত্থায় কর্ত্তব্যং দণ্ডবৎপ্রণিপাতনমিতি ॥ ১৮০ ॥

অথ প্রদক্ষিণা ॥

ততঃ প্রদক্ষিণাং কুর্য্যাৎ ভক্ত্যা ভগবতো হরেঃ।

নামানি কীর্ত্তয়ন্ শক্তৌ তাঞ্চ সাষ্টাঙ্গবন্দনাং ॥

প্রদক্ষিণাসংখ্যা চোক্তা নারসিংহে ॥

একাং চণ্ড্যাং রবৌ সপ্ত তিস্রো দদ্যাদ্বিনায়কে।

চতস্রঃ কেশবে দদ্যাৎ শিবে ত্বর্দ্ধপ্রদক্ষিণাং ॥ ১৮১ ॥

অথ প্রদক্ষিণমাহাত্ম্যং বারাহে ॥

প্রদক্ষিণাং যে কুর্ব্বন্তি ভক্তিযুক্তেন চেতসা।

শক্তশ্চেত্তর্হি ভূমৌ সকৃন্নিপতিতঃ সন্ শিরশ্চালনাদিমাত্রেণ মুহুর্ন প্রণমেৎ। নতু তর্হি কথং প্রণমেত্তদাহ। উত্থায়েতি ॥ ১৮০ ॥

শক্তৌ সত্যাঞ্চ তাং প্রদক্ষিণাং অষ্টাঙ্গেন বন্দনেন প্রণামেন সহিতাং কুর্য্যাৎ ॥ ১৮১ ॥

সমর্থ হইলে একবার মাত্র ভূমিতে পতিত হইয়া বারম্বার প্রণাম করিবে না, প্রত্যেক বারে উঠিয়া দণ্ডবৎ প্রণাম করিবে ॥ ১৮০ ॥

অথ প্রদক্ষিণা অর্থাৎ পরিক্রমা ॥

তদনন্তর ভক্তিপূর্ব্বক ভগবান্ হরিকে প্রদক্ষিণ ও তদীয় নাম কীর্ত্তন করিবে এবং সমর্থ হইলে অষ্টাঙ্গ দ্বারা প্রণাম পূর্ব্বক প্রদক্ষিণ করিবে ॥

নৃসিংহপুরাণে প্রদক্ষিণ করিবার সংখ্যা কথিত হইয়াছে যথা ॥

চণ্ডীকে একবার, সূর্য্যকে সাতবার, গণেশকে তিনবার, বিষ্ণুকে চারিবার এবং শিবকে অর্দ্ধবার প্রদক্ষিণ করিবে ॥ ১৮১ ॥

প্রদক্ষিণমাহাত্ম্য বরাহপুরাণে ॥

যাঁহারা ভক্তিযুক্ত চিত্তে বিষ্ণুকে প্রদক্ষিণ করেন, তাঁহারা যমালয়ে

ন তে যমপুরং যান্তি যান্তি পুণ্যকৃতাং গতিং ॥ ১৮২ ॥
যস্ত্রিঃ প্রদক্ষিণং কুর্য্যাৎ সাষ্টাঙ্গকপ্রণামকং।
দশাশ্বমেধস্য ফলং প্রাপ্নুয়ান্নাত্র সংশয়ঃ ॥
স্কান্দে শ্রীব্রহ্মনারদসম্বাদে ॥
বিষ্ণোর্ব্বিমানং যঃ কুর্য্যাৎ সকৃদ্ভক্ত্যা প্রদক্ষিণং।
অশ্বমেধসহস্রস্য ফলমাপ্নোতি মানবঃ ॥ ১৮৩ ॥
তত্রৈব চাতুর্মাস্যমাহাত্ম্যে ॥
চতুর্ব্বারং ভ্রমীভিস্তু জগৎ সর্ব্বং চরাচরং।
ক্রান্তং ভবতি বিপ্রাগ্র্য তত্তীর্থগমনাধিকমিতি ॥ ১৮৪ ॥
তত্রৈবান্যত্র ॥
প্রদক্ষিণন্তু যঃ কুর্য্যাৎ হরিং ভক্ত্যা সমন্বিতঃ।

পুণ্যমত্র ভক্তিলক্ষণং তৎকৃতাং ভক্তানামিত্যর্থঃ ॥ ১৮২ ॥
বিমানমিব বিমানং প্রাসাদং রথং বা ॥ ১৮৩ ॥
ক্রান্তং পরিক্রান্তং ভ্রমী প্রদক্ষিণা। তীর্থগমনাদধিকং ॥ ১৮৪ ॥

গমন করেন না, ভক্তগণের গতি প্রাপ্ত হয়েন ॥ ১৮২ ॥

যে ব্যক্তি অষ্টাঙ্গে প্রণাম করিয়া ভগবান্‌কে তিনবার প্রদক্ষিণ করেন, তিনি দশ অশ্বমেধের ফল প্রাপ্ত হয়েন, ইহাতে সংশয় নাই ॥

স্কন্দপুরাণে শ্রীব্রহ্মা ও নারদের সম্বাদে ॥

যে ব্যক্তি ভক্তিপূর্ব্বক বিষ্ণুর মন্দির অথবা রথকে একবার মাত্র প্রদক্ষিণ করেন, তিনি সহস্র অশ্বমেধের ফল প্রাপ্ত হন ॥ ১৮৩ ॥

ঐ স্থলেই চাতুর্মাস্যমাহাত্ম্যে ॥

হে বিপ্রশ্রেষ্ঠ! ভগবান্‌কে চারিবার প্রদক্ষিণ করিলে চরাচর সমুদায় জগৎ প্রদক্ষিণ করা হয় এবং তাহাতে তীর্থগমন অপেক্ষাও অধিক ফল লাভ হয় ॥ ১৮৪ ॥

ঐ গ্রন্থেই অন্য স্থলে ॥

যে ব্যক্তি ভক্তিযুক্ত হইয়া হরিকে প্রদক্ষিণ করেন, তিনি হংসযুক্ত

হংসযুক্তবিমানেন বিষ্ণুলোকং স গচ্ছতি ॥

নারসিংহে ॥

প্রদক্ষিণেন চৈকেন দেবদেবস্য মন্দিরে।

কৃতেন যৎফলং নৃণাং তচ্ছৃণুষ্ব নৃপাত্মজ।

পৃথ্বী প্রদক্ষিণফলং যস্তৎ প্রাপ্য হরিং ব্রজেৎ ॥

অন্যত্র চ ॥

এবং কৃত্বাতু কৃষ্ণস্য যঃ কুর্য্যাদ্দ্বিঃ প্রদক্ষিণং।

সপ্তদ্বীপবতীপুণ্যং লভতে তু পদে পদে।

পঠন্নামসহস্রন্তু নামান্যেবাথ কেবলং।

হরিভক্তিসুধোদয়ে ॥

বিষ্ণুং প্রদক্ষিণীকুর্ব্বন্ যস্তত্রাবর্ত্ততে পুনঃ।

সপ্তদ্বীপবত্যাঃ পৃথিব্যাঃ পুণ্যং দানেন প্রদক্ষীকরণেন বা যৎফলং তদিত্যর্থঃ। অথেতি অথ বা। আবর্ত্ততে পরিভ্রমতি ॥ ১৮৫ ॥

বিমানে আরোহণ করিয়া বিষ্ণুলোকে গমন করেন ॥

নৃসিংহপুরাণে ॥

হে রাজপুত্র! মানবগণ দেবশ্রেষ্ঠ ভগবানের মন্দির একবার মাত্র প্রদক্ষিণ করিলে যে ফল প্রাপ্ত হন, তাহা শ্রবণ করুন ॥

পৃথিবী প্রদক্ষিণ করিলে যে ফল লাভ হয়, তাঁহারা সেই ফল লাভ করেন এবং হরিকে প্রাপ্ত হন ॥

অন্যত্রও ॥

যিনি এই প্রকার কৃষ্ণকে দুইবার প্রদক্ষিণ করেন এবং সহস্রনাম পাঠ অথবা ভগবানের নামমাত্র কীর্ত্তন করেন, তিনি সপ্তদ্বীপবতী পৃথিবী প্রদক্ষিণ অথবা দানের ফল পদে পদে প্রাপ্ত হন ॥

হরিভক্তিসুধোদয়ে ॥

যিনি বিষ্ণুকে একবার প্রদক্ষিণ করিয়া পুনর্ব্বার প্রদক্ষিণ করেন,

তদেব বর্ত্তনং তস্য পুনর্নাবর্ত্ততে ভবে ॥ ১৮৫ ॥
বৃহন্নারদীয়ে যমভগীরথসম্বাদে ॥
প্রদক্ষিণত্রয়ং কুর্য্যাৎ যো বিষ্ণোর্মনুজেশ্বর।
সর্ব্বপাপবিনির্ম্মুক্তো দেবেন্দ্রত্বং সমশ্নুতে ॥
তত্রৈব প্রদক্ষিণমাহাত্ম্যে সুধর্ম্মোপাখ্যানারম্ভে ॥
ভক্ত্যা কুর্ব্বন্তি যে বিষ্ণোঃ প্রদক্ষিণচতুষ্টয়ং।
তেঽপি যান্তি পরং স্থানং সর্ব্বলোকোত্তমোত্তমমিতি ॥১৮৬॥
তৎখ্যাতং যৎ সুধর্ম্মস্য পূর্ব্বস্মিন্ গৃধ্রজন্মনি।
কৃষ্ণপ্রদক্ষিণাভাসান্মহাসিদ্ধিরভূদিতি ॥ ১৮৭ ॥
অথ প্রদক্ষিণায়াং নিষিদ্ধং ॥
বিষ্ণুস্মৃতৌ ॥

অপি নিশ্চয়ে পূর্ব্বোক্তসমুচ্চয়ে বা। প্রযান্তীতি বা পাঠঃ ॥ ১৮৬ ॥
তৎখ্যাতং বৃহন্নারদীয়তঃ প্রসিদ্ধমেব। অতস্তদ্বিশেষলিখনেনালমিতি ভাবঃ। কিং তদিতি লিখতি যৎ সুধর্ম্মস্যেতি। তদাখ্যায়িকা চ তত্রৈব প্রসিদ্ধা ॥ ১৮৭ ॥

সংসারে তাঁহাকে আর পুনরায় আগমন করিতে হয় না ॥ ১৮৫ ॥

বৃহন্নারদপুরাণে যম ও ভগীরথসম্বাদে ॥

হে রাজন্! যে ব্যক্তি বিষ্ণুকে তিনবার প্রদক্ষিণ করেন, তিনি সকল পাপ হইতে মুক্ত হইয়া ইন্দ্রত্ব প্রাপ্ত হয়েন ॥

ঐ বৃহন্নারদপুরাণে প্রদক্ষিণমাহাত্ম্যে
সুধর্ম্মার উপাখ্যানের আরম্ভে ॥

যাঁহারা ভক্তিপূর্ব্বক বিষ্ণুকে চারিবার প্রদক্ষিণ করেন, তাঁহারা সূর্য্যলোকের উত্তম স্থান হইতেও উত্তম স্থানে গমন করেন ॥ ১৮৬ ॥

পূর্ব্বতন গৃধ্রজন্মে শ্রীকৃষ্ণকে প্রদক্ষিণ করায় সুধর্ম্মের যে মহাসিদ্ধি লাভ হইয়াছিল তাহা বৃহন্নারদপুরাণে প্রসিদ্ধ আছে ॥ ১৮৭ ॥

অথ প্রদক্ষিণকার্য্যে নিষিদ্ধ ॥

বিষ্ণুস্মৃতিতে ॥

একহস্তপ্রণামশ্চ একা চৈব প্রদক্ষিণা।
অকালে দর্শনং বিষ্ণোর্হন্তিপুণ্যং পুরাকৃতং ॥ ১৮৮ ॥
কিঞ্চ ॥
কৃষ্ণস্য পুরতো নৈব সূর্য্যস্যৈব প্রদক্ষিণাং।
কুর্য্যাদ্ভ্রমরিকারূপাং বৈমুখ্যাপাদনীং প্রভৌ ॥
তথাচোক্তং ॥
প্রদক্ষিণং ন কর্ত্তব্যং বিমুখত্বাচ্চ কারণাৎ ॥ ১৮৯ ॥
অথ কর্ম্মাদ্যর্পণং ॥
ততঃ শ্রীকৃষ্ণপাদাব্জে দাস্যেনৈব সমর্পয়েৎ।
ত্রিভির্মন্ত্রৈঃ স্বকর্ম্মাণি সর্ব্বাণ্যাত্মানমপ্যথ ॥ ১৯০ ॥
মন্ত্রাশ্চৈতে ॥

অকালে ভোজনাদিসময়ে ॥ ১৮৮ ॥

ভ্রমরিকা আবর্ত্তবদ্ভ্রমণং তদ্রূপাং প্রদক্ষিণাং নৈব কুর্য্যাৎ তত্র হেতুঃ। প্রভৌ ভগবতি বৈমুখ্যং পৃষ্ঠদানং তস্য আপাদনীং কারিণীং ॥ ১৮৯ ॥

দাস্যেনৈব ব্রহ্মার্পণাদিরূপেণ। অথানন্তরং আত্মানমপি তথৈব সমর্পয়েৎ ॥ ১৯০ ॥

একহস্তে প্রণাম, একবার মাত্র প্রদক্ষিণ এবং অকালে অর্থাৎ ভোজনাদি সময়ে বিষ্ণুকে দর্শন করিলে পূর্ব্বকৃত পুণ্য নষ্ট হয় ॥ ১৮৮ ॥

আরও বলি ॥

কৃষ্ণের সম্মুখে মণ্ডলাকারে সূর্য্যকে প্রদক্ষিণ করিবে না। ঐরূপ করিলে প্রভুর অভিমুখে পশ্চাদ্ভাগ স্থাপিত হয় ॥

এই বিষয় কথিত হইয়াছে ॥

বৈমুখ্য রূপ কারণ বশতঃ প্রদক্ষিণ করিবে না ॥ ১৮৯ ॥

অথ কর্ম্মাদি অর্পণ ॥

অনন্তর তিনটী মন্ত্র দ্বারা স্বীয় কর্ম্ম সমুদায় দাসত্ব ভাবে শ্রীকৃষ্ণের পাদপদ্মে অর্পণ করিবে। অনন্তর আত্মাকেও সমর্পণ করিবে ॥ ১৯০ ॥

সেই তিনটী মন্ত্র এই ॥

ইতঃ পূর্ব্বং প্রাণবুদ্ধিদেহধর্ম্মাধিকারবতো জাগ্রৎস্বপ্ন সুষুপ্ত্য-
বস্থাসু মনসা বাচা কর্ম্মণা হস্তাভ্যাং পদ্ভ্যামুদরেণ শিশ্না
যৎস্মৃতং যদুক্তং যৎকৃতং তৎসর্ব্বং শ্রীকৃষ্ণার্পণং ভবতু স্বাহা ॥
মাং মদীয়ঞ্চ সকলং হরয়ে সমর্পয়ামীতি। ওঁ তৎসদিতি ॥ ১৯১ ॥

অথ তত্র কর্ম্মার্পণং ॥

বৃহন্নারদীয়ে ॥

বিরাগী চেৎ কর্ম্মফলে ন কিঞ্চিদপি কারয়েৎ।
অর্পয়েৎ স্বকৃতং কর্ম্ম প্রীয়তামিতি মে হরিঃ ॥ ১৯২ ॥

অতএব কূর্ম্মপুরাণে ॥

প্রীণাতু ভগবানীশঃ কর্ম্মণানেন শাশ্বতঃ।

মনসা যৎস্মৃতং। বাচা যদুক্তং হস্তাদিভিঃ কর্ম্মণা যৎকৃতমিতি সম্বন্ধঃ। তত্র শিশ্না-শিশ্নেন ॥ ১৯১ ॥

হরির্মে প্রীয়তামিত্যেবং সমর্পয়েৎ ॥ ১৯২ ॥

প্রীণাত্বিতি বুদ্ধ্যা করোতি যৎ। পরং শ্রেষ্ঠং নাহং কর্ত্তা সর্ব্বমেতৎ ব্রহ্মৈব কুরুতে

প্রাণ, বুদ্ধি, দেহ ও ধর্ম্মে অধিকারী হইয়া আমি ইহার পূর্ব্বে জাগ্রৎ স্বপ্ন ও সুষুপ্তি অবস্থায় মনে যাহা স্মরণ করিয়াছি, বাক্যে যাহা বলিয়াছি এবং কর্ম্ম অর্থাৎ কায়িক ব্যাপার, হস্ত, পদ, উদর ও শিশ্ন দ্বারা যাহা করিয়াছি তৎসমুদায় শ্রীকৃষ্ণে অর্পিত হউক ॥

আপনাকে এবং মদীয় সমস্ত বস্তু হরিকে সমর্পণ করিতেছি। ব্রহ্মা, বিষ্ণু, শিবাত্মক, নিত্য স্বরূপ সেই ব্রহ্ম ॥ ১৯১ ॥

তন্মধ্যে প্রথমতঃ কর্ম্মার্পণ ॥

বৃহন্নারদপুরাণে ॥

কর্ম্মফলে বিরক্ত হইলে কিছুই করিবে না, হরি আমার প্রতি প্রসন্ন হউন, এই বলিয়া নিজকৃত কর্ম্ম অর্পণ করিবেন ॥ ১৯২ ॥

অতএব কূর্ম্মপুরাণে কথিত হইয়াছে ॥

নিত্য স্বরূপ ভগবান্ ঈশ্বর আমার এই কর্ম্ম দ্বারা প্রসন্ন হউন

করোতি সততং বুদ্ধ্যা ব্রহ্মার্পণমিদং পরং।
যদ্বা ফলানাং সংন্যাসং প্রকুর্য্যাৎ পরমেশ্বরে।
কর্ম্মণামেতদপ্যাহুর্ব্রহ্মার্পণমনুত্তমং ॥ ১৯৩ ॥

অথ কর্ম্মার্পণবিধিঃ ॥

দক্ষেণ পাণিনার্ঘ্যস্থং গৃহীত্বা চুলুকোদকং।
নিধায় কৃষ্ণপাদাব্জসমীপে প্রার্থয়েদিদং ॥
পাদত্রয়ক্রমাক্রান্ত ত্রৈলোক্যেশ্বর কেশব।
তৎপ্রসাদাদিদং তোয়ং পাদ্যং তেঽস্তু জনার্দ্দন ॥

অথ কর্ম্মার্পণমাহাত্ম্যং ॥

বৃহন্নারদীয়ে ॥

তথাঽত্র তদ্ব্রহ্মার্পণং প্রোক্তমিত্যাদিনা তত্রৈবোক্তপ্রকারদর্শনাৎ। সংন্যাসং সমর্পণং কর্ম্মণাম্বা সংন্যাসং ॥ ১৯৩ ॥

দক্ষেণ দক্ষিণেন। অর্ঘ্যস্থং অর্ঘ্যপাত্রবর্ত্তি চুলুকমাত্রোদকং ॥ ১৯৪ ॥

এই জ্ঞানে যাহা কিছু করা যায়, তৎ সমুদায়ই শ্রেষ্ঠ ব্রহ্মার্পণ ॥

তাৎপর্য্য। ব্রহ্মই সমুদায় করিতেছেন, আমি কিছুই করিতেছি না এই প্রকার জ্ঞান ব্রহ্মার্পণ ॥

অথবা পরমেশ্বরে কর্ম্মের ফল সমর্পণ করিলেও শ্রেষ্ঠ ব্রহ্মার্পণ শব্দে অভিহিত হইয়াথাকে ॥ ১৯৩ ॥

অথ কর্ম্মার্পণবিধি ॥

দক্ষিণ হস্তে অর্ঘ্যপাত্রস্থ এক চুলুক জল লইয়া কৃষ্ণের পাদপদ্ম সমীপে রাখিয়া এই প্রার্থনা করিবে ॥

হে ত্রিবিক্রম! হে ত্রৈলোক্যাধিপতে! হে কেশব! হে জনার্দ্দন! আপনার অনুগ্রহে এই জল আপনার পাদ্য হউক ॥

অথ কর্ম্মার্পণমাহাত্ম্য ॥

বৃহন্নারদীয়পুরাণে ॥

পরলোকফলপ্রেপ্সুঃ কুর্য্যাৎ কর্ম্মাণ্যতন্দ্রিতঃ।
হরের্নিবেদয়েত্তানি তৎ সর্ব্বং ত্বক্ষয়ং ভবেৎ ॥

অতএব নারায়ণব্যূহস্তবে ॥

কৃষ্ণার্পিতফলাঃ কৃষ্ণং স্বধর্ম্মেণ যজন্তি যে।
বিষ্ণুভক্ত্যর্থিনো ধন্যাস্তেভ্যোঽপীহ নমোনমঃ ॥ ১৯৪ ॥

অথ স্বার্পণবিধিঃ ॥

অহং ভগবতোঽংশোঽস্মি সদা দাসোঽস্মি সর্ব্বথা।
তৎ কৃপাপেক্ষকো নিত্যমিত্যাত্মানং সমর্পয়েৎ ॥ ১৯৫ ॥

তথাচোক্তং শ্রীশঙ্করাচার্য্যপাদৈঃ ॥

অংশোঽস্মি ইত্যনেন নিত্যমুক্তশুদ্ধস্বভাবত্বাদিকং। অতঃ সদা দাসোঽস্মীতি নিত্য-দাস্যং চাভিপ্রেতং। এবং সর্ব্বপ্রকারেণ; সদা। তথাপি সর্ব্বথা যা তস্য ভগবতঃ কৃপা তস্যা অপেক্ষকঃ তদেকপ্রার্থক ইতি প্রেমপরতা সূচিতা। ইতি এবমেবাত্মানং সম্যগর্পয়েৎ নিবেদয়েৎ। নত্বেকেনেত্যর্থঃ ॥ ১৯৫ ॥

পরলোকে ফল প্রাপ্তি কামনায় যে ব্যক্তি সাবধান হইয়া কর্ম্মানুষ্ঠান করেন এবং হরিকে তৎসমুদায় নিবেদন করেন, তাঁহার সেই সকল কর্ম্ম অক্ষয় হয় ॥

অতএব নারায়ণব্যূহস্তবে কথিত হইয়াছে ॥

যাঁহারা বিষ্ণুভক্তিপরায়ণ হইয়া কৃষ্ণে কর্ম্মফল সমর্পণ পূর্ব্বক স্বীয় স্বীয় ধর্ম্মানুসারে তাঁহার অর্চ্চনা করেন, তাঁহারাই ধন্য, অতএব তাঁহা-দিগকেও নমস্কার নমস্কার ॥ ১৯৪ ॥

অথ আত্মার্পণবিধি ॥

আমি ভগবানের অংশ স্বরূপ এবং সর্ব্বদা সর্ব্ব প্রকারে তাঁহার দাস, আমি নিয়ত তাঁহার কৃপাপ্রার্থী, এইরূপে আত্মসমর্পণ করি-বেন ॥ ১৯৫ ॥

এই বিষয়ে শঙ্করাচার্য্য বলিয়াছেন ॥

সত্যপি ভেদাপগমে নাথ তবাহং ন মামকীনস্ত্বং।
সামুদ্রো হি তরঙ্গঃ ক্কচন সমুদ্রো ন তারঙ্গঃ॥ ১৯৬॥
অথাত্মার্পণমাহাত্ম্যং॥
সপ্তমস্কন্ধে শ্রীপ্রহ্লাদোক্তৌ॥
ধর্ম্মার্থকাম ইতি যোঽভিহিতস্ত্রিবর্গ
ঈক্ষা ত্রয়ী নয়দমৌ বিবিধা চ বার্ত্তা।

তচ্চ মায়াবাদ্যাচার্য্যোক্ত্যাপি সম্বাদয়তি সত্যপীতি ভেদস্য মায়াকৃতসংসারিত্বাদেরপগমে বৃত্তেঽপি। আত্মতত্ত্বজ্ঞানে সত্যপীত্যর্থঃ। তবাহং দাসোঽস্মীত্যর্থঃ। নতু মামকীনস্ত্বং। অংশেনাংশিনো ব্যাপকত্বাগন্তবাৎ। তথা সতি সাম্যাপত্তেঃ। এবং ভেদাভেদসিদ্ধান্তোক্তমভেদেঽপি ভেদং দৃষ্টান্তেন সাধয়তি সামুদ্র ইতি। তরঙ্গস্য জলময়ত্বাদিনা সমুদ্রাদভিন্নদেঽপি [illegible] ভিন্ন এবেতি দিক্। এতচ্চ শ্রীভাগবতামৃতটীকায়াং বিস্তরেণ [illegible]॥

ধর্ম্মোঽর্থঃ কামশ্চেতি যস্ত্রিবর্গঃ। তদর্থঞ্চ যে ঈক্ষাদ্যা অভিহিতাঃ ঈক্ষা আত্মবিদ্যা· ত্রয়ী ধর্ম্মবিদ্যা নয়স্তর্কঃ দমো দণ্ডনীতিঃ বিবিধা চ বার্ত্তা জীবিকা তদেতৎসর্ব্বং নিগমস্য বেদস্যার্থজাতং স্বসুহৃদঃ স্বান্তর্যামিণো নিজপ্রিয়তমস্য বা পরমস্য পুরুষোত্তমস্য শ্রীকৃষ্ণস্য স্বাত্মার্পণং স্বাত্মনি অর্পণং সংযোজনং। যদ্বা। স্বাত্মনঃ স্বকীয়দেহস্য মনসো বা কিম্বা জীবাত্মনস্তস্মিন্নর্পণে তেঽনেনেত্যর্পণং তৎসাধনকেত্তাহি সত্যং মন্যে সত্যপরত্বাৎ। অন্যথাতু তৎ সর্ব্বমসত্যমেব। অথবা তদেতদখিলং নিগমস্য ত্রৈগুণ্যবিষয়স্য প্রতিপাদ্যং মন্যে।

হে নাথ! ব্রহ্ম ও অবিদ্যায় ভেদজ্ঞান না থাকিলেও আমি আপনা হইতে ভিন্ন, কিন্তু আপনি আমা হইতে ভিন্ন নহেন, যে হেতু সমুদ্রের তরঙ্গ জলময় হইলেও তরঙ্গ বলিয়া কথিত হইয়া থাকে, কখন তাহা সমুদ্র নামে অভিহিত হয় না॥ ১৯৬॥

আত্মার্পণমাহাত্ম্য॥

সপ্তমস্কন্ধে ৬ অধ্যায়ে ২৪ শ্লোকে শ্রীপ্রহ্লাদের বাক্যে॥

ধর্ম্ম, অর্থ, কামরূপ ত্রিবর্গ সাধনের নিমিত্ত যে ইক্ষা (আত্মজ্ঞান) ত্রয়ী (ধর্ম্মজ্ঞান) নয় (তর্ক) দম (দণ্ডনীতি) ও বার্ত্তার (জীবিকার)

মন্যে তদেতদখিলং নিগমস্য সত্যং
স্বাত্মার্পণং স্বসুহৃদঃ পরমস্য পুংসঃ ॥ ১৯৭ ॥

একাদশে শ্রীভগবদুদ্ধবসম্বাদে ॥

মর্ত্ত্যো যদা ত্যক্তসমস্তকর্ম্মা নিবেদিতাত্মা বিচিকীর্ষিতো মে ।
তদামৃতত্বং প্রতিপদ্যমানো ময়াত্মভূয়ায় চ কল্পতে বৈ ॥১৯৮॥

অথ জপঃ ॥

জপস্য পুরতঃ কৃত্বা প্রাণায়ামত্রয়ং বুধঃ ।

সত্যং পুনর্নিস্ত্রৈগুণ্যলক্ষণং পরমস্য পুংসঃ স্বাত্মার্পণমেবেত্যর্থঃ । তথাচ শ্রীভগবদ্গীতাসু । ত্রৈগুণ্যবিষয়া বেদা নিস্ত্রৈগুণ্যো ভবার্জ্জুনেতি ॥ ১৯৭ ॥

মর্ত্ত্যো যদা ত্যক্তসমস্তকর্ম্মা সন্ নিবেদিতাত্মা ভবতি তদাসৌ মে বিচিকীর্ষিতঃ প্রেমভক্ত্যাদিপ্রদানেন বিশিষ্টঃ কর্ত্তুমিষ্টো ভবতি। তদা চ অমৃতত্বং সংসারধ্বংসেন মরণাতীতত্বং পরমানন্দরসত্বা। যদ্বা। মদধরামৃতং গোপ্যত্বেন স্পষ্টং তদনুক্তিঃ। অবিরতপানেন তত্র সংলগ্নত্বাৎ অভেদবিবক্ষায়াং ত্বপ্রত্যয়ঃ। প্রতিপদ্যমানঃ প্রাপ্নুবন্ ময়া সহ আত্মভূয়ায় অত্যন্তসংযোগায় কল্পতে যোগ্যঃ সমর্থো বা ভবতি। বৈ ধ্রুবং ॥ ১৯৮ ॥

পাদোদকের এতাবন্মাত্র মাহাত্ম্যও যিনি কীর্ত্তন করেন, তাঁহারও ভয় থাকে না। কিন্তু যিনি এই চরণামৃত রূপ অমূল্য মণির মূল্য অর্থাৎ ফলের পরিমাণ করেন, তাঁহাকে পাপভাগী হইতে হয়॥

অন্য স্থলেও॥

যাহার মুখে, মস্তকে ও শরীরে বিষ্ণুর পাদোদক থাকে, তিনিই

জন্মপ্রভৃতিপাপানাং প্রায়শ্চিত্তং যদীচ্ছতি।
শালগ্রামশিলাবারি পাপহারি নিষেব্যতাং ॥ ২৪ ॥
অতএব তেজোদ্রবিণপঞ্চরাত্রে ॥
শ্রীব্রহ্মণোক্তং ॥
পীঠপ্রণালাদুদকং পৃথগাদায় পুত্রক।
সিঞ্চয়েন্মূর্দ্ধ্নি ভক্তানাং সর্ব্বতীর্থময়ং হি তদিতি ॥ ২৫ ॥
পাদোদকস্য মাহাত্ম্যং বিখ্যাতং সর্ব্বশাস্ত্রতঃ।
লিখিতুং শক্নুয়াৎ কো হি সিন্ধূর্ম্মীন্ গণয়ন্নপি ॥
বিশেষতশ্চ পাদোদং তুলসীদলসংযুতং।
শঙ্খে কৃত্বা বৈষ্ণবেভ্যো দত্ত্বা প্রাশ্বং পিবেৎ স্বয়ং ॥

পীঠং শ্রীভগবদাসনং। তস্য প্রণালাৎ ॥ ২৫ ॥
প্রাশ্বদিতি তন্মন্ত্রোচ্চারণাদিবিধিনেত্যর্থঃ ॥ ২৬ ॥

ব্রহ্মচারী, তিনিই ব্রতচারী, তিনিই আশ্রমী, তিনিই সর্ব্বদা শুচি ॥

আজন্ম যে সকল পাপ করিয়াছে, তাহার যদি প্রায়শ্চিত্ত করিতে ইচ্ছা করে, তাহা হইলে পাপহারি শালগ্রামশিলার জল সেবন করুক ॥ ২৪ ॥

এই কারণেই তেজোদ্রবিণপঞ্চরাত্রে ॥

শ্রীব্রহ্মা কহিয়াছেন ॥

পুত্র! বিষ্ণুর পীঠের প্রণালী হইতে জল গ্রহণ করিয়া ভক্তজনের মস্তকে সিঞ্চন করিবে, ঐ জল সর্ব্বতীর্থময় ॥ ২৫ ॥

পাদোদকের মাহাত্ম্য সর্ব্বশাস্ত্রেই বিখ্যাত আছে, বরং সমুদ্রের তরঙ্গ গণনা করা যায়, কিন্তু পাদোদকের মাহাত্ম্য লিখিতে কে সমর্থ হইবে? ॥

বিশেষতঃ তুলসীপত্রসংযুক্ত পাদোদক শঙ্খে করিয়া মন্ত্রোচ্চারণাদি পূর্ব্বক বৈষ্ণবদিগকে দান ও স্বয়ং পান করিবে ॥

অথ শঙ্খকৃতপাদোদকমাহাত্ম্যং ॥

স্কান্দে শ্রীব্রহ্মনারদসম্বাদে ॥

কৃত্বা পাদোদকং শঙ্খে বৈষ্ণবানাং মহাত্মনাং ।
যো দদ্যাত্তুলসীমিশ্রং চান্দ্রায়ণশতং লভেৎ ।
গৃহীত্বা কৃষ্ণপাদাম্বু শঙ্খে কৃত্বাতু বৈষ্ণবঃ ।
যো বহেৎ শিরসা নিত্যং স মুনিস্তাপসোত্তমঃ ॥

পাদ্মে দেবদূতবিকুণ্ডলসম্বাদে ।

শালগ্রামশিলাতোয়ং যদি শঙ্খভৃতং পিবেৎ ।
হত্যাকোটিবিনাশঞ্চ কুরুতে নাত্র সংশয়ঃ ॥

অগস্ত্যসংহিতায়াং ॥

শালগ্রামশিলাতোয়ং তুলসীদলবাসিতং ।
যে পিবন্তি পুনস্তেষাং স্তন্যপানং ন বিদ্যতে ইতি ॥ ২৬ ॥

অথ শঙ্খে স্থাপিত পাদোদকের মাহাত্ম্য ॥

স্কন্দপুরাণে শ্রীব্রহ্মনারদসম্বাদে ॥

যে ব্যক্তি শঙ্খে করিয়া মহাত্মা বৈষ্ণবদিগকে তুলসীদলমিশ্রিত বিষ্ণুপাদোদক দান করেন, তাঁহার শত চান্দ্রায়ণের ফল লাভ হয় ।

যে বৈষ্ণব শঙ্খে করিয়া কৃষ্ণচরণামৃত নিত্য মস্তকে বহন করেন, তিনি তাপসশ্রেষ্ঠ মুনি ॥

পদ্মপুরাণে দেবদূতবিকুণ্ডলসম্বাদে ॥

শঙ্খে করিয়া যদি শালগ্রামশিলার জল পান করেন, তাহা হইলে তিনি কোটিহত্যা পাতক নাশ করিয়া থাকেন, তাহাতে আর সন্দেহ নাই ॥

অগস্ত্যসংহিতায় ॥

যাঁহারা তুলসীপত্র দ্বারা সুবাসিত শালগ্রামশিলার জল পান করেন, তাঁহাদিগকে আর মাতার স্তনদুগ্ধ পান করিতে হয় না ॥ ২৬ ॥

শ্রীবিষ্ণোর্বৈষ্ণবানাঞ্চ পাবনং চরণোদকং।
সর্ব্বতীর্থময়ং পীত্বা কুর্য্যাদাচমনং ন হি ॥ ২৭ ॥
তদুক্তং স্কান্দে শিবেন ॥
বিষ্ণোঃ পাদোদকং পীত্বা পশ্চাদশুচিশঙ্কয়া।
আচাময়তি চ যো মোহাদ্ব্রহ্মহা স নিগদ্যতে ॥
শ্রুতিশ্চ ॥
ভগবান্ পবিত্রং ভগবৎপাদৌ পবিত্রৌ
ভগবৎপাদোদকং পবিত্রং ন তৎপান আচমনীয়ং।
যথাহি সোম ইতি।
সৌপর্ণে চ ॥

আচমনং নহি নৈব কুর্য্যাদিতি অস্পৃশ্যস্পর্শনাদিনা কথঞ্চিৎপ্রাপ্তমাচমনং চরণোদক-পানানন্তরং পুনস্তচ্ছুদ্ধয়ে ন কুর্য্যাৎ। যদ্বা। স্নাত্বা ভুক্ত্বা পয়ঃ পীত্বেত্যাদিনা জলপানা-নন্তরং স্মৃতিবিহিতং যদাচমনং তচ্ছ্রীচরণোদকপানানন্তরং ন কার্য্যমিত্যর্থঃ। এবঞ্চ পিপাসয়া চরণোদকস্য পানং বিজ্ঞেয়ং ন চ প্রাশনরূপমাচমনমাত্রমিতি ॥ ২৭ ॥

শ্রীবিষ্ণুর এবং বৈষ্ণবদিগের পবিত্র চরণোদক সর্ব্বতীর্থ স্বরূপ, তাহা পান করিয়া আচমন করিবে না ॥ ২৭ ॥

অতএব স্কন্দপুরাণে শিব বলিয়াছেন ॥

যে ব্যক্তি বিষ্ণুর পাদোদক পান করিয়া পরে অশুচি বিবেচনায় অজ্ঞান বশতঃ মুখ প্রক্ষালন করে, তাহাকে ব্রহ্মঘাতক বলা যায় ॥

শ্রুতিও আছে ॥

ভগবান্ পবিত্র, ভগবানের চরণযুগল পবিত্র, ভগবানের পাদোদক পবিত্র, তাহা পান করিয়া আচমন করিবে না। উহাকে সোম বলিয়া নির্দ্দেশ করিয়াছেন ॥

গরুড়পুরাণেও ॥

বিষ্ণুপাদোদকং পীত্বা ভক্তপাদোদকং তথা।
য আচামতি সংমোহাদ্ব্রহ্মহা স নিগদ্যতে। ইতি ॥
ততঃ শুদ্ধং পয়ঃ পূর্ণং গন্ধপুষ্পাক্ষতান্বিতং।
আধারোপরি সংন্যস্যেচ্ছঙ্খং ভগবদগ্রতঃ ॥ ২৮ ॥
অথ শ্রীভগবদগ্রতঃ শঙ্খস্থাপনমাহাত্ম্যং ॥
স্কান্দে ব্রহ্মনারদসম্বাদে শঙ্খমাহাত্ম্যে ॥
পুরতো বাসুদেবস্য সপুষ্পং সজলাক্ষতং।
শঙ্খমভ্যর্চ্চিতং পশ্যেৎ তস্য লক্ষ্মীর্ন দুর্লভা।
সপুষ্পং বারিজং যস্য দূর্ব্বাক্ষতসমন্বিতং।
পুরতো বাসুদেবস্য তস্য শ্রীঃ সর্ব্বতোমুখী ইতি ॥ ২৯ ॥
গত্বাথ ভক্তিমান্ শ্রীমত্তুলস্যাঃ কাননে প্রভুং।

অশৌচশঙ্কয়া অশুদ্ধ্যা শঙ্কয়েত্যর্থঃ ॥ ২৮ ॥
বারিজং শঙ্খঃ। পুরতস্তিষ্ঠতীতি শেষঃ ॥ ২৯ ॥

বিষ্ণুপাদোদক বা ভক্তপাদোদক পান করিয়া যে ব্যক্তি অজ্ঞানবশতঃ আচমন করে তাহাকে ব্রহ্মঘাতক বলে ॥

চরণোদক সেবা করিয়া পরে জলপূর্ণ গন্ধ, পুষ্প ও তণ্ডুলযুক্ত শুদ্ধ শঙ্খ ভগবানের সম্মুখে আধারের উপর স্থাপন করিবে ॥ ২৮ ॥

অথ শ্রীভগবানের সম্মুখে শঙ্খস্থাপন মাহাত্ম্য ॥

স্কন্দপুরাণে ব্রহ্মা ও নারদসম্বাদে।

শঙ্খমাহাত্ম্যপ্রস্তাবে ॥

যদি বাসুদেবের সম্মুখে স্থাপিত, পূজিত, পুষ্প, জল ও তণ্ডুলসমন্বিত শঙ্খ দর্শন করে তাহা হইলে লক্ষ্মী তাহার দুর্লভ থাকেন না ॥

যিনি বাসুদেবের সম্মুখে পুষ্প, দূর্ব্বা ও তণ্ডুলসমন্বিত শঙ্খ স্থাপন করেন, তাঁহার সর্ব্ববিষয়েই সৌভাগ্য জন্মে ॥ ২৯ ॥

তদনন্তর ভক্তিসহকারে তুলসীকাননে গমন করিয়া প্রভু শ্রীকৃষ্ণের

সংপূজ্যাভ্যর্চ্চয়েত্তাঞ্চ শ্রীকৃষ্ণচরণপ্রিয়াং ॥ ৩০ ॥

অথ তুলসীবনপূজা ॥

প্রাগ্‌দত্ত্বার্ঘ্যং ততোঽভ্যর্চ্চ্য গন্ধপুষ্পাক্ষতাদিনা।

স্তুত্বা ভগবতীং তাঞ্চ প্রণমেৎ প্রার্থ্য দণ্ডবৎ ॥

তত্রার্ঘ্যমন্ত্রঃ ॥

শ্রিয়ঃ শ্রিয়ে শ্রিয়াবাসে নিত্যং শ্রীধরসৎকৃতে।

ভক্ত্যা দত্তং ময়া দেবি অর্ঘ্যং গৃহ্ন নমোঽস্তু তে ॥ ৩১ ॥

পূজামন্ত্রঃ ॥

নির্ম্মিতা ত্বং পুরা দেবৈরর্চ্চিতা ত্বং সুরাসুরৈঃ।

তুলসী হর মে পাপং পূজাং গৃহ্ন নমোঽস্তুতে ॥

তাং তুলসীঞ্চ ॥ ৩০ ॥

গৃহ্ন গৃহাণ ॥ ৩১ ॥

পূজা করত পরে শ্রীকৃষ্ণচরণপ্রিয়া তুলসীরও অর্চ্চনা করিবে ॥ ৩০ ॥

অথ তুলসীবনপূজা ॥

প্রথমতঃ অর্ঘ্যদান করিয়া পরে গন্ধ, পুষ্প ও আতপ তণ্ডুলাদি দ্বারা অর্চ্চনা করিবে। তদনন্তর ভগবতী তুলসীকে দণ্ডবৎ প্রণাম করিয়া প্রার্থনা করিবে ॥

অর্ঘ্যমন্ত্র যথা ॥

হে দেবি! আপনি লক্ষ্মীর আশ্রয় ও নিবাসস্থান, শ্রীধর নিত্য আপনার আদর করেন, আমি ভক্তিভাবে অর্ঘ্য দান করিলাম গ্রহণ করুন। আপনাকে নমস্কার ॥ ৩১ ॥

পূজা মন্ত্র ॥

হে তুলসি! পূর্ব্বকালে দেবগণ আপনাকে নির্ম্মাণ করিয়াছিলেন, দেব ও অসুর আপনার অর্চ্চনা করিয়া থাকেন, আমার পাপ হরণ করুন, এই পূজা গ্রহণ করুন, আপনাকে নমস্কার ॥

স্তুতিশ্চ ॥

মহাপ্রসাদজননী সর্ব্বসৌভাগ্যবর্দ্ধিনী ।

আধিব্যাধিহরী নিত্যং তুলসী ত্বং নমোঽস্তু তে ॥

প্রার্থনা ॥

শ্রিয়ং দেহি যশো দেহি কীর্ত্তিমায়ুস্তথা সুখং ।

বলং পুষ্টিং তথা ধর্ম্মং তুলসী ত্বং প্রসীদ মে ॥ ৩২ ॥

প্রণামবাক্যঞ্চাবন্তীখণ্ডে ॥

যা দৃষ্টা নিখিলাঘসঙ্ঘশমনী স্পৃষ্টা বপুঃপাবনী

রোগানামভিবন্দিতা নিরসিনী সিক্তান্তকত্রাসিনী ।

প্রত্যাসত্তিবিধায়িনী ভগবতঃ কৃষ্ণস্য সংরোপিতা

তুলসীতি দীর্ঘান্তপাঠে সম্বোধনেঽপি ছন্দোভঙ্গ ভিয়া দৈর্ঘ্যমার্ষং । যদ্বা । ত্বমিত্যস্য বিশেষণং ॥ ৩২ ॥

প্রত্যাসত্তিঃ সম্বন্ধবিশেষঃ বিমুক্তিঃ বিশিষ্টা মুক্তিঃ শ্রীবৈকুণ্ঠলোকপ্রাপ্তিলক্ষণা তদেব

স্তবমন্ত্র ॥

হে তুলসি ! আপনার দ্বারা ভগবানের সাতিশয় প্রসন্নতা জন্মে, আপনি নিত্য সর্ব্বপ্রকার সৌভাগ্য বৃদ্ধি ও আধি ব্যাধি সমস্ত নিবারণ করিয়া থাকেন, আপনাকে নমস্কার ॥

প্রার্থনা ॥

তুলসি ! আপনি আমার প্রতি প্রসন্ন হউন, আমাকে লক্ষ্মী, যশঃ, কীর্ত্তি, আয়ু, সুখ, বল, পুষ্টি ও ধর্ম্ম দান করুন ॥ ৩২ ॥

প্রণামবাক্য অবন্তীখণ্ডে ॥

যিনি দৃষ্টিগোচর হইলে সমস্ত পাপ নষ্ট করেন, স্পর্শ করিলে শরীর পবিত্র করেন, প্রণাম করিলে রোগ সকল নষ্ট করেন, জল দ্বারা সিক্ত করিলে যমভয় নিবারণ করেন, যাঁহাকে রোপণ করিলে ভগবানের সান্নিধ্য লাভ হয় এবং শ্রীকৃষ্ণের চরণে অর্পণ করিলে বিশিষ্ট

ন্যস্তা তচ্চরণে বিমুক্তিফলদা তস্যৈ তুলস্যৈ নমঃ ॥ ৩৩ ॥

ভগবত্যাস্তুলস্যাস্তু মাহাত্ম্যামৃতসাগরে।

লোভাৎ কূর্দ্দিতুমিচ্ছামি ক্ষুদ্রস্তৎক্ষম্যতাং ত্বয়া ॥ ৩৪ ॥

অথ তুলসীবনপূজামাহাত্ম্যং ॥

স্কান্দে ॥

শ্রবণদ্বাদশীযোগে শালগ্রামশিলার্চ্চনে।

যৎফলং সঙ্গমে প্রোক্তং তুলসীপূজনেন তৎ ॥

গারুড়ে ॥

ধাত্রীফলেন যৎপুণ্যং জয়ন্ত্যাং সমুপোষণে।

ফলং। যদ্বা। বিমুক্তের্মোক্ষস্য ফলং প্রেমভক্তিঃ তৎ দদাতীতি তথা সা ॥ ৩৩ ॥

শ্রীব্রহ্মাদ্যনির্ব্বাচ্যমপি ভগবৎপাদপদ্মপ্রিয়তমায়াঃ শ্রীতুলস্যা মাহাত্ম্যং পরমোপাদেয়ত্বেন লোভতো লিখন্নাদৌ নিজচাপল্যাপরাধং ক্ষমাপয়তি। ভগবত্যা ইতি। কূর্দ্দিতুং উৎপ্লুত্য নিপতিতুং ॥ ৩৪ ॥

ধাত্রীফলেনেতি তদ্ভক্ষণাদিনেত্যর্থঃ। জয়ন্ত্যাং জন্মাষ্টম্যাং মহাদ্বাদশীভেদে বা।

মুক্তি ফল অর্থাৎ প্রেম প্রাপ্ত হওয়া যায়, সেই তুলসীকে নমস্কার করি ॥ ৩৩ ॥

হে ভগবতি তুলসি! অতি উপাদেয় বলিয়া লোভ হেতু ক্ষুদ্র আমি আপনার মাহাত্ম্য রূপ অমৃত সাগরে লম্ফ প্রদান করিতে সাহসী হইলাম, আপনি আমাকে ক্ষমা করুন ॥ ৩৪ ॥

অথ তুলসীবন পূজার মাহাত্ম্য ॥

স্কন্দপুরাণে ॥

সঙ্গমস্থলে শ্রবণাদ্বাদশীযোগে শালগ্রামশিলার পূজা করিলে যে ফল হয়, কথিত আছে তুলসী পূজা করিলেও সেই ফল ॥

গরুড়পুরাণে ॥

হে খগেন্দ্র! আমলকী ভক্ষণ করিলে, জন্মাষ্টমী বা জয়ন্তী দ্বাদ-

খগেন্দ্র ভবতে নৃণাং তুলসীপূজনেন তৎ ॥ ৩৫ ॥
প্রয়াগস্নাননিরতৌ কাশ্যাং প্রাণবিমোক্ষণে।
যৎফলং বিহিতং দেবৈস্তুলসীপূজনেন তৎ ॥
অগস্ত্যসংহিতায়াং ॥
চতুর্ণামপি বর্ণানামাশ্রমাণাং বিশেষতঃ।
স্ত্রীণাঞ্চ পুরুষাণাঞ্চ পূজিতেষ্টং দদাতি হি।
তুলসীরোপিতা সিক্তা দৃষ্টা স্পৃষ্টা চ পাবয়েৎ।
আরাধিতা প্রযত্নেন সর্ব্বকামফলপ্রদা ॥
কিঞ্চ ॥
প্রদক্ষিণং ভ্রমিত্বা যে নমস্কুর্ব্বন্তি নিত্যশঃ।
ন তেষাং দুরিতং কিঞ্চিদক্ষীণমবশিষ্যতে ॥
বৃহন্নারদীয়ে যজ্ঞধ্বজোপাখ্যানান্তে ॥

উপবাসে চ যৎপুণ্যং ' যদ্বা। জয়ন্ত্যাপোষণে ধাত্রীতলস্নানাদিনা যৎপুণ্যং ভবতে ভবতি ॥৩৫

শীতে উপবাস করিলে যে ফল হয়, তুলসীপূজা করিলে মনুষ্যদিগের সেই ফল লাভ হইয়া থাকে ॥ ৩৫ ॥

নিত্য প্রযাগে স্নান এবং কাশীতে প্রাণত্যাগ করিলে দেবগণ যে ফল নির্দ্দেশ করিয়াছেন, তুলসীপূজারও সেই ফল নিশ্চয় করিয়াছেন ॥

অগস্ত্যসংহিতায় ॥

চারিবর্ণের বিশেষত চারি আশ্রমের কি স্ত্রী, কি পুরুষ, যে কেহই তুলসীপূজা করেন, তুলসী তাহাকে ইষ্ট ফল প্রদান করেন ॥

মনুষ্য তুলসী রোপণ, সেবন, দর্শন ও স্পর্শ করিলে পবিত্র হয়, যত্নপূর্ব্বক আরাধনা করিলে সর্ব্ব অভিলাষ সিদ্ধ হয় ॥

আরও ॥

যাঁহারা প্রত্যহ প্রদক্ষিণপূর্ব্বক তুলসীকে প্রণাম করেন, তাহাদিগের কোন পাপই নষ্ট হইতে অবশিষ্ট থাকে না ॥

পূজ্যমানা চ তুলসী যস্য বেশ্মনি তিষ্ঠতি।
তস্য সর্ব্বাণি শ্রেয়াংসি বর্দ্ধন্তেঽহরহর্দ্বিজাঃ॥
অতএব পাদ্মে দেবদূতবিকুণ্ডলসম্বাদে॥
পক্ষে পক্ষে তু সংপ্রাপ্তে দ্বাদশ্যাং বৈশ্যসত্তম।
ব্রহ্মাদয়োঽপি কুর্ব্বন্তি তুলসীবনপূজনং॥
অতএব শ্রীতুলসীস্তুতিমহিমা॥
অনন্যমনসা নিত্যং তুলসীং স্তৌতি যো নরঃ।
পিতৃদেবমনুষ্যাণাং প্রিয়ো ভবতি সর্ব্বদা॥
অথ তুলসীবনমাহাত্ম্যং॥
স্কান্দে॥
রতিং বধ্নাতি নান্যত্র তুলসীকাননং বিনা।

বৃহন্নারদপুরাণে॥
যজ্ঞধ্বজের উপাখ্যানের শেষে॥

হে ব্রাহ্মণগণ! যাঁহার গৃহে তুলসী থাকেন এবং প্রতিদিবস সেই তুলসীর পূজা হয়, দিন দিন তাঁহার সর্ব্বপ্রকার মঙ্গল বৃদ্ধি হইতে থাকে॥

অতএব পদ্মপুরাণে॥
দেবদূত—বিকুণ্ডলসম্বাদে॥

হে বৈশ্যশ্রেষ্ঠ! প্রতিপক্ষের দ্বাদশী উপস্থিত হইলে ব্রহ্মাদি দেবতারাও তুলসীবনের পূজা করিয়া থাকেন॥

এই জন্য শ্রীতুলসীর স্তুতির মাহাত্ম্য॥

যে নর একান্তচিত্তে নিত্য তুলসীর স্তব করেন, তিনি পিতৃলোক, দেবতা ও মনুষ্যদিগের প্রিয় হন॥

অথ তুলসীবনের মাহাত্ম্য।
স্কন্দপুরাণে॥

তুলসীবন ভিন্ন দেবদেব জগৎস্বামী অন্য কোন বস্তুতেই প্রীতি

দেবদেবো জগৎস্বামী কলিকালে বিশেষতঃ।
হিত্বা তীর্থসহস্রাণি সর্ব্বানপি শিলোচ্চয়ান্।
তুলসীকাননে নিত্যং কলৌ তিষ্ঠতি কেশবঃ।
নিরীক্ষিতা নরৈর্যৈস্তু তুলসীবনবাটিকা।
রোপিতা যৈশ্চ বিধিনা সংপ্রাপ্তং পরমং পদং।
ন ধাত্রী সফলা যত্র ন বিষ্ণুস্তুলসীবনং।
তৎ শ্মশানসমং স্থানং সন্তি যত্র ন বৈষ্ণবাঃ।
কেশবার্থে কলৌ যে তু রোপয়ন্তীহ ভূতলে।
কিং করিষ্যত্যসন্তুষ্টো যমোঽপি সহ কিঙ্করৈঃ।
তুলস্যারোপণং কার্য্যং শ্রবণেন বিশেষতঃ।
অপরাধসহস্রাণি ক্ষমতে পুরুষোত্তমঃ।
দেবালয়েষু সর্ব্বেষু পুণ্যক্ষেত্রেষু যো নরঃ।
বাপয়েত্তুলসীং পুণ্যাং তত্তীর্থং চক্রপাণিনঃ।

বিধান করেন না, বিশেষতঃ কলিযুগে॥

সহস্র সহস্র তীর্থ ও সমুদায় পর্ব্বত পরিত্যাগ করিয়া কেশব কলিযুগে তুলসীবনেই নিত্য বাস করেন॥

যে সকল মনুষ্য তুলসীকানন দর্শন বা বিধিপূর্ব্বক রোপণ করিয়াছেন, তাঁহারা পরমপদ প্রাপ্ত হইয়াছেন॥

যে স্থানে ফলবান্ আমলকীবৃক্ষ, বিষ্ণুমূর্ত্তি, তুলসীবন বা বৈষ্ণবগণ না থাকেন, সে স্থান শ্মশান তুল্য॥

কলিকালে পৃথিবীতলে কেশবের জন্য যে সকল ব্যক্তি তুলসীরোপণ করিয়াছেন, যম এবং তাঁহার দূতগণ কুপিত হইয়া তাঁহাদিগের কি করিবেন?॥

বিশেষতঃ শ্রবণানক্ষত্রের যোগে তুলসী রোপণ করা কর্ত্তব্য, তাহা হইলে পুরুষোত্তম, তাঁহার সহস্র অপরাধ মার্জনা করেন॥

যে সকল দেবালয়ে বা পুণ্যক্ষেত্রে মনুষ্য পবিত্র তুলসীবৃক্ষ রোপণ

ঘটৈর্যত্র ঘটীভিশ্চ সিঞ্চিতং তুলসীবনং।
জলধারাভির্বিপ্রেন্দ্র প্রীণিতং ভুবনত্রয়ং ॥ ৩৬ ॥
তত্রৈব শ্রীব্রহ্মনারদসম্বাদে ॥
তুলসীগন্ধমাদায় যত্র গচ্ছতি মারুতঃ।
দিশোদশশ্চ পূতাঃ স্যুর্ভূতগ্রামশ্চতুর্ব্বিধঃ ॥ ৩৭ ॥
তুলসীকাননোদ্ভূতা চ্ছায়া যত্র ভবেদ্দ্বিজ।
তত্র শ্রাদ্ধং প্রদাতব্যং পিতৃণাং তৃপ্তিহেতবে।
তুলসীবীজনিকরঃ পততে যত্র নারদ।
পিণ্ডদানং কৃতং তত্র পিতৃণাং দত্তমক্ষয়ং ॥
তত্রৈবাগ্রে ॥
দৃষ্টা স্পৃষ্টা তথা ধ্যাতা কীর্ত্তিতা নমিতা শ্রুতা।

জলধারাভিঃ সিঞ্চিতং সিক্তং ॥ ৩৬ ॥
চতুর্বিধঃ জরায়ুজাণ্ডজস্বেদজোদ্ভিজ্জভেদেন ॥ ৩৭ ॥

করায়, সেই সকল স্থানই চক্রপাণি বিষ্ণুর তীর্থ ॥

হে বিপ্রেন্দ্র! ঘট বা ঘটিকা দ্বারা তুলসী সেচন করিলে জলধারা দ্বারা ত্রিভুবনের তৃপ্তিসাধন করা হয় ॥ ৩৬ ॥

ঐ স্কন্দপুরাণেই শ্রীব্রহ্মা ও নারদের সম্বাদে ॥

বায়ু তুলসীর গন্ধ বহন করিয়া যে স্থানে গমন করে, তাহার দশদিক্ ও চতুর্ব্বিধ প্রাণী পবিত্র হয় ॥ ৩৭ ॥

হে দ্বিজ! তুলসীবনের ছায়া যে স্থানে পতিত হইয়াছে, সেই স্থানে পিতৃগণের শ্রাদ্ধ করিবে, তাহা হইলে তাঁহাদিগের বিশেষ তৃপ্তি লাভ হইবে ॥

হে নারদ! যে স্থানে তুলসীর বীজ পতিত হয়, সেই স্থানে পিণ্ডদান করিলে পিণ্ড অক্ষয় হইয়া থাকে ॥

ঐ প্রস্তাবেরই কিঞ্চিৎ পরে ॥

রোপিতা সেবিতা নিত্যং পূজিতা তুলসী শুভা ॥ ৩৮ ॥
নবধা তুলসীং নিত্যং যে ভজন্তি দিনে দিনে।
যুগকোটিসহস্রাণি তে বসন্তি হরের্গৃহে।
রোপিতা তুলসী যাবৎ কুরুতে মূলবিস্তরং।
তাবৎ কোটিসহস্রন্তু তনোতি সুকৃতং কলৌ।
যাবচ্ছাখাপ্রশাখাভি বীজপুষ্পৈঃ ফলৈর্মুনে।
রোপিতা তুলসী পুংভির্বর্দ্ধতে বসুধাতলে।
কুলে তেষাস্তু যে জাতা যে ভবিষ্যন্তি যে মৃতাঃ।
আকল্পং যুগসাহস্রং তেষাং বাসোহরের্গৃহে ॥ ৩৯ ॥
তত্রৈব চাবন্তীখণ্ডে ॥

নমিতা নতা। সেবিতা জলসেকাদিনা ॥ ৩৮ ॥
প্রশাখা উপশাখাঃ। তেষাং কুলে যাবন্তঃ পুরুষাঃ। তানেবাহ যে জাতা ইত্যাদি
আকল্পং ব্রহ্মদিনং ব্যাপ্য যৎ যুগসাহস্রং তৎ প্রাপ্য ॥ ৩০ ॥

নিত্য তুলসী দর্শন, স্পর্শন, ধ্যান, কীর্ত্তন, নমস্কার, শ্রবণ, রোপণ, সেবা বা পূজা যাহা কিছু করা যায়, তাহাতেই মঙ্গল হয় ॥ ৩৮ ॥

যাঁহারা দিন দিন এই নয় প্রকার তুলসীর ভজনা করেন সহস্র-কোটিযুগ তাঁহাদের হরিধামে বাস হয় ॥

কলিযুগে তুলসী রোপিতা হইয়া যত মূল বিস্তার করেন রোপণ কর্ত্তার তত সহস্রকোটি পুণ্য বিস্তার হয় ॥

হে মুনে! পৃথিবীতে যে সকল মানবগণ কর্ত্তৃক তুলসী রোপিতা হইয়া যত শাখা, প্রশাখা, বীজ, পুষ্প ও ফলে বর্দ্ধিত হইতে থাকেন তাঁহাদিগের কুলে যাঁহারা জন্ম গ্রহণ করিয়াছেন বা জন্মিবেন কিম্বা জন্মিয়াছিলেন, তাহাদিগেরও ব্রহ্মার পরিমাণে সহস্রযুগ কাল বিষ্ণু-লোকে বসতি হয় ॥ ৩৯ ॥

ঐ স্কন্দপুরাণেই অবন্তীখণ্ডে ॥

তুলসীং যে বিচিন্বন্তি ধন্যাস্তৎকরপল্লবাঃ।
কেশবার্থে কলৌ যে চ রোপয়ন্তীহ ভূতলে।
স্নানে দানে তথা ধ্যানে প্রাশনে কেশবার্চ্চনে।
তুলসী দহতে পাপং রোপণে কীর্ত্তনে কলৌ ॥ ৪০ ॥
কাশীখণ্ডে স্বদূতান্ প্রতি শ্রীযমানুশাসনে ॥
তুলস্যলঙ্কৃতা যে যে তুলসী নাম জাপকাঃ।
তুলসীবনপালা যে তে ত্যাজ্যা দূরতোভটাঃ।
তথৈব ধ্রুবচরিতে ॥
তুলসী যস্য ভবনে প্রত্যহং পরিপূজ্যতে।
তদ্গৃহং নোপসর্পন্তি কদাচিৎ যমকিঙ্করাঃ ॥
পাদ্মে দেবদূতবিকুণ্ডলসম্বাদে ॥

যে চ রোপয়ন্তি তে ধন্যা ইত্যর্থঃ ॥ ৪০ ॥

পৃথিবীতে কলিকালে কেশবের জন্য যাঁহারা তুলসীচয়ন এবং রোপণ করেন, তাহাদিগের করপল্লব ধন্য ॥

কলিকালে তুলসীজলে স্নান, তুলসীদান, তুলসীধ্যান, তুলসীভক্ষণ, তুলসী দ্বারা কেশবের অর্চ্চনা এবং তুলসীরোপণ ও কীর্ত্তন করিলে তুলসী পাপ দাহ করেন ॥ ৪০ ॥

কাশীখণ্ডে ॥

নিজদূতের প্রতি যমের উপদেশ বাক্য ॥

দূতগণ! যাঁহারা তুলসীভূষণে ভূষিত, যাঁহারা তুলসী নাম জপ করেন এবং যাঁহারা তুলসীবন রক্ষা করেন, তাঁহাদিগকে দুরে পরিত্যাগ করিবা ॥

এই কথাই ধ্রুবচরিতে ॥

যাঁহার গৃহে প্রতি দিবস তুলসীর পূজা হয়, যমদূতগণ কখনও তাঁহার গৃহের নিকট দিয়া গমন করে না ॥

ন পশ্যন্তি যমং বৈশ্য তুলসীবনরোপণাৎ।
সর্ব্বপাপহরং সর্ব্বকামদং তুলসীবনং।
তুলসীকাননং বৈশ্য গৃহে যস্মিংস্তু তিষ্ঠতি।
তদ্গৃহং তীর্থভূতং হি নোযান্তি যমকিঙ্করাঃ।
তাবদ্বর্ষসহস্রাণি যাবদ্বীজদলানি চ।
বসন্তি দেবলোকে তু তুলসীং রোপয়ন্তি যে।
তুলসীগন্ধমাঘ্রায় পিতরস্তুষ্টমানসাঃ।
প্রযান্তি গরুড়ারূঢ়া স্তৎপদং চক্রপাণিনঃ ॥ ৪১ ॥
দর্শনং নর্ম্মদায়াস্তু গঙ্গাস্নানং বিশাম্বর।
তুলসীদলসংস্পর্শঃ সমমেতত্ত্রয়ং স্মৃতং।

তৎ শ্রীবৈকুণ্ঠাখ্যং অনির্ব্বচনীয়ং বা পদং ॥ ৪১ ॥

পদ্মপুরাণে দেবদূত-বিকুণ্ডল-সম্বাদে ॥

হে বৈশ্য! মানবগণ তুলসীবন রোপণ করিলে তাঁহাদিগকে যম-দর্শন করিতে হয় না, তুলসীকানন সর্ব্ব পাপ হরণ ও সর্ব্বপ্রকার অভিলাষ পূর্ণ করেন ॥

হে বৈশ্য! যে গৃহে তুলসী কানন থাকে সে গৃহ তীর্থ হইয়াছে, যমকিঙ্করগণ সে গৃহের নিকট দিয়া গমন করে না ॥

যাঁহারা তুলসীরোপণ করেন, সেই তুলসীর যত পত্র ও যত বীজ হয় তাঁহারা তত সহস্র বৎসর দেবলোকে বাস করেন ॥

তুলসীর গন্ধ আঘ্রাণ করিয়া পিতৃগণ সন্তুষ্ট মনে গরুড়ে আরোহণ পূর্ব্বক চক্রপাণির প্রসিদ্ধ বৈকুণ্ঠধামে গমন করেন ॥ ৪১ ॥

হে বৈশ্যশ্রেষ্ঠ! নর্ম্মদাদর্শন, গঙ্গাস্নান, আর তুলসীপত্রস্পর্শ, কথিত আছে এই তিনই সমান ॥

বাক্য মন ও দেহ দ্বারা মনুষ্যগণ যে কিছু পাপ সঞ্চয় করে, তুলসী রোপণ, পালন, সেবন, দর্শন ও স্পর্শ করিলে সমস্তই দগ্ধ হইয়া যায় ॥

রোপণাৎ পালনাৎ সেকাৎ দর্শনাৎ স্পর্শনান্নৃণাং।
তুলসী দহতে পাপং বাঙ্মনঃ কায়সঞ্চিতং॥
আম্রবৃক্ষসহস্রেণ পিপ্পলানাং শতেন চ।
যৎফলং হি তদেকেন তুলসীবিটপেন তু।
বিষ্ণুপূজনসংযুক্তস্তুলসীং যস্তু রোপয়েৎ॥
যুগাযুতদশৈকং স রোপকো রমতে দিবি॥
তত্রৈব বৈশাখমাহাত্ম্যে॥
পুষ্করাদীনি তীর্থানি গঙ্গাদ্যাঃ সরিতস্তথা॥
বাসুদেবাদয়ো দেবা বসন্তি তুলসীদলে।
দারিদ্র্যদুঃখরোগার্ত্তিপাপানি সুবহূন্যপি।
তুলসী হরতি ক্ষিপ্রং রোগানিব হরীতকী॥
তত্রৈব কার্ত্তিকমাহাত্ম্যে॥
যদ্গৃহে তুলসী ভাতি রক্ষাভির্জলসেচনৈঃ।

রক্ষাভিঃ কণ্টকাবরণাদিভিঃ॥ ৪২॥

সহস্র আম্র-বৃক্ষ এবং একশত অশ্বত্থ-বৃক্ষে যে ফল,তুলসীর একমাত্র শাখায় সেই ফল॥

বিষ্ণুপূজা পরায়ণ যে ব্যক্তি তুলসীরোপণ করেন, তিনি লক্ষযুগকাল দেবলোকে পরমানন্দে বাস করেন॥

ঐ পুরাণেই বৈশাখমাহাত্ম্যে॥

পুষ্করাদি তীর্থ, গঙ্গাদি নদী এবং বাসুদেবাদি দেবতা সকল তুলসীর দলে বাস করিয়া থাকেন॥

হরিতকী যেমন রোগশান্তি করে, তুলসী তেমনি বহু বহু দারিদ্র্যদুঃখ ও পাপ নাশ করেন॥

ঐ গ্রন্থেই কার্ত্তিকমাহাত্ম্যপ্রস্তাবে॥

যত্ন ও জলসেচন দ্বারা বৃদ্ধি পাইয়া যে গৃহে তুলসী বিরাজ করেন,

তদ্গৃহং যমদূতাশ্চ দূরতো বর্জয়ন্তি হি ॥ ৪২ ॥
তুলস্যাস্তর্পণং যেচ পিতৃনুদ্দিশ্য মানবাঃ ।
কুর্ব্বন্তি তেষাং পিতরস্তৃপ্তা বর্ষাযুতং জলৈঃ ।
পরিচর্য্যাঞ্চ যে তস্যা রক্ষয়াবালবন্ধনৈঃ ॥
শুশ্রূষিতো হরিস্তৈস্তু নাত্র কার্য্যা বিচারণা ॥ ৪৩ ॥
নাবজ্ঞা জাতু কার্য্যাস্যা বৃক্ষভাবান্মনীষিভিঃ ।
যথাহি বাসুদেবস্য বৈকুণ্ঠে ভোগবিগ্রহঃ ।
শালগ্রামশিলারূপং স্থাবরং ভুবি দৃশ্যতে ।
তথা লক্ষ্ম্যৈক্যমাপন্না তুলসী ভোগবিগ্রহা ।
অপরং স্থাবরং রূপং ভুবি লোকহিতায় বৈ ।
স্পৃষ্টা দৃষ্টা রক্ষিতাচ মহাপাতকনাশিনী ।
অগস্ত্যসংহিতায়াং ॥

আবালং আলবালং তদ্বন্ধনৈর্বা রক্ষা তস্যা পরিচর্য্যা যে কুর্ব্বন্তীতি শেষঃ ॥ ৪৩ ॥

যমদূতগণ সে গৃহ দূর হইতে পরিত্যাগ করেন ॥ ৪২ ॥

যে সকল মনুষ্য তুলসী সহিত জল দ্বারা পিতৃগণের তর্পণ করেন, তাঁহাদিগের পিতৃগণ সেই জলে দশ সহস্র বৎসর তৃপ্ত থাকেন ॥

যাঁহারা যত্ন ও আলবাল বন্ধন দ্বারা তুলসীর অর্চ্চনা করেন, তাঁহাদিগের বিষ্ণু অর্চ্চনা করা হয়, তাহাতে আর সন্দেহ নাই ॥ ৪৩ ॥

বৃক্ষজ্ঞানে মনুষ্যগণ কখন তুলসীর অবজ্ঞা করিবেন না, বৈকুণ্ঠে বাসুদেবের যে দেহ বিরাজমান, তুলসীও সাক্ষাৎ সেই দেহ ॥

যেমন পৃথিবীতলে শালগ্রামশিলা স্বরূপ বিষ্ণুর স্থাবর দেহ দর্শন করা যায়, তেমনি তুলসী লক্ষ্মীর দেহ ইহা লোকের হিতের নিমিত্ত পৃথিবীতে তাঁহার আর এক দেহ বিরাজ করিতেছেন। এই দেহ স্পর্শ, দর্শন ও পালন করিলে মহাপাতক নাশ হয় ॥

বিষ্ণোস্ত্রৈলোক্যনাথস্য রামস্য জনকাত্মজা।
প্রিয়া তথৈব তুলসী সর্ব্বলোকৈকপাবনী ॥ ৪৪ ॥
তুলসীবাটিকা যত্র পুষ্পান্তরশতাবৃতা।
শোভতে রাঘবস্তত্র সীতয়া সহিতঃ স্বয়ং।
তুলসীবিপিনস্যাপি সমন্তাৎ পাবনং স্থলং।
ক্রোশমাত্রং ভবত্যেব গাঙ্গেয়স্যেব পাথসঃ।
তুলসীসন্নিধৌ প্রাণান্ যে ত্যজন্তি মুনীশ্বর।
ন তেষাং নরকক্লেশঃ প্রযান্তি পরমং পদং ॥
কিঞ্চ ॥
অনন্যদর্শনাঃ প্রাত র্যে পশ্যন্তি তপোধন।
অহোরাত্রকৃতং পাপং তৎক্ষণাৎ প্রহরন্তি তে ॥

তথৈবেতি যথা জনকাত্মজা সীতা প্রিয়া তথা তুলসী চেত্যর্থঃ ॥ ৪৪ ॥
প্রহরন্তি প্রকর্ষেণ হরন্তি বিনাশয়ন্তি স্বস্যান্যেষামপি বা ॥ ৪৫ ॥

অগস্ত্যসংহিতায় ॥

রামরূপী ত্রৈলোক্যনাথ বিষ্ণুর জনকনন্দিনী যেমন প্রেয়সী, সর্ব্ব-লোকের এক পাবনী তুলসীও তেমনি প্রিয়া ॥ ৪৪ ॥

যে স্থানে মধ্যে মধ্যে বিবিধ পুষ্পে পরিশোভিত তুলসীবাটিকা থাকে রামচন্দ্র সীতার সহিত স্বয়ং তথায় অবস্থিতি করেন ॥

যেমন গঙ্গাজলের, তেমনি তুলসী বনের চতুর্দ্দিকবর্ত্তী এক ক্রোশ স্থান পবিত্র ॥

হে মুনিশ্রেষ্ঠ! যাঁহারা তুলসীর সন্নিকটে প্রাণত্যাগ করেন, তাঁহাদের নরকযন্ত্রণা নাই, তাঁহারা বিষ্ণুলোকে গমন করেন ॥

আরও ॥

হে তপোধন! যাঁহারা প্রাতঃকালে উঠিয়া অন্য বস্তু না দেখিয়া অগ্রে তুলসী দর্শন করেন, তাঁহারা অহোরাত্র কৃত পাপকে বিনাশ

গারুড়ে ॥

কৃতং যেন মহাভাগ তুলসীবনরোপণং।

মুক্তিস্তেন ভবেদ্দত্তা প্রাণিনাং বিনতাসুত ॥ ৪৫ ॥

তুলসী বাপিতা যেন পুণ্যারামে বনে গৃহে।

পক্ষীন্দ্র তেন সত্যোক্তং লোকাঃ সপ্ত প্রতিষ্ঠিতাঃ ॥ ৪৬ ॥

তুলসীকাননে যস্তু মুহূর্ত্তমপি বিশ্রমেৎ।

জন্মকোটিকৃতাৎ পাপান্মুচ্যতে নাত্র সংশয়ঃ।

প্রদক্ষিণাং যঃ কুরুতে পঠন্নামসহস্রকং।

তুলসীকাননে নিত্যং যজ্ঞাযুতফলং লভেৎ ॥

হরিভক্তিসুধোদয়ে ॥

নিত্যং সন্নিহিতো বিষ্ণুঃ সস্পৃহস্তুলসীবনে।

অপি মে'ক্ষতপত্রৈকং কশ্চিদ্ধন্যোঽর্পয়েদিতি ॥

সত্যোক্তং সত্যবচনমেবৈতদিত্যর্থঃ ॥ ৪৬ ॥

করিয়া থাকেন ॥

গরুড়পুরাণে ॥

হে মহাভাগ বিনতানন্দন! যিনি তুলসীবন রোপণ করিয়াছেন তাঁহার প্রাণিদিগকে মুক্তি দান করা হইয়াছে ॥ ৪৫ ॥

যিনি পবিত্র উপবন, বন ও গৃহে তুলসী রোপণ করিয়াছেন, হে পক্ষীন্দ্র! সত্য বলিলাম, তিনি সপ্তলোক স্থাপন করিয়াছেন ॥৪৬॥

যিনি এক মুহূর্ত্তমাত্রও তুলসীবনে বিশ্রাম করেন, তিনি কোটি জন্মকৃত পাপ হইতে মুক্ত হন, ইহাতে সংশয় নাই ॥

যে ব্যক্তি নিত্য সহস্র নাম পাঠ করিয়া তুলসী কানন প্রদক্ষিণ করেন, তিনি দশ সহস্র যজ্ঞের ফল প্রাপ্ত হয়েন ॥

হরিভক্তিসুধোদয়ে ॥

বিষ্ণু সর্ব্বদা তুলসীবনের নিকট এই অভিলাষে বাস করেন, যে, যদি কোন ধন্য মনুষ্য আমাকে একটী অখণ্ড তুলসীপত্র অর্পণ করেন ॥

বৃহন্নারদীয়ে গঙ্গাপ্রসঙ্গে ॥

সংসারপাপবিচ্ছেদি গঙ্গানাম প্রকীর্ত্তিতং।

তথা তুলস্যা ভক্তিশ্চ হরিকীর্ত্তিপ্রবক্তরি ॥ ৪৭ ॥

তুলসীকাননং যত্র যত্র পদ্মবনানি চ।

পুরাণপঠনং যত্র তত্র সন্নিহিতো হরিঃ ॥

তত্রৈব যমভগীরথসম্বাদে ॥

তুলসীরোপণং যে তু কুর্ব্বিতে মনুজেশ্বর।

তেষাং পুণ্যফলং বক্ষ্যে বদতস্তং নিশাময়।

সপ্তকোটিকুলৈর্যুক্তো মাতৃতঃ পিতৃতস্তথা।

বসেৎ কল্পশতং সাগ্রং নারায়ণসমীপগঃ।

তৃণানি তুলসীমূলাৎ যাবন্ত্যপহিনোতি বৈ।

তাবতী ব্রহ্মহত্যা হি ছিনত্ত্যেব ন সংশয়ঃ ॥ ৪৮ ॥

তথা তুলস্যা নাম চ হরিকীর্ত্তিপ্রবক্তরি ভক্তিশ্চ ॥ ৪৭ ॥

অপহিনোতি দূরীকরোতি ॥ ৪৮ ॥

বৃহন্নারদপুরাণে গঙ্গামাহাত্ম্যপ্রস্তাবে ॥

কথিত আছে, গঙ্গার নাম কীর্ত্তন করিলে সংসারের পাপ দূর হয়, তুলসী এবং হরিগুণ কীর্ত্তনকারির প্রতি ভক্তি করিলেও তাহাই হইয়া থাকে ॥ ৪৭ ॥

যে স্থানে তুলসীকানন ও পদ্মবন থাকে এবং যে স্থানে পুরাণ পাঠ হয়, হরি সেই স্থানের সন্নিকটে বসতি করেন ॥

ঐ বৃহন্নারদপুরাণেই যম ও ভগীরথসম্বাদে ॥

হে রাজন্! যাঁহারা তুলসীরোপণ করেন, তাহাদিগের পুণ্য ফল বলিতেছি, তুমি আমার নিকট শ্রবণ কর ॥

তাঁহারা পিতৃবংশের সপ্তকোটি ও মাতৃবংশের সপ্তকোটি পুরুষের সহিত নারায়ণের সমীপে কিঞ্চিদধিক শতকল্প বাস করিয়া থাকেন ॥ যে মনুষ্য তুলসীর মূল হইতে যত তৃণ উৎপাটন করিয়া ফেলিয়া দেন,

তুলস্যাং সিঞ্চয়েদ্যস্তু চুলুকোদকমাত্রকং।
ক্ষীরোদশায়িনা সার্দ্ধং বসেদাচন্দ্রতারকং।
কণ্টকাবরণং বাপি বৃতিং কাষ্ঠৈঃ করোতি যঃ।
তুলস্যাঃ শৃণু রাজেন্দ্র তস্য পুণ্যফলং মহৎ ॥ ৪৯ ॥
যাবদ্দিনানি সন্তিষ্ঠেৎ কণ্টকাবরণং প্রভো।
কুলত্রয়যুতস্তাবৎ তিষ্ঠেদ্ব্রহ্মপদে যুগং।
প্রাকারকল্পকো যস্তু তুলস্যা মনুজেশ্বর।
কুলত্রয়েণ সহিতো বিষ্ণোঃ সারূপ্যতাং ব্রজেৎ ॥
অতএব তত্রৈব। যজ্ঞধ্বজোপাখ্যানান্তে ॥
দুর্ল্লভা তুলসীসেবা দুর্ল্লভা সঙ্গতিঃ সতাং।

বৃতিং আবরণং ॥ ৪৯ ॥

তাঁহার তত ব্রহ্মহত্যা পাতক নাশ হয়, তাহাতে আর সন্দেহ নাই॥৪৮

যিনি তুলসীতে গণ্ডূষমাত্র জলসেচন করিবেন, তিনি যত দিন চন্দ্র-তারা থাকিবে, তত দিন ক্ষীরোদশায়ী নারায়ণের সহিত বাস করিতে পারিবেন ॥

যিনি তুলসীর কণ্টক দ্বারা আবরণ করিয়া দেন বা তুলসীর চতুষ্পার্শ্বে কাষ্ঠ দ্বারা আবরণ করেন, হে রাজেন্দ্র! তাঁহার মহৎ পুণ্য-ফলের কথা কহিতেছি শ্রবণ কর ॥ ৪৯ ॥

ঐ কণ্টকের আবরণ যত দিন থাকিবে, তত দিন তিনি তিন-কুলের সহিত ব্রহ্মলোকে যুগ ব্যাপিয়া বাস করিবেন ॥

আর যিনি তুলসীর চতুর্দ্দিকে প্রাচীর দ্বারা বেষ্টন করেন, হে রাজেন্দ্র! তিনি তিন-কুলের সহিত বিষ্ণুর সারূপ্য মুক্তি প্রাপ্ত হন॥

অতএব ঐ স্থলেই ॥

যজ্ঞধ্বজের উপাখ্যানের শেষে ॥

তুলসীসেবা, সাধুসঙ্গ এবং হরিভক্তি, যাহারা সংসারসাগরে পতিত

দুর্ল্লভা হরিভক্তিশ্চ সংসারার্ণবপাতিনাং ॥

পুরাণান্তরেষু চ ॥

যৎফলং ক্রতুভিঃ স্বিষ্টৈঃ সমাপ্তবরদক্ষিণৈঃ।

তৎফলং কোটিগুণিতং রোপয়িত্বা হরেঃ প্রিয়াং।

তুলসীং যে প্রযচ্ছন্তি সুরাণামর্চ্চনায় বৈ।

রোপয়ন্তি শুচৌ দেশে তেষাং লোকোঽক্ষয়ঃ স্মৃতঃ ॥ ৫০ ॥

রোপিতাং তুলসীং দৃষ্ট্বা নরেণ ভুবি ভূমিপ।

বিবর্ণবদনো ভূত্বা তল্লিপিং মার্জয়েদ্যমঃ।

তুলসীতি চ যো ব্রূয়াৎ ত্রিকালং বদনে যদি।

নিত্যং স গোসহস্রস্য ফলমাপ্নোতি ভূসুর।

তেন দত্তং হুতং জপ্তং কৃতং শ্রাদ্ধং গয়াশিরে।

রোপয়িত্বা প্রাপ্নোতি ইতিশেষঃ ॥ ৫১ ॥

হইয়াছে, তাহাদিগের এই তিনটী অতি দুর্ল্লভ ॥

অন্যান্য পুরাণেও ॥

দক্ষিণা, দান ও বরলাভ পূর্ব্বক বহু ২ যজ্ঞ সম্যক্ প্রকারে অনুষ্ঠান করিলে যে ফল হয়, হরির প্রিয় তুলসীরোপণ করিলে তাহার কোটি গুণ ফল হইয়া থাকে ॥

যাঁহারা দেবপূজার নিমিত্ত তুলসী প্রদান করেন এবং যিনি তুলসী রোপণ করেন, তাঁহাদিগের অক্ষয় লোক লাভ হয় ॥ ৫০ ॥

রাজন্! পৃথিবীতে মনুষ্য যদি তুলসীরোপণ করেন, তাহা দেখিয়া যম বিবর্ণবদন হইয়া তাঁহার লিপি মুছিয়া দেন ॥

হে খগশ্রেষ্ঠ! যদি ত্রিসন্ধ্যা 'তুলসী' এই নাম মাত্র মুখে উচ্চারণ করে, তাহা হইলে সে নিত্য সহস্র গোদানের ফল প্রাপ্ত হয় ॥

হে পক্ষিরাজ! যিনি তুলসীরোপণ করিয়াছেন, তিনি দান, হোম, জপ, গয়াশিরে শ্রাদ্ধ এবং তপস্যা সকলই করিয়াছেন ॥

তপস্তপ্তং খগশ্রেষ্ঠ তুলসী যেন রোপিতা।
শ্রুতাভিলষিতা দৃষ্টা রোপিতা সিঞ্চিতা নতা।
তুলসী দহতে পাপং যুগান্তাগ্নিরিবাখিলং।
কেশবায়তনে যস্তু কারয়েত্তুলসীবনং ॥
লভতে চাক্ষয়ং স্থানং পিতৃভিঃ সহ বৈষ্ণবঃ ॥
অন্যত্রাপি ॥
তুলসীকাননে শ্রাদ্ধং পিতৃণাং কুরুতে তু যঃ।
গয়াশ্রাদ্ধং কৃতং তেন ভাষিতং বিষ্ণুনা পুরা।
তুলসীগহনং দৃষ্ট্বা বিমুক্তো যাতি পাতকাৎ।
সর্ব্বথা মুনিশার্দ্দূল ব্রহ্মহা পুণ্যভাগ্‌ভবেৎ ॥
কিঞ্চ। স্কান্দে বসিষ্ঠমান্ধাতৃসম্বাদে ॥
শুক্লপক্ষে যদা রাজন্ তৃতীয়া বুধসংযুতা।

যেমন প্রলয়াগ্নি সমস্ত বস্তু দাহ করে, তেমনি তুলসীর মাহাত্ম্য শ্রবণ, তুলসীকামনা এবং তুলসী দর্শন, রোপণ, সিঞ্চন ও নমস্কার করিলে তুলসী সমুদায় পাপ দাহ করেন ॥

যে বৈষ্ণব কেশবের আলয়ে তুলসীবন প্রস্তুত করেন, তিনি পিতৃলোকের সহিত অক্ষয় স্থান প্রাপ্ত হন ॥

অন্যস্থলেও ॥

যিনি তুলসীকানন মধ্যে পিতৃলোকের শ্রাদ্ধ করেন, বিষ্ণু বলিয়াছেন, তাঁহার গয়ায় শ্রাদ্ধ করা হইয়াছে ॥

হে মুনিশ্রেষ্ঠ! তুলসীকানন দর্শন করিলে লোক সর্ব্ব পাতক হইতে সম্পূর্ণরূপে মুক্ত হয়, ব্রহ্মঘাতী হইলেও পুণ্য লাভ করে ॥

আরও, স্কন্দপুরাণে বসিষ্ঠ ও মান্ধাতার সম্বাদে ॥

হে রাজন্! শ্রাবণমাসে শুক্লপক্ষের তৃতীয়া যদি বুধবারে সংযুক্ত

শ্রবণেন মহাভাগ তুলসী চাতিপুণ্যদা। ইতি॥
প্রসঙ্গাৎ শ্রীতুলস্যা হি মৃদঃ কাষ্ঠস্য চাধুনা।
মাহাত্ম্যং লিখ্যতে কৃষ্ণে অর্পিতস্য দলস্য চ॥
অথ শ্রীতুলসীমৃত্তিকাকাষ্ঠাদিমাহাত্ম্যং॥
স্কান্দে ব্রহ্মনারদসম্বাদে॥
ভূগতৈস্তুলসীমূলৈর্মৃত্তিকা স্পর্শিতা তু যা।
তীর্থকোটিসমা জ্ঞেয়া ধার্য্যা যত্নেন সা গৃহে॥
যস্মিন্ গৃহে দ্বিজশ্রেষ্ঠ তুলসীমূলমৃত্তিকা।
সর্ব্বদা তিষ্ঠতে দেহে দেবতা ন স মানুষঃ।
তুলসীমৃত্তিকালিপ্তো যদি প্রাণান্ পরিত্যজেৎ॥
যমেন নেক্ষিতুং শক্তো যুক্তঃ পাপশতৈরপি।

হয়, তাহা হইলে সেই দিনে তুলসীরোপণ করিলে, তুলসী অতিশয় পুণ্য প্রদান করেন॥

প্রসঙ্গক্রমে এক্ষণে শ্রীকৃষ্ণকে তুলসীমৃত্তিকা, তুলসীকাষ্ঠের চন্দন এবং তুলসীপত্র অর্পণের মাহাত্ম্য লিখিতেছি॥

ব্রহ্মপুরাণে শ্রীব্রহ্মা ও নারদসম্বাদে॥

মৃত্তিকার মধ্যে প্রবিষ্ট তুলসীমূল যে মৃত্তিকা স্পর্শ করিয়াছে, তাহা কোটিতীর্থের সমান জানিবে। অতিশয় যত্ন সহকারে ঐ মৃত্তিকা গৃহে রক্ষা করিবে॥

হে দ্বিজশ্রেষ্ঠ! তুলসীমূলের মৃত্তিকা যাহার গৃহে ও দেহে থাকে, তিনি মানুষ নহেন, দেবতা॥

শত শত পাপযুক্ত পাপীও যদি গাত্রে তুলসীমৃত্তিকা লেপন করিয়া প্রাণত্যাগ করে, তাহা হইলে যমও তাহার প্রতি দৃষ্টি নিক্ষেপ করিতে সমর্থ হন না॥

শিরসি ক্রিয়তে যৈস্তু তুলসীমূলমৃত্তিকা।
বিঘ্নানি তস্য নশ্যন্তি সানুকূলা গ্রহাস্তথা॥ ৫১॥
তুলসীমৃত্তিকা যত্র কাষ্ঠং পত্রঞ্চ বেশ্মনি।
তিষ্ঠতে মুনিশার্দ্দূল নিশ্চলং বৈষ্ণবং পদং॥ ৫২॥
তত্রৈবান্যত্র॥
মঙ্গলার্থঞ্চ দোষঘ্নীং পবিত্রার্থং দ্বিজোত্তম।
তুলসীমূলসংলগ্নাং মৃত্তিকামাবহেদ্বুধঃ।
তন্মূলমৃত্তিকাং যো বৈ ধারয়িষ্যতি মস্তকে।
তস্য তুষ্টো বরান্ কামান্ প্রদদাতি জনার্দ্দনঃ॥ ৫৩॥
বৃহন্নারদীয়ে গঙ্গাপ্রসঙ্গে॥
তুলসীমূলসম্ভূতা হরিভক্তপদোদ্ভবা।

দেহে চ যস্য তিষ্ঠতি॥ ৫১॥

তত্বৈষ্ণবং পদং বিষ্ণুস্থানমেব॥ ৫২॥

দোষঘ্নং দোষনাশার্থমিত্যর্থঃ। যদ্বা। ক্রিয়াবিশেষণং। দোষঘ্নীমিতি বা পাঠঃ॥ ৫৩॥

যে ব্যক্তি তুলসীমূলের মৃত্তিকা মস্তকে ধারণ করেন, তাঁহার সর্ব্ববিঘ্ন নাশ হয় এবং সমুদায় গ্রহ তাঁহার প্রতি প্রসন্ন হন॥ ৫১॥

হে মুনিশ্রেষ্ঠ! যে গৃহে তুলসীমৃত্তিকা, তুলসীকাষ্ঠ, তুলসীপত্র থাকে, নিশ্চয় সেই গৃহ বিষ্ণুর স্থান হয়॥ ৫২॥

ঐ ব্রহ্মপুরাণেরই অন্যস্থলে॥

হে দ্বিজশ্রেষ্ঠ! পণ্ডিত ব্যক্তি, মঙ্গল ও শুদ্ধির জন্য দোষনাশিনী তুলসীমূল-মৃত্তিকা অঙ্গে ধারণ করিবেন॥

যে ব্যক্তি তুলসীমূলের মৃত্তিকা মস্তকে ধারণ করেন, জনার্দ্দন তুষ্ট হইয়া তাঁহার সর্ব্বাভিলাষ পূর্ণ করেন॥ ৫৩॥

বৃহন্নারদীয়পুরাণে গঙ্গার মাহাত্ম্যপ্রসঙ্গে॥

তুলসীমূলের মৃত্তিকা, বৈষ্ণবদিগের চরণসংলগ্ন মৃত্তিকা এবং গঙ্গামৃত্তিকা যদি অঙ্গে তিলকাদিরূপে ধারণ করা হয়, তাহা হইলে সাক্ষাৎ

গঙ্গোদ্ভবা চ মৃল্লেখা নয়ত্যচ্যুতরূপতাং ॥ ৫৪ ॥

গারুড়ে ॥

যদ্গৃহে তুলসীকাষ্ঠং পত্রং শুষ্কমথার্দ্রকং।
ভবতে নৈব পাপং তদ্গৃহে সংক্রমতে কলৌ ॥

শ্রীপ্রহ্লাদসংহিতায়াং। তথা বিষ্ণুধর্ম্মোত্তরেঽপি ॥

পত্রং পুষ্পং ফলং কাষ্ঠং ত্বক্ শাখাপল্লবাঙ্কুরং।
তুলসীসম্ভবং মূলং পাবনং মৃত্তিকাদ্যপি।
হোমং কুর্ব্বন্তি যে বিপ্রাস্তুলসীকাষ্ঠবহ্নিনা।
লবে লবে ভবেৎ পুণ্যমগ্নিষ্টোমশতোদ্ভবং।
নৈবেদ্যং পচতে যস্তু তুলসীকাষ্ঠবহ্নিনা।
মেরুতুল্যং ভবেদন্নং তদ্দত্তং কেশবায় হি।

মৃদো মূললেখা রেখা তয়া লেখা পুণ্ড্রাদিরচনা বা ॥ ৫৪ ॥

বিষ্ণুর স্বরূপ বলিয়া গণ্য হয় ॥ ৫৪ ॥

গরুড়পুরাণে ॥

শুষ্কই হউক, আর সরসই হউক, যে গৃহে তুলসীর কাষ্ঠ ও পত্র থাকে, কলিতে সে গৃহে পাপ প্রবেশ করিতে পারে না ॥

প্রহ্লাদসংহিতায় এবং বিষ্ণুধর্ম্মোত্তরেও ॥

তুলসীর পত্র, পুষ্প, ফল, কাষ্ঠ, ত্বক্, শাখা, পল্লব, অঙ্কুর, মূল ও মৃত্তিকা প্রভৃতি সমস্তই পবিত্র ॥

যে সকল ব্রাহ্মণ তুলসীকাষ্ঠের অগ্নিতে হোম করেন, শত অগ্নিষ্টোম যাগ করিলে যে ফল হয়, প্রতিলবে তাঁহাদিগের সেই ফল লাভ হইয়া থাকে ॥

যে ব্যক্তি তুলসীকাষ্ঠের অগ্নিতে নিবেদ্য অন্নপাক করিয়া বিষ্ণুকে নিবেদন করেন, তাঁহার সেই অন্ন মেরুতুল্য হয় ॥

শরীরং দহ্যতে যেষাং তুলসীকাষ্ঠবহ্নিনা ।
ন তেষাং পুনরাবৃত্তির্বিষ্ণুলোকাৎ কথঞ্চন ।
গ্রস্তো যদি মহাপাপৈরগম্যাগমনাদিকৈঃ ।
মৃতঃ শুদ্ধ্যতি দাহেন তুলসীকাষ্ঠবহ্নিনা ॥
তীর্থং যদি ন সংপ্রাপ্তং স্মৃতির্ব্বা কীর্ত্তনং হরেঃ ।
তুলসীকাষ্ঠদগ্ধস্য মৃতস্য ন পুনর্ভবঃ ।
যদ্যেকং তুলসীকাষ্ঠং মধ্যে কাষ্ঠচয়স্য হি ।
দাহকালে ভবেন্মুক্তিঃ পাপকোটিযুতস্য চ ।
জন্মকোটিসহস্রৈস্তু তোষিতো যৈর্জনার্দ্দনঃ ।
দহ্যন্তে তে জনা লোকে তুলসীকাষ্ঠবহ্নিনা ॥

তুলসীকাষ্ঠের অগ্নি দ্বারা যাঁহাদিগের দেহ দগ্ধ করা হয়, বিষ্ণুলোক হইতে আর কখনও তাঁহাদিগকে পুনরাগমন করিতে হয় না ॥

অগম্যাগমনাদি মহাপাতকের পাতকী হইলেও যদি মৃত্যুর পর তাহাকে তুলসীকাষ্ঠের অগ্নিতে দাহ করা যায়, তাহা হইলে সে সেই সকল পাপ হইতে মুক্তি লাভ করে ॥

যদি তীর্থে গমন না করিয়া থাকে, যদি হরির নাম স্মরণ বা হরির গুণ কীর্ত্তন না করিয়া থাকে, তথাপি যদি মরিলে তাহাকে তুলসী-কাষ্ঠের অগ্নিতে দাহ করা যায়, তাহা হইলে তাহাকে আর জন্ম গ্রহণ করিতে হয় না ॥

কোটিপাপের পাপী হইলেও দাহকালে অন্যান্য কাষ্ঠের মধ্যে যদি একখণ্ডমাত্র তুলসীকাষ্ঠ থাকে, তাহা হইলে মৃত ব্যক্তি সমস্ত পাপ হইতেই মুক্তি লাভ করে ॥

যাঁহারা একাদিক্রমে সহস্রকোটিজন্ম জনার্দ্দনের সন্তোষ সাধন করিয়াছেন, পৃথিবীতে তাঁহাদিগের ভাগ্যেই তুলসীকাষ্ঠের অগ্নিতে দাহ ঘটে ॥

অগস্ত্যসংহিতায়াং ॥

যঃ কুর্য্যাত্তুলসীকাষ্ঠৈরক্ষমালাং স্বরূপিণীং।
কণ্ঠমালাঞ্চ যত্নেন কৃতং তস্যাক্ষয়ং ভবেৎ ॥

অথ তুলসীপত্রধারণমাহাত্ম্যং ॥

স্কান্দে শ্রীব্রহ্মনারদসম্বাদে ॥

যস্য নাভিস্থিতং পত্রং মুখে শিরসি কর্ণয়োঃ।
তুলসীসম্ভবং নিত্যং তীর্থৈস্তস্য মখৈশ্চ কিং ॥

তত্রৈবান্যত্র ॥

শত্রুঘ্নঞ্চ সুপুণ্যঞ্চ শ্রীকরং রোগনাশনং।
ধৃত্বা ধর্ম্মমবাপ্নোতি শিরসা তুলসীদলং ॥ ৫৫ ॥

মুখাদৌ স্থিতং তুলসীপত্রমিতি ভগবদর্পিতমিতি জ্ঞেয়ং এবমগ্রেঽপি। পূর্ব্বং তদর্পিত-মহাপ্রসাদস্য মাহাত্ম্যোক্তেঃ অত্রার্পণাদিশব্দাভাবাচ্চেতি দিক্ ॥ ৫৫ ॥

অগস্ত্যসংহিতায় ॥

যে ব্যক্তি তুলসীকাষ্ঠের সুন্দর জপমালা ও কণ্ঠমালা নির্ম্মাণ করেন, তাঁহার পূজাদি সমুদায় কার্য্য অক্ষয় হয় ॥

অথ তুলসীপত্রধারণমাহাত্ম্য ॥

স্কন্দপুরাণে শ্রীব্রহ্মনারদসম্বাদে ॥

যাঁহার নাভিস্থলে, মুখে, মস্তকে ও কর্ণদ্বয়ে নিত্য তুলসীপত্র অর্থাৎ ভগবন্নিবেদিত তুলসীপত্র থাকে, তাঁহার তীর্থে গমন বা যজ্ঞ করিবার প্রয়োজন কি ? ॥

ঐ গ্রন্থেই অন্য স্থলে ॥

তুলসীদল শত্রুক্ষয় করে, পুণ্য বৃদ্ধি করে, সৌভাগ্য উৎপাদন করে এবং রোগ নাশ করে। মনুষ্য এতাদৃশ তুলসীপত্র মস্তকে ধারণ করিলে তাঁহার ধর্ম্ম লাভ হয় ॥

যঃ কশ্চিদ্বৈষ্ণবো লোকে মিথ্যাচারোপ্যনাশ্রমী।
পুনাতি সকলান্ লোকান্ শিরসা তুলসীং বহন্॥
বৃহন্নারদীয়ে শ্রীযমভগীরথসম্বাদে॥
কর্ণেন ধারয়েদ্যস্তু তুলসী সততং নরঃ।
তৎকাষ্ঠং বাপি রাজেন্দ্র তস্য নাস্ত্যুপপাতকং॥
হরিভক্তিসুধোদয়ে বৈষ্ণববিপ্রং প্রতি যমদূতানামুক্তৌ॥
কস্মাদিতি ন জানীমস্তুলস্যা হি প্রিয়ো হরিঃ।
গচ্ছন্তং তুলসীহস্তং রক্ষন্নেবানুগচ্ছতি॥ ৫৬॥
পুরাণান্তরে চ॥

নমু বৈষ্ণবশ্চেত্তর্হি কথং ভগবদনর্পিতাং বহেৎ তত্রাহ মিথ্যাচার ইতি দম্ভমাত্রেণ বৈষ্ণ ইত্যর্থঃ সোঽপি॥ ৫৬॥

যে কোন বৈষ্ণব পৃথিবীতে মিথ্যাচার বা ধর্ম্মভ্রষ্ট হইয়া মস্তকে তুলসী ধারণ করেন তিনি ত্রিলোক পবিত্র করিতে পারেন॥

তাৎপর্য্য। যে ব্যক্তি বৈষ্ণব তিনি বিষ্ণুকে নিবেদন না করিয়া তুলসী পত্র ধারণ করিবেন কেন? এই প্রশ্নে আশঙ্কা করিয়া কহিলেন, আচার ভ্রষ্ট অর্থাৎ যে ব্যক্তি আপনাকে বৈষ্ণব বলিয়া গর্ব্বমাত্র করে, লোক-রঞ্জনার্থ সেই ব্যক্তি বিষ্ণুকে নিবেদন না করিয়া তুলসীপত্র ধারণ করে॥

বৃহন্নারদপুরাণে যম ও ভগীরথ সম্বাদে॥

যে মনুষ্য নিয়ত কর্ণে তুলসীপত্র বা তুলসীকাষ্ঠ ধারণ করেন, হে রাজেন্দ্র! তাঁহার কোন উপপাতক থাকে না॥

হরিভক্তিসুধোদয়ে॥

বৈষ্ণব ব্রাহ্মণের প্রতি যমদূতদিগের বাক্যে॥

কি জন্য জানি না হরি তুলসীর প্রিয়, যে ব্যক্তি তুলসী হস্তে গমন করে হরি তাহাকে রক্ষা করিতে করিতে তাহার পশ্চাৎ পশ্চাৎ গমন করিয়া থাকেন॥ ৫৬॥

অন্যপুরাণেও॥

যঃ কৃত্বা তুলসীপত্রং শিরসা বিষ্ণুতৎপরঃ।
করোতি ধর্ম্মকার্য্যাণি ফলমাপ্নোতি চাক্ষয়ং ॥ ৫৭ ॥

অথ তুলসীদলভক্ষণমাহাত্ম্যং ॥

গরুড়পুরাণে ॥

মুখে তু তুলসীপত্রং দৃষ্ট্বা শিরসি কর্ণয়োঃ।
কুরুতে ভাস্করিস্তস্য দুষ্কৃতস্যতু মার্জ্জনং।
ত্রিকালং বিনতাপুত্র প্রাশয়েত্তুলসীং যদি।
বিশিষ্যতে কায়শুদ্ধিশ্চান্দ্রায়ণশতং বিনা ॥

স্কান্দে বশিষ্ঠমান্ধাতৃসম্বাদে ॥

চান্দ্রায়ণাত্তপ্তকৃচ্ছ্রাৎ ব্রহ্মকৃচ্ছাৎ কুশোদকাৎ।

বিষ্ণুতৎপর ইতি বিষ্ণুতৎপরত্বেন তুলসীমাহাত্ম্যং জ্ঞাত্বা শ্রীবিষ্ণুপ্রীত্যর্থমিত্যর্থঃ। যদ্বা অকারঃ প্রশ্লেষেণাবৈষ্ণবোঽপীত্যর্থঃ ॥ ৫৭ ॥

যে বিষ্ণুপরায়ণব্যক্তি মস্তকে তুলসী ধারণ করিয়া ধর্ম্ম কার্য্য সকল করেন, তাঁহার সমুদায় কার্য্যেই অক্ষয় ফল লাভ হয় ॥ ৫৭ ॥

অথ তুলসীদল ভক্ষণের মাহাত্ম্য ॥

গরুড়পুরাণে ॥

মুখে, মস্তকে ও কর্ণযুগলে তুলসীপত্র দর্শন করিলে, যম তাহার পাপ মার্জ্জনা করেন ॥

হে গরুড়! যদি ত্রিসন্ধ্যা তুলসীপত্র ভক্ষণ করা যায়, তাহা হইলে শত চান্দ্রায়ণ না করিলেও তদপেক্ষা অধিকতর দেহশুদ্ধি জন্মিয়া থাকে ॥

স্কন্দপুরাণে বশিষ্ঠ ও মান্ধাতার সম্বাদে ॥

চান্দ্রায়ণ, তপ্তকৃচ্ছ্র, ব্রহ্মকৃচ্ছ্র ও কুশোদক ব্রত দ্বারা দেহ শুদ্ধি হয়, তুলসীপত্র ভক্ষণ করিলে দেহ তদপেক্ষা অধিকতর শুদ্ধ হইয়া

বিশিষ্যতে কায়শুদ্ধিস্তুলসীপত্রভক্ষণাৎ ॥ ৫৮ ॥
তথাচ তুলসীপত্রভক্ষণাৎ ভাববর্জ্জিতঃ।
পাপোঽপ সদ্‌গতিং প্রাপ্তঃ ইত্যেতদপি বিশ্রুতং ॥
তথাচ স্কান্দে শ্রীব্রহ্মণা নারদং প্রতি কথিতে অমৃত-
সারোদ্ধারে লুব্ধকোপাখ্যানান্তে শ্রীবিষ্ণুদূতানাং.
যমদূতান্ প্রতি বচনং ॥
ক্ষীরাব্ধৌ মথ্যমানে হি তুলসী কামরূপিণী।
উৎপাদিতা মহাভাগা লোকোদ্ধারণহেতবে।
যস্যাঃ স্মরণমাত্রেণ দর্শনাৎ কীর্ত্তনাদপি।
বিলয়ং যান্তি পাপানি কিং পুন র্বিষ্ণুপূজনাৎ।
জাতরূপময়ং পুষ্পং পদ্মরাগময়ং শুভং।
হিত্বাতু রত্নজাতানি গৃহ্ণাতি তুলসীদলং।

বিশিষ্যতে বিশিষ্টো ভবতি ॥ ৫৮ ॥

থাকে ॥ ৫৮ ॥

আরও প্রসিদ্ধ আছে যে তুলসীপত্র ভক্ষণ করিলে পাপী ব্যক্তিও দেহত্যাগান্তে সদ্গতি লাভ করে ॥

আরও স্কন্দপুরাণে নারদের প্রতি ব্রহ্মা কর্ত্তৃক কথিত অমৃত সারোদ্ধার প্রস্তাবে লুব্ধকোপাখ্যানের শেষে যমদূতগণের প্রতি বিষ্ণু দূতদিগের বাক্য ॥

ক্ষীরসাগর মথিত হইতে থাকিলে কাম রূপিণী মহাভাগা তুলসী লোকের উদ্ধার নিমিত্ত উত্থিত হয়েন ॥

যখন তুলসীর স্মরণ, তুলসীর দর্শন ও তুলসীর মাহাত্ম্য কীর্ত্তন করিলেই পাপ লয় হয়, তখন বিষ্ণুপূজার মাহাত্ম্য আর কি বলিব ॥

স্বর্ণময়, কি পদ্মরাগমণিময় শুভপুষ্প কি বিবিধরত্ন, বিষ্ণু সমুদায় অগ্রাহ্য করিয়া তুলসীদল গ্রহণ করেন ॥

ভক্ষিতং লুব্ধকেনাপি পত্রং তুলসীসম্ভবং।
পশ্চাদ্দিষ্টান্তমাপন্নো ভস্মীভূতং কলেবরং॥ ৫৯॥
সিতাসিতং যথা নীরং সর্ব্বপাপক্ষয়াবহং।
তথাচ তুলসীপত্রপ্রাশিতং সর্ব্বকামদং।
যথা জাতবলো বহ্নির্দহতে কাননাদিকং।
প্রাশিতং তুলসীপত্রং যথা দহতি পাতকং।
যথা ভক্তিরতো নিত্যং নরোদহতি পাতকং।
তুলসীভক্ষণাত্তদ্বৎ দহতে পাপসঞ্চয়ং।
চান্দ্রায়ণসহস্রস্য পরাকাণাং শতস্যচ।
ন তুল্যং জায়তে পুণ্যং তুলসীপত্রভক্ষণাৎ।
কৃত্বা পাপসহস্রাণি পূর্ব্বে বয়সি মানবঃ।

দিষ্টান্তং মৃত্যুং॥ ৫৯॥
হরেঃ ভগবতঃ সকাশাৎ॥ ৬০॥

চণ্ডালও যদি তুলসীপত্র ভক্ষণ করিয়া অন্তে দেহ ত্যাগ করে, তাহা হইলে তাহার দেহ একেবারে ভস্মীভূত হইয়া যায়॥ ৫৯॥

যেমন শুভ্র এবং কৃষ্ণ গঙ্গা ও যমুনার জল সমস্ত পাতক নাশ করে, তেমনি তুলসীপত্র ভক্ষণ করিলে সর্ব্বকামনা সিদ্ধ হয়॥

যেমন অগ্নি প্রবল হইয়া কাননাদি দাহ করে, তেমনি তুলসীপত্র ভক্ষিত হইলে পাতক দাহ করে॥

যেমন মনুষ্য নিত্য হরিভক্তিতে রত থাকিলে পাতক দাহ করে, তেমনি তুলসীপত্র ভক্ষণ করিলেও সঞ্চিত পাপ দাহ করিতে পারে॥

তুলসীপত্র ভক্ষণ করিলে যে পুণ্য জন্মায়, সহস্র চান্দ্রায়ণ বা শত পরাক ব্রতের পুণ্যও তাহার সমান হয় না॥

যে মনুষ্য প্রথম বয়সে সহস্র পাপ করিয়াছে, সে যদি পরে তুলসী পত্র ভক্ষণ করে, তাহা হইলে সর্ব্ব পাপ হইতে মুক্তি পায়। পূর্ব্বে

তুলসীভক্ষণান্মুচ্যেৎ শ্রুতমেতৎ পুরা হরেঃ ॥ ৬০ ॥
তাবত্তিষ্ঠন্তি পাপানি দেহিনাং যমকিঙ্করাঃ।
যাবন্নতুলসীপত্রং মুখে শিরসি তিষ্ঠতি ॥
অমৃতাদুত্থিতা ধাত্রী তুলসী বিষ্ণুবল্লভা।
স্মৃতা সংকীর্ত্তিতা ধ্যাতা প্রাশিতা সর্ব্বকামদা ॥
তত্রৈব শ্রীযমং প্রতি শ্রীভগবদ্বাক্যং ॥
ধাত্রীফলঞ্চ তুলসী মৃত্যুকালে ভবেদ্যদি।
মুখে যস্য শিরে দেহে দুর্গতির্নাস্তি তস্য বৈ ॥ ৬১ ॥
যুক্তো যদি মহাপাপৈঃ সুকৃতং নার্জ্জিতং ক্বচিৎ।
তথাপি দীয়তে মোক্ষস্তুলসী ভক্ষিতা যদি।

শিরে শিরসি ॥ ৬১ ॥ ৬২ ॥

এ কথা হরির নিকট শ্রবণ করিয়াছি ॥ ৬০ ॥

হে যমদূতগণ! মনুষ্যের মুখে ও মস্তকে যে পর্য্যন্ত তুলসীপত্র অবস্থিত না হয়, সেই পর্য্যন্তই তাহার দেহে পাপ থাকিতে পারে ॥

ধাত্রী অমৃত হইতে উৎপন্না হইয়াছেন এবং তুলসী বিষ্ণুর প্রিয়তমা অতএব এই দুইকে স্মরণ, কীর্ত্তন, ধ্যান ও ভক্ষণ করিলে ইহাঁরা সমুদায় কাম প্রদান করেন ॥

ঐ স্কন্দপুরাণেরই শ্রীযমের প্রতি শ্রীভগবানের বাক্যে ॥

যদি কোন ব্যক্তির মৃত্যুকালে মুখে, মস্তকে ও শরীরে আমলকী-ফল ও তুলসীপত্র থাকে, তাহা হইলে কখনই তাহার দুর্গতি হয় না ॥ ৬১ ॥

যদি কোন ব্যক্তি সমুদায় মহাপাতকে যুক্ত হয় এবং কখন কোন পুণ্য উপার্জ্জন করে নাই, সে যদি তুলসীপত্র ভক্ষণ করে তথাপি তাহার মোক্ষ হইয়া থাকে ॥

লুব্ধকেনাত্মদেহেন ভক্ষিতং তুলসীদলং।
সংপ্রাপ্তো মৎপদং নূনং কৃত্বা প্রাণস্য সংক্ষয়ং॥
পুরাণান্তরে চ॥
উপোষ্য দ্বাদশীং শুদ্ধাং পারণে তুলসীদলং।
প্রাশয়েদ্যদি বিপ্রেন্দ্র অশ্বমেধাষ্টকং লভেদিতি॥ ৬২॥
তথৈব তুলসীস্পর্শাৎ কৃষ্ণচক্রেণ রক্ষিতঃ।
ব্রহ্মবন্ধুরিতি খ্যাতো হরিভক্তিসুধোদয়ে॥
অতএবোক্তং॥
কিঞ্চিত্রমস্যাঃ পতিতং তুলস্যাঃ
দলং জলং বা পতিতং পুনীতে।
লগ্নাধিভালস্থলমালবাল
মৃৎস্নাপি কৃৎস্নাঘ বিনাশনায়েতি॥ ৬৩॥

এতচ্চ মাহাত্ম্যবিশেষ এব॥ ৬৩॥

ব্যাধ নিজদেহে তুলসীপত্র ভক্ষণ পূর্ব্বক প্রাণ পরিত্যাগ করিয়া নিশ্চয় আমার স্থান প্রাপ্ত হইয়াছে॥

পুরাণান্তরেও॥

হে বিপ্রেন্দ্র! শুদ্ধা দ্বাদশীতে উপবাস করিয়া পারণে যদি তুলসীদল ভক্ষণ করে, তাহা হইলে অষ্ট অশ্বমেধের ফল লাভ হয়॥ ৬২॥

উক্ত প্রকার তুলসীর পত্র স্পর্শে কৃষ্ণচক্র কর্ত্তৃক রক্ষিত হইয়াছিল, এজন্য হরিভক্তিসুধোদয় গ্রন্থে তাহাকে ব্রহ্মবন্ধু বলিয়া নির্দ্দেশ করিয়াছেন॥

অতএব কথিত হইয়াছে॥

এই তুলসীর আশ্চর্য্য মাহাত্ম্য আর কি বলিব ইহাঁর পতিত পত্র ও পতিত জল পবিত্র করিয়া থাকেন এবং ইহাঁর মূলস্থ মৃত্তিকা ললাটদেশে সংলগ্ন হইলে সমস্ত পাতক বিনষ্ট হয়॥ ৬৩॥

শ্রীমত্তুলস্যাঃ পত্রস্য মাহাত্ম্যং যদ্যপীদৃশং।
তথাপি বৈষ্ণবৈস্তন্ন গ্রাহ্যং কৃষ্ণার্পণং বিনা॥ ৬৪॥
কৃষ্ণপ্রিয়ত্বাৎ সর্ব্বত্র শ্রীতুলস্যাঃ প্রসঙ্গতঃ।
সঙ্কীর্ত্ত্যমানং ধাত্র্যাশ্চ মাহাত্ম্যং লিখ্যতেঽধুনা॥

অথ ধাত্রীমাহাত্ম্যং॥

স্কান্দে ব্রহ্মনারদসম্বাদে॥

ধাত্রীচ্ছায়াং সমাশ্রিত্য যোঽর্চ্চয়েচ্চক্রপাণিনং।
পুষ্পে পুষ্পেঽশ্বমেধস্য ফলং প্রাপ্নোতি মানবঃ॥

তত্রৈবাগ্রে॥

ধাত্রীচ্ছায়াস্তু সংস্পৃশ্য কুর্য্যাৎ পিণ্ডং তু যো মুনে।
মুক্তিং প্রযান্তি পিতরঃ প্রসাদাম্মাধবস্য চ॥

তর্হি কিং বৈষ্ণবৈরপ্যনিবেদিতং তদগ্রাহ্যং নেতি লিখতি শ্রীমদিতি। কৃষ্ণার্পণং বিনা তৎপত্রং ন গ্রাহ্যং॥ ৬৪॥

দেহে চ অস্মিন্ করাদ্যঙ্গেপি॥ ৬৫॥

যদিচ শ্রীমত্তুলসীপত্রের এই প্রকার মাহাত্ম্য তথাপি বৈষ্ণবগণ শ্রীকৃষ্ণকে অর্পণ না করিয়া উহা গ্রহণ করিবেন না॥ ৬৪॥

শ্রীকৃষ্ণের প্রিয়হেতু শ্রীতুলসীর প্রসঙ্গাধীন ধাত্রীরও সকল স্থানে মাহাত্ম্য কীর্ত্তন করা হইয়াছে অতএব এক্ষণে ধাত্রীর মাহাত্ম্য লিখিতেছি॥

অথ ধাত্রীমাহাত্ম্য॥

স্কন্দপুরাণে ব্রহ্মনারদসম্বাদে॥

যে মনুষ্য আমলকী বৃক্ষের ছায়া অবলম্বন করিয়া চক্রপাণির পূজা করেন, তিনি প্রতি পুষ্পে অশ্বমেধ যজ্ঞের ফল প্রাপ্ত হন॥

স্কন্দপুরাণের ঐ স্থানেরই কিঞ্চিদগ্রে॥

হে মুনে! ধাত্রীচ্ছায়া সংস্পর্শ করিয়া যে ব্যক্তি পিণ্ড প্রদান করেন,

মূর্দ্ধ্নি ঘ্রাণে মুখেচৈব দেহে চ মুনিসত্তম।
ধত্তে ধাত্রীফলং যস্তু স মহাত্মা সুদুর্ল্লভঃ ॥ ৬৫ ॥
ধাত্রীফলবিলিপ্তাঙ্গো ধাত্রীফলবিভূষিতঃ।
ধাত্রীফলকৃতাহারো নরোনারায়ণো ভবেৎ।
যঃ কশ্চিদ্বৈষ্ণবো লোকে ধত্তে ধাত্রীফলং মুনে।
প্রিয়ো ভবতি দেবানাং মনুষ্যাণান্তু কা কথা।
যঃ কশ্চিদ্বৈষ্ণবো লোকে মিথ্যাচারোঽপি দুষ্টধীঃ।
পুনাতি সকলাঁল্লোকান্ ধাত্রীফলদলান্বিতঃ।
ধাত্রীফলানি যো নিত্যং বহতে করসম্পুটে।
তস্য নারায়ণোদেবো বরমেকং প্রযচ্ছতি।
ধাত্রীফলঞ্চ ভোক্তব্যং কদাচিৎ করসম্পুটাঃ।

করসম্পুটাদিতি পূর্ব্বং মঙ্গলার্থং যত্র করসম্পুটে ধৃতং তস্মাদপি ॥ ৬৬ ॥

শ্রীমাধবের প্রসন্নতা হেতু তাঁহার পিতৃগণ মুক্তি লাভ করেন ॥

হে মুনিসত্তম! যে ব্যক্তি মস্তকে, নাসিকায়, মুখে এবং হস্ত প্রভৃতি অঙ্গ সকলে ধাত্রীফল ধারণ করেন তাদৃশ মহাত্মা সুদুর্লভ ॥৬৫॥

ধাত্রীফলে অঙ্গলেপন করিয়া, ধাত্রীফলে বিভূষিত হইয়া এবং ধাত্রীফল আহার করিয়া মনুষ্য নারায়ণ হয় ॥

হে মুনে! সংসার মধ্যে যে কোন বৈষ্ণব ধাত্রীফল ধারণ করেন, মনুষ্যের কথা কি তিনি দেবগণেরও প্রিয় হয়েন ॥

এই লোকে যে কোন বৈষ্ণব আচার ভ্রষ্ট বা দুষ্টবুদ্ধি হইয়াও যদি তিনি ধাত্রীফল ও ধাত্রীপত্র ধারণ করেন, তাহা হইলে সকল লোককে পবিত্র করিয়া থাকেন ॥

যে ব্যক্তি নিত্য অঞ্জলিপুটে ধাত্রীফল বহন করেন শ্রীনারায়ণ দেব তাঁহার প্রতি প্রসন্ন হইয়া এক বর প্রদান করেন ॥

যশঃ শ্রিয়মবাপ্নোতি প্রসাদাচ্চক্রপাণিনঃ।
ধাত্রীফলঞ্চ তুলসীমৃত্তিকা দ্বারকোদ্ভবা।
সফলং জীবিতং তস্য ত্রিতয়ং যস্য বেশ্মনি ॥ ৬৬ ॥
ধাত্রীফলৈস্তু সংমিশ্রং তুলসীদলবাসিতং।
পিবতে বহতে যস্তু তীর্থকোটিফলং লভেৎ।
যস্মিন্ গৃহে ভবেত্তোয়ং তুলসীদলবাসিতং।
ধাত্রীফলৈশ্চ বিপ্রেন্দ্র গঙ্গাদ্যৈঃ কিং প্রয়োজনং ॥
তুলসীদলনৈবেদ্যং ধাত্র্যা যস্য ফলং গৃহে।
কবচং বৈষ্ণবং তস্য সর্ব্বপাপবিনাশনং।
ব্রহ্মপুরাণে চ ॥
ধাত্রীফলানি তুলসী হ্যন্তকালে ভবেদ্যদি।

বহত ইতি পাঠে নিরন্তর শোকবহ্ন্যাদণতোয়মেব মপহ্ননীয়ং ॥ ৬৭ ॥

কখন যদি কোন ব্যক্তি ভোজন যোগ্য ধাত্রীফল অঞ্জলিপুটে ধারণ করেন, তাহা হইলে তিনি চক্রপাণির অনুগ্রহে যশঃ ও সম্পৎ প্রাপ্ত হয়েন ॥

ধাত্রীফল, তুলসী ও দ্বারকোদ্ভবা মৃত্তিকা অর্থাৎ গোপীচন্দন এই তিন যাঁহার গৃহে অবস্থিত থাকে, তাঁহার জীবন সফল ॥ ৬৬ ॥

যে ব্যক্তি ধাত্রীফলসমূহে মিশ্রিত এবং তুলসীপত্রে সুবাসিত জল, পান ও বহন করেন, তাঁহার কোটিতীর্থের ফল লাভ হয় ॥

হে বিপ্রেন্দ্র! যে গৃহে তুলসীদল সুবাসিত ও ধাত্রীফলসমূহে মিশ্রিত জল থাকে, সে গৃহে গঙ্গাজলের প্রয়োজন কি? ॥

যাঁহার গৃহে তুলসীদল নৈবেদ্য ও ধাত্রীফল থাকে তাহাই তাঁহার বৈষ্ণবকবচ, উহার দ্বারা সমস্ত পাপ বিনষ্ট হয় ॥

ব্রহ্মপুরাণেও ॥

যদি কোন ব্যক্তির মৃত্যুকালে মুখে, মস্তকে ও শরীরে ধাত্রীফল

মুখেচৈব শিরস্যঙ্গে পাতকং নাস্তি তস্য বৈ ॥ ৬৭ ॥
কৃত্বাতু ভগবৎপূজাং ন তীর্থে স্নানমাচরেৎ।
ন চ দেবালয়োপেতাঽস্পৃশ্যসংস্পর্শনাদিনা ॥ ৬৮ ॥
অথ স্নাননিষেধকালঃ। স্মৃত্যর্থসারে ॥
ন স্নায়াদুৎসবে তীর্থে মাঙ্গল্যং বিনিবর্ত্ত্য চ।
অনুব্রজ্য সুহৃদ্বন্ধূনর্চ্চয়িত্বেষ্টদেবতাং ॥ ৬৯ ॥
বিষ্ণুস্মৃতৌ চ ॥
বিষ্ণ্বালয়সমীপস্থান্ বিষ্ণুসেবার্থমাগতান্।
চণ্ডালান্ পতিতান্ বাপি স্পৃষ্ট্বা ন স্নানমাচরেৎ।

এবং পূজাবিধিং লিখিত্বা তদনন্তরকৃত্যং লিখন্নাদৌ তীর্থপ্রাপ্ত্যাদিনা বিহিতস্যাপি স্নানস্য নিষেধং লিখতি কৃত্বেতি। দেবালয়মুপেতা যে ঽস্পৃশ্যা নীচজাতয়ঃ তেষাং স্পর্শনেন চ ন স্নানমাচরেৎ। আদিশব্দেন যত্র কুত্রাপি ভগবৎপূজাদ্যুৎসবে সম্প্রাপ্তানাং স্পর্শনাদিকং ॥ ৬৮ ॥
তীর্থে ন স্নায়াৎ ॥ ৬৯ ॥
বিষ্ণ্বালয়স্য সমীপে তিষ্ঠন্তি নিবসন্তীতি তথা তান্। ততশ্চ কালে বিষ্ণোঃ সেবা

ও তুলসীপত্র থাকে নিশ্চয় তাহার পাতক থাকে না ॥ ৬৭ ॥

ভগবৎপূজা করিয়া জলে স্নান করিবে না এবং দেবালয়গত নীচ জাতির সংস্পর্শেও স্নানকরিবে না। আদিশব্দ প্রয়োগ হেতু যে কোন স্থানেই হউক ভগবানের পূজাদি উৎসবে সমাগত নীচজাতির সংস্পর্শে স্নান করা নিষিদ্ধ ॥ ৬৮ ॥

অথ স্নানে নিষেধ কাল। স্মৃত্যর্থসারে ॥

উৎসবে, তীর্থে, মঙ্গল—ক্রিয়াসমাপনানন্তর, সুহৃৎ ও বন্ধুবর্গের অনুগমন করিয়া এবং অভীষ্টদেবের পূজা করিয়া জলে স্নান করিবে না ॥ ৬৯ ॥

বিষ্ণুস্মৃতিতেও ॥

বিষ্ণুমন্দিরের সমীপবর্ত্তি এবং বিষ্ণুসেবার্থে সমাগত চণ্ডাল বা পতিত ব্যক্তিদিগকেও স্পর্শ করিয়া স্নান করিবে না ॥

দেবযাত্রাবিবাহেষু যজ্ঞোপকরণেষু চ।
উৎসবেষু চ সর্ব্বেষু স্পৃষ্টাস্পৃষ্টির্ন বিদ্যতে॥ ৭০॥
এবং প্রাতঃ সমভ্যর্চ্চ্য শ্রীকৃষ্ণং তদনন্তরং।
শাস্ত্রাভ্যাসং দ্বিজঃ শক্ত্যা কুর্য্যাদ্বিপ্রোবিশেষতঃ॥ ৭১॥
যত উক্তং॥
শ্রুতিস্মৃতী উভে নেত্রে বিপ্রাণাং পরিকীর্ত্তিতে।
একেন বিকলঃ কাণো দ্বাভ্যামন্ধঃ প্রকীর্ত্তিতঃ॥
কিঞ্চ কৌর্ম্মে ব্যাসগীতায়াং॥
যোঽন্যত্র কুরুতে যত্নমনধীত্য শ্রুতিং দ্বিজাঃ।

দর্শনাদি তদর্থং বিষ্ণ্বালয়াস্তরাগতানিত্যর্থঃ। যদ্বা বিষ্ণ্বালয়সমীপবর্ত্তিনঃ। কুতঃ বিষ্ণুসেবার্থং যতঃ কুতো ঽপ্যাগতান্ যদ্বা বিষ্ণুসেবার্থমাগতাংশ্চ॥ ৭০॥

দ্বিজঃ ত্রৈবর্ণিকঃ॥ ৭১॥

বিপ্রস্তু বিশেষতঃ শাস্ত্রাভ্যাসং কুর্য্যাদিত্যত্র হেতুং লিখতি শ্রুতীতি। একেন শ্রুতি-রূপেণ স্মৃতিরূপেণ বা নেত্রেণ বিকলঃ বিহীনঃ। দ্বাভ্যাং বিকলঃ অন্ধঃ॥ ৭২॥

দেবযাত্রায়, বিবাহে, যজ্ঞের উপকরণে এবং উৎসব সকলেও নীচ জাতি স্পর্শ করিলে অস্পৃষ্টি দোষ হয় না॥ ৭০॥

এই প্রকার প্রাতঃকালে শ্রীকৃষ্ণের পূজা করিয়া, পরে দ্বিজ অর্থাৎ ত্রৈবর্ণিক, বিশেষতঃ ব্রাহ্মণ শাস্ত্রাভ্যাস করিবেন॥ ৭১॥

যেহেতু কথিত হইয়াছে॥

শ্রুতি ও স্মৃতি এই দুইটী ব্রাহ্মণদিগের নেত্র, ইহার একটী হীন হইলে কাণ, দুইটী হীন হইলে অন্ধ বলা যায়॥

আরও কূর্ম্মপুরাণে ব্যাসগীতায়॥

হে দ্বিজগণ! যে ব্যক্তি বেদ অধ্যয়ন না করিয়া অন্য বিষয়ে যত্ন করে, সে মূঢ় ও বেদবাহ্য, দ্বিজাতিগণ তাহার সহিত আলাপ করি-

স সংমূঢ়ো ন সংভাষ্যো বেদবাহ্যো দ্বিজাতিভিঃ।
ন বেদপাঠমাত্রেণ সন্তুষ্যেদেষ বৈ দ্বিজাঃ।
যথোক্তাচারহীনস্তু পঙ্কে গৌরিব সীদতি।
যোঽধীত্য বিধিবদ্বেদং বেদার্থং ন বিচারয়েৎ।
স চান্ধঃ শূদ্রকল্পস্তু পদার্থং ন প্রপদ্যত ইতি॥ ৭২॥
অতোঽধীত্যান্বহং বিদ্বানধ্যাপ্য চ বৈষ্ণবঃ।
সমর্প্য তচ্চ কৃষ্ণায় যতেত নিজবৃত্তয়ে॥ ৭৩॥
বৃত্তৌ সত্যাঞ্চ শৃণুয়াৎ সাধূন্ সঙ্গত্য সৎকথাং॥ ৭৪॥
অথ বৃত্তিসম্পাদনং॥

বিদ্বান্ শাস্ত্রজ্ঞশ্চেৎ অধ্যাপ্য শাস্ত্রং শিষ্যান্ পাঠয়িত্বা। বৈষ্ণবশ্চেৎ তৎ অধ্যয়নমধ্যাপনঞ্চ কৃষ্ণায় সমর্প্য॥ ৭৩॥
সতীমুক্তমাং শ্রীবিষ্ণুবৈষ্ণবাশ্রয়াং কথাং॥ ৭৪॥

বেন না॥

কেবল বেদমাত্র পাঠ করিয়া সন্তুষ্ট হইবে না, যথোক্ত আচারহীন হইলে কর্দ্দম পতিত গোএর ন্যায় ক্লেশ প্রাপ্ত হইবে॥

যে ব্যক্তি বিধি পূর্ব্বক বেদ অধ্যয়ন করিয়াছেন কিন্তু বেদের অর্থ বিচার করেন নাই, তিনি অন্ধ ও শূদ্রতুল্য সুতরাং পদার্থ প্রাপ্ত হইতে পারেন না॥ ৭২॥

অতএব প্রত্যহ অধ্যয়ন করিবেন, যদি শাস্ত্রজ্ঞ হয়েন তবে শিষ্যকে অধ্যয়ন করাইবেন, আর যদি বৈষ্ণব হয়েন তাহা হইলে অধ্যয়ন ও অধ্যাপন শ্রীকৃষ্ণকে সমর্পণ করিয়া নিজ জীবিকার নিমিত্ত যত্ন করিবেন॥ ৭৩॥

জীবিকা উপস্থিত থাকিলে সাধুদিগের সহিত সঙ্গ করিয়া শ্রীবিষ্ণু ও বৈষ্ণবাশ্রিতা কথা শ্রবণ করিবেন॥ ৭৪॥

অথ জীবিকানিষ্পন্ন করণ॥

সপ্তমস্কন্ধে ॥

ঋতামৃতাভ্যাং জীবেত মৃতেন প্রমৃতেন বা।
সত্যানৃতাভ্যামপি বা ন শ্ববৃত্ত্যা কদাচন।
ঋতমুঞ্ছশিলং প্রোক্তমমৃতং যদযাচিতং।
মৃতন্তু নিত্যং যাচ্ঞা স্যাৎ প্রমৃতং কর্ষণং স্মৃতং।
সত্যানৃতন্তু বাণিজ্যং শ্ববৃত্তির্নীচসেবনং।
আত্মনো নীচলোকানাং সেবনং বৃত্তিসিদ্ধয়ে।
নিতরাং নিন্দ্যতে সদ্ভির্বৈষ্ণবস্য বিশেষতঃ।

তদুক্তং ॥

সেবা শ্ববৃত্তি র্যৈরুক্তা ন সম্যক্ তৈরুদাহৃতং।

আত্মনঃ সকাশাৎ যে নীচা লোকা স্তেষাং বৈষ্ণবস্য তু নীচলোকসেবনং বিশেষতো হধিকং নিন্দ্যতে নীচলোকসেবনেন নীচানামবৈষ্ণবত্বজ্ঞানাদ্বৈষ্ণবনীচজ্ঞানাদোষাপত্তেঃ ॥ ৭৫ ॥

সপ্তমস্কন্ধে ১১ অধ্যায়ে ১৮। ১৯ শ্লোকে ॥

হে রাজন্! ব্রাহ্মণজাতির যে চারিটী বৃত্তি বলিলাম তন্মধ্যে ঋত ও অমৃত দ্বারা অথবা মৃত ও প্রমৃত দ্বারা কিম্বা সত্যানৃত দ্বারা সকল জাতিই জীবন ধারণ করিতে পারে, কিন্তু শ্ববৃত্তি দ্বারা কখন জীবিকা কর্ত্তব্য নহে ॥

রাজন্! ঋত শব্দের অর্থ উঞ্ছ ও শিল, অমৃতের অর্থ অযাচিত, মৃত শব্দের অর্থ নিত্য যাচ্ঞা, প্রমৃতের নাম কৃষি, সত্যানৃতের অর্থ বণিজ্য, শ্ববৃত্তির অর্থ নীচসেবা ॥

জীবিকা সিদ্ধির নিমিত্ত আপনা অপেক্ষা নীচ লোকদিগের সেবা করাকে সাধুগণ নিন্দা করিয়া থাকেন, বিশেষতঃ বৈষ্ণবের পক্ষে নিন্দনীয় ॥

ঐ বিষয় কথিত হইয়াছে ॥

যাঁহারা সেবাকে কুক্কুরবৃত্তি বলিয়া উল্লেখ করিয়াছেন, তাঁহারা

স্বচ্ছন্দচরিতঃ ক শ্বা বিক্রীতাসুঃ ক সেবকঃ।
পণীকৃত্যাত্মনঃ প্রাণান্ যে বর্ত্তন্তে দ্বিজাধমাঃ।
তেষাং দুরাত্মনামন্নং ভুক্ত্বা চান্দ্রায়ণঞ্চরেদিতি।
শুক্লবৃত্তেরসিদ্ধৌচ ভোজ্যান্নান্ শূদ্রবর্গতঃ।
তথৈব গ্রহ্যাগ্রাহ্যাণি জানীয়াচ্ছাস্ত্রতো বুধঃ।
শুক্লবৃত্তিশ্চ ॥
শ্রীবিষ্ণুধর্ম্মোত্তরে তৃতীয়কাণ্ডে ॥
প্রতিগ্রহেণ যল্লব্ধং যাজ্যতঃ শিষ্যতস্তথা।
গুণান্বিতেভ্যো বিপ্রস্য শুক্লং তৎ ত্রিবিধং স্মৃতং।
যুদ্ধোপকারাল্লব্ধঞ্চ দণ্ডাচ্চ ব্যবহারতঃ।
ক্ষত্রিয়স্য ধনং শুক্লং ত্রিবিধং পরিকীর্ত্তিতং।

সমগ্ররূপে বলেন নাই, কোথায় স্বচ্ছন্দাচারী কুক্কুর ? আর কোথায় প্রাণ বিক্রয় সেবক ? অর্থাৎ এই দুইয়ের পরস্পর তুলনা হইতে পারে না। যে সকল দ্বিজাধম আপনার প্রাণকে পণ করিয়া জীবিকা নির্ব্বাহ করে, সেই সকল দুরাত্মার অন্ন ভোজন করিলে চান্দ্রায়ণ প্রায়শ্চিত্ত করিতে হইবে ॥

পবিত্র বৃত্তির অসিদ্ধি হইলেও যে সকল শূদ্রের অন্ন ভোজন করিতে পারা যায়,সেই সকল শূদ্রের নিকট হইতে অন্ন গ্রহণ করিবে। পণ্ডিত ব্যক্তি শাস্ত্রানুসারে এই গ্রহণকে অগ্রহণ করিয়া জানিবেন ॥

পবিত্র জীবিকা যথা বিষ্ণুধর্ম্মোত্তরের তৃতীয়কাণ্ডে ॥

প্রতিগ্রহ দ্বারা, যজমানের সমীপে ও গুণান্বিত শিষ্যের নিকট হইতে যে লাভ হয়, ব্রাহ্মণের ঐ তিন প্রকার শুক্ল অর্থাৎ পবিত্র জীবিকা বলিয়া কথিত হইয়াছে ॥

যুদ্ধোপকার, দণ্ড এবং ব্যবহার অর্থাৎ কার্য্যাকার্য্য বিচারণ দ্বারা লব্ধ, এই তিন প্রকার ধন ক্ষত্রিয়ের পক্ষে শুক্ল অর্থাৎ পবিত্র বলিয়া

কৃষিবাণিজ্যগোরক্ষাঃ কৃত্বা শুক্লং তথাবিশঃ।
দ্বিজশুশ্রূষয়া লব্ধং শুক্লং শূদ্রস্য কীর্ত্তিতং।
ক্রমাগতং প্রীতিদানং প্রাপ্তঞ্চ সহ ভর্য্যয়া।
অবিশেষেণ সর্ব্বেষাং ধনং শুক্লং প্রকীর্ত্তিতং॥
অথ গ্রাহ্যাগ্রাহ্যাণি॥
কৌর্ম্মে তত্রৈব॥
নাদ্যাচ্ছূদ্রস্য বিপ্রোঽন্নং মোহাদ্বা যদি কামতঃ।
স শূদ্রযোনিং ব্রজতি যস্তু ভুঙ্‌ক্তে হ্যনাপদি।
দুষ্কৃতং হি মনুষ্যস্য সর্ব্বমন্নে প্রতিষ্ঠিতং।
যো যস্যান্নং সমশ্নাতি স তস্যাশ্নাতি কিল্বিষং।

কীর্ত্তিত॥

কৃষি, বাণিজ্য ও গোরক্ষা করিয়া যে ধন লব্ধ হইবে বৈশ্যের পক্ষে তাহাই পবিত্র, আর দ্বিজাতি শুশ্রূষা দ্বারা লব্ধ ধন শূদ্রের পক্ষে শুক্ল বলিয়া কীর্ত্তিত হয়॥

পরম্পরাগত, প্রীতিদান এবং ভার্য্যার সহিত প্রাপ্ত এই ত্রিবিধ ধন অবিশেষে সকলের সম্বন্ধে পবিত্র বলিয়া কীর্ত্তিত হইয়াছে॥

অথ গ্রাহ্যাগ্রাহ্য অর্থাৎ গ্রহণ ও অগ্রহণ যোগ্য অন্নের বিষয়॥

কূর্ম্মপুরাণে জীবিকা বিষয়ে॥

ব্রাহ্মণ শূদ্রের অন্ন ভোজন করিবেন না, যদি মোহ বশতঃ বা ইচ্ছা করিয়া আপদ্‌ভিন্ন কালে শূদ্রান্ন ভোজন করেন, তাহা হইলে তিনি শূদ্রযোনি প্রাপ্ত হয়েন॥

মনুষ্যের সমুদায় পাপ অন্নের মধ্যে থাকে, অতএব যিনি যাহার অন্ন ভোজন করেন তিনি তাহার পাপ ভোজন করিয়া থাকেন॥

আর্দ্ধিকঃ কুলমিত্রশ্চ স্বগোপালশ্চ নাপিতঃ।
এতে শূদ্রেষু ভোজ্যান্না দত্ত্বা স্বল্পপণং বুধৈঃ।
পায়সং স্নেহপক্বং যদ্গোরসং চৈব শক্তবঃ।
পিণ্যাকশ্চৈব তৈলঞ্চ শূদ্রাদ্গ্রাহ্যং তথৈব চ।
অঙ্গিরাঃ॥
গোরসশ্চৈব শক্তুংশ্চ তৈলপিণ্যাকমেব চ।
অপূপান্ ভক্ষয়েচ্ছূদ্রাৎ যৎকিঞ্চিৎ পয়সা কৃতং।
অত্রিস্মৃতৌ॥
স্বসুতায়াশ্চ যে ভুঙ্‌ক্তে স ভুঙ্‌ক্তে পৃথিবীমলং।
নরেন্দ্রভবনে ভুক্ত্বা বিষ্ঠায়াং জায়তে কৃমিঃ॥ ৭৫॥
অন্যত্র চ।

আৰ্দ্ধিক অর্থাৎ যাহার সহিত শস্যের অর্দ্ধাংশ ভাগ থাকে, তথা কুলমিত্র, স্বীয় গোপালক এবং নাপিত, শূদ্রজাতির মধ্যে এই সকল ভোজ্যান্ন অর্থাৎ ইহাদের অন্ন ভোজন করিতে পারা যায়। পণ্ডিতগণ কিঞ্চিৎ মূল্য দিয়া শূদ্রের নিকট হইতে পায়স (ক্ষীরাদি), ঘৃতপক্ব, গোরস (দুগ্ধ), শক্তু, পিণ্যাক (খলি) এবং তৈল গ্রহণ করিবেন॥

অঙ্গিরা॥

গোরস, শক্তু, তৈলপিণ্যাক, পিষ্টক এবং যে কোন দ্রব্য দুগ্ধ দ্বারা নির্ম্মিত তৎসমুদয় শূদ্রের নিকট হইতে গ্রহণ করিয়া ভক্ষণ করিবে॥

অত্রি স্মৃতিতে॥

যে ব্যক্তি আপনার কন্যার দ্রব্য ভক্ষণ করে, সে পৃথিবীর মল ভক্ষণ করে এবং রাজগৃহে ভোজন করিলে বিষ্ঠায় কৃমি হইয়া জন্ম গ্রহণ করে॥ ৭৫॥

অন্যস্থানেও॥

দাস নাপিত গোপাল কুলমিত্রার্দ্ধসীরিণঃ।
ভোজ্যান্নাঃ শূদ্রবর্গে হমী তথাত্মবিনিবেদকঃ ॥ ৭৬ ॥
মধূদকং ফলং মূলমেধাংস্যভয়দক্ষিণা।
অভ্যুদ্যতানি স্বেতানি গ্রাহ্যাণ্যপি নিকৃষ্টতঃ।
খলক্ষেত্রগতং ধান্যং কূপবাপীষু যজ্জলং।
অগ্রাহ্যাদপি তদ্গ্রাহ্যং যচ্চ গোষ্ঠগতং পয়ঃ।
পানীয়ং পায়সং ভক্ষ্যং ঘৃতং লবণমেবচ।
হস্তদত্তং ন গৃহ্নীয়াৎ তুল্যং গোমাংসভক্ষণৈঃ।
মনুস্মৃতৌ ॥
সামুদ্রং সৈন্ধবং চৈব লবণে পরমাদ্ভুতে।

দাসাঃ কৈবর্ত্তাঃ কুলমিত্রাণি পারম্পর্য্যেণ নিজবংশহিতকারিণঃ। অর্দ্ধসীরিণঃ। বিত্তাদিবিভাগিনঃ ॥ ৭৬ ॥

নাপিত, গোরক্ষক, কুলমিত্র অর্থাৎ পারম্পর্য্যানুসারে নিজবংশের হিতকারী এবং অর্দ্ধসীরী অর্থাৎ ধনাদির বিভাগকারী, শূদ্রবর্গের মধ্যে ইহাদের অন্ন ভোজন করিতে পারা যায়, আর সে ব্যক্তি আত্ম সমর্পণ করে তাহারও অন্ন ভোজন করা যাইতে পারে ॥ ৭৬ ॥

মধু, জল, ফল, মূল, কাষ্ঠ এবং অভয়দান এই সমুদায় বিনা প্রার্থনায় উপস্থিত হইলে, নিকৃষ্ট জাতির নিকট হইতেও গ্রহণ করিবে ॥

খল (খামার) ভূমিস্থিত ধান্য, কূপ ও দীর্ঘিকাস্থ জল এবং গোষ্ঠ-স্থিত দুগ্ধ এই সমুদয় অগ্রাহ্য ব্যক্তিদিগের নিকট হইতেও গ্রহণ করিবে ॥

জল, পায়স, ভক্ষ্য, ঘৃত ও লবণ এ সকল হস্ত দত্ত হইলে গ্রহণ করিবে না, করিলে গোমাংস ভক্ষণের তুল্য হয় ॥

মনুস্মৃতিতে ॥

সমুদ্রোৎপন্ন এবং সৈন্ধব এই দুই লবণ অতি উৎকৃষ্ট, এই দুই

প্রত্যক্ষে অপি তে গ্রাহ্যে নিষেধস্ত্বন্যগোচরঃ।
আয়সেনৈব পাত্রেণ যদন্নমুপনীয়তে।
ভোক্তা তদ্বিট্ সমং ভুঙ্‌ক্তে দাতাচ নরকং ব্রজেৎ।
গোরক্ষকান্ বাণিজকান্ তথা কারুকশীলিনঃ।
প্রেষ্যান্ বার্দ্ধুষিকাংশ্চৈব বিপ্রান্ শূদ্রবদাচরেৎ॥ ৭৭॥
কৌর্ম্মে চ তত্রৈব॥
তৃণং কাষ্ঠং ফলং পুষ্পং প্রকাশং বৈ হরেদ্বুধঃ।
ধর্ম্মার্থং কেবলং বিপ্র হ্যন্যথা পতিতো ভবেৎ।
তিলমুদ্গযবাদীনাং মুষ্টির্গ্রাহ্যা পথি স্থিতৈঃ।
ক্ষুধার্ত্তৈর্নান্যথা বিপ্রা ধর্ম্মবিদ্ভিরিতি স্থিতিঃ।

বিপ্রেভ্যোঽপি সর্ব্বেভ্যঃ শুক্লবৃত্তির্ন সিদ্ধ্যতীত্যভিপ্রেত্য লিখতি গোরক্ষকানিতি। কারুকশীলিনঃ কটাদিকারিণঃ॥ ৭৭॥

প্রত্যক্ষ অর্থাৎ স্বয়ং গ্রহণ করিবে, অন্য গোচরে নিষিদ্ধ॥

লোহপাত্র দ্বারা যে অন্ন আনীত হয় তাহা ভোজন করিলে ভোক্তা বিষ্ঠার কৃমি ভোজন করে এবং দাতাও নরকে যায়॥

যে সকল ব্রাহ্মণ গোরক্ষক, ব্যবসায়ী, কটাদি নির্ম্মাণকারী, ভৃত্য এবং বৃদ্ধিজীবী অর্থাৎ যাহারা সূদ গ্রহণ করে, ইহাদিগের প্রতি শূদ্র তুল্য ব্যবহার করিবে॥ ৭৭॥

কূর্ম্মপুরাণেও সেই স্থলে॥

হে বিপ্র! বিচক্ষণ ব্যক্তি কেবল ধর্ম্মের নিমিত্ত প্রকাশ রূপে তৃণ, কাষ্ঠ, ফল ও পুষ্প হরণ করিবেন, অন্যথা পতিত হইবেন॥

হে বিপ্রগণ! পান্থ ব্যক্তি সকল ক্ষুধাতুর হইলে তিল, মুদ্গ ও যব প্রভৃতির মুষ্টি গ্রহণ করিবে, অন্য অবস্থায় নহে, ধর্ম্মশাস্ত্রবেত্তাদিগের এইরূপ মর্য্যাদা॥

বৈষ্ণবানাং হি ভোক্তব্যং প্রার্থ্যান্নং বৈষ্ণবৈঃ সদা।
অবৈষ্ণবানামন্নন্তু পরিবর্জ্জ্যমমেধ্যবৎ॥ ৭৮॥
তথাচ পাদ্মে দেবদূতবিকুণ্ডলসম্বাদে॥
প্রার্থয়েদ্বৈষ্ণবাদন্নং প্রযত্নেন বিচক্ষণঃ।
সর্ব্বপাপবিশুদ্ধ্যর্থং তদভাবে জলং পিবেৎ।
নারদীয়ে॥
মহাপাতকসংযুক্তো ব্রজেদ্বৈষ্ণবমন্দিরং।
যাচয়েদন্নমমৃতং তদভাবে জলং পিবেৎ।
বিষ্ণুস্মৃতৌ॥
শ্রোত্রিয়ান্নং বৈষ্ণবান্নং হুতশেষঞ্চ যদ্ধবিঃ।

এবং ব্রাহ্মণস্য শুক্লবৃত্তৌ শূদ্রাণাং সর্ব্বেষামেবান্নবর্জনে প্রাপ্তে অপবাদং দর্শয়ন্ বৈষ্ণবানাঞ্চ শুক্লবৃত্তিমভিব্যঞ্জয়ন্ অবৈষ্ণবত্বেপি বিপ্রাণামপ্যন্নং বৈষ্ণবৈর্বর্জনীয়মিত্যভিপ্রেত্য লিখতি বৈষ্ণবানাং। হি নিশ্চয়ে প্রার্থ্যাপি। অমেধ্যং পুরীষাদি তদ্বৎ॥ ৭৮॥

বৈষ্ণবগণ সর্ব্বদা প্রার্থনা করিয়া বৈষ্ণবদিগের অন্ন ভোজন করিবেন, যিনি বৈষ্ণব নহেন এমত ব্রাহ্মণেরও অন্ন অপবিত্র তুল্য পরিত্যাগ করিবেন॥ ৭৮॥

ঐরূপই পদ্মপুরাণে দেবদূত বিকুণ্ডল সম্বাদে॥

বিচক্ষণ ব্যক্তি সর্ব্ব পাপ বিশুদ্ধির নিমিত্ত যত্ন সহকারে বৈষ্ণবের নিকট অন্ন প্রার্থনা করিবেন কিন্তু তাহার অভাব হইলে কেবল মাত্র জল পান করিবেন॥

নারদপুরাণে॥

মহাপাতক লিপ্ত ব্যক্তি বৈষ্ণবের গৃহে গমন করিয়া অমৃতময় অন্ন প্রার্থনা করিবে, তাহার অভাব হইলে জল পান করিবে॥

বিষ্ণুস্মৃতিতে॥

শ্রোত্রিয়ের অন্ন, বৈষ্ণবের অন্ন এবং হোমের অবশিষ্ট যে হবিঃ,

আনখাৎ শোধয়েৎ পাপং তুষাগ্নিঃ কনকং যথা ॥ ৭৯ ॥

স্কান্দে মার্কণ্ডেয়ভগীরথসম্বাদে ॥

শুদ্ধং ভাগবতস্যান্নং শুদ্ধং ভাগীরথীজলং।

শুদ্ধং বিষ্ণুপরং চিত্তং শুদ্ধমেকাদশীব্রতং।

অবৈষ্ণবগৃহে ভুক্ত্বা পীত্বা বা জ্ঞানতোঽপি বা।

শুদ্ধিশ্চান্দ্রায়ণে প্রোক্তা ইষ্টাপূর্ত্তং বৃথা সদা।

শ্রীপ্রহ্লাদবাক্যেচ ॥

কেশবার্চ্চা গৃহে যস্য ন তিষ্ঠতি মহীপতে।

তস্যান্নং নৈব ভোক্তব্যমভক্ষ্যেণ সমং স্মৃতং ॥ ৮০ ॥

শ্রোত্রিয়ান্নমিতি হুতশেষং হবিরিতি চ দৃষ্টান্তত্রয়ান্ জ্ঞেয়ং ॥ ৭৯ ॥

শুদ্ধমিতি সূতকাদৌ নিষিদ্ধমপি শুদ্ধমেবেত্যর্থঃ। তথাচ বিষ্ণুস্মৃতৌ। শিববিষ্ণ্বর্চ্চনে দীক্ষা যস্য চাগ্নি পরিগ্রহঃ। ব্রহ্মচারি যতীনাঞ্চ শরীরে নাস্তি সূতকমিতি। তত্র দৃষ্টান্তঃ। অশুচি সংসর্গাদিনাপি যথা গঙ্গাজলং শুদ্ধমেবেত্যাদয়ঃ। তদুক্তং। অপি

এ সমুদায়, যেমন তুষাগ্নি স্বর্ণ শুদ্ধ করে তাহার ন্যায়, নখ অবধি শরীরের সমস্ত পাপ সংশোধন করিয়া থাকে ॥ ৭৯ ॥

স্কন্দপুরাণে মার্কণ্ডেয় ও ভগীরথসম্বাদে ॥

ভগবদ্ভক্তের অন্ন পবিত্র, গঙ্গাজল পবিত্র, বিষ্ণুতৎপর চিত্ত পবিত্র এবং একাদশীব্রত পবিত্র ॥

অজ্ঞান বশতও যদি অবৈষ্ণবগৃহে ভোজন বা পান করে, তাহা হইলে চান্দ্রায়ণ প্রায়শ্চিত্তে শুদ্ধ হয়, তাহার সর্ব্বদা ইষ্টকর্ম্ম ও পূর্ত্তকর্ম্ম সকল বিফল হইয়া যায় ॥

শ্রীপ্রহ্লাদের বাক্যেও ॥

হে রাজন্! যাহার গৃহে শ্রীকৃষ্ণের প্রতিমা অবস্থিত নাই, তাহার অন্ন কখন ভোজন যোগ্য নহে, কারণ তাহা অভক্ষ্যের তুল্য বলিয়া কথিত হইয়াছে ॥ ৮০ ॥

কেচিদ্বৃত্ত্যনপেক্ষস্তু জপশ্রদ্ধান্বিতঃ প্রভৌ ।
বিশ্বস্তস্ত্যাদিশন্ত্যস্মিন্ কালেঽপি কৃতিনো জপং ॥ ৮১ ॥

অথ মাধ্যাহ্নিককৃত্যানি ॥

মধ্যাহ্নে স্নানতঃ পূর্ব্বং পুষ্পাদ্যাহৃত্য বা স্বয়ং ।
ভৃত্যাদিনা বা সম্পাদ্য কুর্য্যান্মাধ্যাহ্নিকীঃ ক্রিয়াঃ ।
স্নানাশক্তৌ চ মধ্যাহ্নে স্নানমাচর্য্য মান্ত্রিকং ।
যথোক্তাং ভগবৎপূজাং শক্তশ্চেৎ প্রাগ্বদাচরেৎ ॥ ৮২ ॥

অথ বৈষ্ণববৈশ্বদেবাদিবিধিঃ ॥

চাণ্ডালভাণ্ডস্থং তজ্জলং পানং নংদি ত্যাদি ॥ ৮০ ॥

বৃত্তৌ বৃত্তিসম্পাদনে অনপেক্ষস্তু আসক্তিরহিতস্য যতঃ প্রভৌ ভগবতি বিশ্বস্তস্ত ভগবান্ জগতাং বৃত্তিদঃ কিন্তৎ প্রয়াসেনেতি বিশ্বাসং গতস্ত যতঃ কৃতিনঃ অভিজ্ঞস্য । অতো জপে শ্রদ্ধা প্রীতিস্তদ্বতঃ অস্মিন্ অধ্যয়নাধ্যাপনবৃত্তিসম্পাদনসম্বন্ধিনি কালেঽপি জপমেবাদিশন্তি কেচিৎ কৃতিন ইতি বা ॥ ৮১ ॥

প্রাগ্বৎ যথা প্রাতঃকৃত্যং তথেত্যর্থঃ ॥ ৮২ ॥

জপ বিষয়ে শ্রদ্ধাশালী কোন কোন অভিজ্ঞ ব্যক্তি প্রভুর প্রতি বিশ্বস্ত চিত্ত হইয়া অর্থাৎ ভগবান্ সমস্ত জগতের বৃত্তিদাতা অতএব জীবিকার প্রয়াসে প্রয়োজন নাই এই বোধে অধ্যয়ন, অধ্যাপন ও বৃত্তি সম্পাদন সম্বন্ধি কালেও জপ উপদেশ করেন ॥ ৮১ ॥

অথ মধ্যাহ্নকাল সম্বন্ধি কার্য্য সকল ॥

মধ্যাহ্নকালে স্নানের পূর্ব্বে পুষ্পাদি স্বয়ং আহরণ করিয়া অথবা ভৃত্যাদি দ্বারা সম্পাদন করিয়া মধ্যাহ্নকালের কার্য্য সকল করিবে ॥

মধ্যাহ্ন স্নানে অশক্ত হইলে মন্ত্রস্নান করিয়া পূর্ব্ব কথিতানুসারে ভগবানের পূজা করিবে, আর যদি সমর্থ হয়, তাহা হইলে যেমন প্রাতঃকৃত্য তদনুরূপ আচরণ করিবে ॥ ৮২ ॥

অথ বৈষ্ণবদিগের বৈশ্বদেবাদি বিধি ॥

ততঃ কৃষ্ণার্পিতেনৈব শুদ্ধেনান্নেন বৈষ্ণবঃ।
বৈশ্বদেবাদিকং দৈবং কর্ম্ম পৈত্রঞ্চ সাধয়েৎ।
তদুক্তং ॥
ষষ্ঠে দিনবিভাগেতু কুর্য্যাৎ পঞ্চ মহামখান্।
দৈবো হোমেন যজ্ঞঃ স্যাৎ ভৌতস্তু বলিদানতঃ।
পৈত্রো বিপ্রান্নদানেন পৈত্রেণ বলিনাথ বা।
কিঞ্চিদন্নপ্রদানাদ্বা তর্পণাদ্বা চতুর্বিধঃ।
নৃযজ্ঞোঽতিথিসৎকারাৎ হন্তকারেণ চাম্বুনা।
ব্রহ্মযজ্ঞো বেদজপাৎ পুরাণপঠনেন বা ॥

ভৌতো ভূতসম্বন্ধিযজ্ঞঃ পৈত্রশ্চ যজ্ঞশ্চতুর্বিধঃ। চতুর্বিধত্বমেবাহ বিপ্রেতি। অত্র চ বিশেষঃ কৌর্ম্মে। দেবযজ্ঞং ভূতযজ্ঞং পিতৃযজ্ঞং তথৈব চ। মানুষ্যং ব্রহ্মযজ্ঞঞ্চ পঞ্চযজ্ঞান্ প্রচক্ষতে। যদি স্যাৎ তর্পণাদর্ব্বাক্ ব্রহ্মযজ্ঞঃ কৃতো নহি। কৃত্বা মানুষ্যযজ্ঞং বৈ ততঃ স্বাধ্যায়মাচরেৎ। কুশপুঞ্জে সমাসীনঃ কুশপাণিঃ সমাহিতঃ। শালাগ্নৌ লৌকিকে বাথ জলে ভূম্যামথাপি বা। বৈশ্বদেবশ্চ কর্ত্তব্যো দেবযজ্ঞঃ স বৈ স্মৃতঃ ইত্যাদি ॥ ৮৩ ॥

অনন্তর বৈষ্ণব ব্যক্তি কৃষ্ণনিবেদিত পবিত্র অন্ন দ্বারা বৈশ্বদেবাদি দৈব ও পৈত্রকর্ম্ম সাধন করিবেন ॥

ঐ বিষয় কথিত হইয়াছে ॥

দিবসের ষষ্ঠভাগে দেবযজ্ঞ, ভূতযজ্ঞ, পিতৃযজ্ঞ, মনুষ্যযজ্ঞ এবং ব্রহ্মযজ্ঞ, এই পঞ্চ মহাযজ্ঞ করিবে। হোমের দ্বারা দেবযজ্ঞ, বলি প্রদান দ্বারা ভূতযজ্ঞ, ব্রাহ্মণদিগকে অন্ন প্রদান দ্বারা অথবা পিতৃসম্বন্ধীয় বলি প্রদান দ্বারা কিম্বা কিঞ্চিৎ অন্ন প্রদান বা তর্পণ দ্বারা এই চারি প্রকার পিতৃযজ্ঞ করিবে ॥

অতিথি সৎকার অথবা হন্তকার (পানীয়শালা) কিম্বা জল দ্বারা নৃযজ্ঞ এবং বেদপাঠ বা পুরাণপাঠ দ্বারা ব্রহ্মযজ্ঞ করিবে ॥

তন্নিত্যতাচ কৌর্ম্মে ॥

অকৃত্বাচ দ্বিজঃ পঞ্চ মহাযজ্ঞান্ দ্বিজোত্তমাঃ।

ভুঞ্জীত চেৎ সুমূঢ়াত্মা তির্য্যগ্‌যোনিং স গচ্ছতি ॥ ৮৩ ॥

অথ বৈষ্ণবশ্রাদ্ধবিধিঃ ॥

প্রাপ্তে শ্রাদ্ধদিনেঽপি প্রাগন্নং ভগবতেঽর্পয়েৎ।

তচ্ছেষেণৈব কুর্ব্বীত শ্রাদ্ধং ভগবতো নরঃ ॥ ৮৪ ॥

যচ্চ স্মৃতৌ ॥

গৃহাগ্নিশিশুদেবানাং যতীনাং ব্রহ্মচারিণাং।

পিতৃপাকো ন দাতব্যো যাবৎ পিণ্ডান্ননির্ব্বপেদিতি ॥ ৮৫ ॥

ঈদৃক্ সামান্যবচনং বিশেষবচনব্রজৈঃ।

তচ্ছেষেণ ভগবন্নিবেদিতেনৈব। যতো ভাগবতঃ ভগবদ্ভক্তঃ ॥ ৮৪ ॥

তত্র নিষেধবাক্যমুল্লিখন্ বহুতরবচনৈস্তদ্বাধয়িত্বা ভগবদর্পিতান্নাদিনৈব শ্রাদ্ধবিধানং সাধয়তি গৃহাগ্নীত্যাদিনা অপ্রকল্পিতা ইত্যন্তেন ॥ ৮৫ ॥

ঈদৃক্ গৃহাগ্নীতি শ্লোকসদৃশং ॥ ৮৬ ॥

পঞ্চযজ্ঞের নিত্যতা যথা—কূর্ম্মপুরাণে ॥

হে শ্রেষ্ঠ ব্রাহ্মণগণ! দ্বিজ যদি পঞ্চ মহাযজ্ঞ না করিয়া ভোজন করেন, তাহা হইলে সেই মূঢ়বুদ্ধি পশুযোনি প্রাপ্ত হয়েন ॥ ৮৩ ॥

অথ বৈষ্ণবদিগের শ্রাদ্ধের বিধি ॥

ভগবৎপরায়ণ মনুষ্য শ্রাদ্ধদিন উপস্থিত হইলে অগ্রে ভগবান্‌কে অন্ন নিবেদন করিয়া সেই নিবেদিত অন্ন দ্বারাই শ্রাদ্ধ করিবেন ॥ ৮৪ ॥

যাহা স্মৃতিতে কহিয়াছেন ॥

গৃহাগ্নি অর্থাৎ শালাগ্নি, শিশু, দেবতা, যতি এবং ব্রহ্মচারিদিগকে যে পর্য্যন্ত পিণ্ড প্রদান করা না হইয়াছে, তাবৎ পিতৃনিমিত্ত পাককৃত অন্ন প্রদান করিবে না ॥ ৮৫ ॥

"গৃহাগ্নি" ইত্যাদি ঈদৃশ সামান্য বচন শ্রুতি স্মৃতি পুরাণাদি বর্ত্তি

শ্রুতি স্মৃতি পুরাণাদিবর্ত্তিভি র্বাধ্যতে ধ্রুবং ॥ ৮৬ ॥

তথাচ পাদ্মে ॥

বিষ্ণোর্নিবেদিতান্নেন যষ্টব্যং দেবতান্তরং।

পিতৃভ্যশ্চাপি তদ্দেয়ং তদানন্ত্যায় কল্পতে ॥ ৮৮ ॥

মোক্ষধর্ম্মে নারদোক্তৌ ॥

সাত্বতং বিধিমাস্থায় প্রাক্ সূর্য্যমুখনিঃসৃতং।

বিশেষবচনান্যেব দর্শয়তি বিষ্ণোরিতি ॥ ৮৭ ॥

সাত্বতমিতি সাত্বতা বৈষ্ণবাস্তৎসম্বন্ধিনমিত্যর্থঃ। দেবেশং শ্রীভগবন্তং তচ্ছেষেণ ভগবন্নিবেদিতেনেত্যর্থঃ। ন চাত্র বক্তব্যং যদন্নাদিকং ভোজনপাত্রেষু নিধায়ান্নসংস্কারাদ্যর্পণবিধিনা ভগবতেঽর্পিতং তস্য যদবশিষ্টং রন্ধনপাত্রাদাবস্তি তেনেতি বিষ্ণোর্নিবেদিতান্নেনেতি পাদ্মোক্তেঃ। নচ তদপ্যবশিষ্টমেবেতি শঙ্কনীয়ং যতঃ সংস্কারাদিবিধিনা ভগবতোঽগ্রে যৎ সমর্প্যতে তদেব নিবেদিতমিত্যুপপদ্যতে ইতি অতস্তস্যৈব ভগবদ্ভুক্তোচ্ছিষ্টস্য ভক্ত্যা শেষ ইত্যাহ্যুক্তিঃ। অন্যথা গৃহভাণ্ডাদৌ স্থিতস্য ঘৃতখণ্ডাদি দ্রব্যস্য কিঞ্চিদর্পণাত্তত্রাপি সর্ব্বত্র শেষত্বব্যাপ্ত্যা নিবেদিতত্বপ্রসঙ্গঃ স্যাৎ। তচ্চাযুক্তং। তত্র তত্রস্থিতস্য দ্রব্যস্য সর্ব্বস্যৈব উচ্ছিষ্টত্বেন পুনর্ভগবতে অর্পণাযোগাদিতি দিক্। এবঞ্চ ভগবদুচ্ছিষ্টস্য পরমভক্ত্যা মহাপ্রসাদতয়া গ্রহণে শিষ্টকৃতো যজ্ঞাবশিষ্ট দ্রব্য করণক হোম ইব দত্তাপহারদোষপ্রসঙ্গশ্চ ন স্যাৎ অন্যথা শ্রীচরণামৃতপানেঽঙ্গুলেপ তুলস্যাদি নির্ম্মাল্যগ্রহণেঽপি সর্ব্বত্রৈব দত্তাপাহারদোষব্যাপ্তিঃ স্যাৎ ন চ সা যুক্তা যতঃ তত্তদ্গ্রহণে মহাফলপ্রতিপাদকানি তত্র তত্র বচনানি শতশঃ সন্তি তেষু চ কানিচিৎ শ্রীচরণামৃতপানাদিপ্রসঙ্গে পূর্ব্বে লিখিতানি। অত্র চ

বিশেষ বচন সমূহ দ্বারা নিশ্চয় বাধা প্রাপ্ত হয় ॥ ৮৬ ॥

তদ্বিষয় যথা পদ্মপুরাণে ॥

বিষ্ণুর নিবেদিত অন্ন দ্বারা অন্যান্য দেবগণের অর্চ্চনা করা কর্ত্তব্য এবং পিতৃগণকেও সেই বিষ্ণুনিবেদিত অন্ন প্রদান করিবে, তাহা হইলে তাহা অনন্ত ফলের নিমিত্ত কল্পিত হয় ॥ ৮৭ ॥

মোক্ষধর্ম্মে নারদের উক্তিতে ॥

বৈষ্ণব সম্বন্ধীয় বিধি অবলম্বন করিয়া সূর্য্যোদয়ের পূর্ব্বে শ্রীভগ-

পূজয়ামাস দেবেশং তচ্ছেষেণ পিতামহান্॥ ৮৮॥

ব্রহ্মাণ্ডপুরাণে॥

যঃ শ্রাদ্ধকালে হরিভুক্তশেষং
দদাতি ভক্ত্যা পিতৃদেবতানাং।
তেনৈব পিণ্ডাংস্তুলসীবিমিশ্রা-
নাকল্পকোটিং পিতরঃ সুতৃপ্তাঃ॥ ৮৯॥

স্কান্দে শ্রীশিবোক্তৌ॥

লিখিতং বিষ্ণোর্নিবেদিতান্নেনেতি। যেনাস্থপি দেবান্ পিতৄন্ সমুদ্দিশ্যেতি মুকুন্দগাত্রলগ্নে-নেতি সর্ব্বপ্রযত্নেনেত্যাদীনি। শ্রুতিশ্চ। এক এব নারায়ণ ইত্যাদিঃ। এতচ্চাগ্রে লেখ্যং পত্রং পুষ্পং ফলং তোয়মিত্যাদিভিরনর্পিতোপভোগনিষেধবচনৈঃ। তথা। অম্বরীষ সবং বস্ত্রমিত্যাদিভিস্তদুপভোগবিধিবচনৈরপি নিতরাং দ্রঢ়িতব্যং। বিশেষতশ্চাত্র মহতাং বহূনাং শিষ্টানামাচার এব পরমং প্রমাণমিতি। ভগবন্নামাহৃতানাং ভগবৎপ্রসাদবঞ্চিতানাং দুষ্টবুদ্ধীনাং সর্ব্বথোপেক্ষ্যৈবোপযুক্তেতি সর্ব্বেষাং সাধূনাং মতং॥ ৮৮॥

অধুনা পিতৃভ্যোঽপি ভগবদুচ্ছিষ্টমহাপ্রসাদদানে বহুবচনানি প্রমাণয়ন্ আদৌ তত্র নিত্যশ্রাদ্ধাদিবিষয়মেব তৎ নচ পার্ব্বণাদিপরমিতি কেষাঞ্চিদজ্ঞানাং মতং নিরস্যতি যঃ শ্রাদ্ধেতি। হরেভুর্ক্তঞ্চ তৎ অতএব শেষঞ্চ॥ ৮৯॥

বানের পূজা করিয়া তন্নিবেদিত অন্ন দ্বারা পিতামহগণকে অর্চ্চনা করিবে॥ ৮৮॥

ব্রহ্মাণ্ডপুরাণে॥

যে ব্যক্তি শ্রাদ্ধকালে ভক্তি পূর্ব্বক যদি পিতৃ ও দেবগণকে ভগবদুচ্ছিষ্ট মহাপ্রসাদ এবং তদ্দ্বারা তুলসীবিমিশ্রিত পিণ্ড সকল প্রদান করেন, তাহা হইলে তাঁহার পিতৃগণ কোটিকল্পকাল সুন্দর রূপে পরিতৃপ্ত হয়েন॥ ৮৯॥

স্কন্দপুরাণে শ্রীশিবের উক্তিতে॥

দেবান্ পিতৄন্ সমুদ্দিশ্য যদ্বিষ্ণোর্বিনিবেদিতং।
তানুদ্দিশ্য ততঃ কুর্য্যাৎ প্রদানং তস্য চৈব হি ॥ ৯০ ॥
প্রযান্তি তৃপ্তিমতুলাং সোদকেন তু তেন বৈ।
মুকুন্দগাত্রলগ্নেন ব্রাহ্মণানাং বিলেপনং।
চন্দনেন তু পিণ্ডানাং কর্ত্তব্যং পিতৃতৃপ্তয়ে।
দেবানাঞ্চ পিতৃণাঞ্চ জায়তে তৃপ্তিরক্ষয়া।
এবং কৃতে মহীপাল মা ভবেৎ সংশয়ঃ ক্বচিৎ ॥ ৯১ ॥
তত্রৈব শ্রীপুরুষোত্তমখণ্ডে ॥
অন্নাদ্যং শ্রাদ্ধকালেতু পতিতাদ্যৈর্নিরীক্ষিতং।
তুলসীদলমিশ্রেণ সলিলেনাভিষিঞ্চয়েৎ।

তস্য বিষ্ণুনিবেদিতস্যৈব প্রদানং তান্ দেবাদীন্ উদ্দিশ্য কুর্য্যাৎ ॥ ৯০ ॥
ক্বচিদিতি ভগবদুচ্ছিষ্টদানে গৌণ্যাপত্ত্যা পিত্রাদিতৃপ্তিঃ স্যান্নবেতি দত্তাপহারদোষঃ স্যান্নবেত্যাদৌ কুত্রাপি সংশয়ঃ শঙ্কাপি ন ভবেদিত্যর্থঃ ॥ ৯১ ॥
অভিষিঞ্চয়েৎ অভিষেচয়েৎ স্বার্থে ইন্ ॥ ৯২ ॥

দেবগণ এবং পিতৃগণকে উদ্দেশ করিয়া বিষ্ণুকে যাহা নিবেদন করা হয়, সেই বিষ্ণু নিবেদিত বস্তু সেই সেই দেব ও পিতৃগণকে উদ্দেশ করিয়া প্রদান করিবে ॥ ৯০ ॥

তথা বিষ্ণুনিবেদিত জলের সহিত পিণ্ড প্রদান করিলে পিতৃলোকের অসীম তৃপ্তি লাভ হয়। মুকুন্দ গাত্রসংলগ্ন চন্দন দ্বারা ব্রাহ্মণদিগের বিলেপন বিহিত এবং পিতৃলোকের তৃপ্তি নিমিত্ত ঐ চন্দন দ্বারা পিণ্ডের বিলেপন কর্ত্তব্য। হে রাজন্! এই প্রকার করিলে দেবগণ ও পিতৃগণের অক্ষয় তৃপ্তি হয়, ইহাতে কোন সংশয় নাই ॥ ৯১ ॥

ঐ স্কন্দপুরাণেই শ্রীপুরুষোত্তমখণ্ডে ॥

শ্রাদ্ধকালে অন্নাদি যদি পতিত লোক সকল কর্ত্তৃক নিরীক্ষিত হয়, তাহা হইলে তাহার শুদ্ধির নিমিত্ত তুলসীমিশ্রিত জল দ্বারা সেচন

তদন্নং শুদ্ধতামেতি বিষ্ণোর্নৈবেদ্যমিশ্রিতং।
বিষ্ণোর্নৈবেদ্যশেষস্তু তস্মাদ্দেয়ং দ্বিজন্মনাং।
পিণ্ডে চৈব বিশেষেণ পিতৃণাং তৃপ্তিমিচ্ছতা॥ ৯২॥
তত্রৈব শ্রীব্রহ্মনারদসম্বাদে॥
পিতৄনুদ্দিশ্য যৈঃ পূজা কেশবস্য কৃতা নরৈঃ।
ত্যক্ত্বা তে নারকীং পীড়াং মুক্তিং যান্তি মহামুনে।
ধন্যাস্তে মানবা লোকে কলিকালে বিশেষতঃ।

নচ বক্তব্যমিদং অন্যোদ্দেশেন ভগবতেঽন্নাদি সমর্পণং গৌণাপত্ত্যা ভগবৎপ্রীতিবিশেষা-সাধনাৎ ফলবিশেষজনকং ন স্যাদিতি যতো নিজপিত্রাদিহিতার্থং কৃতং পূজনং ভগবতঃ পরমপ্রীণনমেবেতি পরমফলসম্পাদকমেব স্যাদিতি লিখতি পিতৄনুদ্দিশ্যেত্যাদিনা। এবঞ্চ পিত্রাদ্যর্থং ভগবৎপূজায়াং পশ্চাৎকৃতায়াং ভগবন্নিবেদিতেনৈব স্বতঃ শ্রাদ্ধাদিসম্পত্ত্যা তন্মহা-গুণসিদ্ধের্মুক্ত্যাদিমহাফলমুপপদ্যত এবেতি ভাবঃ। যদ্বা। শ্রাদ্ধাগ্রহপরিত্যাগেন পিত্রর্থং ভক্তিবিশেষেণ ভগবৎপূজায়া স্বতএব ফলবিশেষঃ সিদ্ধ্যেৎ। এবমেব। যথা তরোর্মূল-নিষেচনেন তৃপ্যন্তি তৎ স্কন্ধভুজোপশাখা ইত্যাদি ন্যায়াৎ পিত্রাদীনাঞ্চ পরমতৃপ্তিঃ সিধ্যতি। নতু কেবলনিজশ্রাদ্ধদানেন তেষামপি ভগবদুচ্ছিষ্টমহাপ্রসাদাপেক্ষয়েতি দিক্॥ ৯৩॥

করিবে। আর সেই অন্ন বিষ্ণুর নৈবেদ্যের সহিত মিশ্রিত হইলে শুদ্ধিতা প্রাপ্ত হয়। অতএব দ্বিজাতিগণকে বিষ্ণুর নৈবেদ্য শেষ অর্পণ করিবে এবং বিশেষরূপে পিতৃলোকের তৃপ্তি ইচ্ছা করিলে পিণ্ডে বিষ্ণুর নৈবেদ্যশেষ প্রদান করিবে॥ ৯২॥

ঐ স্কন্দপুরাণেই শ্রীব্রহ্মনারদসম্বাদে॥

হে মহামুনে! যে সকল মানব পিতৃগণকে উদ্দেশ করিয়া কেশবের পূজা করেন, তাঁহারা নারকী পীড়া পরিত্যাগ করিয়া মুক্তি প্রাপ্ত হয়েন॥

হে মুনে! সংসারমধ্যে বিশেষতঃ কলিকালে যে সকল মনুষ্য

যে কুর্ব্বন্তি হরের্নিত্যং পিত্রর্থং পূজনং মুনে।
কিং দত্তৈর্বহুভিঃ পিণ্ডৈর্গয়াশ্রাদ্ধাদিভির্মুনে।
যৈরর্চ্চিতো হরির্ভক্ত্যা পিত্রর্থঞ্চ দিনে দিনে।
যমুদ্দিশ্য হরেঃ পূজা ক্রিয়তে মুনিপুঙ্গব।
উদ্ধৃত্য নরকাবাসাত্তং নয়েৎ পরমং পদং।
যো দদাতি হরেঃ স্থানং পিতৄনুদ্দিশ্য নারদ।
কর্ত্তব্যং হি পিতৃণাং যত্তৎকৃতং তেন ভো দ্বিজ।
শ্রুতৌ চ॥
এক এব নারায়ণ আসীৎ ন ব্রহ্মা নেমে দ্যাবা পৃথিব্যৌ
সর্ব্বে দেবাঃ সর্ব্বে পিতরঃ সর্ব্বে মনুষ্যাঃ বিষ্ণুনা অশিত-
মশ্নন্তি বিষ্ণুনাঘ্রাতং জিঘ্রন্তি বিষ্ণুনা পীতং পিবন্তি
তস্মাদ্বিদ্বাংসো বিষ্ণূপহৃতং ভক্ষয়েয়ুরিতি॥ ৯৩।

পিতৃলোকের নিমিত্ত নিত্য হরির পূজা করেন, তাঁহারা ধন্য॥

হে মুনে! যাঁহারা পিতৃ উদ্দেশে প্রত্যহ ভক্তিসহকারে হরির পূজা করেন, গয়াশ্রাদ্ধ প্রভৃতি বহু বহু পিণ্ড দান দ্বারা তাঁহাদিগের কি হইবে॥

হে মুনিশ্রেষ্ঠ! যাহাকে উদ্দেশ করিয়া হরির পূজা করা যায়, তাহাকে নরকবাস হইতে উদ্ধার করিয়া পরম পদে প্রতিষ্ঠিত করা হয়॥

হে নারদ! যিনি পিতৃগণকে উদ্দেশ করিয়া হরিকে স্থান দান করেন, পিতৃগণের যাহা কর্ত্তব্য, তিনি তাহা করিয়াছেন॥

শ্রুতিতেও কহিয়াছেন॥

একমাত্র নারায়ণ ছিলেন, ব্রহ্মা এবং দ্যাবা পৃথিবী কিছুই ছিল না। সমস্ত দেবতা, সমস্ত পিতৃলোক ও সমস্ত মনুষ্য বিষ্ণুর ভুক্তান্ন ভোজন, বিষ্ণুর আঘ্রাত বস্তু আঘ্রাণ এবং বিষ্ণুর পীত দ্রব্য পান করেন, অতএব

অতএবোক্তং । শ্রীভগবতা বিষ্ণুধর্ম্মে ॥

প্রাণেভ্যো জুহুয়াদন্নং মন্নিবেদিতমুত্তমং ।
তৃপ্যন্তি সর্ব্বদা প্রাণা মন্নিবেদিতভক্ষণাৎ ।
তস্মাৎ সর্ব্ব প্রযত্নেন প্রদেয়ং মন্নিবেদিতং ।
মমাপি হৃদয়স্থস্য পিতৄণাঞ্চ বিশেষতঃ ॥ ৯৪ ॥

কিঞ্চ তত্রৈবান্যত্র ॥

ভোক্ষ্যং ভোজ্যঞ্চ যৎকিঞ্চিদনিবেদ্যাগ্রভোক্তরি ।
ন দেয়ং পিতৃদেবেভ্যঃ প্রায়শ্চিত্তী যতো ভবেৎ ॥ ৯৫ ॥

সর্গাদৌ কথিতো দেবৈরগ্রভুগ্ ভগবান্ হরিঃ ।

মমেত্যাদি ষষ্ঠী চতুর্থ্যর্থে। হৃদয়স্থস্য পরমাত্মরূপস্যেত্যর্থঃ। এবং ভগবতে নিবেদ্যৈব পিত্রাদিভ্যোদেয়মিত্যুপপাদিতং ॥ ৯৪ ॥

অধুনা কদাচিদপ্যনিবেদিতং ন দাতব্যমিতি লিখতি ভক্ষ্যমিতি। ভক্ষ্যভোজ্যয়ো শ্চর্ব্ব্যাচর্ব্ব্যত্বেন ভেদঃ। যৎকিঞ্চিদপি। অগ্রভোক্তরি পরমেশ্বরে। যতঃ অনিবেদিতদানাৎ প্রায়শ্চিত্তী পাতকী ভবেৎ ॥ ৯৫ ॥

তদেবোপপাদয়তি সর্গাদাবিতি। অগ্রভুজে ভগবতে হৃদত্তেঽভুক্তে সতি চৌর্য্যেণেব

পণ্ডিতগণ বিষ্ণুনিবেদিত দ্রব্য সকল ভোজন করিবেন ॥ ৯৩ ॥

অতএব ভগবান্ বিষ্ণুধর্ম্মে বলিয়াছেন ॥

আমাতে নিবেদিত উৎকৃষ্ট অন্ন প্রাণ সকলকে আহুতি দিবে, আমাতে নিবেদিত ভক্ষণ হেতু সর্ব্বদা প্রাণাদি বায়ু সকল পরিতৃপ্ত হয়। অতএব সর্ব্ব প্রযত্নে প্রত্যেকের হৃদয়স্থ পরমাত্ম রূপ আমাকে এবং বিশেষতঃ পিতৃগণকে আমাতে নিবেদিত অন্ন প্রদান করিবে ॥ ৯৪ ॥

অপর ঐ বিষ্ণুধর্ম্মের অন্য স্থানে॥

অগ্রভোক্তা পরমেশ্বরে যৎকিঞ্চিৎ ভোক্ষ্য ভোজ্য নিবেদন না করিয়া পিতৃগণকে প্রদান করিবে না, যেহেতু অনিবেদিত দান করিলে প্রায়শ্চিত্তার্হ হইবে ॥ ৯৫ ॥

সৃষ্ট্যাদিতে দেবগণ ভগবান্ হরিকে অগ্রভোক্তা বলিয়া কীর্ত্তন

যজ্ঞভাগভুজো দেবাস্ততস্তেন প্রকল্পিতাঃ ॥ ৯৬ ॥

অথ শ্রাদ্ধে বৈষ্ণবভোজনমাহাত্ম্যং ॥

স্কান্দে শ্রীমার্কেণ্ডেয় ভগীরথসম্বাদে ॥

যস্তু বিদ্যাবিনির্ম্মুক্তং মূর্খং মত্বাতু বৈষ্ণবং।
বেদবিদ্ভ্যোঽদদাদ্বিপ্রঃ শ্রাদ্ধং তদ্রাক্ষসং ভবেৎ।
সিকৃথমাত্রস্তু যদ্ভুঙ্‌ক্তে জলং গণ্ডূষমাত্রকং।
তদন্নং মেরুণা তুল্যং তজ্জলং সাগরোপমং ॥

ব্রহ্মপুরাণে। শ্রীব্রহ্মবচনং ॥

শঙ্খাঙ্কিততনুর্বিপ্রো ভুঙ্‌ক্তে যস্য চ বেশ্মনি।
তদন্নং স্বয়মশ্নাতি পিতৃভিঃ সহ কেশবঃ ॥ ৯৭ ॥

দেবাদীনামপি পাপং স্যাদিতি ভাবঃ ॥ ৯৬ ॥
শঙ্খাঙ্কিততনুঃ বৈষ্ণব ইত্যর্থঃ ॥ ৯৭ ॥

করিয়াছেন, সেই কারণে তিনিও দেবগণকে যজ্ঞভাগ ভোক্তা রূপে কল্পনা করিয়া থাকেন ॥ ৯৬ ॥

অথ শ্রাদ্ধে বৈষ্ণবভোজন মাহাত্ম্য ॥

স্কন্দপুরাণে মার্কণ্ডেয় ও ভগীরথসম্বাদে ॥

যে ব্রাহ্মণ বিদ্যারহিত বৈষ্ণবকে মূর্খ জ্ঞান করিয়া বেদজ্ঞদিগকে শ্রাদ্ধ প্রদান করে, সেই শ্রাদ্ধ রাক্ষস হয় অর্থাৎ তাহা রাক্ষসে গ্রহণ করে ॥

শ্রাদ্ধে যদি বৈষ্ণব গ্রাসমাত্র অন্ন এবং গণ্ডূষমাত্র জল ভোজন করেন, তাহা হইলে সেই অন্ন মেরু তুল্য ও সেই জল সাগর সমান হয় ॥

ব্রহ্মপুরাণে শ্রীব্রহ্মার বাক্য ॥

শঙ্খ চিহ্নিত শরীর ব্রাহ্মণ যাহার গৃহে ভোজন করেন, পিতৃগণের সহিত কেশব স্বয়ং সেই অন্ন ভোজন করিয়া থাকেন ॥ ৯৭ ॥

স্মৃতিশ্চ ॥

সুরাভাণ্ডস্থপীযূষং যথা নশ্যতি তৎক্ষণাৎ।

চক্রাঙ্করহিতং শ্রাদ্ধং তথা শাতাতপোঽব্রবীৎ।

কিঞ্চ বিষ্ণুরহস্যে ॥

নিবেশয়েন্নরোমোহাদন্যপঙ্‌ক্তৌ হরেঃ প্রিয়ং।

স পতেন্নিরয়ে ঘোরে পঙ্‌ক্তিভেদী নরাধমঃ ॥ ৯৮ ॥

অথ শ্রীভগবদর্পণে নিষিদ্ধং ॥

নিবেদিতং যদন্যস্মৈ তদুচ্ছিষ্টং হি কথ্যতে।

অথ কথঞ্চিদপি তন্ন শ্রীভগবতেঽর্পয়েৎ।

তথাচৈকাদশস্কন্ধে শ্রীভগবদুক্তৌ ॥

চক্রেণ অঙ্কশ্চিহ্নং যস্মিন্ বৈষ্ণবে তেন রহিতং। এবং শ্রাদ্ধে অবশ্যং বৈষ্ণবভোজনাৎ বৈষ্ণবস্য চ ভগবন্নিবেদিতভোজননির্দ্ধারাৎ ভগবন্নিবেদিতেনৈব শ্রাদ্ধাদিকমিতি সুসিদ্ধং। অন্যেষামবৈষ্ণবানাং পঙ্‌ক্তৌ ॥ ৯৮ ॥

অন্যস্মৈ নিবেদিতং যস্তুং নোপযুঞ্জ্যাৎ ন সমর্পয়েৎ ॥ ৯৯ ॥

স্মৃতিও বলিয়াছেন ॥

যেমন সুরাভাণ্ডস্থ অমৃত তৎক্ষণাৎ বিনষ্ট (কর্ম্মের অযোগ্য) হয়, তদ্রূপ চক্রাঙ্ক অর্থাৎ বৈষ্ণববিরহিত শ্রাদ্ধও আশু বিনাশ পায়, এই কথা শাতাতপ কহিয়াছেন ॥

অপর বিষ্ণুরহস্যে ॥

যে মনুষ্য ভ্রম বশতঃ অবৈষ্ণবদিগের পঙ্‌ক্তিতে বৈষ্ণবকে প্রবেশ করায়, সেই পঙ্‌ক্তিভেদী নরাধম ঘোর নরকে পতিত হয় ॥ ৯৮ ॥

অথ শ্রীভগবদর্পণবিষয়ে নিষিদ্ধ ॥

যে হেতু অন্যকে যাহা নিবেদন করা হয় তাহাকে উচ্ছিষ্ট কহে অতএব কোন ক্রমে শ্রীভগবানকে তাহা নিবেদন করিবে না ॥

এইরূপ একাদশস্কন্ধে ১১ অধ্যায় ৪০ শ্লোকে
ভগবানের উক্তিতে যথা ॥

অপি দীপাবলোকং মে নোপযুঞ্জ্যান্নিবেদিতং ॥ ৯৯ ॥

নারদীয়ে ॥

পিতৃশেষন্তু যো দদ্যাদ্ধরয়ে পরমাত্মনে।

রেতোধাঃ পিতরস্তস্য ভবন্তি ক্লেশভাগিনঃ ॥ ১০০ ॥

শ্রীবিষ্ণুধর্ম্মে ॥

হরিশেষং হবির্দদ্যাৎ পিতৃণামক্ষয়ং ভবেৎ।

ন পুনঃ পিতৃশেষন্তু হরেব্রহ্মাদি সদ্গুরোঃ।

অন্যত্র চ ॥

দক্ষাদয়শ্চ পিতরো ভৃত্যা ইন্দ্রাদয়ঃ সুরাঃ।

রেতোধাঃ রেত এব উদং উদকং পেয়ং যেষাং তথাভূতাঃ সন্তঃ বিসর্গলোপেঽপি পুনঃ সন্ধিরার্ষঃ ॥ ১০০ ॥

হবিঃ পরমান্নং পিতৃনাং পিতৃভ্যো দদ্যাৎ। যতস্তৎ অক্ষয়ং অক্ষয্যফলং ভবেদিত্যর্থঃ। হরেঃ হরয়ে ন দদ্যাৎ তত্র হেতুঃ ব্রহ্মেতি ১০১ ॥

আমাকে নিবেদিত দীপের আলোকে অন্য কার্য্য করিবে না এবং অন্য দেবতাকে নিবেদিত দ্রব্য আমাকে নিবেদন করিয়া দিবেনা॥ ৯৯

নারদপুরাণে ॥

যে ব্যক্তি হরিকে পিতৃশেষ অর্থাৎ পিতৃগণের উদ্দেশে অগ্রে দিয়া অবশিষ্ট দ্রব্য নিবেদন করে, তাহার পিতৃগণ রেতঃ পান করত ক্লেশ ভাগী হয়েন ॥ ১০০ ॥

শ্রীবিষ্ণুধর্ম্মে ॥

হরিতে নিবেদিত পরমান্ন পিতৃগণকে অর্পণ করিবে, তাহাই তাঁহাদের অক্ষয় হইয়া থাকে কিন্তু হরিকে কখন পিতৃশেষ অর্পণ করিবেনা, যে হেতু হরি ব্রহ্মাদি দেবগণেরও সদ্গুরু ॥

অন্যত্রও বলিয়াছেন ॥

দক্ষাদি পিতৃগণ এবং ইন্দ্রাদি দেবগণ ইহাঁরা সকলই ভৃত্য, অতএব

অতস্তদ্ভুক্তশেষস্তু বিষ্ণোর্নৈব নিবেদয়েদিতি ॥ ১০১ ॥

এবমাবশ্যকং কৃত্বা বৈষ্ণবেভ্যো বিভজ্য চ।
শ্রীমন্মহাপ্রসাদান্নং ভুঞ্জীত সহ বন্ধুভিঃ ॥ ১০২ ॥

তথাচ প্রহ্লাদপঞ্চরাত্রে ॥

স্বভাবস্থৈঃ কর্ম্মজড়ান্ বঞ্চয়ন্ দ্রবিণাদিভিঃ।
হরের্নৈবেদ্যসম্ভারান্ বৈষ্ণবেভ্যঃ সমর্পয়েৎ ॥ ১০৩ ॥

অতএব বৈষ্ণবতন্ত্রে ॥

হরের্নিবেদিতং কিঞ্চিন্ন দদ্যাৎ কর্হিচিদ্বুধঃ।
অভক্তেভ্যঃ সশল্যেভ্যো যদ্দদন্নিরয়ে ব্রজেৎ।

বিষ্ণুধর্ম্মোত্তরে চ ॥

শ্রীমতো ভগবতঃ। সহ। শ্রীমদ্ভগবন্নিবেদিতত্বেন পরমশোভাযুক্তং তদুচ্ছিষ্টত্বেন চ মহাপ্রসাদরূপমন্নং ॥ ১০২ ॥

স্বভাবস্থৈঃ স্বতএব বর্ত্তমানৈঃ অনিবেদিতৈরিত্যর্থঃ ॥ ১০৩ ॥

সশল্যেভ্যো বিদ্ধোপবাসিভ্যঃ কর্ম্মজড়েভ্য ইত্যর্থঃ ॥ ১০৪ ॥

ইহাঁদের ভুক্তশেষ হরিকে নিবেদন করিবে না ॥ ১০১ ॥

এই প্রকার আবশ্যক কার্য্য সম্পন্ন করিয়া বৈষ্ণবদিগকে বিভাগ পূর্ব্বক বন্ধু বান্ধবের সহিত শ্রীমন্মহাপ্রসাদ ভোজন করিবে ॥ ১০২ ॥

ঐ প্রকারই প্রহ্লাদপঞ্চরাত্রে ॥

অনিবেদিত বস্তু অথবা ধনাদি দ্বারা কর্ম্মজড় অর্থাৎ অবৈষ্ণবদিগকে বঞ্চনা করিয়া হরির নৈবেদ্য সকল বৈষ্ণবগণকে সমর্পণ করিবেন ॥ ১০৩ ॥

অতএব বৈষ্ণবতন্ত্রে ॥

পণ্ডিত ব্যক্তি বিদ্ধোপবাসি কর্ম্মজড় অবৈষ্ণবদিগকে কখনই হরির নৈবেদ্যশেষ কিঞ্চিন্মাত্রও অর্পণ করিবেন না, যদি প্রদান করেন, তাহা হইলে নরকগামী হইবেন ॥

অবৈষ্ণবে দেবধৃতং নির্ম্মাল্যং ন প্রযচ্ছতি।
নৈবেদ্যং বা মহাভাগ তস্য তুষ্যতি কেশব ইতি ॥ ১০৪ ॥
কথঞ্চিদপি নাশ্নীয়াদকৃত্বা কৃষ্ণপূজনং।
ন চাসমর্প্য গোবিন্দে কিঞ্চিদ্ভুঞ্জীত বৈষ্ণবঃ।
অথ পূজাব্যতিরিক্তভোজনদোষাঃ ॥
শ্রীকূর্ম্মপুরাণে ॥
অনর্চয়িত্বা গোবিন্দং যৈর্ভুক্তং ধর্ম্মবর্জ্জিতৈঃ।
শ্বানবিষ্ঠাসমং চান্নং নীরঞ্চ সুরয়া সমং ॥ ১০৫ ॥
কিঞ্চ ॥
যো মোহাদথবালস্যাদকৃত্বা দেবতার্চ্চনং।

শৌবানেতি বক্তব্যে শ্বানেত্যার্ষং। কচিচ্চ শুন ইতি পাঠঃ ॥ ১০৫ ॥

বিষ্ণুধর্ম্মোত্তরেও ॥

হে মহাভাগ! যে ব্যক্তি অবৈষ্ণবে দেবধৃত নির্ম্মাল্য অথবা নৈবেদ্য প্রদান না করেন, কেশব তাঁহার প্রতি তুষ্ট হয়েন ॥ ১০৪ ॥

বৈষ্ণব শ্রীকৃষ্ণের পূজা না করিয়া কোনক্রমেই ভোজন করিবেন না এবং গোবিন্দে সমর্পণ না করিয়া কিঞ্চিন্মাত্রও উপভোগ করিবেন না ॥

অথ পূজা না করিয়া ভোজন করিলে দোষ ॥

শ্রীকূর্ম্মপুরাণে ॥

যে সকল ধর্ম্মবর্জ্জিত পুরুষ গোবিন্দের অর্চ্চনা না করিয়া ভোজন করে, তাহাদের সম্বন্ধে অন্ন কুক্কুর বিষ্ঠার সমান ও জল সুরার সমান হয় ॥ ১০৫ ॥

আরও ॥

যে ব্যক্তি ভ্রম অথবা আলস্য বশতঃ বিষ্ণুপূজা না করিয়া ভোজন

ভুঙ্‌ক্তে স যাতি নরকং শূকরেষিহ জায়তে।

বিষ্ণুধর্ম্মোত্তরে ॥

এককালং দ্বিকালম্বা ত্রিকালং পূজয়েদ্ধরিং।

অপূজ্য ভোজনং কুর্ব্বন্ নরকাণি ব্রজেন্নরঃ ॥ ১০৬ ॥

নারদীয়ে চ ॥

প্রাতর্মধ্যন্দিনং সায়ং বিষ্ণুপূজা স্মৃতা বুধৈঃ।

অশক্তো বিস্তরেণৈব প্রাতঃ সম্পূজ্য কেশবং।

মধ্যাহ্নে চৈব সায়ঞ্চ পুষ্পাঞ্জলিমপি ক্ষিপেৎ।

মধ্যাহ্নে বা বিস্তরেণ সংক্ষেপেণাথ বা হরিং।

সংভোজ্য ভোজনং কুর্য্যাদন্যথা নরকং ব্রজেৎ।

অথানর্পিতভোগনিষেধঃ ॥

অপূজ্য অপূজয়িত্বা ॥ ১০৬ ॥

করে, সে নরকগামী হয় এবং ইহলোকে শূকরযোনিতে জন্ম গ্রহণ করে ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে ॥

মনুষ্য এককাল বা দ্বিকাল কিম্বা ত্রিকাল হরির পূজা করিবে, যদি পূজা না করিয়া ভোজন করে, তাহা হইলে সে ব্যক্তি সকল প্রকার নরকে গমন করিবে ॥ ১০৬ ॥

নারদপুরাণেও ॥

পণ্ডিতগণ প্রাতঃকাল, মধ্যাহ্নকাল এবং সায়ংকাল এই তিনকালে বিষ্ণুর পূজা বিধান করিয়াছেন, যদি বহুলরূপে পূজা করিতে অসমর্থ হয়, তবে কেবল প্রাতঃকালে কেশবের পূজা করিয়া মধ্যাহ্নে এবং সায়ংকালে পুষ্পাঞ্জলিমাত্র প্রদান করিবে। অথবা মধ্যাহ্নকালে বিস্তররূপে কিম্বা সংক্ষেপরূপে হরিকে ভোজন করাইয়া ভোজন করিবে, ইহার অন্যথা হইলে নরকে যাইতে হইবে ॥

অথ অনর্পিত ভোগ অর্থাৎ যাহা ভগবানে অর্পণ করা হয় নাই

হয়শীর্ষপঞ্চরাত্রে ॥

নহ্যেবাপূজ্য ভুঞ্জীত ভগবন্তং জনার্দ্দনং।

ন তৎ স্বয়ং সমশ্নীয়াৎ যদ্বিষ্ণৌ ন নিবেদয়েৎ।

ব্রহ্মাণ্ডপুরাণে ॥

পত্রং পুষ্পং ফলং তোয়মন্নপানাদ্যমৌষধং।

অনিবেদ্য ন ভুঞ্জীত যদাহারায় কল্পিতং ॥ ১০৭ ॥

অনিবেদ্য তু ভুঞ্জানঃ প্রায়শ্চিত্তী ভবেন্নরঃ।

তস্মাৎ সর্ব্বং নিবেদ্যৈব বিষ্ণো ভুঞ্জীত সর্ব্বদা ॥ ১০৮ ॥

পাদ্মে গৌতমাম্বরীষ সম্বাদে ॥

অম্বরীষ গৃহে পক্বং যদভীষ্টং সদাত্মনঃ।

আহারায় নিজোপভোগায় ॥ ১০৭ ॥

বিষ্ণোরুপভোগ্যং কৃত্বা যথাবিধ্যর্পণাদিনা তং ভোজয়িত্বেত্যর্থঃ ॥ ১০৮ ॥

এমত দ্রব্য ভোগ নিষেধ ॥

হয়শীর্ষপঞ্চরাত্রে ॥

ভগবান্ জনার্দ্দনকে পূজা না করিয়া ভোজন করিবে না এবং যে দ্রব্য বিষ্ণুতে অর্পণ করা হয় নাই, তাহা স্বয়ং ভোজন করিবে না ॥

ব্রহ্মাণ্ডপুরাণে ॥

পত্র, পুষ্প, ফল, জল, অন্ন, পানাদি এবং ঔষধ আর যাহা নিজের উপভোগের নিমিত্ত কল্পিত হইয়াছে,তাহা নিবেদন না করিয়া ভোজন করিবে না ॥ ১০৭ ॥

মনুষ্য অনিবেদ্য বস্তু ভোগ করিলে প্রায়শ্চিত্তার্হ হয়, অতএব, সর্ব্বকালে সমুদায় দ্রব্য বিষ্ণুকে নিবেদন করিয়াই ভোজন করিবে ॥ ১০৮ ॥

পদ্মপুরাণে গৌতম ও অম্বরীষ সম্বাদে ॥

অনিবেদ্য হরে র্ভুঞ্জন্ সপ্তকল্পানি নারকী।
তত্ৰৈবোত্তরখণ্ডে শিবোমাসম্বাদে॥
অবৈষ্ণবানামন্নঞ্চ পতিতানাং তথৈবচ।
অনর্পিতং তথা বিষ্ণৌ শ্বমাংসসমূদৃশং ভবেৎ।
বিষ্ণুস্মৃতৌ॥
অনিবেদ্যতু যো ভুঙ্ক্তে হরয়ে পরমাত্মনে।
মজ্জন্তি পিতরস্তস্য নরকে শাশ্বতীঃ সমাঃ।
অতএব গৌতমাম্বরীষসম্বাদ এব॥
অম্বরীষ নবং বস্ত্রং ফলমন্নং রসাদিকং।
কৃত্বা বিষ্ণূপভুক্তন্তু সদা সেব্যং হি বৈষ্ণবৈঃ।
বিষ্ণুধর্ম্মাগ্নিপুরাণয়োঃ॥

হে অম্বরীষ! সর্ব্বদা স্বীয় অভিলষিত যে দ্রব্য গৃহে পাক করা হইয়াছে তাহা হরিকে নিবেদন না করিয়া ভোজন করিলে সপ্তকল্প অর্থাৎ ব্রহ্মার সাত দিন যাবৎ নরক ভোগ করিতে হইবে॥

ঐ পদ্মপুরাণেরই উত্তরখণ্ডে॥

শ্রীশিব এবং উমাসম্বাদে॥

অবৈষ্ণবদিগের অন্ন, পতিত ব্যক্তিদিগের অন্ন, তথা বিষ্ণুতে অনর্পিত অন্ন কুক্কুর মাংস সদৃশ হয়॥

বিষ্ণুস্মৃতিতে॥

যে ব্যক্তি পরমাত্মা হরিকে নিবেদন না করিয়া ভোজন করে, তাহার পিতৃগণ অসংখ্য কাল নরকে নিমগ্ন হয়॥

অতএব গৌতমাম্বরীষ সম্বাদেই॥

হে অম্বরীষ! বৈষ্ণবগণ নূতন বস্ত্র, ফল, অন্ন এবং রস প্রভৃতি সমুদায় দ্রব্য বিষ্ণুকে অর্পণ করিয়া সর্ব্বদা সেবন করিবেন॥

বিষ্ণুধর্ম্ম ও অগ্নিপুরাণে॥

গন্ধান্ন বরভক্ষ্যাংশ্চ স্রজো বাসাংসি ভূষণং।
দত্ত্বাতু দেবদেবায় তচ্ছেষাণ্যুপভুঞ্জতে ॥ ১০৯ ॥
গারুড়ে ॥
পাদোদকং পিবেন্নিত্যং নৈবেদ্যং ভক্ষয়েদ্ধরেঃ।
শেষাশ্চ মস্তকে ধার্য্যা ইতি বেদানুশাসনং ॥ ১১০ ॥
ষষ্ঠস্কন্ধে পুংসবনব্রতপ্রসঙ্গে ॥
উদ্বাস্য দেবং স্বে ধাম্নি তন্নিবেদিতমগ্রতঃ।
অদ্যাদাত্মবিশুদ্ধ্যর্থং সর্ব্বকামার্থসিদ্ধয়ে ॥ ১১১ ॥

গন্ধান্ অন্নানি বরভক্ষ্যাংশ্চ মোদকাদীন্ উপভুঞ্জন্তে সাধব ইতি সদাচারো দর্শিতঃ ॥১০৯
শেষাশ্চ তুলস্যাদয়ঃ ॥ ১১০ ॥
দেবং ভগবন্তং স্বে ধাম্নি স্বহৃদয়ে অগ্রতঃ প্রাক্ উদ্বাস্য বিসর্জ্য ॥ ১১১ ॥

সাধুগণ গন্ধ, অন্ন, উৎকৃষ্ট ভক্ষ্য অর্থাৎ মোদকাদি তথা মালা, বস্ত্র ও ভূষণ দেবদেব বিষ্ণুকে অর্পণ করিয়া অবশিষ্ট উপভোগ করিয়া থাকেন ॥ ১০৯ ॥

গরুড়পুরাণে ॥

বেদের এই আজ্ঞা আছে যে, নিত্য শ্রীবিষ্ণুর পাদোদক পান, নিত্য নৈবেদ্য ভক্ষণ এবং নিত্য তুলসী প্রভৃতি মস্তকে ধারণ করিবে ॥ ১১০ ॥

৬ স্কন্ধে ১৯ অধ্যায় ১৫ শ্লোকে ॥

তৎপরে আরাধ্য দেবকে তাঁহার নিজধামে বাসার্থ বিসর্জ্জন দিয়া তাঁহার অগ্রে নিবেদিত বস্তু আত্মবিশুদ্ধি ও সর্ব্বকাম সমৃদ্ধি নিমিত্ত কিঞ্চিৎ ভোজন করিবে ॥ ১১১ ॥

অষ্টমস্কন্ধে চ পয়োব্রতপ্রসঙ্গে ॥
নিবেদিতং তদ্ভক্তায় দদ্যাৎ ভুঞ্জীত বা স্বয়ং ॥ ১১২ ॥
গৌতমীয়তন্ত্রে ॥
শুক্লোপচারসম্ভারৈর্নিত্যশো হরিমর্চ্চয়েৎ।
নিবেদ্য কৃষ্ণায় বিধিবদন্নং ভুঞ্জীত তং স্বয়ং।
অথবা সাত্বতে দদ্যাদ্যদি লভ্যেত ভক্তিতঃ।
শরৎপ্রদীপে চ ॥
ভক্তক্ষণক্ষণোদেবঃ স্মৃতিঃ সেবা স্ববেশ্মনি।

তদ্ভক্তায় বৈষ্ণবায় ॥ ১১২ ॥

এবমনর্পিতোপভোগদোষজাতং দর্শয়িত্বা তেন চ নিবেদিতস্যোপভোগং বিলিখ্যাধুনা তদেব দ্রঢ়য়ন্ ভগবদর্পিতস্য গ্রহণেঽপি দত্তাপহারদোষো ন প্রসজ্যেতেতি ভগবৎবাৎসল্যভরতো ন্যায়ান্তরেণ সাধয়তি ভক্তেতি। ভক্তস্য ক্ষণঃ অবসর এব উৎসব এব বা ক্ষণো যস্য। স্ববেশ্মনি স্থিতেন যা স্মৃতিঃ সৈব সেবা। স্বভোজ্যস্য নিজভক্ষ্যস্যোবার্পণং যত্তদেব তস্মৈ দানং। এবং সুসেবাত্বং ভক্তবাৎসল্যঞ্চোক্তং। তৎফলঞ্চ ইন্দ্রাদিদুর্লভং স্যাৎ শ্রীবৈকুণ্ঠলোকপ্রাপ্তেঃ এবঞ্চার্পণদানয়োর্ভেদোঽপ্যভিহিতঃ যতো নৃপাদিভ্যঃ শূদ্রাদিভিরিব ভগবতো ভৃত্যৈর্দ্রব্যাণামর্পণমেব ক্রিয়তে নতু দানং তস্যৈব সর্ব্বদ্রব্যাদি স্বামিত্বেন তেষাং তত্র স্বত্বাভাবাৎ। অতো ভগবতে যদ্দীয়তে তদর্পণমিত্যুচ্যতে নতু দানমিতি। অতএব পাদ্যাদ্যুপ-

৮ স্কন্ধে ১৬ অধ্যায়ে ৩১ শ্লোকে ॥

তদনন্তর নিবেদিত দ্রব্য জাত ভগবদ্ভক্ত ব্যক্তিদিগকে ভোজন করাইবে অথবা স্বয়ং ভোজন করিবে ॥

গৌতমীয়তন্ত্রে ॥

পবিত্র উপচার সমূহ দ্বারা নিত্য নিত্য হরিকে অর্চ্চনা করিবে। বিধি পূর্ব্বক শ্রীকৃষ্ণকে অন্ন নিবেদন করিয়া সেই নিবেদিত অন্ন স্বয়ং ভোজন করিবে, কিম্বা যদি বৈষ্ণব প্রাপ্ত হওয়া যায়, তাহা হইলে তাঁহাকেই ভক্তি সহকারে সমর্পণ করিবেন ॥

শরৎপ্রদীপেও ॥

শ্রীবিষ্ণু ভক্তগণের উৎসবেই উৎসবান্বিত, নিজ গৃহে অবস্থিতি পূর্ব্বক বিষ্ণুর যে স্মরণ তাহাই তাঁহার সেবা এবং নিজ ভক্ষ্য

স্বভোজ্যস্যার্পণং দানং ফলমিন্দ্রাদি দুর্ল্লভং ॥ ১১৩ ॥

অথ নৈবেদ্যভক্ষণবিধিঃ ॥

দৃষ্ট্বা মহাপ্রসাদান্নং তৎ প্রাঙ্নত্বাভিমন্ত্রয়েৎ।
স্বেষ্টনাম্না ততোমূলমনুনা বারসপ্তকং ॥ ১১৪ ॥
ধর্ম্মরাজাদিভাগঞ্চাপাস্য শ্রীচরণামৃতং।

চারং কল্পয়ানীত্যেব সংসম্প্রদায়প্রয়োগঃ এবঞ্চ দদ্যাৎ পুরুষতুষ্টিদমিত্যাদৌ দানশব্দস্যার্পণ-মেবার্থোঽবগন্তব্যঃ নচ শঙ্কনীয়ং স্বস্বাভাবে পিত্রাদিভ্যঃ কথং তদ্দানং ঘটতামিতি। মহা-প্রসাদতয়া স্বীকৃতেষু তেষু সম্ভোৎপত্তেঃ শ্রাদ্ধাদিবিধিবলেন তৎকল্পনাদ্বা। নচ বক্তব্যং উচ্ছিষ্টদ্রব্যদানেন শ্রাদ্ধাদৌ গৌণ্যাপত্তিরিতি ভগবদর্পণেন দ্রব্যসংস্কারবিশেষসম্পত্ত্যা ফল-বিশেষজনকত্বেন পরমমুখ্যতাপত্তেঃ। এতচ্চ পূর্ব্বং স্মৃতিতমেব তৎফলঞ্চ লিখিতং। ইত্থঞ্চ তস্মাৎ সর্ব্বং নিবেদ্যৈব বিষ্ণোর্ভুঞ্জীত সর্ব্বদেত্যাদৌ ওদনঃ পক্ত্বা ভুঞ্জীত ইত্যাদিবৎ এক-কর্ম্মত্বেন যন্নিবেদ্যতে তদেব ভুঞ্জীতেত্যর্থো নিতরাং সিদ্ধঃ ন হন্যৎ নিবেদ্য অন্যদ্ভুঞ্জীতেতি পৃথক্ কর্ম্মান্তরকল্পনদোষাপত্তেঃ। অনিবেদ্য ন ভুঞ্জীত যদাহারায় কল্পিতমিত্যাদিনা বিরোধাচ্চ। অতএব তত্ত্ববিদঃ সাধবঃ পক্কান্নাদিকমবশেষমেব ভগবদগ্রে নীত্বা পরিবেশ্য বিধিবদর্পয়ন্তি। যচ্চ বাহুল্যেন পরিবেশনাদাশঙ্ক্যা রন্ধনপাত্রাদৌ তিষ্ঠেৎ তদপি শঙ্খোদক-তুলসীদলনিক্ষেপণাদিনা বিনিবেদিতমাপাদয়ন্তীতি দিক্ ॥ ১১৩ ॥

প্রাক্ প্রথমং নত্বা অভিবন্দ্য তদন্নং গায়ত্র্যা অভিমন্ত্রয়েৎ। ততস্তদনন্তরং মূলমন্ত্রেণ সপ্তবারান্ অভিমন্ত্রয়েৎ ॥ ১১৪ ॥

দ্রব্যের অর্পণই তাঁহাকে দান, এই সমুদায়ের ফল অর্থাৎ শ্রীবৈকুণ্ঠ লোক প্রাপ্তি ইহা ইন্দ্রাদি দেবগণেরও দুর্ল্লভ ॥ ১১৩ ॥

অথনৈবেদ্য ভক্ষণ বিধি ॥

মহাপ্রসাদ অন্ন দর্শন করিয়া প্রথমে অভিবন্দনা করিয়া সেই অন্নকে গায়ত্রী দ্বারা অভিমন্ত্রিত করিবে, তদনন্তর মূল মন্ত্র দ্বারা সাতবার অভিমন্ত্রিত করিবে ॥ ১১৪ ॥

সেই মহাপ্রসাদ অন্ন হইতে ধর্ম্মরাজাদির ভাগ অপনয়ন করিয়া

তুলসীঞ্চাত্র নিঃক্ষিপ্য শ্লোকান্ সংকীর্ত্তয়েদিমান্ ॥ ১১৫ ॥

যস্যোচ্ছিষ্টং হি বাঞ্ছন্তি ব্রহ্মাদ্যা ঋষয়োঽমলাঃ।

সিদ্ধাদ্যাশ্চ হরেস্তস্য বয়মুচ্ছিষ্টভোজিনঃ।

কিঞ্চ ॥

যস্য নাম্না বিনশ্যন্তি মহাপাতকরাশয়ঃ।

তস্য শ্রীকৃষ্ণদেবস্য বয়মুচ্ছিষ্টভোজিনঃ।

উচ্ছিষ্টভোজিনস্তস্য বয়মদ্ভুতকর্ম্মণঃ।

যো বাল্যলীলয়া তাংস্তান্ পূতনাদীনপাতয়ৎ।

একাদশস্কন্ধে ॥

ত্বয়োপভুক্ত স্রগ্‌গন্ধবাসোঽলঙ্কারচর্চ্চিতাঃ।

আদিশব্দেন পিত্রাদয়ঃ। অপাস্ত তদন্নাদপনীয় শ্রীচরণামৃতং ভগবৎপাদোদকং। অত্র মন্ত্রে ॥ ১১৫ ॥

তাংস্তান্ অনির্ব্বাচ্য বলপরক্রমাদিযুক্তান্। যেন লীলাবরাহেণ হিরণ্যাক্ষো নিপাতিত ইত্যেতৎ পদ্যার্দ্ধং পঠন্তি। তচ্চ নিজেষ্টদেবলীলানুসারেণেতি জ্ঞেয়ং ॥ ১১৬ ॥

তাহাতে চরণামৃত এবং তুলসীপত্র নিক্ষেপ করত বক্ষ্যমাণ এই সকল শ্লোক পাঠ করিবে ॥ ১১৫ ॥

যথা ব্রহ্মাদি অমল ঋষিগণ ও সিদ্ধগণ যাঁহার উচ্ছিষ্ট বাঞ্ছা করেন আমরা সেই হরির উচ্ছিষ্টভোজী ॥

আরও ॥

যাঁহার নামে রাশি রাশি মহাপাতক বিনষ্ট হয়, আমরা সেই শ্রীকৃষ্ণদেবের উচ্ছিষ্টভোজী ॥

যিনি বাল্যলীলায় সেই সেই পূতনাদিকে বিনষ্ট করিয়াছেন, আমরা সেই অদ্ভুতকর্ম্মা শ্রীকৃষ্ণের উচ্ছিষ্টভোজী ॥

একাদশস্কন্ধে ॥

৬ অধ্যায়ে ৩১ শ্লোকে ॥

আমরা তোমার দাস, তোমাতে সমর্পিত মাল্য, চন্দন, বস্ত্র ও

উচ্ছিষ্টভোজিনো দাসাস্তব মায়াং জয়েম হি ॥ ১১৬ ॥
ততোঽমৃতোপস্তরণমসীত্যুক্ত্বা যথাবিধি।
পঞ্চ প্রাণাহুতীঃ কৃত্বা ভুঞ্জীত পুরতঃ প্রভোঃ ॥ ১১৭ ॥
তত্র চ বিশেষঃ ॥
শ্রীবিষ্ণুপুরাণে ঔর্ব্ব সগরসম্বাদে ॥
প্রশস্তরত্নপাণিস্তু ভুঞ্জীত প্রযতো গৃহী ॥ ১১৮ ॥
পুণ্যগন্ধধরঃ শস্ত মাল্যধারী নরেশ্বর।
নৈকবস্ত্রধরোঽথার্দ্রপাণিপাদো নরাধিপ।

প্রভোর্ভগবতঃ পুরতোঽগ্রে ভুঞ্জীত যোঽশ্নাতি নিত্যং পুরতো মুরারেরিতি স্কান্দোক্তেঃ যচ্চ বারাহে শয়নং ভোজনঞ্চাগ্রে ইত্যাদ্যপরাধেষূক্তং তদপি বহির্দেবালয়ে শ্রীমূর্ত্তিপূজা বিষয়ং নতু স্বগৃহে শালগ্রামশিলাপূজাবিষয়মিতি বিবেচনীয়ং। এতচ্চ পূর্ব্বং লিখিতমেব ॥ ১১৭ ॥

গৃহীতি পূর্ব্বং সর্ব্বত্র গৃহস্থকৃত্য লিখনাদত্রাপি যুক্তমেব তৎ দ্রব্যসমর্পণাদি যোগ্যত্বেন পূজাবিধৌ তস্যৈব প্রাধান্যাৎ ভগবদর্থত্যক্তপরিগ্রহস্য চ বিরক্তস্য যথালাভং ভগবন্তং পূজয়তে ন তাদৃশো বিধিনিষেধাবকাশঃ কল্প্যত ইতি শ্রীভাগবতাদি শাস্ত্রমেব কিঞ্চিৎ প্রাক্ লিখিতমগ্রেচ লেখ্যমিতি ॥ ১১৮ ॥

অলঙ্কার প্রভৃতিতে ভূষিত হইয়া তোমার উচ্ছিষ্ট ভোজন করত ত্বদীয়া মায়া জয় করিব ॥ ১১৬ ॥

তদনন্তর "অমৃতোপস্তরণমসি" যথাবিধি এই মন্ত্র উচ্চারণ পূর্ব্বক পঞ্চ প্রাণোদ্দেশে আহুতি প্রদান করিয়া প্রভুর অগ্রে অর্থাৎ দেবালয়ের বহির্ভাগে ভোজন করিবে ॥ ১১৭ ॥

ঐ বিষয়ে বিশেষবিধি যথা ॥

শ্রীবিষ্ণুপুরাণে ঔর্ব্ব ও সগরসম্বাদে ॥

গৃহী প্রশস্তরত্নপাণি ও পবিত্র হইয়া ভোজন করিবেন ॥ ১১৮ ॥

হে নরেশ্বর! মনুষ্য ভোজনকালীন অঙ্গে পুণ্যগন্ধ লেপন ও সুগন্ধমাল্য ধারণ করিয়া প্রফুল্লবদনে আর্দ্রপাণি ও আর্দ্রপদে এবং প্রীতিচিত্তে পূর্ব্বমুখ বা উত্তরমুখ হইয়া ভোজন করিবেন, কিন্তু এক

বিশুদ্ধবদনঃ প্রীতো ভুঞ্জীত ন বিদিঙ্মুখঃ।
প্রাঙ্মুখোদঙ্মুখোবাপি ন চৈবান্যমুখোনরঃ॥ ১১৯॥
দত্ত্বাতু ভক্তং শিষ্যেভ্যঃ ক্ষুধিতেভ্যস্তথা গৃহী।
প্রশস্তশুদ্ধপাত্রেষু ভুঞ্জীতাকুপিতো নৃপ॥ ১২০॥
নাসন্দীসংস্থিতে পাত্রে নাদেশে চ নরেশ্বর।
নাকালে নাতিসংকীর্ণে দত্ত্বাগ্রঞ্চ নরোঽগ্নয়ে।
নাশেষং পুরুষোঽশ্নীয়াদন্যত্র জগতীপতে॥ ১২১॥
মধ্বম্বুদধিসর্পির্ভ্যঃ শক্তুভ্যশ্চ বিবেকবান্।
অশ্নীয়াৎ তন্ময়ো ভূত্বা পূর্ব্বন্তু মধুরং রসং॥ ১২২॥

প্রাঙ্মুখ উদঙ্মুখো বা ভুঞ্জীত॥ ১১৯॥
প্রশস্তঃ ভগবন্নিবেদনাৎ॥ ১২০॥
আসন্দী দারুময়ত্রিপদী। অদেশে অযোগ্যস্থানে। অকালে সন্ধ্যাদিসময়ে আকাশ ইতি পাঠে অনাবৃতে। অগ্রমন্নং দত্ত্বা পরিশিষ্টস্যান্নস্য কিঞ্চিদগ্নৌ ক্ষিপ্ত্বা॥ ১২১॥
তন্ময়োঽভূত্বাঽন্নে দত্তচিত্তঃ সন্॥ ১২২॥

বস্ত্র ধারণ করিয়া ও অগ্ন্যাদি কোন চতুষ্টয়ের প্রতি মুখ করিয়া কি অন্যদিকে মুখ করিয়া ভোজন করিবে না॥ ১১৯॥

হে নৃপ! গৃহী ব্যক্তি শিষ্য ও ক্ষুধিতদিগকে অন্ন প্রদান করিয়া কোপ পরিহার পূর্ব্বক প্রশস্ত শুদ্ধপাত্রে ভোজন করিবেন॥ ১২০॥

হে রাজন্! দারুময় ত্রিপদীর উপর পাত্র রাখিয়া, অযোগ্য স্থানে, অকালে অর্থাৎ সন্ধ্যাদি সময়ে, অতি সঙ্কীর্ণ স্থানে ভোজন করিবে না তথা পরিশিষ্ট অন্নের কিঞ্চিৎ অগ্নিতে নিক্ষেপ করিয়া ভোজন করিবেন, কিন্তু যেন একবারে সমস্ত ভোজন না করেন, পাত্রে কিছু অবশিষ্ট রাখিবেন॥ ১২১॥

মধু, জল, দধি, ঘৃত এবং শক্তু এই সকল দ্রব্যে সদসৎ বিচার পূর্ব্বক অন্নের প্রতি চিত্ত অভিনিবিষ্ট করিয়া প্রথমতঃ মধুররস ভোজন

লবণাম্লে তথা মধ্যে কটুতিক্তাদিকাংস্ততঃ।
প্রাগদ্রবং পুরুষোঽশ্নীয়াৎ মধ্যে চ কঠিনাশনং।
অন্তে পুনর্দ্রবাশীতু বলারোগ্যে ন মুঞ্চতি ॥
পঞ্চগ্রাসং মহামৌনং প্রাণাদ্যাপ্যায়নায় তৎ।
ভুক্ত্বা সম্যগথাচম্য প্রাঙ্মুখোদঙ্মুখোঽপি বা।
যথাবৎ পুনরাচামেৎ পাণী প্রক্ষাল্য মূলতঃ।
স্বস্থঃ প্রশান্তচিত্তশ্চ কৃতাসনপরিগ্রহঃ।
অভীষ্টদেবতানাঞ্চ কুর্ব্বীত স্মরণং নরঃ ॥
অগস্তিরগ্নির্বড়বানলশ্চ
ভুক্তং ময়ান্নং জরয়ন্ত্যশেষং।
সুখঞ্চ মে তৎ পরিণামসম্ভবং
যচ্ছন্ত্বরোগং মম চাস্তু দেহে ॥

করিবেন ॥ ১২২ ॥

ভোজনের মধ্যে লবণ ও অম্ল রস এবং শেষে কটু তিক্তাদি ভোজন করিবে ॥

পুরুষ যদি প্রথমে দ্রব দ্রব্য, মধ্যে কঠিন দ্রব্য ও অন্তে পুনরায় দ্রব দ্রব্য ভোজন করেন, তাহা হইলে তাঁহার বল ও আরোগ্য নষ্ট হয় না ॥

পূর্ব্বমুখ বা উত্তরমুখে উপবিষ্ট হইয়া আচমন করত মৌনী হইয়া প্রাণাদির তৃপ্তি নিমিত্ত সর্ব্বাগ্রে পঞ্চগ্রাস ভোজন ও তৎপরে যথাবিধি ভোজন করিয়া পুনরায় আচমন করিবে। তদনন্তর হস্তদ্বয়ের মূল পর্য্যন্ত প্রক্ষালন করিয়া স্বস্থ এবং প্রশান্তচিত্তে আসনে উপবেশন করিয়া অভীষ্ট দেবতাদিগের স্মরণ করিবে ॥

অনন্তর অগস্তি, অগ্নি এবং বাড়বানল আমার অশেষ ভুক্ত অন্ন জীর্ণ এবং ভোজনের পরিপাক জনিত সুখ প্রদান করুন ও আমার দেহ অরোগী হউক ॥

বিষ্ণুঃ সমস্তেন্দ্রিয়দেহদেহি
প্রধানভূতো ভগবান্ যথৈকঃ ।
সত্যেন তেনান্নমশেষমেত-
দারোগ্যদং মে পরিণামমেতু ॥
ইত্যুচ্চার্য্য স্বহস্তেন পরিমৃজ্য তথোদরং ।
অনায়াসপ্রদায়ীনি কুর্য্যাৎ কর্ম্মাণ্যতন্দ্রিতঃ ।
কৌর্ম্মে ব্যাসগীতায়াং ॥
প্রাঙ্মুখোঽন্নানি ভুঞ্জীত সূর্য্যাভিমুখমেব বা ।
আসীনঃ স্বাসনে সিদ্ধে ভূম্যাং পাদৌ নিধায় চ ।
আয়ুষ্যং প্রাঙ্মুখো ভুঙ্ক্তে যশস্যং দক্ষিণামুখঃ ।
শ্রিয়ং প্রত্যঙ্মুখো ভুঙ্ক্তে ঋতং ভুঙ্ক্তে উদঙ্মুখঃ ।

প্রত্যঙ্মুখঃ সন্ চেদ্ভুঙ্ক্তে তদা শ্রিয়মেব ভুঙ্ক্তে সর্ব্বসম্পদং লভত ইত্যর্থঃ । ঋতং সত্যং সর্ব্বং বাঞ্ছিতং প্রাপ্নোতীত্যর্থঃ । আত্মনি জুহুয়াৎ আত্মনা সহৈবাগ্নৈক্যং ভাবয়েদিত্যর্থঃ । ততঃ ভোজনানন্তরমিত্যর্থঃ ॥ ১২৩ ॥

যেমন এক ভগবান্ বিষ্ণু সমস্ত ইন্দ্রিয়, দেহ ও দেহির প্রধান-স্বরূপ, সেই সত্য দ্বারা এই সমস্ত অন্ন আমার সম্বন্ধে আরোগ্যপ্রদ হইয়া পরিণাম প্রাপ্ত হউক ॥

এই দুই মন্ত্র উচ্চারণ করিয়া নিজ হস্তে উদর মার্জনা করত, অলস-শূন্য হইয়া অনায়াসপ্রদ অর্থাৎ পরিশ্রমশূন্য কার্য্য সকল করিবেন ॥

কূর্ম্মপুরাণে ব্যাসগীতায় ॥

স্বীয় সিদ্ধ আসনে উপবেশন পূর্ব্বক ভূমিতে পাদদ্বয় স্থাপন করিয়া পূর্ব্বমুখে অথবা সূর্য্যাভিমুখে অন্নাদি ভোজন করিবে ॥

পূর্ব্বমুখে ভোজন করিলে পরমায়ু বৃদ্ধি, দক্ষিণমুখে যশ, পশ্চিম-মুখে সর্ব্ব প্রকার সম্পদ্ এবং উত্তরমুখে ভোজন করিলে সমুদায়

পঞ্চার্দ্রো ভোজনং কুর্য্যাৎ ভূমৌ পাত্রং নিধায় চ।
উপবাসেন তত্তুল্যং মনুরাহ প্রজাপতিঃ।
উপলিপ্তে শুচৌ দেশে পাদৌ প্রক্ষাল্য বৈ করৌ।
আচম্যার্দ্রাননোঽক্রোধঃ পঞ্চার্দ্রো ভোজনঞ্চরেৎ।
মহাব্যাহৃতিভিস্ত্বন্নং পরিবায়োদকেন তু।
অমৃতোপস্তরণমসীত্যপোশানক্রিয়াং চরেৎ।
স্বাহাপ্রণবসংযুক্তং প্রাণায়েত্যাহুতিং ততঃ।
অপানায় ততো হুত্বা ব্যানায় তদনন্তরং।
উদানায় ততঃ কুর্য্যাৎ সমানায়েতি পঞ্চমীং।

বাঞ্ছিত লাভ হয়॥

প্রজাপতি মনু বলিয়াছেন, ভূমিতে পাত্র রাখিয়া পঞ্চাদ্র্ররূপে ভোজন করিলে সেই ভোজন উপবাস তুল্য হয় অর্থাৎ তাহাতে কোন রোগোৎপত্তি হয় না॥

পঞ্চার্দ্র যথা॥

গোময়াদি দ্বারা লিপ্ত পবিত্র স্থানে হস্তদ্বয় ও পাদদ্বয় প্রক্ষালন করিয়া আচমন দ্বারা আর্দ্র মুখ হইয়া এবং ক্রোধ পরিত্যাগ করিয়া এই পঞ্চার্দ্ররূপে ভোজন করিবে॥

মহাব্যাহৃতি অর্থাৎ ভূর্ভুবঃ স্বঃ উচ্চারণ পূর্ব্বক জলধারা দ্বারা অন্নকে বেষ্টন করিয়া "অমৃতোপস্তরণমসি" এই মন্ত্র উচ্চারণ পূর্ব্বক আচমন করিবে॥

তাহার পর স্বাহা এবং প্রণব সংযুক্ত করিয়া প্রাণায়, এই বলিয়া আহুতি দিবে, তাহার পর অপান,তাহার পর ব্যান, তাহার পর উদান এবং তাহার পর সমান এই পঞ্চ আহুতি দিবে॥

প্রয়োগ যথা। "ওঁ প্রাণায় স্বাহা, ওঁ অপনায় স্বাহা, ওঁ ব্যানায় স্বাহা, ওঁ উদানায় স্বাহা, ও সমানায় স্বাহা॥"

বিজ্ঞায় তত্ত্বমেতেষাং জুহুয়াদাত্মনি দ্বিজাঃ।
শেষমন্নং যথাকামং ভুঞ্জীত ব্যঞ্জনৈর্যুতং।
ধ্যাত্বা তন্মনসা দেবমাত্মানং বৈ প্রজাপতিং।
অমৃতাপিধানমসীত্যুপরিষ্টাদপঃ পিবেৎ।
কিঞ্চ তত্রৈব ॥
যদ্ভুঙ্‌ক্তে বেষ্টিতশিরা যচ্চ ভুঙ্‌ক্তে বিদিঙ্মুখঃ।
সোপানৎকশ্চ যদ্‌ভুঙ্‌ক্তে সর্ব্বং বিদ্যাত্তদাসুরং।
নার্দ্ধরাত্রে ন মধ্যাহ্নে নাজীর্ণে নার্দ্রবস্ত্রধৃক্।
নচ ভিন্নাসনগতো ন যানে সংস্থিতোঽপি বা।
ন ভিন্নভাজনে চৈব ন ভূম্যাং ন চ পাণিষু।
অনারোগ্যমনায়ুষ্যমস্বর্গ্যং চাতিভোজনং।

হে দ্বিজগণ! এই সকলের তত্ত্ব পরিজ্ঞাত হইয়া আপনাতে আহুতি দিবে, পরে যদৃচ্ছাক্রমে ব্যঞ্জন সমন্বিত করিয়া অবশিষ্ট অন্ন ভোজন করিবে ॥

পরে তদ্গত চিত্ত হইয়া আপনাকে প্রজাপতি দেবরূপে ধ্যান করিয়া ভোজন শেষে "অমৃতাপিধানমসি স্বাহা" শেষে এই বলিয়া আচমন করিবে ॥

আরও ঐ স্থানেই ॥

মস্তক বেষ্টন করিয়া যে ভোজন করা হয়, অগ্ন্যাদি কোণ চতুষ্টয়ের প্রতি মুখ করিয়া যাহা ভোজন করা হয় এবং চর্ম্মপাদুকা পরিধান করিয়া যাহা ভোজন করা হয়, তৎসমুদায় আসুরিক ভোজন জানিতে হইবে ॥

অর্দ্ধরাত্রে, মধ্যাহ্নে, অজীর্ণে, আর্দ্রবস্ত্রধারী হইয়া ভগ্নাসনে উপবেশন করিয়া যানের উপর অবস্থিত হইয়া ভগ্নপাত্রে, মৃত্তিকায় এবং হস্তে ভোজন করিবে না ॥

অতিভোজন করিলে আরোগ্য লাভ হয় না, পরমায়ুঃ ক্ষয় করে,

অপুণ্যং লোকবিদ্বিষ্টং তস্মাত্তৎপরিবর্জয়েৎ।
কিঞ্চ ॥
ন বামহস্তেনোদ্ধৃত্য পিবেদ্বক্ত্রেণ বা জলং।
বিষ্ণুস্মৃতৌ ॥
পিবতঃ পততে তোয়ং ভাজনে মুখনির্গতং।
অভোজ্যং তদ্ভবেদন্নং ভুক্ত্বা চান্দ্রায়ণং চরেৎ ॥
মার্কণ্ডেয়ে ॥
ভুঞ্জীতান্নঞ্চ তচ্চিত্তো হ্যন্তর্জানু সদা নরঃ।
উপঘাতাদৃতে দোষান্নান্নস্যোদীরয়েদ্বুধঃ ॥ ১২৩ ॥
অন্যত্র চ ॥
হস্তাদৃতেঽম্বুনান্যেনানশ্নন্ পাত্রাদৃতে পিবেৎ।

স্বর্গপ্রাপ্তির প্রতিকূল, পাপজনক এবং লোকনিন্দনীয় অতএব অতি-ভোজন বর্জন করিবে ॥

আরও ॥

বাম হস্তে পাত্র উত্তোলন করিয়া মুখের দ্বারা জল পান করি-বে না ॥

বিষ্ণুস্মৃতিতে ॥

জলপানকারির মুখ হইতে নির্গত জল যদি ভোজনপাত্রে পতিত হয়, তাহা হইলে সেই অন্ন অভোজ্য, ভোজন করিলে চান্দ্রায়ণ প্রায়-শ্চিত্ত করিতে হইবে ॥

মার্কণ্ডেয়পুরাণে ॥

মনুষ্য সর্ব্বদা জানুদেশ মধ্যে রাখিয়া অন্নগতচিত্ত হইয়া অন্ন ভোজন করিবে, পণ্ডিত ব্যক্তি কাক বা বিড়ালাদির উচ্ছিষ্ট ব্যতিরেকে অন্নের অন্য কোন দোষ কীর্ত্তন করিবেন না ॥ ১২৩ ॥

অন্যস্থানেও ॥

হস্ত ব্যতিরেকে কেবল মুখের দ্বারা জলপান করিবে না এবং

দক্ষিণন্তু পরিত্যজ্য বামে নীরং নিধাপয়েৎ।
অভোজ্যং তদ্ভবেদন্নং পানীয়ঞ্চ সুরাসমং ॥ ১২৪ ॥
তৃপ্তো দদ্যাদ্ধি তদন্নং শেষং দুর্গতিতৃপ্তয়ে ॥ ১২৫ ॥
সম্যগাচম্য দক্ষাঙ্ঘ্রেরঙ্গুষ্ঠে বারি নিঃক্ষিপেৎ।
ততঃ সংস্মৃত্য সংতুষ্টঃ পুষ্টিদামিষ্টদেবতাং।
সন্নিকৃষ্টৈর্বৃতঃ শিষ্টৈর্জপেদন্নপতের্মনুন্।
অন্নপতেঽন্নস্য নো দেহীত্যাদি ॥ ১২৬ ॥
ভক্ষয়েদথ তাম্বূলং প্রসাদং বল্লবীপ্রভোঃ।

অশ্নন্ ভুঞ্জানঃ সন্ হস্তাদ্ধৃতে পাণিং বিনা কেবলমুখেন জলং ন পিবেৎ। তথা পাত্রং বিনা করাদিনা ন পিবেদিত্যর্থঃ। অন্যথা অভোজ্যাদিকং স্যাদিত্যর্থঃ ॥ ১২৪ ॥
তৃপ্তঃ সমাপ্তভোজনঃ সন্ ॥ ১২৫ ॥
অঙ্গুষ্ঠে বারি নিক্ষিপেৎ মন্ত্রঃ অঙ্গুষ্ঠেতি ॥ ১২৬ ॥
বল্লবীপ্রভোঃ ভগবতঃ শ্রীকৃষ্ণস্য প্রসাদমিতি তন্নিবেদিতমিত্যর্থঃ ॥ ১২৭ ॥

পাত্র ব্যতিরেকে কেবল হস্ত দ্বারা জল পান করিবে না। দক্ষিণদিক্ পরিত্যাগ করিয়া যদি বামদিকে জল রাখে, তাহা হইলে সেই অন্ন অভোজ্য এবং জল সুরা তুল্য হয় ॥ ১২৪ ॥

ভোজন শেষ হইলে ভোজনাবশিষ্ট অন্ন দুর্গত লোকের তৃপ্তি নিমিত্ত প্রদান করিবে ॥ ১২৫ ॥

সম্যক্‌রূপে আচমন করিয়া দক্ষিণ চরণের অঙ্গুষ্ঠে জল নিক্ষেপ করিবে। তাহার পর পুষ্টিদায়িনী ইষ্টদেবতাকে স্মরণ করিয়া সন্তুষ্ট হইবে। অনন্তর নিকটবর্ত্তি শিষ্টজনে পরিবৃত হইয়া "অন্নপতে অন্নস্য নোদেহ্যনমীবস্য শুষ্মিনঃ প্রপ্রদাতারং তারিষ ঊর্জ্জং নো ধেহি দ্বিপদেশং চতুষ্পদে" অন্নপতির এই মন্ত্র জপ করিবে ॥ ২৬ ॥

তাহার পর শ্রীকৃষ্ণের প্রসাদিত তাম্বূল ভোজন করিয়া অভিলষিত শিষ্টজনের সহিত উপবিষ্ট হইয়া ভগবানের উৎকৃষ্ট মঙ্গলময় নান

শিষ্টৈরিষ্টৈর্জপেদ্দিব্যং ভগবন্নামমঙ্গলং ॥ ১২৭ ॥

অথ নৈবেদ্যমাহাত্ম্যং ॥

বারাহে ॥

যো মমৈবার্চ্চনং কৃত্বা তত্র প্রাপণমুত্তমং।
শেষমন্নং সমশ্নাতি ততঃ সৌখ্যতরং নু কিং ॥ ১২৮ ॥

স্কান্দে ॥

তবোপহারং ভুক্ত্বা যঃ সেবতে যজ্ঞপূরুষং।
সেবিতং তেন নিয়তং পুরোডাশো মহাধিয়া ॥ ১২৯ ॥

কিঞ্চ তত্রৈব ॥

শঙ্খোদকং তীর্থবরাদ্বরিষ্ঠং
পাদোদকং তীর্থগণাদ্গরিষ্ঠং।

প্রাপণমুপহারং তদেবাহ শেষমন্নমিতি ॥ ১২৮ ॥

পুরোডাশঃ যজ্ঞশেষদ্রব্যং ॥ ১২৯ ॥

বিষ্ণোর্নৈবেদ্যশেষং পাদজলেন বিমিশ্রিতং সহেতি বা। কচিদ্বিষ্ণোরিত্যত্র সিক্তমিতি

জপ করিবে ॥ ১২৭ ॥

অথ নৈবেদ্য মাহাত্ম্য ॥

বরাহপুরাণে ॥

যে ব্যক্তি আমার অর্চ্চনা করিয়া আমাতে উত্তম উপহার প্রদান করত শেষ অন্ন ভোজন করে, তাহা হইতে আর অধিকতর সুখ কি? ॥ ১২৮ ॥

স্কন্দপুরাণে ॥

আপনকার উপহার ভোজন করিয়া যে ব্যক্তি যজ্ঞ পুরুষের সেবা করেন, সেই মহাবুদ্ধিমান্ জন কর্ত্তৃক নিয়ত যজ্ঞশেষ দ্রব্য সেবন করা হয় ॥ ১২৯ ॥

আরও ঐ স্কন্দপুরাণেই ॥

শঙ্খোদক উৎকৃষ্ট তীর্থ হইতে শ্রেষ্ঠ, চরণোদক সমস্ত তীর্থ

নৈবেদ্যশেষং ক্রতুকোটিপুণ্যং
নির্ম্মাল্যশেষং ব্রতদানতুল্যং ॥
নৈবেদ্যশেষং তুলসীবিমিশ্রং
বিশেষতঃ পাদজলেন সিক্তং।
যো শ্নাতি নিত্যং পুরতো মুরারেঃ।
প্রাপ্নোতি যজ্ঞাযুতকোটিপুণ্যং ॥ ১৩০ ॥
ষড়্ভির্মাসোপবাসৈস্তু যৎফলং পরিকীর্ত্তিতং।
বিষ্ণোর্নৈবেদ্যশেষে যৎ ফলং তদ্ভুঞ্জতাং কলৌ ॥ ১৩১ ॥
কিঞ্চ তত্র শ্রীশালগ্রামশিলামাহাত্ম্যে ॥
ভক্ত্যা ভুনক্তি নৈবেদ্যং শালগ্রামশিলার্পিতং।
কোটিং মখস্য লভতে ফলং শতসহস্রশঃ ॥ ১৩২ ॥

বা পাঠঃ ॥ ১৩০ ॥

ভুঞ্জতাং বিষ্ণুনৈবেদ্যশেষেণাপি তৎফলং ॥ ১৩১ ॥

ভুনক্তি ভুঙ্‌ক্তে মখস্য কোটিং লভতে স যজ্ঞকোটিং কৃতবানিত্যর্থঃ। তস্য চ কিং ফল-মিত্যপেক্ষায়ামাহ ফলমিতি। শতসহস্রশ অনন্তমিত্যর্থঃ। যদ্বা শতসহস্রশো যা যজ্ঞকোটি-

হইতে গরিষ্ঠ, নৈবেদ্যশেষ কোটিযজ্ঞের পুণ্যস্বরূপ এবং নির্ম্মাল্যশেষ ব্রত ও দান তুল্য ॥

বিষ্ণুর নৈবেদ্যশেষ তুলসী মিশ্রিত এবং বিশেষতঃ চরণামৃত জলে সিক্ত করিয়া যে ব্যক্তি নিত্য মুরারির অগ্রে ভোজন করেন, তিনি অযুত কোটিযজ্ঞের পুণ্য প্রাপ্ত হয়েন ॥ ১৩০ ॥

ছয় মাস উপবাস করিলে যে ফলোৎপত্তি কীর্ত্তিত হইয়াছে, কলিতে বিষ্ণুর নৈবেদ্যশেষ ভোজন করিলে সেই ফল হয় ॥ ১৩১ ॥

আরও ঐ স্কন্দপুরাণে শালগ্রামশিলামাহাত্ম্যে ॥

যে ব্যক্তি শালগ্রামশিলার্পিত নৈবেদ্যশেষ ভোজন করেন, তাঁহার শত সহস্র কোটিযজ্ঞের ফল লাভ হয় ॥ ১৩২ ॥

ব্রহ্মচারী গৃহস্থৈশ্চ বানপ্রস্থৈশ্চ ভিক্ষুভিঃ।
ভোক্তব্যং বিষ্ণুনৈবেদ্যং নাত্র কার্য্যা বিচারণা।
ভুক্ত্বান্যদেবনৈবেদ্যং দ্বিজশ্চান্দ্রায়ণঞ্চরেৎ।
ভুক্ত্বা কেশবনৈবেদ্যং যজ্ঞকোটিফলং লভেৎ॥
তত্রৈব শ্রীব্রহ্মনারদসম্বাদে॥
অগ্নিষ্টোমসহস্রৈস্ত বাজপেয়শতৈরপি।
তৎফলং প্রাপ্যতে নূনং বিষ্ণোর্নৈবেদ্যভক্ষণাৎ।
হৃদি রূপং মুখে নাম নৈবেদ্যমুদরে হরেঃ।
পাদোদকঞ্চ নির্ম্মাল্যং মস্তকে যস্য সোঽচ্যুতঃ॥ ১৩৩॥

স্তদ্রূপং ফলং লভতে॥ ১৩২॥
অচ্যুতঃ অচ্যুততুল্য ইত্যর্থঃ সারূপ্যাদিপ্রাপ্ত্যা। যদ্বা ভক্তিমার্গাদিভ্যো বা চ্যুতো ন ভবতীত্যর্থঃ॥ ১৩৩॥

ব্রহ্মচারী, গৃহস্থ, বানপ্রস্থ এবং ভিক্ষুক এই চতুরাশ্রমী লোকসকল বিষ্ণুর নৈবেদ্য ভোজন করিবেন, ইহাতে কোন বিচার করার প্রয়োজন নাই॥

ব্রাহ্মণ অন্য দেবতার নৈবেদ্য ভোজন করিলে চান্দ্রায়ণ প্রায়শ্চিত্ত করিবেন, বিষ্ণুনৈবেদ্য ভোজন করিলে কোটিযজ্ঞের ফল প্রাপ্ত হইবেন॥

ঐ স্কন্দপুরাণেই শ্রীব্রহ্মনারদসম্বাদে॥

সহস্র অগ্নিষ্টোম এবং শত অশ্বমেধ যজ্ঞ করিলে যে ফল প্রাপ্ত হওয়া যায়, বিষ্ণুর নৈবেদ্যশেষ ভোজন করিলে নিশ্চয় সেই ফল লাভ হইয়া থাকে॥

যাঁহার হৃদয়ে শ্রীকৃষ্ণের রূপ, মুখে শ্রীকৃষ্ণের নাম, উদরে শ্রীকৃষ্ণের নৈবেদ্য এবং মস্তকে পাদোদক ও নির্ম্মাল্য বিদ্যমান, তিনি অচ্যুত তুল্য॥ ১৩৩॥

কিঞ্চ ॥

পাবনং বিষ্ণুনৈবেদ্যং সুরসিদ্ধর্ষিভিঃ স্মৃতং ।
অন্যদেবস্য নৈবেদ্যং ভুক্ত্বা চান্দ্রায়ণঞ্চরেৎ ।
কোটিযজ্ঞৈস্তু যৎপুণ্যং মাসোপোসণকোটিভিঃ ।
তৎফলং প্রাপ্যতে পুংভির্বিষ্ণোর্নৈবেদ্যভক্ষণাৎ ।
তুলস্যাশ্চ রজোজুষ্টং নৈবেদ্যস্য চ ভক্ষণং ।
নির্ম্মাল্যঞ্চ ধৃতং যেন মহাপাতকনাশনং ॥
বৃহদ্বিষ্ণুপুরাণে ॥
নৈবেদ্যং জগদীশস্য অন্নপানাদিকঞ্চ যৎ ।
ভক্ষ্যাভক্ষ্যবিচারশ্চ নাস্তি তদ্ভক্ষণে দ্বিজাঃ ।
ব্রহ্মবন্নির্বিকারং হি যথা বিষ্ণুস্তথৈব তৎ ।
বিকারং যে প্রকুর্ব্বন্তি ভক্ষণে তদ্দ্বিজাতয়ঃ ।

আরও ॥

দেবগণ, সিদ্ধগণ ও ঋষিসকল বিষ্ণুনৈবেদ্যকে পবিত্র এবং অন্য দেবতার নৈবেদ্য ভোজন করিলে চান্দ্রায়ণ করিতে হইবে, এই কথা বলিয়াছেন ॥

কোটি যজ্ঞ দ্বারা যে পুণ্য হয়, কোটি মাসোপবাস ব্রত করিলে যে পুণ্য হয়, পুরুষগণ বিষ্ণুনৈবেদ্য ভক্ষণমাত্রে সেই ফল প্রাপ্ত হয়েন ॥

যে ব্যক্তি তুলসীর ধূলিযুক্ত নৈবেদ্যের ভক্ষণ এবং নির্ম্মাল্য ধারণ করেন, তাঁহার মহাপাতক নাশ হয় ॥

বৃহদ্বিষ্ণুপুরাণে ॥

হে দ্বিজগণ! শ্রীকৃষ্ণের নৈবেদ্য এবং অন্নপানাদি যে কোন দ্রব্য, তাহার ভক্ষণবিষয়ে ভক্ষ্যাভক্ষ্য বিচার নাই ॥

হে বিপ্রগণ! বিষ্ণুনৈবেদ্য ব্রহ্মের ন্যায় নির্ব্বিকার, যেমন বিষ্ণু, নৈবেদ্যও তদনুরূপ, যে সকল দ্বিজাতি ভক্ষণ বিষয়ে বিকার করেন,

কুষ্ঠব্যাধিসমাযুক্তাঃ পুত্রদারবিবর্জিতাঃ।
নিরয়ং যান্তি তে বিপ্রা যস্মান্নাবর্ত্ততে পুনঃ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে॥

নবমন্নং ফলং পুষ্পং নিবেদ্য মধুসূদনে।
পশ্চাদ্ভুঙ্‌ক্তে স্বয়ং যশ্চ তস্য তুষ্যতি কেশবঃ॥

ব্রহ্মাণ্ডপুরাণে॥

মুকুন্দাশনশেষন্তু যো হি ভুঙ্‌ক্তে দিনে দিনে।
সিক্‌থে সিক্‌থে ভবেৎ পুণ্যং চান্দ্রায়ণশতাধিকং॥

অন্যত্রাপি॥

একাদশী সহস্রৈস্তু মাসোপোষণকোটিভিঃ।

একাদশী সহস্রৈরিত্যনেন তদ্ব্রতগণাদপি ভগবন্নৈবেদ্যভক্ষণস্য মাহাত্ম্যমধিকমুক্তং। যচ্চাগ্রে ভাগবতলক্ষণে লেখ্যং স্কান্দবচনং। প্রাণাত্যয়ে ন চাশ্নন্তি দিনং প্রাপ্য হরের্নরা ইতি। তচ্চ ভগবন্মহাপ্রসাদব্যতিরিক্তপরমিতি জ্ঞেয়ং। নচ বক্তব্যং বৈষ্ণবানামনিবেদিত-ভক্ষণং সদা নিষিদ্ধমেবেতি। যতস্তদ্বচনং ন বৈষ্ণববিষয়ং কিন্তু প্রাণাত্যয়েঽপি সতি যে নাশ্নন্তি তে ভাগবতা ইতি সামান্যোক্তেঃ। যদ্বা ভগবদ্ভক্তিবেব তদ্ব্রতমিতি বুদ্ধ্যা ভগবৎ-

---

তাঁহারা কুষ্ঠরোগযুক্ত এবং পুত্রদার বিবর্জিত হইয়া নরকে গমন করিবেন, কিন্তু নরক হইতে আর তাঁহাদের পুনরাবৃত্তি হয় না॥

বিষ্ণুধর্ম্মোত্তরে॥

যিনি নূতন অন্ন, ফল ও পুষ্প মধুসূদনকে নিবেদন করিয়া, পশ্চাৎ স্বয়ং ভোজন করেন, তাঁহার প্রতি কেশব তুষ্ট হয়েন॥

ব্রহ্মাণ্ডপুরাণে॥

যে ব্যক্তি প্রত্যহ শ্রীকৃষ্ণের নৈবেদ্য শেষ ভোজন করেন, তাঁহার প্রতিগ্রাসে শত চান্দ্রায়ণ ব্রত অপেক্ষাও পুণ্য হয়॥

অন্যস্থলেও॥

মানবগণ সহস্র একাদশী ব্রত এবং কোটি মাসোপবাস ব্রত

তৎফলং প্রাপ্যতে পুংভির্বিষ্ণোর্নৈবেদ্যভক্ষণাদিতি ॥ ১৩৪ ॥

ততো যথোক্তমাচম্য তাম্বূলাদিবিভজ্য চ।

মহাপ্রসাদং দাস্যেন গৃহ্নীয়াৎ প্রযতঃ স্বয়ং ॥ ১৩৫ ॥

তথাচ নবমস্কন্দে শ্রীমদম্বরীষচরিতে ॥

কামস্তু দাস্যে নতু কামকাম্যয়া

যথোত্তমঃশ্লোকজনাশ্রয়া রতিঃ ॥

নৈবেদ্যভক্ষণে যচ্চ নির্ম্মাল্যগ্রহণে চ যৎ।

প্রীত্যপেক্ষয়া তত্র মহাপ্রসাদান্নভক্ষণেনাপি ন দোষঃ কোঽপি প্রসজ্যেতেতি কেষাঞ্চিৎ সতাং মতং। ততশ্চৈতদ্বচনং নৈবেদ্যমাহাত্ম্যপরমেব নতু তদ্ভুক্তনিষেধকমিতি মন্তব্যং। যদ্বা নিজবিশ্বাসবিশেষেণ ভগবদধরামৃতমহাপ্রসাদবুদ্ধ্যা তদন্নাদ্যুপভোগো ভক্তিরূপাবেপ্যে-কাদশীব্রতাদেকাঙ্ক্ষিনাং পরমফলত্বেনোপাদেয় ইতি যুক্তমেবোক্তং একাদশীসহস্রৈরিতি ॥১৩৪

মহাপ্রসাদরূপং তাম্বূলাদি। আদিশব্দেন স্রক্ চন্দনাদি। আচম্য প্রযতঃ সন্ দাস্যেন নিমিত্তেন গৃহ্নীয়াৎ উপযুঞ্জ্যাৎ ॥ ১৩৫ ॥

কামং স্রক্ চন্দনাদি ভোগং চকারেতি পূর্ব্বশ্লোকস্থেনান্বয়ঃ। দাস্যে নিমিত্তে নতু ভোগেচ্ছয়া। তত্রাপ্যুত্তমশ্লোকজনা বৈষ্ণবাস্তদ্বিষয়া রতিঃ। প্রীতির্যথাস্যাত্তথা চকারেতি

করিলে যে ফল প্রাপ্ত হয়েন, বিষ্ণুর নৈবেদ্য ভক্ষণমাত্রে সেই ফল লাভ হয় ॥ ১৩৪ ॥

তদনন্তর যথাবিধি আচমন পূর্ব্বক তাম্বূলাদি নিবেদন করিয়া শুদ্ধ-চিত্তে স্বয়ং দাস্যের নিমিত্ত মহাপ্রসাদ তাম্বূলাদি গ্রহণ করিবেন ॥১৩৫

তথাচ নবস্কন্ধে ৪ অধ্যায়ে ১৭ শ্লোকে ॥

শ্রীমদম্বরীষচরিতে ॥

অপর তিনি কাম অর্থাৎ স্রক্ চন্দনাদি বিষয় সেবাকে ভগবজ্জনা-শ্রয়া রতি যেরূপে হয় সেইরূপ করিয়া ভগবদ্দাস্যে তৎপর করিয়া-ছিলেন, তাহাও ভগবৎ প্রসাদ স্বীকারার্থমাত্র হইয়াছিল, বিষয়েচ্ছায়

মাহাত্ম্যমাদৌ লিখিতং জ্ঞেয়ং সর্ব্বমিহাপি তৎ ॥ ১৩৬ ॥

॥ * ॥ ইতি শ্রীগোপালভট্টবিলিখিতে ভগবদ্ভক্তিবিলাসে মহাপ্রসাদো নাম নবমো বিলাসঃ ॥ * ॥ ৯ ॥ * ॥

ভগবদ্ভক্তিবিষয়কভক্তেঃ পরমোপাদেয়ত্বমগ্রে লেখ্যং সূচিতং ॥ ১৩৬ ॥

॥ * ॥ ইতি নবমবিলাস টীকা ॥ * ॥

হয় নাই ॥

পূর্ব্বে নৈবেদ্যভক্ষণে এবং নির্ম্মাল্য গ্রহণে যে ফল লিখিত হইয়াছে, এস্থানেও সে সমুদায় মাহাত্ম্য জানিতে হইবে ॥ ১৩৬ ॥

॥ * ॥ ইতি শ্রীগোপালভট্টবিলিখিতে ভগবদ্ভক্তিবিলাসে শ্রীরামনারায়ণ বিদ্যারত্ন কৃতানুবাদে মহাপ্রসাদ নাম নবম বিলাস ॥ * ॥

—

দশমবিলাসঃ।

শ্রীকৃষ্ণচরণাম্ভোজমধুপেভ্যো নমোনমঃ।
কথঞ্চিদাশ্রয়াদ্যেষাং শ্বাপি তদ্গন্ধভাগ্‌ভবেৎ ॥ ১ ॥

শ্রীচৈতন্যপদাম্ভোজ রসিকেভ্যো নমোঽস্তু মে। বহুধা যতেঽহং জ্ঞাপং যেষাং প্রীতিচিকীর্ষয়া। অথ শ্রীভগবন্মহাপ্রসাদসেবনানন্তরং সৎসঙ্গসেবাং লিখন্ তৎ সুসিদ্ধয়ে সতঃ প্রণমতি শ্রীকৃষ্ণেতি। শ্রীকৃষ্ণস্য চরণাম্ভোজয়োর্মধু ভক্তিরসং পিবন্তীতি তথা তেভ্যঃ শ্রীভগবদ্ভক্তেভ্য ইত্যর্থঃ। নমো নম ইতি বীপ্সা ভক্তিবিশেষেণ। অপীত্যস্য পূর্বত্রাপি সম্বন্ধঃ। যেষাং শ্রীকৃষ্ণচরণাম্ভোজমধুপানাং কেনচিদপি প্রকারেণ য আশ্রয়ঃ শরণাগতিঃ তস্মাদপি শ্বা তত্তুল্যঃ পরমনীচজনোঽপীত্যর্থঃ। তস্য তস্য শ্রীকৃষ্ণচরণাম্ভোজমধুনঃ। তেষাম্বা শ্রীকৃষ্ণচরণাম্ভোজ মধুপানাং গন্ধং ভজতি প্রাপ্নোতীতি তাদৃশো ভবেৎ। শ্বা ইত্যনেন চ যথা কমলমধুপানমত্তস্য ভ্রমতো ভ্রমরস্য কথঞ্চিৎ সম্বন্ধাৎ তন্মুখ নির্গলন্মধুগন্ধেন কুক্কুরোঽপ্যামোদিতো ভবেদিত্যত্র দৃষ্টান্ত উহ্যঃ। অতস্তল্লক্ষণাদি লিখনরূপ সজ্জনাশ্রয়াৎ মৎ সঙ্গ্রাহ্য ভক্তিবিলাসস্য লিখনমযোগ্যাদপি মত্তঃ সুখং সম্যক্ ঘটেতেতি ভাবঃ॥ ১॥

শ্রীকৃষ্ণচরণারবিন্দের মধুকর তুল্য সেই সকল ভক্তবৃন্দকে নমস্কার নমস্কার, কোন প্রকারে যাঁহাদিগকে আশ্রয় করিলে কুক্কুর তুল্য অতি নীচ ব্যক্তিও শ্রীকৃষ্ণচরণারবিন্দের গন্ধভাগী হইয়া থাকে। অর্থাৎ যেমন কমলমধুপানে মত্ত ভ্রমণশীল ভ্রমরের কথঞ্চিৎ সম্বন্ধহেতু ঐ ভ্রমরের মুখনির্গলিত মধুগন্ধ দ্বারা কক্কুরেরাও আমোদিত হয় তদ্রূপ॥১

অথ শ্রীকৃষ্ণভক্তানাং সতাং সবিনয়ং শুভাং।
গচ্ছেদ্বৈষ্ণবচিহ্নাঢ্যঃ পাতুং কৃষ্ণকথাসুধাং ॥ ২ ॥
তথাচ স্মৃতিঃ ॥
ইতিহাসপুরাণাভ্যাং ষষ্ঠসপ্তমকৌ নয়েৎ ॥ ৩ ॥
অথ শ্রীভগবদ্ভক্তানাং লক্ষণানি।
সামান্যতো লৈঙ্গে ॥

অথ মহাপ্রসাদাদি গ্রহণানন্তরং। শুভাং নির্দ্দোষাং সর্ব্বসদ্গুণাঢ্যাং চেত্যর্থঃ। সবিনয়ং যথা স্যাত্তথা গচ্ছেৎ কিমর্থং। কৃষ্ণস্য কথৈব সুধা তাং পাতুং। যদ্যপি ন রোধয়তি মাং যোগ ইত্যাদিনাগ্রতো লেখ্যেন বচনজাতেন সতাং সঙ্গতিমাত্রস্যাপি পরমোপাদেয়ত্বমুক্তং তথাপি ভগবৎকথামৃত রসপানমেব পরমোপাদেয়মিতি কিম্বা তস্মিন্ মহন্মুখরিতা মধুভিচ্চরিত্র পীযূষশেষসরিতঃ পরিতঃ স্রবন্তীত্যাদি ন্যায়েন সৎসঙ্গতো ভগবৎকথাসুধাপানং স্বতএব সম্পদ্যত ইতি তৎ স্বভাবাস্তভাবমাত্রমত্রলিখিতমিতি দিক্। কথম্ভূতঃ বৈষ্ণবানাং চিহ্নৈঃ হরিমন্দিরতিলকমালা মুদ্রাদিভিরাঢ্যঃ যুক্তঃ সন্। অন্যথা বৈষ্ণবাজ্ঞানেন প্রত্যুত্থানাদ্যকরণাৎ সভাসদাং তেষামপরাধাপত্ত্যা তস্যাপ্যপরাধাপত্তেঃ ॥ ২ ॥

ভগবৎপূজানন্তরং মধ্যাহ্নে সৎসঙ্গ ইতি কেষাঞ্চিন্মতং নিরস্যন্ ভোজনানন্তরমেব সৎসঙ্গ ইতি স্বমতং দ্রঢয়ন্ স্মৃতিবচনং প্রমাণয়তি। ইতিহাসেতি। ইতিহাসো ভারতাদি ষষ্ঠ সপ্তমৌ অষ্টধা বিভক্ত দিনভাগৌ নয়েৎ। পঞ্চমভাগে গ্রহস্থস্য ভোজনবিধানাৎ ॥ ৩ ॥

মহাপ্রসাদাদি গ্রহণের পর, হরিমন্দির তিলক, মালা ও মুদ্রাদি বৈষ্ণব চিহ্ন সকলে চিহ্নিত হইয়া কৃষ্ণকথামৃত পান জন্য বিনয় সহকারে শ্রীকৃষ্ণভক্ত সাধুদিগের নিকট গমন করিবে ॥ ২ ॥

তদ্বিষয়ে স্মৃতি যথা—

মহাভারতাদি ইতিহাস ও পুরাণ দ্বারা অষ্টমভাগে বিভক্ত দিবসের ষষ্ঠ ও সপ্তমভাগ অতিবাহিত করিবে ॥ ৩ ॥

অথ ভগবদ্ভক্তদিগের লক্ষণ সকল
সামান্যাকারে লিঙ্গপুরাণে ॥

বিষ্ণুরেব হি যস্যৈষ দেবতা বৈষ্ণবঃ স্মৃতঃ ॥ ৪ ॥

অত্র বিশেষঃ ॥

ব্রত কর্ম্ম গুণ জ্ঞান ভোগ জন্মাদিসংস্বপি।

শৈবেষ্বপি চ কৃষ্ণস্য ভক্তাঃ সন্তি তথা তথা ॥ ৫ ॥

তত্র ব্রতিষু মধ্যে ভগবদ্ভক্তিহেতুব্রতপরতা ভগবদ্ভক্ত-লক্ষণং ॥

বিষ্ণুভক্তমেব লক্ষয়তি বিষ্ণুরেবেতি। দেবতা ইষ্টদেবত্বেন পূজ্য ইত্যর্থঃ। এষ বৈষ্ণবঃ বিষ্ণুভক্তঃ স্মৃতঃ ॥ ৪ ॥

এবং বিষ্ণুদেবতাকত্বমাত্রেণ সামান্যতো ভগবদ্ভক্তানাং লক্ষণং লিখিত্বা ইদানীং ব্রতাদি-বিশেষেণ বিশেষতো লক্ষণানি লিখতি ব্রতেতি। ব্রতমুপবাসাদি। কর্ম্ম সদাচারঃ গুণঃ করুণাদিঃ। জ্ঞানমাত্মানাত্মবিবেকাদি। ভোগঃ বিষয়সেবা। জন্ম সৎকুলোৎপত্ত্যাদি। আদিশব্দাৎ বিদ্যাবিত্তাদিঃ। যদ্যপ্যেষু বহ্যপি ব্রতাদীনামহেতুত্বাৎ তেষু বিষ্ণুভক্তা ন সম্ভবন্তি তথাপি তেষু জনেষু মধ্যে তথা শৈবেষ্বপি মধ্যে চকার উক্ত সমুচ্চয়ে। তথা তথা তেন ব্রতাদি বিশেষেণৈব প্রকারেণ কৃষ্ণস্য ভক্তাঃ সন্তি বর্ত্তন্তে। ব্রতাদিনিষ্ঠ তত্তৎসাম্প্র-দায়িক মধ্যে ভগবদ্ভক্তিহেতুর্ভগবদ্ব্রতাদি পরতয়া তত্তদ্বিশেষতো ভগবদ্ভক্তা জ্ঞেয়া ইত্যর্থঃ ॥৫

বিষ্ণুই যাঁহার দেবতা, তিনি বৈষ্ণব বলিয়া কথিত হয়েন ॥ ৪ ॥

এই বিষয়ে বিশেষ যথা—

প্রথমস্কন্ধে শ্রীশৌনকাদীনাং ॥

ভয়ং পাপাদিভ্যঃ। শৌচং বাহ্যমান্তরঞ্চেতি দ্বয়ং। অতো দ্বাদশনিয়মাঃ। শ্রদ্ধা ধর্ম্মাদয় ইতি। অবরুন্ধে বশীকরোতি। সর্ব্বসঙ্গাপহঃ বাহ্যান্তরাশেষাসক্তিনিরসনঃ ॥ ২১১ ॥

যেষাং ভগবদ্ভক্তানাং সেবয়া সঙ্গরূপয়া। কূটস্থস্য নির্ব্বিকারস্যাপি যদ্বা শ্রীগোবর্দ্ধন-শৃঙ্গোপরি বর্ত্তমানস্য মধুদ্বিষো ভগবতঃ শ্রীকৃষ্ণস্য পাদয়োঃ চরণারবিন্দয়োরতিরাসঃ প্রেমোৎসবঃ তীব্রঃ স্বাভাবিকো ভবেৎ। ব্যসনং সংসারদুঃখমর্দ্দয়তি নাশয়তি তথা সঃ। যদ্বা মধুদ্বিট্ সম্বন্ধীয় রত্যা প্রেম্না রতিযুক্তো বা রাসঃ রাসক্রীড়া তীব্রঃ অত্যুৎকটঃ দেবাদী-নামপি মোহনত্বাৎ বহুকালব্যাপিত্বাচ্চ। পাদয়োর্ব্যসনাদি দুঃখান্যর্দ্দয়তীতি তথা সঃ। সর্ব্বেন্দ্রিয়ানন্দকস্যাপি রাসস্য প্রায়ো নৃত্যবিশেষত্বেন গতিবিশেষসম্পত্তেঃ। যদ্বা মধুদ্বিষঃ পাদয়োরিত্যেবান্বয়ঃ ততশ্চ তচ্চরণারবিন্দদ্বয়েন সহেত্যর্থঃ পূর্ব্ববদেব অতোঽস্য ফল-বিশেষত্বেনাস্তে লেখ্যঃ ॥ ২১২ ॥

ইহারাও তাদৃশ বশীকৃত করিতে পারে না, সর্ব্বসংসারসঙ্গের অপহারক সাধুসঙ্গ আমাকে যাদৃশ বশীকৃত করে ॥ ২১১ ॥

অতএব ৩ স্কন্ধে ৭অধ্যায়ে ১৯ শ্লোকে
বিদুরকর্ত্তৃক কথিত হইয়াছে যথা ॥

বিদুর মৈত্রেয়কে কহিলেন, হে মুনে! আপনাদিগের চরণসেবা দ্বারা কি না হয়? তদ্দ্বারা সর্ব্বকালব্যাপী মধুদ্বেষি ভগবানের পাদ-পদ্মে দুর্নিবার প্রেমোৎসব জন্মে, তাহাতেই সংসার বিনষ্ট হয় ॥২১২॥

ভগবদ্ভক্তসঙ্গের স্বতই পরমপুরুষার্থতা ॥

১ স্কন্ধে ১৮ অধ্যায়ে ১৩ শ্লোকে শৌনকাদির বাক্য ॥

চতুর্থে চ শ্রীপ্রচেতসামুক্তৌ ॥
তুলয়াম লবেনাপি ন স্বর্গং নাপুনর্ভবং।
ভগবৎসঙ্গিসঙ্গস্য মর্ত্ত্যানাং কিমুতাশিষঃ ॥ ২১৩ ॥
চতুর্থে শ্রীপ্রচেতসঃ প্রতি শ্রীশিবোপদেশে ॥
ক্ষণার্দ্ধেনাপি তুলয়ে ন স্বর্গং নাপুনর্ভবং।
ভগবৎসঙ্গিসঙ্গস্য মর্ত্ত্যানাং কিমুতাশিষঃ ॥ ২১৪ ॥

ভগবৎসঙ্গিনো ভগবদ্ভক্তাঃ তেষাং সঙ্গস্য যো লবঃ অত্যল্পঃ কালঃ তেনাপি স্বর্গং ন তুলয়াম সমং ন পশ্যাম নচাপুনর্ভবং মোক্ষং। মর্ত্ত্যানাং তুচ্ছা আশিষো রাজ্যাদ্যা ন তুলয়ামেতি কিমুত বক্তব্যং। এবং ফলরূপাৎ স্বর্গাৎ অপবর্গাদপ্যধিকত্বেন সৎসঙ্গস্য পরমফলত্বং সিদ্ধং ॥ ২১৩ ॥

ভগবৎসঙ্গিসঙ্গস্য ক্ষণার্দ্ধেনাপি স্বর্গং ন তুলয়ে সমং ন পশ্যামি নবাঽপুনর্ভবং ॥ ২১৪ ॥

তথা ৪ স্কন্ধের ৩০ অধ্যায়ে ৩৩ শ্লোকে শ্রীপ্রচেতাদিগের বাক্যে যথা ॥

হে ভগবন্! আমরা তোমার সঙ্গিদিগের সঙ্গলেশের সঙ্গে স্বর্গ ও মোক্ষও তুলনা করি না, ইহাতে মানবগণের প্রার্থনীয় অন্য অন্য বিভবের কথা কি? অর্থাৎ সে সকল উহার সহিত তুলনা করিবার সম্ভাবনা কি? ॥ ২১৩ ॥

তথা ৪ স্কন্ধে ২৪ অধ্যায়ে ৫৪ শ্লোকে প্রচেতাদিগের প্রতি শ্রীশিবের উপদেশে যথা ॥

শ্রীশিব কহিলেন, হে ভগবন্! তোমার পাদমূলে শরণাপন্ন ব্যক্তিদিগের যে শমন ভয় নিবারণ হয় এ বড় লাভ নহে, কারণ, তোমার সঙ্গিদিগের সহিত যে সঙ্গ তাহার ক্ষণার্দ্ধের সহিত স্বর্গ অথবা মোক্ষ এতদুভয়কে সমান বলিয়া গণ্য করিতে পারি না, ইহাতে মরণধর্ম্মশীল মানবদিগের রাজ্যাদি সম্পত্তির কথা কি? অর্থাৎ সে সকল কখনই উহার তুল্য হইতে পারিবে না ॥ ২১৪ ॥

দ্বাদশে শ্রীমার্কণ্ডেয়োপাখ্যানে শ্রীশিবস্য ॥

তথাপি সংবদিষ্যামো ভবান্যেতেন সাধুনা।

অয়ং হি পরমোলাভো নৃণাং সাধুসমাগমঃ ॥ ২১৫ ॥

অতএব শ্রীপ্রহ্লাদং প্রতি শ্রীধরণ্যোক্তং ॥

শ্রীহরিভক্তিসুধোদয়ে ॥

অক্ষ্ণোঃ ফলং ত্বাদৃশদর্শনং হি

তন্বাঃ ফলং ত্বাদৃশগাত্রসঙ্গঃ।

জিহ্বাফলং ত্বাদৃশকীর্ত্তনং হি

সুদুর্ল্লভা ভাগবতা হি লোকে ॥ ২১৬ ॥

অতএব বিদুরেণ তৃতীয়স্কন্ধে ॥

যদ্যপি নৈবেচ্ছত্যাশিষঃ কাপি ব্রহ্মর্ষির্মোক্ষমপ্যুত। ভক্তিং পরাং ভগবতি লব্ধবান্ পুরুষেঽব্যয়ে। তথাপি। অনেন মার্কণ্ডেয়েন সহ সম্বদিষ্যামঃ সম্ভাষাং করিষ্যামঃ। যতঃ সাধুভিঃ সমাগমঃ সংযোগঃ অয়মেব পরমো লাভঃ ফলং ॥ ২১৫ ॥

ত্বাদৃশানাং কথঞ্চিৎ স্বসুকরণবতামপি দর্শনমেবাক্ষ্ণোঃ ফলং এবমগ্রদপি ॥ ২১৬ ॥

---

১২ স্কন্ধে ১০ অধ্যায়ে ৭ শ্লোকে

মার্কণ্ডেয়োপাখ্যানে শ্রীশিবের বাক্য যথা ॥

হে ভবানি! তথাপি তোমার অনুরোধে আমি ইহাঁর সহিত সম্ভাষণ করিতে ইচ্ছা করি, যে হেতু সাধুসঙ্গম সকলেরই পক্ষে পরম লাভ ॥ ২১৫ ॥

অতএব প্রহ্লাদের প্রতি পৃথিবীর উক্তি

হরিভক্তিসুধোদয়ে ১৩ অধ্যায়ে ২ শ্লোকে ॥

পৃথিবী কহিলেন, হে প্রহ্লাদ! তোমার মত ভক্তগণের দর্শনই চক্ষুর্দ্বয়ের ফল, তোমার মত ভক্তগণের অঙ্গ সঙ্গই দেহের ফল এবং তোমার মত ভক্তগণের নাম কীর্ত্তনই জিহ্বার ফল, অতএব সংসার মধ্যে ভগবদ্ভক্তগণই পরম দুর্ল্লভ ॥ ২১৬ ॥

অতএব তৃতীয়স্কন্ধে ৭ অধ্যায়ে ২০ শ্লোকে বিদুরের বাক্য যথা ॥

দুরাপা হ্যল্পতপসঃ সেবা বৈকুণ্ঠবর্ত্মসু।
যত্রোপগীয়তে নিত্যং দেবদেবো জনার্দ্দনঃ॥ ২১৭॥
শ্রীবিদেহেনাপ্যেকাদশস্কন্ধে॥
দুর্ল্লভো মানুষো দেহো দেহিনাং ক্ষণভঙ্গুরঃ।
তত্রাপি দুর্ল্লভং মন্যে বৈকুণ্ঠপ্রিয়দর্শনং॥ ২১৮॥
অতএব হি প্রার্থিতং শ্রীধ্রুবেণ চতুর্থস্কন্ধে॥
ভক্তিং মুহুঃ প্রবহতাং ত্বয়ি মে প্রসঙ্গো

বৈকুণ্ঠবর্ত্মসু শ্রীভগবতঃ তল্লোকস্য বা মার্গভূতেষু মহৎসু সেবা সঙ্গাদিরূপা অল্পতপসঃ ভাগ্যবিশেষহীনস্য জনস্য দুরাপা যত্র বৈরিত্যর্থঃ। যদ্বা যেষু বিষয়েষ্বপ্যৈরপি সর্ব্বৈ-গীয়তে অতস্তেষাং সান্নিধ্যমাত্রেণৈব কৃতার্থতা নচোপদেশাপেক্ষাপীতি ভাবঃ। যদ্বা যেষু নিমিত্তেষু যৎপ্রাপ্ত্যর্থমিত্যর্থঃ। এবঞ্চ সৎসঙ্গস্য স্বতঃ পুরুষার্থতা সিদ্ধেব॥ ২১৭॥

বহবো দেহা ভবন্তি যেষাং তে দেহিনো জীবাস্তেষাং ক্ষণভঙ্গুরোঽপি মানুষো দেহো দুর্ল্লভঃ পরমপুরুষার্থসাধনত্বাৎ। বৈকুণ্ঠঃ প্রিয়ো যেষাং বৈকুণ্ঠস্য বা প্রিয়াস্তেষাং দর্শন-মপি কিমুত সঙ্গাদিকং॥ ২১৮॥

ভক্তিং ত্বয়ি প্রবহতাং সাতত্যেন কুর্ব্বতাং অতএবামলাশয়ানাং প্রসঙ্গো মে ময়া সহ

আমার অতি দুর্ল্লভ লাভ হইল, আমি মহৎ সেবা করিতে পাই-লাম। হে মহাত্মন্! মহদ্ব্যক্তিরা ভগবান্ বিষ্ণুর অথবা তদীয় লোকের বর্ত্ম স্বরূপ, তাঁহারা সর্ব্বদা দেবদেব জনার্দ্দনের গুণকীর্ত্তন করিয়া থাকেন, তাঁহাদের সেবা অল্পতপা ব্যক্তির অনায়াস লভ্য নহে॥২১৭॥

১১ স্কন্ধে ২ অধ্যায়ে ২৭ শ্লোকে বিদেহের বাক্য যথা॥

বিদেহ কহিলেন, হে ঋষিগণ। আমি আপনাদিগকে সাক্ষাৎ ভগবান্ মধুসূদনের পার্ষদ বলিয়া জানিতেছি, কারণ বিষ্ণুভক্তেরা লোকদিগকে পবিত্র করিবার নিমিত্ত সর্ব্বত্র বিচরণ করিয়া থাকেন॥ ২১৮॥

অতএব ৪ স্কন্ধে ৯ অধ্যায়ে ১১ শ্লোকে
শ্রীধ্রুবের প্রার্থনা যথা॥

ধ্রুব কহিলেন, হে অনন্ত! আমার প্রার্থনা এই যে, যে সকল অমলাশয়

ভূয়াদনন্তমহতামমলাশয়ানাং।
যেনাঞ্জসোল্বণমুরুব্যসনং ভবাব্ধিং
নেষ্যে ভবদ্গুণকথামৃতপানমত্তঃ॥ ২১৯॥
প্রচেতসঃ প্রত্যুপদেশে শ্রীশিবেন চ॥
অথানঘাঙ্ঘ্রেস্তব কীর্ত্তিতীর্থয়ো-
রন্তর্ব্বহিঃস্নানবিধূতপাপ্মনাং।

ভূয়াৎ। ননু মোক্ষং কিং ন যাচসে অত আহ যেন মহৎপ্রসঙ্গেন অঞ্জসা অযত্নত এব। উরূণি ব্যসনানি যস্মিন্ তং। নেষ্যে পারং গমিষ্যামি। ভগবদ্গুণকথৈবামৃতং তস্য পানেন মত্তঃ সন্। অত্র মত্তশব্দেনৈবং সূচ্যতে যথা মদিরামত্তো ন জানাতি কথং রাত্রির্গতা দিনমায়াতং বেতি তথা সৎসঙ্গজাত কথামৃতপানমত্তোঽপি ন জানাতি কথং সংসারোঽপগতো মোক্ষো বা জাত ইতি। এবমমৃতপানস্য যথা দেহগেহাদ্যনুসন্ধানং ন ফলং কিন্তু পরমমধুররসাস্বাদনাদিকমেব তথা সৎসঙ্গস্য ভগবৎকথামৃতপানমেব ফলং মোক্ষস্তু-সঙ্গিকঃ স্বয়মেবোপস্থাস্যতি কিন্তদ্বাচনেনেতি ভাবঃ॥ ২১৯॥

অথ অতো হেতোঃ। অনঘৌ অঘহরাবঙ্ঘ্রী যস্য তস্য তব কীর্ত্তির্যশঃ তীর্থং গঙ্গা তয়োঃ ক্রমেণান্তর্ব্বহিঃস্নানাভ্যাং বিধূতঃ বিনাশিতঃ পাপ্মা যেষাং অন্যেষামপি বৈরিতি বা। অত-

মহৎপুরুষ আপনকার প্রতি সতত ভক্তি করেন, আপনকার কথা শ্রবণার্থ তাঁহাদের সহিত যেন আমার প্রসঙ্গ হয়। প্রভো! মহৎসঙ্গ লাভ হইলেই আমি আপনকার গুণকথামৃত পানে মত্ত হইয়া যত্ন-ব্যতিরেকে এই ভয়ঙ্কর ভবসাগর উত্তীর্ণ হইতে পারিব, ইহাতে যদিও ভূরি ভূরি গুরুতর বিপদ্ আছে, তথাচ তখন ইহা আমার দুস্তর হইবে না॥ ২১৯॥

চতুর্থস্কন্ধে ২৪ অধ্যায়ে ৫৫ শ্লোকে প্রচেতাদিগের
প্রতি শ্রীশিবের উপদেশে॥

শিব কহিলেন, হে ভগবন্! তোমার যশঃ এবং তীর্থ (গঙ্গা) এই দুইয়ে ক্রমে অন্তর্বহিঃস্নান দ্বারা যে সকল পুরুষের পাপ বিধূত হইয়াছে, তাহাতে যে সকল ব্যক্তিতে দয়া, রাগাদিরহিত চিত্ত এবং

ভূতেষ্বনুক্রোশসুসত্ত্বশীলিনাং

স্যাৎ সঙ্গমোঽনুগ্রহ এষ নঃ স্তব ॥ ২২০ ॥

শ্রীপ্রচেতোভিশ্চ ॥

যাবত্তে মায়য়া স্পৃষ্টা ভ্রমাম ইহ কর্ম্মভিঃ ।

তাবদ্ভবৎপ্রসঙ্গানাং সঙ্গঃ স্যান্নো ভবেঽভবে ॥ ২২১ ॥

শ্রীপ্রহ্লাদেনাপি সপ্তমস্কন্ধে ॥

তস্মাদমূস্তনুভৃতামহমাশিষোজ্ঞ

এষু ভূতেষু অনুক্রোশঃ কৃপা সুসত্ত্বঞ্চ রাগাদিরহিতং চিত্তং শীলং চার্জ্জবাদি তদ্বতাং সঙ্গো ঽস্মাসু অস্তু। এষ এব নোঽস্মান্ প্রতি ত্বদনুগ্রহঃ ॥ ২২০ ॥

স্পৃষ্টা ব্যাপ্তাঃ সন্তো বয়ং কর্ম্মভির্যাবদিহ প্রপঞ্চমধ্যে ভ্রমামস্তাবদ্ভবতি প্রকৃষ্টঃ সঙ্গো যেষাং সঙ্গোঽস্মাকং জন্মনি জন্মনি স্যাৎ। যাবদ্ভ্রমাম তাবদিতি শ্রীবৈকুণ্ঠলোকপ্রাপ্তৌ অতএব ভগবদ্ভক্তানাং সঙ্গসিদ্ধেঃ। যদ্বা যাবৎ কর্ম্মভির্ভ্রমামঃ মায়য়া অস্পৃষ্টা মুক্তা বা ভবামঃ। এবং ভবে সংসারে অভবে চ মোক্ষে সঙ্গঃ স্যাৎ অন্যৎ সমানং ॥ ২২১ ॥

যস্মাৎ লোকপ্রার্থ্যাঃ স্বর্গিণামায়ুরাদয়ো বিভবা মৎপিতৃক্রোধভ্রূক্ষেপেণৈব বিনষ্টা

আর্জ্জবাদি গুণ বিদ্যমান, সেই সমস্ত সাধুপুরুষের সহিত আমাদের মিলন হউক। প্রভো! তাহা হইলেই আমরা তোমার মহৎ অনুগ্রহ বোধ করিব ॥ ২২০ ॥

চতুর্থস্কন্ধে ৩০ অধ্যায়ে ৩২ শ্লোকে
প্রচেতাদিগের উক্তি যথা ॥

হে ভগবন্! তুমি বরগ্রহণার্থ আদেশ করিতেছ, অতএব এই বর প্রার্থনা করি, আমরা তোমার মায়া দ্বারা স্পৃষ্ট হওয়াতে কর্ম্ম বশতঃ এ সংসারে যাবৎ ভ্রমণ করিয়া বেড়াইব, তাবৎ যেন জন্মে জন্মে তোমার সঙ্গি ব্যক্তিদিগের সহিত আমাদের সঙ্গ হয় ॥ ২২১ ॥

সপ্তমস্কন্ধে ৯ অধ্যায়ে ২৩ শ্লোকে
শ্রীপ্রহ্লাদের বাক্য যথা ॥

হে ভগবন্! শরীরিদিগের ঐ সকল ভোগের পরিণামে যাহা হয়,

আয়ুঃ শ্রিয়ং বিভবমৈন্দ্রিয়মাবিরিঞ্চাৎ ।
নেচ্ছামি তে বিলুলিতানুরুবিক্রমেণ
কালাত্মনোপনয় মাং নিজভৃত্যপার্শ্বমিতি ॥ ২২২ ॥
অসদ্ভিঃ সহ সঙ্গস্তু ন কর্ত্তব্যঃ কদাচন ।
যস্মাৎ সর্ব্বার্থহানিঃ স্যাদধঃপাতশ্চ জায়তে ॥ ২২৩ ॥
অথাসৎসঙ্গদোষাঃ ॥
শ্রীকাত্যায়নবাক্যে ॥

তস্মাৎ আশিষঃ ভোগান্ । ঐন্দ্রিয়ং ইন্দ্রিয়ৈর্ভোগ্যং । ব্রহ্মণো ভোগ্যমভিব্যাপ্য কিমপি নেচ্ছামি । যতো জন্তুৎপরিপাকং বিদ্বান্ নশ্বরত্বাদিতার্থঃ । তে কালত্মনা কালরূপস্বরূপেণ উরুবিক্রমেণ বিলুলিতান্ অণিমাদীনপি । যদ্বা কালাত্মনা অবিলুলিতান্ অস্পৃষ্টান্ অর্থান্ সালোক্য সারূপ্য সামীপ্য সাযুজ্যলক্ষণানপি নেচ্ছামি । তর্হি কিমিচ্ছসীত্যত আহ উপনয়েতি পরমফলরূপস্বভক্তসঙ্গমো যত্র কুত্রাপি ভূয়াৎ তত্র মম স্থানাদ্যাগ্রহো নাস্তীতি ভাবঃ ॥ ২২২ ॥

এবং সৎসঙ্গসেবনমুপপাদ্য তস্যৈব দার্ঢ্যায়াহসৎসঙ্গবর্জ্জনং লিখতি অসদ্ভিরিতি । সর্ব্বেষামৈহিকানামামুষ্মিকাণাঞ্চ অর্থানাং সাধনানাং সাধ্যানাঞ্চ হানিঃ ক্ষয়ঃ স্যাৎ । ন চ তাবদেব কিন্তু অধঃপাতঃ নরকাদিভোগশ্চ জায়তে ॥ ২২৩ ॥

আমি তাহা বিলক্ষণ জানি, এই নিমিত্ত আয়ুঃ, অথবা শ্রী, কিম্বা বিভব অথবা ব্রহ্মার ভোগ পর্য্যন্ত ইন্দ্রিয়ভোগ্য বিষয় কিছুই বাঞ্ছা করি না, অণিমাদি সিদ্ধিতেও আমার স্পৃহা নাই, কারণ স্পষ্ট দেখিতেছি, মহাবিক্রমশালী কালরূপী আপনা কর্ত্তৃক ঐ সকলও বিনষ্ট হইয়া যায় । ভগবন্ ! অবশেষে আমি এই মাত্র প্রার্থনা করি, আপনকার ভৃত্যবর্গ সমীপে আমাকে নীত করুন ॥ ২২২ ॥

অসৎ সকলের সহিত কখন সঙ্গ করিবে না । যে হেতু তাহাতে সকল অর্থের হানি এবং অধঃপাত হয় ॥ ২২৩ ॥

অথ অসৎসঙ্গের দোষ সকল
শ্রীকাত্যায়নের বাক্যে ॥

বরং হুতবহজ্বালা পঞ্জরান্তর্ব্যবস্থিতিঃ।
ন শৌরিচিন্তাবিমুখজনসম্বাসবৈশসং ॥ ২২৪ ॥
পাদ্মে উত্তরখণ্ডে ॥
শ্রীউমামহেশ্বরসম্বাদে ॥
অবৈষ্ণবাস্তু যে বিপ্রাশ্চাণ্ডালাদধমাঃ স্মৃতাঃ।
তেষাং সম্ভাষণং স্পর্শং সোমপানাদিবর্জ্জয়েৎ ॥ ২২৫ ॥
তৃতীয়স্কন্ধে ॥
শ্রীকপিলদেবহূতিসম্বাদে ॥
সত্যং শৌচং দয়া মৌনং বুদ্ধির্হ্রীঃ শ্রীর্যশঃ ক্ষমা।

পঞ্জরেণ অবস্থিতির্নিবাসঃ। শৌরিঃ শ্রীকৃষ্ণস্তস্য চিন্তায়া অপি বিমুখো যো জনস্তেন সংবাসঃ সহবাস এব বৈশসং পীড়া তু নৈব সোঢ়ব্যমিত্যর্থঃ। লোকদ্বয়ে স্বকুলস্যাপ্যনর্থাবহত্বাৎ ॥ ২৪৪ ॥

কথঞ্চিৎ সম্ভাষণে সত্যপি স্পর্শং বর্জ্জয়েৎ। কথঞ্চিৎ স্পর্শে সত্যপি সোমপানং বর্জ্জয়েদিত্যর্থঃ। আদিশব্দেন সহবাসান্নভক্ষণাদি ॥ ২২৫ ॥

শমোহন্তঃকরণোপরতিঃ দমো বাহ্যেন্দ্রিয়সংযমঃ তপঃ ত্যাগঃ। যোষিতাং ক্রীড়ামৃগ-

অগ্নির জ্বালারূপ পিঞ্জর মধ্যে অবস্থিতি করা বরং ভাল, কিন্তু যেন শ্রীকৃষ্ণ চিন্তাবিমুখজনের সহিত সহবাসরূপ পীড়া ভোগ করিতে না হয় ॥ ২২৪ ॥

পদ্মপুরাণের উত্তরখণ্ডে
উমামহেশ্বরসম্বাদে ॥

যে সকল ব্রাহ্মণ অবৈষ্ণব, তাঁহারা চণ্ডাল অপেক্ষাও অধম বলিয়া কথিত হইয়াছেন, অতএব তাঁহাদিগের সহিত সম্ভাষণ, স্পর্শ এবং একত্র সোমপানাদি বর্জন করিবেন ॥ ২২৫ ॥

তৃতীয়স্কন্ধে শ্রীকপিলদেবহূতিসম্বাদে
৩১ অধ্যায়ে ৩৩ শ্লোক হইতে ॥

কপিলদেব কহিলেন, মাতঃ! অসৎসঙ্গ অতিশয় অনিষ্টকর,

শমো দমো ভগশ্চেতি যৎ সঙ্গাদ্যাতি সংক্ষয়ং ।
তেষশান্তেষু মূঢ়েষু যোষিৎক্রীড়ামৃগেষু চ।
সঙ্গং ন কুর্য্যাচ্ছোচ্যেষু খণ্ডিতাত্মস্বসাধুষু ॥ ২২৬ ॥
ন তথাস্য ভবেদ্বন্ধো মোহশ্চান্যপ্রসঙ্গতঃ ।
যোষিৎসঙ্গাদ্যথা পুংসো তথা তৎসঙ্গিসঙ্গতঃ ॥ ২২৭ ॥
একাদশে চ শ্রীভগবদুদ্ধবসম্বাদে ॥
সঙ্গং ন কুর্য্যাদসতাং শিশ্নোদরতৃপাং ক্বচিৎ ।

বশবীনেষু। খণ্ডিতাত্মসু। দেহাত্মবুদ্ধিষু অস্থিরচিত্তেষিতি বা অতএব শোচ্যেষু নিন্দ্যেষু ॥ ২২৬ ॥

অত্র যোষিতাং যোষিদাসক্তানাঞ্চ সঙ্গোঽবশ্যং ত্যাজ্য ইত্যাহ ন তথেতি। যথা যোষিৎসঙ্গিনাং [illegible] বন্ধো মোহশ্চ। তথা অন্যপ্রসঙ্গতো ন ভবেৎ ॥ ২২৭ ॥

অসতাং লক্ষণমাহ। শিশ্নোদরে তর্পয়ন্তীতি শিশ্নোদরতৃপস্তেষাং। ক্বচিৎ কদাচিদপি আস্তাং তাবত্তাদৃশানাং বহূনাং সঙ্গঃ। তস্যৈব কস্যাপ্যনুগঃ অনুবর্ত্তী। অন্ধমন্ধানুগ ইতি

তাহাতে সত্য, শৌচ, দয়া, মৌন, বুদ্ধি, লজ্জা, শ্রী, যশঃ, ক্ষমা, শম, দম, ঐশ্বর্য্য, ইত্যাদি সমুদায় ক্ষয়প্রাপ্ত হয় ॥

এই কারণে ঐ সকল মূঢ় অশান্ত দেহে আত্মবুদ্ধিকারী এবং ক্রীড়া মৃগের ন্যায় যোষিৎদিগের বশীভূত হয়, অতএব ঐ সকল নিন্দনীয় অস্থিরচিত্ত অসৎ লোকের সহিত সঙ্গ করা কদাচ বিধেয় নহে ॥ ২২৬ ॥

মা! আবার অসাধু লোকের সঙ্গ অপেক্ষা যোষিৎসঙ্গ ও যোষিৎসঙ্গির সঙ্গ অতীব অনিষ্টকর, এই দুইয়ের সঙ্গে যেমন মোহ ও বন্ধন হয় অন্য ব্যক্তির সঙ্গে তদ্রূপ হয় না ॥ ২২৭ ॥

১১ স্কন্ধে ২৬ অধ্যায়ে ৩ শ্লোকে ॥

শ্রীভগবদুদ্ধবসম্বাদে ॥

ভগবান্ কহিলেন, শিশ্নোদর তৃপ্তিকারি অসৎ লোকের সহিত

তস্যানুগস্তমস্যন্ধে পতত্যন্ধানুগোঽন্ধবৎ ॥ ২২৮ ॥

ভগবদ্ভক্তিহীনা যে মুখ্যাঽসন্তস্ত এব হি।

তেষাং নিষ্ঠা শুভা ক্বাপি ন স্যাৎ সচ্চরিতৈরপি ॥ ২২৯ ॥

অথাসতাং নিষ্ঠা। বৃহন্নারদীয়ে।

প্রায়শ্চিত্তপ্রকরণান্তে ॥

কিং বেদৈঃ কিমু বা শাস্ত্রৈঃ কিমু তীর্থনিষেবণৈঃ।

বিষ্ণুভক্তিবিহীনানাং কিন্তপোভিঃ কিমধ্বরৈঃ ॥ ২৩০ ॥

যোঽন্ধস্তদ্বৎ ॥ ২২৮ ॥

যদ্যপি যোষিদাসক্তাঃ শিশ্নোদরতর্পণপরা এবাসন্তো নির্দ্দিষ্টাঃ তথাপ্যন্যে এবাসৎসু মুখ্যাঃ ভগবদ্ভক্ত্যভাবেন সর্ব্বদোষাশ্রয়ত্বাৎ অতস্তেষাং কথঞ্চিৎ নু বিমুখো যো জন্মাদিভিঃ সৎসঙ্গতিদার্ঢ্যাদৈব লিখতি ভগবদ্ভক্তীতি। মুখ্যাশ্চ তে অসন্তশ্চ। পরমাসাধব ইত্যর্থঃ। নিষ্ঠা গতিঃ প্রাপ্যমিত্যর্থঃ ॥ ২২৯ ॥

বেদাদিভিঃ কিং অপি তু ন কিমপি ফলমিত্যর্থঃ। সর্ব্বেষাং সৎকর্ম্মণাং ভগবদ্ভক্তিসাধনত্বাৎ তদভাবে চ বৈয়র্থ্যাপত্তেঃ। তদুক্তং। ধর্ম্মঃ স্বনুষ্ঠিতঃ পুংসামিত্যাদি ॥ ২৩০ ॥ ২৩১ ॥

সংসর্গ করিলে অন্ধের অনুগামী অন্ধের ন্যায় অন্ধতম কূপে নিপতিত হয় ॥ ২২৮ ॥

যাহারা ভগবদ্ভক্তি হীন, তাহারা নিশ্চয় অসাধুর মধ্যে প্রধান, সদাচারপরায়ণ হইলেও কোন স্থানে তাহাদের শুভগতি লাভ হয় না ॥ ২২৯ ॥

অথ অসৎসকলের গতি ॥

বৃহন্নারদীয় পুরাণে প্রায়শ্চিত্ত প্রকরণের অন্তে ॥

বেদ সকলের দ্বারা, শাস্ত্র সকলের দ্বারা, তীর্থনিষেবণ দ্বারা বহু তপস্যা এবং যজ্ঞ দ্বারা বিষ্ণুভক্তি বিহীন ব্যক্তিদিগের কি হইবে অর্থাৎ এ সমুদায় কার্য্যে তাহাদের কিছুই ফল হয় না ॥ ২৩০ ॥

শ্রীগারুড়ে ॥

অন্তং গতোঽপি বেদানাং সর্ব্বশাস্ত্রার্থবেদ্যপি।
যো ন সর্ব্বেশ্বরে ভক্তস্তং বিদ্যাৎ পুরুষাধমং ॥ ২৩১ ॥

তৃতীয়স্কন্ধে শ্রীব্রহ্মস্তুতৌ ॥

অহ্ন্যাপৃতার্ত্তকরণা নিশি নিঃশয়ানা
নানামনোরথধিয়া ক্ষণভগ্ননিদ্রাঃ।
দৈবাহতার্থরচনা ঋষয়োঽপি দেব
যুষ্মৎপ্রসঙ্গবিমুখা ইহ সংসরন্তি ॥ ২৩২ ॥

বিবেকিনোঽপ্যভক্তাশ্চেৎ সদা সংসারদুঃখাদ্যনুভবন্ত্যেবেত্যাহ অহ্নীতি। দিবসে আপৃতানি চ তানি আর্ত্তানি ক্লিষ্টানি করণানি ইন্দ্রিয়াণি যেষাং রাত্রাবপি সুপ্তানো

শ্রীগরুড়পুরাণে ॥

যে ব্যক্তি সমস্ত বেদের পারদর্শী এবং সর্ব্বশাস্ত্রের অর্থবেত্তা তিনি যদি সর্ব্বেশ্বর শ্রীকৃষ্ণে ভক্ত না হয়েন, তাহা হইলে তাঁহাকে পুরুষাধম বলিয়া জানিও ॥ ২৩১ ॥

তৃতীয়স্কন্ধে ৯ অধ্যায়ে ১০ শ্লোকে
শ্রীব্রহ্মার স্তবে যথা—

ব্রহ্মা কহিলেন, হে দেব! অবিবেকি লোকদিগেরই ঐরূপ দুর্গতি হয় এ নিমিত্ত তাহাদের তোমার প্রতি ভক্তি করা আবশ্যক, জ্ঞানির ভক্তিতে কোন প্রয়োজন নাই এমত বলিতে পারা যায় না, কারণ ঋষিগণও যদি তোমার প্রতি ভক্তি করণে বিমুখ হন্ তবে তাঁহাদিগকেও সংসারক্লেশ ভোগ করিতে হয়। দিবসে তাঁহাদিগের ইন্দ্রিয় সকল নানা বিষয়ে ব্যাপৃত এবং ক্লিষ্ট থাকে সুতরাং কোন সুখলাভ হয় না; রাত্রিকালে নিদ্রা যায়, তৎকালেও বিষয়সুখের লেশমাত্র লাভ হয় না, স্বপ্ন দর্শনে ক্ষণে ক্ষণে নানা মনোরথ চিন্তায় নিদ্রা ভগ্ন হয়, আর দুরদৃষ্টবশতঃ তাহাদের অর্থার্থ উদ্যম প্রভৃতি হত হইয়া থাকে, অতএব

অতএবোক্তং ষষ্ঠে ॥

প্রায়শ্চিত্তানি চীর্ণানি নারায়ণপরাঙ্মুখং।

ন নিষ্পুনন্তি রাজেন্দ্র সুরাকুম্ভমিবাপগাঃ ॥ ২৩৩॥

বিষ্ণুধর্ম্মোত্তরে ॥

কুতঃ পাপক্ষয়স্তেষাং কুতস্তেষাঞ্চ মঙ্গলং।

যেষাং নৈব হৃদিস্থোঽয়ং মঙ্গলায়তনো হরিঃ ॥ ২৩৪ ॥

অতএব বৃহন্নারদীয়ে লুব্ধকোপাখ্যানারম্ভে ॥

হরিপূজাবিহীনাশ্চ বেদবিদ্বেষিণস্তথা।

নাস্তি যত্তো নিঃশয়ানাঃ স্বপ্নদর্শনেন চ ক্ষণে ক্ষণে ভগ্ননিদ্রাঃ দৈবেন আহতাঃ সর্ব্বতঃ প্রতিহতাঃ অর্থরচনাঃ অর্থার্থোদ্যমা যেষাং ॥ ২৩২ ॥

চীর্ণানি কৃতান্যপি ন নিষ্পুনন্তি ন শোধয়ন্তি। মহতাপ্যশোধকত্বে দৃষ্টান্তঃ সুরাকুম্ভমাপগা ইবেতি ॥ ২৩৩ ॥

মঙ্গলং ঐহিকামুষ্মিকশ্রেয়ঃ। হৃদিস্থোঽপি ন স্যাৎ মনসাপি ন চিন্ত্যত ইত্যর্থঃ ॥ ২৩৪ ॥

হরিপূজাবিহীনত্বাদেব বেদাদিবিদ্বেষিণো রাক্ষসাশ্চ পরিকীর্ত্তিতাঃ ॥ ২৩৫ ॥

বিবেকিদিগেরও তোমার প্রতি ভক্তি করা আবশ্যক ॥ ২৩২ ॥

অতএব ষষ্ঠস্কন্ধে ১ অধ্যায়ে ১৬ শ্লোকে ॥

হে রাজন্! এক ভক্তিই অন্য নিরপেক্ষ হইয়া পবিত্র করিতে সমর্থ হয়, সান্তর্পণাদি প্রায়শ্চিত্ত ভক্তি ব্যতিরেকে স্বাতন্ত্র্যে পবিত্র করিতে সক্ষম নহে। ফলতঃ যেমন নদী সকল মদ্যভাণ্ড শুদ্ধ করিতে পারে না, তাহার ন্যায় সুমহৎ প্রায়শ্চিত্ত আচরিত হইলেও নারায়ণ-পরাঙ্মুখ ব্যক্তিকে পবিত্র করিতে সমর্থ হয় না ॥ ২৩৩ ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে ॥

মঙ্গলময় এই হরি যাঁহাদিগের হৃদয়স্থ না হয়েন, তাঁহাদিগের পাপ ক্ষয় কোথায়? এবং তাহাদিগের মঙ্গলই বা কোথায়? ॥ ২৩৪ ॥

অতএব বৃহন্নারদপুরাণে লুব্ধকের উপাখ্যানের আরম্ভে ॥

যাঁহারা হরিপূজা বিহীন, যাঁহারা বেদের বিদ্বেষী এবং ব্রাহ্মণ ও

দ্বিজ গোদ্বেষিণশ্চাপি রাক্ষসাঃ পরিকীর্ত্তিতাঃ ॥ ২৩৫ ॥

অতএব নিজদূতান্ প্রতি ধর্ম্মরাজস্যানুশাসনং ষষ্ঠস্কন্ধে ॥

তানানয়ধ্বমসতো বিমুখান্ মুকুন্দ-

পাদারবিন্দমকরন্দরসাদজস্রং ।

নিষ্কিঞ্চনৈঃ পরমহংসকুলৈরসঙ্গৈ-

র্জুষ্টাদ্গৃহে নিরয়বর্ত্মনি বদ্ধতৃষ্ণান্ ॥ ২৩৬ ॥

জিহ্বা ন বক্তি ভগবদ্গুণনামধেয়ং

চেতশ্চ ন স্মরতি তচ্চরণারবিন্দং ।

অসতো দুষ্টান্ তানেবাহ মুকুন্দপাদারবিন্দয়োর্মকরন্দরূপো রসঃ ভক্তিলক্ষণস্তস্মাদ্বিমুখান্। কথম্ভূতান্ রসজ্ঞৈঃ ভক্তিসুখাভিজ্ঞৈঃ রসবিবেকিভির্বা পরমহংসকুলৈঃ অতএব নিষ্কিঞ্চনৈঃ অভিমানশূন্যৈর্নিরপেক্ষৈর্বা অজস্রং জুষ্টান্ সেবিতান্। যদ্বা অজস্রং বিমুখানিতি সম্বন্ধঃ। তাদৃশে মহারসে সকৃৎ ক্ষণমপি যেঽভিমুখা ন ভবন্তি তানিত্যর্থঃ। অসত্ত্বং ব্যাপকমাহ নিরয়বর্ত্মনি স্বধর্ম্মশূন্যে গৃহে অনিবেদিতভোগাদৌ বা বদ্ধতৃষ্ণা যে তান্ দণ্ডার্থমিহানয়ধ্বং। এবং তেষাং লক্ষণং নিষ্ঠা চোক্তা ॥ ২৩৬ ॥

কিঞ্চ। যং যেষাং জিহ্বেত্যাদাবয়ঃ। ন ক্তং বিষ্ণুকৃত্যং ভগবদ্ভক্তং একাদশ্যাদিনাম-

---

গো সকলের দ্বেষকারী, তাহাদিগকে রাক্ষস বলা যায় ॥ ২৩৫ ॥

অতএব নিজদূতের প্রতি ধর্ম্মরাজের অনুশাসন

ষষ্ঠস্কন্ধে ৩ অধ্যায়ে ২৮। ২৯ শ্লোকে ॥

যম কহিলেন, হে দূতগণ! যাঁহাদিগকে দণ্ডার্থ এস্থানে আনয়ন করিতে হইবে, তাহা বলি শ্রবণ কর, যাহারা অসাধু ও নিষ্কিঞ্চন রসজ্ঞ পরমহংস সমূহ কর্ত্তৃক অজস্র সেবিত মুকুন্দপদারবিন্দ মকরন্দ রসপানে বিমুখ এবং নিরয়ের বর্ত্ম স্বরূপ যে স্বধর্ম্মশূন্য গৃহ তাহাতেই বদ্ধতৃষ্ণ হইয়া থাকে, তাহাদিগকে আমার নিকট আনয়ন করিও ॥ ২৩৬ ॥

অপর যাহাদের জিহ্বা ভগবানের গুণ বর্ণন অথবা নামোচ্চারণ না করে, কিম্বা যাহাদের চিত্ত ভগবচ্চরণাম্বুজের স্মরণে বিমুখ হয়,

কৃষ্ণায় নো নমতি যচ্ছির একদাপি
তানানয়ধ্বমসতোঽকৃতবিষ্ণুকৃত্যান্ ॥ ২৩৭ ॥

অথ শ্রীবৈষ্ণবনিন্দাদিদোষঃ ॥

স্কান্দে ॥

মার্কণ্ডেয়ভগীরথসম্বাদে ॥

যো হি ভাগবতং লোকমুপহাসং নৃপোত্তম।
করোতি তস্য নশ্যন্তি অর্থধর্ম্মযশঃসুতাঃ ॥ ২৩৮ ॥

কার্ত্তিকনিয়মাদি যৈস্তাংশ্চ একদাপীত্যস্য পূর্ব্ববাক্যদ্বয়ে সম্বন্ধঃ। অপিশব্দস্যাপি সর্ব্বত্রানুষঙ্গঃ তত্রশ্চায়মর্থঃ জিহ্বাপি গুণকৃতনামধেয়ং দীনবৎসল ইত্যাদিকমপি ন বক্তীতি যথা কথঞ্চিদেব নামোচ্চারণং। তচ্চ নিজার্ত্ত্যাদিহেতুনাপি নত্বর্থানুসন্ধানপূর্ব্বকং শ্রদ্ধয়া শ্রীকৃষ্ণস্য নাম সম্যগুচ্চারণং করোতীত্যর্থঃ। এবং চেতোঽপি তচ্চরণারবিন্দমপীতি যথা কথঞ্চিল্লোমাত্রেণৈবাঙ্গস্য স্পর্শনং নতু সর্ব্বাঙ্গস্য শ্রীমচ্চরণারবিন্দযোর্দ্ধয়োর্ব্বা সম্যগ্ধ্যানং। তথা শিরোঽপি কৃষ্ণায়াপীতি। শিরোঽভিনমনমাত্রেণ বন্দনং তচ্চ কৃষ্ণোদ্দেশেন যং কঞ্চিদপ্যালক্ষ্যেতি নতু সর্ব্বাঙ্গৈঃ সাক্ষাৎ শ্রীমূর্ত্ত্যাদিকং বেতি। এবং কথঞ্চিদপি শ্রীকৃষ্ণভক্তিলবরহিতা যে তানেবানয়ধ্বমিতি। অতএব জিহ্বাদিশব্দপ্রয়োগঃ। অন্যথা জিহ্বাদীনামেব বচনাদিব্যাপারাৎ পুনস্তত্তচ্ছব্দপ্রয়োগস্য বৈয়র্থ্যাপত্তেরিতি দিক্ ॥ ২৩৭ ॥

অসতাং নিষ্ঠামেব বিশেষতো দর্শয়ন্ তেষু চাসৎসু মধ্যে বৈষ্ণববিষয়কাপরাধিনোঽসত্তমমুখ্যা ইত্যাভিপ্রেত্য তেষাঞ্চ নিষ্ঠাদিকং পূর্ব্বতো বিশেষেণ পৃথক্ লিখতি যো হীত্যাদিনা অত্যন্ত ইত্যন্তেন ॥ ২৩৮ ॥

অথবা যাহাদের মস্তক কখন ভগবান্ শ্রীকৃষ্ণের পদারবিন্দে প্রণত না হয়, কিম্বা যে ব্যক্তিরা জন্মাবধি একবারও ভগবদ্ব্রত করে নাই, সেই সকল অসৎ লোকদিগকে আমার নিকট আনিও ॥ ২৩৭ ॥

অথ শ্রীবৈষ্ণবনিন্দাদি দোষ ॥

স্কন্দপুরাণের মার্কণ্ডেয় ভগীরথসম্বাদে ॥

হে রাজসত্তম! যে ব্যক্তি ভগবদ্ভক্তগণকে উপহাস করে, তাহার ধর্ম্ম, অর্থ, যশঃ ও সন্তান সমস্ত নষ্ট হয় ॥ ২৩৮ ॥

নিন্দাং কুর্ব্বন্তি যে মূঢ়া বৈষ্ণবানাং মহাত্মনাং।
পতন্তি পিতৃভিঃ সার্দ্ধং মহারৌরবসংজ্ঞিতে।
হন্তি নিন্দতি বৈ দ্বেষ্টি বৈষ্ণবান্নাভিনন্দতি।
ক্রুধ্যতে যাতি নো হর্ষং দর্শনে পতনানি ষট্ ॥ ২৩৯ ॥

তত্রৈবামৃতসারোদ্ধারে ॥

শ্রীযমোক্তৌ ॥

জন্মপ্রভৃতি যৎকিঞ্চিৎ সুকৃতং সমুপার্জ্জিতং।
নাশমায়াতি তৎসর্ব্বং পীড়য়েদযদি বৈষ্ণবান্ ॥

দ্বারকামাহাত্ম্যে ॥
প্রহ্লাদবলিসম্বাদে।

করপত্রৈশ্চ ফাল্যন্তে সুতীব্রৈর্যমশাসনৈঃ।

ভাগবতং প্রতি হন্তি প্রহরতি দর্শনে সত্যপি হর্ষং ন যাতি নাপ্নোতি। একানি ষট্ পতনানি পাতিত্যাপাদকানি নরকাবহানীত্যর্থঃ ॥ ২৩৯ ॥
অস্তু তাবৎ বৈষ্ণবনিন্দাকারিণাং পরমানর্থঃ বৈষ্ণবনিন্দাশ্রোতৃণামপি মহানরকং স্যাদিতি লিখতি নিন্দামিতি। ততস্তস্মাৎ নিন্দাশ্রবণাৎ তৎস্থানাদ্বা। সুকৃতাৎ পূর্ব্বপূর্ব্বকৃতাদপি

যে সকল মূঢ় মহাত্মা বৈষ্ণবদিগের নিন্দা করে, তাহারা পিতৃগণের সহিত মহারৌরব নরকে পতিত হয় ॥

যাহারা বৈষ্ণবদিগকে প্রহার করে, দ্বেষ করে এবং সমাদর করে না, প্রত্যুত তাঁহাদিগের প্রতি ক্রুদ্ধ হয় ও তাঁহাদিগের দর্শনে আনন্দানুভব করে না, এই ছয়টী তাহাদিগের নরকপতনের হেতু ॥ ২৩৯ ॥

ঐ স্কন্দপুরাণেরই অমৃতসারোদ্ধারে ॥

শ্রীযমের বাক্যে ॥

বৈষ্ণবদিগের যদি পীড়া উৎপাদন করে, তাহা হইলে জন্মাবধি যে কিছু পুণ্য সঞ্চয় করিয়াছে, তৎসমুদয় বিনষ্ট হয় ॥

দ্বারকামাহাত্ম্যে প্রহ্লাদ বলিসম্বাদে ॥

যে পাপপরায়ণ ব্যক্তিগণ মহাত্মা বৈষ্ণবদিগের নিন্দা করে, যম-

নিন্দাং কুর্ব্বন্তি যে পাপা বৈষ্ণবানাং মহাত্মনাং।
পূজিতো ভগবান্ বিষ্ণুর্জন্মান্তরশতৈরপি।
প্রসীদতি ন বিশ্বাত্মা বৈষ্ণবে চাপমানিতে ॥
দশমস্কন্ধে চ ॥
নিন্দাং ভগবতঃ শৃণ্বংস্তৎপরস্য জনস্য বা ॥
ততো নাপৈতি যঃ সোঽপি যাত্যধঃ সুকৃতাচ্চ্যুতঃ॥ ২৪০ ॥
অতএবোক্তং শ্রীবিষ্ণুধর্ম্মোত্তরে ॥
জীবিতং বিষ্ণুভক্তস্য বরং পঞ্চদিনানি চ।
নতু কল্পসহস্রাণি ভক্তিহীনস্য কেশবে ॥ ২৪১ ॥
অতএবোক্তং শ্রীভাগবতে ঐলোপাখ্যানান্তে ॥

[illegible] সন্ অপোগাক্তি নিন্দাকর্ত্তা চ সুকৃতাচ্চ্যুতো অধোযাতীতি কিম্বক্তব্যমিত্যপি [illegible] ॥ ২৪০ ॥
অতো ভগবদ্ভক্তস্য সদ্য এব মরণং শ্রেয়ঃ চিরজীবনং চ মহানর্থায়েবেত্যাশয়েন লিখন্তি জীবিতমিতি ॥ ২৪১ ॥

দূত সকল সুতীক্ষ্ণ করপত্র দ্বারা তাহাদিগকে বিদীর্ণ করিয়া থাকে ॥
যে ব্যক্তি বৈষ্ণবের অপমান করে, তদ্দ্বারা শত শত জন্মে বিশ্বাত্মা ভগবান্ বিষ্ণু পূজিত হইলেও তাহার প্রতি প্রসন্ন হয়েন না ॥

দশমস্কন্ধে ৭৪ অধ্যায়ে ২৬ শ্লোকে ॥

যে ব্যক্তি ভগবানের অথবা ভগবদ্ভক্তের নিন্দা শ্রবণ করিয়া তথা হইতে প্রস্থান না করে, সে ব্যক্তিও সুকৃতচ্যুত হইয়া নরকগামী হয় ॥ ২৪০ ॥

অতএব বিষ্ণুধর্ম্মোত্তরে কথিত হইয়াছে ॥

বিষ্ণুভক্তের বরং পাঁচদিন জীবন ধারণ করাও ভাল, তথাপি কেশবের প্রতি ভক্তিহীন হইয়া সহস্রকল্পপর্য্যন্ত জীবন ধারণও কোন ফলপ্রদ নহে ॥ ২৪১ ॥

অতএব একাদশস্কন্ধে ২৬ অধ্যায়ে ২৬ শ্লোকে
ঐল উপাখ্যানের অন্তে ॥

ততো দুঃসঙ্গমুৎসৃজ্য সৎসু সজ্জেত বুদ্ধিমান্।
সন্ত এবাস্য ছিন্দন্তি মনোব্যাসঙ্গমুক্তিভিঃ ॥ ২৪২ ॥
অথ শ্রীভগবদ্ভক্তান্ সল্লক্ষণবিভূষিতান্।
গত্বা তান্ দূরতো দৃষ্ট্বা দণ্ডবৎ প্রণমেন্মুদা ॥ ২৪৩ ॥
অথ শ্রীবৈষ্ণবসমাগমবিধিঃ ॥
তেজোদ্রবিণপঞ্চরাত্রে ॥
বৈষ্ণবো বৈষ্ণবং দৃষ্ট্বা দণ্ডবৎ প্রণমেদ্ভুবি।
উভয়োরন্তরা বিষ্ণুঃ শঙ্খচক্রগদাধরঃ ॥ ২৪৪ ॥

সন্তো ভগবদ্ভক্তা এব নতু কর্ম্মজ্ঞানাদিপরাঃ। মনসো ব্যাসঙ্গং গৃহাদ্যাসক্তিং কামাদি-সম্বন্ধম্। উক্তিভিঃ ভগবৎকথাহিতোপদেশৈঃ ॥ ২৪২ ॥
সদ্ভিরুক্তৈস্তপ্তমুদ্রাধারণাদিভির্লক্ষণৈর্বিভূষিতান্ ॥ ২৪৩ ॥
বৈষ্ণবো বৈষ্ণবং দৃষ্ট্বা প্রণমেদিতি দ্বয়োরন্যোন্যমেব প্রণামোঽভিপ্রেতঃ। অতএব তয়োরুভয়োর্বৈষ্ণবয়োর্মধ্যে বিষ্ণুর্ভবতি তিষ্ঠতীত্যর্থঃ। যচ্চ কৌর্ম্মে ব্যাসগীতায়াং। ন কুর্য্যা-দেবাঽভিবাদস্য দ্বিজঃ প্রত্যভিবাদনং। নাভিবাদ্যঃ স বিদুষা যথা শূদ্রস্তথৈব স ইতি প্রত্যভিবাদনমাত্রমুক্তং। তচ্চ স্মার্ত্তজনপরমিতি জ্ঞেয়ং। যদ্বা অভিবাদনপ্রত্যভিবাদ-নাভ্যাং প্রণাম প্রতিপ্রণাম বাচিভ্যামন্যোন্য নমস্কার এবাভিপ্রেত ইতি ॥ ২৪৪ ॥

অতএব বুদ্ধিমান্ ব্যক্তি দুঃসঙ্গ পরিত্যাগপূর্ব্বক সাধুসঙ্গে আসক্ত হইবেন, যেহেতু সাধুরা উপদেশ দ্বারা তাঁহার মনোব্যথা নষ্ট করেন ॥ ২৪২ ॥

অনন্তর তপ্তমুদ্রাদি বৈষ্ণবচিহ্নে বিভূষিত শ্রীভগবদ্ভক্তগণের নিকট গমন করিয়া আনন্দসহকারে দূর হইতে তাঁহাদিগকে দণ্ডবৎ প্রণাম করিবে ॥ ২৪৩ ॥

অথ শ্রীবৈষ্ণব আগমনে ব্যবস্থা ॥
তেজোদ্রবিণ পঞ্চরাত্রে ॥

বৈষ্ণব বৈষ্ণবকে দর্শন করিয়া ভূমিতে দণ্ডের ন্যায় পতিত হইয়া প্রণাম করিবে, যেহেতু শঙ্খ চক্র গদা পদ্মধারী বিষ্ণু উভয়েরই মধ্যবর্ত্তী ॥ ২৪৪ ॥

তত্র চ বিশেষো বৃহন্নারদীয়ে ॥

সভায়াং যজ্ঞশালায়াং দেবতায়তনেষ্বপি।
প্রত্যেকন্তু নমস্কারো হন্তি পুণ্যং পুরাকৃতং ॥
পুণ্যক্ষেত্রে পুণ্যতীর্থে স্বাধ্যায়সময়ে তথা।
প্রত্যেকন্তু নমস্কারো হন্তি পুণ্যং পুরাকৃতং ॥ ২৪৫ ॥
বৈষ্ণবঞ্চাগতং বীক্ষ্যাভিগম্যালিঙ্গ্য বৈষ্ণবং।
বৈদেশিকং প্রীণয়েয়ুর্দর্শয়ন্তঃ স্ববৈষ্ণবান্।
তথাচোক্তং শ্রীব্রহ্মণা তেজোদ্রবিণপঞ্চরাত্রে ॥
নারায়ণাশ্রয়ং ভক্তং দেশান্তরসমাগতং।
প্রীণয়েদ্দর্শয়ংস্তস্য ভক্ত্যা নারায়ণাশ্রয়ানিতি ॥

তত্র চ সর্ব্বান্ সভাস্থিতান্ একবৈব প্রণমেন্ন তু প্রত্যেকমিতি লিখতি সভায়ামিতি ॥২৪৫ এবং যাজ্ঞিকস্য কৃত্যং লিখিত্বা সভ্যানামপি কৃত্যং লিখতি বৈষ্ণবঞ্চেত্যাদিনা পূজান্তাবিবেকাভ্যন্তেন। বৈদেশিকং দূরদেশাদাগতঞ্চেৎ। স্বকীয়ান্ বৈষ্ণবান্ দর্শয়ন্তঃ তত্রত্যান্

শ্রীবৈষ্ণব প্রণাম বিষয়ে বিশেষ ব্যবস্থা।
বৃহন্নারদীয়পুরাণে ॥

সভায়, যজ্ঞশালায় এবং দেবমন্দির সকলে প্রত্যেককে ভিন্ন ভিন্ন প্রণাম করিলে পূর্ব্বকৃত পুণ্য নষ্ট করে ॥

পুণ্যক্ষেত্রে, পুণ্যতীর্থে এবং বেদাধ্যায়ন সময়ে প্রত্যেকের প্রতি যে নমস্কার, তাহা পূর্ব্বকৃত পুণ্য নষ্ট করে ॥ ২৪৫ ॥

বিদেশস্থ বৈষ্ণবকে সমাগত দেখিয়া নিকটে গমন পূর্ব্বক তাঁহাকে আলিঙ্গন করিবে এবং আপনার সঙ্গি বৈষ্ণবদিগকে তাঁহাদের নাম কথনাদি দ্বারা পরিচয় করাইয়া প্রীতি যুক্ত করাইবে ॥

তেজোদ্রবিণ পঞ্চরাত্রে ঐ প্রকারই ব্রহ্মা কহিয়াছেন ॥

দেশান্তর হইতে সমাগত নারায়ণাশ্রয় ভক্তকে দর্শন করিয়া নিজের নারায়ণাশ্রিত ভক্তগণকে দেখাইয়া ভক্তিপূর্ব্বক তাঁহার প্রীতি সাধন করিবেন ॥

ততশ্চ বৈষ্ণবঃ প্রীতঃ সন্তর্প্য বচনামৃতৈঃ।
সদ্বন্ধুরিব সংমান্যোঽন্যথা দোষো মহান্ স্মৃতঃ ॥ ২৪৬ ॥

অথ বৈষ্ণবসম্মাননিত্যতা।

স্কান্দে শ্রীমার্কণ্ডেয় ভগীরথসম্বাদে ॥

দৃষ্ট্বা ভাগবতং দৈবাৎ সম্মুখে যো ন যাতি হি।
ন গৃহ্নাতি হরিস্তস্য পূজাং দ্বাদশবার্ষিকীং।
যো ন গৃহ্নাতি ভূপাল বৈষ্ণবং গৃহমাগতং।
তস্মাৎ গৃহং পিতৃভিস্ত্যক্তং শ্মশানমিব ভীষণং।
অথবাভ্যাগতং দূরাৎ যো নার্চ্চয়তি বৈষ্ণবং।
স্বশক্ত্যা নৃপশার্দ্দূল নান্যঃ পাপরতস্ততঃ ॥ ২৪৭ ॥
শ্রান্তং ভাগবতং দৃষ্ট্বা কঠিনং যস্য মানসং।

কথনাদিনা পরিচর্য্যং কারণান্তঃ সন্তঃ ॥ ২৪৬ ॥
দূরাৎ দূরদেশাদভ্যাগতং ॥ ২৪৭ ॥
কঠিনং স্নেহাদ্রং ন স্যাৎ। ন চ প্রসীদতি। অতঃ স এব দুষ্টাত্মা শ্বপচাদপ্যধিকঃ

অতএব বৈষ্ণব সমাগত হইলে বচনামৃত দ্বারা পরিতৃপ্ত করিয়া সদ্বন্ধুর ন্যায় সম্মান করিবে, অন্যথা গুরুতর দোষ হয় ॥ ২৪৬ ॥

অথ বৈষ্ণবসম্মাননের নিত্যতা যথা ॥

স্কন্দপুরাণে শ্রীমার্কণ্ডেয় ভগীরথ সম্বাদে ॥

যে ব্যক্তি অকস্মাৎ ভগবদ্ভক্তকে দেখিয়া সম্মুখে গমন না করে, হরি তাহার দ্বাদশ বৎসরের পূজা গ্রহণ করেন না ॥

হে রাজন্! গৃহাগত বৈষ্ণবকে যে গ্রহণ করে না, তাহার শ্মশান তুল্য ভয়ানক গৃহ পিতৃগণ পরিত্যাগ করেন ॥

হে নৃপশ্রেষ্ঠ! দূরদেশ হইতে অভ্যাগত বৈষ্ণবকে যে ব্যক্তি শক্তি অনুসারে পূজা না করে, তাহা হইতে পাপপরায়ণ অন্য আর কেহ নাই ॥ ২৪৭ ॥

ভগবদ্ভক্তকে শ্রান্ত দেখিয়া যাহার মন স্নেহার্দ্র ও প্রসন্ন না হয়,

প্রসীদতি ন দুষ্টাত্মা শ্বপচাদধিকো হি সঃ।
বিপ্রং ভাগবতং দৃষ্ট্বা দীনমাতুরমানসং।
ন করোতি পরিত্রাণং কেশবো ন প্রসীদতি।
দৃষ্ট্বা ভাগবতং বিপ্রং নমস্কারেণ নার্চ্চয়েৎ।
দেহিনস্তস্য পাপস্য ন চ বৈ ক্ষমতে হরিঃ।
অপূজিতো যদা গচ্ছেদ্বৈষ্ণবো গৃহমেধিনঃ।
শতজন্মার্জ্জিতং ভূপ পুণ্যমাদায় গচ্ছতি ॥ ২৪৮ ॥
অনভ্যর্চ্চ্য পিতৄন্ দেবান্ ভুঞ্জতে হরিবাসরে।
তৎপাপং জায়তে ভূপ বৈষ্ণবানামতিক্রমে ॥ ২৪৯ ॥
পূর্ব্বং কৃত্বা তু সম্মানমবজ্ঞাং কুরুতে তু সঃ।

পরমাধম ইত্যর্থঃ। নমস্কারেণাপি নার্চ্চয়েৎ ॥ ২৪৮ ॥

হরিবাসরে চ যে ভুঞ্জতে তেষাং যৎ পাপং তৎ। অতিক্রমে অপূজনাদিনাপরাধে সতি ॥ ২৪৯ ॥

নরকাতিথিঃ বহুশ নরকদুঃখং চিরং ভুঙ্‌ক্তে ইত্যর্থঃ ॥ ২৫০ ॥

সে দুষ্টাত্মা শ্বপচ অপেক্ষাও অধিক ॥

হে বিপ্র! দীনভাবাপন্ন কাতর বৈষ্ণব ব্রাহ্মণকে দেখিয়া যে ব্যক্তি তাঁহাকে পরিত্রাণ করে না, কেশব তাহার প্রতি প্রসন্ন হয়েন না ॥

ভগবদ্ভক্ত ব্রাহ্মণকে দেখিয়া যে নমস্কার দ্বারা পূজা করে না, সেই পাপপরায়ণ দেহধারিকে হরি ক্ষমা করেন না ॥

বৈষ্ণব যাহার গৃহ হইতে অপূজিত হইয়া গমন করেন, হে রাজন্! তিনি সেই গৃহস্থের শতজন্মার্জ্জিত পুণ্য গ্রহণ করিয়া গমন করেন ॥ ২৪৮

যাহারা পিতৃগণ ও দেবগণকে অর্চ্চনা করে না এবং যাহারা একাদশীতে ভোজন করে তাহাদের যে পাপ হয়, হে রাজন্! বৈষ্ণবদিগের অতিক্রমে সেই পাপ হইয়া থাকে ॥ ২৪৯ ॥

হে মহীপাল! যে ব্যক্তি পূর্ব্বে বৈষ্ণবদিগের সম্মান করিয়া পশ্চাৎ

বৈষ্ণবানাং মহীপাল সান্বয়ো যাতি সংক্ষয়ং ॥
পাদ্মে বৈশাখমাহাত্ম্যে যমব্রাহ্মণসম্বাদে ॥
বৈষ্ণবং জনমালোক্য নাভ্যুত্থানং করোতি যঃ।
প্রণয়াদরতো বিপ্র স নরো নরকাতিথিঃ ॥ ২৫০ ॥
চতুর্থস্কন্ধে চ ॥
ব্যালালয়দ্রুমা বৈ তেঽপ্যরিক্তাখিলসম্পদঃ।
যদ্গৃহাস্তীর্থপাদীয়পাদতীর্থবিবর্জিতাঃ ॥ ২৫১ ॥
অথ বৈষ্ণবস্তুতিঃ ॥
স্কান্দে ॥
ধন্যোঽহং কৃতকৃত্যোঽহং যদ্যূয়ং গৃহমাগতাঃ।

ব্যালালয়াঃ সর্পালয়া বৃক্ষাঃ। অরিক্তাঃ পূর্ণাঃ অখিলাঃ সম্পদো যেষু তাদৃশা অপি। যদ্গৃহা যে গৃহাঃ তীর্থপাদীয়ানাং বৈষ্ণবানাং পাদতীর্থেন পাদোদকেন বা বিবর্জিতাঃ ॥২৫১॥ বচনামৃতৈঃ সন্তোষিতঃ ... তাদৃশ ... ইতি ... সন্তোষাদিতাদীনি সপ্ত। অত্র চ

অবজ্ঞা করে, সে সবংশে বিনষ্ট হয় ॥
পদ্মপুরাণের বৈশাখমাহাত্ম্যে যম ও ব্রাহ্মণসম্বাদে ॥
হে বিপ্র! যে ব্যক্তি বৈষ্ণবজনকে অবলোকন করিয়া প্রণয় এবং আদর সহকারে অভ্যুত্থান না করে, সেই মনুষ্য নরকের অতিথি জানিবা। ২৫০ ॥
চতুর্থস্কন্ধে ২২ অধ্যায়ে ১০ শ্লোকে ॥
পৃথু কহিলেন, যে সকল গৃহ সাধুবৈষ্ণবদিগের পাদতীর্থে অর্থাৎ চরণোদকে বর্জিত, সে সকল আলয় যদিও অখিল সম্পদে পরিপূর্ণ হয়, তথাপি সর্পদিগের আবাস বৃক্ষের তুল্য। ২৫১ ॥
অথ বৈষ্ণবস্তুতি ॥
স্কন্দপুরাণে ॥
আপনারা যখন আমার গৃহে আগমন করিয়াছেন, তখন আমি ধন্য

দুর্ল্লভং দর্শনং নূনং বৈষ্ণবানাং যথা হরেঃ ॥ ২৫২ ॥

মেরুমন্দরতুল্যা বৈ পুণ্যপুঞ্জা ময়া কৃতাঃ।

সংপ্রাপ্তং দর্শনং যদ্বৈ বৈষ্ণবানাং মহাত্মনাং ॥ ২৫৩ ॥

দশমস্কন্ধে শ্রীগর্গাচার্য্যং প্রতি শ্রীনন্দস্য বাক্যং ॥

মহদ্বিচলনং নৃণাং গৃহিণাং দীনচেতসাং।

নিঃশ্রেয়সায় ভগবন্ কল্পতে নান্যথা ক্বচিৎ ॥ ২৫৪ ॥

ধন্যোঽহমিত্যাদি বচনপাঠেন তদর্থনির্ব্বচনেন বা স্তুতিঃ কার্য্যেতি জ্ঞেয়ং ॥ ২৫২ ॥

যং যস্মাৎ যেভ্যঃ পুণ্যপুঞ্জেভ্য ইতি বা ॥ ২৫৩ ॥

মহতাং স্বাশ্রমাদন্যত্র বিচলনং গমনং ন স্বার্থং কিন্তু গৃহিণাং মঙ্গলায়। নন্ম তর্হি তে এব মহদ্দর্শনার্থং কিমিতি নাগচ্ছন্তি তত্রাহ দীনচেতসাং কৃপণানাং। ক্ষণমপি গৃহং ত্যক্তুমশক্তানামিত্যর্থঃ। যদ্বা। গৃহিণাং নিঃশ্রেয়সায় মহতাং বিচলনং ভগবৎপূজাপরত্যাদি স্বধর্ম্মত্যাগোঽপি কল্পতে যোগ্যং ভবতি। কুতঃ দীনচেতসাং সদা পরমার্ত্তানামিত্যর্থঃ স্বার্থানপেক্ষণাৎ নচ ক্বচিৎ কদাচিদপি অন্যথা পূজাহন্তাভাবার্থমিত্যর্থঃ ॥ ২৫৪ ॥

হইলাম, কৃতকৃত্য হইলাম, হরিদর্শনের ন্যায় নিশ্চয় বৈষ্ণবদিগের দর্শন দুর্ল্লভ ॥ ২৫২ ॥

আমি নিশ্চয় মেরু ও মন্দরপর্ব্বত তুল্য পুঞ্জ পুঞ্জ পুণ্য করিয়াছি, সেই কারণেই মহাত্মা বৈষ্ণবদিগের দর্শন প্রাপ্ত হইলাম ॥ ২৫৩ ॥

দশমস্কন্ধের ৮ অধ্যায়ে ২ শ্লোকে ।। ॥

গর্গাচার্য্যের প্রতি শ্রীনন্দের বাক্য ॥ না, সেই

নন্দ কহিলেন, হে ভগবন্! মহদ্ব্যক্তিগণ স্বীয় আশ্রম

অন্যত্র গমন করেন, তাহা তাঁহাদিগের স্বার্থ নিমিত্ত নহে, গৃহিগণের মঙ্গলার্থ, গৃহি ব্যক্তিরা অতিশয় কৃপণ, ক্ষণকালের নিমিত্তও না ॥২৪৮ ত্যাগ করিতে পারে না, মহাপুরুষেরা দয়া করিয়া স্বয়ং তা যাহারা গৃহে আসিয়া দর্শন দেন। প্রভো! মহাত্মাদিগের গৃহিগৃহে বৈষ্ণব- কারণ এতদ্ব্যতীত অন্য কোন প্রকারেই কল্পিত হইতে পারে পশ্চাৎ

চতুর্থস্কন্ধে সনকাদীন্ প্রতি পৃথুমহারাজস্য ॥

অহো আচরিতং কিং মে মঙ্গলং মঙ্গলায়নাঃ।
যস্য বো দর্শনং হ্যাসীদ্দুর্দর্শানাং চ যোগিভিঃ ॥ ২৫৫ ॥

অধনা অপি তে ধন্যাঃ সাধবো গৃহমেধিনঃ।
যদ্গৃহা হ্যর্হবর্য্যাম্বুতৃণভূমীশ্বরাবরাঃ ॥ ২৫৬ ॥

কচ্চিন্নঃ কুশলং নাথা ইন্দ্রিয়ার্থার্থবেদিনাং।
ব্যসনাবাপ এতস্মিন্ পতিতানাং স্বকর্ম্মভিঃ ॥ ২৫৭ ॥

মঙ্গলময়নং যেষাং হে মঙ্গলায়নাঃ। ময়া কিং মঙ্গলমাচরিতং যস্য মে। যোগিভিরপি দুর্দর্শানাং ॥ ২৫৫ ॥

যেষাং সাধূনাং গৃহাঃ অর্হাণাং পূজ্যানাং বর্য্যা বরণীয়াঃ শ্রীকারার্হাঃ চর্গোতি পাঠে আচরণযোগ্যাঃ। অম্বাদয়ো যেষু তাদৃশাঃ অথচ তৃণঞ্চ ভূমিশ্চ ঈশ্বরো গৃহস্বামী চ অবরাশ্চ ভৃত্যাদয়ঃ ॥ ২৫৬ ॥

হে নাথাঃ। কচ্চিদিতি প্রশ্নে। ইন্দ্রিয়ার্থং বিষয়মেব অর্থং পুরুষার্থং যে বিদন্তি তেষাং নঃ। ব্যসনানি উপ্যন্তে যস্মিন্ সংসারে ॥ ২৫৭ ॥

চতুর্থস্কন্ধের ২২ অধ্যায়ে ৭। ৯। ১২। ১৩ শ্লোকে
শ্রীসনকাদির প্রতি শ্রীপৃথুরাজের বাক্য ॥

পৃথু কহিলেন, অহো মহোদয়গণ! মঙ্গলই আপনাদের স্থান, [illegible] জানিব। এমন কি মঙ্গল অনুষ্ঠান করিয়াছিলাম যে, আপনাদের [illegible] হইলাম, আপনারা যোগিদিগেরও দুর্দর্শ ॥ ২৫৫ ॥

সেই সকল সাধু গৃহস্থ অধন হইলেও ধন্য বলিতে হয়, পৃথু [illegible]রা যাহাদের গৃহে গিয়া জল, তৃণ, ভূমি, গৃহ, স্বামি ও ভৃত্য-চরণোদকোর করেন ॥ ২৫৬ ॥

হয়, তথা[illegible]গণ! এই সংসার সমুদায় ব্যসনের বপনক্ষেত্রে আমরা [illegible]শতঃ ইহাতে পতিত হইয়া ইন্দ্রিয় সকলের বিষয়কেই [illegible]র্শাদি বিষয়সুখকেই পরমপুরুষার্থ বলিয়া বোধ করি। আ[illegible]দের কি এখানে কোন কুশল সম্ভাবনা আছে? ॥ ২৫৭ ॥

ভবৎসু কুশলং প্রশ্ন আত্মারামেষু নেষ্যতে।
কুশলাকুশলা যত্র ন সন্তি মতিবৃত্তয়ঃ ॥ ২৫৮ ॥

অথ বৈষ্ণবাভিগমনমাহাত্ম্যং ॥

স্কান্দে শ্রীমার্কণ্ডেয়ভগীরথসম্বাদে ॥

সম্মুখং ব্রজমানস্য বৈষ্ণবানাং নরাধিপ।
পদে পদে যজ্ঞফলং প্রাহুঃ পৌরাণিকা দ্বিজাঃ ॥ ২৫৯ ॥

অথ বৈষ্ণবস্তুতিমাহাত্ম্যং ॥

তত্রৈব।

প্রত্যক্ষং বা পরোক্ষং বা যঃ প্রশংশতি বৈষ্ণবং।

মহাভাগতানামেব কুশলং পৃচ্ছ্যতে নত্বাত্মনস্তত্রাহ ভবৎস্বিতি। কুশলা অকুশলাশ্চ মতেবৃত্তয়োঽপি যেষাং ন সন্তি ॥ ২৫৮ ॥

এবং বৈষ্ণবানামভিগমনং সম্মাননং স্তুতিঞ্চ লিখিত্বা ইদানীং তত্তন্মাহাত্ম্যং লিখতি সম্মুখমিত্যাদিনা নরা ইত্যন্তেন ॥ ২৫৯ ॥

শুক্লগামী শুক্লভাগঃ নৃণাং মধ্যে নর ইতি পাঠো বা ॥ ২৬০ ॥

হে মহোদয়গণ। আপনারা আমার গৃহে অভ্যাগত হইয়াছেন, গৃহস্থকে অভ্যাগতেরই কুশল প্রশ্ন করিতে হয়, আত্মমঙ্গল জিজ্ঞাসা করা কর্ত্তব্য নহে সত্য, কিন্তু আপনারা আত্মারাম,আত্মাতেই আপনাদের রতি, তাহাতে কুশল অথবা অকুশল জিজ্ঞাসা করা বিফল ॥ ২৫৮ ॥

অথ বৈষ্ণবদিগের নিকটে গমন মাহাত্ম্য ॥

স্কন্দপুরাণে শ্রীমার্কণ্ডেয় ও ভগীরথসম্বাদে ॥

হে রাজন্! বৈষ্ণদিগের সম্মুখে গমনকারি ব্যক্তির পদে পদে যজ্ঞ ফল লাভ হয়, পৌরাণিক ব্রাহ্মণেরা এই কথা কহিয়াছেন ॥ ২৫৯ ॥

অথ বৈষ্ণবস্তুতিমাহাত্ম্য ॥

ঐ স্কন্দপুরাণেই ॥

হে রাজন্! বিষ্ণু বলিয়াছেন, যে ব্যক্তি সম্মুখে বা পরোক্ষে বৈষ্ণবকে প্রসংশা করেন, তিনি যদি মনুষ্যগণের মধ্যে সর্ব্বদা ব্রহ্মহা, মদ্য-

ব্রহ্মহা মদপঃ স্তেনো গুরুতল্পী সদা নৃপ ।
মুচ্যতে পাতকাৎ সদ্যো বিপ্রাৎ নৃপোত্তম ॥ ২৬০ ॥

কিঞ্চ ॥

প্রত্যক্ষং বা পরোক্ষং বা যে প্রশংসন্তি বৈষ্ণবং ।
বাসুদেবপ্রসাদেন তে তরন্তি ভবার্ণবং ॥ ২৬১ ॥

অথ বৈষ্ণবসম্মাননমাহাত্ম্যং ॥

তত্রৈবামৃতসারোদ্ধারে ।

[illegible] জীর্যতি ।
[illegible] দিনে দিনে ।
[illegible] বৈষ্ণবে ।

[illegible] লিখিতু-
[illegible] বাহু-
[illegible]

[illegible] ইত্যর্থঃ ।

পাপী, স্বর্ণচৌর্য্য এবং গুরুতল্পগামী হন, তথাপি তিনি সেই পাতক হইতে তৎক্ষণাৎ মুক্তি প্রাপ্ত হয়েন ॥ ২৬০ ॥

আরও ॥

যাঁহারা প্রত্যক্ষে হউক বা পরোক্ষেই হউক, বৈষ্ণবকে প্রশংসা করেন, বাসুদেবের প্রসন্নতায় তাঁহারা ভবসাগর হইতে উত্তীর্ণ হয়েন ॥ ২৬১ ॥

অথ বৈষ্ণবসম্মাননের মাহাত্ম্য ॥

ঐ স্কন্দপুরাণেই অমৃতসারোদ্ধারে ॥

শ্রদ্ধাদত্ত অন্ন যদি বৈষ্ণবদিগের জঠরাগ্নিতে জীর্ণ হয়, তাহা হইলে ঐ অন্ন দিন দিন সুমেরুতুল্য হয় ॥

যে ব্যক্তি দেবকর্ম্মে বা পিতৃকর্ম্মে বৈষ্ণবকে জলমাত্র প্রদান

সপ্তোদধি সমং ভূত্বা পিতৄণামুপতিষ্ঠতি।

বিষ্ণুধর্ম্মে ॥

কিং দানৈঃ কিং তপোভির্ব্বা যজ্ঞৈশ্চ বিবিধৈঃ কৃতৈঃ।
সর্ব্বং সম্পাদ্যতে পুংসাং বিষ্ণুভক্তাভিপূজনাৎ।
পূজয়েৎ বৈষ্ণবানেতান্ প্রযত্নেন বিচক্ষণঃ।
স্বশক্ত্যা বৈষ্ণবেভ্যো যদ্দত্তং স্যাদক্ষয়ং ভবেৎ ॥

বৃহন্নারদীয়ে যজ্ঞমাল্যোপাখ্যানান্তে ॥

হরিভক্তিরতান্ যস্তু হরিবুদ্ধ্যা প্রপূজয়েৎ।
তস্য তুষ্যন্তি বিপ্রেন্দ্রা ব্রহ্মাবিষ্ণুশিবাদয়ঃ ॥ ২৬২ ॥
হরিপূজারতানাঞ্চ হরিনামরতাত্মনাং।
শুশ্রূষাভিরতা যান্তি পাপিনোঽপি পরাং গতিং ॥

হে বিপ্রেন্দ্রাঃ ॥ ২৬২ ॥

করে, সেই জন্য সপ্ত সমুদ্রের তুল্য হইয়া তাহার পিতৃলোকের নিকট উপস্থিত হয় ॥

বিষ্ণুধর্ম্মে ॥

দান, তপস্যা ও বিবিধ যজ্ঞ করিলে কি হইবে বিষ্ণুভক্তের অভি-পূজনে পুরুষদিগের সকল সম্পত্তি লাভ হয়, অতএব পণ্ডিত ব্যক্তি যত্নপূর্ব্বক এই সকল বৈষ্ণবদিগের পূজা করিবেন, স্বাশক্তি অনুসারে বৈষ্ণবগণকে যাহা দেওয়া যায় তাহাই অক্ষয় ফলজনক হয় ॥

বৃহন্নারদপুরাণে যজ্ঞমালীর উপাখ্যানের শেষে ॥

যে ব্যক্তি হরিভক্তিপরায়ণ বৈষ্ণবগণকে হরিবুদ্ধিতে পূজা করেন, হে ব্রাহ্মণশ্রেষ্ঠ! তাহার প্রতি ব্রহ্মা, বিষ্ণু ও শিব প্রভৃতি সন্তুষ্ট হয়েন ॥ ২৬২ ॥

যাঁহারা হরিপূজারত ও হরিনামপরায়ণ বৈষ্ণবদিগের শুশ্রূষায় অনুরক্ত, তাঁহারা পাপী হইলেও পরমগতি প্রাপ্ত হয়েন ॥

তত্রৈব যজ্ঞধ্বজোপাখ্যানস্যারম্ভে ॥

সংসারসাগরং তর্ত্তুং য ইচ্ছেন্মুনিপুঙ্গবাঃ।
স ভজেদ্ধরিভক্তানাং ভক্তাংস্তে পাপহারিণঃ ॥ ২৬৩ ॥

তদন্তে চ ॥

যো বিষ্ণুভক্তান্ নিষ্কামান্ ভোজয়েৎ শ্রদ্ধয়ান্বিতঃ।
ত্রিঃসপ্তকুলসংযুক্তঃ স যাতি হরিমন্দিরং ॥
বিষ্ণুভক্তায় যো দদ্যান্নিষ্কামায় মহাত্মনে।
পানীয়ং বা ফলং বাপি স এব ভগবান্ হরিঃ ॥
বিষ্ণুপূজাপরাণান্তু শুশ্রূষাং কুর্ব্বতে হি যে।
তে যান্তি বিষ্ণুভবনং ত্রিঃসপ্তপুরুষান্বিতাঃ ॥
কেশবপূজাপরো যস্য গৃহে বসতি সর্ব্বদা।

কে হরিভক্তভক্তাঃ। পাঠাং সংসারদুঃখস্য অপহারিণঃ ॥ ২৬৩ ॥
কেবঃ শ্রীকৃষ্ণস্য পূজাপরঃ ॥ ২৬৪ ॥

হে মুনিশ্রেষ্ঠগণ! যাঁহারা সংসারসাগর উত্তীর্ণ হইতে ইচ্ছা করেন, তিনি হরিভক্তদিগের ভক্তগণকে ভজনা করুন, তাঁহারা সংসার দুঃখ মোচন করিয়া থাকেন ॥ ২৬৩ ॥

ঐ উপাখ্যানের অন্তে ॥

যিনি শ্রদ্ধান্বিত হইয়া নিষ্কাম বিষ্ণুভক্তদিগকে ভোজন করান, তিনি একবিংশতি কুলের সহিত হরিমন্দিরে গমন করিবেন ॥

যিনি নিষ্কাম মহাত্মা বিষ্ণুভক্তকে জল কিম্বা ফল প্রদান করেন, তিনিই ভগবান্ হরি ॥

যাঁহারা বিষ্ণুভক্তিপরায়ণ ব্যক্তিদিগের শুশ্রূষা করেন, তাঁহারা একবিংশতি পুরুষের সহিত বিষ্ণুভবনে গমন করিয়া থাকেন ॥

যাঁহার গৃহে শ্রীকৃষ্ণপূজাপরায়ণ বৈষ্ণব সর্ব্বদা বাস করেন, সেই

তত্রৈব সর্ব্বদেবাশ্চ হরিশ্চৈব শ্রিয়ান্বিতঃ ॥ ২৬৪ ॥

লৈঙ্গে ॥

নারায়ণপরো বিদ্বান্ যস্যান্নং প্রীতমানসঃ।

অশ্নাতি তদ্ধরেরাস্যং গতমন্নং ন সংশয়ঃ ॥

স্বার্চ্চনাদপি বিশ্বাত্মা প্রীতো ভবতি মাধবঃ।

দৃষ্ট্বা ভাগবতস্যান্নং স ভুঙ্ক্তে ভক্তবৎসলঃ ॥ ২৬৫ ॥

ব্রাহ্মে শ্রীভগবদ্বাক্যং ॥

নৈবেদ্যং পুরতো ন্যস্তং দৃষ্ট্বৈব স্বীকৃতং ময়া।

ভক্তস্য রসনাগ্রেণ রসমশ্নামি পদ্মজ ॥ ২৬৬ ॥

পাদ্মোত্তরখণ্ডে শ্রীশিবোমাসম্বাদে ॥

স ভক্তবৎসলো মাধবঃ শ্রীকৃষ্ণঃ ॥ ২৬৫ ॥

পুরতঃ শ্রীশালগ্রামশিলাদিরূপিণো মমাগ্রতো ন্যস্তমেব সৎ ॥ ২৬৬ ॥

গৃহে সকল দেবতা এবং হরিও শ্রদ্ধান্বিত হইয়া বাস করেন ॥ ২৭৪ ॥

লিঙ্গপুরাণে ॥

নারায়ণপরায়ণ বিদ্বান্ ব্যক্তি প্রীতমনে যাহার অন্ন ভোজন করেন, সেই অন্ন হরির মুখকমল গত জানিতে হইবে, ইহাতে সংশয় নাই ॥

ভক্তবৎসল বিশ্বাত্মা শ্রীকৃষ্ণ আপনার পূজা অপেক্ষা বৈষ্ণবের অন্ন দেখিয়া প্রীতিযুক্ত হয়েন এবং তাহা ভোজন করেন ॥ ২৬৫ ॥

ব্রহ্মপুরাণে শ্রীভগবানের বাক্য ॥

হে ব্রহ্মন্! শালগ্রামশিলাদিরূপি আমার অগ্রে অর্পিত অন্ন অবলোকন করিয়াই আমি স্বীকার করি, কিন্তু ভক্তজনের জিহ্বাগ্রে রসাস্বাদন করিয়া থাকি ॥ ২৬৬ ॥

পদ্মপুরাণের উত্তরখণ্ডে শ্রীশিব ও উমাসম্বাদে ॥

আরাধনানাং সর্ব্বেষাং বিষ্ণোরারাধনং পরং।
তস্মাৎ পরতরং দেবি তদীয়ানাং সমর্চ্চনং ॥ ২৬৭ ॥
অর্চ্চয়িত্বা তু গোবিন্দং তদীয়ান্নার্চ্চয়েত্তু যঃ।
ন স ভাগবতো জ্ঞেয়ঃ কেবলং দাম্ভিকঃ স্মৃতঃ।
তস্মাৎ সর্ব্বপ্রযত্নেন বৈষ্ণবান্ পূজয়েৎ সদা।
সর্ব্বং তরতি দুঃখৌঘং মহাভাগবতার্চ্চনাৎ ॥ ২৬৮ ॥
একাদশে শ্রীভগবদ্বাক্যং ॥
বৈষ্ণবে বন্ধুসৎকৃত্যা ॥ ২৬৯ ॥
মদ্ভক্তপূজাভ্যধিকা ॥ ২৭০ ॥

পরং শ্রেষ্ঠং। পরতরং পরমশ্রেষ্ঠং ॥ ২৬৭ ॥
মহৎ যৎ ভাগবতানামর্চ্চনং তস্মাৎ ॥ ২৬৮ ॥
বৈষ্ণবেঽধিষ্ঠানে মৎপূজনঞ্চ তস্মিন্নেব বন্ধাৎ সম্মাননেনেত্যর্থঃ ॥ ২৬৯ ॥
পুনশ্চ কথয়িষ্যামি মদ্ভক্তেঃ কারণং পরমিতি প্রতিজ্ঞয়োক্তং মদ্ভক্তেতি। মদ্ভক্তানাং পূজা মত্তোঽপ্যভ্যধিকা বিশেষেণ কার্য্যেত্যর্থঃ ॥ ২৭০ ॥

যত যত আরাধনা আছে, সর্ব্বাপেক্ষা বিষ্ণুর আরাধনা শ্রেষ্ঠ, কিন্তু তাহা অপেক্ষাও বৈষ্ণবদিগের অর্চ্চনা পরম শ্রেষ্ঠ ॥ ২৬৭ ॥

যে মনুষ্য গোবিন্দের অর্চ্চনা করিয়া বৈষ্ণবদিগের অর্চ্চনা করে না, সে ভগবদ্ভক্ত বলিয়া বিদিত হয় না, তাহাকে কেবল দাম্ভিক জানিতে হইবে ॥

অতএব সকলকালে সর্ব্ব প্রযত্নে বৈষ্ণবদিগকে পূজা করিবে, কেননা মহাভাগবতের অর্চ্চনা করিলে সমস্ত দুঃখ হইতে উত্তীর্ণ হয় ॥ ২৬৮ ॥

একাদশস্কন্ধে ॥

বৈষ্ণবে বন্ধুসৎকার দ্বারা আমার পূজা করিবে ॥ ২৬৯ ॥

আমার পূজা অপেক্ষা আমার ভক্তের পূজা অধিক ॥ ২৭০ ॥

কিঞ্চ স্কান্দে ॥

শ্রীমার্কণ্ডেয়ভগীরথসম্বাদে ॥

কর্ম্মণা মনসা বাচা যেঽর্চ্চয়ন্তি সদা হরিং।
তেষাং বাক্যং নবৈঃ কার্য্যং তে হি বিষ্ণুসমা নরাঃ ॥ ২৭১ ॥

ইত্যাদৃতোঽসৌ শৃণুয়াদ্ভক্তিশাস্ত্রাণি তত্র চ।
শ্রীভাগবতমত্রাপি কৃষ্ণলীলাকথাং মুহুঃ ॥ ২৭২ ॥

অথ বৈষ্ণবশাস্ত্রমাহাত্ম্যং ॥

স্কান্দে শ্রীব্রহ্মনারদসম্বাদে ॥

এবমন্যাদিসম্মানেন সহ তেষাং বিচিত্র ইত্যাহ বাক্যপালনমপি সম্মানং কার্য্য ইতি লিখতি কর্ম্মণেতি। বন্দনাদিনা মনসা ধ্যানাদিনা বাচা স্তবাদিনা সদা যে অর্চ্চয়ন্তি। বরা বক্ষ্যামিনা তেষাং বচঃ কার্য্যমিতি সম্বন্ধঃ ॥ ২৭১ ॥

ইতি এবমাদৃতঃ সন্ ভগবদ্ভক্তিপ্রধানানি শাস্ত্রাণ্যেব বৈষ্ণবেভ্যঃ শৃণুয়াৎ। তত্র ভক্তি শাস্ত্রেষু চ মধ্যে শ্রীভাগবতং বিশেষতোঽপ্যশৃণুয়াৎ। তত্র শ্রীভাগবতেঽপি কৃষ্ণস্য লীলা কথাং দশমস্কন্ধাদিসম্বন্ধিনীমন্তু নিরন্তরং শৃণুয়াদিত্যর্থঃ ॥ ২৭২ ॥

আরও স্কন্দপুরাণে শ্রীমার্কণ্ডেয় ও ভগীরথসম্বাদে ॥

যাঁহারা কায়মনোবাক্য দ্বারা সর্ব্বদা হরির পূজা করেন, মনুষ্যগণ তাঁহাদিগের বাক্য প্রতিপালন করিবেন, যেহেতু তাঁহারা বিষ্ণু তুল্য ॥ ২৭১ ॥

এই প্রকার আদৃত হইয়া বৈষ্ণবদিগের নিকট ভগবদ্ভক্তি প্রধান শাস্ত্র সকল শ্রবণ করিবে, ভক্তিশাস্ত্র সকলের মধ্যে আবার বিশেষ করিয়া শ্রীমদ্ভাগবত শ্রবণ এবং শ্রীমদ্ভাগবতেও পুনর্বার দশমস্কন্ধ সম্বন্ধিনী শ্রীকৃষ্ণের লীলাকথা নিরন্তর শ্রবণ করিবে ॥ ২৭২ ॥

অথ বৈষ্ণবশাস্ত্রমাহাত্ম্য ॥

স্কন্দপুরাণে শ্রীব্রহ্মনারদসম্বাদে ॥

বৈষ্ণবানি চ শাস্ত্রাণি যে শৃণ্বন্তি পঠন্তি চ ।
ধন্যাস্তে মানবা লোকে তেষাং কৃষ্ণঃ প্রসীদতি ॥ ২১৩ ॥
বৈষ্ণবানি চ শাস্ত্রাণি যেঽর্চ্চয়ন্তি গৃহে নরাঃ ।
সর্ব্বপাপবিনির্ম্মুক্তা ভবন্তি সর্ব্ববন্দিতাঃ ॥
সর্ব্বস্বেনাপি বিপ্রেন্দ্র কর্ত্তব্যঃ শাস্ত্রসংগ্রহঃ ।
বৈষ্ণবৈস্তু মহাভক্ত্যা তুষ্ট্যর্থং চক্রপাণিনঃ ॥
তিষ্ঠতে বৈষ্ণবং শাস্ত্রং লিখিতং যস্য মন্দিরে ।
তত্র নারায়ণো দেবঃ স্বয়ং বসতি নারদ ॥
পৌরাণং বৈষ্ণবং শ্লোকং শ্লোকার্দ্ধমথবাপি চ ।

ভক্তিশাস্ত্রাদীনামেষাং প্রত্যেকং মাহাত্ম্যং লিখিষ্যন্নাদৌ সামান্যতো বিষ্ণুভক্তিসম্বন্ধি-শাস্ত্রমাহাত্ম্যং লিখতি । বৈষ্ণবানীত্যাদিনা সদেতাত্তেন । পূর্ব্বঞ্চ পূজাপ্রসঙ্গেন প্রসঙ্গে পুরাণপাঠস্য মাহাত্ম্যং লিখিতং অধুনা চ পূজানন্তরং সংসঙ্গে বৈষ্ণবশাস্ত্রশ্রবণাদীনাং মাহাত্ম্যমিতি ভেদঃ । কিন্তু প্রায়ো হয়োরৈক্যাৎ তত্র লিখিতং মাহাত্ম্যমত্র দ্রষ্টব্যমত্র লিখিতং তত্র চেতি ॥ ২১৩ ॥

পৌরাণং পুরাণসম্বন্ধিনং । বৈষ্ণবং বিষ্ণুপরং ॥ ২১৬ ॥

যাঁহারা বৈষ্ণবশাস্ত্র সকল শ্রবণ এবং পাঠ করেন, সংসার মধ্যে সেই সকল মনুষ্য ধন্য, তাঁহাদিগের প্রতি শ্রীকৃষ্ণ প্রসন্ন হয়েন ॥২১৩॥

যে সকল মনুষ্য আপনার গৃহে বৈষ্ণবশাস্ত্র সকলের পূজা করেন, তাঁহারা সমস্ত পাপ হইতে নির্ম্মুক্ত এবং সকলের বন্দনীয় হয়েন ॥

হে ব্রাহ্মণশ্রেষ্ঠ ! বৈষ্ণবগণ শ্রীকৃষ্ণের সন্তোষ নিমিত্ত মহাভক্তি-সহকারে বৈষ্ণবশাস্ত্র সকল সংগ্রহ করিবেন ॥

হে নারদ । যাঁহার গৃহে বৈষ্ণবশাস্ত্র লিখিত হইয়া অবস্থিতি করেন, সেই গৃহে স্বয়ং নারায়ণদেব বসতি করেন ॥

পুরাণসম্বন্ধীয় বিষ্ণুমাহাত্ম্য প্রতিপাদক এক শ্লোক অথবা অর্দ্ধ শ্লোক কিম্বা পাদশ্লোক যে ব্যক্তি পাঠ করে, তাহার সহস্র গোদানের

শ্লোকপাদং পঠেদ্যস্তু গোসহস্রফলং লভেৎ ॥ ২৭৪ ॥
দেবতানামৃষীণাঞ্চ যোগিনামপি দুর্ল্লভং।
বিপ্রেন্দ্র বৈষ্ণবং শাস্ত্রং মনুষ্যাণাঞ্চ কা কথা॥
তত্রৈব শ্রীকৃষ্ণার্জ্জুনসম্বাদে ॥
মম শাস্ত্রাণি যে নিত্যং পূজয়ন্তি পঠন্তি চ।
তে নরাঃ কুরুশার্দ্দূল মমাতিথ্যং গতাঃ সদা ॥ ২৭৫ ॥
মম শাস্ত্রপ্রবক্তারং মম শাস্ত্রানুচিন্তকং।
চিন্তয়ামি ন সন্দেহো নরং তং চাত্মবৎ সদা ॥ ২৭৬ ॥
অথ শ্রীমদ্ভাগবতমাহাত্ম্যং ॥
তত্রৈব জীবিতাদধিকং যেষাং শাস্ত্রং ভাগবতং কলৌ।

আতিথ্যং অতিথিবৎ পরমাদরণীয়ত্বমিত্যর্থঃ ॥ ২৭৫ ॥
চিন্তয়ামি কদাচিদপি ন বিস্মরামীত্যর্থঃ। যদ্বা তস্য যোগক্ষেমমনুসন্দধে ॥ ২৭৬ ॥
শ্রীতাঃ হৃষ্টাঃ সন্তঃ বল্গন্তি নৃত্যাদিকং কুর্ব্বন্তি ॥ ২৭৭ ॥

ফল লাভ হয় ॥ ২৭৪ ॥

হে ব্রাহ্মণশ্রেষ্ঠ! মনুষ্যগণের কথা কি বৈষ্ণবশাস্ত্র সকল ঋষিগণ, দেবগণ এবং যোগিগণেরও দুর্ল্লভ ॥

ঐ স্কন্দপুরাণেরই শ্রীকৃষ্ণার্জ্জুনসম্বাদে ॥

হে কুরুশ্রেষ্ঠ! যাঁহারা নিত্য আমার শাস্ত্র সকলের পূজা ও পাঠ করেন, সেই সকল মনুষ্য সর্ব্বদা আমার সম্বন্ধে অতিথির ন্যায় পূজনীয় হয়েন ॥ ২৭৫ ॥

যে মনুষ্য আমার শাস্ত্রের বক্তা এবং নিরন্তর আমার শাস্ত্রের চিন্তা করে, আমি সর্ব্বদা আপনার ন্যায় তাহাকে চিন্তা করি অর্থাৎ তাহার কল্যাণের প্রতি অনুসন্ধান রাখি, ইহাতে সন্দেহ নাই ॥ ২৭৬ ॥

অথ শ্রীমদ্ভাগবতমাহাত্ম্য ॥

ঐ স্কন্দপুরাণেই ॥

কলিযুগে যাঁহাদিগের জীবন অপেক্ষাও ভাগবতশাস্ত্র অধিক,

ন তেষাং ভবতি ক্লেশো যাম্যঃ কল্পশতৈরপি ।
ধারয়ন্তি গৃহে নিত্যং শাস্ত্রং ভাগবতং হি যে ।
আস্ফোটয়ন্তি বল্গন্তি তেষাং প্রীতাঃ পিতামহাঃ ॥ ২৭৭ ॥
যাবদ্দিনানি বিপ্রর্ষে শাস্ত্রং ভাগবতং গৃহে ।
তাবৎ পিবন্তি পিতরঃ ক্ষীরং সর্পির্মধূদকং ।
যেঽর্চ্চয়ন্তি সদা গেহে শাস্ত্রং ভাগবতং নরাঃ ।
প্রীণিতাস্তৈশ্চ বিবুধা যাবদাহূতসংপ্লবং ॥ ২৭৮ ॥
যচ্ছন্তি বৈষ্ণবে ভক্ত্যা শাস্ত্রং ভাগবতং হি যে ।
কল্পকোটিসহস্রাণি বিষ্ণুলোকে বসন্তি তে ।
শ্লোকার্দ্ধং শ্লোকপাদং বা বরং ভাগবতং গৃহে ।
শতশোঽথ সহস্রৈশ্চ কিমন্যৈঃ শাস্ত্রসংগ্রহৈঃ ॥ ২৭৯ ॥

আহূতেত্যত্র ভকারবর্জনে হলাদশ্চান্দসঃ। ভূতসংপ্লবো মহাপ্রলয়স্তংপর্যন্তং ॥ ২৭৮ ॥
ভাগবতং শ্রীভাগবতাদমিত্যর্থঃ ॥ ২৭৯ ॥

তাঁহাদিগের শতকল্পেও যমসম্বন্ধীয় ক্লেশ হয় না ॥

যাহারা নিত্য গৃহ মধ্যে ভাগবতশাস্ত্র স্থাপন করেন, তাঁহাদিগের পিতামহগণ হৃষ্টচিত্তে আস্ফোটন ও নৃত্য করিতে থাকেন ॥ ২৭৭ ॥

হে বিপ্রর্ষে ! যত দিন পর্য্যন্ত ভাগবতশাস্ত্র গৃহে অবস্থিতি করেন, তত সংখ্যক বৎসর পিতৃগণ ক্ষীর, ঘৃত, মধু ও জল পান করেন ॥

যে সকল মনুষ্য গৃহে ভাগবতশাস্ত্রের পূজা করেন, তাঁহারা মহাপ্রলয় পর্য্যন্ত দেবগণের তৃপ্তি সাধন করিয়াছেন ॥ ২৭৮ ॥

যাঁহারা ভক্তিসহকারে বৈষ্ণবকে ভাগবতশাস্ত্র প্রদান করেন, তাঁহাদের সহস্রকোটিকল্প বিষ্ণুলোকে বাস হয় ॥

যদি গৃহ মধ্যে শ্লোকার্দ্ধ বা শ্লোকপাদ ভাগবত অবস্থিতি করে, তাহাও ভাল, শত শত সহস্র সহস্র অন্য শাস্ত্র সংগ্রহ করার প্রয়োজন কি ? ॥ ২৭৯ ॥

ন যস্য তিষ্ঠতে গেহে শাস্ত্রং ভাগবতং কলৌ।
ন তস্য পুনরাবৃত্তির্যাম্যাৎ পাশাৎ কদাচন।
কথং স বৈষ্ণবো জ্ঞেয়ঃ শাস্ত্রং ভাগবতং কলৌ।
গৃহে ন তিষ্ঠতে যস্য স বিপ্রঃ শ্বপচাধমঃ।
যত্র যত্র ভবেদ্বিপ্র শাস্ত্রং ভাগবতং কলৌ।
তত্র তত্র হরির্যাতি ত্রিদশৈঃ সহ নারদ।
তত্র সর্ব্বাণি তীর্থানি নদীনদসরাংসি চ।
যত্র ভাগবতং শাস্ত্রং তিষ্ঠতে মুনিসত্তম।
তত্র সর্ব্বাণি তীর্থানি সর্ব্বে যজ্ঞাঃ সুদক্ষিণাঃ।
যত্র ভাগবতং শাস্ত্রং পূজিতং তিষ্ঠতে গৃহে।
কিঞ্চ॥

শ্রীভাগবতসংগ্রহস্য নিত্যতামাহ ন যস্যেতি দ্বাভ্যাং॥ ২৮০॥

কলিকালে যাঁহার গৃহে ভাগবতশাস্ত্র অবস্থিতি করেন না, তাহার কখন যমপাশ হইতে পুনরাবৃত্তি হয় না॥

কলিযুগে যাহার গৃহে ভাগবতশাস্ত্র অবস্থিতি করেন না, তাহাকে কি প্রকারে বৈষ্ণব বলিয়া জানা যায়, সেই ব্রাহ্মণ চণ্ডাল অপেক্ষাও অধম॥

কলিকালে যে স্থানে যে স্থানে ভাগবতশাস্ত্র অবস্থিতি করেন। হে নারদ! সেই স্থানে সেই স্থানে দেবগণের সহিত হরি গমন করিয়া থাকেন॥

হে মুনিশ্রেষ্ঠ! যে স্থানে ভাগবতশাস্ত্র অবস্থিতি করেন, সেই স্থানে নদী, নদ ও সরোবর প্রভৃতি সমুদায় তীর্থ অবস্থিত থাকেন॥

যে গৃহে ভাগবতশাস্ত্র পূজিত হইয়া অবস্থিত আছেন, সেই স্থানে সমুদায় তীর্থ ও দক্ষিণার সহিত সর্ব্বপ্রকার যজ্ঞ বিরাজমান রহিয়াছেন॥

আরও॥

নিত্যং ভাগবতং যস্তু পুরাণং পঠতে নরঃ ।
প্রত্যক্ষরং ভবেত্তস্য কপিলাদানজং ফলং ॥
শ্লোকার্দ্ধং শ্লোকপাদং বা নিত্যং ভাগবতোদ্ভবং
পঠেৎ শৃণোতি বা ভক্ত্যা গোসহস্রফলং লভেৎ ॥
যঃ পঠেৎ প্রযতো নিত্যং শ্লোকং ভাগবতং মুনে ।
অষ্টাদশপুরাণানাং ফলং প্রাপ্নোতি মানবঃ ॥ ২৮০ ॥
তত্রৈব মার্কণ্ডেয়ভগীরথসম্বাদে ॥
যো হি ভাগবতে শাস্ত্রে বিঘ্নমাচরতে পুমান্ ।
নাভিনন্দতি দুষ্টাত্মা কুলানাং পাতয়েচ্ছতং ॥ ২৮১ ॥
পাদ্মে গৌতমাম্বরীষসম্বাদে ॥
অম্বরীষ শুকপ্রোক্তং নিত্যং ভাগবতং শৃণু ।
পঠস্ব স্বমুখেনাপি যদীচ্ছসি ভবক্ষয়ং ।

বিঘ্নং তৎপাঠাদাবন্তরায়ং ন চ তদভিনন্দতি যঃ ॥ ২৮১ ॥

যে মনুষ্য নিত্য ভাগবত পুরাণ পাঠ করেন, সেই ভাগবতের প্রতি অক্ষরে কপিলা গোদান জনিত ফল হয় ॥

যে ব্যক্তি ভক্তিসহকারে ভাগবতস্থিত অর্দ্ধশ্লোক বা পাদশ্লোক নিত্য পাঠ বা শ্রবণ করেন, তাঁহার সহস্র গোদানের ফল লাভ হয় ॥

হে মুনে ! যে মানব শুদ্ধচিত্ত হইয়া নিত্য ভাগবতের শ্লোক পাঠ করেন, তিনি অষ্টাদশ পুরাণ পাঠের ফল প্রাপ্ত হয়েন ॥ ২৮০ ॥

ঐ স্কন্দপুরাণেই মার্কণ্ডেয় ও ভগীরথ সম্বাদে ॥

যে মনুষ্য ভাগবত পাঠাদিতে বিঘ্ন আচরণ করে এবং অভিনন্দনা করে না, সেই দুষ্টাত্মা আপনার শত কুলকে অধঃপাত করে ॥ ২৮১ ॥

পদ্মপুরাণে গৌতম ও অম্বরীষ সম্বাদে ॥

হে অম্বরীষ ! যদি সংসার নাশ করিতে ইচ্ছা করিয়া থাক, তাহা হইলে নিত্য শুকভাষিত ভাগবত শ্রবণ কর অথবা নিজমুখে পাঠ কর ।

শ্লোকং ভাগবতং বাপি শ্লোকার্দ্ধং পাদমেব বা ॥
লিখিতং তিষ্ঠতে যস্য গৃহে তস্য সদা হরিঃ।
বসতে নাত্র সন্দেহো দেবদেবো জনার্দ্দনঃ ॥
দ্বারকামাহাত্ম্যে শ্রীমার্কণ্ডেয় ইন্দ্রদ্যুম্নসম্বাদে ॥
শ্রীমদ্ভাগবতং শাস্ত্রং পঠতে কৃষ্ণসন্নিধৌ।
কুলকোটিশতৈর্যুক্তঃ ক্রীড়তে যোগিভিঃ সহ ॥ ২৮২ ॥
গারুড়ে ॥
অর্থোঽয়ং ব্রহ্মসূত্রাণাং ভারতার্থবিনির্ণয়ঃ।
গায়ত্রীভাষ্যরূপোঽসৌ বেদার্থপরিবৃংহিতঃ ॥
পুরাণানাং সামরূপঃ সাক্ষাদ্ভগবতোদিতঃ।
দ্বাদশস্কন্ধযুক্তোঽয়ং শতবিচ্ছেদসংযুতঃ।

কৃষ্ণসন্নিধৌ ক্রীড়তি। যোগিভিঃ ভক্তিযোগপরৈঃ। যদ্বা কৃষ্ণসংযোগবদ্ভিঃ সহ ক্রীড়তি ॥ ২৮২ ॥

ব্রহ্মসূত্রাণাং বেদান্তসূত্রাণাং পুরাণানাং মধ্যে সামরূপঃ শ্রেষ্ঠঃ ইত্যর্থঃ। সারেতি বা

যাঁহার গৃহে এক শ্লোক বা অর্দ্ধ শ্লোক অথবা পাদশ্লোক ভাগবত লিখিত হইয়া অবস্থিতি করে, তাঁহার গৃহে দেবদেব জনার্দ্দন হরি সর্ব্বদা বিরাজমান থাকেন ॥

দ্বারকামাহাত্ম্যে শ্রীমার্কণ্ডেয় ও ইন্দ্রদ্যুম্ন সম্বাদে ॥

যিনি শ্রীমদ্ভাগবতশাস্ত্র শ্রীকৃষ্ণের সম্মুখে পাঠ করেন তিনি আপনার কুলকোটিসমন্বিত হইয়া ভক্তিরসিক বৈষ্ণবগণের সহিত শ্রীকৃষ্ণ সন্নিধানে ক্রীড়া করেন ॥ ২৮২ ॥

গরুড়পুরাণে ॥

এই শ্রীমদ্ভাগবত বেদান্ত সূত্রের অর্থ, মহাভারতের অর্থ নির্ণয়, গায়ত্রীর ভাষ্যরূপ, বেদের অর্থ প্রকাশক এবং পুরাণ সকলের মধ্যে শ্রেষ্ঠ। অপর ইহা সাক্ষাৎ ভগবানের কথিত, দ্বাদশস্কন্ধ যুক্ত শত

রাজন্তে তাবদন্যানি পুরাণানি সতাং গণে।
যাবদ্ভাগবতং নৈব শ্রূয়তেঽমৃতসাগরঃ ॥ ২৯২ ॥
সর্ব্ববেদান্তসারং হি শ্রীভাগবতমিষ্যতে।
তদ্রসামৃততৃপ্তস্য নান্যত্র স্যাদ্রতিঃ ক্বচিৎ।
নিম্নগানাং যথা গঙ্গা দেবানামচ্যুতো যথা।
বৈষ্ণবানাং যথা শম্ভুঃ পুরাণানামিদং তথা ॥ ২৯৩ ॥
শ্রীমদ্ভাগবতং পুরাণমমলং যদ্বৈষ্ণবানাং প্রিয়ং
যস্মিন্ পারমহংস্যমেকমমলং জ্ঞানং পরং গীয়তে।

অমৃতং ভগবদ্ভক্তিরসঃ তস্য সাগরঃ ॥ ২৯২ ॥
তদ্রসঃ তস্যাস্বাদনং তৎপ্রীতি র্বা স এবামৃতং তেন তৃপ্তস্য অন্যত্র বেদান্তাদৌ ॥ ২৯৩ ॥
বৈষ্ণবানাং প্রিয়ত্বে হেতুমাহ। যস্মিন্নিত্যাদিনা পরমহংসৈঃ প্রাপ্যং। যদ্বা পরমহংসানা-মপি হিতং পরং জ্ঞানং ভগবদ্ভক্তিমাহাত্ম্যাদিবিষয়ং। অতোঽমলং সর্ব্বমলনিবর্ত্তকং যদ্বা শ্রীভাগবতে ব্যাখ্যাতং আদৌ জ্ঞানং তত্ত্বস্বরবেদনং ততো বিরাগঃ বিষয়াদি-বৈরাগ্যং ততো ভক্তিশ্চ শ্রবণাদিলক্ষণা তৎসহিতং নৈষ্কর্ম্ম্যং নিষ্কর্ম্মাণো ভগবদ্ভক্তৈস্তৈঃ প্রাপ্যং ভগবৎপ্রেম আবিষ্কৃতং সাক্ষাদিব দর্শিতং। এতৎ শ্রবণাদিপ্রবৃত্ত্যা এব স্বতন্ত্রতং বিমুক্তঃ। তৎ শ্রীমদ্ভাগবতং ভক্ত্যা শৃণ্বন্ বিপঠন্ কীর্ত্তয়ন্ বিচারণপরশ্চ তদর্থং বিচারয়ংশ্চ

তাবৎ কাল পর্য্যন্ত সাধুসমাজে অন্যান্য পুরাণ সমাদৃত হয়, যাবৎ কাল অমৃতসাগর এই পুরাণ শ্রুত না হয় ॥ ২৯২ ॥

এই শ্রীমদ্ভাগবত সর্ব্ব বেদান্তের সার, যে ব্যক্তি ইহার অমৃতরসে পরিতৃপ্ত তাঁহার আর কখন অন্যত্র রতি হয় না ॥

নদীর মধ্যে যেমন গঙ্গা, দেবতার মধ্যে যেমন বিষ্ণু, বিষ্ণুভক্তের মধ্যে যেমন মহাদেব, পুরাণের মধ্যে ইহাও সেইরূপ ॥ ২৯৩ ॥

এই নির্ম্মল ভাগবত পুরাণ বৈষ্ণবদিগের অতিপ্রিয়, ইহাতে পরমহংসপ্রাপ্য নির্ম্মল অদ্বিতীয় পরমজ্ঞান বিস্তৃত আছে এবং জ্ঞান বৈরাগ্য ভক্তির সহিত সমস্ত কর্ম্মের উপরম আবিষ্কৃত হইয়াছে, অতএব

যত্র জ্ঞানবিরাগভক্তিসহিতং নৈষ্কর্ম্ম্যমাবিষ্কৃতং

তচ্ছৃণ্বন্ বিপঠন্ বিচারণপরো ভক্ত্যা বিমুচ্যেন্নরঃ ॥ ২৯৪ ॥

অতএবোক্তং ॥

নিগমকল্পতরোর্গলিতং ফলং

শুকমুখাদমৃতদ্রবসংযুতং ।

সন্ নরঃ সর্ব্বো জনঃ বিশেষেণ মুচ্যতে শ্রীবৈকুণ্ঠলোকং প্রাপ্নোতীত্যর্থঃ ॥ ২৯৪ ॥

এবং প্রায়ঃ সাধনরূপত্বমস্য দর্শিতং অধুনা স্বতঃ পরমফলরূপত্বং দর্শয়ন্ সর্ব্বদা পরমাদরেণৈবেদং সেব্যমিতি লিখতি নিগমেতি। নিগমো বেদঃ স এব কল্পতরুঃ সর্ব্বপুরুষার্থোপায়ত্বাৎ সেবকস্যাভীষ্টপূরকত্বাচ্চ তস্য ফলমিদং শ্রীভাগবতং নাম তত্তু বৈকুণ্ঠগতং শ্রীনারদেনানীয় শ্রীব্যাসায় দত্তং তেন চ শ্রীশুকমুখে নিহিতং তচ্চ তন্মুখাদ্ভুবি গলিতং শিষ্যপ্রশিষ্যাদিরূপপল্লবপরম্পরয়া শনৈরখণ্ডমেবাবতীর্ণং নতূচ্চনিপাতেন স্ফুটিতমিত্যর্থঃ। অতএবামৃতরূপেণ দ্রবেণ সংযুতং। লোকে হি শুকমুখস্পৃষ্টং ফলমমৃতমিব স্বাদু ভবতীতি প্রসিদ্ধং। অত্র তু শুকো মুনিঃ। অমৃতং পরমানন্দঃ স এব দ্রবো রসঃ। রসো বৈ সঃ রসং হ্যেবায়ং লব্ধ্বানন্দী ভবতীতি শ্রুতেঃ। যদ্বা দ্রবয়তি জগচ্চিত্তমাদ্রবয়তীতি দ্রবঃ [illegible] পরমমধুরত্বাদিনা অমৃতরূপঃ শ্রীকৃষ্ণচরণারবিন্দবিষয়কপ্রেমেত্যর্থঃ। অতঃ হে রসিকাঃ তত্রাপি ভাবুকাঃ রসবিশেষভাবনাচতুরাঃ। অহো ভুবি গলিতমিত্যলভ্যলাভোক্তিঃ। ইদং ভাগবতং নাম ফলং মুহুঃ পিবত। ননু ত্বগষ্ট্যাদিকং বিহায় ফলাদ্রসঃ পীয়তে কথং ফলমেব পাতব্যং। তত্রাহ রসং রসরূপং। অতস্ত্বগষ্ট্যাদ্যংশস্যাভাবাৎ ফলমেব কৃৎস্নং পিবত। অত্র চ রসতাদাত্ম্যবিবক্ষয়া রসশব্দস্যাবিবক্ষিতত্বাৎ অগুণবচনেপি রসশব্দে মতুপঃ প্রাপ্ত্যভাবাৎ তেন বিনৈব রসং ফলমিতি সামানাধিকরণ্যং। অত্র ফলমিত্যুক্তে পাক্যাংশ [illegible] ত্বগাদ্যংশপ্রসক্তিশ্চ ভবেদিতি তন্নিবৃত্ত্যর্থং রসমিত্যুক্তং রসমিত্যুক্তেঽপি গলিতস্য রসস্য পাতুমশক্যত্বাৎ ফলমিত্যুক্তমিতি দ্রষ্টব্যং। নচ ভাগবতামৃতপানং মোক্ষেঽপি [illegible] মিত্যাহ আলয়ং লয়ো মোক্ষঃ অভিবিনাবাকারঃ। লয়মভিব্যাপ্য নহীদং স্বর্গাদিসুখবৎ

ইহা ভক্তির সহিত শ্রবণ, অধ্যয়ন ও বিচার করিলে মনুষ্য মুক্ত হয়॥২৯৪॥

অতএব ১ স্কন্ধের ১ অধ্যায়ে ৩ শ্লোকে ॥

এই ভাগবতশাস্ত্র সর্ব্বপুরুষার্থপ্রদায়ক বেদরূপ কল্পবৃক্ষের ফল, শুকমুখ হইতে গলিত হইয়া অবনীমণ্ডলে অখণ্ডরূপে পতিত হইয়াছে,

কথং গুণজ্ঞো বিরমেদৃতে পশুং
শ্রীর্যৎ প্রবব্রে গুণসংগ্রহেচ্ছয়া ॥ ৩৪৫ ॥

দশমারম্ভে শ্রীপরীক্ষিৎপ্রশ্নে ॥

নিবৃত্ততর্ষৈরুপগীয়মানা-

পত্নযাপেচ্ছয়াশ্রয়ণেনেতি দিক্। অথবা মৎকথাশ্রবণমাত্রেণ কৃতার্থা এবাসি কিং পুনস্তৎ শ্রবণাগ্রহেণ। তত্রাহ যশ ইতি। অন্যথা গুণজ্ঞতাভাবেন পশুত্বাপত্তেরিতি ভাবঃ। অন্যৎ সমানং ॥ ৩৪৫ ॥

অত্র লোকে ত্রিবিধা জনাঃ মুক্তা মুমুক্ষবো বিষয়িণশ্চ। তেষাং মধ্যে কস্যাপি নালমলং প্রত্যায় ইত্যাহ নিবৃত্ততর্ষৈরিতি। পরতৃষ্ণৈর্মুক্তৈরপীত্যর্থঃ। মুমুক্ষূণামপ্যুপাদেয়ত্বায় ইত্যাহ। ভবৌষধাদিতি। বিষয়িণাং পরমো বিষয়োঽপ্যয়মেবেত্যাহ শ্রোত্রমনোঽভিরামাদিতি। উত্তমঃশ্লোকস্য গুণা ভক্তবাৎসল্যাদয়ঃ। যদ্বা উত্তম শ্লোকা যুধিষ্ঠিরাদয়ো ভগবদ্ভক্তাস্তেষামপি গুণা মহিমানঃ। তেষামনুবাদঃ কথনং তস্মাৎ। যদ্বা। অনুবাদয়তীতি অনুবাদঃ শ্রবণং। শ্রোতৄণাং শ্রবণেনৈব বক্তুর্বচনপ্রবর্ত্তনাৎ। যদ্বা অনুবাদঃ কথা আখ্যায়িকেত্যর্থঃ। তস্মাৎ কো বিরজ্যেত নির্বিণ্ণো ভবেৎ বিরমেদিত্যর্থঃ। এবং মুক্তানাং পরমফলত্বেন মুমুক্ষূণাং সংসারদুঃখবিনাশনাত্মানন্দপ্রকাশনয়োঃ পরমসাধনত্বেন বিষয়িণাং চেন্দ্রিয়সুখপ্রদত্বেন সদা সেব্যত্বান্ন কেষাঞ্চিদপি তৃপ্তিরুচিতেতি ভাবঃ। যদ্যপি মুক্তানাং মুমুক্ষূণামপি বস্তুস্বভাবতঃ শ্রোত্রমনোঽভিরামত্বং স্যাদেব তথাপি একান্তিনো যস্য ন কঞ্চনার্থং বাঞ্ছন্তি যে বৈ ভগবৎপ্রপন্নাঃ। অত্যদ্ভুতং তচ্চরিতং সুমঙ্গলং গায়ন্ত আনন্দসমুদ্রমগ্নাঃ। ইত্যাদিন্যায়েন শ্রীনারদাদীনামিব জিতন্তে পুণ্ডরীকাক্ষেত্যাদি সঙ্কীর্ত্তনপর শ্রীশ্বেতদ্বীপনিবাসিনামিব চ মুক্তানাং প্রায়ঃ কীর্ত্তনপরত্বেন বহিরন্তশ্চানন্দরসনিমগ্নত্বাৎ। তথা মুমুক্ষূণাং কেবলং মোক্ষমাত্রাপেক্ষয়া বহিঃশ্রোত্রমনোঽভিরামতানপেক্ষণাৎ। ইন্দ্রিয়সুখৈকা-

---

বিরত হইতে পারে? ফলতঃ পশু ব্যতিরেকে অন্য কাহারও তাহা হইতে নিবৃত্ত হইতে ইচ্ছা হয় না, যেহেতু স্বয়ং কমলা সমস্ত পুরুষার্থ একত্রে সংগ্রহ করিবার বাসনায় ঐ যশঃ প্রার্থনা করিয়াছিলেন ॥ ৩৪৫ ॥

১০ স্কন্ধের ১ অধ্যায়ে ৪ শ্লোকে
শ্রীপরীক্ষিতের প্রশ্নে ॥

পরীক্ষিৎ কহিলেন, ব্রহ্মন্! এই লোকে তিন প্রকার মনুষ্য আছে,

ভবৌষধাচ্ছ্রোত্রমনোঽভিরামাৎ।
ক উত্তমশ্লোকগুণানুবাদাৎ
পুমান্ বিরজ্যেত বিনা পশুঘ্নাৎ ॥ ৩৪৬ ॥

পেক্ষকাণাং বিষয়িণাঞ্চ। বিষয়াসক্ত্যা লজ্জাদিনা চ কীর্ত্তনাসম্ভবাৎ শ্রবণমাত্রপরাণাং শ্রোত্র-মনোঽভিরামত্বমুক্তং। যদ্বা উপগানেন মুক্তানামপি স্বত এব শ্রোত্রমনোঽভিরামতা সিদ্ধাত্যেব মুমুক্ষূণাঞ্চ ভবৌষধত্বেন সদা তৎকীর্ত্তনশ্রবণস্মরণং। তেন চ তত্তদিন্দ্রিয়াভিরামত্বং সিদ্ধ-ত্যেব। বিষয়িণাঞ্চ পূর্ব্বোক্তযুক্ত্যা কেবলং শ্রোত্রমনসো রেবাভিরামত্বং। যদ্যপি বিষয়িণা-মপি কদাচিৎ জ্ঞানাদিনা বাহ্যাভিরামত্বমপি ঘটেত তথাপি শ্রীপরীক্ষিতা নিজশ্রবণাপেক্ষয়া শ্রীশুকগৌরবেণ চ তথোক্তং। এবং গুণানুবাদস্য সাধ্যত্বং সাধনত্বঞ্চ দর্শিতং। তত্র স্তুতি-ক্রমোল্লঙ্ঘনেন সাধ্যত্বাৎ পশ্চাৎ সাধনত্বোক্তিঃ। শ্রীপরীক্ষিতো বিনয়ভরেণ বিষয়িষু নিজান্তঃপাতবিবক্ষয়া। অতঃ সর্ব্বথা সৎসেব্যত্বাৎ কো বিরজ্যেত। কিন্তু। পুমাং-শ্চেৎ। শ্রীবৎসকঃ জীবচিত্তস্য কথঞ্চিদ্বিরজ্যেতাপীত্যর্থঃ। যদ্বা পুংস এব সর্ব্বত্র প্রাধা-ন্যাৎ পুমানিত্যুক্তং। তেন চ সর্ব্বোঽপি জনঃ উপলক্ষ্যতে। অপগতা শুক্ শোকো যস্মাৎ তমাত্মানং হন্তীতি অপশয়তস্মাৎ। পৃষোদরাদিত্বাৎ ইতি পকারলোপঃ। পশুঘাতিনো ব্যাধাদেরিতি বা। বিষয়িত্বসম্ভবেঽপি পশুঘাতাধিক্যনিরন্তরাতিপরিত্যাগাভিপ্রায়েণ শ্লোক-দ্বয়স্থিত্যপেক্ষয়া বিষয়িস্থানাগাদিকঃ পৃথঙ্নির্দ্দেশঃ। অস্মিন্ শ্লোকে অপীয়েত্যাদ্যভাবে-ঽপি শ্রবণানন্তরং কো বিরজ্যেতেত্যেব জ্ঞেয়ং। নবমস্কন্ধকথাশ্রবণানন্তরমেব শ্রীপরীক্ষিত এবৈতদুক্তেরিতি দিক্। অলমতিবিস্তরেণ ॥ ৩৭ ॥

মুক্ত, মুমুক্ষু এবং বিষয়ী। ইহাদের মধ্যে কোন প্রকার মানবেরই হরিচরিত্র শ্রবণে অলংবুদ্ধি হয় না অর্থাৎ এই পর্য্যন্তই অধিক আর শুনিব না বলিয়া বিরক্তি উৎপন্ন হয় না। ফলতঃ উত্তমঃশ্লোক ভগ-বানের গুণানুবাদ মুক্ত জন কর্ত্তৃক সর্ব্বদাই পরিগীত হয়, আর তাহা সংসার বিনাশের মহৌষধ, ইহাতে মুমুক্ষুদিগের তাহাই মোক্ষের উপায় আর ভগবদ্গুণানুবাদ শ্রোত্র ও মনের আনন্দজনক ইহাতে বিষয়ি-দিগেরও তাহাই পরমবিষয়। অতএব আত্মঘাতী অথবা পশুঘাতী ব্যতিরেকে কোন্ ব্যক্তি তাহা হইতে বিরত হইবে? ॥ ৩৪৬ ॥

অতএবোক্তং দেবৈঃ পঞ্চমস্কন্ধে ॥

ন যত্র বৈকুণ্ঠকথা সুধাপগা

ন সাধবো ভাগবতাস্তদাশ্রয়াঃ।

ন যত্র যজ্ঞেশমখা মহোৎসবাঃ

সুরেশলোকোঽপি ন বৈ স সেব্যতাং ॥ ৩৪৭ ॥

অতো নিষেব্যমাণাঞ্চ সর্ব্বথা ভগবৎকথাং।

মুহুস্তদ্রসিকান্ পৃচ্ছেন্মিথো মোদবিবৃদ্ধয়ে ॥ ৩৪৮ ॥

যত্র বৈকুণ্ঠকথামৃতনদ্যো ন সন্তি মধুরমধুরা ভগবৎকথাঃ সততং ন বর্ত্তন্তে। যদ্বা বৈকুণ্ঠস্য কথাসুধা আপগাশ্চ শ্রীগঙ্গাযমুনাদিনদ্যঃ। বৈকুণ্ঠশব্দেন তৎকথাসুধাপগানামপ্যকুণ্ঠত্বং সর্ব্বথা সূচিতং। তদাশ্রয়াঃ কথাপগাশ্রয়াঃ। মহান্তো নৃত্যাদ্যুৎসবা যেষু তথাভূতা যজ্ঞেশস্য বিষ্ণোর্মখা পূজাঃ। যদ্বা মহোৎসবাশ্চ জন্মাষ্টম্যাদিবিষয়কাঃ যজ্ঞেশশব্দেন স এব মখযোগ্যো নত্বন্য ইত্যভিপ্রেতং। যদ্বা গোবর্দ্ধনপ্রবর্ত্তকস্তৎযজ্ঞভোক্তা শ্রীগোবর্দ্ধনধরঃ শ্রীকৃষ্ণোঽভিহিতঃ। সুরেশস্য ব্রহ্মণোঽপি লোকো ন সেব্যতাং শ্রদ্ধয়া চিরং নোপভুজ্যতাং কিন্তু দ্রুতমেব পরিত্যজ্যতামিত্যর্থঃ। বৈ প্রসিদ্ধৌ ॥ ৩৪৭ ॥

অতোঽস্মান্মাহাত্ম্যবিশেষাদ্ধেতোঃ। অপ্যর্থে চকারঃ। সর্ব্বথা শ্রবণকীর্ত্তনস্মরণাদ্যখিলপ্রকারেণ নিতরাং সেব্যমানামপি। মিথঃ প্রষ্টৃশ্রোতৃবক্তৃণামন্যোন্যং প্রীতিবিবৃদ্ধয়ে ভগবৎকথারসিকান্ পৃচ্ছেৎ ॥ ৩৪৮ ॥

অতএব ৫ স্কন্ধে ১৯ অধ্যায়ে ২৫ শ্লোকে

দেবগণের বাক্য ॥

যাহা হউক যে স্থানে ভগবান্ বৈকুণ্ঠনাথের কথারূপ অমৃতবাহিনী নদী নাই, নৃত্যাদি উৎসবসমন্বিত ভগবান্ যজ্ঞেশ্বরের যজ্ঞরূপ পূজা নাই, সে স্থান ব্রহ্মলোক হইলেও সেবা করিবার যোগ্য নহে ॥ ৩৪৭ ॥

অতএব সর্ব্বপ্রকারে ভগবৎকথা শ্রবণ করা হইলেও ভগবৎকথা-রসিক ব্যক্তিদিগকে বারম্বার জিজ্ঞাসা করিবে তাহাতে পরস্পরের আনন্দ বৃদ্ধি হয় ॥ ৩৪৮ ॥

অথ ভগবৎকথাসক্তিঃ ॥

দশমস্কন্ধে ॥

সতাময়ং সারভৃতাং নিসর্গো

যদর্থবাণীশ্রুতিচেতসামপি।

প্রতিক্ষণং নব্যবদচ্যুতস্য যৎ

স্ত্রিয়া বিটানামিব সাধুবার্ত্তা ॥ ৩৪৯ ॥

অতএব তত্রৈব ॥

তুল্যশ্রুততপঃশীলাস্তুল্যস্বীয়ারিমধ্যমাঃ।

অপি চক্রুঃ প্রবচনমেকং শুশ্রূষবোঽপরে ইতি ॥ ৩৫০ ॥

সারভৃতাং সারগ্রাহিণাং সতাময়মেব নিসর্গঃ স্বভাবঃ। কোঽসৌ অচ্যুতস্য বার্ত্তা প্রতিক্ষণং সাধু যথা স্যাত্তথা নব্যবদ্ভবতীতি যৎ। বিটানাং স্ত্রৈণানাং স্ত্রিয়াঃ কামিন্যা বার্ত্তেব। কথম্ভূতানামপি সতাং অচ্যুতবার্ত্তৈব অর্থো যেষাং তানি বাণীশ্রুতিচেতাংসি যেষাং তথাভূতানামপি ॥ ৩৪৯ ॥

অতএব শ্রীশৌনকাদয়ঃ তথা চক্রুরিতি লিখতি তুল্যেতি। শ্রুতাদিভিরবিশেষাঃ অরিমিত্রোদাসীন হীনত্বেন নিরূপমকরুণাঃ অতঃ সর্ব্বে প্রবচনযোগ্যা অপি ভগবৎকথারসিকতয়া একং প্রবক্তারমন্যঞ্চ প্রষ্টারং কৃত্বা পরে শুশ্রূবুরিত্যর্থঃ ॥ ৩৫০ ॥

অথ ভগবৎকথায় আসক্তি ॥

দশমস্কন্ধে ১৩ অধ্যায়ে ২ শ্লোকে ॥

হে রাজন্! সারগ্রাহি সাধুপুরুষদিগের অচ্যুতবার্ত্তাই বাক্য কর্ণ এবং চিত্তের বিষয়, তাঁহাদিগের ইহাই স্বভাব যে, স্ত্রৈণপুরুষদিগের কামিনীবার্ত্তার ন্যায় ভগবান্ অচ্যুতের কথা প্রতিক্ষণ নব্যবৎ করিয়া থাকেন ॥ ৩৪৯ ॥

অতএব দশমস্কন্ধের ৮৭ অধ্যায়ে ৭ শ্লোকে ॥

তত্রস্থ ঋষিগণ স্বাধ্যায় তপঃ ও চরিত্রবিষয়ে এবং অরিমিত্র উদাসীনের প্রতি সকলেই সমানপ্রযুক্ত সকলেই প্রবচনযোগ্য হইলেও কৌতুকক্রমে একজনকে বক্তা করিয়া অন্যান্য সকলে শ্রবণ করিতে লাগিলেন ॥ ৩৫০ ॥

তথা বৈষ্ণবধর্ম্মাংশ্চ ক্রিয়মাণানপি স্বয়ং।
সপৃংচ্ছেত্তদ্বিদঃ সাধূনন্যোন্যপ্রীতিবৃদ্ধয়ে ॥ ৩৫১ ॥
শ্রদ্ধয়া ভগবদ্ধর্ম্মান্ বৈষ্ণবায়ানুপৃচ্ছতে।
অবশ্যং কথয়েদ্বিদ্বানন্যথা দোষভাগ্ ভবেৎ ॥
তদুক্তং ॥
নাখ্যাতি বৈষ্ণবং ধর্ম্মং বিষ্ণুভক্তস্য পৃচ্ছতঃ।
কলৌ ভাগবতো ভূত্বা পুণ্যং যাতি শতাব্দিকং ॥ ৩৫২ ॥
অথ শ্রীভগবদ্ধর্ম্মপ্রতিপাদনমাহাত্ম্যং ॥
স্কান্দে ব্রহ্মনারদসম্বাদে ॥

তথেতি পূর্ব্বলিখিত সমুচ্চয়ে। স্বয়ং ক্রিয়মাণানপি বৈষ্ণবধর্ম্মান্। তান্ বৈষ্ণবধর্ম্মান্ যে বিদন্তি তান্ সাধূন্ সম্যক্ পৃচ্ছেৎ ॥ ৩৫১ ॥

নম্ভু ভগবদ্ধর্ম্মাঃ পরমগোপ্যাঃ প্রশ্নমাত্রেণ কথং কথ্যাঃ তত্র লিখতি শ্রদ্ধয়েতি। বিদ্বান্ বৈষ্ণবধর্ম্মাভিজ্ঞশ্চেৎ অবশ্যং কথয়েদেব কুতঃ বৈষ্ণবায় তত্র চ শ্রদ্ধয়া বারং বারং পৃচ্ছতে। চতুর্থী দ্বিতীয়ার্থে সুগমত্বায় ॥ ৩৫২ ॥

আপনি বৈষ্ণবধর্ম্ম সকল যাজন করিলেও তথাপি যাঁহারা বৈষ্ণবধর্ম্ম সকলের তত্ত্বজ্ঞ, পরস্পর প্রীতিবৃদ্ধি নিমিত্ত তাঁহাদিগকে জিজ্ঞাসা করিবে ॥ ৩৫১ ॥

শ্রদ্ধাসহকারে বারম্বার বৈষ্ণবধর্ম্ম জিজ্ঞাসা করিলে, বিদ্বান্ ব্যক্তি অবশ্য বৈষ্ণবকে ভগবদ্ধর্ম্ম বলিবেন, অন্যথা দোষভাগী হইবেন ॥

এই বিষয় কথিত হইয়াছে ॥

কলিযুগে বিষ্ণুভক্তজন বৈষ্ণবধর্ম্ম জিজ্ঞাসা করিলে, যিনি ভগবদ্ভক্ত হইয়া তাঁহাকে বৈষ্ণবধর্ম্ম না বলেন, তাঁহার একশত বৎসরের পুণ্য ক্ষয় হয় ॥ ৩৫২ ॥

অথ ভগবদ্ধর্ম্ম প্রতিপাদন মাহাত্ম্য ॥
স্কন্দপুরাণে ব্রহ্মনারদসম্বাদে ॥

বৈষ্ণবে বৈষ্ণবং ধর্ম্মং যো দদাতি দ্বিজোত্তমঃ।
সসাগরমহীদানে যৎফলং লভতেঽধিকং ॥ ৩৫৩ ॥
কিঞ্চ তত্রৈব ॥
অজ্ঞানায় চ যো জ্ঞানং দদ্যাদ্ধর্ম্মোপদেশনং।
কৃৎস্নাং বা পৃথিবীং দদ্যাত্তেন তুল্যং হি তৎস্মৃতং ॥ ৩৫৪ ॥
বিষ্ণুধর্ম্মোত্তরে ॥
তৎকথাং শ্রাবয়েদ্যস্তু তদ্ভক্তান্ মানবোত্তমঃ।
গোদানফলমাপ্নোতি স নরস্তেন কর্ম্মণা।
পাদ্মে দেবদূতবিকুণ্ডলসম্বাদে ॥
জ্ঞানমজ্ঞায় যো দদ্যাদ্বেদশাস্ত্রসমুদ্ভবং।

যৎফলং ততোঽপ্যধিকং লভতে ॥ ৩৫৩ ॥

বিশেষতশ্চ ভগবদ্ধর্ম্মং সম্যগ্‌জ্ঞানতে বৈষ্ণবায় অবশ্যং কথয়েদিত্যাহ। অজ্ঞানায়েতি। ভগবদ্ধর্ম্মোপদেশনরূপং জ্ঞানং। যদ্বা সামান্যধর্ম্মোপদেশরূপমপি ॥ ৩৫৪ ॥

অর্চ্চন্তি অর্চ্চয়ন্তি। যতঃ আত্মনোঽন্যেষামপি সংসারমোচকঃ ॥ ৩৫৫ ॥

যে দ্বিজোত্তম বৈষ্ণবকে বৈষ্ণবধর্ম্ম প্রদান করেন, সাগরসহ পৃথিবী দান করিলে যে ফল হয় তদপেক্ষা তাঁহার অধিক ফললাভ হয় ॥৩৫৩॥

আরও ঐ স্থানেই ॥

যিনি অজ্ঞান ব্যক্তিকে ধর্ম্মোপদেশ প্রদান করেন, সমস্ত পৃথিবী দান করিলে যে পুণ্য হয়, তাঁহার তত্তুল্য পুণ্যলাভ হইয়া থাকে ॥৩৫৪

বিষ্ণুধর্ম্মোত্তরে ॥

যে মনুষ্যশ্রেষ্ঠ বিষ্ণুভক্তদিগকে বিষ্ণুকথা শ্রবণ করান, সেই মনুষ্য গোদানের ফল প্রাপ্ত হয়েন ॥

পদ্মপুরাণে দেবদূত বিকুণ্ডল সম্বাদে ॥

যে ব্যক্তি বেদশাস্ত্রসমুৎপন্ন জ্ঞান অজ্ঞানব্যক্তিকে প্রদান করেন,

অপি দেবাস্তমর্চ্চন্তি ভববন্ধবিদারকং ॥ ৩৫৫ ॥

বৃহন্নারদীয়ে ॥

সৎসঙ্গদেবার্চ্চনসৎকথাসু

পরোপদেশেঽভিরতো মনুষ্যঃ।

স যাতি বিষ্ণোঃ পরমং পদং ত-

দ্দেহাবসানেঽচ্যুততুল্যতেজাঃ ॥ ৩৫৬ ॥

তে চ শ্রীভগবদ্ধর্ম্মা ভগবদ্ভক্তলক্ষণৈঃ।

ব্যঞ্জিতাঃ কতিচিন্মুখ্যা লিখ্যন্তেঽত্র পরেঽপি তে ॥ ৩৫৭ ॥

সৎসঙ্গাদিষু পরোপদেশে চ যোঽভিরতঃ। যদ্বা। সৎসঙ্গাদিষু বিষয়েষু যঃ পরং প্রত্যুপদেশস্তস্মিন্ যোঽভিরতঃ। তৎ অনির্ব্বচনীয়ং। যদ্বা তস্য উপদেশসম্বন্ধিনো দেহস্যান্ত এব নতু জন্মান্তরে ইত্যর্থঃ। ভগবত্তুল্যতেজাঃ সন্ সারূপ্যাদিপ্রাপ্তেঃ ॥ ৩৫৬ ॥

কে তে বৈষ্ণবধর্ম্মা ইত্যপেক্ষায়াং লিখতি। পূর্ব্বলিখিতৈর্ভগবদ্ভক্তানাং লক্ষণৈর্ব্বারভূতৈর্মুখ্যাঃ শ্রেষ্ঠাঃ কতিচিদ্ব্যঞ্জিতাঃ ব্যক্তীকৃতা এব। অপরেঽপি তে। শ্রীভগবদ্ধর্ম্মাঃ কতিচিদত্র লিখ্যন্তে। শ্রীভগবদ্ধর্ম্মা ভক্তেরঙ্গান্যেব তানি চ মুখ্যানি গৌণানি চ কানিচিচ্চ তৎসাধনানি সর্ব্বাণ্যেব একমাত্র লেখ্যানীত্যর্থঃ ॥ ৩৫৭ ॥

সেই সংসারমোচক ব্যক্তিকে দেবগণও পূজা করিয়া থাকেন ॥ ৩৫৫ ॥

বৃহন্নারদপুরাণে ॥

যে মনুষ্য সৎসঙ্গ, দেবার্চ্চন, সৎকথা এবং পরোপদেশে অনুরক্ত, তিনি সেই দেহের অবসানে অচ্যুততুল্য তেজস্বী হইয়া বিষ্ণুর পরমপদে গমন করেন ॥ ৩৫৬ ॥

পূর্ব্বলিখিত ভগবদ্ভক্তলক্ষণ দ্বারা কতিপয় মুখ্য শ্রীভগবদ্ধর্ম্ম প্রকাশ করা হইয়াছে, সম্প্রতি এস্থলে অপর কতকগুলি শ্রীভগবদ্ধর্ম্ম লিখিত হইতেছে ॥ ৩৫৭ ॥

তে তু যদ্যপি বিখ্যাতাঃ শ্রীমদ্ভাগবতাদিষু ।
তথাপি যত্নাদেকত্র সংগৃহ্যন্তে সসাধনাঃ ॥ ৩৫৮ ॥

অথ ভগবদ্ধর্ম্মাঃ ॥

তে চোক্তাঃ কাশীখণ্ডে দ্বারকামাহাত্ম্যে চন্দ্রশর্ম্মণা ।
অদ্য প্রভৃতি কর্ত্তব্যং যন্ময়া কৃষ্ণ তচ্ছৃণু ।
একাদশ্যাং ন ভোক্তব্যং কর্ত্তব্যো জাগরঃ সদা ।
মহোৎসবঃ প্রকর্ত্তব্যঃ প্রত্যহং পূজনন্তব ॥
পলার্দ্ধেনাপি বিদ্ধস্তু ভোক্তব্যং বাসরন্তব ।
ত্বৎপ্রীত্যাষ্টৌ ময়া কার্য্যা দ্বাদশ্যো ব্রতসংযুতাঃ ॥

ননু শ্রীভগবদ্ধর্ম্মাঃ সর্ব্বশাস্ত্রেষু ব্যক্তমেব বর্ত্তন্তে কিন্তু লিখনশ্রমেণ সত্যং তথাপি নানা-স্থানস্থিতানি সমাহৃত্য সবিশেষমেকত্র সংগৃহ্যন্ত ইতি লিখতি । তে ত্বিতি । এবং উক্ত-লক্ষণেষু পূর্ব্বং লিখিতানামপি কেষাঞ্চিৎ পুনরত্র সংগৃহীতবচনান্তর্বর্ত্তিত্বেন লিখনাদিনি ন দোষঃ । একত্রৈব সুখলাভাৎ । সসাধনা ভগবদ্ধর্ম্মস্য সাধনৈঃ সহিতাঃ । তানি চাত্রে তত্র তত্রৈবাভিব্যঞ্জয়িতব্যানি ॥ ৩৫৮ ॥

যদিচ সেই সকল শ্রীভগবদ্ধর্ম্ম শ্রীমদ্ভাগবতাদিতে স্পষ্টরূপে বর্ণিত আছে, তথাপি সুলভ নিমিত্ত সাধনের সহিত সেই সকল বচন গুলি একত্র সংগ্রহ করিতেছি ॥ ৩৫৮ ॥

অথ ভগবদ্ধর্ম্ম সকল ॥

কাশীখণ্ডে দ্বারকামাহাত্ম্যে চন্দ্রশর্ম্মা কর্ত্তৃক
ঐ সকল ভাগবদ্ধর্ম্ম কথিত হইয়াছে যথা ॥

হে কৃষ্ণ ! আজ অবধি আমি যাহা করিব তাহা বলি শ্রবণ করুন, একাদশীতে ভোজন করিব না, সর্ব্বদা জাগরণ করিব, প্রত্যহ মহোৎ-সব এবং তোমার পূজা করিব । একাদশী ও জন্মাষ্টমী প্রভৃতি তোমার দিবস অর্দ্ধপল দ্বারাও বিদ্ধ হইলে তাহাতে ভোজন করিব । তোমার প্রীতি সাধন জন্য ব্রতসংযুক্ত অষ্টমহাদ্বাদশী পালন করিব, প্রাণ ও

ভক্তির্ভাগবতী কার্য্যা প্রাণৈরপি ধনৈরপি।
নিত্যং নামসহস্রন্তু পঠনীয়ন্তব প্রিয়ং।
পূজা তু তুলসীপত্রৈর্ম্ময়া কার্য্যা সদৈব হি।
তুলসীকাষ্ঠসম্ভূতা মালা ধার্য্যা সদা ময়া।
নৃত্যগীতং প্রকর্ত্তব্যং সংপ্রাপ্তে জাগরে তব।
তুলসীকাষ্ঠসম্ভূতচন্দনেন বিলেপনং।
করিষ্যামি তবাগ্রে চ গুণানাং তব কীর্ত্তনং।
মথুরায়াং প্রকর্ত্তব্যং প্রত্যব্দং গমনং মযা।
ত্বৎকথাশ্রবণং কার্য্যং তথা পুস্তকবাচনং॥ ৩৫৯॥
নিত্যং পাদোদকং মূর্দ্ধ্না ময়া ধার্য্যং প্রযত্নতঃ।
নৈবেদ্যভক্ষণঞ্চাপি করিষ্যামি যতব্রতঃ।
নির্ম্মাল্যং শিরসা ধার্য্যং ত্বদীয়ং সাদরং ময়া।
তব দত্ত্বা যদিষ্টন্তু ভক্ষণীয়ং মুদা ময়া॥ ৩৬০॥

বাসরং একাদশীজন্মাষ্টম্যাদি। ভক্তিঃ পরিচর্য্যা লক্ষণা। পুস্তকং শ্রীভাগবতাদি॥ ৩৫৯॥
ইষ্টং প্রিয়ং যদ্বস্তু তৎ তুভ্যং দত্ত্বা সমর্প্যৈব ময়া ভক্ষণীয়ং॥ ৩৬০॥

ধনের দ্বারাও ভগবদ্ভক্তি যাজন করিব। নিত্য তোমার প্রিয় সহস্র নাম পাঠ করিব। আমি সর্ব্বদা তুলসীপত্র দ্বারা পূজা করিব। তুলসীকাষ্ঠ নির্ম্মিত মালা ধারণ করিব। তোমার জাগর অর্থাৎ একাদশীরাত্রিতে জাগরণ উপস্থিত হইলে তাহাতে নৃত্য গীত করিব। তুলসীকাষ্ঠসম্ভূত চন্দন দ্বারা অঙ্গ বিলেপন এবং তোমার অগ্রে তোমার গুণ সকল কীর্ত্তন করিব। প্রতি বৎসর মথুরায় গমন করিব এবং তোমার কথা শ্রবণ ও পুস্তক পাঠ করিব॥ ৩৫৯॥

আমি প্রত্যহ যত্নসহকারে তোমার পাদোদক মস্তকে ধারণ এবং নিয়মপূর্ব্বক নৈবেদ্যও ভক্ষণ করিব। আমি আদরসহকারে তোমার নির্ম্মাল্য মস্তকে ধারণ করিব এবং যে বস্তু প্রিয় তাহা তোমাকে নিবেদন করিয়াই ভক্ষণ করিব॥ ৩৬০॥

তথা তথা প্রকর্ত্তব্যং তব তুষ্টিঃ প্রজায়তে।
সত্যমেতন্ময়া কৃষ্ণ তবাগ্রে পরিকীর্ত্তিতং ॥ ৩৬১ ॥
সপ্তমস্কন্ধে শ্রীপ্রহ্লাদেন ॥
গুরুশুশ্রূষয়া ভক্ত্যা সর্ব্বলাভার্পণেন চ।
শ্রদ্ধয়া তৎকথায়াঞ্চ সাধুসঙ্গেন চৈব হি।
তৎপাদবন্দনাদ্যৈশ্চ তল্লিঙ্গেক্ষার্হণাদিভিঃ ॥ ৩৬২ ॥
হরিঃ সর্ব্বেষু ভূতেষু ভগবানাস্ত ঈশ্বরঃ।
ইতি ভূতানি মনসা কামৈস্তৈঃ সাধু মানয়েৎ ॥ ৩৬৩ ॥

তচ্চ সর্ব্বং তব প্রীত্যর্থমেব যথাবিধি কার্য্যং ন স্বস্থানমিত্যাহ তথেতি। যদ্বা যুক্ত মন্তদপি সংগৃহ্লাতি তথা তথেতি তত্তৎপ্রকারেণেত্যর্থঃ ॥ ৩৬১ ॥

গুরোঃ শুশ্রূষয়া তস্যৈব ভক্ত্যা প্রেম্না। তস্মিন্নেব সর্ব্বেষাং লাভানাং লব্ধানামর্পণেন চ। সাধবঃ সদাচারা যে ভক্তা বৈষ্ণবাস্তেষাং সঙ্গেন। তল্লিঙ্গানাং শ্রীমূর্ত্তীনামীক্ষণমর্হণঞ্চাদি-শেষাং বন্দনাদীনাং তৈশ্চ ॥ ৩৬২ ॥

কামৈশ্চ তত্তদভীষ্টদানৈঃ। এবং নির্দ্দিষ্টৈঃ ষড়্বর্গৈঃ ক্রিয়তে ভক্তিরিত্যনেন সর্ব্বেষামেবান্বয়ঃ। অত্র চ ঈশ্বরারাধনাদীনি ভক্ত্যঙ্গানি তৎসাধনানি চ গুরুশুশ্রূষাদীনি জ্ঞেয়ানি ॥৩৬৩॥

হে কৃষ্ণ! আমি তোমার অগ্রে সত্য করিয়া বলিতেছি, যাহাতে যাহাতে তোমার তুষ্টি জন্মে, যথাবিধি তাহাই করিব ॥ ৩৬১ ॥

সপ্তমস্কন্ধে ৭ অধ্যায়ে ২৫ শ্লোকে প্রহ্লাদের বাক্য ॥

প্রহ্লাদ কহিলেন, হে বালকগণ! গুরুশুশ্রূষা, গুরুভক্তি, গুরুর প্রতি লব্ধবস্তু সমর্পণ, সাধু ও ভগবদ্ভক্তজন সংসর্গ, ঈশ্বরারাধনা ॥

ভগবৎকথায় শ্রদ্ধা, তাঁহার গুণকর্ম্ম কীর্ত্তন, তদীয় চরণারবিন্দ ধ্যান, তাঁহার মূর্ত্তি সকল দর্শন ও অর্চ্চনাদি ॥ ৩৬২ ॥

তথা ভগবান্ হরিকে সর্ব্বভূতে বর্ত্তমান চিন্তন এবং সকলভূতকে অভীষ্ট দান দ্বারা উত্তমরূপে সম্মান করিবে ॥ ৩৬৩ ॥

একাদশে চ শ্রীকবিযোগেশ্বরেণ ॥

যে বৈ ভগবতা প্রোক্তা উপায়া আত্মলব্ধয়ে।

অঞ্জঃ পুংসামবিদুষাং বিদ্ধি ভাগবতান্ হি তান্ ॥ ৩৬৪ ॥

তত্রৈব প্রবুদ্ধযোগেশ্বরেণ ॥

সর্ব্বতো মনসোঽসঙ্গমাদৌ সঙ্গঞ্চ সাধুষু।

সামান্যেন ভাগবতলক্ষণমাহ যে বৈ ইতি। সত্যাদিযুগেন বর্ণাশ্রমাদিধর্ম্মাস্তুক্তা ইতি রহস্যত্বাৎ স্বমুখেনৈব ভগবতা অবিদুষামপি পুংসাং অঞ্জঃ সুখেনৈবাত্মলব্ধয়ে জীবস্য স্বরূপ স্ফূর্ত্তৌ ভগবতঃ প্রাপ্তয়ে বা যে বৈ উপায়াঃ যৎ করোষি যদশ্নাসি যজ্জুহোষীত্যাদিনা সর্ব্ব কর্ম্মার্পণরূপাঃ প্রোক্তাস্তান্ [illegible] সাধনাখ্যে। [illegible] বা অন্তরঙ্গতাভাবেন মুখ্যাঃ যথা [illegible]। মন্মনা ভব মদ্ভক্তো মদ্যাজী মাং নমস্কুরু ইত্যাদিনা শরণাদয়ঃ অর্জ্জুনং প্রতি [illegible] ইত্যাদিনা উদ্ধবং প্রতি স্বয়ং শ্রীভগবতা প্রোক্তাস্তান্। [illegible] ॥ ৩৬৩ ॥

তত্র ভাগবতান্ ধর্ম্মান্ শিক্ষেদিত্যুক্তান্ [illegible] ইত্যষ্টভিঃ। [illegible] হীনেষু দয়াং সমেষু মৈত্রীং উত্তমেষু চ প্রশ্রয়ং শিক্ষেদিতি সর্ব্বত্র পূর্ব্বশ্লোকস্থেনান্বয়ঃ।

একাদশস্কন্ধে ২ অধ্যায়ে ৩২ শ্লোকে কবি যোগেশ্বরের বাক্য ॥

কবি কহিলেন, রাজন্! তাহার মধ্যে ভাগবতধর্ম্মের লক্ষণ শ্রবণ কর, মূঢ়মতি লোকদিগের অনায়াসে আত্মলাভ সিদ্ধিনিমিত্ত ভগবান্ যে সকল উপায় উপদেশ করিয়াছেন অর্থাৎ ভগবদ্গীতায় "যৎকরোষি যদশ্নাসি" ইত্যাদি পদ্যে যাহা আজ্ঞা করিয়াছেন সেই সকলকেই ভাগবতধর্ম্ম জানিবা ॥ ৩৬৪ ॥

ঐ একাদশস্কন্ধের ৩ অধ্যায়ে ২৪ শ্লোক হইতে শ্রীপ্রবুদ্ধ যোগেশ্বরের বাক্য ॥

প্রবুদ্ধ কহিলেন, রাজন্! প্রথমতঃ সকল বিষয় হইতে মনের আসক্তি-পরিহার পূর্ব্বক সতের সহিত সঙ্গ করিবে, পরে হীনলোকের প্রতি

দয়াং মৈত্রীং প্রশ্রয়ঞ্চ ভূতেষদ্ধা যথোচিতং।
শৌচং তপস্তিতিক্ষাঞ্চ মৌনং স্বাধ্যায়মার্জ্জবং।
ব্রহ্মচর্য্যমহিংসা চ সমত্বং দ্বন্দ্বসংজ্ঞয়োঃ।
সর্ব্বত্রাত্মেশ্বরান্বীক্ষাং কৈবল্যমনিকেতনং।
বিবিক্তচীরবসনং সন্তোষং যেন কেনচিৎ।

শৌচং বাহ্যং মৃজ্জলাদিভিঃ আভ্যন্তরকামাদিত্যাগাদি। তপঃ স্বধর্ম্মাচরণং। তিতিক্ষাং ক্ষমাং। মৌনং বৃথাবাচামনুচ্চারণং। স্বাধ্যায়ং যথাধিকারং বেদপাঠাদি। আর্জ্জবং স্বচ্ছতাং। ব্রহ্মচর্য্যং যথা যাদৃগুচিতং ঋতুষু স্বদারনিয়মাদি। অহিংসা ভূতেষদ্রোহঃ দ্বন্দ্বসংজ্ঞয়োঃ শীতোষ্ণসুখদুঃখাদিরূপয়োঃ সমং সহনশীলত্বং। আত্মেশ্বরান্বীক্ষাং সচ্চিদ্রূপেণাত্মেক্ষাং নিয়ন্তৃরূপেণেশ্বরেক্ষাঞ্চ। কৈবল্যমেকান্তশীলত্বং। অনিকেতং গৃহাদ্যভিমানরাহিত্যং। বিবিক্তচীরবসনং বিজনাদিতিতানাং শুষ্কানাং বা বল্কলানাং পরিধানং। ভাগবতে তানি [illegible] বা। [illegible] অবিরোধা। মনসঃ প্রাণায়ামৈঃ বাচো মৌনেন কামত্যাগেন [illegible]। সত্যং যথার্থভাষণং। শমদমৌ অন্তঃকরণবাহ্যেন্দ্রিয়নিগ্রহৌ ইত্যাদি চ পাঠে সাধনান্তরাণি। ইত্যেষু খ্যাতাঙ্ক

দয়া, সমান লোকের সহিত মিত্রতা ও আপনা অপেক্ষা শ্রেষ্ঠ লোকের প্রতি সম্মান শিক্ষা করিবে॥

তদনন্তর বাহ্যাভ্যন্তর শৌচ অর্থাৎ মৃত্তিকা ও জল দ্বারা বাহ্যশৌচ এবং দম্ভমানাদি পরিত্যাগনিবন্ধন আন্তরিক শৌচ, তৎপরে স্বধর্ম্মাচরণ, ক্ষমা, মৌন অর্থাৎ ব্যর্থ বাক্যের অনুচ্চারণ, স্বাধ্যায় (অধিকারানুরূপ বেদপাঠ) সরলতা, ব্রহ্মচর্য্য অর্থাৎ ঋতুকালে স্বদারনিয়মাদি, অহিংসা (প্রাণিমাত্রের অনিষ্টচিন্তা না করা) ও শীতোষ্ণ সুখদুঃখাদি সহন শিক্ষা করিবে॥

তৎপরে সর্ব্বত্র সচ্চিৎ স্বরূপে আত্মার ঈক্ষণ, নিয়ন্তারূপে ঈশ্বরের ঈক্ষণ, নির্জনপ্রদেশে বাস, গৃহাদির প্রতি অভিমানরাহিত্য, বিজন প্রভৃতি শুদ্ধ বল্কল পরিধান এবং যে কোন প্রকারে হউক সন্তোষ শিক্ষা

শ্রদ্ধাং ভাগবতে শাস্ত্রে অনিন্দামন্যত্রচাপি হি।
মনোবাক্‌কায়দণ্ডঞ্চ সত্যং শমদমাবপি।
শ্রবণং কীর্ত্তনং ধ্যানং হরেরদ্ভুতকর্ম্মণঃ।
জন্ম কর্ম্ম গুণানাঞ্চ তদর্থেঽখিলচেষ্টিতং।
ইষ্টং দত্তং তপো জপ্তং বৃত্তং যচ্চাত্মনঃ প্রিয়ং।
দারান্ সুতান্ গৃহান্ প্রাণান্ যৎ পরস্মৈ নিবেদনং ॥ ৩৬৫ ॥

শ্রবণমিতি চতুর্ভিঃ। হরের্জন্মকর্ম্মগুণানাং শ্রবণাদি। অদ্ভুতকর্ম্মণ ইতি জন্মাদীনি সর্ব্বাণেবাদ্ভুতানীতি সর্ব্বেষামপি জন্মাদীনামদ্ভুতত্বমিত্যর্থঃ। যদ্বা অদ্ভুতানি জগদাশ্চর্য্যকরাণি কর্ম্মাণি পূতনাবধাদীনি যস্য তস্য হরেঃ শ্রীকৃষ্ণস্য তদর্থে হর্য্যুদ্দেশেন শ্রীকৃষ্ণপ্রেমার্থং বা সর্ব্বং কর্ম্ম বিশেষতো যজনাদি তদর্থে শিক্ষেৎ। ইষ্টং দত্তমিত্যাদয়ো ভাবে নিষ্ঠাঃ। বৃত্তং সদাচারঃ। আত্মনঃ প্রিয়ং গন্ধপুষ্পাদি দারাদীনপ্যালক্ষ্য পরস্মৈ পরমেশ্বরায় নিবেদনং তৎসেবকতয়া সমর্পনং যত্তৎ শিক্ষেৎ ॥ ৩৬৫ ॥

করিবে ॥

ভগবৎ প্রতিপাদক শাস্ত্রে শ্রদ্ধা, অন্যশাস্ত্রে অনিন্দা, মনঃ, বাক্য ও শরীরের দণ্ড অর্থাৎ প্রাণায়াম দ্বারা মনের দণ্ড, মৌন দ্বারা বাক্যের দণ্ড এবং কর্ম্মাকরণনিবন্ধন শরীরের দণ্ড, সত্য (যথার্থ ভাষণ) ও শমদমাদি অর্থাৎ অন্তরেন্দ্রিয় ও বাহেন্দ্রিয়নিগ্রহ শিক্ষা করিবে ॥

অদ্ভুতকর্ম্মা হরির জন্ম কর্ম্ম ও গুণ সকলের শ্রবণ কীর্ত্তন ও ধ্যান এবং তাঁহারই উদ্দেশে সমুদায় কর্ম্ম করিবে ॥

ইষ্ট, দান, তপস্যা, জপ, সদাচার, আপনার প্রিয় বস্তু, কলত্র, পুত্র, গৃহ ও প্রাণ এ সমুদায় পরমেশ্বরে নিবেদন করিবে ॥

তাৎপর্য্য। ইষ্ট শব্দে বিষ্ণুসম্প্রদানক যাগ, দত্ত শব্দে বিষ্ণু ও বৈষ্ণব সম্প্রদানক দান, তপস্যা শব্দে একাদশী প্রভৃতির ব্রত, জাপ শব্দে বিষ্ণুমন্ত্রে জপ এবং আপনার যাহা প্রিয় তৎসমুদায় পরমেশ্বরে নিবেদন করিবে, আর কলত্র পুত্রাদি ভগবৎ সেবার্থ নিয়োজন করিবে ॥ ৩৬৫ ॥

এবং কৃষ্ণাত্মনাথেষু মনুষ্যেষু চ সৌহৃদং।
পরিচর্য্যাং চোভয়ত্র মহৎসু নৃষু সাধুষু॥ ৩৬৬॥
পরস্পরানুকথনং পাবনং ভগবদ্যশঃ।
মিথোরতির্মিথস্তুষ্টির্নিবৃত্তির্মিথ আত্মনঃ॥ ৩৬৭॥
শ্রীভগবতা চ॥
মল্লিঙ্গমদ্ভক্তজনদর্শনস্পর্শনার্চ্চনং।
পরিচর্য্যা স্তুতিঃ প্রহ্বো গুণকর্ম্মানুকীর্ত্তনং।

কৃষ্ণ এবাত্মা নাথশ্চ যেষাং শ্রীকৃষ্ণ আত্মনঃ স্বস্য নাথো যেষামিতি বা। যদ্বা। কৃষ্ণো জীবনস্বামী যেষাং তেষু। উভয়ত্র স্থাবরে জঙ্গমে চ যা পরিচর্য্যা তাং। বিশেষতো নৃষু তত্রাপি সাধুষু স্বধর্ম্মশীলেষু ততোঽপি মহৎসু শ্রীভাগবতবরেষু। যদ্বা বিশেষতঃ সাধুষু দয়ালুষু মহৎসু নৃষ্বিতি॥ ৩৬৬॥

তৈশ্চ সহ সঙ্গম্য সংপাবনং ভগবদ্যশঃ তস্য পরস্পরানুকথনং শিক্ষেৎ। যদ্বা যশঃ প্রতি। তত্র সংস্পর্শাদিপরিত্যাগেন মিথো যা রতিঃ রমণং যা চ তুষ্টিঃ সুখং যাচ নিবৃত্তিঃ সমস্তদুঃখনিবৃত্তিস্তাং শিক্ষেৎ॥ ৩৬৭॥

কৃপালুরিত্যাদিভিঃ পঞ্চভিঃ শ্লোকৈঃ সাধুলক্ষণমুক্ত্বা ইদানীং ভক্তের্লক্ষণমাহ মল্লিঙ্গ ইত্যষ্টভিঃ। লিঙ্গানি প্রতিমাদীনি। মল্লিঙ্গমদ্ভক্তজনানামেব পরিচর্য্যাদি। তত্র প্রহ্বো

এইরূপ কৃষ্ণভক্ত মনুষ্যের সহিত সৌহৃদ্যভাব ও স্থাবরজঙ্গমের পরিচর্য্যা, বিশেষতঃ মনুষ্যে, তন্মধ্যে ধর্ম্মশীলে, তন্মধ্যে আবার সাধু-ব্যক্তিতে পরিচর্য্যা শিক্ষা করিবে॥ ৩৬৬॥

অনন্তর ভগবদ্ভক্তের সঙ্গ লাভ হইলে পবিত্র ভগবদ্যশের পরস্পর কথোপকথন, পরস্পর প্রণয়, সন্তোষ ও দুঃখনিবৃত্তি শিক্ষা করিবে॥৩৬৭

১১ স্কন্ধে ১১ অধ্যায়ে ৩৪ শ্লোক হইতে
শ্রীভগবানের বাক্য॥

ভগবান্ কহিলেন, উদ্ধব! আমার প্রতিমা বা আমার ভক্তজনের দর্শন, স্পর্শন, পূজা, পরিচর্য্যা, স্তুতি, নমস্কার এবং গুণকীর্ত্তন॥

মৎকথাশ্রবণে শ্রদ্ধা মদনুধ্যানমুদ্ধব।
সর্ব্বলাভোপহরণং দাস্যেনাত্মনিবেদনং।
মজ্জন্মকর্ম্মকথনং মম পর্ব্বানুমোদনং।
গীততাণ্ডববাদিত্রগোষ্ঠীভির্মদ্‌গৃহোৎসবঃ।
যাত্রা বলিবিধানঞ্চ সর্ব্ববার্ষিকপর্ব্বসু।
বৈদিকী তান্ত্রিকী দীক্ষা মদীয়ব্রতধারণং।
মমার্চ্চাস্থাপনে শ্রদ্ধা স্বতঃ সংহত্য চোদ্যমঃ।
উদ্যানোপবনাক্রীড়পুরমন্দিরকর্ম্মণি।
সম্মার্জ্জনোপলেপাভ্যাং সেকমণ্ডলবর্ত্তনৈঃ ॥ ৩৬৮ ॥

নমস্কারঃ। পর্ব্বাণি জন্মাষ্টম্যাদীনি তদনুমোদনং। বলিবিধানং পুষ্পোপহারাদি সমর্পণং। সর্ব্ববার্ষিকপর্ব্বস্বিতি চাতুর্ম্মাস্যৈকাদশ্যাদিষু বিশেষত ইত্যর্থঃ। উদ্যানাদিকরণে সামর্থ্যে সতি স্বতঃ অসতি চান্যৈঃ সম্ভূয় চোদ্যমঃ। উদ্যানং পুষ্পপ্রধানং বনং উপবনং ফলপ্রধানং আক্রীড়ং ক্রীড়াস্থানং। সম্মার্জ্জনং রজোহপাকরণং উপলেপঃ গোময়োদকাদিভিরালেপনং। সেকঃ তৈরেব প্রোক্ষণং মণ্ডলবর্ত্তনং সর্ব্বতোভদ্রাদিকরণং ॥ ৩৬৮ ॥

আমার কথা শ্রবণে শ্রদ্ধা, আমার অনুধ্যান, লব্ধবস্তু আমাতে সমর্পণ, দাস্যভাবে আমাতে আত্মনিবেদন, আমার জন্মকর্ম্মকথন, আমার পর্ব্বদিনের অর্থাৎ জন্মাষ্টমী প্রভৃতির অনুমোদন, আমার গৃহে গীত, নৃত্য, বাদ্য এবং পরিবার সহ আমার গৃহে উৎসব ॥

আমার সমুদায় বার্ষিক পর্ব্বে যাত্রা ও পূজোপহার বিধান, আমার বৈদিক তান্ত্রিক দীক্ষা, আমার ব্রত ধারণ ॥

আমার প্রতিমা স্থাপনে শ্রদ্ধা, আর উদ্যান, উপবন, ক্রীড়াস্থান, পুর, মন্দির প্রভৃতি আমার তুষ্টিসাধন কর্ম্মে স্বয়ং বা অনেকে মিলিয়া উদ্যোগ। সম্মার্জ্জন, গোময়োপলেপন, জলসেক, সর্ব্বতোভদ্রমণ্ডলাদি দান ॥ ৩৬৮ ॥

গৃহশুশ্রূষণং মহ্যং দাসবৎ যদমায়য়া ।
অমানিত্বমদম্ভিত্বং কৃতস্যাপরিকীর্ত্তনং ।
অপি দীপাবলোকং মে নোপযুঞ্জ্যান্নিবেদিতং ॥ ৩৬৯ ॥
যদ্যদিষ্টতমং লোকে যচ্চাতিপ্রিয়মাত্মনঃ ।
তত্তন্নিবেদয়েন্মহ্যং তদানন্ত্যায় কল্পতে ॥ ৩৭০ ॥
কিঞ্চাগ্রে ॥

মহ্যং মম । কৃতস্য ধর্ম্মস্য অপরিকীর্ত্তনং । অন্যমন্যেন বা নিবেদিতং ন স্বীকুর্য্যাৎ । এতচ্চ সাধারণস্থানবিষয়ং রাগপ্রাপ্তবিষয়ং বা ভক্ত্যা তু গ্রাহ্যমেব । যড়্ভির্মাসোপ-বাসৈশ্চ যৎফলং পরিকীর্ত্তিতং । বিষ্ণোর্নৈবেদ্যসিক্থেন পুণ্যং তদ্ভুঞ্জতাং কলৌ । অপি জপন্ মুখে নাম নৈবেদ্যমুদরে হরেঃ । পাদোদকঞ্চ নির্ম্মাল্যং মস্তকে যস্য সোঽচ্যুতঃ । ইত্যাদিবচনেভ্যঃ । যদ্বা । অন্যস্মৈ নিবেদিতং মে নোপযুঞ্জ্যাৎ মহ্যং ন নিবেদয়েদিত্যর্থঃ । বিষ্ণোর্নিবেদিতান্নেন যষ্টব্যং দেবতান্তরং । পিতৃভ্যশ্চাপি তদ্দেয়ং তদানন্ত্যায় কল্পতে । পিতৃশেষন্তু যো দদ্যাদ্ধরয়ে পরমাত্মনে । রেতোধাঃ পিতরস্তস্য ভবন্তি ক্লেশভাগিন ইত্যাদি বচনেভ্যঃ । যদ্বা । পূর্ব্বং মে নিবেদিতং মহ্যং পুনর্মে ন নিবেদয়েদিত্যর্থঃ । এতচ্চ স্থাবরাতিরিক্তনির্ম্মাল্যবিষয়কং জ্ঞেয়ং । ভূষণাদীনাং পুনরর্পণে দোষাভাবাৎ । সচ পূর্ব্বমেব তদ্বৎপ্রকরণে লিখিতোঽস্তি ॥ ৩৬৯ ॥

আনন্ত্যায় শ্রীবিষ্ণুলোকায় । যজ্ঞেত্যাদিষু চাত্র ভক্তেরঙ্গত্বেন প্রায়েণোক্তানি তত্র কানিচিন্মুখ্যানি কানিচিদমুখ্যানি চ । অমানিত্বমিত্যাদৌ চ সাধনত্বেনেতি বিবেচনীয়ং ॥ ৩৭০

ভৃত্যের ন্যায় অকপট ভাবে আমার গৃহে শুশ্রূষা করা, অমানিত্ব, অদাম্ভিত্ব, কৃতকার্য্যের অপরিকীর্ত্তন এবং আমাকে নিবেদিত দীপের আলোকে অন্য কার্য্য করিবে না ॥ ৩৬৯ ॥

যে যে দ্রব্য লোকের অভিলষিত এবং যাহা আপনার অত্যন্ত প্রিয় সেই সেই দ্রব্য আমাকে নিবেদন করিয়া দিবে, তাহাতে অনন্ত ফল লাভ হইবে ॥ ৩৭০ ॥

আরও ১১ স্কন্ধের ১৯ অধ্যায়ে ১৯ শ্লোক হইতে ॥

শ্রদ্ধামৃতকথায়াং মে শশ্বন্মদনুকীর্ত্তনং।
পরিনিষ্ঠা চ পূজায়াং স্তুতিভিঃ স্তবনং মম।
আদরঃ পরিচর্য্যায়াং সর্ব্বাঙ্গৈরভিবন্দনং।
মদ্ভক্তপূজাভ্যধিকা সর্ব্বভূতেষু মন্মতিঃ।
মদর্থেষ্বঙ্গচেষ্টা চ বচসা মদ্গুণেরণং।
ময্যর্পণঞ্চ মনসঃ সর্ব্বকামবিবর্জ্জনং।
মদর্থেঽর্থপরিত্যাগো ভোগস্য চ সুখস্য চ।
ইষ্টং দত্তং হুতং জপ্তং মদর্থং যদ্‌ব্রতন্তপঃ ॥ ৩৭১ ॥

পুনশ্চ কথয়িষ্যামি মদ্ভক্তেঃ কারণমিতি প্রতিজ্ঞাতমেবাহ। শ্রদ্ধেতি চতুর্ভিঃ। শ্রদ্ধা শ্রবণাদরঃ শশ্বদিতি সর্ব্বত্রানুষজ্যতে। মদনুকীর্ত্তনং শ্রবণানন্তরং মৎকথাব্যাখ্যানমিত্যর্থঃ। অঙ্গচেষ্টা লৌকিকী ক্রিয়া। বচসা লৌকিকেনাপি মদ্গুণানামীরণং কথনং। মদর্থে মদ্ভজনার্থং তদ্বিরোধিনোঽর্থস্য পরিত্যাগঃ। ভোগস্য তৎসাধনস্য চন্দনাদেঃ সুখস্য চ পুত্রোপলালনাদেঃ। যদ্বা। অর্থো ধনং ভোগো বিষয়োপভোগঃ সুখং মোক্ষানন্দঃ তেষাং পরিত্যাগঃ। ইষ্টাদি বৈদিকং যৎ কর্ম্ম তদপি মদর্থং চেন্মদ্ভক্তেঃ কারণমিত্যর্থঃ। অত্রাদৌ প্রায়ো ভক্তের্মুখ্যান্যঙ্গান্যুক্তানি। সর্ব্বকামবিবর্জ্জনাদীনি চ প্রায়ঃ সাধনান্যেব ॥ ৩৭১ ॥

সর্ব্বদা আমার অমৃতকথায় শ্রদ্ধা, নিত্য আমার নাম কীর্ত্তন, আমার পূজায় নিষ্ঠা, সর্ব্বদা আমার স্তব, আমার পরিচর্য্যায় সমাদর, সাষ্টাঙ্গে অভিবাদন, ইত্যাদি তথা আমার পূজা অপেক্ষা আমার ভক্তের পূজা এবং সকল ভূতে আমাকে দর্শন, ইহাই সর্ব্বাপেক্ষা আমার শ্রেষ্ঠ পূজা ॥

আমার উদ্দেশে লৌকিক ক্রিয়া, লৌকিক বাক্যেতেও আমার গুণ কীর্ত্তন, আমাতে মন অর্পণ ও সর্ব্বকাম পরিত্যাগ ॥

আমার ভজন নিমিত্ত ভোগ সুখাদি সম্বন্ধীয় তদ্বিরোধি অর্থ পরিত্যাগ ও ইষ্টাপূর্ত্ত, দান, হোম, জপ, ব্রত, তপস্যা, এ সকল আমার ভক্তির কারণ ॥ ৩৭১ ॥

অপি চাগ্রে ॥
কুর্য্যাৎ সর্ব্বাণি কর্ম্মাণি মদর্থে শনকৈঃ স্মরন্।
ময্যর্পিতমনশ্চিত্তো মদ্ধর্ম্মাত্মমনোরতিঃ।
দেশান্ পুণ্যানাশ্রয়েত মদ্ভক্তৈঃ সাধুভিঃ শ্রিতান্।
দেবাসুরমনুষ্যেষু মদ্ভক্তাচরিতানি চ।
পৃথক্ সত্রেণ বা মহ্যং পর্ব্বযাত্রামহোৎসবান্।
কারয়েন্নৃত্যগীতাদৈ্যর্মহারাজবিভূতিভিঃ।
মামেব সর্ব্বভূতেষু বহিরন্তরপাবৃতং।
ঈক্ষেতাত্মনি চাত্মানং যথা খমমলাশয়ঃ ॥ ৩৭২ ॥

হন্ত তে কথয়িষ্যামি মম ধর্ম্মান্ সুমঙ্গলানিতি প্রতিজ্ঞায় তানেবাহ কুর্য্যাদিতি চতুর্ভিঃ মাং স্মরন্ শনকৈঃ অসংরম্ভতঃ কুর্য্যাৎ। তদাহ ময়ীতি অর্পিতে মনশ্চিত্তে সঙ্কল্পবিকল্পানুসন্ধানাত্মিকে যেন। অতএব মদ্ধর্ম্মেষেবাত্মমনসো রতির্যস্য সঃ। পুণ্যদেশলক্ষণং মদ্ভক্তৈরিতি। দেবাদিষু যে যে মদ্ভক্তাস্তেষামাচরিতানি কর্ম্মাণি চাশ্রয়েৎ। সত্রেণ সম্ভূয় বা। সর্ব্বভূতেষু আত্মনি চাত্মানমীশ্বরঃ স্থিতং মামেবেক্ষেত। ননু কথমেকস্য সর্ব্বেষ্বনুবৃত্তিঃ তত্রাহ বহিরন্তশ্চ অপাবৃতং পূর্ণমিত্যর্থঃ। এষু চ ক্রমেণ সাধনানি ভক্ত্যঙ্গানি চ মুখ্যান্যপি পূর্ব্বলিখিতানুসারেণ বিবেচনীয়ানীতি দিক্ ॥ ৩৭২ ॥

ঐ ১১ স্কন্ধের ২৯ অধ্যায়ে ৯ শ্লোক হইতে ॥

আমাকে স্মরণ, আমাতে মন অর্পণ, আমার ধর্ম্মে রতিমতি হইয়া আমার নিমিত্ত অল্পে অল্পে সকল কর্ম্মই করিবে ॥

মদ্ভক্ত সাধু কর্ত্তৃক আশ্রিত পুণ্যদেশ আশ্রয় করিবে ও দেবাসুর-মনুষ্যের মধ্যে মদ্ভক্ত কর্ত্তৃক আচরিত ব্যবহার সম্পাদন করিবে ॥

পৃথক্ পৃথক্ হউক বা সকলে মিলিয়াই হউক নৃত্য গীতাদি দ্বারা ও মহারাজ বিভূতি দ্বারা আমার নিমিত্ত সকল যাত্রা মহোৎসবের অনুষ্ঠান করিবে ॥

নির্ম্মলাশয় ব্যক্তি আকাশের ন্যায় সকল ভূতের অন্তরে, বাহিরে ও আত্মাতে অনাবৃত রূপে আমাকে দর্শন করিবে ॥ ৩৭২ ॥

অথ শ্রীভগবদ্ধর্ম্মমাহাত্ম্যং ॥

উক্তঞ্চ সপ্তমস্কন্ধে শ্রীপ্রহ্লাদেন ॥

এবং নির্জ্জিতষড়্বর্গৈঃ ক্রিয়তে ভক্তিরীশ্বরে।
বাসুদেবে ভগবতি যয়া সংলভ্যতে রতিঃ ॥ ৩৭৩ ॥

একাদশে শ্রীনারদেন ॥

শ্রুতোঽনুপঠিতো ধ্যাত আদৃতো বাঽনুমোদিতঃ।
সদ্যঃ পুনাতি সদ্ধর্ম্মো দেব বিশ্বদ্রুহোঽপি হি ॥ ৩৭৪ ॥

তত্রৈব শ্রীকবিযোগেশ্বরেণ ॥

এবমুক্তগুরুশুশ্রূষাদিপ্রকারেণ নির্জিতঃ ষণ্ণাং কামক্রোধলোভমোহমদমাৎসর্য্যাণামিন্দ্রিয়াণাং বা বর্গো যৈস্তৈঃ। ভক্তিঃ ঈশ্বরারাধনরূপৈব। যয়া ভক্ত্যা। রতিঃ প্রেমা ॥ ৩৭৩ ॥

আদৃতঃ আস্তিক্যে গৃহীতঃ অনুমোদিতঃ পরৈঃ ক্রিয়মাণঃ সংস্কৃতঃ সদ্ধর্ম্মঃ ভগবদ্ধর্ম্মঃ। দেব হে বসুদেব। যদ্বা দেবেভ্যো বিশ্বস্মৈ চ দ্রুহ্যন্তি যে তানপি ॥ ৩৭৪ ॥

---

৭ স্কন্ধে ৭ অধ্যায়ে ২৭ শ্লোকে শ্রীপ্রহ্লাদের বাক্য ॥

প্রহ্লাদ কহিলেন, হে বালকগণ! এই সকল কর্ম্ম দ্বারা ষড়্বর্গ অর্থাৎ কাম, ক্রোধ, লোভ, মোহ, মদ ও মাৎসর্য্য, জয় করিয়া ভগবান্ বাসুদেবে রতি করিতে হয়, তাহা করিলেই ভগবদ্বিষয়া রতি লাভ হইয়া থাকে ॥ ৩৭৩ ॥

১১ স্কন্ধে ২ অধ্যায়ে ১১ শ্লোকে শ্রীনারদের বাক্য ॥

হে বসুদেব! ভাগবতধর্ম্মের এতাদৃশ মাহাত্ম্য যে তাহা শ্রুত অথবা পঠিত কিম্বা ধ্যাত বা আদর পূর্ব্বক গৃহীত অথবা সংস্তুত কিম্বা অনুমোদিত হইলে বিশ্বদ্রোহকারি ব্যক্তিকেই সদ্যঃ পবিত্র করিয়া থাকেন ॥ ৩৭৪ ॥

১১ স্কন্ধে ২ অধ্যায়ে ৩৩ শ্লোকে
শ্রীকবি যোগেশ্বরের বাক্যে ॥

যানাস্থায় নরো রাজন্ ন প্রমাদ্যেত কর্হিচিৎ।
ধাবন্নিমীল্য বা নেত্রে ন স্খলেন্ন পতেদিহ॥ ৩৭৫॥
তত্রৈব শ্রীপ্রবুদ্ধযোগেশ্বরেণ॥
ইতি ভাগবতান্ ধর্ম্মান্ শিক্ষন্ ভক্ত্যা তদুত্থয়া।
নারায়ণপরো মায়ামঞ্জস্তরতি দুস্তরাং॥ ৩৭৬॥
শ্রীভগবতা চ॥
এবং ধর্ম্মৈর্মনুষ্যাণামুদ্ধবাত্মনিবেদিনাং।

যান্ ভগবদ্ধর্ম্মান্ আস্থায় আশ্রিত্য যোগাদিম্বিব ন প্রমাদ্যেত বিঘ্নৈর্ন বিহন্যেত। কিঞ্চ। নিমীল্য নেত্রে ধাবন্নপি ইহ এষু ভাগবতধর্ম্মেষু ন স্খলেৎ। নিমীলনং নামাজ্ঞানং যথাহ। শ্রুতিস্মৃতী উভে নেত্রে বিপ্রাণাং পরিকীর্ত্তিতে। একেন বিকলঃ কাণো দ্বাভ্যামন্ধঃ প্রকীর্ত্তিতঃ ইতি। অজ্ঞাত্বাপীত্যর্থঃ। যথা পদন্যাসস্থানমতিক্রম্য শীঘ্রং পরতঃ পদন্যাসেন গতির্ধাবনং তদ্বদত্রাপি কিঞ্চিৎ কিঞ্চিদতিক্রম্যাতিশীঘ্রমনুষ্ঠানং ধাবনং। তথানুতিষ্ঠন্নপি ন স্খলেৎ ন প্রত্যবায়ী স্যাৎ তথা ন পতেৎ ফলান্ন ভ্রশ্যেৎ॥ ৩৭৫॥

তদুত্থয়া ভাগবতধর্ম্মোৎপন্নয়া ভক্ত্যা ভক্তিনিষ্ঠয়া নারায়ণপরঃ সন্ অতিদুস্তরামপি মায়াং অঞ্জঃ সুখেন তরতি॥ ৩৭৬॥

এবমীদৃশৈরেবৈতৈর্বা আত্মনিবেদিনাং সতাং ভক্তিঃ প্রেমলক্ষণা সম্যগ্জায়তে। অন্য ভক্ত্যা অন্যঃ কোঽর্থঃ সাধনরূপঃ সাধ্যরূপো বাবশিষ্যতে সর্ব্বোঽপি স্বত এব ভবতীত্যর্থঃ। যদ্বা

হে রাজন্! যে ভাগবত ধর্ম্ম আশ্রয় করিয়া মনুষ্য চক্ষুঃ নিমীলন পূর্ব্বক ধাবমান হইলেও কখন বিঘ্নবশতঃ স্খলিত বা পতিত হয় না॥ ৩৭৫॥

একাদশস্কন্ধে ৩ অধ্যায়ে ৩৪ শ্লোকে শ্রীপ্রবুদ্ধের বাক্য॥

হে রাজন্! এইরূপ ভাগবত ধর্ম্ম শিক্ষা করত তদুৎপন্ন প্রেম-ভক্তিসহকারে নারায়ণপর হইয়া দুস্তর মায়াকে অতিক্রম করিতে সমর্থ হয়েন॥ ৩৬॥

একাদশস্কন্ধে ১৯ অধ্যায়ে ২২ শ্লোকে শ্রীভগবানের বাক্য॥

হে উদ্ধব! এইরূপ ধর্ম্ম দ্বারা আত্মনিবেদি মনুষ্যগণের আমাতে

ময়ি সংজায়তে ভক্তিঃ কোঽন্যোঽর্থোঽস্যাবশিষ্যতে ॥ ৩৭৭॥

কিঞ্চাগ্রে ॥

ন হ্যঙ্গোপক্রমে ধ্বংসো মদ্ধর্ম্মস্যোদ্ধবাণ্বপি।

ময়া ব্যবসিতঃ সম্যগ্নির্গুণত্বাদনাশিষ ইতি ॥ ৩৭৮ ॥

অলাভে সৎসভায়াস্তু শুশ্রূষুঞ্চ নিজালয়ে।

দেবালয়ে বা শাস্ত্রজ্ঞঃ কীর্ত্তয়েদ্ভগবৎকথাং ॥ ৩৭৯ ॥

অথ শ্রীভগবল্লীলাকথাকীর্ত্তনমাহাত্ম্যং ॥

অস্য মম। ততশ্চ সতাং মদ্ভক্তিসমাগমাবির্ভাবে সতি মমৈব কৃতার্থতা স্যাদিত্যর্থঃ ॥ ৩৭৭ ॥

অঙ্গ হে উদ্ধব অনাশিষো নিষ্কামস্য যস্মা ন বিদ্যতে আশীর্যস্মাৎ। সতাং পরমাশীর্ব্বাদ রূপমেতার্থঃ। উপক্রমে আরম্ভে সতি অণ্বপি ঈষদপি বৈগুণ্যাদিভির্নাশো নাস্ত্যেব যতো ময়ৈব নির্গুণত্বাদয়ং ধর্ম্মঃ সম্যগ্ব্যবসিতো নিশ্চিতঃ ন তু যথাবিমুখেন কথঞ্চিৎ। যদ্বা। নিরাশিষো মোক্ষস্য নির্গুণত্বাৎ ফলবিশেষাভাবাৎ সম্যক্ তস্মাদপি সমীচীন ইত্যয়ং ব্যবসিতঃ ইতি ॥ ৩৭৮ ॥

এবং সতাং সভায়াং গত্বা ভগবল্লীলাকথাঃ শৃণুয়াৎ ভগবদ্ধর্ম্মাংশ্চ পৃচ্ছেদিতি লিখিতং। যত্র চ তাদৃশী সভা নাস্তি তত্র কিং কার্য্যমিত্যপেক্ষায়াং লিখতি। অলাভে ইতি। শাস্ত্রজ্ঞ-শ্চেত্তর্হি শ্রোতুমিচ্ছুং ভগবৎকথাং স্বয়মেব কথয়েৎ। ক নিজালয়ে দেবালয়ে বা ॥ ৩৭৯ ॥

ভক্তি বৃদ্ধি হয়, তাহার আর অন্য কোন অর্থ অবশিষ্ট থাকে না ॥৩৭৭॥

আরও ঐ একাদশস্কন্ধে ২৯ অধ্যায়ে ২০ শ্লোকে ॥

ভগবান্ কহিলেন, হে সখে! আমার এই ধর্ম্মের উপক্রমে বৈগুণ্য হইলেও নিষ্কাম ব্যক্তির অণুমাত্রও ধর্ম্ম ধ্বংস হয় না, যে হেতু আমার নির্গুণত্বপ্রযুক্ত এই ধর্ম্ম আমাকর্ত্তৃক সম্যক্ ব্যবসিত ॥ ৩৭৮ ॥

সৎসভার অলাভ হইলে শাস্ত্রজ্ঞ ব্যক্তি নিজালয়ে অথবা দেবালয়ে গিয়া, শুশ্রূষু জনকে ভগবৎকথা স্বয়ংই কহিবেন ॥ ৩৭৯ ॥

অথ ভগবল্লীলাকথাকীর্ত্তন মাহাত্ম্য ॥

স্কন্দপুরাণে ভগবান্ অর্জ্জুনকে কহিয়াছেন ॥

উক্তঞ্চ স্কান্দে শ্রীভগবতা অর্জ্জুনং প্রতি ॥

মৎকথাং কুরুতে যস্তু বৈষ্ণবানাং সদাগ্রতঃ।
ইহ ভোগানবাপ্নোতি তথা মোক্ষং ন সংশয়ঃ।

প্রথমস্কন্ধে শ্রীনারদেন ॥

ইদং হি পুংসস্তপসঃ শ্রুতস্য বা
স্বিষ্টস্য সূক্তস্য চ বুদ্ধিদত্তয়োঃ।
অবিচ্যুতোঽর্থঃ কবিভির্নিরূপিতো
যদুত্তমঃশ্লোকগুণানুবর্ণনং ॥ ৩৮০ ॥

কিঞ্চ ॥

এতদ্ধ্যাতুরচিত্তানাং মাত্রাস্পর্শেচ্ছয়া মুহুঃ।

ভগবল্লীলাকথাকীর্ত্তনেনৈব তপ আদি সর্ব্বং সফলং স্যাৎ। যদ্বা ভগবল্লীলাকথাকীর্ত্তন-মেব তপ আদীনাং ফলমিত্যাহ ইদং হীতি। শ্রুতাদয়ো ভাবে নিষ্ঠাঃ ইদমেব তপঃ শ্রব-ণাদেঃ অবিচ্যুতো নিত্যোঽর্থঃ ফলং। কিন্তৎ। উত্তমঃশ্লোকস্য গুণানুবর্ণনং লীলাকথা-কীর্ত্তনমিতি যৎ ॥ ৩৮০ ॥

মুহুর্মাত্রাণাং বিষয়াণামুপভোগসোচ্ছয়া আতুরাণি বিকলানি চিত্তানি যেষাং তেষামপি হরেঃ চর্য্যায়া লীলায়া অনুবর্ণনং যৎ যদ্বা মুহুরাতুরচিত্তানাং মাত্রাস্পর্শেচ্ছয়াপি যৎ হরি-চর্য্যানুবর্ণনং এতদেব হি নিশ্চিতং ভবসিন্ধোঃ প্লবঃ পোতঃ প্রযোক্তাবসাধনং। ন কেবলং

যিনি সর্ব্বদা বৈষ্ণবদিগের অগ্রে আমার কথা কীর্ত্তন করেন, তিনি ইহলোকে ভোগ ও পরলোকে মোক্ষ প্রাপ্ত হইবেন সংশয় নাই ॥

প্রথমস্কন্ধে ৫ অধ্যায়ে ২২ শ্লোকে শ্রীনারদের বাক্য ॥

উত্তমঃশ্লোক হরির যে গুণানুবর্ণন পণ্ডিতেরা তাহাকেই তপস্যা, বেদাধ্যায়ন, যজ্ঞ, মন্ত্রপাঠ, জ্ঞান এবং দান এই সকল কর্ম্মের নিত্য-ফল বলিয়া নিরূপণ করিয়াছেন ॥ ৩৮০ ॥

আরও প্রথমস্কন্ধে ৬ অধ্যায়ে ৩৪ শ্লোকে ॥

পুনঃ পুনঃ বিষয়ভোগবাসনায় আতুরচিত্ত জীবদিগের ভবসিন্ধু

ভবসিন্ধুপ্লবো দৃষ্টো হরিচর্য্যানুবর্ণনং ॥ ৩৮১ ॥

একাদশে শ্রীশুকেনাপি ॥

ইত্থং হরের্ভগবতো রুচিরাবতার-
বীর্য্যাণি বাল্যচরিতানি চ শন্তমানি।
অন্যত্র চেহ চ শ্রুতানি গৃণন্ মনুষ্যো
ভক্তিং পরাং পরমহংসগতৌ লভেত ॥ ৩৮২ ॥

অতএব শ্রীপ্রহ্লাদেন নৃসিংহস্তবেতাবুক্তং ॥

সোঽহং প্রিয়স্য সুহৃদঃ পরদেবতায়া
লীলাকথাস্তব নৃসিংহ বিরিঞ্চিগীতাঃ।

শ্রুতিপ্রামাণ্যেন কিন্তু অন্বয়ব্যতিরেকাভ্যাং দৃষ্ট এবেত্যর্থঃ ॥ ৩৮১ ॥

রুচিরাণামবতারাণাং মৎস্যাদীনাং বীর্য্যাণি পরমাদ্ভুতচরিতানি চ পূতনাবধাদীনি লোকত্রয়েঽপি শন্তমানি মঙ্গলানি পরমসুখরূপাণি বা। পরামুৎকৃষ্টাং প্রেমলক্ষণামিত্যর্থঃ। পরমহংসানাং গতৌ শ্রীকৃষ্ণে ॥ ৩৮২ ॥

সোঽহং ত্বদ্দাসঃ ভো নৃসিংহ তব লীলাকথা অনুগৃণন্ দুর্গাণি মহাদুঃখানি অঞ্জসা অনায়াসেন তিতীর্ষ্য তরামি ন গণয়িষ্যামীত্যর্থঃ। তত্র হেতুঃ গুণৈরাগাদিভির্বিশেষেণ

পারবিষয়ে এই হরিলীলা কীর্ত্তনই ভেলাস্বরূপ ইহা আমি সুন্দররূপে বিবেচনা করিয়াছি ॥ ৩৮১ ॥

একাদশস্কন্ধের ৩১ অধ্যায়ে ১৮ শ্লোকে শ্রীশুকদেবের বাক্য ॥

শুকদেব কহিলেন, রাজন্। ভগবান্ হরির এই সকল বাল্য চরিত সুমঙ্গল মনোহর অবতার কথা, ইহলোকে বা অন্য লোকে শ্রবণ ও কীর্ত্তন করত মনুষ্য সকল পরমহংসগতি শ্রীকৃষ্ণে পরমা ভক্তি লাভ করেন ॥ ৩৮২ ॥

অতএব সপ্তমস্কন্ধে ৯ অধ্যায়ে ১৭ শ্লোকে শ্রীপ্রহ্লাদ
কর্ত্তৃক শ্রীনৃসিংহস্তবে কথিত হইয়াছে যথা ॥

হে দেব! আমি সকল যোনিতেই প্রিয়বিয়োগ ও অপ্রিয় সংযোগ দেখিয়া শোকানলে সাতিশয় দগ্ধ হইতেছি। ভগবন্! ঐ

অশ্রান্তিস্মৃতিস্ত্বনুগৃণন্ গুণবিপ্রমুক্তো
দুর্গাণি তে পদযুগালয়হংসসঙ্গঃ ॥ ৩৮৩ ॥
গোপিকাভিরপি গীতং ॥
তব কথামৃতং তপ্তজীবনং ·
কবিভিরীড়িতং কল্মষাপহং।

প্রযুক্তঃ সন্। তৎকৃতঃ তে পদযুগমেবালয়ো যেষাং তত্তানাং ত এব হংসা জ্ঞানিনঃ সারাসারবিবেকিনো বা তৈঃ সঙ্গো যস্য সনসঃ। কথম্ভূতস্য কথাঃ প্রিয়স্যোত্তাদিবিশেষণ-ত্রয়েণানেন কথায়া অপি প্রিয়ত্বাদিবিবক্ষয়া পরমসুখময়ত্বাদিকং তেন চ সদানুকীর্ত্তনসক্তি-প্রোক্তং। কুত্রে গীতাঃ বিরিঞ্চিনা গীতাঃ তৎসম্প্রদায়প্রবৃত্তাঃ। তথাচাথর্ব্বণী শ্রুতিঃ। যো বা হ বৈ প্রজাপতিরুদ্রক্রবস্মিত্যাদি। এতেন কথায়াঃ পরমপুরুষার্থতা চ দর্শিতা সনকাদি-পরমহংসাচার্য্যেণাপি সেবিতত্বাৎ। দুর্গাণি তিতর্ষীতি আনুষঙ্গিকফলমাত্রমিতি দিক্ ॥৩৮৩

কথৈবামৃত তত্র হেতুঃ তপ্তজীবনং প্রতিসিদ্ধামৃতাদ্বৎকর্ম্মণাহঃ। কবিভির্ব্রহ্মাদিভি-রপীড়িতং স্তুতং। দেবভোগ্যং ত্বমৃতং তৈস্তুচ্ছীকৃতং। কিঞ্চ। কল্মষাপহং কামকর্ম্ম-নিরসনং। তত্ত্বমৃতং নৈবম্ভূতং। কিঞ্চ। শ্রবণমঙ্গলং শ্রবণমাত্রেণ মঙ্গলপ্রদং। তদনুষ্ঠানা-পেক্ষং। কিঞ্চ। শ্রীমৎ সুশান্তং তত্তু মাদকং। এবম্ভূতং ত্বৎকথামৃতং আততং যথা ভবতি তথা ভুবি যে গৃণন্তি নিরূপয়ন্তি তে জনাঃ ভূরিদাঃ বহুদাতারঃ জীবিতং দদতীত্যর্থঃ।

বিষয়ে যে দুঃখ প্রাপ্ত হই তাহার প্রতিকার করিতে আমার ইচ্ছা হয় না যে হেতু দুঃখের প্রতিকারও দুঃখ, হে বিভো! আমি এইরূপে দেহাদিতে অহং বুদ্ধি করিয়া আত্মাভিমানে মুগ্ধ হইয়া ভ্রমণ করিতেছি অতএব অনুগ্রহ প্রকাশ পূর্ব্বক আমার নিস্তারার্থ আপনকার দাস্য যোগ বলিতে আজ্ঞা হউক ॥ ৩৮৩ ॥

১০ স্কন্ধে ৩১ অধ্যায়ে ৯ শ্লোকে
শ্রীগোপিকাদিগেরও গীত যথা ॥

গোপীগণ কহিলেন, হে প্রিয়! তোমার বিরহে আমাদের মৃত্যু

শ্রবণমঙ্গলং শ্রীমদাততং

ভুবি গৃণন্তি যে ভূরিদা জনাঃ ॥ ৩৮৪ ॥

কীর্ত্তনেঽপ্যত্র তজ্জ্ঞেয়ং মাহাত্ম্যং শ্রবণেঽস্য যৎ।

অধুনা চ তাদৃশানামভাবেন বয়ং মৃতা এবেতি ভাবঃ। যদ্বা এবম্ভূতং ত্বৎকথামৃতং যে গৃণন্তি তে ভূরিদাঃ পূর্ব্বজন্মনি বহুদাতারঃ পরমসুকৃতিন ইত্যর্থঃ। অতো বয়ং তাদৃশা-দৃষ্টাভাবেন ত্বৎকথাং কীর্ত্তয়িতুমশক্তাঃ কথং জীবামেতি ভাবঃ। যদ্বা। ত্বদ্বিরহে ত্বৎকথা-স্ফূর্ত্তিবিশেষেণ বয়ং মারিতা এবেত্যাহুঃ। ত্বৎকথৈব মৃতং মৃত্যুঃ সাক্ষান্মরণমেব। কুতঃ তপ্তং তাপাতিশয়ং ভবতি জীবনং যস্মাৎ। পরমদাহকস্বভাবস্য প্রেমবিশেষস্য সন্দা জনকত্বাৎ। তথাপি কবিভিঃ কাব্যকুশলৈরীড়িতং। যতঃ কল্মষাপহং। কিঞ্চ। শ্রবণয়োর্মঙ্গলং সুখকরং। কিঞ্চ। শ্রিয়া মদো যেষাং ব্রহ্মাদীনাং তৈরাততং সর্ব্বতো বিস্তারিতং বহুতত্ত্ব শ্রবণযোরেব মঙ্গলং। শ্রীমদ্ভির্যদা তন্ত্রাদি তেষাং স্তুতং। অত এবম্ভূতং ত্বৎকথামৃতং যে ভুবি গৃণন্তি ত এব জনা ভূরি বহু দান্তি অস্মভ্যন্তু গলে গর্ত্তরশ্মীত তথা তে। এবঞ্চ তত্ত্বতঃ শ্রীকৃষ্ণকথায়া মহাকল্যবিশেষ এব সূচিত ইতি দিক্ ॥ ৩৮৪ ॥

নন্বত্র শ্রবণস্য মাহাত্ম্যবচনানি বহূনি লিখিতানি কথং কীর্ত্তনস্যাপি তানি তত্রাহ অপ্যস্য বিশেষাৎ জ্ঞেয়মিত্যতি কীর্ত্তনেঽপীতি কিংমতঃ পুনঃ লিখিতং কাঠিন্যাৎ অগ্রমেব শ্রবণং

উপস্থিত হইয়াছিল, পুণ্যবানেরা ত্বদীয়কথামৃত পান করাইয়া তাহা নিবারণ করিয়াছেন, ফলতঃ তোমার কথামৃত, তপ্ত জনের জীবন স্বরূপ, ব্রহ্মাদি জনগণও তাহার স্তব করেন, তাহাতে কামকর্ম্ম নিরস্ত হয়। অপর ঐ অমৃত শ্রবণ মাত্রে মঙ্গলপ্রদ এবং শান্তিদায়ক, পৃথিবীতলে যে সকল ব্যক্তি বিস্তারিত রূপে তাহা পান করান, অসংশয় তাঁহারা পূর্ব্বজন্মে বহু ২ দান করিয়াছিলেন অর্থাৎ তাঁহারা অতিশয় পুণ্যবান্। হে প্রভো! যাঁহারা কেবল তোমার কথামৃত নিরূপণ করেন তাঁহারা যখন ধন্য হইলেন তখন দর্শনকারিদের কথা কি? অতএব প্রার্থনা করি আমাদিগকে দর্শন দিউন ॥ ৩৮৪ ॥

শ্রবণ বিষয়ে যে মাহাত্ম্য বলা হইয়াছে, কীর্ত্তনেও তাহাই জানিতে

সিদ্ধ্যতি শ্রবণং নূনং কীর্ত্তনাৎ স্বয়মেব হি ॥ ৩৮৫ ॥
শাস্ত্রাভ্যাসস্য চাভাবে পূর্ব্বেষাং লোকবিশ্রুতাং।
সতামাধুনিকানাঞ্চ কথাং বন্ধুষু কীর্ত্তয়েৎ ॥ ৩৮৬ ॥

॥ * ॥ ইতি শ্রীগোপালভট্ট বিলিখিতে ভগবদ্ভক্তিবিলাসে সৎসঙ্গমো নাম দশমো বিলাসঃ ॥ * ॥ ১০ ॥ * ॥

সিদ্ধ্যতি। শ্রোত্রেণ স্বকীয়কীর্ত্তনস্য সহ শ্রবণাৎ অতঃ শ্রবণাদপি কীর্ত্তনস্য মাহাত্ম্যবিশেষোঽপি জ্ঞেয়ঃ। তদেবং নবধাপি ভক্তিঃ কীর্ত্তনমাহাত্ম্যেনৈব বক্তুমাহাত্ম্যাপেক্ষত্বাদিনা দর্শিতেঽপি। কেচিত্তু শ্রবণস্যৈব বহুশঃ কীর্ত্তনস্য সম্যক্ত্বাদিরিত্যাহুঃ ॥ ৩৮৫ ॥
শাস্ত্রস্য কীর্ত্তনাদিকং লিখিতং কিন্তু শাস্ত্রাভ্যাসাভাবেঽপি তথা কেন ভগবদ্ভক্তানাং বৈষ্ণবানাং মাহাত্ম্যবিশেষাজ্ঞানেঽপি কদাচিদপি তথা তৎকথা ন পরিত্যাজ্যেতি লিখতি শাস্ত্রেতি। পূর্ব্বেষাং পুরাতনানাম্ আধুনিকানাঞ্চ তৎকালীনানাং সতাং শ্রীবৈষ্ণবানাং কথাং বন্ধুষু নিজভ্রাতৃপুত্রকন্যাদিষু কীর্ত্তয়েৎ। নতু সাপি কথং জ্ঞেয়া তত্রাহ লোকবিশ্রুতামিতি ॥ ৩৮৬ ॥

॥ * ॥ ইতি দশমবিলাসঃ ॥ * ॥

হইবে। নিশ্চয় কীর্ত্তন হইতে শ্রবণ স্বয়ংই সিদ্ধ হয় ॥ ৩৮৫ ॥
শাস্ত্রাভ্যাসের অভাবে লোকবিশ্রুত পূর্ব্বতন সাধুদিগের কথা অথবা আধুনিক বৈষ্ণবদিগের কথা নিজ ভ্রাতৃ পুত্র কন্যাদি সকলের নিকট কীর্ত্তন করিবে ॥ ৩৮৬ ॥

॥ * ॥ ইতি শ্রীগোপালভট্ট বিলিখিতে ভগবদ্ভক্তিবিলাসে শ্রীরামনারায়ণ বিদ্যারত্নেনানুবাদিতে সৎসঙ্গম নাম দশমবিলাস ॥ * ॥

একাদশ বিলাসঃ ।

শ্রীচৈতন্যং প্রপদ্যে তং মহাশ্চর্য্যপ্রভাবকং ।
প্রসাদে যস্য জড়োঽপি ভগবদ্ভক্তিমান্ ভবেৎ ॥ ১ ॥
ততো দিনান্ত্যভাগেন বাহ্যেষু সুরসদ্মসু ।
যাত্রাং কৃত্বা দ্বিজঃ সন্ধ্যামুপাসীত যথাবিধি ॥ ২ ॥
অথ সায়ন্তনকৃত্যানি ॥
শ্রীবিষ্ণুপুরাণে ঔর্ব্বসগরসম্বাদে ॥
দিনান্তসন্ধ্যাং সূর্য্যেণ পূর্ব্বামৃক্ষৈর্যুতাং বুধঃ ।

শ্রীমচ্চৈতন্যদেবং তং বন্দে যস্য প্রভাবতঃ । জড়োঽপি ভগবদ্ভক্তিং নিত্যকৃত্যং সমাচরেৎ । নিত্যকৃত্যসমাপ্তিশেষভগবদ্ভক্তিপ্রচারবিধানং স্বয়ম্ভুবো ভগবতঃ প্রভাবেণৈব সম্পাদ্যতে ইত্যাশয়েন তং শরণং যামি শ্রীচৈতন্যমিতি । মহাশ্চর্য্যঃ পরমাদ্ভুতঃ প্রভাবঃ শক্তির্যস্য তং । তমেবাভিব্যঞ্জয়তি যস্য প্রসাদে সতীতি ॥ ১ ॥

বাহ্যেষু বহিঃস্থিতেষু দেবালয়েষু ॥ ২ ॥

দিনান্তসন্ধ্যামিত্যত্র স্মৃতিঃ । প্রাতঃসন্ধ্যাং সনক্ষত্রামুপাসীত যথাবিধি । সাদিত্যাং

যাঁহার অনুগ্রহে জড়ব্যক্তিও ভগবদ্ভক্তি অর্থাৎ নিত্যকৃত্য সমাপন করে, সেই মহা অদ্ভুত প্রভাবশালি শ্রীমচ্চৈতন্যদেবকে বন্দনা করি ॥১॥

অনন্তর দিবসের অন্ত্যভাগে অর্থাৎ সায়ংকালে ব্রাহ্মণ বহিঃস্থিত দেবালয় সকলে যাত্রা করিয়া যথাবিধি সন্ধ্যার উপাসনা করিবেন ॥২॥

অথ সন্ধ্যাকালের কৃত্য সকল ॥

বিষ্ণুপুরাণে ঔর্ব্বসগর সম্বাদে ॥

হে রাজন্! পণ্ডিত ব্যক্তি আচমনপূর্ব্বক সূর্য্যযুক্তা সায়ংসন্ধ্যার

উপতিষ্ঠেদ্যথান্যায়ং সম্যগাচম্য পার্থিব।
সর্ব্বকালমুপস্থানং সন্ধ্যায়াঃ পার্থিবেষ্যতে ॥ ৩ ॥
অন্যত্র সূতিকাশৌচবিভ্রমাতুরভীতিতঃ।
উপতিষ্ঠন্তি বৈ সন্ধ্যাং যে ন পূর্ব্বাং ন পশ্চিমাং।
ব্রজন্তি তে দুরাত্মানস্তমিস্রং নরকং নৃপেতি ॥ ৪ ॥
ততো যথাশ্রমাচারং কর্ম্ম সায়ন্তনং কৃতী।
নির্ব্বর্ত্ত্য পূর্ব্ববৎ কুর্য্যাৎ ভক্ত্যা ভগবদর্চ্চনং ॥ ৫ ॥
শ্রীকৃষ্ণভক্ত্যাসক্ত্যা তু সন্ধ্যোপাস্যাদিকং যদি।

পশ্চিমাং সন্ধ্যাং পর্য্যাস্তমিতভাস্কর ইতি ॥ ৩ ॥

সূতকং পুত্রজন্মাদি অশৌচং শাবকং। বিভ্রমঃ উন্মাদাদিবৈচিত্ত্যং। আতুরং রোগাবস্থা ভীতিশ্চ ॥ ৪ ॥

ততোঽনন্তরং যথাশ্রমাচারং যো যস্যাশ্রমস্তস্মিন্ য আচারঃ কর্ম্ম তমনতিক্রম্য। পূর্ব্ববৎ পূর্ব্বলিখিতানুসারেণ শক্তশ্চেত্তর্হি সন্ধ্যায়ামপি কুর্য্যাৎ ॥ ৫ ॥

অন্যোপাসনাদিকং নিষ্পাদ্যৈব পশ্চাদ্ভগবন্তমর্চ্চয়েদিতি লিখিতং অধুনা ভগবৎ পূজা

এবং নক্ষত্র সমন্বিতা প্রাতঃসন্ধ্যার যথাবিধি উপাসনা করিবেন অর্থাৎ সূর্য্যের অর্দ্ধাস্তসময়ে স্বায়ংসন্ধ্যা এবং সূর্য্যোদয়ের পূর্ব্বে নক্ষত্রযুক্তকালে প্রাতঃসন্ধ্যার উপাসনা করিবেন। হে নৃপ! সকল কালেই সন্ধ্যার উপাসনা কর্ত্তব্য ॥ ৩ ॥

সূতিকাশৌচ, মরণাশৌচ, উন্মাদগ্রস্ত, আতুর এবং ভয়, এই সকল অবস্থা ব্যতিরিক্ত অন্য কালে যে ব্যক্তি প্রাতঃসন্ধ্যা বা স্বায়ংসন্ধ্যার উপাসনা করে না, হে রাজন্! সেই সকল দুরাত্মা তমিস্র নামক নরকে গমন করিবে ॥ ৪ ॥

অতএব কৃতী ব্যক্তি আশ্রমাচার সায়ন্তনকৃত্য সমাধা করিয়া পূর্ব্বের ন্যায় ভক্তিসহকারে ভগবানের অর্চ্চনা করিবে ॥ ৫ ॥

শ্রীকৃষ্ণের ভক্তিযোগে আসক্তচিত্ত থাকাতে যদি সন্ধ্যোপাসনাদি

পতেৎ কর্ম্ম ন পাতিত্যদোষশঙ্কা কথঞ্চন ॥ ৬ ॥

অথ শ্রীভগবদ্ভক্তানাং কর্ম্মপাতিত্যপরিহারঃ ॥

পাদ্মে শ্রীভগবদুক্তৌ ॥

মৎকর্ম্ম কুর্ব্বতাং পুংসাং ক্রিয়ালোপো ভবেদ্যদি।
তেষাং কর্ম্মাণি কুর্ব্বন্তি তিস্রঃ কোট্যো মহর্ষয়ঃ।

আদিপুরাণে চ ॥

স্মরন্তি মম নামানি যে ত্যক্ত্বা কর্ম্ম চাখিলং।
তেষাং কর্ম্মাণি কুর্ব্বন্তি ঋষয়ো ভগবৎপরা ইতি।
মৃদুশ্রদ্ধস্য ভক্তস্য প্রৌঢ়তামনুপেয়ুষঃ।
কিঞ্চিৎ কর্ম্মাধিকারিত্বাৎ কর্ম্মাপ্যত্র প্রপঞ্চিতং।

পরেণ কদাচিৎ সন্ধ্যোপাসনাদি কর্ম্মানপেক্ষণীয়ানীতি লিখতি। শ্রীকৃষ্ণেতি। শ্রীকৃষ্ণভক্তৌ আসক্তিস্তৎপরতা তয়া। পাতিত্যরূপদোষশঙ্কাপি কথঞ্চিদপি নাস্তি ॥ ৬ ॥
মম কর্ম্ম পূজাদি অগ্রতঃ ভক্তিমাহাত্ম্যে তাবৎকর্ম্মাণীত্যাদিনা লেখ্যং ॥ ৭ ॥

কর্ম্ম পতিত হয়, তাহাতে কোন ক্রমে দোষের আশঙ্কা নাই ॥ ৬ ॥

অথ শ্রীভগবদ্ভক্তদিগের কর্ম্ম পতিত হইলে তদ্দোষ-পরিহার ॥

পদ্মপুরাণে শ্রীভগবদ্বাক্যে ॥

পুরুষ সকল আমার কর্ম্ম করিতে করিতে যদি তাহাদের ক্রিয়া লোপ হয়, তাহা হইলে তিনকোটি মহর্ষি তাহাদিগের কর্ম্ম সকল করিয়া থাকেন ॥

আদিপুরাণেও ॥

যে সকল ব্যক্তি অখিল কর্ম্ম পরিত্যাগ করিয়া আমার নাম সকল স্মরণ করেন, ভগবৎপরায়ণ ঋষিগণ তাহাদিগের কর্ম্ম করিয়া থাকেন। কোমল শ্রদ্ধাবিশিষ্ট ভক্তের, যে পর্য্যন্ত গাঢ় শ্রদ্ধা লাভ না হয়, সেই পর্য্যন্ত কিঞ্চিৎ কর্ম্মের অধিকারহেতু, তাঁহার সম্বন্ধে কর্ম্ম বিস্তার

প্রৌঢ়শ্রদ্ধস্য ভক্তস্য কর্ম্মস্বনধিকারতঃ।
পাতিত্যং ন ভবত্যেব লেখনীয়ং তদগ্রতঃ।
কিঞ্চিদ্ধ্যানাদিভেদেন ত্রিসন্ধ্যঞ্চ পৃথক্ পৃথক্।
প্রোক্তঃ পূজাবিধিঃ প্রাজ্ঞৈস্তত্তৎ কামাশুসিদ্ধয়ে॥ ৭॥
অথ ত্রিকালার্চ্চনবিধিবিশেষঃ॥
শ্রীগৌতমীয়তন্ত্রে॥
আরাধনবিধিং বক্ষ্যে প্রাতঃকালে বিশেষতঃ।
বরং বৃন্দাবনং ধ্যায়েৎ পুণ্যবৃক্ষাদিসেবিতং।
পুন্নাগৈর্নাগবৃক্ষৈশ্চ পনসৈশ্চৈব কাঞ্চনৈঃ।
বকুলৈশ্চৈব বিল্বৈশ্চ বন্যৈঃ কুরবকৈরপি।
সর্ব্বর্ত্তুকুসুমোপেতৈঃ পুষ্পাবনতশাখিভিঃ।

প্রিয়াভিঃ শ্রীরাধিকাদিভিঃ॥ ৮॥

করা হইল অর্থাৎ তিনি সেই পর্য্যন্ত কর্ম্ম করিবেন॥

গাঢ়শ্রদ্ধাসম্পন্ন ভক্তের কর্ম্ম সকলে অনধিকারহেতু, কর্ম্মের অকরণে পাতিত্য দোষ হয় না, এবিষয় পরে লিখিত হইবে॥

কিঞ্চিৎ ধ্যানাদি ভেদে প্রাজ্ঞ ব্যক্তি আশু তত্তৎ কাম সিদ্ধির নিমিত্ত, ত্রিসন্ধ্যায় পৃথক্ পৃথক্ পূজার বিধি বলিয়াছেন॥ ৭॥

অথ ত্রিকাল অর্চ্চনার বিশেষ বিধি॥

শ্রীগৌতমীয়তন্ত্রে॥

বিশেষ করিয়া প্রাতঃকালের আরাধন বিধি বর্ণন করিব। প্রথমতঃ পুন্নাগ, নাগ, পনস, কাঞ্চন, বকুল, বিল্ব, বন্য কুরুবক এবং সকল ঋতুর কুসুম সম্পন্ন ও পুষ্পাবনতশাখাবিশিষ্ট পুণ্যবৃক্ষসমূহে পরিবৃত উৎকৃষ্ট বৃন্দাবনকে ধ্যান করিবে॥

তাঁহার মধ্যে বহু চম্পকপুষ্প, ধূপ, দীপ, শয্যা তথা পুষ্প মালা

স্পৃশেন্ন ভোজনে পত্নীং নৈনামীক্ষেত মেহতীং ॥ ৪৬৮ ॥
ক্ষুবন্তীং জৃম্ভমাণাম্বা নাসনস্থাং যথাসুখং।
নোদকে চাত্মনোরূপং ন কূলং শ্বভ্রমেব বা ॥ ৪৬৯ ॥
ন শূদ্রায় মতিং দদ্যাৎ কৃষরং পায়সং দধি।
নোচ্ছিষ্টং বা ঘৃতমধু ন চ কৃষ্ণাজিনং হবিঃ ॥ ৪৭০ ॥
ন কুর্য্যাৎ কস্যচিৎ পীড়াং সুতং শিষ্যঞ্চ তাড়য়েৎ।
নাত্মানমবমন্যেত দৈন্যং যত্নেন বর্জ্জয়েৎ।
ন চ শিষ্যান্নসংকুর্য্যান্নাত্মানং শংসয়েদ্বুধঃ ॥ ৪৭১ ॥
ন নদীঞ্চ নদীং ব্রূয়াৎ পর্ব্বতেষু ন পর্ব্বতং।
আবসেত্তেন নৈবাপি যস্ত্যজেৎ সহবাসিনং ॥ ৪৭২ ॥

রূপাদিকঞ্চ নেক্ষেতেতি পূর্ব্বেণান্বয়ঃ ॥ ৪৬৯ ॥
হবিঃ যজ্ঞিয়দ্রব্যং ॥ ৪৭০ ॥
শংসয়েৎ প্রশংসয়েদিত্যর্থঃ। স্তাবয়েদিতি বা ॥ ৪৭১ ॥
নদীং ন ব্রূয়াৎ কিন্তু গঙ্গামিতি কালীন্দীমিতি চেত্যেবং ব্রূয়াদিত্যর্থঃ। এবমগ্রেপি॥৪৭২

দৃষ্টিপাত করিবে না ॥ ৪৬৮ ॥

ক্ষুবতী, জৃম্ভাত্যাগকারিণী, আসনরহিতা স্ত্রীকে যথাসুখ দৃষ্টিপাত করিবে না। জলমধ্যে আপনার প্রতিবিম্বিতরূপ, নকুল এবং গর্ত্ত অবলোকন করিবে না ॥ ৪৬৯ ॥

শূদ্রকে বুদ্ধি, তিলান্ন, পায়স, দধি, উচ্ছিষ্ট, ঘৃত, মধু, কৃষ্ণসার-মৃগের চর্ম্ম এবং যজ্ঞীয় দ্রব্য প্রদান করিবে না ॥ ৪৭০ ॥

পণ্ডিত ব্যক্তি কাহাকেও পীড়া দিবেন না, সন্তান ও শিষ্যকে তাড়না করিবেন, আপনাকে অবমান করিবেন না, যত্নপূর্ব্বক দৈন্যবর্জ্জন করিবেন। শিষ্যদিগকে অসৎকার করিবেন না এবং আপনাকে প্রশংসা করিবেন না ॥ ৪৭১ ॥

নদীকে নদী বলিবে না এবং পর্ব্বত সকলে পর্ব্বত শব্দ প্রয়োগ করিবে না, অপর যে সহবাসিকে পরিত্যাগ করিয়াছে, তাহার সহিত বাস করিবে না ॥ ৪৭২ ॥

শিরোঽভ্যঙ্গাবশিষ্টেন তৈলেনাঙ্গং ন লেপয়েৎ।
রোমাণি চ রহস্যানি স্বানি খানি ন চ স্পৃশেৎ।
ন পাণিপাদবাঙ্নেত্র চাপলানি সমাশ্রয়েৎ।
নাভিহন্যাজ্জলং পদ্ভ্যাং পাণিনা ন কদাচন।
ন ঘাতয়েদিষ্টকাভিঃ ফলানি ন ফলেন চ।
ন ম্লেচ্ছভাষণং শিক্ষেন্ন কর্ষেচ্চ পদাসনং।
নোৎসঙ্গে ভক্ষয়েদ্ভক্ষ্যান্ গাঞ্চ সম্বেশয়েন্নহি।
নাক্ষৈঃ ক্রীড়েন্ন ধাবেত স্ত্রীভির্বাদং ন চাচরেৎ।
ন দন্তৈর্নখলোমানি ছিন্দ্যাৎ সুপ্তং ন বোধয়েৎ।
ন বালাতপমাসেবেৎ প্রেতধূমং বিবর্জ্জয়েৎ॥ ৪৭৩॥

খানি ইন্দ্রিয়চ্ছিদ্রাণি ন স্পৃশেৎ আচমনব্যতিরিক্তকালে ইতি জ্ঞেয়ং। বালাতপং উদ্যদ্রবিরশ্মিতাপং। যদ্বা বালা কন্যা তদ্রাশিগত সূর্য্যতাপমিত্যর্থঃ॥ ৪৭৩॥

যে তৈল মস্তকে দেওয়া হইয়াছে তাহার অবশিষ্ট তৈল দ্বারা অঙ্গলেপন করিবে না, গুপ্তরোম এবং আপনার ইন্দ্রিয় ছিদ্র সকল স্পর্শ করিবে না॥

হস্ত, পদ, বাক্য ও নেত্র ইহাদের চাঞ্চল্য আশ্রয় করিবে না, পদদ্বয় দ্বারা এবং হস্ত দ্বারা কখন জলে আঘাত করিবে না॥

ইষ্টক দ্বারা এবং ফলের দ্বারা ফল আঘাত করিবে না। ম্লেচ্ছভাষা শিক্ষা করিবে না, চরণ দ্বারা আসন আকর্ষণ করিবে না, ক্রোড়ে ভক্ষ্য দ্রব্য রাখিয়া ভক্ষণ করিবে না ও গাভীকে মৈথুন করিবে না॥

অক্ষের দ্বারা ক্রীড়া করিবে না, ধাবমান হইবে না, স্ত্রীর সহিত বিবাদ করিবে না, দন্ত দ্বারা নখ ও লোম ছেদন করিবে না, সুপ্তব্যক্তিকে চেতন করাইবে না, প্রাতঃকালের রৌদ্রের উত্তাপ অথবা কন্যারাশি গত সূর্য্যের উত্তাপ সেবন করিবে না এবং চিতাধূম বর্জন করিবে॥ ৪৭৩॥

নৈকঃ স্বপ্যাৎ শূন্যগৃহে স্বয়ং নোপানহৌ বহেৎ।
নাকারণাদ্বা নিষ্ঠীবেন্ন বাহুভ্যাং নদীং তরেৎ॥
ন পাদক্ষালনং কুর্য্যাৎ পাদেনৈব কদাচন।
নাগ্নৌ প্রতাপয়েৎ পাদৌ ন কাংস্যে ধারয়েদ্বুধঃ॥ ৪৭৪॥
নাভিপ্রতারয়েদ্দেবান্ ব্রাহ্মণান্ গামথাগ্নিপি বা।
ন স্পৃশেৎ পাণিনোচ্ছিষ্টো বিপ্রা গো ব্রাহ্মণানলান্॥
ন চৈবান্নং পদা বাপি ন দেবপ্রতিমাং স্পৃশেৎ॥ ৪৭৫॥
নোত্তরেদনুপস্পৃশ্য স্রবন্তীং নোব্যতিক্রমেৎ।
চৈত্যং বৃক্ষং নৈব ছিন্দ্যান্নাপ্সু ষ্ঠীবনমুৎসৃজেৎ।
নচাগ্নিং লঙ্ঘয়েদ্ধীমান্ নোপদধ্যাদধঃ ক্বচিৎ॥ ৪৭৬॥

হরেৎ বহেৎ। বহেদিত্যেব বা পাঠঃ॥ ৪৭৪॥
পাণিনা ন স্পৃশেৎ হে বিপ্রাঃ। উচ্ছিষ্টঃ সন্ দেবপ্রতিমাঞ্চ ন স্পৃশেৎ॥ ৪৭৫॥
অনুপস্পৃশ্য অনাচাম্য। স্রবন্তীং নদীং ক্ষুদ্রামপি ন লঙ্ঘয়েৎ॥ ৪৭৬॥

পণ্ডিত ব্যক্তি শূন্যগৃহে একাকী শয়ন করিবেন না, স্বয়ং পাদুকা বহন করিবেন না, অকারণে নিষ্ঠীবন করিবেন না এবং বাহুদ্বয় দ্বারা নদী উত্তীর্ণ হইবেন না। অপর পদ দ্বারা কখন পাদক্ষালন করিবে না, অগ্নিতে পাদদ্বয় উত্তপ্ত করিবেন না এবং কাংস্যপাত্রে পদ রাখিবেন না॥ ৪৭৪॥

হে ব্রাহ্মণগণ! দেব, ব্রাহ্মণ ও গো ইহাঁদিগকে প্রতারণা করিবে না, উচ্ছিষ্ট হইয়া গো ব্রাহ্মণ এবং অগ্নি ইহাঁদিগকে স্পর্শ করিবে না, তথা অন্ন ও দেব প্রতিমাকে পদ দ্বারা স্পর্শ করিবে না॥ ৪৭৫॥

আচমন না করিয়া ক্ষুদ্র নদীকেও লঙ্ঘন করিবে না, চৈত্যবৃক্ষকে অতিক্রম করিবে না, ছেদন করিবে না এবং জলে নিষ্ঠীবন ত্যাগ করিবে না। বুদ্ধিমান্ মনুষ্য অগ্নি লঙ্ঘন করিবেন না এবং অধোদেশে কখন অগ্নি স্থাপন করিবেন না॥ ৪৭৬॥

ন চৈবং পাদতঃ কুর্য্যাৎ তিলবদ্ধং নিশি ত্যজেৎ।
ন কূপমবরোহেত নাচক্ষীতাশুচিঃ কচিৎ ॥ ৪৭৭ ॥
অগ্নৌ ন প্রক্ষিপেদগ্নিং নাদ্ভিঃ প্রশময়েত্তথা।
সুহৃন্মরণমার্ত্তিম্বা ন স্বয়ং শ্রাবয়েৎ পরান্।
অপণ্যমথ পণ্যম্বা বিক্রয়ং ন প্রযোজয়েৎ ॥ ৪৭৮ ॥
পুণ্যস্থানোদকস্থানে সীমান্তং বা কৃষেন্ন তু।
ন ভিন্দ্যাৎ পূর্ব্বসময়ং সত্যোপেতং কদাচন।
পরস্পরং পশূন্ ব্যালান্ পক্ষিণো ন চ যোধয়েৎ।
কারয়িত্বা স্বকর্ম্মাণি কারুন্ বিদ্যাং ন বঞ্চয়েৎ ॥ ৪৭৯ ॥
বহির্গন্ধঞ্চ কুদ্বারপ্রবেশঞ্চ বিবর্জ্জয়েৎ।

তিলৈর্বদ্ধং দ্রব্যং মোদকাদি ত্যজেৎ ন ভক্ষয়েৎ। নাচক্ষীত কিঞ্চিদপি ন বদেৎ ॥৪৭৭॥
অপণ্যং অবিক্রেয়ং বিক্রয়ং ন প্রযোজয়েৎ ন বিক্রীণীয়াদিত্যর্থঃ ॥ ৪৭৮ ॥
কারুন্ শিল্পিনঃ কর্ম্মকরানিত্যর্থঃ ॥ ৪৭৯ ॥
সময়ায়ং বহুভিঃ সহ সদৈকবাসং ॥ ৪৮০ ॥

অগ্নিতে পদনিক্ষেপ করিবেন না, রাত্রিতে তিল মিশ্রিত দ্রব্য ত্যাগ করিবেন, কূপে অবতরণ করিবেন না এবং অশুচি হইয়া কিঞ্চিৎ মাত্রও কহিবেন না ॥ ৪৭৭ ॥

অগ্নিতে অগ্নি নিক্ষেপ করিবেন না, জলের দ্বারা অগ্নি নির্ব্বাণ করিবেন না। বন্ধু মরণ নিমিত্ত আর্ত্তি স্বয়ং অন্যকে শ্রবণ করাইবেন না এবং অবিক্রেয় দ্রব্য অথবা বিক্রেয় দ্রব্য বিক্রয় করিবেন না ॥৪৭৮॥

পুণ্যস্থান, জলস্থান ও সীমার অন্তভাগ কর্ষণ করিবে না, সত্যযুক্ত পূর্ব্ব প্রতিজ্ঞা কখন ভেদ করিবেন না, পরস্পর পশু, সর্প ও পক্ষিদিগকে যুদ্ধ করাইবেন না এবং আপনার কর্ম্ম করাইয়া কর্ম্ম কারক ও বিদ্যাকে বঞ্চনা করিবেন না ॥ ৪৮৯ ॥

বহির্গন্ধ ও কুৎসিত দ্বার প্রবেশ বর্জন করিবেন। ব্রাহ্মণ একাকী

নৈকশ্চরেৎ সভাং বিপ্রঃ সমবায়ঞ্চ বর্জ্জয়েৎ ॥ ৪৮০ ॥
ন বীজয়েদ্বা বস্ত্রেণ ন দেবায়তনে স্বপেৎ।
নাগ্নিগোব্রাহ্মণাদীনামন্তরেণ ব্রজেৎ ক্বচিৎ।
নাক্রামেৎ কামতশ্ছায়াং ব্রাহ্মণানাং গবামপি।
স্বান্তু নাক্রাময়েচ্ছায়াং পতিতাদ্যৈর্নরোগিভিঃ।
বর্জ্জয়েন্মার্জ্জনীরেণুং বস্ত্রস্নানঘটোদকং ॥ ৪৮১ ॥
নাশ্নীয়াৎ পয়সা তক্রং ন বীজান্যুপবীজয়েৎ।
বিবৎসায়শ্চ গোঃ ক্ষীরমৌষ্ট্রং বা নির্দশস্য চ।
আবিকং সন্ধিনীক্ষীরমপেয়ং মনুরব্রবীৎ ॥ ৪৮২ ॥

বস্ত্রোদকং স্নানঘটোদকঞ্চ ॥ ৪৮১ ॥
অনির্দশস্য অনিক্রান্তদশদিনস্য বৎসস্য ভক্ষ্যং যৎ ক্ষীরং তদিত্যর্থঃ। দশদিনমধ্যেহপেয়ত্বাৎ। সন্ধিনী বৃষভাক্রান্তা গোস্তস্যাঃ ক্ষীরং ॥ ৪৮২ ॥

সভায় গমন করিবেন না এবং অনেকের সহিত সর্ব্বদা বাস পরিত্যাগ করিবেন ॥ ৪৮০ ॥

বস্ত্র দ্বারা বীজন করিবেন না, দেবমন্দিরে শয়ন করিবেন না এবং অগ্নি, গো ও ব্রাহ্মণাদির মধ্য দিয়া কখন গমন করিবেন না ॥

ইচ্ছা বশতঃ ব্রাহ্মণ ও গো সকলের ছায়া আক্রমণ করিবেন না এবং আপনার ছায়া পতিতাদি ও রোগাক্রান্ত ব্যক্তিগণের দ্বারা আক্রমণ করাইবেন না, অপর মার্জ্জনীর ধূলি, বস্ত্রোদক ও স্নানঘটোদক বর্জ্জন করিবেন ॥ ৪৮১ ॥

দুগ্ধের সহিত তক্র ভক্ষণ করিবেন না, বীজকে উপবীজন করিবেন না। বৎসহীন গাভীর দুগ্ধ, উষ্ট্রীর দুগ্ধ প্রসবের পর দশদিন গত হয় নাই এমত গাভীর দুগ্ধ, মেষদুগ্ধ, বৃষভাক্রান্ত গাভীর দুগ্ধ, এই সকল অপেয় অর্থাৎ পানযোগ্য নয়, মনু বলিয়াছেন ॥ ৪৮২ ॥

হন্তকারমথাগ্রাস্বা ভিক্ষাম্বা শক্তিতোদ্বিজঃ।
দদ্যাদতিথয়ে নিত্যং বুধ্যেত পরমেশ্বরং।
ভিক্ষামাহুর্গ্রাসমাত্রমগ্র্যং তস্মাচ্চতুর্গুণং।
পুষ্কলং হন্তকারস্তু তচ্চতুর্গুণমিষ্যতে।
মার্কণ্ডেয়ে॥
ভোজনং হন্তকারং বা অগ্র্যং ভিক্ষামথাপি বা।
অদত্ত্বা তু ন ভোক্তব্যং যথা বিভবমাত্মনঃ।
কাশীখণ্ডে॥
নৈবোৎকটাসনেঽশ্নীয়ান্নাগ্নৌ বস্ত্বশুচি ক্ষিপেৎ।
শ্রাদ্ধং কৃত্বা পরশ্রাদ্ধে যোঽশ্নীয়াজ্জ্ঞানবর্জ্জিতঃ।
দাতুঃ শ্রাদ্ধফলং নাস্তি ভোক্তা কিল্বিষভুগ্ভবেৎ।

দাতুঃ অন্নদাতুঃ। করষৈঃ নষ্টৈঃ॥ ৪৮৩॥

ব্রাহ্মণ হন্তকার, অথবা অগ্র্য, কিম্বা ভিক্ষা, যথাশক্তি নিত্য অতিথিকে প্রদান করিলে পরমেশ্বরকে জানিতে পারিবেন॥

পণ্ডিতগণ গ্রাস মাত্রকে ভিক্ষা এবং ভিক্ষার চতুর্গুণকে অগ্র্য বলিয়াছেন, তথা অগ্র্যের চতুর্গুণকে পবিত্র হন্তাকার বলিয়া নির্দ্দেশ করেন॥

মার্কণ্ডেয় পুরাণে॥

হন্তকার ভোজন বা অগ্র্য ভোজন কিম্বা ভিক্ষা ভোজন আপনার বিভবানুসারে অতিথিকে অর্পণ না করিয়া, ভোজন করিবে না॥

কাশীখণ্ডে॥

উৎকট (বিষম) আসনে বসিয়া ভোজন করিবে না, অগ্নিতে অশুচি বস্তু ক্ষেপণ করিবে না, জ্ঞানহীন ব্যক্তি যদি স্বয়ং শ্রাদ্ধ করিয়া পরশ্রাদ্ধে ভোজন করে তাহা হইলে অন্নদাতার শ্রাদ্ধ ফল নাই এবং ভোক্তা পাপভোজী হয়॥

নোৎপাটয়েল্লোমনখং দশনেন কদাচন ॥
করজৈঃ করজচ্ছেদং করেণৈব বিবর্জ্জয়েৎ ॥ ৪৮৩ ॥
অপদ্বারে ন গন্তব্যং স্ববেশ্ম পরবেশ্মনোঃ ।
উৎকোচদ্যূতদৌত্যার্থদ্রব্যং দূরাৎ পরিত্যজেৎ ।
নিষ্ঠীবনঞ্চ শ্লেষ্মাণং গৃহাৎ দূরে বিনিক্ষেপেৎ ।
উদ্ধৃত্য পঞ্চ মৃৎপিণ্ডান্ স্নায়াৎ পরজলাশয়ে ।
অনুদ্ধৃত্য চ তৎ কর্ত্তুরেনসঃ স্যাত্তুরীয়ভাক্ ।
ব্রাহ্ম্যে ॥
যস্তু পাণিতলে ভুঙ্‌ক্তে যস্তু ফুৎকারসংযুতং ।
প্রসৃতাঙ্গুলিভির্যস্তু তস্য গোমাংসবচ্চ তৎ ।
অত্রিস্মৃতৌ ॥

অভক্ষ্যং বিষ্ঠাদি তচ্চারিণী । অজাদয়স্তাসাং মধ্যে যা অমেধ্যং ভক্ষয়েৎ তস্যা দুগ্ধং

কদাচ দন্ত দ্বারা লোম ও নখ উৎপাটন করিবে না, হস্তের নখ দ্বারা নখচ্ছেদ বর্জ্জন করিবে ॥ ৪৮৩ ॥

নিজ গৃহের বা পর গৃহের গোপন দ্বার দিয়া গমন করিবে না, উৎকোচ, দ্যূত ও দৌত্যের নিমিত্ত দ্রব্য দূরে পরিত্যাগ করিবে ॥

নিষ্ঠীবন ও শ্লেষ্মা গৃহ হইতে দূরে নিক্ষেপ করিবে । পরের জলাশয়ে পঞ্চ মৃৎপিণ্ড উত্তোলন করিয়া স্নান করিবে । যদি পঞ্চ মৃৎপিণ্ড উত্তোলন না করিয়া স্নান করে, তাহা হইলে জলাশয় কর্ত্তার চতুর্থাংশ পাপভাগী হইবে ॥

ব্রহ্মপুরাণে ॥

যে ব্যক্তি হস্ততলে রাখিয়া ভোজন করে, যে ব্যক্তি ফুৎকার সংযুক্ত করিয়া ভোজন করে এবং প্রসারিত অঙ্গুলি দ্বারা ভোজন করে, তাহার ঐ ভোজন গোমাংস তুল্য হয় ॥

অত্রিস্মৃতিতে ॥

ন্যূনাধিকস্তনী যা গৌর্যাথ বাহ্যভক্ষ্যচারিণী।
তয়োর্দুগ্ধং ন হোতব্যং ন পাতব্যং কদাচন ॥
অজা গাবো মহিষ্যশ্চ যাহ্যমেধ্যমপি ভক্ষয়েৎ।
হব্যে কব্যে চ তদ্দুগ্ধং গোময়ঞ্চ বিবর্জ্জয়েৎ।
অঙ্গুল্যা দন্তকাষ্ঠঞ্চ প্রত্যক্ষলবণং তথা।
মৃত্তিকাপ্রাশনং চৈব তুল্যং গোমাংসভক্ষণৈঃ ॥
অত্রাপবাদো মনুস্মৃতৌ ॥
সামুদ্রং সৈন্ধবং চৈব লবণে পরমাদ্ভুতে।
প্রত্যক্ষে অপি তে গ্রাহ্যে নিষেধস্ত্বন্যগোচরঃ ॥
অত্রিস্মৃতৌ ॥
দিবা কপিত্থচ্ছায়া চ নিশায়াং দধিভোজনং।
কার্পাসং দন্তকাষ্ঠঞ্চ শক্রাদপি হরেৎ শ্রিয়ং।

গোময়ঞ্চ। দন্তকাষ্ঠং দন্তশোধনং। হোমশেষং হোমাবশিষ্টমেব পয়ঃ ॥ ৪৮৪ ॥

যে গাভীর স্তন ন্যূনাধিক ও যে গাভী বিষ্ঠাদি ভোজন করে, এই দুইয়ের দুগ্ধে হোম করিবে না এবং পানও করিবে না ॥

অজা, গো ও মহিষী প্রভৃতি যাহারা অমেধ্য ভক্ষণ করে, হব্য-কব্যে তাহাদের দুগ্ধ ও গোময় বর্জ্জন করিবে ॥

অঙ্গুলি দ্বারা দন্তকাষ্ঠ অর্থাৎ দন্ত শোধন, প্রত্যক্ষ লবণ এবং মৃত্তিকা ভক্ষণ এই সকল গোমাংস ভক্ষণের তুল্য হয় ॥

এই বিষয়ে বিশেষ বিধি মনুস্মৃতিতে ॥

সামুদ্র ও সৈন্ধব এই দুই প্রত্যক্ষ লবণ উৎকৃষ্ট, এই দুই গ্রহণ করিবে, অন্য প্রত্যক্ষ লবণ গ্রহণ বিষয়ে নিষেধ ॥

অত্রিস্মৃতিতে ॥

দিবসে কপিত্থ বৃক্ষের ছায়া; নিশায় দধি ভোজন এবং কার্পাস বৃক্ষের দন্তকাষ্ঠ করিলে ইন্দ্রেরও লক্ষ্মী হরণ হয় ॥

তন্মধ্যে পুলিনং ধ্যায়েদ্বহুপুষ্পকচম্পকং।
ধূপদীপৈর্বিতানেন পুষ্পমালাবিভূষিতং।
মুক্তাদামপতাকাভির্বন্যপুষ্পৈরলঙ্কৃতং।
তন্মধ্যে কল্পবৃক্ষস্য ছায়ায়াং পঙ্কজাসনে।
সুস্থিতং বেণুগীতাঢ্যং সর্ব্বাভরণভূষিতং।
বনমালাপরিবৃতং গোপিকাশতবেষ্টিতং।
দেবাসুরৈশ্চ সিদ্ধৈশ্চ গন্ধর্ব্বৈরপ্সরোগণৈঃ।
যক্ষৈর্বিদ্যাধরগণৈর্বিহগৈর্ভুবি সংস্থিতৈঃ।
ব্রহ্মর্ষিভিঃ স্তূয়মানং কৃষ্ণমীশং শুচিস্মিতং।
নানাবিধৈশ্চ গোপালৈর্মৃগপক্ষিবিভূষিতং।
লেলিহ্যমানং প্রণয়াৎ পশূনাং শতকোটিভিঃ।
ইন্দীবরনিভং দিব্যং সুন্দরং শ্রিন্দিরালয়ং।
সম্পূর্ণচন্দ্রবদনং পদ্মপত্রনিভেক্ষণং।
পদ্মাভপাণিপাদঞ্চ পদ্মরাগবরার্চ্চিতং।

বিভূষিত ও মুক্তাদাম পতাকাদি বন্যপুষ্পে অলঙ্কৃত পুলিন ধ্যান করিবে। তাহার মধ্যে কল্পবৃক্ষের ছায়ায় পদ্মাসনে সুন্দররূপে অবস্থিত, বেণুগীতসম্পন্ন, সর্ব্বাভরণভূষিত, বনমালাপরিবৃত, শত শত গোপিকাবেষ্টিত, তথা দেব, অসুর, সিদ্ধ, গন্ধর্ব্ব, অপ্সরোগণ, যক্ষ, বিদ্যাধর, পক্ষী এবং ভূমিসংস্থিত ব্রহ্মর্ষিগণ কর্ত্তৃক স্তূয়মান ঈষৎ হাস্যমুখ শ্রীকৃষ্ণকে ধ্যান করিবে॥

তিনি নানাবিধ গোপাল এবং মৃগ পক্ষিতে বিভূষিত, প্রণয়বশতঃ শতকোটি গবাদি পশু তাঁহার অঙ্গ লেহন করিতেছে, তিনি ইন্দীবরের ন্যায় মনোহর সুন্দর এবং শোভার আশ্রয় স্বরূপ, তাঁহার পূর্ণচন্দ্রসদৃশ বদন, পদ্মপত্রের ন্যায় লোচন এবং পদ্মতুল্য হস্ত ও চরণ। অপর তিনি উৎকৃষ্ট পদ্মরাগ মণিতে শোভিত, সকল লোকের আশ্রয়

শরণ্যং সর্ব্বলোকানাং গোপীনাং প্রাণবল্লভং।
এবং ধ্যাত্বার্চ্চয়েন্নিত্যং ষোড়শেনোপচারতঃ।
দুগ্ধঞ্চ দধিখণ্ডেন সহিতং সংনিবেদয়েৎ।
সৌবর্ণপাত্রে গোপানাং প্রাসং কাংস্যে নিবেদয়েৎ।
এবং সমর্চ্চয়েদ্ভক্ত্যা জপন্মন্ত্রং সমাহিতঃ॥
মধ্যাহ্নে সংপ্রবক্ষ্যামি পূজাং সর্ব্বার্থসিদ্ধিদাং।
সৌবর্ণপর্ব্বতে মূলে ধাতুভিঃ সমলঙ্কৃতে।
পুণ্যবৃক্ষসমাকীর্ণে পুণ্যপক্ষিনিনাদিতে।
পদ্মোৎপলাদিসঙ্কীর্ণে বাপীভিঃ সমলঙ্কৃতে।
তস্মিন্ সৎপুলিনং রম্যে ছায়ায়াং পঙ্কজাসনে।
সৌবর্ণমণ্ডপে সম্যখিতানাদিবিভূষিতে।
মালাদিরচিতে রম্যে মণিভিঃ পুষ্পশোভিতৈঃ।
স্থবর্ণরত্নসন্দোহৈরন্তরান্তরশোভিতে।
সিংহাসনে সমাসীনং বিশ্রান্তং কংসসূদনং।

এবং তিনি গোপীদিগের প্রাণবল্লভ॥

এইরূপ ধ্যান করিয়া নিত্য ষোড়শোপচার দ্বারা তাঁহার পূজা করিবে। তৎপরে স্বর্ণপাত্রে খণ্ডের সহিত দুগ্ধ ও দধি নিবেদন করিবে। কাংস্যপাত্রে গোপদিগকে অন্ন নিবেদন করিবে। এই প্রকারে ভক্তি পূর্ব্বক পূজা করিয়া সাবধানচিত্তে মন্ত্র জপ করিবে॥

মধ্যাহ্নকালের সর্ব্বার্থসিদ্ধিপ্রদায়িনী পূজা বলিতেছি। পুণ্যবৃক্ষ সমূহে আকীর্ণ, পুণ্য পক্ষিকুলে নিনাদিত এবং ধাতু সকলে অলঙ্কৃত স্থবর্ণপর্ব্বতের মূলে, যে স্থান পদ্মোৎপলাদি সঙ্কীর্ণ বাপী সমূহে অলঙ্কৃত সেই রমণীয় প্রশস্ত পুলিনে, ছায়াবর্ত্তি পদ্মাসনে, বিচিত্র চন্দ্রাতপ ভূষিত স্বর্ণমণ্ডপ, মালা প্রভৃতি রচনায় মনোহর, মণি ও পুষ্প সমূহে শোভিত, মধ্যে মধ্যে বহু বহু স্বর্ণ রত্ন দ্বারা খচিত সিংহাসনে মুক্তাময়

মুক্তাময়ৈঃ সুরুচিরৈর্হারৈর্দামবিভূষিতং ।
ধ্যাত্বা সম্যগ্বিশুদ্ধাত্মা জাতীপুষ্পৈঃ সমর্চ্চয়েৎ ।
মহারজতপাত্রে তু নৈবেদ্যান্নং নিবেদয়েৎ ।
দদ্যাদন্নং সখীনাঞ্চ গোপানাং বিজিতেন্দ্রিয়ঃ ।
দেবকীপরমানন্দমেবং ধ্যায়েৎ সুখাসনং ॥
রাত্রিপূজাবিধিং বক্ষ্যে রুক্মিণীবল্লভস্য চ ।
অধস্তাৎ কল্পবৃক্ষস্য সর্ব্বপুষ্পফলস্য বৈ ।
রত্নমণ্ডপমধ্যস্থং দিব্যপীতাম্বরং হরিং ।
দিব্যচন্দনলিপ্তাঙ্গং দিব্যাভরণভূষিতং ।
অনেকদিব্যমালাভির্মণ্ডিতং পঙ্কজেক্ষণং ।
রত্নমণ্ডপমধ্যস্থং সুন্দরং সুন্দরস্মিতং ।
শোভয়ন্তং স্ববপুষা সর্ব্বলোকাম্নিজশ্রিয়া ।
গোপীজনানাং হৃদয়বল্লভং প্রোক্তবর্চ্চসং ।

মনোহর হার এবং মালায় বিভূষিত হইয়া শ্রীকৃষ্ণ উপবেশন পূর্ব্বক বিশ্রাম করিতেছেন। সম্যক্ প্রকারে বিশুদ্ধ চিত্তে ধ্যান করিয়া জাতীপুষ্প দ্বারা অর্চ্চনা করিবে। পরে স্বর্ণপাত্রে অন্ন নিবেদন করিয়া সখা গোপ সকলকে অন্ন দিবে। জিতেন্দ্রিয় পুরুষ এইরূপ সুখোপবিষ্ট দেবকীনন্দনকে ধ্যান করিবে ॥

রুক্মিণীবল্লভের রাত্রিকালীন পূজার বিধিও বলিতেছি। সর্ব্ব প্রকার পুষ্প ফলসমন্বিত কল্পবৃক্ষের মূলে রত্নমণ্ডপের মধ্যস্থ দিব্য পীতাম্বর হরি, দিব্য চন্দনে লিপ্তাঙ্গ, দিব্য আভরণে বিভূষিত, অনেক অনেক দিব্য মালা সমূহে অলঙ্কৃত, পদ্মনেত্র, রত্নমণ্ডপের মধ্যবর্ত্তী, পরম সুন্দর, শোভন হাস্যান্বিত, স্বীয় শরীর ও স্বীয় শোভা দ্বারা সমস্ত লোকের শোভাকারী এবং যিনি গোপীজনসকলের হৃদয়-

সুগন্ধিপুষ্পৈরারাধ্যং শ্রীকৃষ্ণং সর্ব্বনায়কং।
রাজতে তু পয়ঃ শুদ্ধং পক্বং পাত্রে নিবেদয়েৎ।
এবমভ্যর্চ্চ মনসা জপেন্মন্ত্রং সমাহিতঃ।
কালত্রয়ার্চ্চনে চৈব সহস্রং সাষ্টকং জপেৎ।
এষ নিত্যক্রমঃ প্রোক্তঃ কৃষ্ণমন্ত্রস্য সূরিভিঃ॥
তত্রৈবাদৌ সংক্ষিপ্তত্রিকালপূজোক্ত্যনন্তরং॥
মনসা বা সমভ্যর্চ্চ্য ত্রিষু সন্ধ্যাসু সংযমী।
প্রত্যহন্তু জপেন্মন্ত্রমষ্টোত্তরসহস্রকং।
অসামর্থ্যে জপেন্মন্ত্রং নিত্যমষ্টশতং তথেতি॥
অথ নক্তকৃত্যানি॥
ততো যথা সম্প্রদায়ং হোমং নিষ্পাদ্য বৈষ্ণবঃ।
গীতনৃত্যাদিকং ভক্ত্যা বিধায় প্রার্থয়েৎ প্রভুং।

বল্লভ তেজোরূপে কথিত সেই সর্ব্বনায়ক শ্রীকৃষ্ণকে সুগন্ধি পুষ্প সমূহ দ্বারা আরাধনা করিয়া রজতপাত্রে পবিত্র পক্ব দুগ্ধ নিবেদন করিবে। এই প্রকার পূজা করিয়া স্থিরচিত্তে মনোমধ্যে মন্ত্র জপ করিবে। ত্রৈকালিক পূজায় এক সহস্র অষ্টবার জপ করিবে। পণ্ডিতগণ কৃষ্ণমন্ত্রের এই নিত্য ক্রম বলিয়াছেন॥

তন্মধ্যে প্রথমতঃ সংক্ষেপে ত্রিকাল পূজা কথনের পর জিতেন্দ্রিয়-পুরুষ মনের দ্বারাই বা ত্রিসন্ধ্যা পূজা করিয়া প্রত্যহ অষ্ট অধিক এক সহস্র মন্ত্র জপ করিবে। অসমর্থ হইলে প্রত্যহ একশত অষ্ট মন্ত্র জপ করিবে॥

অথ রাত্রিকৃত্য॥

তদনন্তর যেরূপ গুরুপরম্পরা ব্যবহার আছে, বৈষ্ণব ব্যক্তি তদনুরূপ হোমকর্ম্ম সমাধা পূর্ব্বক ভক্তিসহকারে গীত নৃত্যাদি করিয়া শ্রীকৃষ্ণের নিকট প্রার্থনা করিবেন॥

তথাচোক্তং॥

বলীয়সা পদা স্বামিন্ পদবীমবধারয়।

আগচ্ছ শয়নস্থানং প্রিয়াভিঃ সহ কেশবেতি॥ ৮॥

এবং প্রার্থ্য সমর্প্যাস্মৈ পাদুকে শয়নালয়ং।

আনীয় দেবং তত্রত্যানুপচারান্ প্রকল্পয়েৎ॥ ৯॥

বিশেষতোঽর্পয়েত্তত্র ঘনং দুগ্ধং সশর্করং।

তাম্বূলঞ্চ সকর্পূরং দিব্যমাল্যানুলেপনং।

ইত্থং ভক্ত্যা সমারাধ্য ভগবন্তং স্বশক্তিতঃ।

তৎপ্রীত্যৈ সর্ব্বকর্ম্মাণি তৎফলং বার্পয়েৎ কৃতী॥

তত্রত্যান্ শয়নালয়ে কৃত্যান্॥ ৯॥

আত্মনা চিত্তেনাহঙ্কারেণ বা অনুস্মৃতো যঃ স্বভাবস্তস্মাৎ। অয়মর্থঃ। ন কেবলং বিধিতঃ কৃতমেবেতি নিয়মঃ স্বভাবানুসারি লৌকিকমপীতি। তথাচ ভগবদ্গীতাসু। যৎ করোষি যদশ্নাসি যজ্জুহোষীত্যাদি। যদ্বা। ননু কায়াদীনামেব কর্ম্ম নাত্মন ইত্যাশঙ্ক্যাহ অধ্যাসেনানুস্মৃতাৎ ব্রাহ্মণত্বাদিস্বভাবাৎ যৎ যৎ করোতীত্যর্থঃ। যদ্বা অনুস্মৃতঃ আশ্রিতো

প্রার্থনা কথিত হইয়াছে যথা॥

হে স্বামিন্! বলিষ্ঠচরণ দ্বারা পদবী অবধারণ করুন। হে কেশব! প্রিয়াগণের সহিত শয়ন স্থানে আগমন করুন॥ ৮॥

এইরূপ প্রার্থনা করিয়া পাদুকা অর্পণ করিবে, তৎপরে শ্রীকৃষ্ণকে শয়নস্থানে আনয়ন করিয়া শয়নস্থানোপযুক্ত উপচার সকল কল্পনা করিবে॥ ৯॥

বিশেষ করিয়া শয়নস্থানে শর্করাসমন্বিত ঘনদুগ্ধ, সকর্পূর তাম্বূল, উত্তম মালা ও অনুলেপন অর্পণ করিবে। এই প্রকার স্বীয়শক্তি অনুসারে ভক্তিপূর্ব্বক ভগবান্‌কে আরাধনা করিয়া কৃতী ব্যক্তি তাঁহার প্রীতিনিমিত্ত সমস্ত কর্ম্ম এবং কর্ম্মের ফল তাঁহাকে অর্পণ করিবেন॥

অথাহোরাত্রাখিলকর্ম্মার্পণবিধিঃ ॥

একাদশস্কন্ধে ॥

কায়েন বাচা মনসেন্দ্রিয়ৈর্ব্বা

বুদ্ধ্যাত্মনা বানুসৃতস্বভাবাৎ।

করোতি যদ্যৎ সকলং পরস্মৈ

নারায়ণায়েতি সমর্পয়েত্তৎ ॥ ১০ ॥

কিঞ্চাত্র ॥

সাধু বাসাধু বা কর্ম্ম যদ্যদাচরিতং ময়া।

যঃ স্বভাবঃ বৈষ্ণবত্বং তস্মাদ্ধেতোঃ কায়াদিনা যদ্যৎ ভগবদারাধনকর্ম্মেত্যর্থঃ। তৎ সকলং পরস্মৈ পরমেশ্বরায় নারায়ণায় সমর্পয়েৎ। ইত্যনেন বচনেন কায়েনেত্যাদি নারায়ণায়েত্যন্তপদ্যমিদং পঠিত্বেত্যর্থঃ। যদ্বা নারায়ণ প্রীত্যর্থং ভবত্বিতি সমর্পয়েৎ ॥ ১০ ॥

কর্ম্ম ভগবদারাধনলক্ষণং। সাধু সম্যক্তয়া অসাধু অসম্যক্তয়া বা কৃতমিত্যর্থঃ। শ্রীভগবতি ভক্তেরসৎকর্ম্মণামর্পণস্যাযোগ্যত্বাৎ। এবং আরাধনং পরমারাধনত্বেন গৃহাণ

অথ অহোরাত্র সম্বন্ধীয় সমস্ত কর্ম্মার্পণ বিধি ॥

একাদশস্কন্ধে ২ অধ্যায়ে ৩৪ শ্লোকে ॥

যদি বল ভাগবতধর্ম্ম সকল কি? তাহার উত্তর এই, যে কোন কর্ম্ম করা যায়, তাহা যদি ভগবান্ নারায়ণে সমর্পিত হয় তবেই সেই সকল কর্ম্মকে ভাগবতধর্ম্ম বলে অর্থাৎ বিধিবিহিতরূপে শরীর দ্বারা যাহা করিবে, বাক্যে যাহা বলিবে, মনে যাহা ভাবনা করিবে, ইন্দ্রিয়গণ দ্বারা যাহা চিন্তা করিবে, তৎসমুদায় ভগবানে সমর্পণ করিবে। অপর কেবল যে বিধিবিহিত কর্ম্মমাত্র করিবে এমত নয় ব্রাহ্মণত্বাদি স্বভাববশতঃ যাহা যাহা করিবে তৎসমুদায়ও ঈশ্বরে অর্পণ করিবে॥১০॥

আরও এইস্থানে ॥

হে ভগবন্! হে বিষ্ণো! আমি সাধু বা অসাধু যে যে কর্ম্ম আচরণ করিয়াছি, আপনি তৎসমুদায় পরম আরাধনস্বরূপে গ্রহণ

তৎসর্ব্বং ভগবন্ বিষ্ণো গৃহাণারাধনং পরং ॥ ১১ ॥

কিঞ্চ ॥

অপাং সমীপে শয়নাসনে গৃহে
দিবা চ রাত্রৌ চ যথা চ গচ্ছতা।
যদস্তি কিঞ্চিৎ সুকৃতং কৃতং ময়া
জনার্দ্দনস্তেন কৃতেন তুষ্যতু ॥

অতএবোক্তং তৃতীয়স্কন্ধে ব্রহ্মাণং প্রতি শ্রীভগবতা ॥

পূর্ত্তেন তপসা যজ্ঞৈর্দানৈর্যোগৈঃ সমাধিনা।
রাদ্ধং নিঃশ্রেয়সং পুংসাং মৎপ্রীতিস্তত্ত্ববিন্মতমিতি ॥ ১২ ॥

স্বীকুরু ॥ ১১ ॥

ন চ মৎপ্রীতেরধিকং কিঞ্চিদস্তি ইত্যাহ পূর্ত্তেনেতি পূর্ত্তাদিভীরাদ্ধং সিদ্ধং যন্নিঃশ্রেয়সং ফলং। মৎপ্রীতিরেবেতি তত্ত্ববিদাং মতং ॥ ১২ ॥

করুন ॥ ১১ ॥

আরও ॥

জলের সমীপে, শয়নে, উপবেশনে, গৃহে, দিবায়, রাত্রে অথবা গমন করিতে করিতে আমার কৃত যে কিছু সুকৃত আছে, সেই কার্য্য দ্বারা জনার্দ্দন সন্তুষ্ট হউন ॥

অতএব তৃতীয়স্কন্ধে ৯ অধ্যায়ে ৪০ শ্লোকে ব্রহ্মার
প্রতি ভগবান্ কহিয়াছেন ॥

হে ব্রহ্মন্! আমার প্রীতি উৎপাদন করাই পুরুষ সকলের পরম-শ্রেয়ঃ তদ্ভিন্ন অন্য উত্তম ফল আর কিছুই নাই, খাতাদি কর্ম্ম, তপস্যা, যজ্ঞ, দান, যোগ এবং সমাধি, এ সকল দ্বারা পুরুষের যে ফল সিদ্ধি হয়, তত্ত্বজ্ঞ পণ্ডিতেরা বলেন আমার প্রীতিতেও তাহাই সিদ্ধি হইয়া থাকে ॥ ১২ ॥

ইত্থমারাধয়েন্নিত্যং ভগবন্তং যথাবিধি।
ন্যায়ার্জ্জিতাপ্তবিত্তেন সমগ্র ফলসিদ্ধয়ে ॥ ১৩ ॥

অথ পূজাফলসম্প্রাপ্ত্যুপায়ঃ ॥

দশমস্কন্ধে ॥

অয়ং স্বস্ত্যয়নং পন্থা দ্বিজাতের্গৃহমেধিনঃ।
যচ্ছ্রদ্ধয়াপ্তবিত্তেন শুক্লেনেজ্যেত পূরুষঃ ॥ ১৪ ॥

অগস্ত্যসংহিতায়াঞ্চ।

ন্যায়ার্জ্জিতৈঃ সাধনৈশ্চ দানহোমার্চ্চনাদিকং।
কুর্য্যান্নচেদধোযাতি ভক্ত্যা কুর্ব্বন্নপি দ্বিজেতি ॥ ১৫ ॥

ইত্থং লিখতিপ্রকারেণ যথাবিধি নিত্যমারাধয়েৎ। তচ্চ ন্যায়ার্জ্জিতেন আপ্তেন এব বিত্তেন ধনেন সমগ্রস্য সম্পূর্ণস্য ফলস্য সিদ্ধয়ে। অন্যথা শাস্ত্রোক্তপূজাফলং সম্পূর্ণং ন সম্পদ্যেত ইত্যর্থঃ ॥ ১৩ ॥

স্বস্ত্যয়নং স্বস্তি ক্ষেমময়তেঽনেনেতি তথা। শ্রদ্ধয়া নিষ্কামতয়া ভক্ত্যা বা। শুক্লেন শুদ্ধেন আপ্তেন ন্যায়ার্জ্জিতেন বিত্তেন পুরুষ ঈশ্বর ঈজ্যেতেতি যৎ। অয়ং পন্থাঃ ॥ ১৪ ॥

নচেৎ অন্যায়ার্জ্জিতৈর্যদি কুর্য্যাত্তদেত্যর্থঃ। দ্বিজ হে সুতীক্ষ্ণ ॥ ১৫ ॥

আপনার ন্যায়ার্জ্জিত ধন দ্বারা সমস্ত ফল সিদ্ধির নিমিত্ত এই প্রকার যথাবিধি ভগবান্‌কে আরাধনা করিবে ॥ ১৩ ॥

অথ পূজাফলপ্রাপ্তির উপায় ॥

দশমস্কন্ধে ৮৪ অধ্যায়ে ২৮ শ্লোকে ॥

গৃহাশ্রমি ব্রাহ্মণের ইহাই মঙ্গলজনক উত্তম পথ যে, শ্রদ্ধাসহকারে শুদ্ধচিত্ত হইয়া সেই পুরুষের অর্চ্চনা করা ॥ ১৪ ॥

অগস্ত্যসংহিতাতেও ॥

হে সুতীক্ষ্ণ! ন্যায়ার্জ্জিত এবং সাধনলব্ধ ধন দ্বারা দান, হোম ও অর্চ্চনাদি করিবে, তাহা না হইলে অন্যায় উপার্জ্জিত ধন দ্বারা ভক্তিপূর্ব্বক পূজা করিলেও অধোগতি প্রাপ্ত হইবে ॥ ১৫ ॥

যত্নাৎ সিদ্ধৈর্নিজৈঃ শুদ্ধৈর্দ্রব্যৈর্ধন্যোঽর্চ্চয়েৎ প্রভুং।
পূজাদ্রব্যাণ্যশক্তশ্চেদ্দদ্যাদীক্ষেত বার্চ্চনং॥ ১৬॥
অথাশক্তস্য পূজাফলপ্রাপ্ত্যুপায়ঃ॥
অগস্ত্যসংহিতায়াং॥
আরাধনাসমর্থশ্চেদ্দদ্যাদর্চ্চনসাধনং।
যো দাতুং নৈব শক্নোতি কুর্য্যাদর্চ্চনদর্শনং।
নিস্তারায় তদেবালং ভবাব্ধের্মুনিসত্তম।
নৈকঞ্চ যস্য বিদ্যেত সোঽধোযাত্যেব নান্যথা॥ ১৭॥

যশ্চ শ্রদ্ধাবিশেষেণ যত্নতো বিশুদ্ধসাধনানি সম্পাদ্য পূজামাচরেৎ স চ পরমভাগ্যবানিতি লিখতি যত্নাদিতি। অশক্তশ্চেদযদি তথার্চ্চনেঽসমর্থঃ। তদা পূজাদ্রব্যাণি দদ্যাৎ। তত্রাশক্তৌ চ পূজাদর্শনমপি কুর্য্যাদিত্যর্থঃ॥ ১৬॥

এতদেবাগস্ত্যোক্ত্যা প্রমাণয়ন্ আদৌ পূজাসাধনদাতাপি সমগ্রমেব ফলং প্রাপ্নুয়াদিতি লিখতি আরাধনেতি। অপ্যর্থে এব শব্দঃ। তৎ অর্চ্চনদর্শনমপি ভবাব্ধেঃ সকাশান্নিস্তারায় অলং সমর্থং॥ ১৭॥

ধন্য ব্যক্তি যত্নসিদ্ধ নিজের শুদ্ধ দ্রব্য দ্বারা ভগবানকে পূজা করিবেন, পূজায় অশক্ত হইলে পূজার দ্রব্য দিবেন এবং তাহাতেও অশক্ত হইলে কেবলমাত্র দর্শন করিবেন॥ ১৬॥

অথ অশক্ত ব্যক্তির পূজাফল প্রাপ্তির উপায়॥

অগস্ত্যসংহিতায়॥

পূজাকরণে অসমর্থ ব্যক্তি পূজাসাধনদ্রব্য অর্পণ করিবে, তাহাতেও অসমর্থ হইলে পূজা দর্শন করিবে। হে মুনিশ্রেষ্ঠ! পূজাদর্শন ভবসাগর পার হইবার এই একমাত্র উপায়। এই দুইয়ের মধ্যে যাহার একটীও নাই, নিশ্চয় সে অধোগতি প্রাপ্ত হইবে, ইহার অন্যথা হইবে না॥ ১৭॥

কিঞ্চ তত্রৈব ॥

যস্তু ভক্ত্যা প্রযত্নেন স্বয়ং সম্পাদ্য চাখিলং।
সাধনঞ্চার্চ্চয়েদ্বিদ্বান্ সমগ্রং লভতে ফলং।
যোঽর্চ্চয়েদ্বিধিবদ্ভক্ত্যা পরানীতৈশ্চ সাধনৈঃ।
পূজাফলার্দ্ধমেব স্যান্ন সমগ্রং ফলং লভেৎ ॥ ১৮ ॥

কিঞ্চ ॥

পাদ্মে শ্রীকৃষ্ণসত্যাসম্বাদীয়কার্ত্তিকমাহাত্ম্যে ॥

ধর্ম্মোদ্দেশেন যো দ্রব্যং পরং যাচয়তে নরঃ।
তৎপুণ্যকর্ম্মজং তস্য ধনং দত্বাপ্নুয়াৎ ফলং ॥ ১৯ ॥

অথ দর্শনমাহাত্ম্যং ॥

ফলভেদমাহ। যদ্বিতি দ্বাভ্যাং ॥ ১৮ ॥

স্বয়ন্তু পূজার্থং দ্রব্যমন্যজনং নৈব যাচেতেত্যত্র পাদ্মবচনং লিখতি। ধর্ম্মেতি। তস্য দ্রব্যযাচকস্য ॥ ১৯ ॥

আরও ঐ অগস্ত্যসংহিতায় ॥

যে বিদ্বান্ পুরুষ যত্নপূর্ব্বক ভক্তিসহকারে নিখিল পূজাসাধন দ্রব্য স্বয়ং সম্পাদন করিয়া অর্চ্চনা করেন, তিনি পূজার সমগ্রফল প্রাপ্ত হন॥

যে ব্যক্তি পরের আনীত উপকরণ দ্বারা ভক্তি পূর্ব্বক যথাবিধি পূজা করেন, তিনি পূজার অর্দ্ধ ফল প্রাপ্ত হন্, সমগ্র ফল লাভ করিতে পারেন না ॥ ১৮ ॥

আরও। পদ্মপুরাণে শ্রীকৃষ্ণ সত্যভামা সম্বাদীয় কার্ত্তিকমাহাত্ম্যে ॥

যে মনুষ্য ধর্ম্মোদ্দেশে অর্থাৎ পুণ্যের নিমিত্ত অন্য জনের নিকট দ্রব্য যাচ্ঞা করেন, সেই দ্রব্যযাচকের সেই পুণ্যকর্ম্ম জনিত ফল ধনদাতা প্রাপ্ত হন ॥ ১৯ ॥

অথ পূজাদর্শন মাহাত্ম্য ॥

পাদ্মে শ্রীপুলস্ত্যভগীরথসম্বাদে ॥
পূজিতং পূজ্যমানঞ্চ যে পশ্যন্তি জনার্দ্দনং।
কপিলাশতদানস্য নিত্যং ভবতি তৎফলং ॥ ২০ ॥
আগ্নেয়ে ॥
পূজিতং পূজ্যমানম্বা যঃ পশ্যেদ্ভক্তিতো হরিং।
শ্রদ্ধয়া মোদতে যস্তু সোঽপি যোগফলং লভেৎ।
সংপূজ্যমানং বিধিনা যঃ পশ্যেৎ শ্রদ্ধয়া হরিং।
সোঽপি যোগফলং কৃৎস্নং প্রাপ্নুয়ান্নাত্র সংশয়ঃ।
দৃষ্ট্বা সংপূজিতং দেবং নৃত্যমানোঽনুমোদয়েৎ।
অসংশয়মতিঃ শুদ্ধঃ পরং ব্রহ্মাধিগচ্ছতি ॥ ২১ ॥

অধুনা স্বপরকৃতার্চ্চনাৎ পূজাদর্শনে শ্রীভগবতো দর্শনং স্যাদিতি প্রসঙ্গাত্তন্মাহাত্ম্যং লিখতি পূজিতমিত্যাদিনা ॥ ২০ ॥
মোদয়েৎ অনুমোদং কুর্য্যাৎ ॥ ২১ ॥

পদ্মপুরাণে পুলস্ত্য ও ভগীরথসম্বাদে ॥

যে সকল মনুষ্য পূজিত বা পূজ্যমান জনার্দ্দনকে দর্শন করেন, একশত কামধেনু দান করিলে যে ফল হয়, নিত্য তাঁহাদিগের সেই ফল হইয়া থাকে ॥ ২০ ॥

অগ্নিপুরাণে ॥

যে ব্যক্তি ভক্তিপূর্ব্বক পূজিত বা পূজ্যমান হরিকে দর্শন করেন এবং যে ব্যক্তি শ্রদ্ধা পূর্ব্বক তদ্বিষয়ে অনুমোদন করেন, তিনিও যোগফল প্রাপ্ত হয়েন।

যে ব্যক্তি শ্রদ্ধা পূর্ব্বক বিধি সহকারে সংপূজ্যমান হরিকে দর্শন করেন, তিনিও সমস্ত যোগের ফল প্রাপ্ত হয়েন, ইহাতে সংশয় নাই ॥

যিনি সংপূজিত ভগবান্‌কে দর্শন করিয়া নৃত্য করিতে করিতে অনুমোদন করেন, সেই অসংশয় মতি শুদ্ধ পুরুষ পরমব্রহ্ম প্রাপ্ত হয়েন ॥ ২১ ॥

অথ শ্রীভগবন্মূর্ত্তিদর্শননিত্যতা ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে ॥

তাবদ্ভ্রমন্তি সংসারে মনুষ্যা মন্দবুদ্ধয়ঃ।

যাবদ্রূপং ন পশ্যন্তি কেশবস্য মহাত্মনঃ ॥ ২২ ॥

পাদ্মে চ তত্রৈব ॥

পূজ্যমানং হৃষীকেশং যে ন পশ্যন্তি বৈষ্ণবাঃ।

তেষাং দত্তং হুতং জপ্তং দৈত্যেয়ায়োপতিষ্ঠতি।

কিঞ্চ তত্রৈব ॥

নারায়ণনারদসম্বাদে পূজাবিধিকথনে ॥

যত্র কুত্রাপি প্রতিমাং বেদধর্ম্মসমন্বিতাং।

তথা সুপ্রতিষ্ঠিতায়া ভক্তৈঃ পূজ্যমানায়াঃ সন্নিহিতায়াঃ শ্রীভগবন্মূর্ত্তেঃ সন্দর্শনমবশ্যং কার্য্যমিতি লিখতি তাবদিত্যাদিনা। রূপং শ্রীমূর্ত্তিং ॥ ২২ ॥

যত্র কুত্রাপি দুর্গমে স্থানে সুগমে বেতি জ্ঞেয়ং। বেদধর্ম্মসমন্বিতাং বেদোক্তধর্ম্মেণ

অথ শ্রীভগবন্মূর্ত্তি দর্শনের নিত্যতা ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে ॥

মন্দবুদ্ধি মনুষ্যগণ সেই পর্য্যন্ত সংসারে ভ্রমণ করিয়া বেড়ায়, যে পর্য্যন্ত মহাত্মা কেশবের শ্রীমূর্ত্তি দর্শন না করিয়াছে ॥ ২২ ॥

পদ্মপুরাণেরও সেই স্থানেই ॥

যে সকল বৈষ্ণব পূজ্যমান হৃষীকেশকে দর্শন করেন না, তাঁহাদিগের দান, হোম ও জপ এ সমস্ত দৈত্যগণের নিমিত্ত উপস্থিত হয় ॥

আরও ঐ স্থানেই শ্রীনারায়ণ নারদসম্বাদে ॥

পূজাবিধি কথনে ॥

দুর্গম বা সুগম যে কোন স্থানেই হউক, বেদোক্ত ধর্ম্ম দ্বারা প্রতিষ্ঠা

ন পশ্যন্তি জনা গত্বা তে দণ্ড্যা যমকিঙ্করৈঃ॥ ২৩॥

অথ ভগবদর্থদ্রব্যদানমাহাত্ম্যং॥

স্কান্দে॥

বিষ্ণুমুদ্দিশ্য যৎকিঞ্চিদ্বিষ্ণুভক্তায় দীয়তে।
দানং তদ্বিমলং প্রোক্তং কেবলং মোক্ষসাধনং॥

কৌর্ম্মে॥

যৎকিঞ্চিদ্দেবমীশানমুদ্দিশ্য ব্রাহ্মণায় চ।
প্রভবেদ্বিষ্ণবে চাথ তদনন্তফলং স্মৃতং॥

বিষ্ণুধর্ম্মোত্তরে॥

অনুগ্রহেণ মহতা প্রেতস্য পতিতস্য চ।
নারায়ণবলিঃ কার্য্যস্তেনাস্যানুগ্রহো ভবেৎ।

প্রতিষ্ঠাদিপূর্ব্বকং যথাবিধিপূজ্যমানামিত্যর্থঃ॥ ২৩॥

পূজাদ্রব্যাণি বা দদ্যাদিতি সমস্তপূজাসাধনদানেনাপি সমগ্রং পূজাফলং লভত ইতি

পূর্ব্বক পূজ্যমান বিষ্ণুপ্রতিমাকে যে সকল মানব গিয়া দর্শন না করে, যমকিঙ্করগণ কর্ত্তৃক তাহারা দণ্ডনীয় হয়॥ ২৩॥

অথ ভগবানের নিমিত্ত দ্রব্যদানমাহাত্ম্য॥

স্কন্দপুরাণে॥

বিষ্ণুকে উদ্দেশ করিয়া বিষ্ণুভক্তকে যাহা কিছু দেওয়া যায়, সেই দান নির্ম্মল বলিয়া কথিত, কেবল তাহাতেই মোক্ষ সাধন হয়॥

কূর্ম্মপুরাণে॥

যে কোন দ্রব্য বিষ্ণুকে উদ্দেশ করিয়া ব্রাহ্মণকে দেওয়া যায়, তাহা বিষ্ণুর নিমিত্ত হয় এবং তাহা অনন্ত ফলপ্রদ বলিয়া কথিত হইয়াছে॥

বিষ্ণুধর্ম্মোত্তরে॥

মহৎ অনুগ্রহের নিমিত্ত প্রেত এবং পতিত ব্যক্তির সম্বন্ধে নারা-

অনাদিনিধনো দেবঃ শঙ্খচক্রগদাধরঃ।
অক্ষয়ঃ পুণ্ডরীকাক্ষস্তত্র দত্তং ন নশ্যতি।
যথা কথঞ্চিদ্যদ্দত্তং দেবদেবে জনার্দ্দনে।
অবিনাশি তু তদ্বিদ্ধি পাত্রমেকো জনার্দ্দনঃ।
তত্রৈব তৃতীয়কাণ্ডে ॥
সামান্যভক্ত্যা যদ্দত্তং তদ্ধি পদ্ভ্যাং প্রতীচ্ছতি।
একান্তভাবোপগতৈর্মূর্দ্ধ্না দ্বিজবরোত্তমাঃ।
অনন্তো ভগবান্ বিষ্ণুস্তস্য কামবিবর্জ্জিতৈঃ।
যদেব দীয়তে কিঞ্চিত্তদেবাক্ষয়মুচ্যতে ॥ ২৪ ॥

লিখিতং তত্র শ্রীভগবদর্থকিঞ্চিদ্দানেনাপি মহাফলং সিদ্ধোদিত্যাশয়েন সামান্যতো বিশেষতশ্চ ভগবদর্থদ্রব্যদানমাহাত্ম্যং লিখন্নাদৌ তত্র সামান্যতো লিখতি বিষ্ণুমিত্যাদিনা স্বয়মিত্যন্তেন ॥ ২৪ ॥

য়ণের পূজা করিবেন, তাহাতেই তাঁহার অনুগ্রহ হইবে ॥

যে দেব আদ্যন্তশূন্য, শঙ্খ চক্র গদাধর, অক্ষয় ও পদ্মলোচন, তাঁহাতে দত্ত বস্তু কখন নষ্ট হয় না ॥

যে কোনরূপে হউক, দেবদেব জনার্দ্দনকে যাহা কিছু দেওয়া যায়, তাহার বিনাশ হয় না জানিতে হইবে, জনার্দ্দনই দানের একমাত্র পাত্র ॥

ঐ বিষ্ণুধর্ম্মেরই তৃতীয়কাণ্ডে ॥

হে দ্বিজশ্রেষ্ঠগণ। মনুষ্য সামান্য ভক্তিসহকারে অনন্ত ভগবান্ বিষ্ণুকে যাহা কিছু দান করে, তিনি চরণদ্বয় দ্বারা তাহা গ্রহণ করেন, একান্তভাবে যাহা কিছু অর্পণ করে, তিনি মস্তক দ্বারা তাহা গ্রহণ করেন এবং কামনা পরিহার পূর্ব্বক যাহা নিবেদন করে, তাহাই অক্ষয় বলিয়া কথিত হয় ॥ ২৪ ॥

পদ্ভ্যাং প্রতীচ্ছতে দেবঃ সকামেন নিবেদিতং।
মূর্দ্ধ্না প্রতীচ্ছতে সত্তমকামেন দ্বিজোত্তমাঃ॥ ২৫॥
তথৈবোক্তং মোক্ষধর্ম্মে শ্রীনারদেন॥
ব্রহ্মা যমৃষয়শ্চৈব স্বয়ং পশুপতিশ্চ যং।
অন্যে চ বিবুধশ্রেষ্ঠা দৈত্যদানবরাক্ষসাঃ।
নাগাঃ সুপর্ণা গন্ধর্ব্বাঃ সিদ্ধা রাজর্ষয়স্তথা।
হব্যং কব্যঞ্চ সততং বিধিযুক্তং প্রভুঞ্জতে।
কৃৎস্নন্তু তস্য দেবস্য চরণাবুপতিষ্ঠতি।
যাঃ ক্রিয়াঃ সংপ্রযুক্তাস্তু একান্তগতবুদ্ধিভিঃ।
তাঃ সর্ব্বাঃ শিরসা দেবঃ প্রতিগৃহ্ণাতি বৈ স্বয়ং॥ ২৬॥

প্রতীচ্ছতে স্বীকরোতি॥ ২৫॥
যং হব্যং দেবেভ্যো দেয়ং। কব্যঞ্চ পিতৃভ্যো দেয়ং। চরণৌ প্রতি। একস্মিন্নেব ভগবতি অন্তং গতা নিষ্ঠাং প্রাপ্তা বুদ্ধির্যেষাং তৈঃ॥ ২৬॥

হে দ্বিজোত্তম! মনুষ্য কামনা করিয়া বিষ্ণুকে যাহা নিবেদন করে, তিনি চরণদ্বয় দ্বারা তাহা গ্রহণ করেন এবং কামনারহিত হইয়া যাহা প্রদান করে, তিনি মস্তক দ্বারা তাহা গ্রহণ করেন॥ ২৫॥

মোক্ষধর্ম্মে নারদ ঐ প্রকারই কহিয়াছেন॥

ব্রহ্মা যাহা ভোজন করেন, ঋষিগণ যাহা ভোজন করেন এবং স্বয়ং পশুপতি যাহা ভোজন করেন, তথা অন্যান্য প্রধান প্রধান দেব, দৈত্য, দানব, রাক্ষস, নাগ, সুপর্ণ, গন্ধর্ব্ব, সিদ্ধ এবং রাজর্ষিগণ সর্ব্বদা বিধিযুক্ত যে হব্য কব্য ভোজন করেন, তৎসমুদায় সেই বিষ্ণুর চরণদ্বয়ে উপস্থিত হয়। একান্ত বুদ্ধি মানবগণ যে কোন ক্রিয়া করেন, তৎসমুদায় ভগবান্ স্বয়ং মস্তকে গ্রহণ করিয়া থাকেন॥ ২৬॥

অথ দানবিশেষফলং ॥

ব্রহ্মবৈবর্ত্তে ॥

একামপি নরো ধেনুং সবৎসাং বিধিপূর্ব্বকং।
দত্ত্বোদ্দেশেন কৃষ্ণস্য প্রাপ্নোত্যেবাভিবাঞ্ছিতং ॥

নারসিংহে ॥

যো গাং পয়স্বিনীং বিষ্ণোঃ কৃষ্ণবর্ণাং প্রযচ্ছতি।
অশ্বমেধস্য যজ্ঞস্য ফলং প্রাপ্য হরিং ব্রজেৎ।
সর্ব্বপাপৈর্ব্বিরহিতঃ সর্ব্বভূষণভূষিতঃ।
গবাং সহস্রদানস্য ফলং প্রাপ্য দিবং ব্রজেৎ ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে ॥

গবাং লোকমবাপ্নোতি ধেনুং দত্ত্বা পয়স্বিনীং।

অধুনা দ্রব্যবিশেষদানেন ফলবিশেষং লিখতি একামিত্যাদিনা সুগমং ভবেদিত্যস্তেন। যদ্যপি গোদানাদিকমেতৎ কাদাচিৎকত্বান্নিত্যকর্ম্মমধ্যেঽত্র লিখিতুং নোপযুজ্যতে তথাপি

অথ দানবিশেষে ফলবিশেষ ॥

ব্রহ্মবৈবর্ত্তে ॥

মনুষ্য শ্রীকৃষ্ণের উদ্দেশে একটীমাত্র সবৎসা ধেনু বিধি পূর্ব্বক দান করিলে বাঞ্ছিত ফল প্রাপ্ত হয় ॥

নৃসিংহপুরাণে ॥

যে ব্যক্তি বিষ্ণুর উদ্দেশে কৃষ্ণবর্ণা দুগ্ধবতী গাভী দান করেন, তিনি অশ্বমেধযজ্ঞের ফল প্রাপ্ত হইয়া হরির নিকট গমন করেন। অপরঃ তিনি সর্ব্বপাপশূন্য, সর্ব্বাভরণভূষিত হইয়া সহস্র গোদানের ফল লাভ করত স্বর্গে গমন করেন ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে ॥

বাসুদেবের মন্দিরে দধি দুগ্ধ ঘৃতের নিমিত্ত দুগ্ধবতী ধেনু দান করিলে গোলোক প্রাপ্তি হয়। মধুপর্কের নিমিত্ত গোদান করিলে

দধিক্ষীরঘৃতার্থায় বাসুদেবস্য চালয়ে ।
দত্ত্বা গাং মধুপর্কায় মহৎফলমবাপ্নুয়াৎ ॥
জলাশয়ং তথা কৃত্বা সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে ।
সপুষ্পৈঃ সফলৈর্বৃক্ষৈর্যুতং কৃত্বা জলাশয়ং ॥
উদ্যানৈঃ পদ্মিনীষণ্ডৈরাশ্রমৈশ্চ মনোহরৈঃ ।
শ্বেতদ্বীপমবাপ্নোতি পুনর্নাবর্ত্ততে ততঃ ॥
দেবাগ্রে কারয়েদ্যস্তু রম্যামাপণবীথিকাং ।
রাজা ভবতি লোকেষু বিজিতারির্মহাযশাঃ ॥
নগরঞ্চ তথা কৃত্বা সাম্রাজ্যমধিগচ্ছতি ।
শিবিকাং যে প্রযচ্ছন্তি তে প্রযান্ত্যমরাবতীং ॥
অশ্বদাঃ স্বর্গলোকস্থা রাজন্তে দিবি সূর্য্যবৎ ।
করীন্দ্রদানাচ্ছক্রস্য চিরাল্লোকাচ্চ্যুতো নরঃ ॥

তত্তদ্দানেন নিত্যপূজাসিদ্ধেঃ পূজাদ্রব্যদানলিখনাচ্চ তত্তৎফলবিশেষাপেক্ষয়া সঙ্গতোঽত্রৈব লিখিতমিতি দিক্ ॥ ২৭ ॥

মহাফল প্রাপ্তি হয় । জলাশয় দান করিলে সকল পাপ হইতে মুক্তি হইয়া থাকে ।

সপুষ্প ও সফলবৃক্ষসমন্বিত, তথা উদ্যান, পদ্মিনীসমূহে এবং মনোহর আশ্রম সকলে যুক্ত জলাশয় করিলে শ্বেতদ্বীপ প্রাপ্তি হয়, তাহা হইতে আর পুনরাবৃত্তি হয় না ॥

যে ব্যক্তি বিষ্ণুর অগ্রে মনোহর আপণবীথিকা প্রস্তুত করেন, তিনি সকলের মধ্যে শত্রুজয়ী মহাযশস্বী রাজা হন । আর নগর নির্ম্মাণ করিলে সাম্রাজ্য লাভ করেন ॥

যাঁহারা বিষ্ণুকে শিবিকা প্রদান করেন, তাঁহারা স্বর্গে গমন করেন । অশ্বদান কর্ত্তা স্বর্গলোকস্থ হইয়া স্বর্গে সূর্য্যের ন্যায় বিরাজমান হয়েন । মনুষ্য হস্তী দান করিলে চিরকালের পর ইন্দ্রলোক হইতে চ্যুত হইয়া

রাজা ভবতি ধর্ম্মাত্মা পৃথিব্যাং পৃথিবীপতিঃ ॥ ২৭ ॥

বিষ্ণোরায়তনে দত্ত্বা তৎকথাপুস্তকং নরঃ।

ব্রহ্মলোকমবাপ্নোতি বহুকালস্থিরং দ্বিজাঃ ॥ ২৮ ॥

পুস্তকাংশ্চ তথৈবান্যান্ যঃ প্রদদ্যান্নরস্ত্বিহ।

সারস্বতমবাপ্নোতি লোকং কালং তথা বহুং ॥ ২৯ ॥

স্বভৃতং বাচকং কৃত্বা দেবাগারে নরঃ সদা।

বিদ্যাদানফলং প্রাপ্য ব্রহ্মলোকে মহীয়তে ॥ ৩০ ॥

বিষ্ণোঃ শঙ্খপ্রদানেন বারুণং লোকমশ্নুতে।

মানুষ্যমাসাদ্য তথা খ্যাতশব্দশ্চ জায়তে ॥

ঘণ্টাপ্রদানেন তথা মহদ্যশ উপাশ্নুতে।

তস্য বিষ্ণোঃ কথায়াঃ পুস্তকং শ্রীভাগবতাদি ॥ ২৮ ॥

ইহ বিষ্ণ্বায়তনে ॥ ২৯ ॥

স্বভৃতং বেতনাদিনা স্বায়ত্তীকৃতং ॥ ৩০ ॥

কূটাগারং মঞ্চগৃহং ॥ ৩১ ॥

পৃথিবীতে ধর্ম্মাত্মা পৃথ্বীপতি রাজা হয়েন ॥ ২৭ ॥

হে দ্বিজগণ! মনুষ্য বিষ্ণুমন্দিরে বহুকালস্থায়ী বিষ্ণুকথার পুস্তক শ্রীমদ্ভাগবতাদি দান করিলে ব্রহ্মলোক প্রাপ্তি হয় ॥ ২৮ ॥

যে মনুষ্য বিষ্ণুমন্দিরে অন্যান্য পুস্তক সকল প্রদান করেন, তিনি বহুকাল পর্য্যন্ত সরস্বতীসম্বন্ধীয় লোক প্রাপ্ত হয়েন ॥ ২৯ ॥

যে মনুষ্য সর্ব্বদা বেতন দিয়া দেবালয়ে বাচক নিযুক্ত করেন, তিনি বিদ্যাদানের ফল প্রাপ্ত হইয়া ব্রহ্মলোকে সম্মানিত হইয়া বাস করেন ॥ ৩০ ॥

বিষ্ণুকে শঙ্খ দান করিলে বরুণ লোক প্রাপ্ত হয়েন, পরে মনুষ্য-লোকে আসিয়া খ্যাতাপন্ন হইয়া থাকেন। অপর ঘণ্টা প্রদান করিলে মহাযশঃ লাভ করেন, তথা মঞ্চগৃহ প্রদান করিলে নগরের অধিপতি

কূটাগারং তথা দত্ত্বা নগরাধিপতির্ভবেৎ ॥ ৩১ ॥
দত্ত্বা তু দেবকর্ম্মার্থং নবাং বেদীং দৃঢ়াং শুভাং ।
পার্থিবত্বমবাপ্নোতি দেবী হি পৃথিবী যতঃ ।
তোরণং কারয়েদ্যস্তু দেবদেবালয়ে নরঃ ।
লোকেষু তস্য দ্বারাণি ভবন্তি বিবৃতানি বৈ ॥ ৩২ ॥
দেববেশ্মোপযোগ্যানি শিল্পভাণ্ডানি যো নরঃ ।
দদ্যাদ্বা বাদ্যভাণ্ডানি গণেশত্বমবাপ্নুয়াৎ ॥ ৩৩ ॥
যঃ কুম্ভং দেবকর্ম্মার্থং নরো দদ্যান্নবং শুভং ।
বারুণং লোকমাপ্নোতি সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে ॥ ৩৪ ॥
চতুরঃ কলসান্ দদ্যাদ্যস্তু দেবগৃহে নরঃ ।

বেদীং ভগবদগ্রতঃ পূজোপকরণস্থাপনার্থমিষ্টকাদিনির্ম্মিতং স্থানবিশেষং ॥ ৩২ ॥
শিল্পভাণ্ডানি শিল্পনির্ম্মাণোচিতদ্রব্যাণি বাস্যাদীনি ॥ ৩৩ ॥
শুভমুৎকৃষ্টদ্রব্যনির্ম্মিতং সুন্দরম্বা ॥ ৩৪ ॥

হয়েন ॥ ৩১ ॥

যে ব্যক্তি দেবোত্তম বিষ্ণুর পূজোপকরণ রাখিবার নিমিত্ত তাঁহার সম্মুখে ইষ্টকাদি দ্বারা দৃঢ় মনোহর নূতন বেদী নির্ম্মাণ করিয়া দেন, তিনি পার্থিবত্ব অর্থাৎ নৃপতিত্ব প্রাপ্ত হয়েন, যেহেতু পৃথিবী দেবী বলিয়া বিখ্যাত। অপর যে মনুষ্য বিষ্ণুমন্দিরে তোরণ নির্ম্মাণ করিয়া দেন, লোকসমূহে তাঁহার দ্বার সকল বিবৃত অর্থাৎ মুক্ত থাকে ॥ ৩২ ॥

যে মনুষ্য দেবগৃহের উপযুক্ত শিল্পভাণ্ড (বাসি অর্থাৎ কুঠার প্রভৃতি অস্ত্র) সকল প্রদান করেন অথবা বাদ্যভাণ্ড দেন, তিনি গণেশত্ব প্রাপ্ত হয়েন ॥ ৩৩ ॥

যে মনুষ্য দেবকর্ম্মের নিমিত্ত উৎকৃষ্ট দ্রব্য নির্ম্মিত নূতন কলস অর্পণ করেন, তিনি সমস্ত পাপ হইতে নির্ম্মুক্ত হইয়া বরুণলোক প্রাপ্ত হয়েন ॥ ৩৪ ॥

যে মনুষ্য দেবগৃহে চারিটী কলস দান করেন, তিনি নিশ্চয় চতুঃ

চতুঃসমুদ্রবলয়াং স হি ভুঙ্‌ক্তে বসুন্ধরাং।
দত্ত্বৈকমপি বিপ্রেন্দ্রাঃ কলসং সুসমাহিতঃ।
রাজা ভবতি ধর্ম্মাত্মা ভূতলে নাত্র সংশয়ঃ।
বারিধানীং তথা দত্ত্বা বারুণং লোকমশ্নুতে।
কমণ্ডলুপ্রদানেন যজ্ঞস্য ফলমাপ্নুয়াৎ॥ ৩৫॥
মাত্রাস্তু পরিচর্য্যার্থং নিবেদ্য হরয়ে তথা।
সর্ব্বকামসমৃদ্ধস্য যজ্ঞস্য ফলমশ্নুতে॥ ৩৬॥
তালবৃন্তপ্রদানেন নির্ব্বৃতিং প্রাপ্নুয়াৎ পরাং।
মাল্যাধারং তথা দত্ত্বা ধূপাধারস্তথৈব চ।
গন্ধাধারং তথা পাত্রং কামানাং পাত্রতাং ব্রজেৎ।
সমুদ্রজানি পাত্রাণি দত্ত্বা বৈ তৈজসানি বা।

বারিধানীং লঘুঘটং॥ ৩৫॥
মাত্রাং দেবোপচারসামগ্রীং তদাধারদ্রব্যম্বা॥ ৩৬॥

সমুদ্রবেষ্টিত বসুন্ধরা ভোগ করিয়া থাকেন॥

হে শ্রেষ্ঠব্রাহ্মণগণ! যে ধর্ম্মপরায়ণ ব্যক্তি যত্নবান্ হইয়া একটীমাত্রও কলস অর্পণ করেন, তিনি ভূতলে রাজা হইবেন ইহাতে সংশয় নাই॥

বারিধানী অর্থাৎ লঘু ঘট দান করিলে বরুণলোক ভোগ হয়। কমণ্ডলু দান করিলে যজ্ঞের ফল প্রাপ্ত হয়॥ ৩৫॥

মাত্রা অর্থাৎ দেবোপচার সামগ্রী, অথবা তদাধার দ্রব্য পরিচর্য্যার নিমিত্ত হরিকে দান করিলে সর্ব্বকামসমৃদ্ধি যজ্ঞের ফল ভোগ করেন॥ ৩৬॥

তালবৃন্ত প্রদান করিলে পরম সুখানুভব হয়। মাল্যাধার, ধূপাধার, গন্ধাধার এবং পাত্র দান করিলে সমস্ত ঐশ্বর্য্য ভোগের পাত্র হয়॥

সমুদ্রজাত পাত্র এবং তৈজসজাত পাত্র দান করিলে, ঐশ্বর্য্য,

পাত্রং ভবতি কামানাং বিদ্যানাঞ্চ ধনস্য চ।
শয়নাসনদানেন স্থিতিং বিন্দতি শাশ্বতীং।
উত্তরচ্ছদদানেন সর্ব্বান্ কামানবাপ্নুয়াৎ।
নরঃ সুবর্ণদানেন সর্ব্বান্ কামানবাপ্নুয়াৎ।
রূপ্যদো রূপমাপ্নোতি বিশেষাৎ ভুবি দুর্ল্লভং॥ ৩৭॥
রত্নদানেন লোকেষু প্রামাণ্যমুপগচ্ছতি।
অনড্বাহপ্রদানেন দশধেনুফলং লভেৎ॥ ৩৮॥
অজাবিমহিষোষ্ট্রাণাং দানমশ্বতরস্য চ।
সহস্রগুণিতং দানাৎ পূর্ব্বপ্রোক্তাৎ প্রকীর্ত্তিতং॥ ৩৯॥
বারুণং লোকমাপ্নোতি দত্ত্বা বস্তং দ্বিজোত্তমাঃ।
অবিপ্রদানাচ্চ তথা তমেনং লোকমশ্নুতে।

কামানামৈশ্বর্য্যভোগানাং পাত্রতামাশ্রয়তাং॥ ৩৭॥
রত্নানি মৌক্তিকহীরকগোমেদেন্দ্রনীলপুষ্পরাগবৈদূর্য্যবিদ্রুমমরকতপদ্মরাগাদীনি॥ ৩৮॥
পূর্ব্বপ্রোক্তাৎ ব্রাহ্মণসম্প্রদানকাদ্দানাৎ॥ ৩৯॥

বিদ্যা ও ধনের পাত্র হয়। শয়ন ও আসন দান করিলে নিত্য স্থিতি লাভ হয়। উপরের আচ্ছাদন দান করিলে সমুদায় কামনা লাভ করে॥

মনুষ্য সুবর্ণ দান করিলে সর্ব্বপ্রকার কামনা প্রাপ্ত হয়। বিশেষতঃ রূপ্যদানকর্ত্তা পৃথিবীতে দুর্ল্লভ রূপ লাভ করেন॥ ৩৭॥

মনুষ্য রত্ন অর্থাৎ মৌক্তিক, হীরক, গোমেদ, (পীতবর্ণ মণিবিশেষ) ইন্দ্রনীল, পুষ্পরাগ, বৈদূর্য্য, বিদ্রুম, মরকত ও পদ্মরাগাদি মণি দান করিলে প্রামাণ্য প্রাপ্ত হয়, বৃষ প্রদান করিলে দশধেনু দানের ফল লাভ করে॥ ৩৮॥

অজ, মেষ, মহিষ, উষ্ট্র এবং অশ্বতর দানে পূর্ব্বকথিত দান সকল হইতে সহস্র গুণ ফল কীর্ত্তিত হইয়াছে॥ ৩৯॥

হে দ্বিজশ্রেষ্ঠগণ! ছাগ দান করিলে বরুণলোক প্রাপ্ত হয়, মেষ প্রদানেও বরুণলোক লাভ হইয়া থাকে॥

উষ্ট্রং বা গর্দ্দভং বাপি খরং বা যঃ প্রযচ্ছতি।
অলকাং স সমাসাদ্য পক্ষীন্দ্রৈঃ সহ মোদতে।
আরণ্যমৃগজাতীনাং তথা দানাচ্চ পক্ষিণাং।
অগ্নিষ্টোমমবাপ্নোতি সুভগশ্চ তথা ভবেৎ।
দাসং দত্ত্বা সুখে লোকে নেষ্টভ্রষ্টো বিজায়তে।
দাসীং দত্ত্বা তথা বিপ্রা নাত্র কার্য্যা বিচারণা।
গণিকাং যে প্রযচ্ছন্তি নৃত্যগীতবিশারদাং।
সর্ব্বদুঃখবিনির্ম্মুক্তাস্তে প্রযান্ত্যমরাবতীং।
নৃত্যং দত্ত্বা তথাপ্নোতি রুদ্রলোকমসংশয়ং ॥ ৪০ ॥
প্রেক্ষণীয়প্রদানেন শক্রলোকে মহীয়তে।
দুন্দুভিং যে প্রযচ্ছন্তি কীর্ত্তিমন্তো ভবন্তি তে।

বস্তং ছাগং। অবির্মেষঃ খরং গর্দ্দভবিশেষং পশ্চিমদেশে গোখরেতি প্রসিদ্ধং ॥ ৪০ ॥
প্রেক্ষণীয়মিন্দ্রজালাদিগীতং দত্ত্বা গায়নদ্বারা গীতং গাপয়িত্বা। বীজানি শাকাদীনাং

যে ব্যক্তি উষ্ট্র, গর্দ্দভ অথবা গোখর (খচ্চর) দান করেন, তিনি কুবেরের পুরী প্রাপ্ত হইয়া পক্ষীন্দ্রগণের সহিত আনন্দানুভব করেন ॥

অরণ্যমৃগ এবং পক্ষিগণের দান হেতু অগ্নিষ্টোম যজ্ঞের ফল লাভ হয় এবং সৌভাগ্য বিশিষ্টও হইয়া থাকে ॥

দাস দান করিলে সুখময় লোকে ইষ্ট ভ্রষ্ট হয় না। হে বিপ্রগণ! দাসী দান করিলেও তাহাই লাভ হয়, এবিষয়ে বিচারের প্রয়োজন নাই ॥

যাঁহারা নৃত্যগীতনিপুণা গণিকা দান করেন, তাঁহারা সর্ব্বপ্রকার দুঃখ হইতে নির্ম্মুক্ত হইয়া অমরাবতীতে গমন করেন। নৃত্য দান করিলে রুদ্রলোক প্রাপ্ত হয়, সংশয় নাই ॥ ৪০ ॥

প্রেক্ষণীয় অর্থাৎ ইন্দ্রজাল প্রদান করিলে ইন্দ্রলোকে সুখানুভব করিবে। যাঁহারা দুন্দুভি দান করেন, তাঁহারা কীর্ত্তিমান্ হয়েন ॥

দত্ত্বা ধান্যানি বীজানি শস্যানি বিবিধানি চ।
রূপকাণি চ তান্যেব প্রাপ্নুয়াৎ সুরপূজ্যতাং।
দত্ত্বা শাকানি রম্যাণি বিশোকস্তুভিজায়তে।
দত্ত্বা চ ব্যঞ্জনার্থায় তথোপকরণানি চ॥ ৪১॥
পুষ্পবৃক্ষং তথা দত্ত্বা দেশস্যাধিপতির্ভবেৎ।
ফলং বৃক্ষং তথা দত্ত্বা নগরাধিপতির্ভবেৎ॥
তথা॥
সুগন্ধসাধনানীহ পটবাসানি যো নরঃ।
দদাতি দেবদেবস্য সোঽশ্বমেধফলং লভেৎ।
কঙ্কতস্য প্রদানেন বিরোমস্তুভিজায়তে।
কূর্চ্চপ্রসাধনং কৃত্বা পরং মঙ্গলমশ্নুতে॥ ৪২॥

বীজানি। বীজরূপাণি ধান্যানি বা। শস্যানি ভোজ্যানি যবাদীনি। রূপকাণি অঙ্কুরিতানি॥ ৪১॥

পুষ্পবৃক্ষং পুষ্পপ্রধানকং বৃক্ষং। এবং ফলবৃক্ষং॥ ৪২॥

যিনি ধান্যের বীজ, বিবিধ শস্যের বীজ এবং বীজের অঙ্কুর সকল প্রদান করেন, তিনি দেবপূজ্যত্ব প্রাপ্ত হয়েন॥

যিনি রমণীয় শাক ও ব্যঞ্জনের নিমিত্ত উপকরণ সকল দান করেন, তিনি শোক হইতে নির্ম্মুক্ত হয়েন॥ ৪১॥

পুষ্পপ্রধান বৃক্ষ দান করিলে দেশের অধিপতি হয়, ফলবৃক্ষ দান করিলে নগরের অধিপতি হয়॥

যে মনুষ্য দেবদেব বিষ্ণুকে সুগন্ধসাধন ও পটবাস (গন্ধচূর্ণ) সকল দান করেন, তিনি অশ্বমেধযজ্ঞের ফল প্রাপ্ত হন॥

কঙ্কতকের (চিরুণীর) দানে লোমশূন্য হয় এবং কূর্চ্চপ্রসাধন (জমধ্যস্থ রোমচয়ের অলঙ্করণ) দান করিলে পরম মঙ্গল প্রাপ্ত হয়॥ ৪২॥

বিস্মাপনীয়ং যৎকিঞ্চিদ্দত্ত্বাত্যন্তং সুখং লভেৎ ॥ ৪৩ ॥
বস্ত্রালঙ্করণাদীনাং কৃষ্ণার্পণফলঞ্চ যৎ ॥
উপচারপ্রয়োগে প্রাক্ তত্র তত্র ব্যলেখি তৎ ॥ ৪৪ ॥
উপচারাশ্চ বিবিধাঃ শ্রীমদ্ভগবদর্চ্চনে।
শক্ত্যাশক্ত্যাদিভেদেন তান্ত্রিকৈর্বৈষ্ণবৈর্মতাঃ ॥ ৪৫ ॥
অথ বিবিধোপচারাঃ ॥
আগমে ॥
আসনস্বাগতে সার্ঘ্যে পাদ্যমাচমনীয়কং।

বিস্মাপনীয়ং আশ্চর্য্যাবহং ॥ ৪৩ ॥

অত্র লিখিতোঽপি বস্ত্রাদিদানফলভেদঃ পূর্ব্ববদর্পণপ্রকরণে লিখিতোঽত্রাপি তথৈব জ্ঞেয়ঃ ইত্যাশয়েন লিখতি বস্ত্রেতি ॥ ৪৪ ॥

পূর্ব্ববৎ কুর্য্যাৎ শক্তো ভগবদর্চ্চনমিতি যায়ং পূজায়াং লিখিতং তত্র শক্তৌ পূর্ব্বলিখিতৈঃ সর্ব্বৈরেবোপচারৈরর্চ্চনং কার্য্যং অশক্তৌ সংক্ষেপেণ কতিচিদেব কর্ত্তব্যমিত্যাশয়েনোপচারাণাং বহুবিধত্বং লিখতি উপচারাশ্চেতি। শক্তেরশক্তেশ্চ ভেদেন আদিশব্দাৎ কালদেশশ্রদ্ধাদিভেদেন চ বিবিধা মতাঃ ॥ ৪৫ ॥

সার্ঘ্যে অর্ঘ্যসহিতে। অর্ঘ্যৈকৈকমিত্যর্থঃ। এবং ষোড়শ ॥ ৪৬ ॥

আশ্চর্য্যজনক যে কোন দ্রব্য অর্পণ করিলে অতিশয় সুখ লাভ হয় ॥ ৪৩ ॥

বস্ত্র ও অলঙ্কার প্রভৃতি শ্রীকৃষ্ণকে অর্পণ করিলে যে ফল হয়, পূর্ব্বে উপচার প্রদানে সেই সেই স্থানে লেখা হইয়াছে ॥ ৪৪ ॥

ভগবানের অর্চ্চন বিষয়ে উপচার বিবিধ প্রকার, তান্ত্রিক বৈষ্ণবগণ সমর্থাসমর্থভেদে ব্যবস্থা করিয়াছেন ॥ ৪৫ ॥

অথ নানাবিধ উপচার ॥

তন্ত্রে ॥

আসন, স্বাগত (কুশল প্রশ্ন), অর্ঘ্য, পাদ্য, আচমনীয়, মধুপর্ক

মধুপর্কাচমস্নানবসনাভরণানি চ।
সুগন্ধসুমনোধূপদীপনৈবেদ্যবন্দনং।
প্রযোজয়েদর্চ্চনায়ামুপচারাংস্তু ষোড়শ ॥ ৪৬ ॥
অর্ঘ্যঞ্চ পাদ্যাচমনমধুপর্কাচমান্যপি।
গন্ধাদয়ো নিবেদ্যান্তা উপচারা দশ ক্রমাৎ ॥ ৪৭ ॥
গন্ধাদিভির্নিবেদ্যান্তৈঃ পূজা পঞ্চোপচারিকী।
সপর্য্যাস্ত্রিবিধাঃ প্রোক্তাস্তাসামেকাং সমাচরেৎ ॥ ৪৮ ॥
ক্বচিচ্চ ॥
আসনাবাহনঞ্চৈব পাদ্যার্ঘ্যাচমনীয়কং।
স্নানং বাসো ভূষণঞ্চ গন্ধঃ পুষ্পঞ্চ ধূপকঃ।
প্রদীপশ্চৈব নৈবেদ্যং পুষ্পাঞ্জলিরতঃ পরং।
প্রদক্ষিণং নমস্কারো বিসর্গশ্চৈব ষোড়শ ॥ ৪৯ ॥

অর্ঘ্যাদীনি পঞ্চ গন্ধাদয়শ্চ পঞ্চ ইত্যেবং দশ ॥ ৪৭ ।
ত্রিবিধা উপচারাণাং ষোড়শাদিনা ভেদত্রয়েণ ত্রিপ্রকারাঃ ॥ ৪৮ ॥
ষোড়শান্তর মতান্তরং লিখতি আসনেতি। পুষ্পস্য পুষ্পাঞ্জলেশ্চৈক্যেন ষোড়শ ॥ ৪৯ ॥

আচমন, স্নান, বসন, আভরণ, সুগন্ধ পুষ্প, ধূপ, দীপ, নৈবেদ্য ও বন্দন, পূজাবিষয়ে এই ষোড়শ উপচার প্রদান করিবে ॥ ৪৬ ॥

অর্ঘ্য, পাদ্য, আচমন, মধুপর্ক, পুনরাচমন, গন্ধ, পুষ্প, ধূপ, দীপ ও নৈবেদ্য, ক্রমে এই দশ উপচার অর্পণ করিবে ॥ ৪৭ ॥

গন্ধ, পুষ্প, ধূপ, দীপ ও নৈবেদ্য পর্য্যন্ত পূজাকে পঞ্চোপচারিকী পূজা বলে। পূজা তিন প্রকার কথিত হইয়াছে, তন্মধ্যে যে কোন প্রকার হউক একটী আচরণ করিবে ॥ ৪৮ ॥

কোন স্থানে ॥

আসন, আবাহন, পাদ্য, অর্ঘ্য, আচমনীয়, স্নান, বস্ত্র, ভূষণ, গন্ধ, পুষ্প, ধূপ, দীপ, নৈবেদ্য, পুষ্পাঞ্জলি, প্রদক্ষিণ, নমস্কার ও বিসর্জন, এই ষোড়শ উপচার ॥ * ॥ ॥ ৪৯ ॥

---

* পুষ্প ও পুষ্পাঞ্জলি এই দুই ঐক্যপ্রযুক্ত ষোড়শ হইবে।

কেচিচ্চাহুশ্চতুঃষষ্টিমুপচারান্মমার্চ্চনে।
তেষ্বনেকপ্রকারেষু প্রকারৈকোঽত্র লিখ্যতে ॥ ৫০ ॥
সুখসুপ্তস্য কৃষ্ণস্য প্রাতরাদৌ প্রবোধনং।
বেদঘোষণবীণাদিবাদ্যৈর্বন্দিস্তবৈরপি। ১।
জয়শব্দা। ২। নমস্কারা ৩। মঙ্গলারাত্রিকং। ৪। ততঃ।
আসনং। ৫। দন্তকাষ্ঠঞ্চ। ৬। পাদ্যা। ৭। র্ঘ্যা। ৮। চমনান্যপি। ৯।
ততশ্চ মধুপর্কাঢ্যাচমনং। ১০। পাদুকার্পণং। ১১।
অঙ্গমার্জ্জন। ১২। মভ্যঙ্গো। ১৩। দ্বর্ত্তনে ১৪। স্নপনং জলৈঃ। ১৫।
ক্ষীরেণ। ১৬। দধ্না। ১৭। হবিষা। ১৮। মধুনা। ১৯। সিতয়া তথা। ২০

অনেকপ্রকারভেদা যেষাং তেষু উপচারেষু মধ্যে একঃ প্রকারোঽত্র গ্রন্থে লিখ্যতে ॥৫০ প্রবোধনমিত্যাদিভিঃ প্রথমান্তপদৈরুপচারাঃ। তত্রৈকবচনান্তেনৈকঃ দ্বন্দ্বসমাসে দ্বিবচনান্তেন দ্বৌ বহুবচনান্তেন চ বহবঃ। তৃতীয়ান্তপদৈশ্চ প্রাগ উপচারস্য সাধনং কচিচ্চ তস্য ভেদোঽপি জ্ঞেয়ঃ মধুপর্কেণাঢ্যং সহিতমাচমনমিতি তয়োর্দ্বিত্বেঽপি মধুপর্কানন্তরমাচমনস্যাবশ্যাপেক্ষত্বাদৈক্যাভিপ্রায়েণৈক এবোপচারঃ। অঙ্গমার্জ্জনং পর্য্যুষিতানুলেপনাদিরূপ শ্রীগাত্রমলোত্তারণং। অভ্যঙ্গস্তৈলাভ্যঞ্জনং। তৈলমর্দ্দনেনেতি বা পাঠঃ। অভ্যঙ্গো বিশেষতঃ তৈলাদিনা শ্রীমস্তকাভ্যঞ্জনং। উদ্বর্ত্তনঞ্চ তৈলাদ্যপসারণং। জলৈঃ সুগন্ধ পুষ্পোদকাদিভিঃ স্নপনস্যৈকবিধত্বেঽপি জলভেদেন ক্ষীরাদিভেদেন চ সপ্তধা সপ্তোপচারা

কেহ কেহ আমার অর্চ্চনবিষয়ে চতুঃষষ্টি উপচার বলিয়া থাকেন, সেই সকল অনেক প্রকার হইলেও তাহাদের মধ্যে এই গ্রন্থে এক প্রকার লিখিত হইতেছে ॥ ৫০ ॥

সুখসুপ্ত শ্রীকৃষ্ণের অগ্রে প্রাতঃকালে বেদধ্বনি, বীণাদির বাদ্য, ও বন্দিগণের স্তব দ্বারা প্রবোধন। ১। জয়শব্দ। ২। নমস্কার। ৩। মঙ্গল আরাত্রিক। ৪। আসন। ৫। দন্তকাষ্ঠ। ৬। পাদ্য। ৭। অর্ঘ্য। ৮। আচমন। ৯। মধুপর্কসমন্বিত আচমন। ১০। পাদুকার্পণ। ১১। অঙ্গমার্জ্জন অর্থাৎ পর্য্যুষিত অনুলেপনাদিরূপ শ্রীগাত্রমলের উত্তারণ। ১২। অভ্যঙ্গ (তৈলাভ্যঞ্জন)। ১৩। উদ্বর্ত্তন (তৈলাদ্যপসারণ)। ১৪।

মন্ত্রপূতৈঃ পুনর্ব্বার্ভিঃ। ২১। অঙ্গবাসো। ২২। অথ বাসসী। ২৩।
উপবীতং। ২৪। পুনশ্চাচমনীয়ং। ২৫। চানুলেপনং। ২৬।
ভূষণং। ২৭। কুসুমং। ২৮। ধূপো। ২৯। দীপো। ৩০। দৃষ্ট্যপসারণং। ৩১।
নৈবেদ্যং। ৩২। মুখবাসস্তু। ৩৩। তাম্বূলং। ৩৪। শয়নোত্তমং। ৩৫।
কেশপ্রসাধনং। ৩৬। দিব্যবস্ত্রাণি। ৩৭। মুকুটং মহৎ। ৩৮।
দিব্যগন্ধানুলেপশ্চ। ৩৯। কৌস্তুভাদিবিভূষণং। ৪০।
বিচিত্রদিব্যপুষ্পাণি। ৪১। মঙ্গলারাত্রিকং ততঃ। ৪২।
আদর্শঃ। ৪৩। সুখযানেন মণ্ডপাগমনোৎসবঃ। ৪৪।
সিংহাসনোপবেশশ্চ। ৪৫। পাদ্যাদ্যৈঃ পুনরর্চ্চনং। ৪৬।
পুনর্ধূপাদ্যর্পণেন প্রাগ্বন্নৈবেদ্যমুত্তমং। ৪৭।

ইত্যেবং শিষ্টসম্প্রদায়াচারোহত্র সম্মতঃ। অঙ্গবাসঃ শ্রীমদঙ্গজলমার্জ্জনার্থং বস্ত্রং। বাসসী পরিধানোত্তরীয়ে। দৃষ্টিঃ দুষ্টলোকাবলোকনং তস্যা অপসারণং সর্ষপাদিভির্নির্মঞ্ছনেনোত্তারণং। শয়নোত্তমং দিব্যশয্যা। মহারাজোপচারান্ লিখতি দিব্যবস্ত্রাণীত্যাদিনা। আদর্শ ইত্যন্তেন। দিব্যানি বিচিত্রাণি কঞ্চুকোষ্ণীষাদিরূপাণি বস্ত্রাণি। মণ্ডপে বহিঃপ্রাসাদে আগমনমেবোৎ-

সুগন্ধি পুষ্পোদকে স্নান। ১৫। দুগ্ধস্নান। ১৬। দধিস্নান। ১৭। ঘৃত-স্নান। ১৮। মধুস্নান। ১৯। শর্করাস্নান। ২০। পুনর্ব্বার মন্ত্রপূত জল দ্বারা স্নান। ২১। অঙ্গবাস (শ্রীমৎ অঙ্গজল মার্জ্জনার্থ বস্ত্র)। ২২। পরিধানবস্ত্র এবং উত্তরীয়বস্ত্র। ২৩। যজ্ঞসূত্র। ২৪। পুনরাচমনীয়। ২৫। অনুলেপন। ২৬। ভূষণ। ২৭। পুষ্প। ২৮। ধূপ। ২৯। দীপ। ৩০। দৃষ্ট্যপসারণ অর্থাৎ দুষ্টলোকের অবলোকনের অপসারণ। ৩১। নৈবেদ্য। ৩২। মুখবাস। ৩৩। তাম্বূল। ৩৪। উৎকৃষ্ট শয্যা। ৩৫। কেশপ্রসাধন। ৩৬। উত্তম বস্ত্র। ৩৭। উত্তম মুকুট। ৩৮। উত্তম গন্ধানুলেপ। ৩৯। কৌস্তুভাদি ভূষণ। ৪০। বিচিত্র দিব্য পুষ্প। ৪১। মঙ্গল আরাত্রিক। ৪২। দর্পণ। ৪৩। উত্তম যানে আরোহণ করাইয়া মণ্ডপগমনোৎসব। ৪৪। সিংহাসনের উপরি উপবেশন। ৪৫। পাদ্যাদি দ্বারা পুনর্ব্বার অর্চ্চন। ৪৬। পুনর্ধূপাদি দ্বারা পূর্ব্বের

ততশ্চ দিব্যতাম্বূলমহানীরাজনং পুনঃ। ৪৮।
চামরব্যজনচ্ছত্রং। ৪৯। গীতং। ৫০। বাদ্যঞ্চ। ৫১। নর্ত্তনং।৫২ ॥৫১॥
প্রদক্ষিণং। ৫৩। নমস্কারঃ। ৫৪। স্তুতিঃ শ্রীচরণাব্জয়োঃ।৫৫
তয়োশ্চ স্থাপনং মূর্দ্ধ্নি। ৫৬। তীর্থনির্ম্মাল্যধারণং। ৫৭।
উচ্ছিষ্টভোজনং। ৫৮। পাদসেবোদ্দেশোপবেশনং। ৫৯।
নক্তং শয্যাবিনির্ম্মাণং দিব্যৈর্বিবিধসাধনৈঃ। ৬০।
হস্তপ্রদানং। ৬১। শয়নস্থানাগমমহোৎসবঃ। ৬২।
শয্যোপবেশনং শ্রীমৎপাদক্ষালনপূর্ব্বকং ॥
গন্ধপ্রসূনতাম্বূলার্পণ নীরাজনোৎসবঃ। ৬৩।

সবঃ বিশেষতো মহোৎসবপ্রয়োগেণ গীতবাদ্যাদিপূর্ণকতা সূচিতা। পাদ্যাদীনাং পৃথক্ত্বেন পুনর্মুখপদর্পণাদৈর্কোনৈবেক এবোপচারঃ কচিচ্চ নিত্যসাহচর্য্যাভাবাৎ পৃথগুপচারনির্দ্দেশ ইতি দিক্ ॥ ৫১ ॥

পাদয়োঃ শ্রীচরণাব্জয়োঃ যা সেবা সম্বাহনাদিরূপা তদুদ্দেশেনোপবেশনমুপবেশঃ। বিবিধৈঃ সুগন্ধিচূর্ণাদিসুবাসিতকোমলবস্ত্রান্তঃপুষ্পবিরচনাদিভিঃ সাধনৈঃ হস্তপ্রদানং শয়ন

ন্যায় উত্তম নৈবেদ্যার্পণ। ৪৭। তাহার পর পুনরায় উত্তম তাম্বূল প্রদান পূর্ব্বক মহানীরাজন।৪৮। চামরব্যজন ছত্র। ৪৯। গীত। ৫০। বাদ্য। ৫১। নৃত্য। ৫২। ॥ ৫১ ॥

প্রদক্ষিণ। ৫৩। নমস্কার। ৫৪। শ্রীচরণাব্জদ্বয় সমীপে স্তুতি।৫৫। শ্রীকৃষ্ণের চরণদ্বয় মস্তকে স্থাপন। ৫৬। মস্তকে পবিত্র নির্ম্মাল্য ধারণ। ৫৭। উচ্ছিষ্ট ভোজন। ৫৮। পাদসেবার উদ্দেশে উপবেশন অর্থাৎ চরণদ্বয়ের সম্বাহনাদি সেবার উদ্দেশে উপবেশন। ৫৯। রাত্রিকালীন উত্তম উত্তম নানা প্রকার সুগন্ধি চূর্ণাদি সুবাসিত কোমলবস্ত্রের মধ্যে পুষ্পরচনাদি সাধনদ্বারা শয্যা নির্ম্মাণ। ৬০। শয়নস্থানে শুভগমনার্থ হস্ত প্রদান অর্থাৎ হস্তদ্বয়ের যোজন। ৬১। শয়নস্থানে আগমনের মহোৎসব। ৬২। শ্রীমৎপাদপ্রক্ষালনপূর্ব্বক শয্যায় উপবেশন এবং গন্ধ

শেষপর্য্যঙ্কশয়নপাদসম্বাহনাদিকং। ৬৪।
ক্রমেণৈতে চতুঃষষ্টিরুপচারাঃ প্রকীর্ত্তিতাঃ ॥ ৫২ ॥
সদাচারানুসারেণ যদ্যদাচর্য্যতে স্বয়ং।
নিত্যকর্ম্মাদিকং তত্তৎ শ্রীকৃষ্ণস্যাপি কারয়েৎ ॥ ৫৩ ॥
অতোঽত্রালিখিতং যদ্যদুপচারাদিকং পরং।

স্থানে শুভাগমনার্থং হস্তযোজনং। শয্যায়ামুপবেশনং। শ্রীমৎপাদয়োঃ ক্ষালনঞ্চ পূর্ব্বমাদৌ যস্য তাদৃশং। গন্ধাদ্যর্পণেন নীরাজনরূপোৎসবঃ ॥ ॥ ৫২ ॥

তত্র তত্রানুক্তমপ্যুপচারাদিকং শিষ্টাচারদৃষ্ট্যা লিখতি সদাচারেতি দ্বাভ্যাং। যদ্যন্নিত্যকর্ম্ম আদিশব্দাজ্জন্মাদিকৃত্যঞ্চ। তথা তত্র তত্র কালদেশাদিভেদেন যদ্যথা স্বয়ং ক্রিয়তে তচ্চ সর্ব্বং ॥ ৫৩ ॥

অতোঽস্মাদ্ধেতোঃ পরমন্যদুপচারাদিকং অত্র গ্রন্থে যন্নলিখিতং নাস্তি তচ্চ স্নানাৎ পূর্ব্বং কেশপ্রসাধনং স্নানার্থঞ্চ সৌতবস্ত্রবিধানং ভোজনে চাদৌ পীঠাদ্যর্পণং ভোজনান্তে চ জলগণ্ডূষার্পণং সুগন্ধিতাম্বূলমিত্যেবমাদিকং নিত্যকর্ম্ম। তথা জন্মদিনে তিলস্নানাদি তথা নবান্নাদিকালে নবান্নপ্রাশনাদিকং চেত্যেবমাদিকং সমাদিকৃত্যং জানীয়াৎ। তচ্চ লোকস্য রীতের্ব্যবহারক্রমস্যানুসারতঃ। শীতকালে উষ্ণদ্রব্যং শীতনিবারণার্থং তদোপযোগ্যবস্ত্রং জলদস্নানহানাদিকমুষ্ণকালে চ শীতলং দ্রব্যং হিমাদিকঞ্চ সমর্পয়েৎ। ভোজনানন্তরং ক্ষণং সুখবিশ্রামার্থং শয্যাবিস্তারণাদিবিবিক্ত স্থাপনং তত্রাপি চ শীতকালে স্বল্পকালং গ্রীষ্মে চ বহুকালং উত্থাপনানন্তরঞ্চ পাদ্যাচমনীয়াদিকং কিঞ্চিদুষ্ণালেপনাদিক-

পুষ্প তাম্বূলার্পণ সহকারে নীরাজনোৎসব। ৬৩। এবং শেষপর্য্যঙ্কে শয়ন ও পাদসম্বাহনাদি। ৬৪। ক্রমে এই চতুঃষষ্ঠি উপচার কীর্ত্তন করিলাম ॥ ৫২ ॥

যে যে উপচার উক্ত হয় নাই, তাহা তাহা শিষ্টদিগের আচার অনুসারে জানিতে হইবে। তাঁহারা শ্রীকৃষ্ণের যে যে নিত্যকর্ম্ম এবং জন্মাদির কৃত্য স্বয়ং করিয়া থাকেন, সদাচারানুসারে তৎসমুদায় নির্ব্বাহ করিবেন ॥ ৫৩ ॥

অতএব এস্থানে অন্য যে সকল উপচার লেখা হয় নাই, সেই সমু-

সর্ব্বং তত্তচ্চ জানীয়াল্লোকরীত্যনুসারতঃ ॥ ৫৪ ॥

উক্তানাঞ্চোপচারাণামভাবে ভগবান্ সদা ।

ভক্তেনার্চ্চ্যো যথালব্ধৈস্তৈরন্তর্ভাবিতৈরপি ॥ ৫৫ ॥

অথালব্ধসমাধানং ॥

তন্ত্রে ॥

উপচারোক্তবস্তূনামুপসংগ্রহণে বিধিঃ ।

দ্রব্যাণামপ্যভাবে তু পুষ্পাক্ষতযবৈঃ ক্রিয়াঃ ॥ ৫৬ ॥

অর্চ্চোপচারবস্তূনামভাবে সমুপস্থিতে ।

ক্ষার্পাসিত্যাদিশিষ্টাচারাদেবাবগন্তব্যমিত্যর্থঃ । ৫৪ ।

নন্বু পঞ্চস্বপ্যুপচারেষু যদি কশ্চন সিদ্ধ্যেত্তর্হি কিং কার্য্যমিত্যপেক্ষায়াং লিখতি উক্তানামিতি শাস্ত্রপ্রতিপাদিতানাং । তৈরুপচারৈঃ যথালব্ধৈঃ যোগ্যতানুসারতঃ প্রাপ্তৈস্তথৈবচালব্ধৈস্তুরন্তর্ভাবিতৈর্মানসিকৈরিত্যর্থঃ । ৫৫ ॥

উপসংগ্রহণে সমাধানে বিধিরয়ং । তমেবাহ দ্রব্যাণামিতি । পুষ্পাদিভিরপি ক্রিয়াঃ পূজাকর্ম্মাণি ভবন্তি । তত্তদ্দ্রব্যস্থানে পুষ্পাদিনৈবার্চ্চয়েদিত্যর্থঃ ॥ ৫৬ ॥

পুষ্পাদ্যভাবে চ জলেনৈব সিদ্ধ্যতীত্যাহ অর্চ্চেতি ॥ ৫৭ ॥

দায় লোকব্যবহারে জানিতে হইবে ॥ ৫৪ ॥

উক্ত পঞ্চ উপচার সকলের মধ্যেও যে যে দ্রব্যের অভাব হইবে, ভক্ত যথালব্ধ এবং মানস কল্পিত দ্রব্য দ্বারা ভগবানের অর্চ্চনা করিবেন ॥ ৫৫ ॥

অথ উপচার অলাভ হইলে তাহার সমাধান ॥

তন্ত্রে ॥

উপচারোক্ত বস্তু সকলের সমাধানে এই বিধি যে, দ্রব্য সকলের অভাবেতেও পুষ্প, আতপ তণ্ডুল এবং যবাদি দ্বারা ক্রিয়া সকল নির্ব্বাহ করিবে ॥ ৫৬ ॥

পূজোপকরণ বস্তু সকলের অভাব উপস্থিত হইলে নির্ম্মল জল

নির্ম্মলেনোদকেনৈব দ্রব্যসম্পূর্ণতা ভবেৎ ॥ ৫৭ ॥
উপচারেষু দ্রব্যেষু যৎকিঞ্চিদ্দুষ্করং বুধঃ।
তৎসর্ব্বং মনসা বুদ্ধ্যা পুষ্পক্ষেপেণ কল্পয়েৎ ॥ ৫৮ ॥
এতেষু চোপচারেষু বিত্তশাঠ্যবিবর্জ্জিতং।
যদসম্পন্নমেতেষাং মনসা তু প্রকল্পয়েৎ ॥ ৫৯ ॥
অগস্ত্যসংহিতায়াং তুলসীমাহাত্ম্যে ॥
যদ্যন্যূনং ভবত্যেব রামারাধনসাধনং।
তুলসীদলমাত্রেণ যুক্তং তৎ পরিপূর্য্যতে ॥ ৬০ ॥
একাদশস্কন্ধে চ শ্রীভগবদুদ্ধবসম্বাদে ॥

জলাভাবে চ তত্তদ্ধ্যানেনৈব সিদ্ধান্তী ত্যাহ উপচারেষ্বিতি। মনসা সা বুদ্ধিভাবনা তয়া যদ্বা বুদ্ধ্যা যৎ পুষ্পং তস্য মনসৈব প্রক্ষেপেণ কল্পয়েদিত্যর্থঃ ॥ ৫৮ ॥

কিন্তু তত্র বিত্তশাঠ্যং ন কার্য্যমিত্যাহ এতেষ্বিতি। বিত্তশাঠ্যং বিত্তে সতি গৌণো পচারেণ কিঞ্চনবৎ প্রবৃত্তিস্তদ্বিবর্জ্জিতং যথা স্যাত্তথা প্রকল্পয়েৎ। বিবর্জ্জিত ইতি প্রথমান্তো বা পাঠঃ ॥ ৫৯ ।

যুক্তং সম্বদ্ধং সৎ ॥ ৬০ ॥

দ্বারাই দ্রব্য সকলের সম্পূর্ণতা হয় ॥ ৫৭ ॥

উপচার দ্রব্য সকলের মধ্যে যে দ্রব্য দুর্ল্লভ হইবে, পণ্ডিত ব্যক্তি মনের দ্বারাই বুদ্ধিভাবিত পুষ্প নিক্ষেপ করিয়া সেই সেই দ্রব্য কল্পনা করিবেন ॥ ৫৮ ॥

এই সমুদায় উপচারের মধ্যে বিত্তশাঠ্য পরিত্যাগ করিয়া যাহা অসম্পন্ন হইবে, তাহা মনের দ্বারা কল্পনা করিবে ॥ ৫৯ ॥

অগস্ত্যসংহিতায় তুলসীমাহাত্ম্যে ॥

হে রাম! যে যে পূজোপকরণই ন্যূন হইবে, তাহা তাহা তুলসী-দলমাত্রে যুক্ত হইয়াই পরিপূর্ণ হইবে ॥ ৬০ ॥

একাদশস্কন্ধে ২৭ অধ্যায়ে ১৫ শ্লোকে ॥

দ্রব্যৈঃ প্রসিদ্ধৈর্মদ্‌যাগঃ প্রতিমাদিষ্বমায়িনঃ।
ভক্তস্য চ যথালব্ধৈর্হৃদি ভাবেন চৈব হি।
ততোঽনুজ্ঞাং প্রভোঃ প্রার্থ্য দণ্ডবত্তং প্রণম্য চ।
সায়ং ভুক্ত্বা যথান্যায়ং সুখং সুপ্যাৎ প্রভুং স্মরন্ ॥ ৬১ ॥

অথ শয়নবিধিঃ ॥

আগমে ॥

নির্গুণো নিষ্কলশ্চৈব বিশ্বমূর্ত্তিধরোঽব্যয়ঃ।
অনাদ্যন্তে সদানন্তে ফণামণিবিশোভিতে।

প্রসিদ্ধৈঃ প্রকর্ষেণ সিদ্ধৈঃ সুশোভনৈরিত্যর্থঃ। যদ্বা শাস্ত্রোক্তৈরেব গন্ধচন্দনপুষ্পাদিভিঃ। অতস্তত্তদ্বিশেষনির্দ্দেশনাপেক্ষ্যা। অমানিনঃ নিষ্কামস্য ভক্তস্য চেতি সম্বন্ধঃ। যদ্বা। শাঠ্যহীনস্য জনস্যেতি তত্র বিত্তশাঠ্যং সম্যক্ বর্জ্জয়েদিত্যর্থঃ। ভক্তস্য তু যথালব্ধৈঃ যথোপপন্নৈঃ যত্তু চন্দনাদি সর্ব্বথা ন লভ্যেত তস্য ভাব ভাবেন ভাবনয়া ॥ ৬১ ॥

দ্বিকপর্দ্দিস্পৃশং বা ব্রহ্মমাচমনং কুর্য্যাৎ। অমৃতস্য সুধায়াঃ আগারঃ ধারাসম্পাতঃ তদ্বদা চরন্তীং গিরং সূচিরং পিবন্তং সংস্মৃত্য। শয়নং শয্যাং ॥ ৬২ ।

নিষ্কাম ভক্তের যথালব্ধ প্রসিদ্ধ দ্রব্য দ্বারা ও হৃদিস্থিত ভাব দ্বারা অর্থাৎ কোন দ্রব্য সংগ্রহ করিতে না পারিলে মনোমধ্যে সেই দ্রব্য-কল্পনা করিয়া প্রতিমাদিতে যে আমার অর্চ্চনা তাহাই প্রসিদ্ধ কল্প ॥

অনন্তর প্রভুর নিকট অনুজ্ঞা প্রার্থনা করিয়া দণ্ডের ন্যায় প্রণাম পূর্ব্বক যথাযোগ্য সায়ংকালীন ভোজন সমাধান করত প্রভুকে স্মরণ করিতে করিতে শয্যায় সুখে শয়ন করিবে ॥ ৬১ ॥

অথ শয়নবিধি ॥

তন্ত্রে ॥

যিনি সর্ব্বদা ক্ষীরসমুদ্র মধ্যে আদ্যন্তশূন্য, ফণামণিসুশোভিত অনন্তশয্যায় শয়ন করিয়া রহিয়াছেন, সেই নির্গুণ, নির্ম্মল, বিশ্বমূর্ত্তি

ক্ষীরাব্ধিমধ্যে যঃ শেতে স মাং রক্ষতু মাধবঃ ।
সবাহ্যাভ্যন্তরং দেহমাপাদতলমস্তকং ।
সর্ব্বাত্মা সর্ব্বশক্তিশ্চ পাতু মাং গরুড়ধ্বজঃ ।
ইতি রক্ষাং পুরস্কৃত্য স্বপেদ্বিষ্ণুমনুস্মরন্ ॥
কিঞ্চান্যত্র ॥
অদ্ভিঃ শৌচবিধিং বিধায় চরণৌ প্রক্ষাল্য চোপস্পৃশে-
দ্দ্বিঃ সংস্মৃত্য জগৎপতিং ব্রজপতিং শ্রীবল্লবীবল্লভং ।
রাধায়াঃ সুচিরং পিবন্তমমৃতাসারায়মাণং গিরং
বস্ত্রেণাঙ্ঘ্রিযুগং প্রমৃজ্য শয়নত্রাসাদ্য সদ্যঃ স্বপেৎ ॥ ২ ॥
কিঞ্চ ॥
রামং স্কন্দং হনুমন্তং বৈনতেয়ং বৃকোদরং ।
শয়নে যঃ স্মরেন্নিত্যং দুঃস্বপ্নং তস্য নশ্যতি ।

ধারী, অব্যয় মাধব আমাকে রক্ষা করুন ॥

সর্ব্বাত্মা সর্ব্বশক্তিধারী গরুড়ধ্বজ বাহ্য ও অভ্যন্তরের সহিত পাদ অবধি মস্তক পর্য্যন্ত আমাকে রক্ষা করুন ॥

এইরূপ রক্ষা বিধান করিয়া বিষ্ণু স্মরণ করিতে করিতে শয়ন করিবে ॥

আরও অন্যস্থানে ॥

জলের দ্বারা শৌচ বিধান পূর্ব্বক চরণদ্বয় প্রক্ষালন ও দুইবার আচমন করিয়া জগৎপতি, ব্রজপতি, শ্রীবল্লবীবল্লভ, যিনি সুচির কাল শ্রীরাধার অমৃতধারাময় বাক্য পান করিতেছেন, তাঁহাকে স্মরণ করিয়া বস্ত্র দ্বারা পদদ্বয় মার্জন করত সদ্যঃ শয্যায় গিয়া শয়ন করিবে ॥ ৬২ ॥

আরও ॥

যিনি নিত্য শয়নকালে রাম, কার্ত্তিকেয়, হনুমান্, বৈনতেয় ও বৃকোদরকে স্মরণ করেন তাঁহার দুঃস্বপ্ন নাশ হয় ॥

অপিচ স্কান্দপাদ্মযোঃ ॥

ঋতুকালাভিগামী যঃ স্বদারনিরতশ্চ যঃ।
স সদা ব্রহ্মচারীহ বিজ্ঞেয়ঃ সন্ গৃহাশ্রমী ॥ ৬৩ ॥
ঋতুঃ ষোড়শ যামিন্যশ্চতস্রস্তাসু গর্হিতাঃ।
পুত্রাস্তাস্বপি যুগ্মাসু অযুগ্মাঃ কন্যকাঃ স্মৃতাঃ ॥ ৬৪ ॥
ত্যক্ত্বা চন্দ্রমসং দুষ্টং মঘাং মূলাং বিহায় চ।
শুচিঃ সন্নিবিশেৎ পত্নীং পুন্নামর্ক্ষে বিশেষতঃ।
শুচিঃ পুত্রং প্রসূয়েত পুরুষার্থপ্রসাধকং ॥ ৬৫ ॥

ইহ গৃহাশ্রমেঽপি স এব সন্ উত্তমঃ গৃহাশ্রমী চ গৃহী বিজ্ঞেয়ঃ ॥ ৬৩ ॥

তাসু অগর্হিতাস্বপি যামিনীষু মধ্যে যুগ্মাঃ ঋতুদর্শনাৎ পরা ষষ্ঠ্যাদ্যা যামিন্যঃ পুত্রাঃ পুত্রোৎপাদিকা ইত্যর্থঃ ॥ ৬৪ ॥

পুন্নামর্ক্ষং নক্ষত্রদশকং। তদুক্তং বার্হস্পত্যে। সর্পাচ্চতুষ্কং রৌদ্রঞ্চ যামাং ত্বাষ্ট্রত্রিকং তথা। বৈশ্বোজ্রবাসবং পৌষ্ণং স্ত্রীলিঙ্গাঃ সমুদাহৃতাঃ। সৌম্য বারুণ মূলানি নপুংসক-দিনাস্বপি। শেষাঃ পুলিঙ্গতাং প্রাপ্তাস্তারাঃ সুর শচীপত ইতি। অতোঽশ্বিনী কৃত্তিকা রোহিণী পুনর্ব্বসু পুষ্যা হস্তানুরাধা শ্রবণা পূর্ব্বভাদ্রোত্তরভাদ্রপদানীতি দশ ॥ ৬৫ ॥

আরও স্কন্দ ও পদ্মপুরাণে ॥

যিনি ঋতুকালে ভার্য্যায় অভিগমন করেন ও যিনি নিজভার্য্যায় অনুরক্ত সেই সাধু গৃহাশ্রমিকে সর্ব্বদা ব্রহ্মচারী জানিতে হইবে ॥৬৩॥

স্ত্রীলোকের ঋতু ষোড়শ রাত্রি, তাহার মধ্যে প্রথম চারি রাত্রি নিন্দনীয় তদ্ব্যতিরিক্ত যুগ্ম রাত্রি পুত্রোৎপাদিকা, অযুগ্ম রাত্রি কন্যোৎপাদিকা বলিয়া কথিত হইয়াছে ॥ ৬৪ ॥

অশুদ্ধ চন্দ্র এবং মঘা ও মূলা নক্ষত্র পরিত্যাগ পূর্ব্বক বিশেষতঃ পুরুষ নামক দশ নক্ষত্রে * শুচি হইয়া পত্নীতে উপগত হইবেন। তাহা হইলে পবিত্র পুত্র প্রসব হয় ॥ ৬৫ ॥

* অশ্বিনী, কৃত্তিকা, রোহিণী, পুনর্ব্বসু, পুষ্যা, হস্তা, অনুরাধা, শ্রবণা, পূর্ব্বভাদ্রপদ ও উত্তরভাদ্রপদ এই দশ পুরুষ নক্ষত্র ॥

বিষ্ণুপুরাণে ঔর্ব্বসগরসম্বাদে ॥

কৃতপাদাদিশৌচশ্চ ভুক্ত্বা সায়ং ততো গৃহী।
গচ্ছেচ্ছয্যামস্ফুটিতামেকদারুময়ীং নৃপ।
নাবিশালাং ন বৈ ভগ্নাং নাসমাং মলিনাং ন চ।
ন চ জন্তুময়ীং শয্যামধিতিষ্ঠেদনাস্তৃতাং ॥ ৬৬ ॥
প্রাচ্যাং দিশি শিরঃ শস্তং যাম্যায়ামথবা নৃপ।
যদৈব স্বপতঃ পুংসো বিপরীতস্তু রোগদং।
ঋতাবুপগমঃ শস্তঃ স্বপত্ন্যামবনীপতে।
পুন্নামর্ক্ষে শুভে কালে জ্যেষ্ঠযুগ্মাসু রাত্রিষু ॥ ৬৭ ॥
নাস্নাতান্তু স্ত্রিয়ং গচ্ছেন্নাতুরাং ন রজস্বলাং।

শয্যাং খট্টাং। অস্ফুটিতাং অবিদীর্ণাং ॥ ৬৬ ॥
ঋতুদর্শনাৎ ষড়াসু যুগ্মাসু রাত্রিষু তত্রাপি জ্যেষ্ঠাসু উত্তরোত্তরশুভাসু ॥ ৬৭ ॥
অস্নাতাং চাণ্ডালাদিস্পর্শেঽপ্যকৃতস্নানাং। রজস্বলাং চতুর্থরাত্রিপর্য্যন্তমুপরতরজসং।

বিষ্ণুপুরাণে ঔর্ব্বসগরসম্বাদে ॥

হে রাজন্। গৃহী ব্যক্তি পাদাদি শৌচ বিধান পূর্ব্বক সায়ংকালে ভোজন করিয়া অবিদীর্ণা, এক দারুময়ী খট্টায় শয়ন করিবে ॥

কিন্তু যাহা সঙ্কীর্ণ, ভগ্ন, অসম, মলিন, জন্তুময়ী এবং বিস্তৃত নয় এমত শয্যায় শয়ন করিবেন না ॥ ৬৬ ॥

হে রাজন্! সর্ব্বদাই পুরুষের পূর্ব্বদিকে অথবা দক্ষিণদিকে মস্তক করিয়া শয়ন করা প্রশস্ত, ইহা ভিন্ন বিপরীত দিকে মস্তক করিলে রোগ হয় ॥

হে মহীপাল! ঋতুকালে পুরুষ নক্ষত্রে, পবিত্র সময়ে এবং ছয় রাত্রি অবধি করিয়া উত্তরোত্তর যুগ্ম রাত্রি সকলে স্বীয় পত্নীতে গমন করা প্রশস্ত ॥ ৬৭ ॥

যে স্ত্রী অস্নাতা অর্থাৎ চণ্ডালাদি স্পর্শেও অকৃতস্নানা, পীড়িতা,

নানিষ্টাং ন প্রকুপিতাং নাপ্রশস্তাং ন গুর্ব্বিণীং ॥ ৬৮ ॥
নাদক্ষিণাং নান্যকামাং নাকামাং নান্যযোষিতং।
ক্ষুৎক্ষামামতিভুক্তাং বা স্বয়ঞ্চৈভিগুণৈর্যুতঃ ॥ ৬৯ ॥
স্নাতঃ স্রগ্‌গন্ধধৃক্ প্রীতো নাধ্যাতঃ ক্ষুধিতোঽপি বা।
সকামঃ সানুরাগশ্চ ব্যবায়ং পুরুষো ব্রজেৎ ॥ ৭০ ॥
চতুর্দ্দশ্যষ্টমীচৈব অমাবস্যাথ পূর্ণিমা।
পর্ব্বাণ্যেতানি রাজেন্দ্র রবিসংক্রান্তিরেব চ।
তৈলস্ত্রীমাংসসম্ভোগী পর্ব্বস্বেতেষু বৈ পুমান্।
বিন্মূত্রভোজনং নাম প্রযাতি নরকং নৃপ ॥
নান্যযোনাবযোনৌ বা নোপযুক্তৌষধস্তথা।

অনিষ্টাং সদ্যোনিবিষ্টাং অপ্রশস্তাং পরিবাদাদিযুক্তাং ॥ ৬৮ ॥
অদক্ষিণাং অননুকূলাং ॥ ৬৯ ॥
আধ্যাতঃ অতিতৃপ্তঃ সকামঃ বিবংস্থ। সানুরাগঃ স্ত্রিয়াং প্রীতিমান্ ব্যবায়ং সুরতং ॥৭০॥
অন্যযোনৌ গবাশ্বাদিযোনৌ দেবদ্বিজগুরূণামাশনী তেষাং গৃহে স্থিতঃ ॥ ৭১ ॥

রজস্বলা অর্থাৎ চতুর্থ রাত্রি পর্য্যন্ত অনুপরত রজস্কা, সদ্যঃ নিবিষ্টা অর্থাৎ তৎকালে আসিয়া প্রবেশ করিয়াছে, রাগান্বিতা, অপ্রশস্তা অর্থাৎ নিন্দাদি যুক্তা এবং গুর্ব্বিণী, এই সকল স্ত্রীতে গমন করিবে না ॥ ৬৮ ॥

যে স্ত্রী অনুকূলা নহে, অন্য পুরুষাভিলাষিণী, অনিচ্ছাবতী, পরভার্য্যা, ক্ষুধাক্লিষ্টা ও গুরুতর ভোজনসম্পন্না এবং আপনিও এই সকল দোষযুক্ত হইয়া তাহাতে উপগত হইবে না ॥ ৬৯ ॥

পুরুষ স্নাত, মাল্য গন্ধধারী, প্রীত, চিন্তাশূন্য অক্ষুধিত, সকাম এবং অনুরাগবিশিষ্ট হইয়া ব্যবায় করিবেন ॥ ৭০ ॥

হে রাজেন্দ্র! চতুর্দ্দশী, অষ্টমী, অমাবস্যা, পূর্ণিমা এবং রবিসংক্রান্তি এই পঞ্চপর্ব্বে যে পুরুষ স্ত্রী, তৈল ও মাংস সম্ভোগ করেন, তিনি বিষ্ঠা মূত্র ভোজন নামক নরকে গমন করিবেন ॥

গবাশ্বাদি যোনিতে বা যোনি ব্যতিরেকে অথবা ঔষধসেবন করিয়া

দেবদ্বিজগুরূণাঞ্চ ব্যবায়ী নাশ্রমী ভবেৎ।
চৈত্যচত্বরতীর্থেষু নৈব গোষ্ঠে চতুষ্পথে।
নৈব শ্মশানোপবনে সলিলেষু মহীপতে।
প্রোক্তপর্ব্বস্বশেষেষু নৈব ভূপাল সন্ধ্যয়োঃ।
গচ্ছেদ্ব্যবায়ং মতিমান্ ন মূত্রোচ্চারপীড়িতঃ ॥ ৭১ ॥
পরদারান্ ন গচ্ছেত মনসাপি কদাচন।
কিমু বাচাস্থিবন্ধোঽপি নাস্তি তেষু ব্যবায়িনাং।
মৃতো নরকমভ্যেতি হীয়তে চাত্র চায়ুষঃ।
পরদাররতিঃ পুংসামুভয়ত্রাপি ভীতিদা।
ইতি মত্বা স্বদারেষু ঋতুমৎস্ব বুধো ব্রজেৎ।
যথোক্তদোষহীনেষু সকামেষ্বনৃতাবপীতি ॥ ৭২ ॥

পরদারেষু ব্যবায়িনামস্থিবন্ধোঽপি নাস্তি কেবলমনস্থিক্রিমিকীটযোনিষু পরিবর্ত্তত ইত্যর্থঃ ॥ ৭২ ॥

এবং দেব, ব্রাহ্মণ ও গুরুগৃহে অবস্থিত হইয়া ব্যবায় কর্ম্ম করিলে আশ্রমী হইবেন না ॥

চৈত্য অর্থাৎ গ্রামের পূজ্যবৃক্ষ, চত্বর (যাগস্থান), তীর্থ, গোষ্ঠ, চতুষ্পথ, শ্মশান, উপবন এবং জল, এই সকল স্থানে তথা পূর্ব্বোক্ত পঞ্চ পর্ব্বে, উভয় সন্ধ্যায় ও মল মূত্র পীড়িত হইয়া বুদ্ধিমান্ মনুষ্য ব্যবায় কার্য্য করিবেন না ॥ ৭১ ॥

মনের দ্বারাও কখন পরভার্য্যায় গমন করিবে না, কথায় আর কি বলিব, পরভার্য্যাদিতে গমন করিলে কেবল কৃমি কীটযোনিতে ভ্রমণ করিতে হইবে ॥

পরদার রত পুরুষের মৃত্যুর পর নরক গমন এবং ইহলোকে আয়ুঃ ক্ষয় হয়। পরদার রতি পুরুষদিগের সম্বন্ধে উভয় লোকেই ভয় প্রদান করে। পণ্ডিত ব্যক্তি এই সকল অবগত হইয়া ঋতুমতী স্বদারে গমন করিবেন। যথা কথিত দোষহীন সকাম সকলে ঋতু ভিন্ন কালেও গমনের ব্যবস্থা জানিতে হইবে ॥ ৭২ ॥

তেষাং ভক্ত্যুপযোগিত্বং ন স্যাদযদ্যপি কর্ম্মণাং।
তথাপি কৃত উল্লেখোগৃহিণ্বাবশ্যকং ততঃ।
ইত্থং হি প্রাতরুত্থানাৎ প্রত্যহং শয়নাবধি।
শ্রীকৃষ্ণং পূজয়ন্ সিদ্ধসর্ব্বার্থোহস্য প্রিয়ো ভবেৎ॥ ৭৩॥

অথ শ্রীভগবদর্চ্চনমাহাত্ম্যং॥

শ্রীকূর্ম্মপুরাণে॥

ন বিষ্ণ্বারাধনাৎ পুণ্যং বিদ্যতে কর্ম্ম বৈদিকং।
তস্মাদনাদিমধ্যান্তং নিত্যমারাধয়েদ্ধরিং॥ ৭৪॥

তত্রৈব ভৃগ্বাদীন্ প্রতি সাক্ষাৎ শ্রীভগবদুক্তৌ॥

সিদ্ধাঃ সর্ব্বে অর্থাঃ পুরুষার্থা যস্য সঃ। অস্য শ্রীকৃষ্ণস্য প্রিয়শ্চ॥ ৭৩॥

বিষ্ণোরারাধনাদন্যৎ বৈদিকং কর্ম্ম পুণ্যং নাস্তি বিষ্ণ্বারাধনমেব পুণ্যমিত্যর্থঃ। অনেন তদারাধনপুণ্যস্যাপ্যপরিচ্ছিন্নতাভিপ্রেতা। অতঃ পরিচ্ছিন্নবর্ণাদিধর্ম্মবৈদিকযজ্ঞাদিকর্ম্মতঃ শ্রৈষ্ঠ্যং যুক্তমেবেতি ভাবঃ॥ ৭৪॥

যদিচ এই সকল কার্য্য ভক্তির উপযোগী না হউক, তথাপি গৃহি-সকলে আবশ্যক হেতু উল্লেখ করা হইল॥

যে ব্যক্তি এই প্রকার প্রাতরুত্থান অবধি শয়ন পর্য্যন্ত প্রত্যহ শ্রীকৃষ্ণকে পূজা করেন, তাঁহার সর্ব্বার্থ সিদ্ধি হয় এবং তিনি শ্রীকৃষ্ণের প্রিয় হয়েন॥ ৭৩॥

অথ শ্রীভগবদর্চ্চনমাহাত্ম্য॥

কূর্ম্মপুরাণে॥

বিষ্ণুর আরাধন হইতে অন্য কোন বৈদিক কর্ম্ম পুণ্যজনক নহে, বিষ্ণুর আরাধনাই পুণ্য, অতএব আদি, মধ্য ও অন্তশূন্য হরিকে নিত্য আরাধনা করিবে॥ ৭৪॥

ঐ কূর্ম্মপুরাণেই ভৃগু প্রভৃতির প্রতি সাক্ষাৎ
শ্রীভগবানের উক্তি॥

যেঽর্চ্চয়িষ্যন্তি মাং ভক্ত্যা নিত্যং কলিযুগে দ্বিজাঃ।
বিধিনা বেদদৃষ্টেন তে গমিষ্যন্তি তৎপদং॥ ৭৫॥

বিষ্ণুরহস্যে॥

শ্রীবিষ্ণোরর্চ্চনং যে তু প্রকুর্ব্বন্তি নরা ভুবি।
তে যান্তি শাশ্বতং বিষ্ণোরানন্দং পরমং পদমিতি।

তত্রৈব শ্রীভগবদুক্তৌ॥

ন মে ধ্যানরতাঃ সম্যগ্‌যোগিনঃ পরিতুষ্টয়ে।
তথা ভবন্তি দেবর্ষে ক্রিয়াযোগরতা যথা॥ ৭৬॥
ক্রিয়াযোগো হি মেঽভীষ্টঃ পরযোগাৎ স্বনুষ্ঠিতাৎ।

বেদদৃষ্টেন সদাচারানুসারেণেত্যর্থঃ। যদ্বা। আকারঃ অশেষতঃ অবেদদৃষ্টেন স্বচ্ছন্দকৃতেনাপীত্যর্থঃ। তৎ অনির্ব্বচনীয়ং শ্রীবৈকুণ্ঠাখ্যং॥ ৭৫।

মে মম পরিতুষ্টয়ে ন ভবন্তি। ক্রিয়া পূজা পরিচর্য্যাদিঃ তদ্রূপো যোগো ভক্তিযোগ ইত্যর্থঃ তদ্রতাঃ॥ ৭৬॥

অনুষ্ঠিতাৎ সুষ্ঠু বিহিতাদপি পরযোগাৎ। পরো ভক্তিযোগাদন্যযোগঃ ধ্যানধারণাদি-

---

হে দ্বিজগণ! কলিযুগে যে সকল মনুষ্য সদাচারানুসারে যথাবিধি নিত্য ভক্তি পূর্ব্বক আমার পূজা করেন, তাহারা আমার অনির্ব্বচনীয় বৈকুণ্ঠধামে গমন করিবেন॥ ৭৫॥

বিষ্ণুরহস্যে॥

যে সকল মানব পৃথিবীতে শ্রীবিষ্ণুর অর্চ্চনা করেন, তাঁহারা বিষ্ণুর নিত্য পরম আনন্দময় ধামে গমন করিবেন॥

ঐ বিষ্ণুরহস্যেই শ্রীভগবানের বাক্যে॥

হে দেবর্ষে! যেরূপ ভক্তিযোগপরায়ণ মানবগণ আমার পরিতোষ সাধন করেন, তদ্রূপ ধ্যানযোগরত যোগি সকল আমার পরিতোষ সাধনে সমর্থ হয়েন না॥ ৭৬॥

সুন্দররূপে অনুষ্ঠিত ধ্যানধারণা প্রভৃতি অন্য যোগ হইতে

তুষ্টির্মে সম্ভবেৎ পুংভির্ভক্তিমদ্ভিরমৎসরৈঃ ॥ ৭৭ ॥
যেঽর্চ্চয়ন্তি নরা নিত্যং ক্রিয়াযোগরতাঃ স্বয়ং।
ধ্যায়ন্তি যে চ মাং নিত্যং তেষাং শ্রেষ্ঠাঃ ক্রিয়া মতাঃ।
ক্রিয়াহীনস্য দেবর্ষে তথ্যধ্যানং ন মুক্তিদং।
ন তথা মাং বিদুর্বিপ্রা ধ্যানিনস্তদ্ব্রতো বিনা।
ক্রিয়াযোগরতাঃ সম্যক্ লভন্তে মাং সমাধিনা ॥ ৭৮ ॥
যথা হি কামদং নৃণাং মম তুষ্টিকরং পরং।
ভক্তিযোগং মহাপুণ্যং ভুক্তিমুক্তিপ্রদং শুভং।

রূপস্তস্মাং মে মমাভীষ্টঃ প্রিয়তমঃ ॥ ৭৭ ॥

তত্ত্বতঃ ক্রিয়াযুক্তযোগান্ বিনা তদাশ্রয়েণৈব জানন্তীত্যর্থঃ। ক্রিয়াযোগস্য স্বতন্ত্র এবেত্যাশয়েনাহ ক্রিয়েতি। সমাধিনা চিত্তস্থৈর্য্যেণ ক্রিয়াযোগেন সুখং চিত্তস্থৈর্য্যং স্যাদতো মাং সম্যগ্লভন্তে ইত্যর্থঃ। তত্ত্বত ইতি পাঠে তত্ত্বজ্ঞানং বিনাপি মাং সম্যগ্লভন্তে। অন্যৎ সমানং ॥ ৭৮ ॥

যথা যথাবৎ। শুভং স্বতএব পরমফলরূপঞ্চ জানীহীতি শেষঃ। কর্ম্ম ভগবৎপরিচ-

ক্রিয়াযোগই আমার প্রিয়তম, নির্ম্মৎসর ভক্তিমান্ পুরুষেরাই আমার তুষ্টি সাধন করেন ॥ ৭৭ ॥

যে সকল মনুষ্য নিত্য ক্রিয়াযোগপরায়ণ হইয়া স্বয়ং আমার পূজা করেন, আর যাঁহারা নিত্য আমাকে ধ্যান করেন, তাঁহাদিগের মধ্যে ক্রিয়াযোগই শ্রেষ্ঠ বলিয়া সম্মত ॥

হে দেবর্ষে! ক্রিয়াহীন ব্যক্তির ধ্যানযোগ তদ্রূপ মুক্তি প্রদান করে না, ক্রিয়াযুক্ত যোগ ব্যতিরেকে ধ্যানযোগরত ব্রাহ্মণগণ তদ্রূপ আমাকে জানিতে পারেন না। যেমন ক্রিয়াযোগরত ব্যক্তিরা চিত্ত-স্থির করিয়া সম্যক্ প্রকারে আমাকে লাভ করিতে পারেন ॥ ৭৮ ॥

যেমন ভক্তিযোগ মনুষ্য সকলের অভীষ্টপ্রদ এবং আমার পরম তুষ্টিকর, তদ্রূপ আর কিছুই নাই, ভক্তিযোগ মহাপুণ্য স্বরূপ, ভক্তি

সম্বৎসরেণ যৎপুণ্যং লভন্তে ধ্যানিনো মম।
প্রাপ্যতে তদিহৈকাহাৎ ক্রিয়াযোগপরৈর্নরৈঃ।
আদিপুরাণে॥
ন কর্ম্মসদৃশং ধ্যানং ন কর্ম্মসদৃশং ফলং।
ন কর্ম্মসদৃশস্ত্যাগো ন কর্ম্মসদৃশস্তপঃ।
ন কর্ম্মসদৃশং পুণ্যং ন কর্ম্মসদৃশী গতিঃ॥ ৭৯॥
নারদীয়ে॥
ভক্তিগ্রাহ্যো হৃষীকেশো ন ধনৈর্ধরণীসুরাঃ।
ভক্ত্যা সংপূজিতো বিষ্ণুঃ প্রদদাতি সমীহিতং॥ ৮০॥

ধ্যাদি। ফলং স্বর্গাদিঃ গতিরাশ্রয়ঃ॥ ৭৯॥
সমীহিতং বাঞ্ছিতং॥ ৮০॥

যোগই ভোগ ও মোক্ষফল প্রদান করেন এবং ভক্তিযোগই স্বতঃ পরমফলস্বরূপ জানিও॥

আমার ধ্যানপরায়ণ মানবগণ সম্বৎসরে যে পুণ্যলাভ করেন, ভক্তিযোগরত পুরুষেরা তাহা একদিবসেই প্রাপ্ত হইয়া থাকেন॥

আদিপুরাণে॥

ভগবৎপরিচর্য্যা কর্ম্মসদৃশ ধ্যান নাই, ভগবৎপরিচর্য্যা কর্ম্মসদৃশ ফল অর্থাৎ স্বর্গাদি নাই, ভগবৎপরিচর্য্যা কর্ম্মসদৃশ দান নাই, ভগবৎ-পরিচর্য্যা কর্ম্মসদৃশ তপস্যা নাই, ভগবৎপরিচর্য্যা কর্ম্মসদৃশ পুণ্য নাই এবং ভগবৎপরিচর্য্যা কর্ম্মসদৃশী গতি অর্থাৎ আশ্রয় নাই॥ ৭৯॥

নারদপুরাণে॥

হে ব্রাহ্মণগণ! হৃষীকেশ ভক্তিগ্রাহ্য, তাঁহাকে ধন দ্বারা গ্রহণ করিতে পারা যায় না। ভক্তিযোগ সহকারে বিষ্ণু পূজিত হইলে বাঞ্ছিত ফল প্রদান করেন॥ ৮০॥

জলেনাপি জগন্নাথঃ পূজিতঃ ক্লেশহা হরিঃ।
পরিতোষং ব্রজত্যাশু তৃষার্ত্তঃ সুজলৈর্যথা।
হরিভক্তিসুধোদয়ে ॥
কৃতাপি দম্ভহাস্যার্থে সেবা তারয়তে জনান্।
বিফলা নান্যকর্ম্মেব কৃপালুঃ কোঽন্যতঃ পরঃ ॥ ৮১ ॥
ব্রহ্মবৈবর্ত্তে ॥
স যথারাধিতো দেবো মুক্তিকৃৎ স্যাৎ যথা তথা।
অনিচ্ছয়াপি হুতভুক্ সংস্পৃষ্টো দহতি দ্বিজ।
ধনবান্ পুত্রবান্ ভোগী যশস্বী ভয়বর্জ্জিতঃ।
মেধাবী শক্তিমান্ প্রাজ্ঞো ভবত্যারাধনাদ্ধরেঃ ॥ ৮২ ॥

বিফলা বৈগুণ্যেঽপি ন ফলহীনা। ৮১।
ধীধারণাবতী মেধা তদ্বান্। শক্তিমান্ সামর্থ্যবিশেষবান্। প্রাজ্ঞশ্চ আত্মতত্ত্বানুভাববান্ ভক্তিমাহাত্ম্যাভিজ্ঞো বা ॥ ৮২।

যেমন তৃষ্ণার্ত্ত ব্যক্তি সুশীতল জল পাইলেই পরিতৃপ্ত হয়, তদ্রূপ ক্লেশনাশন জগন্নাথ হরি কেবল জল দ্বারা পূজিত হইলেই আশু পরিতোষ লাভ করেন ॥

হরিভক্তিসুধোদয়ে ॥

যাঁহার দম্ভ ও হাস্য নিমিত্ত সেবা করিলেও এ সেবা লোক সকলকে উদ্ধার করেন, অন্য কর্ম্মের ন্যায় বিফলা হয় না, অতএব সেই হরি অপেক্ষা আর কৃপালু কে আছে? ॥ ৮১ ॥

ব্রহ্মবৈবর্ত্তপুরাণে ॥

হে ব্রহ্মন্! যেমন অনিচ্ছাতেও অগ্নি সংস্পৃষ্ট হইলে দাহ করিয়া থাকে তাহার ন্যায়, সেই দেব যে কোনরূপে আরাধিত হইলেই মুক্তি প্রদান করেন ॥

ভগবান্ হরির আরাধনা করিলে মনুষ্য ধনবান্, পুত্রবান্, ভোগী, যশস্বী, নির্ভয়, মেধাবী, জ্ঞানবান্ এবং প্রাজ্ঞ হয় ॥ ৮২ ॥

স্কান্দে ॥

সনৎকুমারমার্কণ্ডেয়সম্বাদে ॥

বিশিষ্টঃ সর্ব্বধর্ম্মাচ্চ ধর্ম্মো বিষ্ণ্বর্চ্চনং নৃণাং।

সর্ব্বযজ্ঞতপোহোমতীর্থস্নানৈশ্চ যৎ ফলং।

তৎ ফলং কোটিগুণিতং বিষ্ণুং সংপূজ্য চাপ্নুয়াৎ।

তস্মাৎ সর্ব্বপ্রযত্নেন নারায়ণমিহার্চ্চয়েৎ।

তত্রৈব শ্রীশিবোমাসম্বাদে ॥

যঃ প্রদদ্যাৎ দ্বিজেন্দ্রায় সর্ব্বাং ভূমিং সসাগরাং।

অর্চ্চয়েদ্যঃ সকৃদ্বিষ্ণুং তৎ ফলং লভতে নরঃ।

মাসার্দ্ধমপি যো বিষ্ণুং নৈরন্তর্য্যেণ পূজয়েৎ।

পুরুষোত্তমঃ স বিজ্ঞেয়ো বিষ্ণুভক্তো ন সংশয়ঃ।

মধ্যং দিনগতে সূর্য্যে যো বিষ্ণুং পরিপূজয়েৎ।

স্কন্দপুরাণে সনৎকুমার ও মার্কণ্ডেয় সম্বাদে ॥

মনুষ্যদিগের সম্বন্ধে শ্রীবিষ্ণুর অর্চ্চন সর্ব্বধর্ম্ম অপেক্ষা উত্তম। সর্ব্বপ্রকার যজ্ঞ, তপস্যা, হোম ও তীর্থস্নান করিলে যে ফল হয়, বিষ্ণুপূজা করিলে তাহা অপেক্ষা কোটিগুণিত ফল প্রাপ্তি হয়। অতএব সর্ব্বপ্রযত্নে ইহলোকে নারায়ণের অর্চ্চনা করিবে ॥

ঐ স্কন্দপুরাণে শিব ও উমাসম্বাদে ॥

যে মনুষ্য বেদজ্ঞ ব্রাহ্মণকে সাগরসহ সমস্ত ভূমিদান করেন, আর যে ব্যক্তি একবারমাত্র বিষ্ণুর অর্চ্চনা করেন, তিনি সেই ফল প্রাপ্ত হয়েন ॥

যে ব্যক্তি অবাধে অর্দ্ধমাস ও বিষ্ণুর পূজা করেন, তাঁহাকে পুরুষের মধ্যে শ্রেষ্ঠ জানিবা, তিনি বিষ্ণুভক্ত সংশয় নাই ॥

সূর্য্যদেব দিবার মধ্যগামী হইলে যে ব্যক্তি বিষ্ণুর পূজা করেন,

বসুপূর্ণমহীদাতু র্যৎপুণ্যং তদবাপ্নুয়াৎ।

প্রাতরুত্থায় যো বিষ্ণুং সততং পরিপূজয়েৎ।

অগ্নিষ্টোমসহস্রস্য লভতে ফলমুত্তমং।

যো বিষ্ণুং প্রযতো ভূত্বা সায়ংকালে সমর্চ্চয়েৎ।

গবাং মেধস্য যজ্ঞস্য ফলমাপ্নোতি দুর্ল্লভং।

এবং সর্ব্বাসু বেলাসু অবেলাসু চ কেশবং।

সম্পূজয়ন্নরো ভক্ত্যা সর্ব্বান্ কামানবাপ্নুয়াৎ॥ ৮৩॥

কিং পুনর্যোঽর্চ্চয়েন্নিত্যং সর্ব্বদেবনমস্কৃতং।

ধন্যঃ স কৃতকৃত্যশ্চ বিষ্ণোর্লোকমবাপ্নুয়াৎ॥ ৮৪॥

কিঞ্চ॥

দীক্ষামাত্রেণ কৃষ্ণস্য নরা মোক্ষং লভন্তি বৈ।

বেলাসু মধ্যাহ্নাদিকালেষু অবেলাসু তদন্তরালেষ্বপি। ৮৩॥

এবং মধ্যাহ্নাদৌ যদা কদাচিৎ কৃতাঽপ্যস্য যথাযুক্তা নিত্যপূজাফলমাহ কিমিতি॥ ৮২॥

ধনপূর্ণা পৃথিবী দানকর্ত্তার যে পুণ্য হয়, তাহা তিনি প্রাপ্ত হন্॥

যিনি প্রাতঃকালে উত্থিত হইয়া নিত্য বিষ্ণুর পূজা করেন, তিনি সহস্র অগ্নিষ্টোম যজ্ঞের উত্তম ফলপ্রাপ্ত হয়েন॥

যিনি যত্নবান্ হইয়া সায়ংকালে বিষ্ণুর পূজা করেন, তিনি গোমেধ যজ্ঞের দুর্ল্লভ ফলপ্রাপ্ত হয়েন॥

এই প্রকারে ত্রিকাল এবং তদ্ভিন্ন অন্য কালেও ভক্তিপূর্ব্বক কেশবের পূজা করিলে সমস্ত কামনা প্রাপ্ত হয়॥ ৮৩॥

অধিক আর কি বলিব, যে ব্যক্তি নিত্য সর্ব্বদেব নমস্কৃত বিষ্ণুর পূজা করেন, তিনি ধন্য এবং কৃতকৃত্য হইয়া বিষ্ণুলোক প্রাপ্ত হয়েন॥ ৮৪॥

আরও॥

শ্রীকৃষ্ণের দীক্ষামাত্রেই যখন নর সকল মোক্ষ লাভ করেন, তখন

কিং পুনর্যে সদা ভক্ত্যা পূজয়ন্ত্যচ্যুতং নরাঃ ॥

তত্রৈব শ্রীব্রহ্মনারদসম্বাদে ॥

সংসারেঽস্মিন্ মহাঘোরে জন্মমৃত্যুভয়াকুলে ।
পূজনং বাসুদেবস্য তারকং বাদিভিঃ স্মৃতং ॥ ৮৫ ॥
স নাম সুকৃতী লোকে কুলন্তেন হ্যলঙ্কৃতং ।
আধারঃ সর্ব্বভূতানাং যেন বিষ্ণুঃ প্রসাদিতঃ ॥ ৮৬ ॥
যজ্ঞানাং তপসাঞ্চৈব শুভানামপি কর্ম্মণাং ।
তদ্বিশিষ্টফলং নৃণাং সদৈবারাধনং হরেঃ ॥ ৮৭ ॥
কলৌ কলিমলাক্রান্তা ন জানন্তি হরিং পরং ।
যেঽর্চ্চয়ন্তি তমীশানং কৃতকৃত্যাস্তু তে হি ।

বাদিভিঃ স্মৃতং সদসদ্বাদিনামেব সম্মতমিত্যর্থঃ । ৮৫ ॥
প্রসাদিতঃ আরাধিতঃ ॥ ৮৬ ॥
হরের্যদারাধনং তদেব যজ্ঞাদীনাং বিশিষ্টং ফলং ॥ ৮৭ ॥
উত্তমং শ্রেষ্ঠং ফলং সর্ব্বার্থঃ । পাঠান্তরং স্পষ্টং । ৮৮ ॥

যাঁহারা ভক্তি পূর্ব্বক পূজা করেন, তাহাদের কথা আর কি ? ॥

ঐ স্কন্দপুরাণেই শ্রীব্রহ্মনারদসম্বাদে ॥

এই জন্মমৃত্যুভয়সঙ্কুল মহাঘোর সংসারে একমাত্র বাসুদেবের পূজাই সংসারনিস্তারক, ইহা সকল বাদিদিগেরই সম্মত ॥ ৮৫ ॥

যিনি বিষ্ণুকে আরাধনা করিয়াছেন, তিনিই সংসার মধ্যে কৃতী, তিনিই কুলকে অলঙ্কৃত করিয়াছেন এবং তিনিই সকল ভূতের আধার-স্বরূপ ॥ ৮৬ ॥

সর্ব্বদা যে বিষ্ণুর আরাধনা, তাহাই মনুষ্যদিগের সম্বন্ধে যজ্ঞ, তপস্যা এবং শুভ কর্ম্ম সকলের বিশিষ্ট ফল ॥ ৮৭ ॥

কলিকালে কলিকল্মষে অভিভূত হইয়া পরম পুরুষ হরিকে জানিতে পারে না, যাঁহারা সেই বিষ্ণুকে পূজা করেন, তাঁহারাই কৃতকৃত্য ।

নাস্তি শ্রেয়োত্তমং নৃণাং বিষ্ণোরারাধনাৎ পরং॥ ৮৮॥
যুগেঽস্মিন্ তামসে তস্মাৎ সততং হরিমর্চ্চয়েৎ।
অর্চ্চিতে দেবদেবেশে শঙ্খচক্রগদাধরে।
অর্চ্চিতাঃ সর্ব্বদেবাঃ স্যুর্যতঃ সর্ব্বগতো হরিঃ।
অর্চ্চিতে সর্ব্বলোকেশে সুরাসুরনমস্কৃতে।
কেশবে কেশিকংসঘ্নে ন যাতি নরকং নরঃ॥ ৮৯॥
সকৃদভ্যর্চ্চিতো যেন হেলয়াপি নমস্কৃতঃ।
স যাতি পরমং স্থানং যৎ সুরৈরপি পূজিতং।
সমস্তলোকনাথস্য দেবদেবস্য শার্ঙ্গিণঃ।
সাক্ষাদ্ভগবতো নিত্যং পূজনং জন্মনঃ ফলং॥
তত্রৈবাগ্রে॥
অসারে খলু সংসারে সারমেতন্নিরূপিতং।

নরঃ পাপকৃদপি নরকং ন যাতি॥ ৮৯॥

মনুষ্যদিগের বিষ্ণু আরাধনা হইতে অন্য শ্রেষ্ঠ কর্ম্ম নাই॥ ৮৮॥

অতএব এই তামসযুগে সর্ব্বদা হরিকে অর্চ্চনা করিবে। শঙ্খ চক্র গদা পদ্মধারী, দেবদেবেশ্বর হরি অর্চ্চিত হইলে সকল দেবতাই পূজিত হয়েন, যে হেতু হরিই সর্ব্বগামী, সর্ব্বলোকেশ্বর, দেবাসুরনমস্কৃত, কংসনাশন, কেশব পূজিত হইলে মনুষ্য নরকে গমন করে না॥ ৮৯॥

যে মনুষ্য বিষ্ণুর একবারমাত্র পূজা করিয়াছেন অথবা হেলাতেও একবারমাত্র নমস্কার করিয়াছেন, তিনি সেই পরম স্থানে গমন করিবেন, যাঁহাকে দেবগণেও পূজা করিয়া থাকেন॥

সমস্ত লোকনাথ সাক্ষাৎ ভগবান্ দেবদেব শার্ঙ্গির নিত্য পূজাই জন্মের ফল॥

ঐ স্কন্দপুরাণেরই কিঞ্চিৎ অগ্রে॥

সমস্ত লোকনাথ বিষ্ণুর শ্রদ্ধা সহকারে যে আরাধনা, তাহাই এই

সমস্তলোকনাথস্য শ্রদ্ধয়ারাধনং হরেঃ।

কিঞ্চ ॥

যত্র বিষ্ণুকথা নিত্যং যত্র তিষ্ঠন্তি বৈষ্ণবাঃ।
কলিবাহ্যা নরাস্তে বৈ যেঽর্চ্চয়ন্তি সদা হরিং ॥

কাশীখণ্ডে ॥

হরেরারাধনং পুংসাং কিং কিং ন কুরুতে বত।
পুত্রমিত্রকলত্রার্থরাজ্যস্বর্গাপবর্গদং।
হরত্যঘং ধ্বংসয়তি ব্যাধীনাধীন্নিরস্যতি।
ধর্ম্মং বিবর্দ্ধয়েৎ ক্ষিপ্রং প্রযচ্ছতি মনোরথং ॥

অতএব স্কান্দে ॥

ধ্রুবং প্রতি শ্রীমার্কণ্ডেয়স্য বচনং ॥

সকৃদভ্যর্চ্চিতো যেন দেবদেবো জনার্দ্দনঃ।

সর্ব্বোত্তমোত্তমং স্থানং শ্রীবৈকুণ্ঠলোকমপি প্রাপ্নোতি ত্রৈলোক্যাদ্যর্থং প্রাপ্নোতীতি অসার সংসারে সাররূপে নিরূপিত হইয়াছে ॥

আরও ॥

যে স্থানে নিত্য বিষ্ণুকথা হয়, সে স্থানে নিত্য বৈষ্ণবগণ অবস্থিতি করেন এবং যাঁহারা সর্ব্বদা হরির পূজা করেন, সেই সকল মনুষ্যই কলিবাহ্য ॥

কাশীখণ্ডে ॥

অহো! হরির আরাধনা পুরুষদিগের কি কি না করিয়া থাকে, তাহা পুত্র, মিত্র, কলত্র, অর্থ, রাজ্য, স্বর্গ ও মোক্ষ প্রদান করে, তথা পাপ হরণ, ব্যাধিধ্বংস এবং মনপীড়া নাশ করে, আর শীঘ্র ধর্ম্মবৃদ্ধি ও মনোরথ সম্পাদন করে ॥

অতএব স্কন্দপুরাণে ॥

ধ্রুবের প্রতি শ্রীমার্কণ্ডেয়ের বাক্য ॥

যে ব্যক্তি একবারমাত্র দেবদেব জনার্দ্দনকে পূজা করিয়াছেন,

স প্রাপ্নোতি পরং স্থানং সত্যমেতন্ময়োদিতং ॥

তথাঙ্গিরসঃ ॥

যস্যান্তঃ সর্ব্বমেবেদং যস্য নান্তো মহাত্মনঃ।

তমারাধয় গোবিন্দং স্থানমগ্র্যং যদীচ্ছসি ॥

পুলস্ত্যস্য ॥

পরং ব্রহ্ম পরং ধাম যোঽসৌ শাশ্বতপুরুষঃ।

তমারাধ্য হরিং যাতি মুক্তিমপ্যতিদুর্ল্লভাং ॥

পুলহস্য ॥

ঐন্দ্রমিন্দ্রঃ পরং স্থানং যমারাধ্য জগৎপতিং।

প্রাপ যজ্ঞপতিং বিষ্ণুং তমারাধয় সুব্রত ॥

বশিষ্ঠস্য ॥

প্রাপ্নোত্যারাধিতে বিষ্ণৌ মনসা যদযদিচ্ছতি।

আমি সত্য বলিতেছি, তিনি পরম স্থান প্রাপ্ত হইবেন ॥

ঐ প্রকার অঙ্গিরাও বলিয়াছেন ॥

যদি শ্রেষ্ঠ স্থান ইচ্ছা কর, তাহা হইলে যে মহাত্মার অন্তরে এই সমস্ত জগৎ এবং যাঁহার অন্ত নাই, সেই গোবিন্দের আরাধনা কর ॥

পুলস্ত্য বলিয়াছেন ॥

যিনি পরম ব্রহ্ম, পরম ধাম, যিনি নিত্যপুরুষ সেই হরিকে আরাধনা করিলে সুদুর্ল্লভা মুক্তি প্রাপ্তি হয় ॥

পুলহের বাক্য যথা ॥

হে সুব্রত! দেবরাজ ইন্দ্র, যে জগৎপতি যজ্ঞপতি বিষ্ণুকে আরাধনা করিয়া উৎকৃষ্ট ইন্দ্রপদ প্রাপ্ত হইয়াছেন, তাঁহাকেই আরাধনা কর ॥

বসিষ্ঠের বাক্য যথা ॥

বিষ্ণু আরাধিত হইলে যখন সর্ব্বোত্তম বৈকুণ্ঠলোকও প্রাপ্ত হওয়া

ত্রৈলোক্যান্তর্গতং স্থানং কিমু সর্ব্বোত্তমোত্তমং ॥ ৯০ ॥
যান্ যান্ কাময়তে কামান্ নারী বা পুরুষোঽপি বা।
তান্ সমাপ্নোতি বিপুলান্ সমারাধ্য জনার্দ্দনং ॥
অগস্ত্যসংহিতায়াং ॥
আরাধ্যৈব নরো বিষ্ণুং মনসা যদ্যদিচ্ছতি।
ফলং প্রাপ্নোত্যবিহতং ভুরি স্বল্পমথাপি বা ॥ ৯১ ॥
ঈদৃশং বিষ্ণুপুরাণেঽপি কিঞ্চিদধিকং চেদং।
শ্রীমরীচেঃ ॥
অনারাধিতগোবিন্দৈর্ন্নৈরৈঃ স্থানং নৃপাত্মজ।
ন হি সংপ্রাপ্যতে শ্রেষ্ঠং তস্মাদারাধয়াচ্যুতং।

কিমুত বক্তব্যমিত্যর্থঃ ॥ ৯০ ॥
স্বল্পং ভুরি বা যদ্যদিচ্ছতি তৎফলমারাধ্যৈব আরাধনমাত্রং কৃত্বা সদ্য এব অবিহতং সর্ব্বোপদ্রবরহিতং অনশ্বরঞ্চ প্রাপ্নোতি ॥ ৯১ ॥
স্বর্গবন্দ্যমাস্পদং শ্রীবৈকুণ্ঠলোকং মুমুক্ষুশ্চেৎ নির্ব্বাণমপি প্রাপ্নোতি। যদ্বা স্বর্গবন্দ্যং শ্রীধ্রুবলোকং ব্রহ্মলোকম্বা। উত্তমং নির্ব্বাণং মুক্তিবিশেষরূপং শ্রীবৈকুণ্ঠলোকং। যদ্বা নির্ব্বাণং

যায়, তখন মনোমধ্যে যাহা যাহা ইচ্ছা করিবে, ত্রৈলোক্যের মধ্যবর্ত্তি সেই সেই স্থানের কথা আর কি বলিব ॥ ৯০ ॥
নারী হউক বা পুরুষই হউক, যাহা যাহা কামনা করিবে, জনার্দ্দনকে আরাধনা করিয়া তাহা তাহা বিপুল পরিমাণে প্রাপ্ত হইবেন ॥

অগস্ত্যসংহিতায় ॥

মনুষ্য মনোমধ্যে অল্প হউক বা অধিকই হউক, যাহা যাহা ইচ্ছা করিবে, বিষ্ণুকে আরাধনা করিয়াই সদ্যঃ তাহা ২ প্রাপ্ত হইবে ॥ ৯১ ॥
এই প্রকার বিষ্ণুপুরাণেও ইহা অপেক্ষা কিঞ্চিৎ অধিক বলিয়াছেন ॥

শ্রীমরীচির বাক্য যথা ॥

হে রাজনন্দন। যে সকল মনুষ্য গোবিন্দের আরাধনা করে নাই, নিশ্চয় তাহারা শ্রেষ্ঠ স্থান প্রাপ্ত হয় না, অতএব গোবিন্দের আরাধনা

কিঞ্চ তত্রৈব ॥

ভৌমান্ মনোরথান্ স্বর্গং স্বর্গবন্দ্যং তথাস্পদং।
প্রাপ্নোত্যারাধিতে বিষ্ণৌ নির্ব্বাণমপি চোত্তমং ॥ ৯২ ॥

তথা ব্রহ্মবৈবর্ত্তে ॥

যৎপাদোদকমাধায় শিবঃ শিরসি নৃত্যতি।
যন্নাভিনলিনাদাসীদ্ব্রহ্মা লোকপিতামহঃ।
যদিচ্ছাশক্তিবিক্ষোভাদ্ব্রহ্মাণ্ডোদ্ভবসংক্ষয়ৌ।
তমারাধয় গোবিন্দং স্থানমগ্র্যং যদীচ্ছসি ॥

নারসিংহে মার্কণ্ডেয়সহস্রানীকসম্বাদে ॥

যস্তু সম্পূজয়েন্নিত্যং নরসিংহং নরেশ্বর।
স স্বর্গমোক্ষভাগী স্যান্নাত্র কার্য্যা বিচারণা।
তস্মাদেকমনা ভূত্বা যাবজ্জীবং প্রতিজ্ঞয়া ॥

মোক্ষং তস্মাদুত্তমঞ্চ শ্রীবৈকুণ্ঠলোকমপি ॥ ৯২ ॥

কর ॥

আরও ঐ স্থানেই ॥

বিষ্ণুর আরাধনা করিলে পৃথিবীসম্বন্ধীয় মনোরথ সকল, স্বর্গবন্দ্য ধ্রুবলোক, নির্ব্বাণমুক্তি এবং বৈকুণ্ঠলোকও প্রাপ্তি হয় ॥ ৯২ ॥

ঐরূপ ব্রহ্মবৈবর্ত্তে ॥

যাঁহার পাদোদক মস্তকে ধারণ করিয়া শিব নৃত্য করিতেছেন, যাঁহার নাভিপদ্ম হইতে লোকপিতামহ ব্রহ্মা উৎপন্ন হইয়াছেন এবং যাঁহার ইচ্ছাশক্তির ক্ষোভহেতু ব্রহ্মাণ্ডের উদ্ভব ও লয় হইতেছে, যদি উত্তম স্থান ইচ্ছা হয়, তাহা হইলে সেই গোবিন্দের আরাধনা কর ॥

নৃসিংহপুরাণে মার্কণ্ডেয় ও সহস্রানীক সম্বাদে ॥

হে রাজন্! যে ব্যক্তি নিত্য নৃসিংহদেবের পূজা করেন, তিনি স্বর্গ ও মোক্ষভাগী হয়েন, ইহাতে বিচারের প্রয়োজন নাই, অতএব

অর্চ্চনাম্নরসিংহস্য সংপ্রাপ্নোত্যভিবাঞ্ছিতং।
তত্রৈব শ্রীব্যাসশুকসম্বাদে।
শ্রীমার্কণ্ডেয়মৃত্যুঞ্জয়সম্বাদানন্তরং॥
নরকে পচ্যমানস্তু যমেন পরিভাষিতঃ।
কিন্ত্বয়া নার্চ্চিতো দেবঃ কেশবঃ ক্লেশনাশনঃ।
উদকেনাপ্যলাভেতু দ্রব্যাণাং পূজিতঃ প্রভুঃ।
যো দদাতি স্বকং লোকং স ত্বয়া কিং ন পূজিতঃ॥ ৯৩॥
নরসিংহো হৃষীকেশঃ পুণ্ডরীকনিভেক্ষণঃ।
স্মরণান্মুক্তিদো নৃণাং স ত্বয়া কিং ন পূজিতঃ॥
বৃহন্নারদীয়েঽদিতিমাহাত্ম্যে শ্রীসূতোক্তৌ॥
যত্র পূজাপরো বিষ্ণোস্তত্র বিঘ্নো ন বাধতে।
রাজা চ তস্করশ্চাপি ব্যাধয়শ্চ ন সন্তি হি॥ ৯৪॥

পাদ্যাদীনামলাভে সতি উদকেনাপি পূজিতঃ সন্॥ ৯৩॥
স্মরণাদপি মুক্তিদঃ। রাজা তৎকৃতোপদ্রব ইত্যর্থঃ॥ ৯৪॥

যাবজ্জীবন প্রতিজ্ঞা পূর্ব্বক একান্তচিত্তে নৃসিংহদেবের অর্চ্চনা করিলে অভীষ্ট প্রাপ্ত হইবে॥

ঐ নৃসিংহপুরাণেই শ্রীব্যাস শুকসম্বাদে।
মার্কণ্ডেয় ও মৃত্যুঞ্জয়ের সম্বাদের পর॥

নরকে পচ্যমান জনকে যম জিজ্ঞাসা করেন, কেন তুমি ক্লেশনাশন দেব কেশবকে পূজা কর নাই?॥

যে প্রভু দ্রব্য সকলের অলাভ হইলেও কেবল জলের দ্বারা পূজিত হইয়া মনুষ্যদিগকে মুক্তি প্রদান করেন, তুমি তাঁহাকে পূজা করিলে না কেন?॥ ৯৩॥

নরসিংহ, হৃষীকেশ, পুণ্ডরীকলোচন ভগবান্ যখন স্মরণমাত্র লোকদিগকে মুক্তি দিয়া থাকেন, তখন তুমি তাঁহাকে পূজা করিলা না কেন?॥

বৃহন্নারদপুরাণে অদিতিমাহাত্ম্যে শ্রীসূতের বাক্যে॥

যে স্থানে বিষ্ণুপূজা তৎপর মনুষ্য বিদ্যমান, সে স্থানে কোন বিঘ্ন

প্রেতাঃ পিশাচাঃ কুষ্মাণ্ডা গ্রহা বালগ্রহাস্তথা।
ডাকিন্যো রাক্ষসাশ্চৈব ন বাধন্তেঽচ্যুতার্চ্চকং ॥
তত্রৈব যমভগীরথসম্বাদে ॥
পত্রৈঃ পুষ্পৈঃ ফলৈর্বার্চ্চ্য পূজারহিতমচ্যুতং।
স যাতি বিষ্ণুসালোক্যং কুলসপ্ততিসংযুতঃ ॥ ৯৫ ॥
তত্রৈব ধ্বজারোপণমাহাত্ম্যে শ্রীবিষ্ণুদূতানামুক্তৌ ॥
উৎক্রান্তিকালে যন্নাম শ্রুতবন্তোঽপি বৈ সকৃৎ।
লভন্তে পরমং স্থানং কিমু শুশ্রূষণে রতাঃ ॥ ৯৬ ॥
মুহূর্ত্তং বা মুহূর্ত্তার্দ্ধং যস্তিষ্ঠেদ্ধরিমন্দিরে।
স যাতি পরমং স্থানং কিমু শুশ্রূষণে রতাঃ ॥

আর্চ্চ্য সম্যগীষদার্চ্চয়িত্বা। পূজারহিতং অরণ্যান্তর্গতত্বাদিনা কেনাপ্যপূজ্যমানং ॥ ৯৫ ॥
উৎক্রান্তিকালে মরণসময়ে ॥ ৯৬ ॥
যস্য কর্ম্ম কিঞ্চিৎ পরিচর্য্যাদিরূপং ॥ ৯৭ ॥

বাধা করিতে পারে না, রাজকৃত উপদ্রব বা তস্কর কি রোগাদি সে স্থানে কিছুই থাকিতে পারে না ॥ ৯৪ ॥

অপর বিষ্ণুপূজাপরায়ণ ব্যক্তিকে, প্রেত, পিশাচ, কুষ্মাণ্ড, গ্রহ, বালগ্রহ, ডাকিনী এবং রাক্ষস প্রভৃতি কেহই পীড়া দিতে পারে না ॥

ঐ বৃহন্নারদীয়পুরাণে যম ও ভগীরথসম্বাদে ॥

যিনি অরণ্যান্তর্গত পূজারহিত অচ্যুতকে পত্র, পুষ্প এবং ফল দ্বারাও সম্যক্‌রূপে পূজা করেন, তিনি সপ্ততিকুলের সহিত বিষ্ণুর সালোক্য প্রাপ্ত হয়েন ॥ ৯৫ ॥

ঐ বৃহন্নারদীয়পুরাণে ধ্বজারোপণমাহাত্ম্যে
শ্রীবিষ্ণুদূতদিগের বাক্যে ॥

যখন মৃত্যুকালে যাঁহার নাম একবার মাত্র শ্রবণ করিয়াই মনুষ্যগণ পরম স্থান লাভ করেন, তখন সর্ব্বদা সেবাপরায়ণ ব্যক্তিদিগের কথা কি? ॥ ৯৬ ॥

যিনি মুহূর্ত্ত বা মুহূর্ত্তার্দ্ধ হরিমন্দিরে অবস্থিতি করেন, তিনি পরম স্থান প্রাপ্ত হয়েন, সেবাপরায়ণ ব্যক্তিদিগের কথা আর কি বলিব ॥

তত্রৈব বিভাণ্ডকমুনিং প্রতি সুমতিনৃপস্য ॥

অবশেনাপি যৎ কর্ম্ম কৃতন্তু সুমহৎ ফলং।
দদাতি নৃণাং বিপ্রেন্দ্র কিং পুনঃ সম্যগর্চ্চনা ॥

প্রায়শ্চিত্তপ্রকরণান্তে।

সম্পর্কাদ্যদি বা মোহাদ্যস্তু পূজয়তে হরিং।
সর্ব্বপাপবিনির্ম্মুক্তঃ স যাতি পরমং পদং।
সর্ব্বান্তরায়া নশ্যন্তি মনঃশুদ্ধিশ্চ জায়তে।
পরং মোক্ষং লভেচ্চৈব পূজ্যমানে জনার্দ্দনে।
ধর্ম্মার্থকামমোক্ষাখ্যাঃ পুরুষার্থাঃ সনাতনাঃ।
হরিপূজাপরাণান্তু সিদ্ধ্যন্তে নাত্র সংশয়ঃ ॥ ৯৭ ॥
সর্ব্বতীর্থানি যজ্ঞাশ্চ সাঙ্গা বেদাশ্চ সত্তমাঃ।
নারায়ণার্চ্চনস্যৈতে কলাং নার্হন্তি ষোড়শীং ॥ ৯৮ ॥

হে সত্তমাঃ। যদ্বা পরমোত্তমা ইতি যজ্ঞাদীনাং বিশেষণং ॥ ৯৮ ॥

ঐ বৃহন্নারদীয়পুরাণেই বিভাণ্ডকমুনির প্রতি
সুমতি নৃপতির বাক্য ॥

হে বিপ্রেশ্রেষ্ঠ! অবশেও যাঁহার কর্ম্ম কৃত হইলে যখন সুমহৎ ফল প্রদান করে, তখন তাঁহার সম্যক্ প্রকারে অর্চ্চনার কথা কি? ॥

প্রায়শ্চিত্তপ্রকরণের অন্তে ॥

যিনি সম্পর্ক বশতঃ অথবা মোহহেতু হরির পূজা করেন, তিনি সমুদায় পাপ হইতে নির্ম্মুক্ত হইয়া বিষ্ণুর পরম পদে গমন করেন ॥

জনার্দ্দন পূজ্যমান হইলে সমস্ত বিঘ্ন নষ্ট হয়, মনের শুদ্ধি জন্মে এবং পরম মোক্ষ লাভ হয়। হরিপূজাপরায়ণ ব্যক্তিদিগের নিত্য-স্বরূপ ধর্ম্ম অর্থ কাম ও মোক্ষ নামক পুরুষার্থ চতুষ্টয় সিদ্ধ হয়, ইহাতে সংশয় নাই ॥ ৯৭ ॥

হে সাধুগণ! সমুদায় তীর্থ, সমস্ত যজ্ঞ এবং অঙ্গের সহিত বেদ-চতুষ্টয় ইহারা নারায়ণপূজার ষোড়শ কলার যোগ্য হয় না ॥ ৯৮ ॥

শ্রীবিষ্ণুতোষবিধিপ্রশ্নোত্তরে ॥

সত্যং বচ্মি হিতং বচ্মি সারং বচ্মি পুনঃ পুনঃ।

অসারেঽদগ্রসংসারে সারং যদ্বিষ্ণুপূজনং ॥

উপলেপনমাহাত্ম্যান্তে ॥

অকামাদপি যে বিষ্ণোঃ সকৃৎপূজাং প্রকুর্ব্বতে।

ন তেষাং ভববন্ধস্তু কদাচিদপি জায়তে ॥

যজ্ঞধ্বজোপাখ্যানান্তে ॥

তস্মাৎ শৃণুত বিপ্রেন্দ্রা দেবোনারায়ণোঽব্যয়ঃ ॥

তে বন্দ্যাস্তে প্রপূজ্যাশ্চ নমস্কার্য্যা বিশেষতঃ।

যেঽর্চ্চয়ন্তি মহাবিষ্ণুং প্রপন্নার্ত্তিপ্রণাশনং ॥

যে যজন্তি স্পৃহাশূন্যা হরিম্বা হরমেব বা।

হে বিবুধর্ষভাঃ। যদ্বা ত এব বিবুধর্ষভাঃ বিবুধবরাঃ দেবোত্তমা বা ॥ ৯৯ ॥

শ্রীবিষ্ণুর তোষবিধির প্রশ্নোত্তরে ॥

আমি সত্য বলিতেছি, হিত বলিতেছি এবং বারম্বার সার বলিতেছি, পরিণামে অসার সংসার মধ্যে এক বিষ্ণুপূজামাত্রই সার ॥

উপলেপনমাহাত্ম্যের অন্তে ॥

যে সকল ব্যক্তি অনিচ্ছাতেও যদি একবারমাত্র বিষ্ণুর পূজা করেন, তাহা হইলে তাঁহাদের কখনও ভববন্ধন হয় না ॥

যজ্ঞধ্বজের উপাখ্যানের শেষে ॥

অতএব হে ব্রাহ্মণশ্রেষ্ঠগণ। আপনারা শ্রবণ করুন, যাঁহারা অজ্ঞানেই হউক বা জ্ঞানেই হউক বিষ্ণুর পূজা করেন, তাঁহাদিগের সম্বন্ধে অব্যয় নারায়ণ দেব মুক্তিপ্রদ হয়েন ॥

যাঁহারা প্রপন্ন জনের পীড়ানাশন মহাবিষ্ণুর পূজা করেন, তাঁহারাই বন্দনীয়, তাঁহারাই পূজনীয়, বিশেষতঃ তাঁহারাই নমস্কারের পাত্র ॥

হে দেবশ্রেষ্ঠগণ। যাঁহারা স্পৃহাশূন্য হইয়া হরি কিম্বা হরকে পূজা

ত এব ভুবনং সর্ব্বং পুনন্তি বিবুধর্ষভাঃ॥ ৯৯॥
পাদ্মে শ্রীনারায়ণনারদসম্বাদে।
পূজাবিধিপ্রসঙ্গে॥
মদ্ভক্তো যো মদর্চ্চাঞ্চ করোতি বিধিদৃষ্টয়ে।
তস্যান্তরায়ঃ স্বপ্নেঽপি ন ভবত্যভয়ো হি সঃ॥
তত্রৈব বৈশাখমাহাত্ম্যে নারদাম্বরীষসম্বাদে॥
পুত্রান্ কলত্রান্ দীর্ঘায়ু রাজ্যং স্বর্গাপবর্গকং।
স দদ্যাদীপ্সিতং সর্ব্বং ভক্ত্যা সংপূজিতোঽজিতঃ॥
নরকেঽপি চিরং মগ্নাঃ পূর্ব্বজা যে কুলদ্বয়ে।
তদৈব যান্তি তে স্বর্গং যদার্চ্চতি সুতো হরিং॥ ১০০॥
তত্রৈব শ্রীযমব্রাহ্মণসম্বাদে চ॥

যদা তেষাং সুতঃ কুলোৎপন্নো হরিমর্চ্চয়তি॥ ১০০॥

করেন, তাঁহারাই সমস্ত ভুবন পবিত্র করেন॥ ৯৯॥

পদ্মপুরাণে শ্রীনারায়ণ নারদসম্বাদে।
পূজাবিধিপ্রসঙ্গে॥

যিনি আমার ভক্ত হইয়া বিধি অনুসারে আমার পূজা করেন, স্বপ্নেও তাঁহার বিঘ্ন হয় না, তিনি ভয় হইতে নির্ম্মুক্ত হয়েন॥

ঐ পদ্মপুরাণেরই বৈশাখমাহাত্ম্যে নারদ
ও অম্বরীষসম্বাদে॥

অজিত বিষ্ণু ভক্তিসহকারে সম্যক্ পূজিত হইলে, পুত্র, কলত্র, দীর্ঘায়ুঃ, রাজ্য, স্বর্গ এবং মোক্ষ প্রভৃতি সমুদায় অভীষ্ট প্রদান করেন॥

যাঁহাদিগের কুলোৎপন্ন সন্তান যখন হরির পূজা করেন, তখনই তাঁহাদের কুলদ্বয়োৎপন্ন পূর্ব্বপুরুষগণ যাঁহারা চিরকাল নরকে নিমগ্ন আছেন, তাঁহারা তৎক্ষণাৎ স্বর্গে গমন করেন॥ ১০০॥

ঐ পদ্মপুরাণেই যম ও ব্রাহ্মণসম্বাদে॥

অনারাধ্য হরিং ভক্ত্যা কো লোকান্ প্রাপ্নুয়াদ্বুধঃ।
আরাধিতে হরৌ কামাঃ সর্ব্বে করতলস্থিতাঃ॥
বিষ্ণুধর্ম্মোত্তরে।
শ্রীকৃষ্ণামৃতস্তোত্রে॥
সোঽপি ধন্যতমো লোকে যোঽর্চ্চয়েদচ্যুতং সকৃৎ।
কিং পুনঃ শ্রদ্ধয়া যুক্তঃ সুপুষ্পৈঃ প্রতিবাসরং।
বৈষ্ণবানপি যে নিত্যং প্রপশ্যন্ত্যর্চ্চয়ন্তি চ।
তেঽপি বিষ্ণুপদং যান্তি কিং পুনর্বিষ্ণুসেবকাঃ।
স যোগী স বিশুদ্ধাত্মা স শান্তঃ স মহামতিঃ।
স শুদ্ধঃ স চ সম্পূর্ণঃ কৃষ্ণং সেবেত যো নরঃ।
অগস্ত্যসংহিতায়াং॥

ভক্তিপূর্ব্বক হরিকে আরাধনা না করিয়া কোন্ পণ্ডিত স্বর্গাদি লোক সকল প্রাপ্ত হইয়াছেন, হরিকে আরাধনা করিলে সমুদায় অভিলষিত করতলে অবস্থিত হয়॥

বিষ্ণুধর্ম্মোত্তরে শ্রীকৃষ্ণামৃতস্তোত্রে॥

যিনি একবারমাত্র বিষ্ণুকে অর্চ্চনা করিয়াছেন সংসার মধ্যে তিনিও যখন ধন্যতম, তখন যিনি ভক্তিযুক্ত হইয়া মনোহর পুষ্প দ্বারা হরিপূজা করেন, তাঁহার কথা কি?॥

যাঁহারা নিত্য বৈষ্ণবদিগকে দর্শন ও অর্চ্চনা করেন, তাঁহারাও বিষ্ণুলোকে গমন করেন, বিষ্ণুভক্তের কথা আর কি বলিব?॥

যে মনুষ্য শ্রীকৃষ্ণের সেবা করেন, তিনি যোগী, তিনি বিশুদ্ধচিত্ত, তিনি শান্ত, তিনি মহামতি, তিনি পবিত্র এবং তিনি সর্ব্বার্থ পরিপূর্ণ॥

অগস্ত্যসংহিতায়॥

অনন্যমনসঃ শশ্বদ্গণয়ন্তোঽক্ষমালয়া।
জপন্তো রামরামেতি সুখামৃতনিধৌ মনঃ।
প্রবিলাপ্যামৃতীভূয় সুখং তিষ্ঠন্তি কেচন ॥ ১০১ ॥
পরিচর্য্যাপরাঃ কেচিৎ প্রাসাদেষেব শেরতে।
মনুষ্যমিব তং দ্রষ্টুং ব্যবহর্ত্তুঞ্চ বন্ধুবৎ ॥১০২ ॥
কিঞ্চ ॥
যথাবিধিনিষেধৌতু মুক্তং নৈবোপসর্পতঃ।
তথা ন স্পৃশতো রামোপাসকং বিধিপূর্ব্বকং।

অমৃতীভূয় জীবন্মুক্তো ভূত্বা ॥ ১০১ ॥
তেভ্যোঽপি পূজাপরাণাং মাহাত্ম্যমাহ পরিচর্য্যেতি। প্রাসাদেষেব শেরত ইতি সদা ভগবৎসান্নিধ্যেন পরমনৈশ্চিন্ত্যাদিনা ঐহিক পরমসুখমুক্তং। তং শ্রীরামং মনুষ্যমিব লোকব্যবহারাদ্যনুসারিণং দ্রষ্টুং অতো বন্ধুবৎ তেন সহ ব্যবহর্ত্তুঞ্চ বিহর্ত্তুমপি প্রেমবিশেষ-সম্পত্ত্যা পারলৌকিকপরমসুখং চোক্তং। এতচ্চ শ্রীভাগবতামৃতোত্তরখণ্ডে সম্যক্‌নিরূপিত-মস্তি। অনন্যেত্যাদয়ঃ শ্লোকা যদ্যপি ভগবদ্ভক্তিমাহাত্ম্যে লিখিতুং যুজ্যন্তে তথাপি পরি-চর্য্যা পরা ইতি উপাসকমিতি চেতুক্ত্যা পরিচর্য্যোপাসনয়োঃ প্রাধান্যে পূজাপরতামাত্রা-ভিধানাদত্র লিখিতাঃ এবমগ্রেঽপ্যূহ্যং ॥ ১০২ ॥

কতিপয় ব্যক্তি একান্তচিত্তে নিরন্তর জপমালা দ্বারা গণনা করত রাম রাম এই নাম জপ করিয়া সুখামৃতসমুদ্রে মন নিক্ষেপ পূর্ব্বক জীবন মুক্ত হইয়া সুখে অবস্থিতি করেন ॥ ১০১ ॥

কতিপয় পরিচর্য্যাপরায়ণ ভক্ত শ্রীরামচন্দ্রকে মনুষ্যের ন্যায় দর্শন এবং বন্ধু তুল্য ব্যবহার করিবার জন্য দেবমন্দিরেই শয়ন করিয়া থাকেন ॥ ১০২ ॥

আরও ॥

বিধি ও নিষেধ যেমন মুক্তপুরুষের নিকট গমন করে না, তদ্রূপ ঐ বিধিনিষেধ বিধিপূর্ব্বক রামোপাসকের নিকট গমন করিতে পারে না ॥

শ্রীভগবদ্গীতাসু ॥

এবং সততযুক্তা যে ভক্তাস্ত্বাং পর্য্যুপাসতে।
যে চাপ্যক্ষরমব্যক্তং তেষাং কে যোগবিত্তমাঃ ॥ ১০৩ ॥
ইত্যর্জ্জুনেন পৃষ্টঃ শ্রীভগবানুবাচ ॥
ময্যাবেশ্য মনো যে মাং নিত্যযুক্তা উপাসতে।
শ্রদ্ধয়া পরয়োপেতাস্তে মে যুক্ততমা মতাঃ ॥ ইত্যাদি ॥১০৪॥

পূর্ব্বং মৎকর্ম্মকৃৎ মৎপরম ইত্যেবং ভক্তিনিষ্ঠস্য শ্রেষ্ঠত্বমুক্তং। কৌন্তেয় প্রতিজানীহি ন মে ভক্ত ইত্যাদিনা চ তত্র তস্যৈব শ্রৈষ্ঠ্যং বর্ণিতং। তথা তেষাং জ্ঞানী নিত্যযুক্ত এক ভক্তির্বিশিষ্যত ইত্যাদিনা সর্ব্বং জ্ঞানপ্লবেনৈবেত্যাদিনা চ জ্ঞাননিষ্ঠস্য শ্রৈষ্ঠ্যমুক্তং। এবমুভয়োঃ শ্রৈষ্ঠ্যেঽপি বিশেষজিজ্ঞাসয়া শ্রীভগবন্তমর্জ্জুনঃ পৃচ্ছতি এবমিতি। এবং সর্ব্বকর্ম্মার্পণাদিনা সততং যুক্তাস্তন্নিষ্ঠাঃ সন্তো যে ভক্তাস্ত্বাং পর্য্যুপাসতে সমারাধয়ন্তি যে চাপ্যক্ষরং ব্রহ্ম অব্যক্তং নির্ব্বিশেষমুপাসতে তেষামুভয়েষাং মধ্যে কে অতিশয়েন যোগবিদঃ শ্রেষ্ঠা ইত্যর্থঃ ॥ ১০৩ ॥

তত্র প্রথমা শ্রেষ্ঠা ইত্যুত্তরং শ্রীভগবানাহ ময়ীতি। ময়ি পরমেশ্বরে সর্ব্বজ্ঞতাদিগুণবিশিষ্টে সাক্ষাদ্ভগবতি শ্রীকৃষ্ণে মন আবেশ্য একাগ্রং কৃত্বা নিত্যং যুক্তাঃ মদর্থকর্ম্মানুষ্ঠানাদিনা মন্নিষ্ঠাঃ সন্তঃ শ্রেষ্ঠয়া শ্রদ্ধয়া যুক্তাঃ যে মামারাধয়ন্তি তে যুক্ততমা মেঽভিমতাঃ ॥১০৪॥

শ্রীভগবদ্গীতার ১২ অধ্যায়ে ১ শ্লোকে ॥

অর্জ্জুন কহিলেন, এইরূপ সতত সমাহিত হইয়া যে সকল ভক্ত আপনার উপাসনা করেন এবং যাঁহারা আপনাকে অক্ষর ও অব্যক্ত বোধ করেন, তাঁহাদের মধ্যে কাঁহারা শ্রেষ্ঠযোগী হয়েন? ॥ ১০৩ ॥

অর্জ্জুনকর্তৃক জিজ্ঞাসিত হইয়া ভগবান্ কহিলেন।

ঐ অধ্যায়ের ২ শ্লোকে যথা ॥

অর্জ্জুন! যাঁহারা আমাতে মন সমর্পণ করিয়া নিত্য সমাহিত হইয়া আমার উপাসনা করেন, সেই শ্রদ্ধাযুক্ত যোগিরাই আমার নিকট শ্রেষ্ঠ যোগি বলিয়া গণ্য হয়েন ॥ ১০৪ ॥

চতুর্থস্কন্ধে শ্রীপৃথূক্তৌ ॥

যৎপাদসেবাভিরুচিস্তপস্বিনা-
মশেষজন্মোপচিতং মলং ধিয়ঃ।
সদ্যঃ ক্ষিণোত্যন্বহমেধতী সতী
যথা পদাঙ্গুষ্ঠবিনিঃসৃতা সরিৎ ॥ ১০৫ ॥

কিঞ্চ নারদোক্তৌ ॥

যস্য মম পাদয়োঃ সেবায়ামভিরুচিরপি তপস্বিনাং সংসারতপ্তানাং। যদ্বা তপঃ স্বধর্ম্মাচরণং চিত্তৈকাগ্রতা বা তদযুক্তানামপি অশেষজন্মভিঃ সংবৃদ্ধং ধিয়োমলং সদ্যঃ ক্ষপয়তি। কথম্ভূতা অহন্যহনি বর্দ্ধমানা। সতী সাত্ত্বিকী পরমোত্তমা বা। এবং মলক্ষপণমানুষঙ্গিকং মুখ্যঞ্চ ফলং নিত্যমেধমানোত্তমা তৎসেবাভিরুচিরেবেত্যভিপ্রেতং। তৎপাদসম্বন্ধস্যৈবৈষ মহিমেতি দৃষ্টান্তেনাহ যথেতি। পাদাঙ্গুষ্ঠবিনিঃসৃতেত্যয়ং ভাবঃ। বামপাদস্যাঙ্গুষ্ঠাৎ বিনিঃসৃতা নির্গত্য ভুবং গতা সা চ একরূপৈব ন চ নিত্যং বর্দ্ধমানা তথাপ্যনেকজন্মাচিতং মলং সদ্যঃ ক্ষপয়তি। এষা চ পাদয়োঃ সেবাসু অভিরুচিঃ। তত্র সংলগ্নো মনসো ভাবঃ তং সদ্যঃ ক্ষিণোতীতি কিং চিত্রং কিন্তু নিত্যং বর্দ্ধমানা চোত্তমা সতী ফলরূপতাং প্রাপ্নোতীত্যুচিতমেবেতি ॥ ১০৫ ॥

৪ স্কন্ধের ২১ অধ্যায়ে ২৯ শ্লোকে
শ্রীপৃথুর বাক্য যথা ॥

পৃথু কহিলেন, হে প্রজাগণ! একমাত্র পরমেশ্বরই জীব সকলের মোক্ষদাতা, তদ্ব্যতীত অন্য কোন দেবতার মুক্তি দিবার সাধ্য নাই, যে হেতু তাঁহারাও জীববিশেষ, অতএব যাঁহার চরণপঙ্কজের সেবাভিলাষও পদাঙ্গুষ্ঠবিনিঃসৃতা সুরতরঙ্গিণীর ন্যায় সংসারতাপে সন্তপ্ত জীবপুঞ্জের অশেষ জন্মসম্বন্ধবুদ্ধিমালিন্য সদ্যঃ বিনষ্ট করিয়া অহরহঃ বৃদ্ধি প্রাপ্ত হয় ॥ ১০৫ ॥

অপর ৪ স্কন্ধে ৩১ অধ্যায়ে ১২ শ্লোকে
শ্রীনারদের বাক্য যথা ॥

যথা তরোর্ম্মূলনিষেচনেন
তৃপ্যন্তি তৎস্কন্ধভুজোপশাখাঃ।
প্রাণোপহারাচ্চ যথেন্দ্রিয়াণাং
তথৈব সর্ব্বার্হণমচ্যুতেজ্যা॥ ১০৬॥
একাদশস্কন্ধে চ কবিযোগেশ্বরস্য বাক্যং॥
মন্যেঽকুতশ্চিৎ ভয়মচ্যুতস্য

শ্রীভগবদর্চ্চনেনৈব জগতঃ সন্তোষ ইতি সদৃষ্টান্তমাহ যথেতি। মূলাৎ প্রথমবিভাগাঃ স্কন্ধাঃ তদ্বিভাগাঃ ভুজাস্তেষামপ্যুপশাখাঃ উপলক্ষণমেতৎ পত্রপুষ্পাদয়োঽপি তৃপ্যন্তি নতু মূলসেকং বিনা স্বস্বনিষেচনেন। প্রাণস্যোপহারো ভোজনং তস্মাদেবেন্দ্রিয়াণাং তৃপ্তিঃ নতু তত্তদিন্দ্রিয়েষু পৃথক্ পৃথগন্নলেপনাৎ। তথা চাচ্যুতারাধনমেব সর্ব্বদেবতারাধনং ন পৃথগিত্যর্থঃ॥ ১০৬॥

আত্যন্তিকং ক্ষেমং কথয়তি মন্য ইতি। ন কুতশ্চিদপি ভয়ং যস্মাৎ তদকুতশ্চিদ্ভয়ং।

হে বৎসগণ। নানাপ্রকার কর্ম্ম দ্বারা তত্তদ্দেবতার প্রীতি নিমিত্ত যে সকল ফল হয়, তাহাও ভগবানের প্রীতি হেতু হইয়া থাকে, নিরবচ্ছিন্ন তত্তদ্দেবতার আরাধনে কিছুই হয় না। ফলতঃ যেমন বৃক্ষের মূলে জলসেচন করিলে তাহার স্কন্ধশাখা উপশাখা প্রভৃতি পুষ্ট হয়, মূলসেচন বিনা স্কন্ধ প্রভৃতি এক এক অবয়বে জল দিলে কিছুই হয় না এবং যেমন প্রাণের উপহার অর্থাৎ ভোজন দ্বারা সকল ইন্দ্রিয়ের তৃপ্তি হয়, এক এক ইন্দ্রিয়ের পৃথক্ পৃথক্ অন্নলেপনাদি করিলে সকল ইন্দ্রিয়ের পুষ্টি হয় না, তেমনি ভগবান্ অচ্যুতের আরাধনাই সকল দেবতার আরাধনা অর্থাৎ তাহাতেই সকল দেবতার সন্তোষ হয়॥ ১০৬॥

১১ স্কন্ধের ২ অধ্যায়ে ৩১ শ্লোকে
কবিযোগেশ্বরের বাক্যেও যথা॥

কবিযোগেশ্বর নিমিকে কহিলেন, মহারাজ! সকল ধর্ম্মেই ভয়

পাদাম্বুজোপাসনমত্র নিত্যং।
উদ্বিগ্নবুদ্ধেরসদাত্মভাবা-
দ্বিশ্বাত্মনা যত্র নিবর্ত্ততে ভীঃ॥ ১০৭॥
শ্রীভগবতশ্চ॥
এবং ক্রিয়াযোগপথৈঃ পুমান্ বৈদিকতান্ত্রিকৈঃ।
অর্চ্চন্নুভয়তঃ সিদ্ধিং মত্তো বিন্দ্যত্যভীপ্সিতাং॥ ১০৮॥
কিঞ্চ॥

অত্র সংসারে অসদাত্মভাবাৎ অসতি দেহাদাবাত্মভাবনাতঃ। নিত্যং সর্ব্বদা উদ্বিগ্নবুদ্ধে-র্জ্জনস্য বিশ্বাত্মনা সর্ব্বথা নিঃশেষং যত্র পাদাম্বুজোপাসনে ভীর্নিবর্ত্ততে। যদ্বা যত্র যস্মিন্ সতি। রসদাত্মভাবাৎ অসদশ্চাসাবাত্মা চ হরিঃ শ্রীকৃষ্ণ ইত্যর্থঃ। তস্মিন্ ভাবঃ প্রেমা তস্মাদ্ধেতোর্নিত্যমুদ্বিগ্ন বুদ্ধেরপি বিশ্বাত্মনা ভীর্নিবর্ত্ততে অন্যৎ সমানং॥ ১০৭॥
এবং পূর্ব্বোক্তপ্রকারৈঃ ক্রিয়াযোগরূপৈর্মার্গৈঃ। যদ্বা ঈদৃশৈঃ ক্রিয়াযোগপ্রকারৈঃ অর্চ্চন্ অর্চ্চয়ন্ উভয়ত্র ইহামুত্র চ॥ ১০৮॥

দৃষ্ট হইতেছে, আমি জানি ভগবান্ অচ্যুতের পাদপদ্ম উপাসনা করিলে আত্যন্তিক কল্যাণ হয় এবং অন্য কিছু হইতে ভয় পাইতে হয় না, যে হেতু এই সংসারে দেহাদিতে অর্থাৎ দেহ গেহ কুটুম্বাদিতে আত্মীয়-ভাবনানিবন্ধন সর্ব্বদা উদ্বিগ্নচিত্ত লোকদিগেরও ঐ উপাসনাতে সর্ব্বতোভাবে ভয় নিবর্ত্ত হয়॥ ১০৭॥

১১ স্কন্ধে ২৭ অধ্যায়ে ৪৬ শ্লোকে
শ্রীভগবানের বাক্য যথা॥

পুরুষ এইরূপ বৈদিক ও তান্ত্রিক ক্রিয়াযোগ দ্বারা অর্চ্চনা করিয়া ইহলোক ও পরলোকে অভীপ্সিত সংসিদ্ধি আমা হইতে প্রাপ্ত হয়েন॥ ১০৮॥

ঐ অধ্যায়ের ৪৯ শ্লোকে যথা॥

মামেব নৈরপেক্ষ্যেণ ভক্তিযোগেন বিন্দতি।
ভক্তিযোগং স লভতে এবং যঃ পূজয়েত মাং ॥ ১০৯ ॥
গৌতমীয়তন্ত্রে শ্রীনারদস্য ॥
তুলসীদলমাত্রেণ জলস্য চুলুকেন চ।
বিক্রীণীতে স্বমাত্মানং ভক্তেভ্যো ভক্তবৎসলঃ ॥ ১১০ ॥
অথ পূজানিত্যতা ॥
মহাভারতে ॥
মাতৃবৎ পরিরক্ষন্তং সৃষ্টিসংহারকারকং।
যো নার্চ্চয়তি দেবেশং তং বিদ্যাদ্ব্রহ্মঘাতকং ॥
অতএবোক্তং বৃহন্নারদীয়ে পাদোদক-

নৈরপেক্ষ্যেণ অহৈতুকেন প্রেমলক্ষণেনেত্যর্থঃ। নমু নৈরপেক্ষ্যো ভক্তিযোগঃ কথং ভবতি তত্রাহ ভক্তিযোগমিতি ॥ ১০৯ ॥
বিক্রীণীতে বশ্যং করোতি ॥ ১১০ ॥

কেবল নিরপেক্ষ ভক্তিযোগ দ্বারা আমাকে প্রাপ্ত হয়, কিন্তু যে ব্যক্তি পূর্ব্বোক্তরূপে আমার পূজা করে, সে ভক্তিযোগ লাভ করে ॥ ১০৯ ॥

গৌতমীয়তন্ত্রে শ্রীনারদের বাক্য ॥

এক পত্রমাত্র তুলসী ও এক চুলুকমাত্র জল অর্পণ করিলে ভক্ত-বৎসল হরি ভক্তগণকে আপনার দেহ বিক্রয় করিয়া রাখেন অর্থাৎ তিনি তাঁহাদিগের বশতাপন্ন হয়েন ॥ ১১০ ॥

অথ পূজানিত্যতা মহাভারতে ॥

যিনি মাতার ন্যায় রক্ষা করিতেছেন, সেই সৃষ্টিসংহারকারক দেবেশ্বরকে যে ব্যক্তি অর্চ্চনা করে না, তাহাকে ব্রহ্মঘাতক বলিয়া জানিও ॥

অতএব বৃহন্নারদীয়পুরাণে ॥

মাহাত্ম্যাখ্যানারম্ভে ॥

হরিপূজাবিধানন্তু যস্য বেশ্মনি নো দ্বিজাঃ।
শ্মশানসদৃশং বিদ্যান্ন কদাপি বিশেচ্চ তৎ ॥ ১১১ ॥

অতএবোক্তং বিষ্ণুধর্ম্মোত্তরে ॥

পুষ্পৈর্বা যদি বা পত্রৈঃ ফলৈর্বা যদ বাম্বুভিঃ।
যষ্টব্যঃ পুণ্ডরীকাক্ষস্ত্যক্ত্বা কার্য্যশতানি চ ॥

কিঞ্চ। নারদীয়ে ॥

নিমিত্তেষু চ সর্ব্বেষু তত্তৎকালবিশেষতঃ।
পূজয়েদ্দেবদেবেশং দ্রব্যং সম্পাদ্য যত্নতঃ ॥ ১১২ ॥

অতএবোক্তং ভগবতা হয়গ্রীবেণ।
হয়শীর্ষপঞ্চরাত্রে ॥

হরেঃ পূজাবিধানং পূজনং। হে দ্বিজাঃ ॥ ১১১ ॥
নিমিত্তেষু জন্মাষ্টম্যাদিষু ॥ ১১২ ॥

পাদোদকমাহাত্ম্যের কথনারম্ভে বর্ণিত হইয়াছে যথা ॥

হে দ্বিজগণ! যাহার গৃহে হরির পূজা নাই, তাহার গৃহ শ্মশান সদৃশ জানিতে হইবে, কখনও তাহাতে প্রবেশ করিবে না ॥ ১১১ ॥

অতএব বিষ্ণুধর্ম্মোত্তরে কথিত হইয়াছে ॥

পুষ্পেই হউক বা পত্রেই হউক অথবা ফলেই হউক কিম্বা জলেই হউক, শত শত কার্য্য পরিত্যাগ করিয়াও বিষ্ণুর পূজা করা কর্ত্তব্য ॥

আরও নারদপুরাণে ॥

জন্মাষ্টমী প্রভৃতি তত্তৎকাল বিশেষে যত্ন সহকারে দ্রব্য সম্পাদন করিয়া দেবদেবেশ্বর শ্রীকৃষ্ণকে পূজা করিবে ॥ ১১২ ॥

অতএব হয়শীর্ষ পঞ্চরাত্রে ভগবান্ হয়গ্রীব বলিয়াছেন ॥

প্রতিষ্ঠিতার্চ্চা ন ত্যাজ্যা যাবজ্জীবং সমর্চ্চয়েৎ।
বরং প্রাণস্য বা ত্যাগঃ শিরসোবাপি কর্ত্তনমিতি ॥ ১১৩ ॥
পূজায়া নিত্যতালেখি প্রাক্ চ নৈবেদ্যভক্ষণে।
মাহাত্ম্যঞ্চ পরং শালগ্রামচক্রপ্রসঙ্গতঃ ॥ ১১৪ ॥
পূজাঙ্গানাঞ্চ মাহাত্ম্যং যদযদ্বিলিখিতং পুরা।
তৎ সর্ব্বমিহ পূজায়াং পর্য্যবস্যতি হি স্বতঃ ॥ ১১৫ ॥
পূজামহিমমত্তেভাঃ শাস্ত্রারণ্যবিহারিণঃ।

অর্চ্চা প্রতিমা যা কাচিদপি। এবমর্চ্চননিত্যতা স্বতএব সিদ্ধা ॥ ১১৩ ॥

অত্রালিখিতমপ্যন্যৎ পূজায়া নিত্যত্বস্য মাহাত্ম্যস্য চ বচনজাতং পূর্ব্বলিখিতৈরেকী-কুর্ব্বন্ লিখতি পূজায়া ইতি দ্বাভ্যাং। প্রাগলেখি। অনর্চ্চয়িত্বা গোবিন্দং যৈর্ভুক্তং ধর্ম্ম-বর্জ্জিতৈরিত্যাদিভিঃ। পরমন্যচ্চ মাহাত্ম্যং শালগ্রামশিলারূপস্য চক্রিণশ্চক্রযুক্তস্য ভগবতঃ প্রসঙ্গে। তথাচ শালগ্রামশিলামাহাত্ম্যে। যঃ পূজয়েদ্ধরিং চক্রে শালগ্রামশিলোদ্ভবে। রাজসূয়সহস্রেণ তেনেষ্টং প্রতিবাসরমিত্যাদি ॥ ১১৪ ॥

পূজাঙ্গানাং তত্তদুপচারসমর্পণাদীনাং। স্বতএব পর্য্যবস্যতি পূজায়া এব মাহাত্ম্যমিতি জ্ঞেয়মিত্যর্থঃ। অঙ্গানাং মাহাত্ম্যেনাঙ্গিন এব মাহাত্ম্যাপত্তেঃ এবং সর্ব্বস্যৈব পূজাঙ্গত্বাৎ তত্তন্মাহাত্ম্যং সর্ব্বমেব পূজায়া মাহাত্ম্যমিতি ভাবঃ ॥ ১১৫ ॥

প্রাণ পরিত্যাগ হউক বা শিরশ্ছেদনই হউক, বরঞ্চ সেও ভাল, তথাপি বিষ্ণুর যে কোন প্রতিষ্ঠিত প্রতিমা পরিত্যাগ করিবে না, যাবজ্জীবন তাঁহার পূজা করিবে ॥ ১১৩ ॥

পূর্ব্বে নৈবেদ্যভক্ষণে পূজার নিত্যতা এবং প্রসঙ্গাধীন শালগ্রাম-শিলাচক্রের মাহাত্ম্যও লিখিত হইয়াছে ॥ ১১৪ ॥

পূর্ব্বে পূজাঙ্গ সকলের যে যে মাহাত্ম্য লিখিত হইয়াছে, এস্থলে স্বতই তৎসমুদায় পূজায় পর্য্যবসান হইল ॥ ১১৫ ॥

কীট তুল্য ব্যক্তি কর্ত্তৃক শ্রীহরির কৃপা ব্যতিরেকে শাস্ত্ররূপ

কীটৈন কতি সংগ্রাহ্যাঃ প্রভাবং শ্রীহরের্বিনা ॥ ১১৬ ॥
অথ শ্রীভগবন্নাম সদা সেবেত সর্ব্বতঃ ।
তন্মাহাত্ম্যঞ্চ বিখ্যাতং সংক্ষেপাত্র লিখ্যতে ॥ ১১৭ ॥
অথ শ্রীভগবন্নামমাহাত্ম্যং ॥

এবমনন্তান্যেব পূজামাহাত্ম্যবচনানি জ্ঞানক্রিয়াশক্তিহীনেন ময়া কতি লিখিতুং শক্যন্তে যচ্চ তত্র কিঞ্চিল্লিখিতং তৎ শ্রীভগবন্মহিম্নৈবেতি নিজৌদ্ধত্যং পরিহরন্ পূজায়া মাহাত্ম্যবিশেষং দর্শয়তি পূজেতি। পূজায়া মহিমান এব মত্তেভাঃ মত্তহস্তিনঃ দুর্গ্রহত্বাৎ কথম্ভূতাঃ শাস্ত্রাণ্যেবারণ্যানি অর্থতঃ শব্দতশ্চানন্ত্যেন পরমদুর্গমত্বাৎ তেষু বিহর্ত্তুমিতস্ততঃ সর্ব্বত্র ক্রীড়িতুং শীলং যেষাং তে। অতএব কীটতুল্যেন পরমাসমর্থেন জনেন কতি সংগ্রাহ্যাঃ সংগ্রহীতুং শক্যাঃ। শ্রীহরেঃ প্রভাবং বিনেতি তেনৈব সংগ্রাহ্যা ভবন্তি নান্যেনেত্যর্থঃ। অত্র চ যথা বনান্তর্ব্বর্ত্তিনো মত্তগজাঃ কীটৈন সংগ্রাহ্যাঃ ন ভবন্তি কিন্তু সিংহস্যৈব শক্যা ভবন্তীতি দৃষ্টান্তঃ স্পষ্ট এব ॥ ১১৬ ॥

এবং পূজামাহাত্ম্যং লিখিত্বা মধুরেণ সমাপয়েদিতি ন্যায়েনান্তে নামমাহাত্ম্যং লিখন্ তত্রাদৌ ব্রাহ্মে মুহূর্ত্তে উত্থানতো নক্তং শয়নপর্য্যন্তে নিজকর্ম্মণি তথা শ্রীভগবতঃ প্রবোধনতো নক্তং স্থাপনপর্য্যন্ত সেবাপ্রকারে চ সর্ব্বত্রৈব বিঘ্ননিবারকতয়া ন্যূনসংপূর্ত্তিকারকত্বেন পূজাঙ্গতয়া তথা সর্ব্বকর্ম্মণাং গুণবিশেষাপাদকতয়া তথা স্বতঃ পরমফলরূপতয়া চাদৌ মধ্যে অন্তে চ শ্রীভগবন্নামকীর্ত্তনং কুর্য্যাদিতি লিখতি অথেতি আনন্তর্য্যে মঙ্গলে বা। সর্ব্বতঃ সর্ব্বত্র সর্ব্বথা সর্ব্বার্থঞ্চেত্যর্থঃ। এবং কালবিশেষকৃত্যতাদৃশ্যভাবাৎ সর্ব্বপরিপোষকত্বাচ্চান্তে লিখনমিতি ভাবঃ ॥ ১১৭ ॥

অরণ্যচারী পূজামাহাত্ম্যস্বরূপ মত্তহস্তিগণ কতিপয় গ্রহণীয় হইবে, অর্থাৎ আমি কীট সদৃশ হইয়া শ্রীহরির অনুগ্রহ ব্যতিরেকে পূজামাহাত্ম্যপর কতিপয় বচন কি সংগ্রহ করিতে সমর্থ হইব ? ॥ ১১৬ ॥

অনন্তর শ্রীভগবন্নাম সকলকালে সর্ব্বপ্রকারে সেবা করিবে, ঐ নামমাহাত্ম্য অতিবিস্তৃত, আমি এস্থলে কিঞ্চিৎ সংক্ষেপে লিখিতেছি ॥ ১১৭ ॥

অথ শ্রীভগবন্নামমাহাত্ম্য ॥

তত্র শ্রীভগবন্নামবিশেষস্য চ সেবনং।
ঋষিভিঃ কৃপয়াদিষ্টং তত্তৎ কামহতাত্মনাং ॥ ১১৮ ॥
অথ কামবিশেষেণ শ্রীভগবন্নামবিশেষসেবামাহাত্ম্যং।
তত্র পাপক্ষয়ার্থং কৌর্ম্মে ॥
শ্রীশব্দপূর্ব্বং জয়শব্দপূর্ব্বং
জয়দ্বয়াদুত্তরতস্তথা হি।
ত্রিঃসপ্তকৃত্বো নরসিংহনাম
জপ্তং নিহন্যাদপি বিপ্রহত্যাং ॥ ১১৯ ॥

তত্রাদৌ নামবিশেষস্য মাহাত্ম্যং বিশেষতো লিখতি তত্রেতি। তেন তেনাগ্রে লেখ্যেন কামেন হত আত্মা চিত্তং যেষাং তেষাং আদিষ্টং তান্ প্রতিজ্ঞাপিতং। নমু মহাফলং ভগবন্নামসেবনং সর্ব্বজ্ঞৈর্ঋষিভিস্তত্তৎ তুচ্ছফলার্থং কিমিত্যাদিষ্টং। তত্র লিখতি কৃপয়েতি। তেনৈব শীঘ্রং সম্যক্ তত্তৎ সিদ্ধেঃ। যদ্বা তত্তৎ কামেনাপি কথঞ্চিৎ তেষাং তত্র প্রবৃত্ত্যর্থমিতি দিক্ ॥ ১১৮ ॥

জয়শব্দয়োর্ম্মধ্যং অন্তর্ব্বর্ত্তি জয় নরসিংহ জয়েতি। জয়াদুত্তরতঃ জয় নরসিংহেতি। নরসিংহস্য নাম নরসিংহেতি নাম বা ॥ ১১৯ ॥

অনন্তর অগ্রে যে যে কাম লিখিত হইবে, সেই সেই কামে হতচিত্ত ব্যক্তিদিগের সম্বন্ধে ঋষিগণ কৃপা করিয়া শ্রীভগবন্নাম বিশেষের সেবা আদেশ করিয়াছেন ॥ ১১৮ ॥

অথ কামবিশেষে শ্রীভগবন্নামবিশেষের মাহাত্ম্য ॥

তন্মধ্যে পাপক্ষয় নিমিত্ত শ্রীভগবন্নামবিশেষের সেবা যথা।

কূর্ম্মপুরাণে ॥

শ্রীশব্দ পূর্ব্ব, জয়শব্দ পূর্ব্ব, জয় দ্বয়ের মধ্যবর্ত্তি এবং জয়শব্দের উত্তর অর্থাৎ শ্রীনরসিংহ, জয় নরসিংহ এবং জয় নরসিংহ জয়, এই প্রকার নরসিংহ নাম একবিংশতিবার জপ করিলে ব্রহ্মহত্যাও বিনষ্ট হয় ॥ ১১৯ ॥

মহাভয়নিবারণার্থং তত্রৈব ॥
শ্রীপূর্ব্বো নরসিংহো দ্বির্জয়াদুত্তরতস্তু সঃ।
ত্রিঃসপ্তকৃত্বো জপ্তস্তু মহাভয়নিবারণঃ ॥ ১২০ ॥
কালবিশেষেতু মঙ্গলার্থং ॥
বিষ্ণুধর্ম্মোত্তরে।
শ্রীমার্কণ্ডেয় বজ্রসম্বাদে ॥
পুরুষং বামদেবঞ্চ তথা সঙ্কর্ষণং বিভুং।
প্রদ্যুম্নমনিরুদ্ধঞ্চ ক্রমাদব্দেষু কীর্ত্তয়েৎ ॥ ২২১ ॥

স নরসিংহঃ দ্বির্ব্বারদ্বয়ং জয় জয়েতি তস্মাদুত্তরতশ্চ জয় জয় নরসিংহেতি পাঠান্তরেঽপি স এবার্থঃ ॥ ১২০ ॥

পুরুষাদীন্ পঞ্চ অব্দেষু সম্বৎসরাদি ভেদেন পঞ্চসু ক্রমাৎ কীর্ত্তয়েৎ পঞ্চাব্দাশ্চোক্তাঃ ব্রহ্মবৈবর্ত্তে। সম্বৎসরস্তু প্রথমো দ্বিতীয়ঃ পরিবৎসরঃ। ইদাবৎসরস্তৃতীয়শ্চতুর্থশ্চানু বৎসরঃ উদ্বৎসরঃ পঞ্চমাস্তু কালস্য যুগসংজ্ঞিতঃ। ইতি। যদ্যপ্যত্রাগ্রে চ ফলং বিশেষতো ন শ্রূয়তে তথাপ্যন্তে বরদস্যোত্যুক্ত্যা তথা সর্ব্বার্থসিদ্ধিমাপ্নোতীত্যাদ্যুক্ত্যা চ সামান্যতঃ ফলং মহদস্তীতি জ্ঞেয়মেব ॥ ১২১ ॥

মহাভয়নিবারণ নিমিত্ত শ্রীভগবন্নামসেবা যথা।

ঐ কূর্ম্মপুরাণে ॥

শ্রীনরসিংহ এবং জয় জয় নরসিংহ, এইরূপ নাম একবিংশতিবার জপ করিলে মহাভয় নিবারণ হয় ॥ ১২০ ॥

কালবিশেষেও মঙ্গলের নিমিত্ত শ্রীভগবন্নাম সেবা ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে শ্রীমার্কণ্ডেয় বজ্রসম্বাদে ॥

পুরুষ, বামদেব, বিভু, সঙ্কর্ষণ, প্রদ্যুম্ন এবং অনিরুদ্ধ ক্রমে পঞ্চবৎসরে অর্থাৎ সম্বৎসর, পরিবৎসর, ইদাবৎসর, অনুবৎসর ও উদ্বৎসর এই সকল বৎসরে এক একটী নাম কীর্ত্তন করিবে ॥ ২২১ ॥

বলভদ্রং তথা কৃষ্ণং কীর্ত্তয়েদয়নদ্বয়ে।
মাধবং পুণ্ডরীকাক্ষং তথা বৈ ভোগশায়িনং ॥
পদ্মনাভং হৃষীকেশং তথা দেবং ত্রিবিক্রমং।
ক্রমেণ রাজশার্দ্দূল বসন্তাদিষু কীর্ত্তয়েৎ ॥ ১২২ ॥
বিষ্ণুঞ্চ মধুহন্তারং তথা দেবং ত্রিবিক্রমং।
বামনং শ্রীধরঞ্চৈব হৃষীকেশং তথৈব চ ॥
দামোদরং পদ্মনাভং কেশবঞ্চ যদূত্তমং।
নারায়ণং মাধবঞ্চ গোবিন্দঞ্চ তথাক্রমাৎ ॥
চৈত্রাদিষু চ মাসেষু দেবদেবমনুস্মরেৎ।
প্রদ্যুম্নমনিরুদ্ধঞ্চ পক্ষয়োঃ কৃষ্ণশুক্লয়োঃ ॥
সর্ব্বঃ সর্ব্বশিবঃ স্থাণুর্ভূতাদি নিধিরব্যয়ঃ।

মাধবাদীন্ ষট্ স্থ বসন্তাদি ষট্ঋতুষু ক্রমেণ কীর্ত্তয়েৎ ॥ ১২২ ॥

বিষ্ণ্বাদীন্ দ্বাদশ চৈত্রাদীন্ দ্বাদশমাসেষু ক্রমাদনুস্মরেৎ তত্র চ। যদূত্তমমিতি বিশেষণং জ্ঞেয়ং। অন্যথা ত্রয়োদশ স্যুঃ। যদূত্তমেতি বা পাঠঃ। ততশ্চ সম্বোধনং। হে বজ্রেতি যদ্বা কদাচিৎ মলমাসে সতি ত্রয়োদশমাসা ভবন্তি তদপেক্ষয়া যদূত্তমেন সহ ত্রয়োদশেতি জ্ঞেয়ং ॥ ১২৩ ॥

উত্তর ও দক্ষিণ এই দুই অয়নে বলভদ্র এবং কৃষ্ণ এই দুই নাম কীর্ত্তন করিবে। অপর হে রাজেন্দ্র! মাধব, পুণ্ডরীকাক্ষ, ভোগশায়ী, পদ্মনাভ, হৃষীকেশ তথা ত্রিবিক্রমদেব, এই ছয় নাম বসন্তাদি ঋতু ষট্কে কীর্ত্তন করিবে ॥ ১২২ ॥

বিষ্ণু, মধুসূদন, ত্রিবিক্রমদেব, বামন, শ্রীধর, হৃষীকেশ, দামোদর, পদ্মনাভ, যদুশ্রেষ্ঠ কেশব, নারায়ণ, মাধব এবং গোবিন্দ, চৈত্রাদি দ্বাদশমাসে ক্রমে এই সকল নাম তথা কৃষ্ণ ও শুক্লপক্ষে প্রদ্যুম্ন ও অনিরুদ্ধ নাম স্মরণ করিবে ॥

সর্ব্ব, সর্ব্বশিব, স্থাণু, ভূত, আদি, নিধি ও অব্যয় এই সাত নাম

আদিত্যাদিষু বারেষু ক্রমাদেবমনুস্মরেৎ ॥ ১২৩ ॥
বিশ্বং বিষ্ণুর্বষট্‌কারো ভূতভব্য ভবৎপ্রভুঃ ।
ভূতভৃৎ ভূতকৃৎ ভাবো ভূতাত্মা ভূতভাবনঃ ॥
অব্যক্তঃ পুণ্ডরীকাক্ষো বিশ্বকর্ম্মা শুচিশ্রবাঃ ।
সম্ভাবো ভাবনোভর্ত্তা প্রভবঃ প্রভুরীশ্বরঃ ॥
অপ্রমেয়ো হৃষীকেশঃ পদ্মনাভোঽমরপ্রভুঃ ।
অগ্রাহ্যঃ শাশ্বতো ধাতা কৃষ্ণশ্চেতান্যনুস্মরেৎ ॥
দেবদেবস্য নামানি কৃত্তিকাদিষু যাদব ॥ ১২৪ ॥
ব্রহ্মাণং শ্রীপতিং বিষ্ণুং কপিলং শ্রীধরং প্রভুং ।
দামোদরং হৃষীকেশং গোবিন্দং মধুসূদনং ॥
ভূধরং গদিনং দেবং শঙ্খিনং পদ্মিনস্তথা ।
চক্রিণঞ্চ মহারাজ প্রথমাদিষু সংস্মরেৎ ॥ ১২৫ ॥

বিশ্বমিত্যাদীনি সপ্তবিংশতিনামানি কৃত্তিকাদিষু সপ্তবিংশতিনক্ষত্রেষু ক্রমাদেবানুস্মরেৎ ॥ ১২৪ ॥

প্রথমা তিথিঃ প্রতিপৎ তদাদিষু পঞ্চদশতিথিষু ব্রহ্মাদীন্ পঞ্চদশক্রমেণৈব সংস্মরেৎ ॥১২৪

ক্রমে আদিত্যাদি বারে স্মরণ করিবে ॥ ১২৩ ॥

বিশ্ব, বিষ্ণু, বষট্‌কার, ভূতভব্যভবৎপ্রভু, ভূতভৃৎ, ভূতকৃৎ, ভাব, ভূতাত্মা, ভূতভাবন, অব্যক্ত, পুণ্ডরীকাক্ষ, বিশ্বকর্ম্মা, শুচিশ্রবাঃ, সম্ভাবঃ, ভাবন, ভর্ত্তা, প্রভব, প্রভু, ঈশ্বর, অপ্রমেয়, হৃষীকেশ, পদ্মনাভ, অমরপ্রভু, অগ্রাহ্য, শাশ্বত, ধাতা এবং কৃষ্ণ। হে যাদব! কৃত্তিকাদি সপ্তবিংশতি নক্ষত্রে দেবদেবের এই সকল নাম কীর্ত্তন করিবে ॥ ১২৪ ॥

ব্রহ্মা, শ্রীপতি, বিষ্ণু, কপিল, শ্রীধর, প্রভু, দামোদর, হৃষীকেশ, গোবিন্দ, মধুসূদন, ভূধর, গদী, শঙ্খী, পদ্মী এবং চক্রী। হে মহারাজ! প্রতিপদাদি পঞ্চদশ তিথিতে এই পঞ্চদশ নাম স্মরণ করিবে ॥ ১২৫ ॥

সর্ব্বং বা সর্ব্বদা নাম দেবদেবস্য যাদব।
নামানি সর্ব্বাণি জনার্দ্দনস্য
কালশ্চ সর্ব্বঃ পুরুষপ্রবীরঃ।
তস্মাৎ সদা সর্ব্বগতস্য নাম
গ্রাহ্যং যথেষ্টং বরদস্য রাজন্॥ ১২৬॥
বিবিধকামসিদ্ধয়ে চ পুলস্ত্যোক্তৌ॥
কামঃ কামপ্রদঃ কান্তঃ কামপালস্তথা হরিঃ।
আনন্দো মাধবশ্চৈব কামসংসিদ্ধয়ে জপেৎ॥ ১২৭॥
রামঃ পরশুরামশ্চ নৃসিংহো বিষ্ণুরেব চ।
বিক্রমশ্চৈবমাদীনি জপ্যান্যরিজিগীষুভিঃ॥

নম্ন চিন্তামণেরিব সর্ব্বস্যাপি ভগবন্নাম্নঃ সমানফলং শ্রূয়তে তৎ কিং বিশেষনির্দ্দেশতো মাহাত্ম্যসঙ্কোচাপাদনেন সত্যং অত্যন্তকামাদ্যপহতচিত্তানাং শ্রদ্ধাসম্পত্তয়ে তথোক্তং। বস্তুতস্তু সর্ব্বদা সর্ব্বমেব নাম সেব্যমিত্যাহ সর্ব্বমিতি। সংস্মরেদিতি পূর্ব্বয়া ক্রিয়য়া গ্রাহ্যমিতি পরয়া বা সম্বন্ধঃ। তদেব সহেতুকমাহ। নামানীতি॥ ১২৬॥
কাম ইত্যাদি নামানি জপেৎ॥ ১২৭॥

হে যাদব! দেবদেবের সকল নাম সর্ব্বদা কীর্ত্তন করিবে। হে রাজন্! জনার্দ্দনের নাম সকল সর্ব্বদাই কীর্ত্তন করিবে, তাঁহার নাম কীর্ত্তনে সকল কাল ও সর্ব্বপুরুষই শ্রেষ্ঠ, অতএব সর্ব্বদা সর্ব্বগামি বরদাতার নাম সকল যথেষ্টরূপে গ্রহণ করিবে॥ ১২৬॥

বিবিধ কামনা সিদ্ধি নিমিত্ত শ্রীভগবন্নাম সেবা

পুলস্ত্য বলিয়াছেন॥

কাম, কামপ্রদ, কান্ত, কামপাল, হরি, আনন্দ এবং মাধব, সমস্ত কামনা সিদ্ধি নিমিত্ত এই সমুদায় নাম জপ করিবে॥ ১২৭॥

শত্রুজয়কামী পুরুষ রাম, পরশুরাম, নৃসিংহ, বিষ্ণু এবং ত্রিবিক্রম, ইত্যাদি নাম জপ করিবে॥

বিদ্যাসভ্যস্যতা নিত্যং জপ্তব্যঃ পুরুষোত্তমঃ ॥
দামোদরং বন্ধগতো নিত্যমেব জপেন্নরঃ।
কেশবং পুণ্ডরীকাক্ষমনিশং হি তথা জপেৎ।
নেত্রবাধাসু সর্ব্বাসু হৃষীকেশং ভয়েষু চ ॥ ১২৮ ॥
অচ্যুতঞ্চামৃতঞ্চৈব জপেদৌষধকর্ম্মণি।
সংগ্রামাভিমুখো গচ্ছন্ সংস্মরেদপরাজিতং।
চক্রিণং গদিনঞ্চৈব শার্ঙ্গিণং খড়্গিনন্তথা।
ক্ষেমার্থী প্রবসন্নিত্যং দিক্ষু প্রাচ্যাদিষু স্মরেৎ ॥ ১২৯ ॥
অজিতঞ্চাধিপঞ্চৈব সর্ব্বং সর্ব্বেশ্বরং তথা।
সংস্মরেৎ পুরুষো ভক্ত্যা ব্যবহারেষু সর্ব্বদা ॥ ১৩০ ॥
নারায়ণং সর্ব্বকালং ক্ষুতপ্রস্খলনাদিষু।

নেত্রবাধাসু চক্ষুঃপীড়াসু ॥ ১২৮ ॥
প্রবসন্ বিদেশং গচ্ছন্ চক্রাদীন্ চতুরঃ প্রাচ্যাদিচতুর্দ্দিক্ষু ক্রমাৎ স্মরেৎ ॥ ১২৯ ॥
ব্যবহারেষু বাণিজ্যাদিষু ॥ ১৩০ ॥

বিদ্যা অভ্যাসশীল পুরুষ নিত্য পুরুষোত্তম নাম জপ করিবেন, বন্ধনগ্রস্ত পুরুষ নিত্য দামোদর নাম জপ করিবেন। নেত্র প্রভৃতির পীড়া সমুদায়ে নিরন্তর কেশব ও পুণ্ডরীকাক্ষ নাম জপ করিবে। ভয় সকল উপস্থিত হইলে হৃষীকেশ নাম জপ করিবে ॥ ১২৮ ॥

ঔষধ কর্ম্মে অচ্যুত ও অমৃত নাম জপ করিবে। সংগ্রামের অভিমুখে গমনকালীন অপরাজিত নাম স্মরণ করিবে। পূর্ব্বাদি দিক্‌চতুষ্টয়ে গমনশীল পুরুষ মঙ্গল ইচ্ছা করিয়া ক্রমশঃ চক্রী, গদী, শার্ঙ্গী ও খড়্গী এই চারি নাম স্মরণ করিবে ॥ ১২৯ ॥

পুরুষ সর্ব্বদা ভক্তিপূর্ব্বক বাণিজ্যাদি ব্যবহার সকলে অজিত, অধিপ, সর্ব্ব ও সর্ব্বেশ্বরকে স্মরণ করিবেন ॥ ১৩০ ॥

ক্ষুত (হাঁচি) ও স্খলন প্রভৃতি সকল সময়ে তথা গ্রহ-নক্ষত্র-পীড়া

গ্রহনক্ষত্রপীড়াসু দেববাধাসু সর্ব্বতঃ ॥ ১৩১ ॥
দস্যুবৈরিনিরোধেষু ব্যাঘ্রসিংহাদিসঙ্কটে।
অন্ধকারে তমস্তীব্রে নরসিংহমনুস্মরেৎ।
অগ্নিদাহে সমুৎপন্নে সংস্মরেজ্জলশায়িনং।
গরুড়ধ্বজানুস্মরণাদ্বিষবীর্য্যং ব্যপোহতি।
স্নানে দেবার্চ্চনে হোমে প্রণিপাতে প্রদক্ষিণে।
কীর্ত্তয়েদ্ভগবন্নাম বাসুদেবেতি তৎপরঃ।
স্থাপনে বিত্তধান্যাদেরপধ্যানে চ দুষ্টজে।
কুর্ব্বীত তন্মনা ভূত্বা অনন্তাচ্যুতকীর্ত্তনং ॥ ১৩২ ॥
নারায়ণং শার্ঙ্গধরং শ্রীধরং পুরুষোত্তমং।
বামনং খড়্গিনঞ্চৈব দুষ্টস্বপ্নে সদা স্মরেৎ।

দেববাধাসু অতিবৃষ্ট্যাদিষু ॥ ১৩১ ॥
দুষ্টজেঽপধ্যানে দুষ্টজনচিন্তিতানিষ্টে ॥ ১৩২ ॥

এবং অতিবৃষ্টি প্রভৃতি দেববাধা সকলে সর্ব্বতোভাবে নারায়ণকে স্মরণ করিবে ॥ ১৩১ ॥

দস্যু ও বৈরিগণ কর্ত্তৃক নিরোধ তথা সিংহব্যাঘ্রাদিসঙ্কটে, তীব্র-তমঃ ও ঘোর অন্ধকারে নরসিংহ নাম স্মরণ করিবে ॥

অগ্নিদাহ উপস্থিত হইলে জলশায়িকে স্মরণ করিবে, গরুড়ধ্বজকে স্মরণ করিলে বিষের পরাক্রম বিনষ্ট হয়। ভগবৎপরায়ণ ব্যক্তি স্নান, দেবার্চ্চন, হোম, প্রণাম ও প্রদক্ষিণকালে বাসুদেব এই ভগবন্নাম কীর্ত্তন করিবেন ॥

বিত্ত ও ধান্যাদির স্থাপনে তথা দুষ্টজনচিন্তিত অনিষ্টে ভগবদ্গত-চিত্ত হইয়া, হে অনন্ত! হে অচ্যুত! এই নাম কীর্ত্তন করিবে ॥ ১৩২ ॥

নারায়ণ, শার্ঙ্গধর, শ্রীধর, পুরুষোত্তম, বামন ও খড়্গী দুঃস্বপ্ন দর্শনে সর্ব্বদা এই সকল নাম স্মরণ করিবে ॥

মহার্ণবাদৌ পর্য্যঙ্কশায়িনঞ্চ নরঃ স্মরেৎ ।
বলভদ্রং সমৃদ্ধ্যর্থং সর্ব্বকর্ম্মণি সংস্মরেৎ ।
জগৎপতিমপত্যার্থং স্তুবন্ ভক্ত্যা ন সীদতি ।
শ্রীশং সর্ব্বাভ্যুদয়িকে কর্ম্মণ্যাশু প্রকীর্ত্তয়েৎ ।
অরিষ্টেষু হ্যশেষেষু বিশোকঞ্চ সদা জপেৎ ।
মরুপ্রপাতাগ্নিজলবন্ধনাদিষু মৃত্যুষু ।
স্বতন্ত্রপরতন্ত্রেষু বাসুদেবং জপেদ্বুধঃ ॥ ১৩৩ ॥
সর্ব্বার্থশক্তিযুক্তস্য দেবদেবস্য চক্রিণঃ ।
যথাভিরোচতে নাম তৎ সর্ব্বার্থেষু কীর্ত্তয়েৎ ।
সর্ব্বার্থসিদ্ধিমাপ্নোতি নাম্নামেকার্থতা যতঃ ।

মরুর্নির্জ্জলদেশস্তস্মিন্ প্রপাতঃ অকস্মাদ্গমনং । মরুদিতি পাঠে বাত্যা তদাদিষু মৃত্যুষু মরণহেতুষু । কপস্থূতেষু । স্বতন্ত্রপরতন্ত্রেষু স্বাধীনপরাধীনেষু স্বতঃ প্রাপ্তেষু পরৈর্ব্বা প্রাপিতেষু ॥ ১৩৩ ॥

মনুষ্য মহাসমুদ্রাদিতে পর্য্যঙ্কশায়িকে স্মরণ করিবে, সমৃদ্ধির নিমিত্ত সকল কর্ম্মে বলভদ্রকে স্মরণ করিবে ॥

সন্তান নিমিত্ত ভক্তি পূর্ব্বক জগৎপতিকে স্তব করিলে বিপদগ্রস্ত হয় না। সর্ব্বপ্রকার আভ্যুদয়িক কর্ম্মে আশু শ্রীশ ভগবান্‌কে কীর্ত্তন করিবে। অশেষ বিঘ্ন সকলে বিশোক নামা ভগবান্‌কে সর্ব্বদা জপ করিবে ॥

নির্জ্জলপ্রদেশে অকস্মাৎ গমন, অগ্নি, জল এবং বন্ধনাদি মৃত্যু-সকলে তথা স্বতন্ত্র ও পরতন্ত্র সমুদায়ে পণ্ডিত ব্যক্তি বাসুদেব নাম জপ করিবেন ॥ ১৩৩ ॥

সর্ব্বার্থশক্তিযুক্ত দেবদেব চক্রির যে নামে অভিরুচি হইবে, সকল বিষয়ে সেই নাম কীর্ত্তন করিবে ॥

নাম সকলের একার্থতাপ্রযুক্ত, এই সমুদায় নামই পরব্রহ্ম হরির,

সর্ব্বাণ্যেতানি নামানি পরস্য ব্রহ্মণো হরেঃ ॥ ১৩৪ ॥
এবং বিষ্ণুধর্ম্মোত্তরে চ মার্কণ্ডেয়বজ্রসম্বাদে ॥
কিঞ্চ ॥
কূর্ম্মং বরাহং মৎস্যম্বা জলপ্রতরণে স্মরেৎ।
ভ্রাজিষ্ণুমগ্নিজননে জপেন্নাম ত্বখণ্ডিতং ॥ ১৩৫ ॥
গরুড়ধ্বজানুস্মরণাদাপদোমুচ্যতে নরঃ।
জ্বরজুষ্টশিরোরোগবিষবীর্য্যঞ্চ শাম্যতি।
বলভদ্রস্তু যুদ্ধার্থী কৃষ্যারম্ভে হলায়ুধং।
উত্তারণং বণিজ্যার্থী রামমভ্যুদয়ে নৃপ।
মাঙ্গল্যং মঙ্গলং বিষ্ণুং মাঙ্গল্যেষু চ কীর্ত্তয়েৎ।
উত্তিষ্ঠন্ কীর্ত্তয়েদ্বিষ্ণুং প্রস্বপন্ মাধবং নরঃ।

যস্য চ যন্নাম্নি প্রীতিস্তেন তদেব সেব্যং তেনৈব তস্য সর্ব্বার্থসিদ্ধিরিত্যাহ সর্ব্বার্থেতি দ্বাভ্যাং ॥ ১৩৪ ॥
অখণ্ডিতং অবিচ্ছিন্নং ॥ ১৩৫ ॥
জ্বরাদীনাং বীর্য্যং প্রভাবশ্চ শাম্যতি ॥ ১৩৬ ॥

যে কোন নাম জপ করিলেই সর্ব্বার্থ সিদ্ধি হয় ॥ ১৩৪ ॥

এই প্রকার বিষ্ণুধর্ম্মোত্তরেও শ্রীমার্কণ্ডেয় ও বজ্রসম্বাদে ॥

আরও ॥

জলসন্তরণে কূর্ম্ম, বরাহ ও মৎস্য দেবকে স্মরণ করিবে এবং অগ্নি উৎপন্ন হইলে নিরন্তর ভ্রাজিষ্ণু ভগবন্নাম জপ করিবে ॥ ১৩৫ ॥

হে নৃপ। গরুড়ধ্বজ নাম করিলে মনুষ্য আপদ হইতে মুক্ত তথা জ্বরযুক্ত শিরোরোগ ও বিষাদির প্রভাব উপশম হয়। যুদ্ধার্থী পুরুষ বলভদ্রকে, কৃষিকার্য্যের আরম্ভে হলায়ুধকে এবং বাণিজ্যার্থী উত্তারণকে, অভ্যুদয়ে রামকে ও মাঙ্গল্যকার্য্য সমুদায়ে মঙ্গলপ্রদ মঙ্গলস্বরূপ বিষ্ণুকে কীর্ত্তন করিবে ॥

মনুষ্য উত্থানে বিষ্ণু, শয়নে মাধব, ভোজনে গোবিন্দ এবং সর্ব্বত্র

ভোজনে চৈব গোবিন্দং সর্ব্বত্র মধুসূদনং।
তত্রৈবাণ্যত্র॥
ঔষধে চিন্তয়েদ্বিষ্ণুং ভোজনে চ জনার্দ্দনং।
শয়নে পদ্মনাভঞ্চ মৈথুনে চ প্রজাপতিং।
সংগ্রামে চক্রিণং ক্রুদ্ধং স্থানভ্রংশে ত্রিবিক্রমং।
নারায়ণং বৃষোৎসর্গে শ্রীধরং প্রিয়সঙ্গমে।
জলমধ্যে তু বারাহং পাবকে জলশায়িনং॥ ১৩৬॥
কাননে নরসিংহঞ্চ পর্ব্বতে রঘুনন্দনং।
দুঃস্বপ্নে স্মর গোবিন্দং বিশুদ্ধৌ মধুসূদনং।
মায়াসু বামনং দেবং সর্ব্বকার্য্যেষু মাধবং॥ ১৩৭॥
কিঞ্চ॥
কীর্ত্তয়েদ্বাসুদেবঞ্চ অনুক্তেষ্বপি যাদব।

বিশুদ্ধৌ শুদ্ধিবিশেষার্থং॥ ১৩৭॥

মধুসূদনকে কীর্ত্তন করিবে॥

ঐ গ্রন্থেরই অন্য স্থানে॥

ঔষধে বিষ্ণু, ভোজনে জনার্দ্দন, শয়নে পদ্মনাভ, মৈথুনে অর্থাৎ বিবাহে প্রজাপতি, সংগ্রামে ক্রোধ স্বরূপ চক্রী, স্থানভ্রংশে ত্রিবিক্রম, বৃষোৎসর্গে নারায়ণ, প্রিয়সঙ্গমে শ্রীধর, জলমধ্যে বরাহ এবং অগ্নিমধ্যে জলশায়িকে চিন্তা করিবে॥ ১৩৬॥

কাননে নরসিংহ, পর্ব্বতে রঘুনন্দন, দুঃস্বপ্নে গোবিন্দ, শুদ্ধিবিশেষ নিমিত্ত মধুসূদন, মায়াসকলে বামন এবং সর্ব্বকার্য্যে মাধবদেবকে স্মরণ কর॥ ১৩৭॥

আরও॥

হে যাদব! যে সকল বিষয় উক্ত হয় নাই, তৎসমুদায় এবং

কার্য্যারম্ভে তথা রাজন্ যথেষ্টং নাম কীর্ত্তয়েৎ।
সর্ব্বাণি নামানি হি তস্য রাজন্
সর্ব্বার্থসিদ্ধ্যৈ তু ভবন্তি পুংসঃ।
তস্মাদযথেষ্টং খলু কৃষ্ণনাম
সর্ব্বেষু কার্য্যেষু জপেত ভক্ত্যা॥
অথ সামান্যতঃ শ্রীভগবন্নামকীর্ত্তনমাহাত্ম্যং।
তত্রাখিলপাপোন্মূলনত্বং।
বিষ্ণুধর্ম্মে হরিভক্তিসুধোদয়ে চোক্তং নারদেন॥
অহো সুনির্ম্মলা যূয়ং রাগো হি হরিকীর্ত্তনে।
অবিধূয় তমঃ কৃৎস্নং নৃণাং নোদেতি সূর্য্যবৎ॥ ১৩৮॥

সুনির্ম্মলাঃ অত্যন্তমলহীনাঃ হি যস্মাৎ হরিকীর্ত্তনে রাগঃ শ্রদ্ধা নৃণাং তমঃ পাপমলং কৃৎস্নং অবিধূয় অনিরস্য নোদেতি অপি তু বিধূয়ৈবোদেতি। যথা সূর্য্যোঽন্ধকারং সর্ব্বং বিধূয়ৈবোদেতি তদ্বৎ॥ ১৩৮॥

কার্য্যারম্ভে যথেষ্টরূপে বাসুদেবের নাম কীর্ত্তন করিবে॥

হে রাজন্! ভগবানের সমস্ত নামই পুরুষের সর্ব্বকার্য্য সিদ্ধির নিমিত্ত হয়, অতএব সকল কার্য্যেই ভক্তিপূর্ব্বক যথেষ্টরূপে কৃষ্ণনাম জপ করিবে॥

অথ সামান্যতঃ শ্রীভগবন্নাম কীর্ত্তনমাহাত্ম্য।

তন্মধ্যে অখিল পাপের উন্মূলনত্ব যথা—

বিষ্ণুধর্ম্মে ও হরিভক্তিসুধোদয়ে নারদ বলিয়াছেন॥

কি আশ্চর্য্য! তোমাদের যখন হরিকীর্ত্তনে শ্রদ্ধা দেখিতেছি, তখন তোমরা অতিশয়রূপে নিষ্পাপ, যেমন সূর্য্য উদিত হইয়া সমুদায় অন্ধকার বিনষ্ট করেন, তাহার ন্যায় কৃষ্ণনাম উচ্চারিত হইয়া সকল পাপ দূর করিয়া থাকেন॥ ১৩৮॥

গারুড়ে ॥

পাপানলস্য দীপ্তস্য মাকুর্ব্বন্তু ভয়ং নরাঃ ।
গোবিন্দনাম মেঘৌঘৈর্নশ্যতে নীরবিন্দুভিঃ ॥ ১৩৯ ॥
অবশেনাপি যন্নাম্নি কীর্ত্তিতে সর্ব্বপাতকৈঃ ।
পুমান্ বিমুচ্যতে সদ্যঃ সিংহত্রস্তৈর্ম্মৃগৈরিব ॥ ১৪০ ॥
যন্নাম কীর্ত্তনং ভক্ত্যা বিলাপনমনুত্তমং ।

গোবিন্দস্য নামৈব মেঘৌঘাস্তৈর্ব্বে নীরবিন্দবস্তৈর্হেতুভির্নশ্যতে নশ্যতি ॥ ১৩৯ ॥
অবশেনাপি যদৃচ্ছয়াপি যস্য নাম্নি কীর্ত্তিতে সতি যথা অকস্মাদাগতং সিংহং দৃষ্ট্বা ত্রস্তা হরিণং অবরুদ্ধস্তো বৃকাস্তং বিসৃজ্য পলায়ন্তে তদ্বৎ। যদ্বা মৃগয়ার্থং বনং প্রবিষ্টঃ কশ্চিৎ পুমান্ বৃকৈরাবৃতোঽকস্মাদাগতং সিংহং দৃষ্ট্বা ত্রস্তৈস্তৈর্যথাসৌ বিমুচ্যতে তদ্বদিতি ॥ ১৪০ ॥-
ভক্ত্যা তৎ কীর্ত্তনফলমাহ যন্নামেতি দ্বাদশাব্দাদি প্রায়শ্চিত্তৈঃ পাপমেব বিনশ্যতি তৎ সংস্কারস্ত্ববশিষ্যতে ইদং ত্বশেষাণাং সংস্কারাণাং পাপানাং বিলাপকং বিনাশকং ন চাস্তেন নিঃশেষপাপক্ষয়ঃ স্যাদিতি দৃষ্টান্তেনাহ যথা ধাতূনাং স্বর্ণাদীনাং উদ্বর্ত্তনপ্রক্ষালনাদি ধাস্ব-

গরুড়পুরাণে ॥

অহে মনুষ্যগণ ! প্রদীপ্ত পাপাগ্নি দেখিয়া ভয় করিও না, গোবিন্দনামরূপ মেঘপুঞ্জের জলবিন্দুসমূহে ঐ অগ্নি বিনষ্ট হইবে ॥ ১৩৯
অবশেও যাঁহার নাম কীর্ত্তন করিলে সিংহ ত্রস্ত মৃগগণের ন্যায় অর্থাৎ অকস্মাৎ আগত সিংহ অবলোকন করিয়া বৃকবেষ্টিত হরিণ যেমন মুক্ত হয়, তাহার ন্যায় পুরুষ সর্ব্বপ্রকার পাতক হইতে সদ্যঃ বিমুক্ত হয়েন ॥ ১৪০ ॥

হে মৈত্রেয় ! যেমন অগ্নি স্বর্ণাদি ধাতু সকলের সংশোধক, তাহার ন্যায় ভক্তিপূর্ব্বক যাঁহার নাম কীর্ত্তন করিলে সর্ব্বপ্রকার

মৈত্রেয়াশেষপাপানাং ধাতূনামিব পাবকঃ ॥ ১৪১ ॥
যস্মিন্ন্যস্তমতির্ন যাতি নরকং স্বর্গোঽপি যচ্চিন্তনে
বিঘ্নো যত্র নিবেশিতাত্মমনসো ব্রাহ্মোঽপি লোকোঽল্পকঃ।
মুক্তিং চেতসি যঃ স্থিতোঽমলধিয়াং পুংসাং দদাত্যব্যয়ঃ
কিঞ্চিত্রং যদঘং প্রযাতি বিলয়ং তত্রাচ্যুতে কীর্ত্তিতে॥ ১৪২ ॥
বিষ্ণুধর্ম্মোত্তরে ॥
সায়ং প্রাতস্তথা কৃত্বা দেবদেবস্য কীর্ত্তনং।

স্তরসংযোগজং মলং ন নাশয়তি কিন্তু পাবক এব অতঃ সর্ব্বোত্তমমিদমেবেত্যর্থঃ ॥ ১৪১ ॥
হরিকীর্ত্তনমাত্রেণ সর্ব্বপাপক্ষয়ো ভবতীতি। যদুক্তং তৎ কৈমুতিকন্যায়েনোপপাদয়তি যস্মিন্নিতি। ন্যস্তা নিক্ষিপ্তা মতির্যেন অচ্যুতৈকচিত্ত ইতি যাবৎ। স প্রমাদাদিকৃতৈ-রঘৈর্নরকং ন যাতি তস্মিন্নঘসংশ্লেষাসম্ভবাৎ। যস্য চিন্তনে ধ্যানে ক্রিয়মাণে স্বর্গপ্রাপ্তিরপি বিঘ্নপ্রায়া। যস্মিন্ নিবেশিত আত্মা মনশ্চ সমাধিনা যেন তস্য ব্রহ্মলোকোঽপ্যতিতুচ্ছঃ। তস্মাদযথা কথঞ্চিদপি যশ্চেতসি স্থিতঃ অতএব নির্ম্মলধিয়াং। যদ্বা অকারপ্রশ্লেষং বিনা মলিনমতীনামপি মুক্তিমপি দদাতি। যদৈবং স্বৈকহিতকারিণাং স্মৃতিমাত্রেণাচ্যুতনিষ্ঠানা-মীদৃশং ফলগৌরবং তদা তন্নামকীর্ত্তনেন পরেষামপ্যঘং ক্ষপয়তাং স্বকীয়াঘনাশঃ কিঞ্চিত্র-মিত্যর্থঃ। অঘ ইতি প্রথমান্তপাঠে পাপোঽপি জনঃ বিলয়ং মোক্ষং। অন্যৎ সমানং। এবঞ্চ সতি মুক্তিপ্রদত্বেঽয়ং শ্লোকো দ্রষ্টব্যঃ ॥ ১৪২ ॥

পাপের অতিশয়রূপে সংশোধন হয় ॥ ১৪১ ॥

যাঁহাতে চিত্ত সমর্পণ করিলে যখন নরক গতি হয় না, যাঁহার ধ্যান করিলে স্বর্গ প্রাপ্তিও বিঘ্নপ্রায় হয়, যাঁহাতে সমাধি দ্বারা মন নিবে-শিত করিলে ব্রহ্মলোকও যখন অতিতুচ্ছ বোধ হয়, যে অব্যয় পুরুষ নির্ম্মলচিত্ত মানবগণের চিত্ত মধ্যে অবস্থিত হইয়া যখন মুক্তি প্রদান করেন, তখন অচ্যুত নাম কীর্ত্তন করিলে যে পাপ নষ্ট হইবে না আশ্চর্য্য কি। ॥ ১৪২ ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে ॥

সায়ং এবং প্রাতঃকালে দেবদেব বিষ্ণুর নাম কীর্ত্তন করিয়া সকল

সর্ব্বপাপবিনির্ম্মুক্তঃ স্বর্গলোকে মহীয়তে ॥
বামনে ॥
নারায়ণো নাম নরো নরাণাং
প্রসিদ্ধচৌরঃ কথিতঃ পৃথিব্যাং।
অনেকজন্মার্জ্জিতপাপসঞ্চয়ং
হরত্যশেষং শ্রুতমাত্র এব ॥ ১৪৩ ॥
স্কান্দে ॥
গোবিন্দেতি তথা প্রোক্তং ভক্ত্যা বা ভুক্তিবর্জ্জিতৈঃ।
দহতে সর্ব্বপাপানি যুগান্তাগ্নিরিবোত্থিতঃ ॥ ১৪৪ ॥
গোবিন্দনাম্না যঃ কশ্চিন্নরো ভবতি ভূতলে।

নারায়ণ ইতি নরশ্চেতি নাম। যদ্বা হে নরাঃ ভো জনাঃ নামস্বরূপো নারায়ণঃ। যদ্বা নারায়ণনামা নর ইত্যর্থঃ ॥ ১৪৩ ॥

তথা স্বমেব ব্যঞ্জয়তি ভক্ত্যা বা প্রোক্তং ভক্তিবর্জ্জিতৈর্জনৈর্ব্বাহ্ভক্ত্যা প্রোক্তমিতি॥১৪৪

পাপ হইতে মুক্তি লাভ করত স্বর্গলোকে পরম সুখে বিরাজ করে ॥

বামনপুরাণে ॥

নারায়ণ নামরূপ নর পৃথিবীমধ্যে প্রসিদ্ধ চৌর বলিয়া বিখ্যাত, যে হেতু ঐ নারায়ণ নামরূপ চৌর কর্ণরন্ধ্রে প্রবেশমাত্র মনুষ্যদিগের বহুজন্মোপার্জ্জিত পাপসঞ্চয় অশেষরূপে হরণ করে, কিঞ্চিন্মাত্রও অবশেষ রাখে না ॥ ১৪৩ ॥

স্কন্দপুরাণে ॥

গোবিন্দ এই নাম ভক্তিপূর্ব্বক বলুক বা ভক্তিবর্জ্জিত হইয়াই কীর্ত্তন করুক, ঐ নাম উত্থিত প্রলয়াগ্নির ন্যায় হইয়া সমুদায় পাপ দগ্ধ করেন ॥ ১৪৪ ॥

পৃথিবীতে গোবিন্দ নামে যদি কোন পুরুষ থাকে, তাহারও নাম

কীর্ত্তনাদেব তস্যাপি পাপং যাতি সহস্রধা ॥

কাশীখণ্ডে ॥

প্রমাদাদপি সংস্পৃষ্টো যথাঽনলকণো দহেৎ।

তথৌষ্ঠপুটসংস্পৃষ্টং হরিনাম দহেদঘং ॥

বৃহন্নারদীয়ে। লুব্ধকোপাখ্যানান্তে ॥

নরাণাং বিষয়ান্ধানাং মমতাকুলচেতসাং।

একমেব হরের্নাম সর্ব্বপাপবিনাশনং ॥

অতএব তত্রৈব যমেনোক্তং ॥

হরি হরি সকৃদুচ্চরিতং দস্যুচ্ছলেন যৈর্মনুষ্যৈঃ।

হুতং হুতমিতস্য মধ্যদেশে লৌকিকীভাষা হরিহরীতি। জনন্যা জঠরস্য মার্গোঽপি লুপ্তো যেষাং তে মুক্তা ইত্যর্থঃ। মম পটলিপিং ন বিশন্তি মদধিকারং ন গচ্ছন্তীত্যর্থঃ ॥১৪৫

কীর্ত্তনমাত্রে সহস্র প্রকারে পাপ গমন করে ॥

কাশীখণ্ডে ॥

ভ্রমবশতও যেমন অগ্নিকণস্পৃষ্ট হইলে দাহ করে, তদ্রূপ হরিনাম ওষ্ঠদ্বয় সংস্পৃষ্ট হইয়া পাপ দগ্ধ করেন ॥

বৃহন্নারদীয়পুরাণে। লুব্ধকের উপাখ্যানের অন্তে ॥

মমতাকুলচিত্ত বিষয়ান্ধ মানবগণের একমাত্র হরিনামই সকল পাপের বিনাশক ॥

অতএব ঐ বৃহন্নারদীয়েই যম বলিয়াছেন ॥

যে সকল মনুষ্য দস্যুচ্ছলেও যদি একবার হরি হরি এই শব্দ উচ্চারণ করে, তাহা হইলে তাহাদের জননীজঠরের মার্গ বিলুপ্ত হয় এবং তাহারা আর আমার পটলিপির মধ্যে প্রবেশ করে না অর্থাৎ সেই

জননীজঠরমার্গলুপ্তা ন মম পটলিপিং বিশন্তি মর্ত্ত্যাঃ ॥১৪৫॥

পাদ্মে বৈশাখমাহাত্ম্যে দেবশর্ম্মোপাখ্যানান্তে

শ্রীনারদোক্তৌ ॥

হত্যাযুতং পানসহস্রমুগ্রং

গুর্ব্বঙ্গনাকোটিনিষেবণঞ্চ।

স্তেয়ান্যনেকানি হরিপ্রিয়েণ

গোবিন্দনাম্না নিহতানি সদ্যঃ ॥ ১৪৬ ॥

অনিচ্ছয়াপি দহতি স্পৃষ্টোহুতবহো যথা।

তথা দহতি গোবিন্দনাম ব্যাজাদপীরিতং ॥ ১৪৭ ॥

তত্রৈব শ্রীযমব্রাহ্মণসম্বাদে ॥

কীর্ত্তনাদেব কৃষ্ণস্য বিষ্ণোরমিততেজসঃ।

দুরিতানি বিলীয়ন্তে তমাংসীব দিনোদয়ে ॥

অনেকানি বিপ্রস্বর্ণচৌর্য্যাদীনি ॥ ১৪৬ ॥

ব্যাজাৎ পুত্রাহ্বানাদিচ্ছলাদপ্যুক্তং ॥ ১৪৭ ॥

সকল মনুষ্য আমার অধিকার মধ্যে আগমন করে না ॥ ১৪৫ ॥

পদ্মপুরাণে বৈশাখমাহাত্ম্যে দেবশর্ম্মার

উপাখ্যানের শেষে শ্রীনারদের বাক্য যথা ॥

হরিভক্ত যদি অযুত ব্রহ্মহত্যা, ভয়ানক সহস্র মদ্যপান, কোটি গুর্ব্বঙ্গনা গমন এবং অনেক বিপ্রস্বর্ণ চৌর্য্য করে, তাহা হইলেও হরিপ্রিয় গোবিন্দ নামে তৎক্ষণাৎ বিনষ্ট হয় ॥ ১৪৬ ॥

যেমন অনিচ্ছায় অগ্নিস্পৃষ্ট হইলে দাহ করে, তদ্রূপ পুত্র নামাদি ছলেও গোবিন্দ নাম কীর্ত্তিত হইলে সমুদায় পাপ বিনষ্ট করেন ॥১৪৭

ঐ পদ্মপুরাণেই শ্রীযম ও ব্রাহ্মণসম্বাদে ॥

অমিততেজাঃ বিষ্ণু ও শ্রীকৃষ্ণের কীর্ত্তনমাত্রেই দিবা প্রকাশে অন্ধকারের ন্যায় পাপ সকল বিনষ্ট হয় ॥

নান্যৎপশ্যামি জন্তূনাং বিহায় পরিকীর্ত্তনং।
সর্ব্বপাপপ্রশমনং প্রায়শ্চিত্তং দ্বিজোত্তম ॥ ১৪৮ ॥
ষষ্ঠস্কন্ধে অজামিলোপাখ্যানে ॥
অয়ং হি কৃতনির্ব্বেশো জন্মকোট্যংহসামপি।
যদ্ব্যাজহার বিবশো নাম স্বস্ত্যয়নং হরেঃ ॥ ১৪৯ ॥
স্তেনঃ সুরাপো মিত্রধ্রুগ্‌ব্রহ্মহা গুরুতল্পগঃ।

সর্ব্বপাপপ্রশমনরূপং প্রায়শ্চিত্তমন্যৎ ন পশ্যামি। অন্যস্য সবাসনপাপক্ষপণাশক্তেঃ॥১৪৮

অয়মজামিলঃ কৃতো নির্ব্বেশঃ প্রায়শ্চিত্তং যেন। যৎ যস্মাদ্বিবশোহপি হরের্নাম ব্যাজহার উচ্চারিতবান্। ন কেবলং প্রায়শ্চিত্তমাত্রং হরের্নাম অপি তু স্বস্ত্যয়নং মোক্ষসাধনমপি। যদ্বা পরমমঙ্গলায়তনমপি ॥ ১৪৯ ॥

নম্বু কামকৃতানাং বহুনাং মহাপাতকানাং সহস্রশ আবর্ত্তিতানাং দ্বাদশাব্দাদি কোটিভিরপ্যনির্বর্ত্ত্যানাং কথমিদমেকমেব প্রায়শ্চিত্তং স্যাত্তত্রাহুঃ শ্রীবিষ্ণুপার্ষদাঃ স্তেন ইতি দ্বাভ্যাং। সুনিষ্কৃতং শ্রেষ্ঠং প্রায়শ্চিত্তমিদমেব তত্র হেতুঃ যতো নামব্যাহরণাৎ নামো-

হে ব্রাহ্মণশ্রেষ্ঠ! প্রাণিদিগের হরিকীর্ত্তন ব্যতিরেকে, সর্ব্বপাপপ্রশমনকারী অন্য প্রায়শ্চিত্ত দেখিতেছি না ॥ ১৪৮ ॥

ষষ্ঠস্কন্ধে ২ অধ্যায়ে ৭ শ্লোক হইতে অজামিলোপাখ্যানে ॥

অহে যমানুচরগণ! যদিও এই অজামিল জন্মাবধি কোটি কোটি পাপ করিয়া আপনার ও আপন পরিবারবর্গের ভরণ পোষণ করিয়াছিল, তথাচ যে হরিনাম কেবল প্রায়শ্চিত্ত নহে, পরম স্বস্ত্যয়ন অর্থাৎ মোক্ষপ্রদ, এ ব্যক্তি অবশ হইয়া তাহা উচ্চারণ করিয়াছে ॥ ১৪৯ ॥

অহে শমনকিঙ্করগণ! তোমরা মনে এমত আশঙ্কা করিও না যে, অজ্ঞানকৃত পাপ নামবলে বিনষ্ট হউক, জ্ঞানকৃত বহুতর পাপ সহস্র প্রকারে কৃত হইলে দ্বাদশাব্দিক কোটি কোটি ব্রতাচরণেও নিবৃত্ত হয় না, এ বিষয়ের স্থূল সিদ্ধান্ত শ্রবণ কর। যে সকল ব্যক্তি স্বর্ণস্তেয়ী,

স্ত্রীরাজপিতৃগো হন্তা যে চ পাতকিনোঽপরে॥
সর্ব্বেষামপ্যঘবতামিদমেব সুনিষ্কৃতং।
নাম ব্যাহরণং বিষ্ণোর্যতস্তদ্বিষয়া মতিঃ॥ ১৫০ ॥
ন নিষ্কৃতৈরুদিতৈর্ব্রহ্মবাদিভি-
স্তথা বিশুদ্ধ্যত্যঘবান্ ব্রতাদিভিঃ।
যথা হরের্নামপদৈরুদাহৃতৈ-
স্তদুত্তমঃশ্লোকগুণোপলম্ভকং॥ ১৫১ ॥

চারকপুরুষবিষয়া মদীয়োঽয়ং ময়া সর্ব্বতো রক্ষণীয়ো নিতরামনুগ্রাহ্য ইতি বিষ্ণোর্মতি-র্ভবতি॥ ১৫০ ॥

শ্রেষ্ঠত্বমেবোপপাদয়ন্তি নেতি ব্রহ্মবাদিভির্মন্বাদিভিরুক্তৈর্ব্রতাদিভির্নিষ্কৃতৈস্তথা ন শুদ্ধ্যতি উদাহৃতৈরুচ্চারিতৈর্যথা নামপদৈঃ। তত্র চ নমামীত্যাদি ক্রিয়াযোগোঽপি নাপেক্ষিত ইতি দর্শিতং। কিঞ্চ। তন্নামপাদোচ্চারণং উত্তমঃশ্লোকগুণানাং উপলম্ভকং জ্ঞাপকং ভবতি নতু কৃচ্ছ্রচান্দ্রায়ণাদিবৎ পাপনিবৃত্তিমাত্রেণোপক্ষীণমিত্যর্থঃ॥ ১৫১ ॥

মদ্যপায়ী, মিত্রদ্রোহী, ব্রহ্মঘ্ন, গুরুপত্নীগামী, স্ত্রীহত্যাকারী, গোবধ-কারী এবং অন্যান্য বিবিধ পাপাচারী॥

তাহাদের সকল পাপের ইহাই (নারায়ণ নামই) শ্রেষ্ঠ প্রায়-শ্চিত্ত, যেহেতু নারায়ণ নাম উচ্চারণ করিবামাত্র তাহাদের বিষয়ে ভগবানের মতি হয় অর্থাৎ তিনি মনে করেন, এই নামোচ্চারক ব্যক্তি আমার পুরুষ, ইহাকে সর্ব্বতোভাবে রক্ষা করা আমার কর্ত্তব্য॥১৫০॥

অহে যমদূত সকল! মন্বাদি ব্রহ্মবাদি মুনিগণ পাপনিষ্কৃতি নিমিত্ত যে সকল ব্রতাদি প্রায়শ্চিত্ত কহিয়াছেন,তাহাতে পাপি ব্যক্তি তদ্রূপ শুদ্ধ হয় না, ভগবান্ হরির নাম মাত্র উচ্চারণে যদ্রূপ শুদ্ধ হইয়া থাকে। অপর নামোচ্চারণে পাপ নাশ ভিন্ন অন্য ফলও জন্মিয়া থাকে, যেহেতু নামোচ্চারণে উত্তমঃশ্লোক ভগবানের গুণ সকলও প্রকাশ করিয়া দেয়, তাহা কৃচ্ছ্রচান্দ্রায়ণাদি প্রায়শ্চিত্তের ন্যায় পাপ-ক্ষয়মাত্রে পরিক্ষীণ হয় না॥ ১৫১ ॥

সাঙ্কেত্যং পারিহাস্যম্বা স্তোভং হেলনমেব বা।
বৈকুণ্ঠনামগ্রহণমশেষাঘহরং বিদুঃ ॥ ১৫২ ॥
পতিতঃ স্খলিতো ভগ্নঃ সংদষ্টস্তপ্ত আহতঃ।
হরিরিত্যবশেনাহ পুমান্নার্হতি যাতনাঃ ॥ ১৫৩ ॥

নন্বয়ং পুত্রনামাগ্রহীৎ নতু ভগবন্নাম তত্রাহঃ সাঙ্কেত্যং পুত্রাদৌ সঙ্কেতিতং। পরিহাস্যং পরিহাসেন কৃতং। স্তোভং গীতালাপপূরণাদ্যর্থে কৃতং। হেলনং কিং বিষ্ণুনেতি সাবজ্ঞমপি বা বৈকুণ্ঠনামোচ্চারণং ॥ ১৫২ ॥

নন্থ নায়ং সঙ্কল্পপূর্ব্বকং বৈকুণ্ঠনামাগ্রহীৎ কিন্তু পুত্রস্নেহপরবশঃ সন্ তত্রাহঃ পতিত ইতি। অবশেনাপি যো হরিরিত্যাহ স যাতনা নার্হতি। পুমানিত্যনেন নাত্র বর্ণাশ্রমাদিনিয়ম ইত্যুক্তং। অবশত্বমেবাহঃ পতিতঃ প্রাসাদাদিভ্যঃ স্খলিতো মার্গে ভগ্নো ভগ্নগাত্রঃ সংদষ্টঃ সর্পাদিভিঃ। তপ্তো জ্বরাদিনা আহতো দণ্ডাদিনা ॥ ১৫৩ ॥

অহে যমদূতগণ! যদিচ এ ব্যক্তি মৃত্যুকালে স্বীয় পুত্র নারায়ণকে আহ্বান করিয়াছিল, ভগবন্নাম উচ্চারণ করে নাই সত্য, কিন্তু নামের এতাদৃশ মাহাত্ম্য যে পুত্রাদির সঙ্কেতেই হউক, পরিহাসেই হউক, গীতালাপপূরণার্থই হউক, অথবা অবজ্ঞাক্রমেই হউক, ভগবান্ নারায়ণের নাম যে কোনরূপে গ্রহণ করিলে তাহাতে অশেষ কলুষের সংক্ষয় হয় ॥ ১৫২ ॥

অপিচ, এ ব্যক্তি সঙ্কল্প না করিয়া স্নেহাকুলচিত্তে পুত্রকে আহ্বান করিয়াছিল, তাহাতে ভগবন্নাম গ্রহণ করা হইল কই, এমত বলিতে পার না। অহে দূতগণ! নামমাহাত্ম্য অধিক আর কি বলিব? উচ্চ গৃহাদি হইতে পতিত, অথবা পথে যাইতে যাইতে স্খলিত কিম্বা ভগ্নগাত্র, অথবা সর্পাদি কর্ত্তৃক দষ্ট কিম্বা জ্বরাদি রোগে সন্তপ্ত, অথবা দণ্ডাদি দ্বারা আহত হইয়া অবশেও যে কোন পুরুষ, যদি "হরি" এই শব্দটী উচ্চারণ করে, তাহারও কথন নরক-যাতনা অর্শে না ॥ ১৫৩ ॥

অজ্ঞানাদথবা জ্ঞানাদুত্তমঃশ্লোক নাম যৎ।
সংকীর্ত্তিতমঘং পুংসোদহেদেধো যথানলঃ॥ ১৫৪॥
তত্রৈব ঋষীণামুক্তৌ॥
ব্রহ্মহা পিতৃহা গোঘ্নোমাতৃহাচার্য্যহাঘবান্।
শ্বাদঃ পুক্কশকো বাপি শুদ্ধ্যেরন্ যস্য কীর্ত্তনাৎ॥ ১৫৫॥
লঘুভাগবতে॥
বর্ত্তমানন্তু যৎপাপং যদ্ভূতং যদ্ভবিষ্যতি।

নমু তথাপি পাপপ্রায়চিত্তমিদমিতি জ্ঞাত্বা নোচ্চারিতমিতি চেত্তত্রাহুঃ। যদ্বা কৃষ্ণস্য নামেদমপ্যয়ং ন জানাতি কথং তস্য সর্ব্বপাপক্ষয়স্তত্রাহুঃ অজ্ঞানাদিতি অস্য শ্রীবিষ্ণোর্জ্ঞা-নাদজ্ঞানাদ্বা। বালকেনাজ্ঞানাদপি প্রক্ষিপ্তোঽগ্নির্যথা কাষ্ঠরাশিং দহতি তদ্বৎ॥ ১৫৪॥
অঘবান্ অন্যোঽপি যঃ পাপকর্ম্মযুক্তঃ যশ্চ জাত্যা পাপঃ শ্বাদঃ পুক্কশোবাপি॥ ১৫৫॥
গোবিন্দস্য অনলবৎ যৎ কীর্ত্তনং॥ ১৫৬॥

এস্থলে এব্যক্তি পাপের প্রায়শ্চিত্ত মনে করিয়া হরিনাম উচ্চারণ করে নাই বলিয়াও আপত্তি হইতে পারে না, যেহেতু অজ্ঞানতই হউক, অথবা জ্ঞানতই হউক, উত্তমঃশ্লোক ভগবানের নাম কীর্ত্তন করিলে, যেমন অগ্নি কাষ্ঠ সকলকে দগ্ধ করে তদ্রূপ তাহার পাপ সকলকে ভস্মসাৎ করিয়া ফেলেন॥ ১৫৩॥

৬ স্কন্ধের ১৩ অধ্যায়ে ৫ শ্লোকে ঋষীগণের বাক্য যথা॥

ঋষিগণ কহিলেন, অহে ইন্দ্র! কি মাতৃঘাতী, কি পিতৃঘাতী, কি ব্রহ্মঘ্ন, কি গোঘ্ন, কি গুরুহত্যাকারী, কি কুক্কুরভোজী, কি চণ্ডাল ইত্যাদি মহা মহা পাপিলোকেও যাঁহার নাম কীর্ত্তনমাত্র সেই সেই পাতক হইতে পবিত্র হয়॥ ১৫৫॥

লঘুভাগবতে॥

যে পাপ বর্ত্তমান অর্থাৎ হইতেছে, যে পাপ হইয়াছে এবং যে পাপ

তৎ সর্ব্বং নির্দ্দহত্যাশু গোবিন্দানলকীর্ত্তনাৎ ॥ ১৫৬ ॥
সদা দ্রোহপরো যস্তু সজ্জনানাং মহীতলে।
জায়তে পাবনোধন্যো হরের্নামানুকীর্ত্তনাৎ ॥ ১৫৭ ॥
কৌর্ম্মে ॥
বসন্তি যানি কোটিস্তু পাবনানি মহীতলে।
ন তানি তত্তুল্যং যান্তি কৃষ্ণনামানুকীর্ত্তনে ॥ ১৫৮ ॥
বৃহদ্বিষ্ণুপুরাণে ॥

অধুনা নিষ্প্রায়শ্চিত্তো ভগবদক্ষম্যো ভোগৈকনাশ্যো মহানপরাধোঽপি নামমাহাত্ম্যাতোপঘাতীত্যাহ সদেতি। নাম্নোঽনু নিরন্তরং কীর্ত্তনাৎ। ধন্যঃ পাবনঃ পরমশুদ্ধ ইত্যর্থঃ। যদ্বা ন কেবলং স্বয়মেব ততঃ পবিত্রো ভবেদিতি কিন্তু পরানপি পাবয়তি প্রেমলক্ষণভগবদ্ভক্তিধনযোগ্যশ্চ ভবতি ইতি। যদ্যপি নামাপরাধস্তোত্রাদৌ সতাং নিন্দা নাম্নঃ পরমমপরাধং বিতনুত ইত্যাদিনা নিন্দাপি নামাপরাধ উক্তঃ কিমুত সদা দ্রোহপরতেতি। অতঃ পরমমহদপরাধাদস্মান্মহানরকপাত এব। নাম্নোঽপি সর্ব্বসুহৃদোহপরাধাৎ পতত্যধ ইত্যাদিভিরভিহিতঃ। তথাপি তত্রৈব নামাপরাধযুক্তানাং নামান্যেব হরন্ত্যঘমিত্যাহ্যুক্তের্নামপরাণাং ন কোঽপি দোষো ঘটতে প্রত্যুত ভক্তিবিশেষ এবোদেতীতি অতঃ সম্যগেবোক্তং জায়তে পরমো ধন্য ইতি ॥ ১৫৭ ॥
অতএব পরমপাবনত্বং কৌর্ম্মবচনেন লিখতি বসন্তীতি ॥ ১৫৮ ॥

হইবে, তৎ সমুদায় পাপ গোবিন্দনামরূপ অগ্নির কীর্ত্তনমাত্রে নিশ্চয় দগ্ধ হইবে ॥ ১৫৬ ॥

পৃথিবীতলে যে ব্যক্তি সর্ব্বদা সাধুদিগের দ্রোহ আচরণ করে, সে হরিনাম কীর্ত্তনমাত্রে পরম পবিত্র হয় ॥ ১৫৭ ॥

কূর্ম্মপুরাণে ॥

মহীতলে যে সকল কোটি কোটি পবিত্রকারী বস্তু আছে, তৎ সমুদায়ও কৃষ্ণনাম কীর্ত্তনরূপ পরমপাবনত্বের তুল্য হইতে পারে না ॥ ১৫৮ ॥

বৃহদ্বিষ্ণুপুরাণে ॥

নাম্নোঽস্য যাবতী শক্তিঃ পাপনির্হরণে হরেঃ।
তাবৎ কর্ত্তুং ন শক্নোতি পাতকং পাতকী জনঃ॥ ১৫৯॥
ইতিহাসোত্তমে॥
শ্বাদোঽপি ন হি শক্নোতি কর্ত্তুং পাপানি যত্নতঃ।
তাবন্তি যাবতী শক্তির্বিষ্ণোর্নাম্নো শুভক্ষয়ে॥ ১৬০॥
বিশেষতঃ কলৌ। স্কান্দে॥
তন্নাস্তি কর্ম্মজং লোকে বাগ্জং মানসমেব বা।
যন্ন ক্ষপয়তে পাপং কলৌ গোবিন্দকীর্ত্তনং॥ ১৬১॥

এতদেবোপপাদয়তি নাম্নোঽস্যেতি দ্বাভ্যাং। পাতকী সর্ব্বদা পাতকযুক্তোঽপি॥১৫৯॥ শ্বাদঃ নিত্যকুক্কুরভক্ষণশীলঃ। পরমপাপজাতিরপি। অশুভস্য অমঙ্গলস্য তন্মূলস্য চ পাপস্য ক্ষয়ে॥ ১৬০॥

এবং সামান্যতঃ সর্ব্বকালে অশেষপাপোন্মূলনং লিখিত্বা ইদানীং বিশেষতঃ কলিকালে দুস্তরবিবিধপাপবর্গব্যাকুলানামগতীনাং কলৌ লোকানাং প্রভাববিশেষপ্রকটনপর শ্রীমন্নামকীর্ত্তনেনৈবাশেষপাপোন্মূলনং ভবতীতি লিখতি তন্নাস্তীত্যাদিনা॥ ১৬১॥

পাপ নির্হরণ বিষয়ে হরিনামের যত শক্তি আছে, সর্ব্বদা পাপযুক্ত ব্যক্তি তত পাপ করিতে সমর্থ হয় না॥ ১৫৯॥

ইতিহাসোত্তমে॥

বিষ্ণুনামের অশুভ ক্ষয় করিতে যত শক্তি আছে, নিত্য কুক্কুরভক্ষণশীল পরম পাপজাতিও যত্নসহকারে তত পাপ করিতে সমর্থ হয় না॥ ১৬০॥

বিশেষতঃ কলিযুগে। স্কন্দপুরাণে॥

কলিযুগে গোবিন্দ নাম যে পাপ ক্ষয় করিতে পারেন না, সংসার মধ্যে কর্ম্মজনিত, বাক্যজনিত এবং মানসজনিত সে পাপই নাই॥১৬১॥

বিষ্ণুধর্ম্মোত্তরে ॥

শমায়ালং জলং বহ্নেস্তমসো ভাস্করোদয়ঃ।

শান্ত্যৈ কলেরঘৌঘস্য নামসঙ্কীর্ত্তনং হরেঃ ॥ ১৬২ ॥

নাম্নাং হরেঃ কীর্ত্তনতঃ প্রযাতি

সংসারপারং দুরিতৌঘমুক্তঃ।

নরঃ স সত্যং কলিদোষজন্ম

পাপং নিহন্ত্যাশু কিমত্রচিত্রং ॥ ১৬৩ ॥

ব্রহ্মাণ্ডপুরাণে ॥

পরাক চান্দ্রায়ণ তপ্তকৃচ্ছ্র-

যথা বহ্নেঃ শমায় জলমেব অলং সমর্থঃ। তমসশ্চ শমায় ভাস্করোদয় এবালং। তথা কলের্যদঘৌঘঃ তস্য শান্ত্যৈ নামসঙ্কীর্ত্তনমেবালং। কলৌ নামসঙ্কীর্ত্তনস্যৈব প্রাধান্যাৎ। শান্তিরিতি পাঠে শান্তিরূপমেব ॥ ১৬২ ॥

নিত্যং মহাপাপরতোপি দুরিতৌঘান্ মুক্তঃ সন্ সত্যং নিশ্চিতং যো নরঃ সংসারপারং প্রযাতি। কলিদোষাজ্জন্ম যস্য তৎপাপং স আশু নিহন্তীত্যত্র কিং চিত্রমাশ্চর্য্যং অসম্ভাবিতং ন স্যাদিত্যর্থঃ ॥ ১৬৩ ॥

দেহিনাং পাপতঃ শুদ্ধিঃ। দেহেতি পাঠে স এবার্থঃ। সকৃৎ যৎ মাধবস্য কীর্ত্তনং

বিষ্ণুধর্ম্মোত্তরে ॥

যেমন জল অগ্নির নির্ব্বাণ বিষয়ে সমর্থ, যেমন সূর্য্যোদয় অন্ধকার নাশে সমর্থ, তদ্রূপ হরিসঙ্কীর্ত্তন কলির পাপপুঞ্জ শান্তির নিমিত্ত সমর্থ হয়েন ॥ ॥ ১৬২ ॥

সত্য বলিতেছি, মনুষ্য যখন হরিনাম কীর্ত্তনমাত্রে সমুদায় পাপ বিনির্ম্মুক্ত হইয়া সংসার উত্তীর্ণ হয়েন, তখন কলিজনিত পাপ বিনষ্ট করিবেন, আশ্চর্য্য কি ? ॥ ১৬৩ ॥

ব্রহ্মাণ্ডপুরাণে ॥

কলিযুগে মাধব সঙ্কীর্ত্তন ও গোবিন্দনাম দ্বারা যে প্রকার দেহ শুদ্ধি

র্ন দেহিশুদ্ধির্ভবতীহ তাদৃক্।
কলৌ সকৃন্মাধবকীর্ত্তনেন
গোবিন্দনাম্না ভবতীহ যাদৃক্ ॥ ১৬৪ ॥

কীর্ত্তনকর্ত্তৃকুলসঙ্গ্যাদিপাবনত্বং ॥

তত্রৈব ॥

মহাপাতকযুক্তোঽপি কীর্ত্তয়ন্নিশং হরিং।
শুদ্ধান্তঃকরণো ভূত্বা জায়তে পঙ্‌ক্তিপাবনঃ ॥ ১৬৫ ॥

লঘুভাগবতে ॥

গোবিন্দেতি মুদা যুক্তঃ কীর্ত্তয়েদযস্ত্বনন্যধীঃ।
পাবনেন চ ধন্যেন তেনেয়ং পৃথিবী ধৃতা ॥ ১৬৬ ॥

তেন। তচ্চ গোবিন্দেতি নাম্নেতি কলৌ গোবিন্দনামমাহাত্ম্যমভিপ্রেতং। যদ্বা গোবিন্দেতি নামমাত্রেণেতি কীর্ত্তনস্য বাহুল্যং বিবিধত্বঞ্চ পরিহৃতমিতি দিক্ ॥ ১৬৪ ॥

এবং সর্ব্বপাপোন্মূলনরূপং মাহাত্ম্যং লিখিত্বা ইদানীং নামকীর্ত্তনসম্বন্ধিনামপি সর্ব্ব-দোষোন্মূলনেন পরমশোধকত্বং লিখতি মহেতি পঙ্‌ক্তিঃ ॥ ১৬৫ ॥

অনন্যধীঃ তদেকমনাঃ বিশ্বস্তঃ সন্নিত্যর্থঃ ॥ ১৬৬ ॥

হয়, পরাকব্রত, চান্দ্রায়ণ ও তপ্তকৃচ্ছ প্রভৃতিতে তাদৃশী শুদ্ধি লাভ হয় না ॥ ১৬৪ ॥

কীর্ত্তনকর্ত্তৃকুলসঙ্গ্যাদি-পাবনত্ব অর্থাৎ নামসঙ্কীর্ত্তনকারি সঙ্গিদিগের সর্ব্বদোষ উন্মূলন দ্বারা পরম শোধকত্ব ॥

ঐ ব্রহ্মাণ্ডপুরাণে ॥

যদি কোন ব্যক্তি মহাপাতকযুক্ত হইয়াও নিরন্তর হরিকীর্ত্তন করেন, তিনি বিশুদ্ধচিত্ত হইয়া পঙ্‌ক্তিপাবন হয়েন ॥ ১৬৫ ॥

লঘুভাগবতে ॥

যিনি বিশ্বস্তচিত্তে আনন্দসহকারে গোবিন্দ এই বলিয়া কীর্ত্তন করেন, সেই পবিত্র ধন্য পুরুষ কর্ত্তৃক এই পৃথিবী ধৃতা হইয়াছেন ॥ ১৬৬

হরিভক্তিসুধোদয়ে ॥

ন চৈবমেকং বক্তারং জিহ্বা রক্ষতি বৈষ্ণবী।
আশ্রাব্য ভগবৎখ্যাতিং জগৎকৃৎস্নং পুনাতি হি ॥ ১৬৭ ॥

দশমস্কন্ধে ॥

যন্নামগৃহ্নন্ নিখিলান্ শ্রোতৄণাত্মানমেব চ।
সদ্যঃ পুনাতি কিং ভূয়স্তস্য স্পৃষ্টঃ পদা হি তে ॥

অতএবোক্তং প্রহ্লাদেন নারসিংহে ॥

তে সন্তঃ সর্ব্বভূতানাং নিরুপাধিকবান্ধবাঃ।
যে নৃসিংহ ভবন্নাম গায়ন্ত্যুচ্চৈর্মুদান্বিতাঃ ॥

সর্ব্বব্যাধিনাশিত্বং ॥

ভগবতঃ খ্যাতিং কীর্ত্তিং নামাত্মিকাং নাম্নৈব বা ॥ ১৬৭ ॥
হেয়ং ত্যাজ্যং ন ভবতীতি ॥ ১৬৮ ॥

হরিভক্তিসুধোদয়ে ॥

বিষ্ণুনামোচ্চারিকা জিহ্বা কেবল যে একটীমাত্র বক্তাকে রক্ষা করেন এমত নয়, ভগবন্নামাত্মিকা কীর্ত্তি শ্রবণ করাইয়া সমস্ত জগৎ পবিত্র করেন ॥ ১৬৭ ॥

দশমস্কন্ধে ৩৪ অধ্যায়ে ১২ শ্লোকে ॥

প্রভো! যাঁহার নাম উচ্চারণ করিয়া লোকে অখিল শ্রোতাকে এবং আপনাকে সদ্যঃ পবিত্র করে, আপনি সেই পুরুষ, আপনকার পদস্পৃষ্ট হইয়া যে স্বয়ং পূত হইবে, তাহার আর কথা কি? ॥

অতএব নৃসিংহপুরাণে প্রহ্লাদ কহিয়াছেন ॥

হে নৃসিংহ! যে সকল সাধু আনন্দসহকারে আপনার নাম গান করেন, তাঁহারাই সকল প্রাণির নিরুপাধি বান্ধব ॥

ভগবন্নামের সর্ব্বপ্রকার ব্যাধি নাশকত্ব ॥

বৃহন্নারদীয়ে ভগবত্তোষপ্রশ্নে ॥
অচ্যুতানন্দ গোবিন্দ নামোচ্চারণভীষিতাঃ।
নশ্যন্তি সকলা রোগাঃ সত্যং সত্যং বদাম্যহং ॥
পরাশরসংহিতায়াং শাম্বং প্রতি ব্যাসোক্তৌ ॥
ন শাম্ব ব্যাধিজং দুঃখং হেয়ং নান্যৌষধৈরপি।
হরিনামৌষধং পীত্বা ব্যাধিস্ত্যাজ্যো ন সংশয়ঃ ॥ ১৬৮ ॥
স্কান্দে ॥
আধয়ো ব্যাধয়ো যস্য স্মরণান্নামকীর্ত্তনাৎ।
তদৈব বিলয়ং যান্তি তমনন্তং নমাম্যহং ॥
বহ্নিপুরাণে ॥
মহাব্যাধিসমাচ্ছন্নো রাজবাধোপপীড়িতঃ।

সঙ্কীর্ত্ত্যমানঃ কিম্বা শ্রুতোঽনুভাবো যস্য তথাভূতঃ সন্। যদ্বা কোঽসৌ ভগবান্ তত্রাহ শ্রুতঃ অনুভাবঃ পূতনামুক্তিপ্রদানাদিপ্রভাবো যস্যেতি। পুংসাং চিত্তং প্রবিশ্য নিঃশেষং

বৃহন্নারদপুরাণে ভগবদ্বিষয়ক সন্তোষপ্রশ্নে ॥

আমি বারম্বার সত্য করিয়া বলিতেছি, হে অচ্যুত! হে আনন্দ! হে গোবিন্দ! ইত্যাদি নামোচ্চারণে ভীত হইয়া সমস্ত রোগ বিনষ্ট হয় ॥

পরাশরসংহিতায় শাম্বের প্রতি ব্যাসবাক্য ॥

হে শাম্ব! অন্যান্য ঔষধ দ্বারা ব্যাধিজনিত দুঃখ বিনষ্ট হয় না, হরিনাম ঔষধ পান করিলে ব্যাধি পরিত্যাগ হয় সংশয় নাই ॥ ১৬৮ ॥

স্কন্দপুরাণে ॥

যাঁহার স্মরণ ও নাম কীর্ত্তনে সদ্যঃ আধি ব্যাধি বিনষ্ট হয়, সেই অনন্তকে নমস্কার করি ॥

অগ্নিপুরাণে ॥

যে মনুষ্য মহাব্যাধিগ্রস্ত বা রাজবাধায় পীড়িত, তিনি নারায়ণ

নারায়ণেতি সংকীর্ত্ত্য নিরাতঙ্কো ভবেন্নরঃ ॥

সর্ব্বদুঃখোপশমনত্বং ॥

বৃহদ্বিষ্ণুপুরাণে ॥

সর্ব্বরোগোপশমনং সর্ব্বোপদ্রবনাশনং।

শান্তিদং সর্ব্বারিষ্টানাং হরের্নামানুকীর্ত্তনং ॥

ব্রহ্মবৈবর্ত্তে ॥

সর্ব্বপাপপ্রশমনং সর্ব্বোপদ্রবনাশনং।

সর্ব্বদুঃখক্ষয়করং হরিনামানুকীর্ত্তনং ॥

দ্বাদশস্কন্ধে ॥

সংকীর্ত্ত্যমানো ভগবাননন্তঃ

শ্রুতানুভাবো ব্যসনং হি পুংসাং।

প্রবিশ্য চিত্তং বিধুনোত্যশেষং

দুঃখং ধুনোতি। হীতি সতামনুভবং প্রমাণয়তি। অর্কো গিরিগুহাদি ধ্বান্তং ন নিবর্ত্তয়তী-

নামসঙ্কীর্ত্তন করিলে নির্ভয় হইবেন ॥

ভগবন্নামের সর্ব্বদুঃখোপশমনত্ব ॥

বৃহদ্বিষ্ণুপুরাণে ॥

হরিনাম কীর্ত্তন করিলে সর্ব্বরোগের উপশম, সকল উপদ্রব নাশ ও সর্ব্বপ্রকার অরিষ্টের শান্তি হয় ॥

ব্রহ্মবৈবর্ত্তে ॥

হরিনাম কীর্ত্তন সর্ব্বপাপের প্রশমন, সর্ব্বপ্রকার উপদ্রব নাশ ও সমুদায় দুঃখ ক্ষয় করেন ॥

দ্বাদশস্কন্ধে ১২ অধ্যায়ে ৩৪ শ্লোকে ॥

শ্রুতানুভাব কোন ব্যক্তি কর্ত্তৃক অনন্ত ভগবান্ সঙ্কীর্ত্ত্যমান হইলে তিনি তাহার চিত্তে প্রবেশ করিয়া তমোমধ্যে সূর্য্যের ন্যায় ও মেঘ-

যথা তমোঽর্কোঽহর্দ্রু মিবাতিবাতঃ ॥ ১৬৯ ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে ॥

আর্ত্তা বিষণ্ণাঃ শিথিলাশ্চ ভীতা

ঘোরেষু চ ব্যাধিষু বর্ত্তমানাঃ।

সঙ্কীর্ত্ত্য নারায়ণশব্দমেকং

বিমুক্তদুঃখাঃ সুখিনোভবন্তি ॥ ১৭০ ॥

কীর্ত্তনাদ্দেবদেবস্য বিষ্ণোরমিততেজসঃ।

যক্ষরাক্ষসবেতালভূতপ্রেতবিনায়কাঃ।

ডাকিন্যো বিদ্রবন্তি স্ম যে তথান্যে চ হিংসকাঃ।

সর্ব্বানর্থহরং তস্য নামসঙ্কীর্ত্তনং স্মৃতং ॥

কিঞ্চ ॥

নামসঙ্কীর্ত্তনং কৃত্বা ক্ষুত্তৃট্ প্রস্খলিতাদিষু।

তৎপরিতোষাৎ দৃষ্টান্তান্তরমাহ অতিবাতোঽহর্দ্রু মিবেতি ॥ ১৬৯ ॥

আর্ত্তাঃ বিষভক্ষণাদিনা ব্যাকুলাঃ। বিষণ্ণাঃ দারিদ্র্যাদিনা দুঃখিতাঃ। শিথিলাঃ ভগ্নাঙ্গাঃ ভীতাঃ শত্রবাদিভ্যঃ ॥ ১৭০ ॥

সর্ব্বৈরনর্থৈর্বিয়োগং শুদ্ধিমাপ্নোতি ॥ ১৭১ ॥

মধ্যে অতিবাতের ন্যায় অশেষ বিঘ্ন নাশ করেন ॥ ১৬৯ ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে ॥

যাহারা বিষ ভক্ষণাদি দ্বারা ব্যাকুল, দারিদ্র্যাদি দ্বারা দুঃখিত, ভগ্ন গাত্র, শত্রুভয়ে ভীত এবং ভয়ানক ব্যাধিগ্রস্ত, তাহারা যদি এক নারায়ণ নামমাত্র সংকীর্ত্তন করে, তাহা হইলে সমস্ত দুঃখ হইতে বিমুক্ত হইয়া পরমসুখানুভব করিবে ॥ ১৭০ ॥

অমিততেজস্বী দেবদেব বিষ্ণুর সঙ্কীর্ত্তনমাত্রে যক্ষ, রাক্ষস, বেতাল, ভূত, প্রেত, বিনায়ক, ডাকিনীগণ ও অন্যান্য হিংসকগণ পলায়ন করে, অতএব হরিনাম সঙ্কীর্ত্তন সর্ব্বানর্থহর বলিয়া কথিত হইয়াছে ॥

আরও ॥

ক্ষুধা, তৃষ্ণা ও প্রস্খলনাদিতে নাম সঙ্কীর্ত্তন করিলে সর্ব্বপ্রকার

বিয়োগং শীঘ্রমাপ্নোতি সর্ব্বানর্থৈর্ন সংশয়ঃ ॥ ১৭১ ॥

পাদ্মে দেবহূতিস্তুতৌ ॥

মোহানলোল্লসজ্জ্বালাজ্বলল্লোকেষু সর্ব্বদা।

যন্নামাম্ভোধরচ্ছায়াং প্রবিষ্টো নৈব দহ্যতে ॥ ১৭২ ॥

কলিবাধাপহারিত্বং ॥

স্কান্দে ॥

কলিকাল-কুসর্পস্য তীক্ষ্ণদংষ্ট্রস্য মা ভয়ং।

গোবিন্দনামদাবেন দগ্ধো যাস্যতি ভস্মতাং ॥

বৃহন্নারদীয়ে কলিধর্ম্মপ্রসঙ্গে ॥

সর্ব্বদা মোহোঽজ্ঞানাং গৃহাদিবিষয়কঃ মমতা বা স এবানলঃ তস্য উল্লসন্ত্যা নিত্যং বর্দ্ধমানয়া জ্বালয়া জ্বলৎসু লোকেষু মধ্যে যস্য ভগবতো নামৈব অম্ভোধরঃ বর্ষন্মেঘঃ তস্য ছায়াং প্রবিষ্টঃ সন্ নৈব দহ্যতে। তেন মোহানলেন ন দগ্ধো ভবতি মোহকৃতং দুঃখং কিমপি নানুভবতীত্যর্থঃ। পাঠান্তরে না নরঃ অর্থঃ স এব ॥ ১৭২ ॥

পূর্ব্বং কলৌ বিশেষতঃ পাপোন্মূলনং লিখিতং ইদানীং কলেঃ পাপকার্য্যকারণাদ্যখিল-

---

অনর্থ হইতে শীঘ্র বিয়োগ প্রাপ্ত হয়, সংশয় নাই ॥ ১৭১ ॥

পদ্মপুরাণে দেবহূতির স্তবে ॥

নিত্য বৃদ্ধিশীল মোহ, অজ্ঞান এবং গৃহাদি বিষয়ক মমতারূপ অনল জ্বালায় জ্বলিত লোক সকলের মধ্যে যাহারা ভগবানের নাম স্বরূপ মেঘের ছায়ায় প্রবিষ্ট হয় তাহারা দগ্ধ হয় না ॥ ১৭২ ॥

কলিবাধার অপহারিত্ব যথা ॥

স্কন্দপুরাণে ॥

কলিকালের তীক্ষ্ণ দংষ্ট্রশালি কুৎসিত সর্পের ভয় নাই, সে গোবিন্দ নামরূপ দাবানলে দগ্ধ হইয়া ভস্মত্ব প্রাপ্ত হইবে ॥

বৃহন্নারদীয়পুরাণে। কলিধর্ম্মপ্রসঙ্গে ॥

হরিনামপরা যে চ ঘোরে কলিযুগে নরাঃ।
ত এব কৃতকৃত্যাশ্চ ন কলির্বাধতে হি তান্॥
হরে কেশব গোবিন্দ বাসুদেব জগন্ময়।
ইতীরয়ন্তি যে নিত্যং ন হি তান্ বাধতে কলিঃ॥
বিষ্ণুধর্ম্মোত্তরে॥
যেঽহর্নিশং জগদ্ধাতুর্বাসুদেবস্য কীর্ত্তনং।
কুর্ব্বন্তি তান্ নরব্যাঘ্র ন কলির্বাধতে নরান্॥ ১৭৩॥
নারক্যুদ্ধারকত্বং নারসিংহে॥
যথা যথা হরের্নামকীর্ত্তয়ন্তি স্ম নারকাঃ।

পরিকরস্য বিনাশিত্বং লিখতি কলিকালেত্যাদিনা নরানিত্যন্তেন। মা তন্নং তন্নং নাস্তি। হে নরাঃ অহর্নিশং নিত্যং তেন অহর্ব্বা নিশাম্বেত্যর্থঃ॥ ১৭৩॥

এবং পাপাক্রমকত্বং লিখিত্বা ইদানীং পাপফলভোগাদপি বর্ত্তমানাক্রমকাং লিখতি যথেতি দ্বাভ্যাং। নারকাঃ নরকবর্ত্তিনোজনাঃ। দিবং শ্রীবিষ্ণুলোকমিত্যর্থঃ। এতদাখ্যায়িকা চ তত্রৈব প্রসিদ্ধা যথাহি ধর্ম্মরাজতো নামমাহাত্ম্যমাকর্ণ্য শ্রীনারদেন গত্বোপদিষ্টং ভগবন্নাম·

ঘোর কলিযুগে যে সকল মনুষ্য হরিনামপরায়ণ, নিশ্চয় তাঁহারাই কৃতকৃত্য, তাঁহাদিগকে কলি বাধা দিতে পারে না॥

হে হরে! হে কেশব! হে গোবিন্দ! হে বাসুদেব! হে জগন্ময়! যাঁহারা নিরন্তর এই সকল নাম কীর্ত্তন করেন, তাঁহাদিগকে কলি বাধা-যুক্ত করে না॥

বিষ্ণুধর্ম্মোত্তরে॥

হে নরশ্রেষ্ঠ! যাঁহারা দিবারাত্র জগদ্বিধাতা বাসুদেবের কীর্ত্তন করেন, সেই সকল মনুষ্যকে কলি বাধা দিতে পারে না॥ ১৭৩॥

নারকির উদ্ধারকত্ব যথা—

নৃসিংহপুরাণে॥

নারকী মানবগণ যেমন যেমন হরিনাম কীর্ত্তন করেন, তদ্রূপ তদ্রূপ

তথা তথা হরৌ ভক্তিমুদ্বহন্তো দিবং যযুঃ ॥ ১৭৪ ॥
ইতিহাসোত্তমে ॥
নরকে পচ্যমানানাং নরাণাং পাপকর্ম্মণাং।
মুক্তিঃ সংজায়তে তস্মান্নামসঙ্কীর্ত্তনাদ্ধরেঃ ॥ ১৭৫ ॥
প্রারব্ধবিনাশিত্বং ॥
ষষ্ঠস্কন্ধে ॥
নাতঃপরং কর্ম্মনিবন্ধকৃন্তনং

কীর্ত্তনং কুর্ব্বন্তো নরকভোগার্ত্তাঃ সদ্যঃ সুখিনো ভূত্বা সর্ব্বে শ্রীবৈকুণ্ঠলোকং যযুরিতি ॥১৭৪
তস্মান্নরকামুক্তিঃ ॥ ১৭৫ ॥
এবং দুষ্প্রারব্ধনিবারকত্বমেব দর্শিতং তদেবাভিব্যক্ত্যা লিখতি নাতঃপরমিত্যাদিনা ভাসতে নর ইত্যন্তেন। কর্ম্মনিবন্ধনস্য পাপমূলস্য কৃন্তনং ছেদকমতঃ পরং নাস্তি। কস্মাৎ পরং তীর্থপদস্য ভগবতোঽনুকীর্ত্তনাৎ। তত্র হেতুঃ। যৎ যতোঽনুকীর্ত্তনাৎ। অন্যথা প্রায়শ্চিত্তান্তরৈ রজস্তমোভ্যাং কলিলং মলিনমেব তিষ্ঠতি যৎ তস্মনঃ। যদ্যপি কর্ম্মনিবন্ধকৃন্তনমিত্যশেষপ্রারব্ধকর্ম্মচ্ছেদনমেবাত্রোক্তং। তথাপ্যখিলপ্রারব্ধক্ষয়ে দেহপাতাপত্ত্যা ভগবদ্ভজনাসম্ভবাদ্দুষ্প্রারব্ধক্ষয় এবাভিপ্রেতঃ। অতএব নামশ্রুতিভাষ্যে লিখিতং। প্রারব্ধপাপনিবর্ত্তকত্বঞ্চ কদাচিদুপাসকেচ্ছাবশাদিতি অন্যথাত্র প্রস্তুতাজামিলাদিভির্বিরোধাপত্তেঃ। অথবা রোগাদিবিলাপনাদিনা মারকুদ্ধারপর্য্যন্তেন দুষ্প্রারব্ধনিবারকত্বং লিখিত্বা

হরিতে ভক্তি লাভ করিয়া স্বর্গে গমন করেন ॥

ইতিহাসোত্তমে ॥

যে সকল পাপপরায়ণ মনুষ্য নরকে দগ্ধ হইতেছে, হরিনামসঙ্কীর্ত্তন মাত্র তাহাদের নরক হইতে মুক্তি হয় ॥ ১৭৫ ॥

ভগবন্নামের প্রারব্ধবিনাশিত্ব যথা—

ষষ্ঠস্কন্ধে ২ অধ্যায়ে ৩৯ শ্লোকে ॥

তীর্থপাদ ভগবানের কীর্ত্তন ব্যতীত অন্য কিছু পাপের মূলোচ্ছেদক

মুমুক্ষতাং তীর্থপদানুকীর্ত্তনাৎ।
ন যৎ পুনঃ কর্ম্মসু সজ্জতে মনো
রজস্তমোভ্যাং কলিলং ততোঽন্যথা ॥ ১৭৬ ॥
দ্বাদশে চ ॥
যন্নামধেয়ং ম্রিয়মাণ আতুরঃ
পতন্ স্খলন্ বা বিবশো গৃণন্ পুমান্।
বিমুক্তকর্ম্মার্গল উত্তমাং গতিং

ইদানীং সর্ব্বপ্রারব্ধক্ষপণং লিখতি নাত ইত্যাদিনা। অর্থঃ পূর্ব্ববৎ। ততশ্চাশেষপ্রারব্ধ-ক্ষয়েণ দেহপাতাপত্তৌ সত্যামপি নামসঙ্কীর্ত্তনপ্রভাবতো নিত্যপ্রলয়াদি ন্যায়েন তদানীমেব ভগবদ্ভজনার্থং তদ্যোগ্যদেহান্তরোৎপত্ত্যা কিম্বা পূর্ব্বদেহমেব সদ্যোজাতভগবদ্ভজনোচিত-গুণবিশেষবত্তয়া নবীনমিবাসৌ প্রাপেত্যাহুঃ। যথা শ্রীধ্রুবেণ পরমপদারোহণসময়ে নিজ পূর্ব্বদেহমেব পার্ষদোচিতদেহগুণযুক্ততয়া ভিন্নমিব প্রাপ্তং। তচ্চ দিব্যরূপং হিরণ্ময়মিত্যাদিষু শ্রীস্বামিপাদৈর্ব্যক্তং ব্যাখ্যাতমেব। এবমেব স্বরবৎ ভাসতে নর ইত্যাদিবচনং সুসঙ্গচ্ছেত। যচ্চ বহিঃসুখদুঃখফলকে প্রারব্ধে ক্ষীণেঽপি পশ্চাত্তস্য কদাচিৎ কস্যচিৎ কিঞ্চিৎ দেহাদৌ বাহ্যসুখং দুঃখঞ্চ দৃশ্যতে তচ্চ লোকে ভক্তিমাহাত্ম্যসঙ্গোপনার্থং শ্রীভগবতা ভক্তেন বা তেনৈবাত্মাচ্ছাদনার্থং শক্ত্যা প্রদর্শ্যত ইতি জ্ঞেয়ং। এবং সর্ব্বমনবদ্যং ॥ ১৭৬ ॥

তত্র চ যৎফলোন্মুখং কর্ম্ম তদেব প্রারব্ধমুচ্যতে। তচ্চ দ্বিবিধং বর্ত্তমানদেহোপভোগ্য-মেকং। অন্যচ্চ শরীরান্তরোপভোগ্যং। যথা ভরতস্য মৃগশরীরকারণং তচ্চ শ্রীভাগবতে

নহে। এতদ্ভিন্ন যে যে প্রায়শ্চিত্তান্তর আছে তাহাতে রজঃ ও তমো গুণ দ্বারা মন মলিন হইয়াই থাকে, কিন্তু ভগবৎকীর্ত্তনে সেই মনঃ একান্ত নির্ম্মল হয়, পুনর্ব্বার কর্ম্মে আসক্ত হয় না ॥ ১৭৬ ॥

দ্বাদশস্কন্ধে ৩ অধ্যায়ে ৩৮ শ্লোকে ॥

ম্রিয়মাণ আতুর ব্যক্তি শয্যায় পতিত হইয়া ইন্দ্রিয়গণের অবশতা জন্য স্খলিত বাক্যে যাঁহার নাম গ্রহণ করত কর্ম্মবন্ধন ছেদন পূর্ব্বক উত্তম গতি প্রাপ্ত হয়, কলিতে লোকেরা তাঁহার পূজা করিবে না ॥

প্রাপ্নোতি যক্ষ্যন্তি ন তং কলৌ জনাঃ ॥
উক্ত্যা কর্ম্মনিবন্ধেতি তথা কর্ম্মার্গলেতি চ।
অবশ্যভোগ্যতাপত্তেঃ প্রারব্ধে পর্য্যবস্যতি ॥ ১৭৭ ॥
অতএব বৃহন্নারদীয়ে ॥
গোবিন্দেতি জপন্ জন্তুঃ প্রত্যহং নিয়তেন্দ্রিয়ঃ।
সর্ব্বপাপবিনির্ম্মুক্তঃ সুরবদ্ভাসতে নরঃ ॥ ১৭৮ ॥

শ্রীবাদরায়ণেনৈব সিদ্ধান্তিতমস্তি মৃগদারকাভাগেন স্বারব্ধকর্ম্মণা যোগারম্ভণতো বিভ্রংশিত ইত্যাদিভিঃ। তত্র নাতঃপরাগতি পূর্ব্বশ্লোকেন বর্ত্তমানশরীরভোগ্য প্রারব্ধনাশনং লিখিত্বা ইদানীং শরীরান্তরেঽবশ্যং ভোগ্যস্যাপি প্রারব্ধস্য ক্ষপণং লিখতি। যদ্বা দ্বাভ্যামেব শ্লোকাভ্যামশেষপ্রারব্ধবিনাশিত্বমেব দর্শয়তি যন্নামেতি। বিবশোঽপি গৃণন্ উচ্চারয়ন্ সন্। বিমুক্তাঃ কর্ম্মরূপা অর্গলাঃ অবশ্য ভোগ্যত্বেন দুর্ব্বারা অপি প্রতিবন্ধা যস্য সঃ। উত্তমাং শ্রীবৈকুণ্ঠপ্রাপ্তিলক্ষণাং গতিং ফলং। তং ন যক্ষ্যন্তি নামসঙ্কীর্ত্তনাদিনা ন সেবিষ্যন্ত ইতি কলিদোষ উক্তঃ ॥ ১৭৭ ॥

জন্তুঃ সৎকর্ম্মাদ্যভাবেন কীটাদি সদৃশোঽতিনীচোঽপীত্যর্থঃ। অন্বহং নিয়তেন্দ্রিয়ঃ সন্ সর্ব্বপাপেভ্যোঽশেষদুষ্প্রারব্ধেভ্যো বিশেষেণ নির্ম্মুক্তশ্চ সন্ নরোঽপি সুরবদ্ভাসতে। তস্মিন্নেব দেহে ইন্দ্রাদিবৎ। যদ্বা সুশোভনং পদং রাতি দদাতি ইতি সুরো ভগবৎপার্ষদ-স্তদ্বদ্বিরাজতে। অত্র পাপশব্দেন স্বর্গাদিফলকং পুণ্যমপি সংগৃহ্যতে ক্ষয়িষ্ণু ফলকত্বাদিন তস্যাপি পাপেষ্বেব পর্য্যবসানাৎ। অথবাত্র শ্লোকে দুষ্প্রারব্ধমাত্র বিনাশিত্বমেবোক্তং। ততশ্চ সুরবদ্দেদীপ্যতে ইত্যেব ॥ ১৭৮ ॥

ভাগবতীয় পদ্যদ্বয়ে কর্ম্মবন্ধন ও কর্ম্মার্গল এই দুই উক্তি দ্বারা অবশ্য ভোগ্যত্বের আপত্তি অর্থাৎ প্রতিবন্ধক হেতু প্রারব্ধে পর্য্যবসান হয় ॥ ১৭৭ ॥

অতএব বৃহন্নারদীয়পুরাণে ॥

মনুষ্য ইন্দ্রিয়সংযত করিয়া প্রত্যহ গোবিন্দ নাম জপ করত সকল পাপ হইতে নির্ম্মুক্ত হইয়া দেবতার ন্যায় বিরাজ করেন ॥ ১৭৮ ॥

সর্ব্বাপরাধভঞ্জনত্বং ॥

বিষ্ণুযামলে শ্রীভগবদুক্তৌ ॥

মম নামানি লোকেঽস্মিন্ শ্রদ্ধয়া যস্তু কীর্ত্তয়েৎ।
তস্যাপরাধকোটীস্তু ক্ষমাম্যেব ন সংশয়ঃ ॥ ১৭৯ ॥

কর্ম্মসংপূর্ত্তিকারিত্বং ॥

অষ্টমস্কন্ধে শ্রীভগবন্তং প্রতি শ্রীশুক্রোক্তৌ ॥

মন্ত্রতস্তন্ত্রতশ্ছিদ্রং দেশকালার্হবস্তুতঃ।
সর্ব্বং করোতি নিশ্ছিদ্রং নাম সঙ্কীর্ত্তনন্তব ॥ ১৮০ ॥

এবং বিহিতাকরণনিষিদ্ধাচরণজাতাখিলপাপোন্মূলনরূপমাহাত্ম্যং লিখিতং তচ্চ পাপং কথঞ্চিদ্ভগবদাশ্রয়ণাদপি বিনশ্যত্যেব। যচ্চ শ্রীভগবতি তন্নাম্নি চাপরাধরূপং পরমমহাপাতকং তদপি নামকীর্ত্তনাৎ ক্ষীয়ত ইতি মাহাত্ম্যবিশেষং লিখতি মমেতি। অবশ্য ভোগ্যস্যাপি নামাপরাধস্য ক্ষমায়াং পূর্ব্বলিখিত এব সিদ্ধান্তো দ্রষ্টব্যঃ ॥ ১৭৯ ॥

ইত্থং সর্ব্বদোষোন্মূলনরূপং মাহাত্ম্যং লিখিত্বা ইদানীং অখিলগুণাধায়কত্বাদিরূপং লিখতি মন্ত্রত ইত্যাদিনা যাবৎ সমাপ্তি। মন্ত্রতঃ স্বরাদিভ্রংশেন। তন্ত্রতঃ ব্যুৎক্রমাদিনা দেশতঃ কালতশ্চ। অর্হতঃ পাত্রতঃ অশৌচাদিনা বস্তুতশ্চ দক্ষিণাদিনা যচ্ছিদ্রং ন্যূনং তৎ সর্ব্বং তব নামসঙ্কীর্ত্তনমেব নিশ্ছিদ্রং করোতি রিক্তং পূরয়তি, অধিকফলঞ্চ জনয়তীত্যর্থঃ ॥ ১৮০ ॥

শ্রীভগবন্নামের সর্ব্বাপরাধভঞ্জনত্ব যথা।

বিষ্ণুযামলে শ্রীভগবানের বাক্যে ॥

এই সংসারে যে ব্যক্তি শ্রদ্ধান্বিত হইয়া আমার নাম সকল কীর্ত্তন করে, তাহার কোটি কোটি অপরাধ মার্জ্জন করিয়া থাকি, ইহাতে সংশয় নাই ॥ ১৭৯ ॥

শ্রীভগবন্নামের কর্ম্মসংপূর্ত্তিকারিত্ব যথা—

অষ্টমস্কন্ধে ২৩ অধ্যায়ে ১০ শ্লোকে ॥

শ্রীভগবানের প্রতি শুক্রের বাক্য ॥

মন্ত্র হইতে (স্বরাদি ভ্রংশ দ্বারা) তন্ত্র হইতে (ক্রমভঙ্গাদি দ্বারা) এবং দেশ, কাল, পাত্র তথা বস্তু হইতে (দক্ষিণাদি দ্বারা) যে যে ন্যূনতা হয়, আপনার সংকীর্ত্তন সে সকলকে নিশ্ছিদ্র করে ॥ ১৮০ ॥

স্কান্দে চ ॥

যস্য স্মৃত্যা চ নামোক্ত্যা তপোযজ্ঞক্রিয়াদিষু।

ন্যূনং সম্পূর্ণতামেতি সদ্যো বন্দে তমচ্যুতং ॥

সর্ব্ববেদাধিকত্বং ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে শ্রীপ্রহ্লাদোক্তৌ ॥

ঋগ্বেদোহি যজুর্ব্বেদঃ সামবেদোহপ্যথর্ব্বণঃ।

অধীতাস্তেন যেনোক্তং হরিরিত্যক্ষরদ্বয়ং ॥ ১৮১ ॥

স্কান্দে শ্রীপার্ব্বত্যুক্তৌ ॥

মা ঋচো মা যজুস্তাত মা সাম পঠ কিঞ্চন।

গোবিন্দেতি হরের্নাম গেয়ং গায়স্ব নিত্যশঃ ॥ ১৮২ ॥

পাদ্মে চ ॥

হরিরিত্যক্ষরদ্বয়োক্ত্যৈব সর্ব্ববেদাধ্যয়নসিদ্ধেঃ সর্ব্ববেদেভ্য আধিক্যং ব্যক্তমেব ॥ ১৮১ ॥
গেয়ং গানযোগ্যং অনেন ঋগাদি পাঠনিষেধেন চ সর্ব্ববেদাধিকত্বং সিদ্ধমেব ॥ ১৮২ ॥

স্কন্দপুরাণে ॥

যাঁহার স্মরণ এবং নামোচ্চারণ দ্বারা তপস্যা ও যজ্ঞাদি ক্রিয়া-সকলের ন্যূনতা সদ্যঃ সম্পূর্ণত্ব প্রাপ্ত হয়, সেই অচ্যুতকে নমস্কার করি ॥

শ্রীভগবন্নাম সর্ব্ববেদের অধিকত্ব।

বিষ্ণুধর্ম্মোত্তরে শ্রীপ্রহ্লাদের বাক্যে ॥

যে ব্যক্তি হরি এই দুই অক্ষর উচ্চারণ করেন, তিনি ঋক্‌বেদ, সামবেদ, যজুর্ব্বেদ ও অথর্ব্ববেদ অধ্যয়ন করিয়াছেন ॥ ১৮১ ॥

স্কন্দপুরাণে শ্রীপার্ব্বতীর বাক্যে ॥

হে বৎস! ঋক্‌বেদ, যজুর্ব্বেদ ও সামবেদ কিছুই পাঠ করিও না, গোবিন্দ এই গানযোগ্য হরির নাম প্রত্যহ গান কর ॥ ১৮২ ॥

পদ্মপুরাণে শ্রীরামাষ্টোত্তর শতনামস্তোত্রে ॥

শ্রীরামাষ্টোত্তরশতনামস্তোত্রে ॥
বিষ্ণোরেকৈকনামাপি সর্ব্ববেদাধিকং মতং।
তাদৃক্ নামসহস্রেণ রামনামসমং স্মৃতং ॥ ৮৩ ॥
সর্ব্বতীর্থাধিকত্বং ॥
স্কান্দে ॥
কুরুক্ষেত্রেণ কিন্তস্য কিং কাশ্যা পুষ্করেণ বা।
জিহ্বাগ্রে বসতে যস্য হরিরিত্যক্ষরদ্বয়ং ॥
বামনে ॥
তীর্থকোটিসহস্রাণি তীর্থকোটিশতানি চ।
তানি সর্ব্বাণ্যবাপ্নোতি বিষ্ণোর্নামানুকীর্ত্তনাৎ ॥
বিশ্বামিত্রসংহিতায়াং ॥

একৈকমপি নাম সর্ব্ববেদেভ্যোঽধিকং ॥ ১৮৩ ॥

বিষ্ণুর এক একটী নাম সকল বেদ অপেক্ষা অধিক বলিয়া সম্মত, ঐ প্রকার বিষ্ণুর সহস্র নামের সহিত এক রাম নাম সমান বলিয়া অভিহিত ॥ ১৮৩ ॥

শ্রীভগবন্নামের সকল তীর্থ অপেক্ষা অধিকত্ব।

স্কন্দপুরাণে ॥

যাঁহার জিহ্বাগ্রে হরি এই দুইটী অক্ষর বাস করিতেছেন, তাঁহার কুরুক্ষেত্র, কাশী এবং পুষ্করে প্রয়োজন কি ? ॥

বামনপুরাণে ॥

বিষ্ণুর নাম কীর্ত্তন করিলে, শতকোটি এবং সহস্রকোটি তীর্থসকলের ফল প্রাপ্ত হওয়া যায় ॥

বিশ্বামিত্রসংহিতায় ॥

বিশ্রুতানি বহূন্যেব তীর্থানি বহুধানি চ।
কোট্যংশেনাপি তুল্যানি নামকীর্ত্তনতো হরেঃ ॥ ১৮৪ ॥

লঘুভাগবতে ॥

কিন্তাত্ বেদাগমশাস্ত্রবিস্তরৈ-
স্তীর্থৈরনেকৈরপি কিং প্রয়োজনং।
যদ্যাত্মনো বাঞ্ছসি মুক্তিকারণং
গোবিন্দ গোবিন্দ ইতি স্ফুটং রট ॥ ১৮৫ ॥

সর্ব্বসৎকর্ম্মাধিকত্বং ॥

গোকোটিদানং গ্রহণে খগস্য প্রয়াগগঙ্গোদককল্পবাসঃ।
যজ্ঞাযুতং মেরুসুবর্ণদানং গোবিন্দকীর্ত্তের্ন সমং শতাংশৈঃ ॥ ১৮৬

বহুধানীত্যার্থং বহুবিধানি জলস্থলাদিভেদেন নদী নদ সরঃ কূপাদিভেদেন চ। ষষ্ঠ্যাং তস্ প্রত্যয়ঃ। নামসঙ্কীর্ত্তনস্য কোট্যংশানামেকেনাপ্যংশেন তুল্যানি ন ভবন্তীত্যর্থঃ ॥ ১৮৪॥ গোবিন্দ ইতীত্যত্রাবিবক্ষিতত্বাদসন্ধিঃ। যদ্বা হে গোবিন্দেতি গোবিন্দ ইতি চ ॥ ১৮৫ ॥ খগস্য সূর্য্যস্য গ্রহণে মেরুতুল্যসুবর্ণদানঞ্চ। গোবিন্দস্য কীর্ত্তিঃ কীর্ত্তনং তস্যাঃ শতাংশৈঃ শতাংশানামেকেনাপ্যংশেন সমং ন স্যাদিত্যর্থঃ। এবং কুত্রচিৎ পদ্যে ফল-

---

বহু বহু প্রসিদ্ধ তীর্থ সকল আছে, তৎসমুদায় শ্রীবিষ্ণুর নাম কীর্ত্তনের কোটি অংশের একাংশেরও তুল্য হইবে না ॥ ১৮৪ ॥

লঘুভাগবতে ॥

হে পুত্র। বেদ ও আগম প্রভৃতি বিস্তর শাস্ত্রে এবং অনেকানেক তীর্থ সমুদায়ে প্রয়োজন কি? যদি আপনার মুক্তির কারণ ইচ্ছা কর, তাহা হইলে স্পষ্টাক্ষরে হে গোবিন্দ, হে গোবিন্দ, এই বলিয়া কীর্ত্তন কর ॥ ১৮৫ ॥

শ্রীভগবন্নামের সর্ব্বসৎকর্ম্মাধিকত্ব যথা—

সূর্য্যগ্রহণকালীন কোটি গোদান, প্রয়াগগঙ্গোদকে কল্পকাল বাস, অযুত যজ্ঞ এবং সুমেরু তুল্য স্বর্ণ দান, এ সকল গোবিন্দনাম কীর্ত্তনের

বৌধায়নসংহিতায়াং ॥

ইষ্টাপূর্ত্তানি কর্ম্মাণি সুবহূনি কৃতান্যপি ।
ভবহেতূনি তান্যেব হরের্নাম তু মুক্তিদং ।

গারুড়ে ॥

শ্রীশৌনকাম্বরীষসম্বাদে ॥

বাজপেয়সহস্রাণাং নিত্যং ফলমভীপ্সসি ।
প্রাতরুত্থায় ভূপাল কুরু গোবিন্দকীর্ত্তনং ।
কিং করিষ্যতি সাংখ্যেন কিং যোগৈর্নরনায়ক ।
মুক্তিমিচ্ছসি রাজেন্দ্র কুরু গোবিন্দকীর্ত্তনং ॥ ১৮৭ ॥

তৃতীয়স্কন্ধে শ্রীকপিলদেবং প্রতি দেবহূত্যুক্তৌ ।

বিশেষপ্রবন্ধেন কুত্রচিচ্চ ফলরূপত্বেন সর্ব্বকর্ম্মভ্যোঽধিকত্বং ॥ ১৮৬ ॥

সাংখ্যেন আত্মানাত্মবিবেকেন । যোগৈরষ্টাদিভিঃ তেষামপি কর্ম্মান্তর্গতত্বাদত্রাস্য পদস্য লিখনং । এবমগ্রেঽপ্যূহ্যং ॥ ১৮৭ ॥

শতাংশের একাংশেরও সমান হয় না ॥ ১৮৬ ॥

বৌধায়নসংহিতায় ॥

বহু বহু ইষ্ট ও পূর্ত্ত কর্ম্ম সুন্দর রূপে কৃত হইলেও তৎসমুদায় সংসারের হেতু হয়, কিন্তু এক হরিনামই মুক্তিপ্রদ ॥

গরুড়পুরাণে ॥

শ্রীশৌনক ও অম্বরীষ সম্বাদে ॥

হে রাজন্ । যদি নিত্য সহস্র বাজপেয় যজ্ঞের ফল ইচ্ছা কর, তাহা হইলে প্রাতঃকালে উত্থিত হইয়া গোবিন্দ নাম কীর্ত্তন কর ॥

হে রাজেন্দ্র । সাংখ্যশাস্ত্রে কি করিবে এবং যোগশাস্ত্র সকলে কি হইবে, যদি মুক্তি লাভে অভিলাষ থাকে, তাহা হইলে গোবিন্দ নাম কীর্ত্তন কর ॥ ১৮৭ ॥

তৃতীয়স্কন্ধে ৩৩ অধ্যায়ে ৭ শ্লোকে

অহো বত শ্বপচোঽতো গরীয়ান্
যজ্জিহ্বাগ্রে বর্ত্ততে নাম তুভ্যং।
তেপুস্তপস্তে জুহুবুঃ সস্নুরার্য্যা
ব্রহ্মানূচুর্নাম গৃণন্তি যে তে ॥ ১৮৮ ॥
সর্ব্বার্থপ্রদত্বং স্কান্দে ব্রহ্মনারদসম্বাদে
চাতুর্ম্মাস্যমাহাত্ম্যে ॥

অহো বতেত্যাশ্চর্য্যে। যস্য জিহ্বাগ্রে তুভ্যং তব নাম বর্ত্ততে স্বদর্থমপি বা শ্রদ্ধাদি-রাহিত্যেনাপি যথা কথঞ্চিদপি অসম্যক্ তথাপি নামাভাসমপি য উচ্চারয়তীত্যর্থঃ। সঃ শ্বপচোঽপি জাত্যা কর্ম্মণা চ শ্বমাংসভক্ষণাদনিবৃত্তেরুভয়থা পাপোঽপি। অতঃ অস্মাদেব হেতোর্গরীয়ান্। যৎ যস্মাৎ বর্ত্ততে অত ইতি বা কুত ইত্যত আহ। ত এব তপস্তেপুঃ সম্যক্ কৃতবন্তঃ জুহুবুঃ হোমং কৃতবন্তঃ সস্নুঃ তীর্থেষু স্নাতাঃ। আর্য্যাঃ ত এব সদাচারাঃ। ব্রহ্ম বেদমনূচুঃ সাঙ্গং সম্যগুচ্চারিতবন্তঃ। তন্নাম তপ আদিকং সর্ব্বং সৎকর্ম্মান্তর্ভূতং। অতস্তে পুণ্যতমা ইত্যর্থঃ। যদ্বা জন্মান্তরেষু তৈস্তপোহোমাদিকং সর্ব্বং কৃতমস্তীতি তন্নাম-কীর্ত্তন-মহাভাগ্যাদবগম্যত ইত্যর্থঃ। তপ আদীনাং সর্ব্বেষাং নামকীর্ত্তনফলত্বোক্ত্যা সর্ব্বসৎকর্ম্মাধিকত্বং ব্যক্তমেব ॥ ১৮৮ ॥

ষড়্বর্গঃ কামক্রোধাদিঃ তস্য হরণং নাশকং। আত্মানমধিকৃত্য বর্ত্তমানমাত্মতত্ত্বমধ্যাত্মং

শ্রীকপিলদেবের প্রতি শ্রীদেবহূতির উক্তি ॥

হে পুত্র! যে ব্যক্তির জিহ্বাগ্রে তোমার নাম বর্ত্তমান, সে শ্বপচ হইলেও এই কারণে গরিষ্ঠ হয়। ফলতঃ যে সকল পুরুষ তোমার নাম গ্রহণ করিয়া থাকেন, তাঁহারাই তপস্যা করিয়াছেন, তাঁহারাই অগ্নিতে হোম করিয়াছেন, তাঁহারাই সদাচার, তাঁহারাই বেদ অধ্যয়ন করিয়াছেন অর্থাৎ তোমার নামকীর্ত্তনেই তপস্যাদির সিদ্ধি হয়, অতএব তাঁহারা তোমার নামসঙ্কীর্ত্তন করিয়া পবিত্র হয়েন ॥ ১৮৮ ॥

শ্রীভগবন্নামের সর্ব্বার্থপ্রদত্ব যথা—
স্কন্দপুরাণে ব্রহ্মনারদসম্বাদে চাতুর্ম্মাস্যমাহাত্ম্যে ॥

এতৎ ষড়্বর্গহরণং রিপুনিগ্রহণং পরং।
অধ্যাত্মমূলমেতদ্ধি বিষ্ণোর্নামানুকীর্ত্তনং ॥ ১৮৯ ॥
বিষ্ণুধর্ম্মোত্তরে ॥
হৃদি কৃত্বা তথা কামমভীষ্টং দ্বিজপুঙ্গবাঃ।
একং নাম জপেদ্যস্তু শতং কামানবাপ্নুয়াৎ।
তত্রৈব শ্রীকৃষ্ণামৃতস্তোত্রে ॥
সর্ব্বমঙ্গলমঙ্গল্যমায়ুষ্যং ব্যাধিনাশনং।
ভুক্তিমুক্তিপ্রদং দিব্যং বাসুদেবস্য কীর্ত্তনং ॥ ১৯০ ॥
শ্রীনারায়ণব্যূহস্তবে ॥
পরিহাসোপহাসাদ্যৈর্বিষ্ণোর্গৃহ্নন্তি নাম যে।

তস্য মূলং তৎপ্রাপ্তিকারণমিত্যর্থঃ ॥ ১৮৯ ॥
দিব্যং লোকাতীতং বৈকুণ্ঠলোকপ্রাপণাৎ সচ্চিদানন্দরূপত্বাদ্বা ॥ ১৯০ ॥
পরিহাসো নর্ম্ম উপহাসস্তিরস্কারঃ আদ্যশব্দাৎ শঙ্কেতস্তোভাদি ॥ ১৯১ ॥

শ্রীবিষ্ণুর নামানুকীর্ত্তন, ইহাই কামক্রোধাদি ষড়্বর্গের নাশক, অতিশয়রূপে শত্রুনিগ্রহ কারক এবং ইহাই আত্মতত্ত্ব প্রাপ্তির কারণ ॥ ১৮৯ ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে ॥

হে ব্রাহ্মণশ্রেষ্ঠগণ! যে ব্যক্তি হৃদয়ে অভীষ্ট কাম প্রাপ্তির ইচ্ছা করিয়া ভগবানের একটীমাত্র নাম জপ করেন, তিনি শত শত কাম প্রাপ্ত হয়েন ॥

ঐ বিষ্ণুধর্ম্মোত্তরেই শ্রীকৃষ্ণামৃতস্তোত্রে ॥

বাসুদেবের কীর্ত্তন, সকল মঙ্গলের মঙ্গল, আয়ুর্ব্বর্দ্ধক, ব্যাধিনাশন, ভুক্তি মুক্তিপ্রদ ও বৈকুণ্ঠলোক প্রাপ্তির কারণ স্বরূপ ॥ ১৯০ ॥

শ্রীনারায়ণব্যূহস্তবে ॥

যে সকল মনুষ্য পরিহাস বা নিন্দার ছলে যদি বিষ্ণুর নাম কীর্ত্তন

কৃতার্থাস্তেঽপি মনুজাস্তেভ্যোপীহ নমোনমঃ ॥ ১৯১ ॥

বারাহে চ ॥

তে ধন্যাস্তে কৃতার্থাশ্চ তৈরেব সুকৃতং কৃতং।

তৈরাপ্তং জন্মনঃ প্রাপ্যং যে কালে কীর্ত্তয়ন্তি মাং ॥ ১৯২ ॥

বিশেষতঃ কলৌ ॥

সকৃদুচ্চারয়ন্ত্যেতদ্দুর্ল্লভঞ্চাকৃতাত্মনাং।

কলৌ যুগে হরের্নাম তে কৃতার্থা ন সংশয়ঃ ॥ ১৯৩ ॥

একাদশস্কন্ধে চ ॥

কলিং সভাজয়ন্ত্যার্য্যা গুণজ্ঞাঃ সারভাগিনঃ।

কালে স্নানাদিসময়ে। যদ্বা অকারপ্রশ্লেষেণ অকালে অশৌচাদিসময়েঽপি ॥ ১৯২ ॥

সকৃদপ্যুচারয়ন্তি যে তে কৃতার্থাঃ সিদ্ধসর্ব্বার্থা ইত্যর্থঃ ॥ ১৯৩ ॥

সভাজয়ন্তি শ্রেষ্ঠং মন্যন্তে গুণজ্ঞাঃ কলের্গুণং জানন্তি যে তে। নমু দোষাণাং বহুত্বাৎ কথং সভাজয়ন্তি তত্রাহ সারভাগিনঃ গুণগ্রাহিণঃ। কোঽসৌ গুণস্তমাহ যত্রেতি। তদুক্ত-

---

করেন, তথাপি তাঁহারা কৃতার্থ হইবেন, অতএব তাঁহাদিগকে নমস্কার নমস্কার ॥ ১৯১ ॥

বরাহপুরাণেও ॥

যাঁহারা স্নানাদি কালে আমার কীর্ত্তন করেন, তাঁহারাই ধন্য তাঁহারাই কৃতার্থ, তাঁহারাই পুণ্যকর্ম্মা এবং তাঁহারাই জন্মের প্রাপ্য ফল লাভ করিয়াছেন ॥ ১৯২ ॥

বিশেষ করিয়া কলিযুগে শ্রীভগবন্নামের সর্ব্বার্থপ্রদত্ব ॥

কলিযুগে যাঁহারা অকৃত পুণ্যকর্ম্মাদিগের দুর্ল্লভ হরি নাম একবার মাত্র কীর্ত্তন করেন, তাঁহারা কৃতার্থ হইয়াছেন সংশয় নাই ॥ ১৯৩ ॥

একাদশস্কন্ধে ৫ অধ্যায়ে ৩৩ শ্লোকে ॥

সারগ্রাহী, গুণজ্ঞ, শ্রেষ্ঠ লোকেরাই কলিকে আশ্রয় করিয়া থাকেন,

যত্র সঙ্কীর্ত্তনেনৈব সর্ব্বস্বার্থোঽভিলভ্যতে ॥ ১৯৪ ॥

স্কান্দে তত্রৈব ॥

তথাচৈবোত্তমং লোকে তপঃ শ্রীহরিকীর্ত্তনং ;

কলৌ যুগে বিশেষেণ বিষ্ণুপ্রীত্যৈ সমাচরেৎ ॥ ১৯৫ ॥

সর্ব্বশক্তিমত্ত্বং ॥

স্কান্দে ॥

দানব্রততপস্তীর্থক্ষেত্রাদীনাঞ্চ যাঃ স্থিতাঃ।

শক্তয়ো দেবমহতাং সর্ব্বপাপহরাঃ শুভাঃ।

রাজসূয়াশ্বমেধানাং জ্ঞানস্যাধ্যাত্মবস্তুনঃ।

আকৃষ্য হরিণা সর্ব্বাঃ স্থাপিতাঃ স্বেষু নামসু ॥ ১৯৬ ॥

সেব ধ্যায়ন্ কৃতে যজন্ যজ্ঞৈরিত্যাদিনা ॥ ১৯৪ ॥

উত্তমং তপঃ স্বধর্ম্মাচরণং চিত্তৈকাগ্রতা বা ॥ ১৯৫ ॥

দেবানাং মহতাঞ্চ সাধূনাং। শুভাশ্চ মঙ্গলাবহাঃ রাজসূয়াদীনাঞ্চ যাঃ শক্তয়ঃ তাঃ সর্ব্বাঃ ॥ ১৯৬ ॥

কারণ যে কলিযুগে কেবল নামসঙ্কীর্ত্তনমাত্রেই সমুদায় স্বার্থ লাভ হয় ॥ ১৯৪ ॥

স্কন্দপুরাণের সেই স্থলেই
অর্থাৎ শ্রীব্রহ্ম নারদসম্বাদে ॥

সংসার মধ্যে শ্রীহরিকীর্ত্তনই উত্তম তপস্যা, বিশেষতঃ কলিযুগে শ্রীবিষ্ণু প্রীতি নিমিত্ত শ্রীহরির কীর্ত্তন করিবে ॥ ১৯৫ ॥

শ্রীভগবন্নাম কীর্ত্তনের সর্ব্বশক্তিমত্ত্ব যথা—
স্কন্দপুরাণে ॥

দান, ব্রত, তপস্যা এবং তীর্থযাত্রা প্রভৃতির তথা দেব ও সাধুগণের, আর রাজসূয়, অশ্বমেধ ও জ্ঞানসাধ্য আত্মবস্তুর যে সকল সর্ব্বপাপহর, মঙ্গলপ্রাপক শক্তি আছে, বিষ্ণু তৎসমুদায় আকর্ষণ করিয়া

বাতোঽপ্যতো হরের্নাম উগ্রাণামপি দুঃসহঃ।
সর্ব্বেষাং পাপরাশীনাং যথৈব তমসাং রবিঃ॥ ১৯৭ ॥
অতএব ব্রহ্মাণ্ডে॥
সর্ব্বার্থশক্তিযুক্তস্য দেবদেবস্য চক্রিণঃ।
যচ্চাভিরুচিতং নাম তৎসর্ব্বার্থেষু যোজয়েৎ॥ ১৯৮ ॥
জগদানন্দকত্বং। শ্রীভগবদ্গীতাসু॥
স্থানে হৃষীকেশ তব প্রকীর্ত্ত্যা

এবমশেষদোষদুঃখহরণে সকলগুণশ্রেয়ঃ প্রাপণে চ পরমসমর্থস্য ভগবন্নাম্নো মহাপাতক-সঞ্চয় ক্ষপণমপ্যত্যন্তসুকরমেবেত্যাহ বাত ইতি। অতঃ অস্মাদুক্তাদ্ধেতোঃ। নাম্নো বাতো-ঽপি যথা কথঞ্চিদীষৎ সম্বন্ধোঽপি উগ্রাণাং ভয়ানকানাং সর্ব্বেষাং সবাসনানাং পাপরাশীনা-মপি দুঃসহঃ দুরাদেবাত্যন্তক্ষয়কৃদিত্যর্থঃ। রবির্যথা তমসাং দুঃসহস্তদ্বৎ। এতচ্চানুষঙ্গিকং ফলমুক্তং॥ ১৯৭ ॥

সর্ব্বার্থশক্তিযুক্তস্যেত্যনেন নামনামিনোরভেদান্নাম্নোঽপি সর্ব্বার্থশক্তিযুক্ততা সূচিতৈব। অভিরুচিতং নিজাভীষ্টং যন্নাম। এতচ্চ ভক্তিবিশেষেণাচিরাৎ সম্যক্ সর্ব্বার্থসিদ্ধ্যপেক্ষ-য়োক্তং॥ ১৯৮ ॥

আপনার নাম সকলে স্থাপন করিয়াছেন॥ ১৯৬ ॥

অতএব ভগবন্নামের বায়ুও অর্থাৎ যথা কথঞ্চিৎ সম্বন্ধও সর্ব্বপ্রকার ভয়ানক পাপরাশির বিনাশক হয়েন, যেমন সূর্য্য অন্ধকার সকলের সম্বন্ধে দুঃসহ তদ্রূপ॥ ১৯৭ ॥

অতএব ব্রহ্মাণ্ডপুরাণে॥

সর্ব্বার্থশক্তিযুক্ত দেবদেব চক্রপাণির যে নাম আপনার অভিমত হইবে, সকল প্রয়োজন সিদ্ধি নিমিত্ত তাহাই কীর্ত্তন করিবে॥ ১৯৮ ॥

শ্রীভগবন্নামের আনন্দজনকত্ব যথা—

শ্রীভগবদ্গীতার ১১ অধ্যায়ে ৩৬ শ্লোকে॥

অর্জ্জুন কহিলেন, হে হৃষীকেশ। আপনার মাহাত্ম্য কীর্ত্তনে জগৎ

জগৎ প্রহৃষ্যত্যনুরজ্যতে চ
রক্ষাংসি ভীতানি দিশো দ্রবন্তি
সর্ব্বে নমস্যন্তি চ সিদ্ধসংঘাঃ ॥ ১৯৯ ॥
জগদ্বন্দ্যতাপাদকত্বং ॥
বৃহন্নারদীয়ে ॥
নারায়ণ জগন্নাথ বাসুদেব জনার্দ্দন।
ইতীরয়ন্তি যে নিত্যং তে বৈ সর্ব্বত্র বন্দিতাঃ ॥
শ্রীসূতেনোক্তং তত্রৈব
যজ্ঞধ্বজোপাখ্যানান্তে ॥

স্থানে ইত্যব্যয়ং যুক্তমিত্যর্থে। হে হৃষীকেশ যত এবম্ভুতপ্রভাবো ভক্তবৎসলশ্চ ত্বং অতস্তব প্রকীর্ত্ত্যা মাহাত্ম্যাদিসঙ্কীর্ত্তনেন নামমাত্রসঙ্কীর্ত্তনেন বা ন কেবলমহমেব প্রহৃষ্যামি কিন্তু জগৎ সর্ব্বমপি প্রকর্ষেণ হৃষ্যতি হর্ষং প্রাপ্নোতি এতৎস্থানে যুক্তমিত্যর্থঃ। তথা জগৎ অনুরজ্যতে চ অনুরাগং চোপৈতীতি যৎ। তথা রক্ষাংসি ভীতানি সন্তি দিশঃ প্রতি দ্রবন্তি বেগেন পলায়ন্ত ইতি যৎ। তথা সর্ব্বে যোগতপো মন্ত্রাদিসিদ্ধানাং সংঘা নমস্যন্তি প্রণমন্তীতি যৎ এতচ্চ স্থানে যুক্তমেব ন চিত্রমিত্যর্থঃ ॥ ১৯৯ ॥

সংসার হর্ষ ও অনুরাগযুক্ত হয়, ইহা যথার্থ বটে। অপিচ, রাক্ষসেরা ভীত ও দিক্ সকলে পলায়িত হয় এবং সিদ্ধ-পুরুষেরা আপনাকে নমস্কার করেন ॥ ১৯৯ ॥

শ্রীভগবন্নামের জগদ্বন্দ্যতা প্রতিপাদকত্ব যথা—

বৃহন্নারদীয়পুরাণে ॥

হে নারায়ণ। হে জগন্নাথ। হে বাসুদেব। হে জনার্দ্দন। এই বলিয়া যাঁহারা নিত্য কীর্ত্তন করেন, তাঁহারাই সকল স্থানে নমস্ত হয়েন ॥

ঐ পুরাণেই যজ্ঞধ্বজের উপাখ্যানের শেষে

শ্রীসূতের বাক্য ॥

স্বপন্ ভুঞ্জন্ ব্রজংস্তিষ্ঠন্নুত্তিষ্ঠংশ্চ বদংস্তথা।
যে বদন্তি হরের্নাম তেভ্যো নিত্যং নমো নমঃ ॥ ২০০ ॥

শ্রীনারায়ণব্যূহস্তবে ॥

স্ত্রী শূদ্রঃ পুক্কশো বাপি যে চান্যে পাপযোনয়ঃ।
কীর্ত্তয়ন্তি হরিং ভক্ত্যা তেভ্যোঽপীহ নমো নমঃ ॥

অগত্যেকগতিত্বং ॥

পাদ্মে বৃহৎসহস্রনামকথনারম্ভে ॥

অনন্যগতয়ো মর্ত্ত্যা ভোগিনোঽপি পরন্তপাঃ।
জ্ঞানবৈরাগ্যরহিতা ব্রহ্মচর্য্যাদি বর্জ্জিতাঃ।
সর্ব্বধর্ম্মোজ্ঝিতা বিষ্ণোর্নামমাত্রৈকজল্পকাঃ।

বদন্ অন্যবার্ত্তাং কুর্ব্বন্। বদন্তীত্যাদি বহুত্বমার্ষং। কিম্বা স্বপ্নাদিক্রিয়াণাং বহুত্বেন বহুত্বান্তর্ভাবাৎ। নমো নম ইত্যন্তেন বন্দ্যতা সিদ্ধৈব ॥ ২০০ ॥

ন বিদ্যতে অন্যা নামব্যতিরিক্তা কাপি গতিরাশ্রয়োঽত্যন্তপাপজাত্যাদিনা কর্ম্মাদাবনধিকারাৎ যেষাং তেঽপি অপিশব্দস্য সর্ব্বত্রৈব সম্বন্ধঃ। ভোগিনঃ বিষয়ভোগরতাঃ পর-

---

শয়ন, ভোজন, গমন, দণ্ডায়মান, অনুগমন এবং অন্যবার্ত্তা করিতে করিতে যে সকল ব্যক্তি হরিনাম উচ্চারণ করে, তাহাদিগকে নিত্য নমস্কার নমস্কার ॥ ২২০ ॥

নারায়ণব্যূহস্তবে ॥

স্ত্রী, শূদ্র ও চণ্ডাল প্রভৃতি যে কোন পাপজাতি ভক্তিপূর্ব্বক হরিকীর্ত্তন করে, তাহাদিগকেও নমস্কার নমস্কার ॥

শ্রীভগবন্নাম অগতির এক গতিস্বরূপ ॥

পদ্মপুরাণে বৃহৎসহস্রনামকথনারম্ভে ॥

যে সকল মনুষ্যের অন্য গতি নাই, যাহারা বিষয়ভোগরত, যাহারা পরতাপদায়ক, জ্ঞানবৈরাগ্যরহিত, ব্রহ্মচর্য্যাদিশূন্য এবং সর্ব্বধর্ম্ম পরিত্যাগী, তাহারাও যদি বিষ্ণুর নাম কীর্ত্তন করে, তাহা হইলে ধার্ম্মিক

সুখেন যাং গতিং যান্তি ন তাং সর্ব্বেঽপি ধার্ম্মিকাঃ ॥২০১॥

সদাসর্ব্বত্রসেব্যত্বং ॥

বিষ্ণুধর্ম্মে ক্ষত্রবন্ধূপাখ্যানে ॥

ন দেশনিয়মস্তস্মিন্ ন কালনিয়মস্তথা।

নোচ্ছিষ্টাদৌ নিষেধোঽস্তি শ্রীহরের্নাম্নি লুব্ধকঃ ॥ ২০২ ॥

স্কান্দে পাদ্মে বৈশাখমাহাত্ম্যে বিষ্ণুধর্ম্মোত্তরে চ ॥

চক্রায়ুধস্য নামানি সদা সর্ব্বত্র কীর্ত্তয়েৎ।

মন্তং জনং তাপয়ন্তীতি পরন্তপাঃ। নামমাত্রমেবৈকং জয়ন্তি যথা কথঞ্চিদশ্রদ্ধয়াপি বাঙ্মাত্রে- ণোচ্চারয়ন্তি তথা তে ॥ ২০১ ॥

হে লুব্ধক তস্মিন্ উক্তপ্রভাবে অনির্ব্বচনীয়মাহাত্ম্যে বা নাম্নি ॥ ২০২ ॥

তস্য চক্রায়ুধস্য কীর্ত্তনে অশৌচং নাস্তি শুচিনৈব কীর্ত্তনং কার্য্যং নৈবাশুচিনেতি ব্যবস্থা ন বিদ্যতে ইত্যর্থঃ। তস্যেতি নামনামিনোরভেদাভিপ্রায়েণ। যতঃ সঃ নামাত্মকঃ চক্রায়ুধ এব পবিত্রং করোতীতি তথা। যথাচমনাদিব্যতিরেকেণাশুদ্ধস্য শ্রীযমুনাদিজলা- চমনাদিনৈব শুদ্ধিঃ যথা চ তত্রাশুদ্ধেন কথং শ্রীযমুনাদিজলং স্প্রষ্টব্যমিতি শঙ্কা ন সম্ভবেৎ অনন্যগতিত্বাৎ তথাত্রাপীত্যর্থঃ। যদ্বা যতঃ স নামকীর্ত্তকপুরুষ এব অন্যমপি পবিত্রং করোতি কিমুক্তব্যং তস্যাশৌচমিত্যর্থঃ ॥ ২০৩ ॥

দিগেরও দুর্ল্লভা গতি সুখে লাভ করিতে পারেন ॥ ২০১ ॥

শ্রীভগবন্নামকীর্ত্তনের সর্ব্বদা সর্ব্বসেব্যত্ব ॥

বিষ্ণুধর্ম্মে ক্ষত্রবন্ধু উপাখ্যানে ॥

হে লুব্ধক! অনির্ব্বচনীয়মাহাত্ম্য শ্রীহরিনাম কীর্ত্তন করিতে দেশের নিয়ম নাই, কালের নিয়ম নাই এবং উচ্ছিষ্টাদিতেও নিষেধ নাই ॥২০২

স্কন্দ ও পদ্মপুরাণের বৈশাখমাহাত্ম্যে।

বিষ্ণুধর্ম্মোত্তরেও ॥

সর্ব্বকালে, সকল স্থানে চক্রপাণি বিষ্ণুর নাম সকল কীর্ত্তন করিবে, বিষ্ণুর নাম কীর্ত্তনে অশৌচ নাই, যেহেতু তাহা সকলকে পবিত্র

নাশৌচং কীর্ত্তনে তস্য স পবিত্রকরো যতঃ ॥ ২০৩ ॥

পুনঃ স্কান্দে ॥

ন দেশকালাবস্থাসু শুদ্ধ্যাদিকমপেক্ষতে।

কিন্তু স্বতন্ত্রমেবৈতন্নাম কামিতকামদং ॥ ২০৪ ॥

বৈশ্বানরসংহিতায়াং ॥

ন দেশকালনিয়মো ন শৌচাশৌচনির্ণয়ঃ।

পরং সঙ্কীর্ত্তনাদেব রামরামেতি উচ্যতে ॥ ২০৫ ॥

বৈষ্ণবচিন্তামণৌ ॥

শ্রীযুধিষ্ঠিরং প্রতি নারদবাক্যং ॥

ন দেশনিয়মো রাজন্ ন কালনিয়মস্তথা।

দেশাদীনাং শুদ্ধ্যাদিকং নামকর্ত্তৃনপেক্ষতে তত্র অবস্থাঃ বাল্যাদয়ো জাগরাদয়ঃ প্রমাদোন্মাদাদয়ো বা আত্মা চিত্ত আদিশব্দেন স্বধর্ম্মাচরণাদি। এতস্য ভগবতো নাম। যদ্বা প্রকরণবশাদ্ভগবত এব নাম। এতৎ সুপ্রসিদ্ধানির্ব্বচনীয়মাহাত্ম্যমিত্যর্থঃ। কামিতং বাঞ্ছিতং কামং পুরুষার্থবিশেষং। যদ্বা কাম্যত ইতি কামং ফলং। যদ্বা কামিতস্য কামযুক্তস্য কামমভীষ্টং দদাতীতি তথা ॥ ২০৪ ॥

পরং কেবলং রামরামেতি কীর্ত্তনাদেব ॥ ২০৫ ॥

করেন ॥ ২০৩ ॥

পুনর্ব্বার স্কন্দপুরাণে ॥

এই ভগবন্নাম দেশকাল অবস্থা সকলে শুদ্ধ্যাদি অপেক্ষা করেন না, কিন্তু ইহা স্বতন্ত্র, সকাম পুরুষের অভীষ্ট দান করেন ॥ ২০৪ ॥

বৈশ্বানরসংহিতায় ॥

দেশকালের নিয়ম বা শৌচাশৌচ নিশ্চয় কিছুই নাই, কেবল রাম রাম এই নাম কীর্ত্তন করিলেই মুক্ত হইবে ॥ ২০৫ ॥

বৈষ্ণবচিন্তামণিতে শ্রীযুধিষ্ঠিরের প্রতি নারদবাক্য ॥

হে রাজন্! বিষ্ণুর নাম কীর্ত্তনে দেশ বা কালের নিয়ম নাই,

বিদ্যতে নাত্র সন্দেহো বিষ্ণোর্নামানুকীর্ত্তনে ॥
কালোঽস্তি দানে যজ্ঞে চ স্নানে কালোঽস্তি সজ্জপে।
বিষ্ণুসংকীর্ত্তনে কালো নাস্ত্যত্র পৃথিবীতলে ॥ ২০৬ ॥
দ্বিতীয়স্কন্ধে ॥
এতন্নির্ব্বিদ্যমানানামিচ্ছতামকুতোভয়ং।
যোগিনাং নৃপ নির্ণীতং হরের্নামানুকীর্ত্তনং ॥ ২০৭ ॥
মুক্তিপ্রদত্বং বারাহে ॥

পৃথিবীতলে সর্ব্বত্রেত্যর্থঃ ॥ ২০৬ ॥
এবং সদা সেব্যত্বং লিখিত্বা সর্ব্বসেব্যত্বং লিখতি এতদিতি। ইচ্ছতাং কামিনাং তত্তৎ ফল সাধনমেতদেব। নির্ব্বিদ্যমানানাং মুমুক্ষূণাং মোক্ষসাধনমেতদেব। তত্র তত্র চ ন কাচিদপি বিঘ্নাদি শঙ্কেত্যাহ ন কুতশ্চিদপি ভয়ং যস্মিন্ তৎ। যোগিনাং জ্ঞানিনাং বা ফলঞ্চৈতদেব। নির্ণীতং নাত্র প্রমাণং বক্তব্যমিত্যর্থঃ। এবং সাধকানাং সিদ্ধানাঞ্চ সেব্যত্বং দর্শিতং ॥ ২০৭ ॥

এ বিষয়ে কোন সন্দেহ করিবেন না ॥

পৃথিবীতে দানবিষয়ে কাল আছে, যজ্ঞে কাল আছে এবং মন্ত্র জপে কাল আছে, কিন্তু বিষ্ণুর নাম সঙ্কীর্ত্তনে কুত্রাপি কালের নিয়ম নাই ॥ ২০৬ ॥

দ্বিতীয়স্কন্ধে ১ অধ্যায়ে ১১ শ্লোকে ॥

শুকদেব কহিলেন, হে রাজন্। হরির যে নামানুকীর্ত্তন ইহা কলাকাঙ্ক্ষি পুরুষদিগের তত্তৎফলের সাধন এবং মুমুক্ষুদিগেরও ইহা মোক্ষসাধন, অপর ইহাই জ্ঞানিদিগেরও জ্ঞানের ফল হয়, অতএব সাধক ও সিদ্ধ কাহারও পক্ষে ইহা অপেক্ষায় অন্য পরম শ্রেয়ঃ নাই ॥ ২০৭ ॥

শ্রীভগবন্নামের মুক্তিপ্রদত্ব যথা।

বরাহপুরাণে ॥

নারায়ণাচ্যুতানন্ত বাসুদেবেতি যো নরঃ।
সততং কীর্ত্তয়েদ্ভূমি যাতি মল্লয়তাং স হি॥

গারুড়ে॥

কিং করিষ্যতি সাংখ্যেন কিং যোগৈর্নরনায়ক।
মুক্তিমিচ্ছতি রাজেন্দ্র কুরু গোবিন্দকীর্ত্তনং॥ ২০৮॥

স্কান্দে॥

সকৃদুচ্চরিতং যেন হরিরিত্যক্ষরদ্বয়ং।
বদ্ধঃ পরিকরস্তেন মোক্ষায় গমনং প্রতি॥ ২০৯॥

ব্রহ্মপুরাণে॥

হে ভূমি মল্লয়তাং সাযুজ্যমুক্তিং। সাংখ্যেন আত্মানাত্মবিবেকেন যোগৈরষ্টাঙ্গাদিভিঃ॥ ২০৮॥

মোক্ষায় গমনং প্রতি আশু মোক্ষ প্রাপ্তয়ে পরিকরো বদ্ধঃ সাধনং সম্যগনুষ্ঠিতমিত্যর্থঃ॥ ২০৯॥

বরাহদেব কহিলেন, হে ভূমি! যে মনুষ্য নিরন্তর নারায়ণ, অচ্যুত, অনন্ত ও বাসুদেব এই সকল নাম কীর্ত্তন করেন, তাঁহারা আমার সাযুজ্য মুক্তি প্রাপ্ত হয়েন॥

গরুড়পুরাণে॥

হে নরনাথ! আত্মানাত্মবিবেক সাংখ্য অথবা অষ্টাঙ্গ যোগে কি করিবে, তুমি যদি মুক্তি ইচ্ছা করিয়া থাক, তাহা হইলে গোবিন্দ নাম কীর্ত্তন কর॥ ২০৮॥

স্কন্দপুরাণে॥

যে ব্যক্তি একবারমাত্র হরি এই দুই অক্ষর উচ্চারণ করে, সে আশু মোক্ষ প্রাপ্তির নিমিত্ত বদ্ধপরিকর হইয়াছে॥ ২০৯॥

ব্রহ্মপুরাণে॥

অপ্যন্যচিত্তোঽশুদ্ধো বা যঃ সদা কীর্ত্তয়েদ্ধরিং।
সোঽপি দোষক্ষয়ান্মুক্তিং লভেচ্চেদিপতির্যথা॥ ২১০॥
পাদ্মে দেবহূতিস্তুতৌ॥
সকৃদুচ্চারয়েদ্যস্তু নারায়ণমতন্দ্রিতঃ।
শুদ্ধান্তঃকরণো ভূত্বা নির্ব্বাণমধিগচ্ছতি॥ ২১১॥
মাৎস্যে॥
পরদাররতো বাপি পরাপকৃতিকারকঃ।
স শুদ্ধো মুক্তিমাপ্নোতি হরের্নামানুকীর্ত্তনাৎ॥ ২১২॥
বৈশম্পায়নসংহিতায়াং॥
সর্ব্বধর্ম্মবহির্ভূতঃ সর্ব্বপাপরতস্তথা।

দোষাঃ কামক্রোধাদয়স্তেষাং ক্ষয়াৎ। চেদিপতিঃ শিশুপালঃ॥ ২১০॥
অতন্দ্রিতঃ নামোচ্চারণাদাবনলসঃ সন্। ততশ্চ শুদ্ধান্তঃকরণো ভূত্বা॥ ২১১॥
শুদ্ধঃ পরদাররত্যাদি পাপাৎ পবিত্রঃ সন্॥ ২১২॥
বিশেষেণ শুদ্ধাঃ সবাসন সর্ব্বপাপতঃ পবিত্রাঃ। শুদ্ধা নিষ্পাপাস্তু মোক্ষং প্রাপ্নুবন্তি।

যে ব্যক্তি অন্য চিত্ত অথবা অশুদ্ধ হইয়া সর্ব্বদা হরিকীর্ত্তন করে, সেও শিশুপালের ন্যায় সর্ব্ব দোষক্ষয়প্রযুক্ত মুক্তি প্রাপ্ত হয়॥ ২১০॥

পদ্মপুরাণে দেবহূতির স্তবে॥

যিনি আলস্য পরিত্যাগ পূর্ব্বক একবারমাত্র নারায়ণ নাম উচ্চারণ করেন, তিনি বিশুদ্ধ চিত্ত হইয়া নির্ব্বাণ মুক্তির প্রতি অধিকারী হয়েন॥ ২১১॥

মৎস্যপুরাণে॥

যে ব্যক্তি পরদাররত বা পরের অপকারকারক হয়, সেও হরিনাম কীর্ত্তনমাত্রে শুদ্ধচিত্ত হইয়া মুক্তিলাভ করে॥ ২১২॥

বৈশম্পায়নসংহিতায়॥

যে ব্যক্তি সর্ব্বধর্ম্মবহির্ভূত এবং সর্ব্বপ্রকার পাপকর্ম্মে অনুরক্ত,

মুচ্যতে নাত্র সন্দেহো বিষ্ণোর্নামানুকীর্ত্তনাৎ।

বৃহন্নারদীয়ে ॥

যথাকথঞ্চিদ্যন্নাম্নি কীর্ত্তিতে বা শ্রুতেঽপি বা।

পাপিনোঽপি বিশুদ্ধাঃ স্যুঃ শুদ্ধা মোক্ষমবাপ্নুয়ুঃ ॥ ২১৩ ॥

ভারতবিভাগে ॥

প্রাণপ্রয়াণপাথেয়ং সংসারব্যাধিভেষজং।

দুঃখশোকপরিত্রাণং হরিরিত্যক্ষরদ্বয়ং ॥ ২১৪ ॥

নারদীয়ে ॥

পাপিনাং বিলম্বেন মোক্ষঃ সুকৃতিনাঞ্চ সদ্য এবেতি জ্ঞেয়ং। যদ্বা বিশুদ্ধাঃ সন্তঃ কিং প্রাপ্নুবন্তীত্যপেক্ষায়ামাহ শুদ্ধা ইতি অনুবাদমাত্রং ॥ ২১৩ ॥

সর্ব্বান্ অপরাধান্ পাপানি করোতীতি তথা সোঽপি হরিসংশ্রয়ঃ ভগবন্তং প্রপন্নঃ সন্ মুচ্যতে ততো মুক্তো ভবতি। হরেরপরাধান্ পূর্ব্বলিখিতান্ শ্রীবারাহোক্তান্ দ্বাত্রিংশৎ। দ্বিপদেষু নরেষু পাংশনঃ অধমঃ। স যদি কদাচিন্নামাশ্রয়ঃ নামকীর্ত্তনকৃৎ স্যাৎ তদা নামপ্রভাবতঃ তরতি হরিবিষয়কাপরাধেভ্যোঽপি মুচ্যত এব। সর্ব্বসুহৃদঃ জগদুপকারপরস্যাপি নাম্নোঽপরাধাৎ হি নিশ্চিতং অধঃ পততি নরকং গচ্ছতি ॥ ২৮২ ॥

যে হেতু পদ্মপুরাণে শ্রীনারদের প্রতি সনৎকুমার বলিয়াছেন ॥

যে ব্যক্তি সর্ব্ব প্রকার পাপাচরণ করিয়াছে সেও হরির আশ্রয় গ্রহণ করিলে মুক্ত হইবে, কিন্তু যে আবার হরির নিকট অপরাধ অর্থাৎ বরাহপুরাণোক্ত দ্বাত্রিংশৎ প্রকার সেবাপরাধ করিয়াছে, সে মনুষ্যের মধ্যে অধম। পরন্তু সে যদি নামের আশ্রয় গ্রহণ করে অর্থাৎ নামকীর্ত্তনে তৎপর হয়, তাহা হইলে নাম বলে সেবাপরাধ হইতে মুক্ত হইতে পারিবে, কিন্তু নাম সকলের বন্ধু, তাঁহার নিকট অপরাধী হইলে আর উপায় নাই, নিশ্চয় নরকে পতিত হইবে ॥ ২৮২ ॥

অথ নামাপরাধ সকল ॥

ঐ পদ্মপুরাণে শ্রীনারদের প্রতি সনৎকুমারই নামাপরাধ সকল বলিয়াছেন ॥

সতাং নিন্দা নাম্নঃ পরমমপরাধং বিতনুতে
যতঃ খ্যাতিং যাতং কথমু সহতে তদ্বিগরিহাং।
শিবস্য শ্রীবিষ্ণোর্য ইহ গুণনামাদিসকলং
ধিয়া ভিন্নং পশ্যেৎ স খলু হরিনামাহিতকরঃ ॥ ২৮৩ ॥
গুরোরবজ্ঞা শ্রুতিশাস্ত্রনিন্দনং
তথার্থবাদো হরিনাম্নি কল্পনং।
নাম্নো বলাদ্যস্য হি পাপবুদ্ধি—
র্ন বিদ্যতে তস্য যমৈর্হি শুদ্ধিঃ ॥ ২৮৪ ॥

যতঃ সদ্ভ্যঃ খ্যাতিং প্রসিদ্ধিং প্রাকট্যং বা প্রাপ্তং নাম। উ খেদে। তেষাং বিগর্হাং কথং সহতে অপিতু সোঢ়ুং ন শক্নোত্যেবেত্যতোঽয়মেকোঽপরাধঃ। অস্য চ মুখ্যত্বাদাদৌ নির্দেশঃ। আদিশব্দেন রূপলীলাদি। ধিয়াপি হরিনাম্নি অহিতমপরাধং করোতীতি তথা সঃ ॥ ২৮৩ ॥

শ্রুতীনাং ধর্ম্মশাস্ত্রাণাঞ্চ নিন্দনং। তথেত্যুক্তসমুচ্চয়ে। অর্থবাদো যস্তস্য কল্পনং। যদ্বা হরিনাম্ন্যর্থবাদঃ কল্পনমেব নতু তত্ত্বতো ঘটত ইত্যর্থঃ। কল্পাত ইতি বা পাঠঃ। যদ্বা হরিনাম্নি কল্পনঞ্চ তন্মাহাত্ম্যার্থপরিত্যাগেন দুর্ব্বুদ্ধ্যা বৃথার্থান্তরকল্পনা চৈকোঽপরাধ-ইত্যর্থঃ। নাম্নো বলাৎ নামগ্রহণেন পাপক্ষয়ো ভবেদিতি নাম্নাং প্রভাবজ্ঞানেন পাপে বুদ্ধিরপি কিং পুনঃ প্রবৃত্তিঃ। যদ্বা অকারপ্রশ্লেষেণ নাম্নোবলমজ্ঞাত্বা যস্য পাপে বুদ্ধিরিত্যর্থঃ। তস্য যমৈঃ বহুলব্রতাদিভিরহিংসাদিভির্দ্দশভির্ব্বা। যদ্বা। বহুভিঃ ধর্ম্মরাজৈঃ চিরকালং তৎকৃতযাতনাভোগেনাপীত্যর্থঃ ॥ ২৮৪ ॥

সাধুদিগের নিন্দা করিলে নামের নিকট গুরুতর অপরাধ বিস্তার করা হয়, যে হেতু ঐ সতের সমীপে নামের আবির্ভাব হইয়া থাকে, হায়! নাম কেন সাধুনিন্দা সহ্য করিবেন। অপর ইহলোকে যে ব্যক্তি শ্রীশিব এবং শ্রীবিষ্ণু নাম ও গুণাদি সকল অন্তঃকরণে ভিন্ন রূপে দর্শন করে, সে নিশ্চয় হরিনামের অহিতকারী ॥ ২৮৩ ॥

যে ব্যক্তি গুরুর অবজ্ঞা, বেদশাস্ত্রনিন্দন, হরিনামে অর্থবাদ কল্পনা করে এবং নামবলে পাপে প্রবৃত্ত হয়, বহু বহু যমযাতনা ভোগ করিলেও তাহার শুদ্ধি হয় না ॥ ২৮৪ ॥

ধর্ম্মব্রতত্যাগহুতাদিসর্ব্ব-
শুভক্রিয়াসাম্যমপি প্রমাদঃ।
অশ্রদ্দধানে বিমুখেঽপ্যশৃণ্বতি
যশ্চোপদেশঃ শিবনামাপরাধঃ ॥ ২৮৫ ॥
শ্রুতেঽপি নামমাহাত্ম্যে যঃ প্রীতিরহিতো নরঃ।
অহং-মমাদি-পরমো নাম্নি সোঽপ্যপরাধকৃৎ ॥ ২৮৬ ॥

ধর্ম্মাদীনাং সর্ব্বাসাং শুভক্রিয়াণাং সাম্যং নাম্না তুল্যত্বমপি প্রমাদঃ অপরাধ ইত্যর্থঃ। যদ্বা ধর্ম্মাদিশুভক্রিয়াসাম্যমেকোঽপরাধঃ। প্রমাদঃ নাম্নানবধানতাপ্যেকঃ। এবমত্রাপরাধদ্বয়ং। ততশ্চ তথার্থবাদো হরিনাম্নি কল্পনমিত্যত্রৈকাপরাধো জ্ঞেয়ঃ। কিঞ্চ। অশ্রদ্দধানাদৌ জনে য উপদেশঃ স শিবনাম্নি অপরাধঃ শ্রীভগবতা সহ শ্রীশিবস্যাভেদেন শিবেত্যুক্তিঃ ॥ ২৮৫ ॥

নাম্নি প্রীতিঃ শ্রদ্ধা ভক্তির্ব্বা তয়া রহিতঃ সন্ যঃ অহং মমাদি-পরমঃ। অহন্তা মমতা চ। আদিশব্দেন বিষয়ভোগাদিকং চৈব পরমং প্রধানং নতু নামগ্রহণং যস্য তথাভূতঃ স্যাৎ সোঽপ্যপরাধকৃৎ। যদ্বা। ধর্ম্মব্রতেত্যাদ্যর্দ্ধশ্লোকেনৈক এবাপরাধঃ। অহং মমাদীত্যর্দ্ধশ্লোকে চাস্মিন্ একঃ। এবং অপরাধা দশ। যে জ্ঞাত্বাপি ন বর্জ্জয়ন্তি সহসা নাম্নোঽপরাধান্ দশেতি তত্রৈবোক্তেঃ। ততশ্চায়মর্থঃ। যঃ প্রীতিরহিতো নাম্ন্যেব সোঽধমঃ নামাপরাধীত্যর্থঃ। যদ্বা যোঽধমঃ প্রীতিরহিতঃ সোঽপরাধকৃদিত্যন্বয়েণান্বয়ঃ। কিঞ্চ। নাম্ন্যেব বিষয়ে যোঽহং মমতাদিপরমঃ অহং বহুতরনামকীর্ত্তকঃ ইতস্ততো নামকীর্ত্তনঞ্চ মৎপ্রবর্ত্তিতমেব ময়া সমো নামকীর্ত্তনপরোঽন্যঃ কঃ মদীয়জিহ্বাগ্রীনমেব নামেত্যাদিকমেব পরমং প্রধানং নামকীর্ত্তনঞ্চ কদাচিৎ সিদ্ধ্যতি ন বা যস্য তথাভূতো যঃ সোঽপীতি। অতএবাদিষ্টং ভগবতা। তৃণাদপি চ নীচেন তরোরপি সহিষ্ণুণা। অমানিনা মানদেন কীর্ত্তনীয়ঃ সদা হরিরিতি ॥ ২৮৬ ॥

ধর্ম্ম, ব্রত, দান ও যজ্ঞ প্রভৃতি সমুদায় শুভকর্ম্মকে নামের সহিত তুল্য মনন করা অপরাধ, অশ্রদ্দধান জনে, বিমুখজনে এবং শ্রবণ পরাঙ্মুখজনে যে উপদেশ, তাহা শিব-নামে অপরাধ ॥ ২৮৫ ॥

যে মনুষ্য নামমাহাত্ম্য শ্রবণ করিয়াও প্রীতি প্রকাশ করে না, এবং "অহং মম" ও ভোগাদি বিষয়ে তৎপর, সে ব্যক্তিও নামের নিকট অপরাধী ॥ ২৮৬ ॥

জাতে নামাপরাধেঽপি প্রমাদেন কথঞ্চন।
সদা সঙ্কীর্ত্তয়ন্নাম তদেকশরণো ভবেৎ ॥ ২৮৭ ॥

অথাপরাধভঞ্জনং ॥

উক্তঞ্চ তেনৈব তত্র ॥

নামাপরাধযুক্তানাং নামান্যেব হরন্ত্যঘং।
অবিশ্রান্তপ্রযুক্তানি তান্যেবার্থকরাণি চ ॥ ২৮৮ ॥

নামৈকং যস্য বাচি স্মরণপথগতং শ্রোত্রমূলং গতং বা
শুদ্ধং বাশুদ্ধবর্ণং ব্যবহিতরহিতং তারয়ত্যেব সত্যং।

কথঞ্চন প্রমাদেন ভ্রমেণ জাতে সতি তৎ নামৈব একং শরণমাশ্রয়ো যস্য তথা তথা-ভূতো ভবেৎ সর্ব্বথা নামপরো ভবেদিত্যর্থঃ ॥ ২৮৭ ॥

যস্মাৎ অবিশ্রান্তং সততং প্রযুক্তানি কীর্ত্তিতানি সন্তি তানি নামান্যেবার্থকরাণি সর্ব্ব-প্রয়োজনসম্পাদকানি ॥ ২৮৮ ॥

এতদেব পরিপোষয়ন্ নামকীর্ত্তনে লাভপূজাখ্যাত্যর্থতাং পরিত্যাজয়তি নামৈকমি-ত্যাদি। বাচি গতং প্রসঙ্গাদ্বাঙ্মধ্যে প্রবৃত্তমপি স্মরণপথগতং কথঞ্চিন্মনঃস্পৃষ্টমপি। শ্রোত্রমূলং গতং কিঞ্চিৎ শ্রুতমপি শুদ্ধবর্ণং বা অশুদ্ধবর্ণমপি বা। ব্যবহিতং শব্দান্তরেণ যদ্ব্যবধানং বক্ষ্যমাণনারায়ণশব্দস্য কিঞ্চিদুচ্চারণানন্তরং প্রসঙ্গাদাপতিতং শব্দান্তরং তেন রহিতং সৎ। যদ্বা যদ্যপি হলং রিক্তমিত্যাদ্যুক্তৌ হকাররিকারয়োর্বৃত্ত্যা হরীতি নামা-স্ত্যেব তথা রাজমহিষীত্যত্র রামনামাপি এবমন্যদপ্যূহ্যং তথাপি তত্তন্নামমধ্যে ব্যবধায়ক-

---

কথঞ্চিৎ প্রমাদ বশতঃ নামাপরাধ উপস্থিত হইলেও সর্ব্বদা নাম-কীর্ত্তন করত, এক নামেরই আশ্রিত হইবে ॥ ২৮৭ ॥

অপরাধভঞ্জন ॥

ঐ পদ্মপুরাণে শ্রীসনৎকুমারই বলিয়াছেন ॥

নামাপরাধযুক্ত ব্যক্তিদিগের নামই অপরাধ হরণ করেন, ঐ নাম নিরন্তর কীর্ত্তিত হইলে সমুদায় প্রয়োজন সম্পাদন করেন, ॥ ২৮৮ ॥

হে বিপ্র! একমাত্র নাম যাহার বাক্যগত, স্মরণপথ-গত ও কর্ণ-মূল স্পৃষ্ট হয়েন এবং তাহা শুদ্ধবর্ণই হউন বা অশুদ্ধবর্ণই হউন

তচ্চেদ্দেহদ্রবিণজনতালোভপাষণ্ডমধ্যে
নিক্ষিপ্তং স্যান্ন ফলজনকং শীঘ্রমেবাত্র বিপ্র ॥ ২৮৯ ॥
অতএবোক্তং শ্রীনারদেন বৃহন্নারদীয়ে ॥
মহিম্নামপি যন্নাম্নঃ পারং গন্তুমনীশ্বরাঃ।

মক্ষরান্তরমস্তীত্যেতাদৃশব্যবধানরহিতমিত্যর্থঃ। যদ্বা। ব্যবহিতঞ্চ তদ্রহিতঞ্চাপি বা তত্র ব্যবহিতং নাম্নঃ কিঞ্চিদুচ্চারণানন্তরং কথঞ্চিদাপতিতং শব্দান্তরং সমাধায় পশ্চান্নামাবশিষ্টাক্ষরগ্রহণমিত্যেবং রূপং মধ্যে শব্দান্তরেণান্তরিতমিত্যর্থঃ। রহিতং পশ্চাদবশিষ্টাক্ষরগ্রহণবর্জ্জিতং কেনচিদংশেন হীনমিত্যর্থঃ। তথাপি তারয়ত্যেব সর্ব্বেভ্যঃ পাপেভ্যোঽপরাধেভ্যশ্চ সংসারাদপ্যুদ্ধারয়ত্যেবেতি সত্যমেব। কিন্তু নামসেবনস্য মুখ্যং যৎ ফলং তন্ন সদ্যঃ সম্পদ্যতে। তথা দেহভরণাদ্যর্থমপি নামসেবনেন মুখ্যং ফলমাশু ন সিদ্ধ্যতীত্যাহ তচ্চেদিতি। তন্নাম চেৎ যদি দেহাদিমধ্যে নিক্ষিপ্তং দেহভরণাদ্যর্থমেব বিন্যস্তং তদাপি ফলজনকং ন ভবতি কিং অপিতু ভবত্যেব কিন্তু অত্র ইহ লোকে শীঘ্রং ন ভবতি কিন্তু বিলম্বেনৈব ভবতীত্যর্থঃ ॥ ২৮৯ ॥

এবমুপসংহরন্ শ্রীমন্নাম-মাহাত্ম্যজ্ঞানস্যমেব দ্রঢ়য়ন্ লিখতি মহিম্নামিতি। পারং গন্তু

ব্যবহিত রহিত * হইলে নিশ্চয় তাহাকে উদ্ধার করিবেন, কিন্তু যদি ঐ নাম দেহ, ধন, জনতা ও লোভপরায়ণ পাষণ্ডমধ্যে নিক্ষিপ্ত হয়েন তাহা হইলে ইহলোকে শীঘ্র ফলজনক হয়েন না ॥ ২৮৯ ॥

অতএব বৃহন্নারদীয়পুরাণে শ্রীনারদ কহিয়াছেন।

মনু ও মুনীন্দ্রগণও যে নামের মহিমার পার গমন করিতে অক্ষম

* ব্যবহিতের অর্থ এই যে নামের এক অংশ উচ্চারণ করা হইয়াছে এমতকালে অন্য কোন শব্দের উচ্চারণ করা হয়, কিন্তু নামের অবশিষ্টাক্ষরের আর উচ্চারণ করা হয় না যেমন নারায়ণ এই উচ্চারণ করিতে প্রবৃত্ত হইয়া "নারা" এই পর্য্যন্ত বলিয়া দেবদত্ত প্রভৃতি কোন এক শব্দ উচ্চারণ করে, নামের অবশিষ্ট "য়ণ" এই দুই অক্ষর আর উচ্চারণ করা হয় না, ইহাকেই ব্যবহিত বলে ॥

মনবোঽপি মুনীন্দ্রাশ্চ কথং তং ক্ষুদ্রধীর্ভজে ইতি॥ ২৯০॥
ইত্থং শ্রীকৃষ্ণপাদাব্জে ভক্তিঃ কার্য্যা সদা বুধৈঃ।
সা চ তস্য প্রসাদেন মহাপুণ্যাৎ প্রজায়তে॥ ২৯১॥
অথ শ্রীমদ্ভক্তের্দুর্ল্লভত্বং॥
স্কান্দে শ্রীপরাশরোক্তৌ॥
ন হ্যপুণ্যবতাং লোকে মূঢ়ানাং কুটিলাত্মনাং।

মপি কিং পুনস্তত্ত্বমনুভবিতুমিতি॥ ২৯০॥

চৈতন্যচন্দ্রং তং বন্দে বর্ষন্ ভক্তিরসং নিজং। ত্রায়তে যবনান্তং যোঽকরোৎ ভক্তিপ্লুতং জগৎ। এবং ভক্ত্যঙ্গাদি লিখিত্বা ইদানীং সমগ্রাং ভক্তিং লিখন্ আদৌ তস্য মাহাত্ম্য-বিশেষার্থং পরমদৌর্লভ্যং লিখতি ইত্থমিতি। মহাপুণ্যাৎ যস্তস্য শ্রীকৃষ্ণপাদাব্জস্য প্রসাদ-স্তেনৈব প্রকর্ষেণ জায়তে। এতচ্চ পুণ্যবিশেষার্থপ্রযত্নায় লিখিতং। যদ্বা। তস্য প্রসা-দেন যন্মহাপুণ্যং তস্মাদেব প্রজায়তে ইতি যথাক্রমমেবান্বয়ঃ। যদ্যপি তস্য প্রসাদ এব ভক্তিপ্রাদুর্ভাবে স্বতন্ত্রো নিরপেক্ষো হেতুঃ তথাপি তৎকর্তৃকপুণ্যবিশেষাজ্জাতায়াঃ সত্যা-স্তস্যাঃ সমূলতা শোভাবিশেষশ্চ সম্পদ্যতে ইতি তথা লিখিতং। যথা মুমুক্ষুভক্তসিদ্ধান্তে ভক্ত্যা জ্ঞানদ্বারা মোক্ষো জন্যত ইতি অতএব প্রশস্তঃ। এবঞ্চ জন্মকোটিসহস্রেষু যৈঃ পুণ্যং সমুপার্জ্জিতমিত্যাদিবচনান্যপ্যুপপদ্যন্তে ইতি দিক্॥ ২৯১॥

অপুণ্যবতামেব লক্ষণং মূঢ়ানামিতি কুটিলাত্মনামিতি চ। ভক্তিঃ পূজা পরিচর্য্যাদি-লক্ষণা সুখসাধ্যং স্মরণং কীর্ত্তনঞ্চ ন ভবতি ন সিদ্ধ্যতি। যদ্বা। ভক্তিঃ সমগ্রা ন ভবতীতি কিং বক্তব্যং তদঙ্গমপি স্মরণং কীর্ত্তনঞ্চ ন ভবতীত্যর্থঃ। যদ্বা। সর্ব্বেষ্বঙ্গেষু স্মরণকীর্ত্তনয়ো-

আমি ক্ষুদ্রবুদ্ধি হইয়া কি প্রকারে সেই নামের পার গমন করিব॥২৯০

পণ্ডিতগণ এই প্রকারে সর্ব্বদা শ্রীকৃষ্ণ পাদপদ্মে ভক্তি করিবেন, কিন্তু ঐ ভক্তি সহসা লভ্য হয় না, বহু জন্মের পুণ্য হেতু শ্রীকৃষ্ণের অনুগ্রহে উৎপন্ন হয়॥ ২৯১॥

অথ শ্রীমতী ভক্তির দুর্ল্লভত্ব॥

স্কন্দপুরাণে শ্রীপরাশরের বাক্যে॥

অপুণ্যবান্ মূঢ় ও কুটিল-চিত্ত ব্যক্তিদিগের গোবিন্দচরণারবিন্দে

ভক্তির্ভবতি গোবিন্দে স্মরণং কীর্ত্তনং তথা ॥ ২৯২ ॥

তত্রৈব শ্রীব্রহ্মোক্তৌ ॥

নিমিষং নিমিষার্দ্ধং বা মর্ত্যানামিহ নারদ।
নাদগ্ধাশেষপাপানাং ভক্তির্ভবতি কেশবে ॥ ২৯৩ ॥

যোগবাশিষ্ঠে ॥

জন্মান্তরসহস্রেষু তপোজ্ঞানসমাধিভিঃ।
নরাণাং ক্ষীণপাপানাং কৃষ্ণে ভক্তিঃ প্রজায়তে ॥ ২৯৪ ॥

আদিবারাহে ॥

জন্মান্তরসহস্রেণ সমারাধ্য বৃষধ্বজং।

রেব পরমমুখ্যত্বাৎ ভক্তেস্তৎপ্রধানতা বিবক্ষয়া লক্ষণমেবোদ্দিষ্টং শ্রবণং কীর্ত্তনঞ্চেতি। যদ্বা। সমুচ্চয়ে তথা শব্দঃ। তথা তেন বিশুদ্ধত্বাদিপ্রকারেণ সকামত্বাদিপ্রকারেণাপীতি বা ॥ ২৯২ ॥

নিমিষমপি নিমিষার্দ্ধমপি ভক্তির্ন ভবতি ॥ ২৯৩ ॥

এবং পুণ্যহীনানাং পাপিনাঞ্চ কদাচিদপি ন জায়ত ইতি দৌর্লভ্যং লিখিতং। অধুনা সমূলাখিলপাপক্ষয়েণৈব জায়ত ইতি লিখতি জন্মান্তরেতি। ক্ষীণানি সবাসনং ক্ষয়ং গতানি পাপানি যেষাং তেষামেব ॥ ২৯৪ ॥

অধুনা মহাপুণ্যসঞ্চয়েনৈব জায়ত ইতি পরমং দৌর্লভ্যং লিখতি জন্মেত্যাদিনা। সাধ্যত

ভক্তি হয় না এবং স্মরণ ও কীর্ত্তন করিতেও অধিকারী হয় না ॥ ২৯২ ॥

ঐ স্কন্দপুরাণে শ্রীব্রহ্মার বাক্যে ॥

হে নারদ! এই সংসারে যে সকল মানবদিগের অশেষ পাপরাশি দগ্ধ হয় নাই, তাহাদের এক নিমিষ বা অর্দ্ধ নিমিষের জন্যও কেশবের প্রতি ভক্তি হয় না ॥ ২৯৩ ॥

যোগবাশিষ্ঠে ॥

সহস্র সহস্র জন্মে তপস্যা জ্ঞান ও সমাধি দ্বারা যাহারা ক্ষীণপাপ হইয়াছে তাহাদিগেরই শ্রীকৃষ্ণে ভক্তি জন্মে ॥ ২৯৪ ॥

আদিবরাহপুরাণে ॥

যে বুদ্ধিমান্ ব্যক্তি সহস্র জন্ম বৃষধ্বজ মহেশ্বরকে আরাধনা করিয়া

বৈষ্ণবত্বং লভেদ্ধীমান্ সর্ব্বপাপক্ষয়ে সতি ॥

বৃহন্নারদীয়ে যজ্ঞধ্বজনৃপোপাখ্যানান্তে ॥

জন্মকোটিসহস্রেষু পুণ্যং যৈঃ সমুপার্জ্জিতং।

তেষাং ভক্তির্ভবেচ্ছুদ্ধা দেবদেবে জনার্দ্দনে ॥ ২৯৫ ॥

সুলভং জাহ্নবীস্নানং তথা চাতিথিপূজনং।

সুলভা সর্ব্বযজ্ঞাশ্চ বিষ্ণুভক্তিঃ সুদুর্ল্লভা ॥ ২৯৬ ॥

ইতিহাসসমুচ্চয়ে—

শিলোঞ্ছবৃত্তিবাক্যে।

গঙ্গায়াং মরণঞ্চৈব দৃঢ়া ভক্তিশ্চ কেশবে।

ইত্যন্তেন। শুদ্ধা জ্ঞানকর্ম্মাদ্যসংমিশ্রিতা ॥ ॥ ২৯৫ ॥

সুদুর্লভেতি গঙ্গাস্নানাদিজনিতপুণ্যাত্তোঽপি বিশিষ্টতরপুণ্যেনৈব জায়ত ইতি সূচিতং। তচ্চ লিখিতমেব সা চ তস্য প্রসাদেন মহাপুণ্যাৎ প্রজায়ত ইতি ॥ ২৯৬ ॥

ব্রহ্মবিদ্যা প্রবোধো ভক্তিতত্ত্বজ্ঞানং ॥ ২৯৭ ॥

যেষাং পুণ্যব্রতানি ষষ্ঠকালভোজনাদি নিয়মাঃ চান্দ্রায়ণাদীনি বা উপবাসা একাদশ্যাদিষু অন্নবর্জ্জনাদিলক্ষণাঃ নিয়মাঃ চাতুর্ম্মাস্যাদিব্রতানি শৌচাদয়ো বা দ্বাদশ তৈঃ। অপি

পাপ সকল ক্ষয় করিয়াছেন, তাঁহারই বৈষ্ণবত্ব লাভ হয় ॥

বৃহন্নারদীয়পুরাণে যজ্ঞধ্বজ নৃপতির
উপাখ্যানের শেষে ॥

যাঁহারা সহস্র সহস্র কোটি জন্ম পুণ্য উপার্জ্জন করিয়াছেন, তাঁহাদিগেরই দেবদেব জনার্দ্দনে জ্ঞান কর্ম্মাদিদ্বারা অসংমিশ্রা ভক্তি উৎপন্ন হয় ॥ ২৯৫ ॥

পৃথিবীতে গঙ্গাস্নান সুলভ, অতিথি-পূজা সুলভ ও সমুদায় যজ্ঞও সুলভ কিন্তু একমাত্র বিষ্ণুভক্তিই দুর্ল্লভ ॥ ২৯৬ ॥

ইতিহাসসমুচ্চয়ে। শিলোঞ্ছবৃত্তি-বাক্যে ॥

পৃথিবীতে গঙ্গায় মরণ কেশবের প্রতি দৃঢ়া ভক্তি এবং ব্রহ্মবিদ্যা

ব্রহ্মবিদ্যাপ্রবোধশ্চ নাল্পস্য তপসঃ ফলং ॥ ২৯৭ ॥

অগস্ত্যসংহিতায়াং ॥

ব্রতোপবাসনিয়মৈর্জ্জন্মকোট্যাপ্যনুষ্ঠিতৈঃ।

যজ্ঞৈশ্চ বিবিধৈঃ সম্যগ্‌ভক্তির্ভবতি কেশবে ॥ ২৯৮ ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে ॥

দিবসং দিবসার্দ্ধং বা মুহূর্ত্তঞ্চৈকমেব বা।

নাশাচ্চাশেষপাপস্য ভক্তির্ভবতি কেশবে।

অনেকজন্মসাহস্রৈর্নানাযোন্যন্তরেষু চ।

জন্তোঃ কলুষহীনস্য ভক্তির্ভবতি কেশবে ॥

দশমস্কন্ধে।

গোপীঃ প্রতি উদ্ধবোক্তৌ ॥

শব্দ এবার্থে ॥ ২৯৮ ॥

প্রবোধ অর্থাৎ ভক্তিতত্ত্ব জ্ঞান, অল্প তপস্যার ফল নহে ॥ ২৯৭ ॥

অগস্ত্যসংহিতায় ॥

কোটি জন্মের অনুষ্ঠিত ব্রত, উপবাস, নিয়ম ও বিবিধ যজ্ঞ করিলে সম্যক্ প্রকারে কেশবের প্রতি ভক্তি হয় ॥ ২৯৮ ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে ॥

যে ব্যক্তির অশেষ পাপ সকল বিনষ্ট হইয়াছে তাহারই এক দিবস বা অর্দ্ধ দিবস কিম্বা একমুহূর্ত্ত কালের জন্য কেশবের প্রতি ভক্তি হয় ॥

অনেক সহস্র জন্ম নানা যোনি ভোগ করিয়া জীব যদি নিষ্পাপ হয় তবেই তাহার কেশবের প্রতি ভক্তি জন্মে ॥

শ্রীদশমে ৪৭ অধ্যায়ে ২১ শ্লোকে

গোপীদিগের প্রতি উদ্ধবের বাক্যে ॥

দানব্রততপোহোমজপঃস্বাধ্যায়সংযমৈঃ।
শ্রেয়োভির্ব্বিবিধৈশ্চান্যৈঃ কৃষ্ণে ভক্তির্হি সাধ্যতে ॥ ২৯৯ ॥

শ্রীভগবদ্গীতাসু চ ॥

যেষাং ত্বন্তগতং পাপং জনানাং পুণ্যকর্ম্মণাং।
তে দ্বন্দ্বমোহনির্ম্মুক্তা ভজন্তে মাং দৃঢ়ব্রতাঃ ॥ ৩০০ ॥

পঞ্চমস্কন্ধে পরীক্ষিতং প্রতি বাদরায়ণিনা ॥

রাজন্ পতিগুরুরলং ভবতাং যদূনাং
দৈবং প্রিয়ঃ কুলপতিঃ কচ কিঙ্করো বঃ।

শ্রেয়োভিঃ শ্রেয়ঃসাধনৈঃ সর্ব্বপুরুষার্থৈর্ব্বা ॥ ২৯৯ ॥

যেষান্তু পুণ্যাচরণশীলানাং সর্ব্বশ্রেয়ঃপ্রতিবন্ধকং পাপমন্তগতং বিনষ্টং তে দ্বন্দ্বনিমিত্তেন মোহেন। যদ্বা। দ্বন্দ্বৈঃ সুখদুঃখাদিভিঃ তৎকারণাজ্ঞানেন চ নির্ম্মুক্তাঃ। যদ্বা। অকার-প্রশ্লেষেণ অদ্বন্দ্বমোহাশ্চ তে নির্ম্মুক্তাশ্চ নিঃশেষেণ মুক্তাঃ সন্তঃ। দৃঢ়ব্রতা একান্তিনঃ সন্তো মাং ভজন্তে ॥ ৩০০ ॥

অধুনা শ্রীভগবতোঽপ্যদেয়ত্বেন দৌর্লভ্যবিশেষং লিখতি রাজন্নিতি। অঙ্গ হে রাজন্ ভবতাং পাণ্ডবানাং যদূনাঞ্চ পতিঃ পালকঃ গুরুরুপদেষ্টা দৈবমুপাস্যঃ কুলপতির্নিয়ন্তা।

উদ্ধব কহিলেন, হে অবলাগণ! দান, ব্রত, তপস্যা, হোম, জপ, বেদাধ্যয়ন, ইন্দ্রিয়দমন এবং অন্যান্য শ্রেয়ঃ সাধন বিবিধ কর্ম্ম দ্বারা শ্রীকৃষ্ণের প্রতি ভক্তিই উপার্জন করিয়া থাকে ॥ ২৯৯ ॥

ভগবদ্গীতার ৭ অধ্যায়ে ২৮ শ্লোকে ॥

পুণ্যকর্ম্মের অনুষ্ঠান-কারক যে সকল লোকের পাপ ক্ষীণপ্রায় হয়, তাঁহারাই দ্বন্দ্ব অর্থাৎ সুখদুঃখ এবং মোহ হইতে বিমুক্ত ও দৃঢ়ব্রত অর্থাৎ একান্ত ভক্ত হইয়া আমাকে ভজনা করেন ॥ ৩০০ ॥

৫ স্কন্ধে ৬ অধ্যায়ে ১৮ শ্লোকে
পরীক্ষিতের প্রতি শ্রীশুকদেবের বাক্য ॥

হে রাজন্! ভগবান্ মুকুন্দ তোমাদের ও যদুদিগের পতি অর্থাৎ পালক এবং উপদেষ্টা, উপাস্য, প্রিয়, কুলের নিয়ন্তা এবং কদাচিৎ

অস্ত্বেবমঙ্গ ভজতাং ভগবান্ মুকুন্দো
মুক্তিং দদাতি কর্হিচিৎ স্ম ন ভক্তিযোগং ॥ ৩০১ ॥
পাদ্মে শ্রীপ্রহ্লাদস্তুতৌ ॥
লক্ষেষু শৃণুতে কশ্চিৎ কোটিষ্বেকস্তু বুধ্যতে।
ভক্তিতত্ত্বং পরিজ্ঞায় কশ্চিদেব সমাচরেৎ ॥ ৩০২ ॥
পূজয়া হসতে ভক্তির্জপতস্ত্রস্যতি স্ফুটং।

কিম্বহুনা ক চ কদাচিৎ বঃ পাণ্ডবানাং কিঙ্করোঽপি আজ্ঞানুবর্ত্তী। অস্তু নামৈবং। তথাঽপ্যন্যেষাং নিত্যং ভজতামপি মুক্তিং দদাতি নতু কদাচিদপি সপ্রেমভক্তিযোগং। যদ্বা। ভজতাং যজ্ঞাদিনা সেবমানানাং। যদ্বা স্বধর্ম্মাচরণাদিনা ভগবদাজ্ঞাপ্রতিপালনরূপাং ভক্তিং কুর্ব্বতামপি শ্রবণাদিভক্তিযোগং ন দদাতি। এবং ভগবৎপ্রসাদৈকলভ্যতা অন্যথা চ পরমদৌর্ল্লভ্যমিতি দর্শিতং এবঞ্চ শ্রবণাদিকমপি যো ন দদাতি স বো বশ্য ইতি পাণ্ডবানাং মাহাত্ম্যঞ্চ সিদ্ধমিতি দিক্ ॥ ৩০১ ॥

ভক্তেস্তত্ত্বং পরমানন্দঘনত্বং মাহাত্ম্যং বা লক্ষেষু লোকেষু মধ্যে কশ্চিদেব শৃণোতি। বুধ্যতে অবধারয়তি সমাচরেৎ ভক্তিং করোতি ॥ ৩০২ ॥

যা ভক্তিঃ পূজয়া সকামত্রপাঙ্গপূজাবিধিনা হসতি তামুপহসতীত্যর্থঃ। তয়া প্রায়স্তুচ্ছফলাবাপ্তেঃ জপতোমন্ত্রজপাৎ ত্রস্যতি বিভেতি দূরমপসরতীত্যর্থঃ। প্রায়োমন্ত্রজপে বিবিধ-

দৌত্যকার্য্যে তোমাদের কিঙ্করও হইয়াছেন। মহারাজ! ভগবান্ তোমাদের প্রতি এইরূপ হয়েন এবং যাঁহারা তাঁহার ভজন করেন তাঁহাদিগকে মুক্তিই দিয়া থাকেন, কিন্তু তিনি ভক্তিযোগ কখনও কাহাকেও দেন না ॥ ৩০১ ॥

পদ্মপুরাণে প্রহ্লাদের স্তবে ॥

লক্ষের মধ্যে কোন এক ব্যক্তি ভক্তিতত্ত্ব শ্রবণ করে, কোটির মধ্যে কোন এক ব্যক্তি ভক্তিতত্ত্ব বুঝিতে পারে এবং ভক্তিতত্ত্ব জানিতে পারিয়া তাহাদের মধ্যে আবার কোন এক ব্যক্তি ভক্তি যাজন করে ॥ ৩০২ ॥

সকাম-পূজায় ভক্তি হাস্য করেন, মন্ত্র-জপ-কারিকে দেখিয়া দূরে

সমাধিযোগাচ্চ বহিঃ সা ভক্তিঃ কেন গৃহ্যতে ॥ ৩০৩ ॥
ষষ্ঠস্কন্ধে বৃত্রোপাখ্যানান্তে ॥
দেবানাং শুদ্ধসত্ত্বানামৃষীণাঞ্চামলাত্মনাং।
ভক্তির্মুকুন্দচরণে ন প্রায়েণোপজায়ত ইতি ॥ ৩০৪ ॥
শ্রীমদ্ভক্ত্যৈ নমস্তস্যৈ যস্যা মাহাত্ম্যমন্দরং।
যৎপ্রভাবেণ লোলোঽয়ং কীটোঽপ্যুদ্ধর্ত্তুমিচ্ছতি ॥ ৩০৫ ॥

কামানামেব কচ্চিন্মুক্তেরেব চ সিদ্ধ্যুক্তেঃ সমাধিলক্ষণাৎ যোগাচ্চ বহিঃ তেনাপ্যপ্রাপ্যেত্যর্থঃ। তস্য শূন্যময়ত্বেন তত্র শ্রবণাদিভক্তেরপ্রবৃত্তেঃ। কেন গৃহ্যতে আত্মসাৎ ক্রিয়তে অপিতু ভগবৎপ্রসাদং বিনা ন কেনাপ্যাত্মসাৎ কর্ত্তুংশক্যত ইত্যর্থঃ ॥ ৩০৩ ॥

শুদ্ধসত্ত্বময়ানামপি দেবানাং অমলাত্মনাং নির্ম্মলচিত্তানামপি ঋষীণাং। প্রায়েণ রতিঃ কদাচিৎ কস্যচিদেব জায়ত ইত্যর্থঃ ॥ ৩০৪ ॥

এবং পরমদৌর্ল্লভ্যেন ভক্তের্মাহাত্ম্যং লিখিত্বা ইদানীং পরমপি কিয়ন্মাহাত্ম্যবিশেষং লিখন্ আদৌ ভক্ত্যা ভক্তিমেব তৎসিদ্ধয়ে প্রণমতি শ্রীমদিতি মাহাত্ম্যমেব মন্দরো নাম মহাপর্ব্বতঃ পরমবিস্তীর্ণত্বগুরুত্বাদিনা তং কীটতুল্যঃ ক্ষুদ্রতরোঽপ্যয়ং জনঃ। যস্যা ভক্তেঃ প্রভাবেণ লোলঃ সন্ উদ্ধর্ত্তুং সমাহর্ত্তুমিচ্ছতি। অতোঽশক্যেঽপি কর্ম্মণি প্রবৃত্তিস্তৎশক্তিপ্রেরণয়ৈব ন মে স্বত ইতি তন্মহিম্নৈব তন্মাহাত্ম্যং কিঞ্চিল্লেখ্যমিতি ভাবঃ ॥ ৩০৫ ॥

পলায়ন করেন এবং সমাধি ও যোগের বাহিরে অবস্থিতি করেন, অতএব ভগবদনুগ্রহ ব্যতিরেকে কেহই ভক্তিলাভ করিতে পারে না ॥৩০৩

ষষ্ঠস্কন্ধে ১৪ অধ্যায়ে ২ শ্লোকে
বৃত্রাসুরের উপাখ্যানের অন্তে ॥

রাজা পরীক্ষিৎ শুকদেবকে জিজ্ঞাসা করিলেন ব্রহ্মন্! শুদ্ধসত্ত্ব দেবগণ ও নির্ম্মলাত্মা ঋষি সকলেরও প্রায় মুকুন্দচরণে ভক্তি জন্মে না, ইহাতে পাপাত্মা বৃত্রের কি প্রকারে তাঁহার প্রতি ভক্তি হইয়াছিল ॥ ৩০৪ ॥

যাঁহার মাহাত্ম্য মন্দরপর্ব্বতের ন্যায় মহৎ, সেই শ্রীমতী ভক্তিদেবীকে নমস্কার, তাঁহারই প্রভাবে লালসান্বিত হইয়া এই কীটতুল্য ব্যক্তি তদীয় মাহাত্ম্য সংগ্রহ করিতে ইচ্ছা করিতেছে ॥ ৩০৫ ॥

অথ শ্রীভগবদ্ভক্তিমাহাত্ম্যং ॥

তত্রাদৌ ভক্তিমতঃ কথঞ্চিদাপতিতেঽপি

পাপে প্রায়শ্চিত্তান্তরনিরসনত্বং ॥

পাদ্মে বৈশাখমাহাত্ম্যে—

নারদাম্বরীষসম্বাদে ॥

যথাগ্নিঃ সুসমিদ্ধার্চ্চিঃ করোত্যেধাংসি ভস্মসাৎ।

পাপানি ভগবদ্ভক্তিস্তথা দহতি তৎক্ষণাৎ ॥ ৩০৬ ॥

ষষ্ঠে অজামিলোপাখ্যানারম্ভে ॥

কেচিৎ কেবলয়া ভক্ত্যা বাসুদেবপরায়ণাঃ।

পাকাদ্যর্থমপি প্রজ্বালিতোঽগ্নির্যথা কাষ্ঠানি ভস্মীকরোতি তথা ভগবদর্থমপ্যনুষ্ঠীয়মানা ভক্তিঃ সর্ব্বাণ্যেব পাপানি তৎক্ষণাৎ পাপোৎপত্তিসমকাল এব দহতি ॥ ৩০৬ ॥

তপসা ব্রহ্মচর্য্যেণ শমেন চ দমেন চ। ত্যাগেন সত্যশৌচাভ্যাং যমেন নিয়মেন চ। দেহবাগ্বুদ্ধিজং ধীরা ধর্ম্মজ্ঞাঃ শ্রদ্ধয়ান্বিতাঃ। ক্ষিপন্ত্যঘং মহদপি বেণুগুল্মমিবানলঃ। ইত্যুক্তস্য প্রায়শ্চিত্তস্যাতিতুচ্ছত্বান্মুখ্যমেবান্যৎ প্রায়শ্চিত্তমাহ কেচিদিতি। কেচিদিত্যনেন এব-

---

অথ শ্রীভগবদ্ভক্তিমাহাত্ম্য ॥

তন্মধ্যে প্রথমতঃ ভক্তিমান্ ব্যক্তির কোন ক্রমে পাপ উপস্থিত হইলেও, অন্য প্রায়শ্চিত্ত নিষেধ ॥

যথা পদ্মপুরাণে বৈশাখমাহাত্ম্যে

নারদ ও অম্বরীষসম্বাদে ॥

যেমন পাকাদি নিমিত্ত প্রজ্বালিত অগ্নি কাষ্ঠ সকলকে ভস্ম করে, তদ্রূপ ভগবদ্ভক্তি অনুষ্ঠীয়মানা হইলে তৎক্ষণাৎ অর্থাৎ পাপোৎপত্তির সমকালেই পাপ সকলকে দগ্ধ করেন ॥ ৩০৬ ॥

ষষ্ঠস্কন্ধে ১ অধ্যায়ে ১৩ শ্লোকে

অজামিলের উপাখ্যানের আরম্ভে ॥

অতএব ঐ প্রকার প্রায়শ্চিত্তই মুখ্য, পরন্তু তদ্ব্যতিরিক্ত অন্য

অঘং ধুন্বন্তি কাৎস্নের্ন্যেন নীহারমিব ভাস্করঃ ॥ ৩০৭ ॥
একাদশে শ্রীভগবদুদ্ধবসম্বাদে ॥
যথাগ্নিঃ সুসমিদ্ধার্চ্চিঃ করোত্যেধাংসি ভস্মসাৎ।
তথা মদ্বিষয়া ভক্তিরুদ্ধবৈনাংসি কৃৎস্নশঃ ॥ ৩০৮ ॥
অতএবোক্তং তত্রৈব শ্রীকরভাজনেন ॥

স্তুতা ভক্তিপ্রধানা বিরলা ইতি দর্শয়তি। কেবলয়া তপআদিনিরপেক্ষয়া বাসুদেবপরায়ণা ইতি নাধিকারিবিশেষণমেতৎ। কিন্তু অন্যেষামশ্রদ্ধয়া তত্রাপ্রবৃত্তেরর্থান্তেষ্বেব পর্য্যবসানাদনুবাদমাত্রং। কাৎস্নের্ন্যেন মূলতোঽঙ্গতশ্চেত্যর্থঃ। তত্রানুরূপো দৃষ্টান্তঃ ভাস্করো-নীহারং তৎকৃততম ইব। এবমত্র সমূলসাঙ্গাশেষপাপনাশোঽভিপ্রেতঃ। পূর্ব্বঞ্চ অনলো বেণুগুল্মমিবেতি অনলস্য ভূম্যন্তর্গত দহনাশক্ত্যা ভস্মাদেরপি বিদ্যমানতয়া সমূলাশেষপাপনিবৃত্তিরুক্তা। এবমপি পূর্ব্বতোঽস্য বিশেষোঽবগন্তব্যঃ ॥ ৩০৭ ॥

আস্তাং তাবদুত্তমভক্তেঃ কথা যথাকথঞ্চিৎ ভক্ত্যাপি স্বতএব সমূলাশেষপাপক্ষয়ঃ স্যাদিত্যাহ যথেতি। পাকাদ্যর্থমপি প্রজ্বালিতোঽগ্নির্যথা কাষ্ঠানি ভস্মীকরোতি তথা রাগাদিনাপি কথঞ্চিন্মদ্বিষয়া সতী ভক্তিঃ সমস্তপাপানীতি ভগবানপি স্বভক্তমাশ্চর্য্যেণ সম্বোধয়তি অহো উদ্ধব বিস্তরেণ শৃণ্বিতি ॥ ৩০৮ ॥

প্রায়শ্চিত্তও আছে, অর্থাৎ বাসুদেব পরায়ণ কতিপয় সাধুব্যক্তি দিবাকরের কিরণে নীহার বিনাশের ন্যায় ভগবানের ঐকান্তিকী ভক্তি দ্বারা সমুদায় পাপ সম্পূর্ণরূপে উন্মূলিত করিয়া থাকেন ॥ ৩০৭ ॥

১১ স্কন্ধে ১৪ অধ্যায়ে ১৮ শ্লোকে
শ্রীভগবান্ ও উদ্ধবের সম্বাদে ॥

হে উদ্ধব! যেমন পাকাদি নিমিত্ত প্রজ্বালিত ও প্রদীপ্তশিখা-বিশিষ্ট অগ্নি কাষ্ঠ সকলকে ভস্মসাৎ করে, তদ্রূপ মদ্বিষয়িকা ভক্তি সমুদায় রাগতঃ প্রবৃত্ত পাপরাশিকে বিনষ্ট করেন ॥ ৩০৮ ॥

ঐ ১১ স্কন্ধে ৫ অধ্যায়ে ৩৮ শ্লোকে
করভাজনের বাক্য ॥

স্বপাদমূলং ভজতঃ প্রিয়স্য
ত্যক্তান্যভাবস্য হরিঃ পরেশঃ।
বিকর্ম্ম যচ্চোৎপতিতং কথঞ্চি-
দ্ধুনোতি সর্ব্বং হৃদি সন্নিবিষ্টঃ॥ ৩০৯॥
দ্বারকামাহাত্ম্যে চন্দ্রশর্ম্মাণং প্রতি শ্রীভগবতা।
মদ্ভক্তিং বহতাং পুংসামিহ লোকে পরেঽপি বা।
নাশুভং বিদ্যতে কিঞ্চিৎ কুলকোটিং নয়েদ্দিবং॥ ৩১০॥
বিষয়ভোগেঽপি তদ্দোষনিরাকরত্বং॥

দেবর্ষি ভূতাপ্তনৃণামিতি নিরন্তরপূর্ব্বশ্লোকেন বিহিতকর্ম্মনিবৃত্তিমুক্ত্বা নিষেধনিমিত্ত-প্রায়শ্চিত্তনিবৃত্তিমাহ স্বপাদেতি। ত্যক্তঃ অন্যস্মিন্ দেহাদৌ দেবান্তরে ভাবো যেন। অত-এব তস্য বিকর্ম্মণি প্রবৃত্তি র্ন সম্ভবতি। যচ্চ কথঞ্চিৎ প্রমাদাদিনা উৎপতিতং অকস্মাৎ প্রাপ্তং ভবেৎ তদপি হরির্ধুনোতি। নমু যমস্তন্ন মন্যেত তত্রাহ পরেশঃ পরমেশ্বরঃ। নমু শ্রুতিস্মৃতী মমৈবাজ্ঞে ইতি ভগবদ্বচনাৎ স্বাজ্ঞাভঙ্গং কথং সহেত তত্রাহ প্রিয়স্য। নমু নায়ং পাপক্ষয়ার্থং ভজতে তত্রাহ হৃদি সন্নিবিষ্টঃ। নহি বস্তুশক্তির্বর্থিতামপেক্ষত ইত্যর্থঃ॥৩৪৯

অশুভং পাপং অমঙ্গলং বা পাপমূলকং তেষাং কুলকোটিং ভক্তিরেব দিবং শ্রীবৈকুণ্ঠ-লোকং প্রাপয়তি॥ ৩১০॥

মহারাজ! স্বীয় পাদমূল ভজনাকারী অন্য অর্থাৎ দেহাদিতে বা অন্য দেবতাদিতে ভাবরহিত হরিভক্ত, যদি কখন প্রমাদ বশতঃ নিষিদ্ধ কর্ম্মে পতিত হয়েন, তাহা হইলে তাঁহার হৃদয়-প্রবিষ্ট হরি তদীয় সমু-দায় পাপ বিনষ্ট করেন॥ ৩০৯॥

দ্বারকামাহাত্ম্যে চন্দ্রশর্ম্মার প্রতি। শ্রীভগবানের বাক্য॥

যে সকল পুরুষ আমার ভক্তি বহন করেন, তাঁহাদিগের ইহলোকে বা পরলোকে পাপমূলক কোন অমঙ্গল নাই, পরন্তু ভক্তিদেবী তাঁহা-দিগের কোটিকুলকে বৈকুণ্ঠলোক প্রাপ্ত করান॥ ৩১০॥

ভগবদ্ভক্তের বিষয়ভোগেতেও বিষয়-জনিত দোষ হয় না॥

একাদশস্কন্ধে তত্রৈব ॥

বাধ্যমানোঽপি মদ্ভক্তো বিষয়ৈরজিতেন্দ্রিয়ঃ।
প্রায়ঃ প্রগল্‌ভয়া ভক্ত্যা বিষয়ৈর্নাভিভূয়তে ॥ ৩১১ ॥

কর্ম্মাধিকারনিরসনত্বং তত্রৈব ॥

তাবৎ কর্ম্মাণি কুর্ব্বীত ন নির্ব্বিদ্যেত যাবতা।
মৎকথাশ্রবণাদৌ বা শ্রদ্ধা যাবন্ন জায়তে ॥ ৩১২ ॥

বিষয়ৈর্ব্বাধ্যমান আকৃষ্যমাণোঽপি। অতঃ প্রায়োঽজিতেন্দ্রিয়ঃ প্রগল্‌ভয়া সমর্থয়া পরমপদপ্রদানশক্তায়া অপি ভক্তের্ব্বিষয়াভিভবতো রক্ষণং কতরৎ প্রয়োজনমিতি ভাবঃ ॥ ৩১১ ॥

ভক্তিমতঃ কর্ম্মানধিকারাৎ কর্ম্মত্যাগেঽপি ন দোষঃ স্যাদিতি ভক্তের্মাহাত্ম্যং লিখতি তাবদিতি। কর্ম্মাণি নিত্যনৈমিত্তিকাদীনি। যাবতা যাবৎ ন নির্ব্বিদ্যতে কর্ম্মফলেষু ঐহিকামুষ্মিকবিষয়ভোগেষু বা বিরক্তো ন স্যাৎ। শ্রদ্ধা বিশ্বাসঃ প্রীতির্ব্বা আদিশব্দেন কীর্ত্তনাদিভক্তিপ্রকারাঃ নির্ব্বেদে জাতে মৎকথাশ্রবণাদিশ্রদ্ধায়াং বা জাতায়াং ন কুর্য্যাদিত্যর্থঃ। কর্ম্মণাং সাবধিত্বেন সাধ্যে সিদ্ধে সাধনপরিত্যাগোপপত্তেঃ। বা শব্দেন পূর্ব্বতোঽস্য পক্ষস্যাধিক্যং সূচিতং যে বা ময়ীশ ইতিবৎ। বৈরাগ্যে জাতেঽপি কর্ম্মত্যাগো যুক্তঃ কিং পুনর্ব্বৈরাগ্যস্য ফলশ্রবণাদৌ জাতে সতীতি ভাবঃ ॥ ৩১২ ॥

একাদশ স্কন্ধে ১৪ অধ্যায়ে ১৭ শ্লোকে ॥

ভগবান্ কহিলেন, হে উদ্ধব! উত্তম ভক্তের কথা থাকুক, প্রাকৃত ভক্তও কৃতার্থ হয়েন, যদিও আমার ভক্তব্যক্তি অজিতেন্দ্রিয়তাবশতঃ কখন বিষয় ব্যবহারে বাধ্য হয়েন, তথাপি তিনি প্রগল্‌ভ ভক্তিপ্রভাবে প্রায়ই বিষয় দ্বারা অভিভূত হয়েন না ॥ ৩১১ ॥

ভগবদ্ভক্তদিগের কর্ম্ম করণে অধিকার নিবৃত্তি ॥

১১ স্কন্ধে ২০ অধ্যায়ে ৯ শ্লোকে ॥

ভগবান্ কহিলেন, যাবৎকাল কর্ম্মাদি বিষয়ে বিরক্তি না জন্মে বা যত দিন পর্য্যন্ত আমার কথা প্রসঙ্গাদি বিষয়ে শ্রদ্ধা উপস্থিত না হয়, তাবৎকালই নিত্য নৈমিত্তিকাদি কর্ম্ম করিবে ॥ ৩১২ ॥

অতএবোক্তং প্রথমস্কন্ধে ॥

ত্যক্ত্বা স্বধর্ম্মং চরণাম্বুজং হরে-
র্ভজন্নপক্কোঽথ পতেত্ততো যদি।
যত্র ক্ব বাঽভদ্রমভূদমুষ্য কিং
কো বার্থ আপ্তো ভজতাং স্বধর্ম্মতঃ ॥ ৩১৩ ॥

একান্তিলক্ষণে যচ্চ লিখিতং শরণাগতৌ।

নৈষ্কর্ম্ম্যমপ্যচ্যুতভাববর্জ্জিতমিত্যাদিনা কাম্যকর্ম্মাদেরনর্থহেতুত্বাত্মন্বিতায় হরের্লীলাদিবর্ণনারূপা ভক্তিঃ কার্য্যেত্যুক্ত্বা ইদানীং নিত্যনৈমিত্তিকাদিস্বধর্ম্মনিষ্ঠানপ্যনাদৃত্য কেবলং হরিভক্তিরেব কার্য্যেত্যাহ ত্যক্ত্বেতি। স্বধর্ম্মং নিজনিজবর্ণাশ্রমধর্ম্মং ত্যক্ত্বা। নন্বু স্বধর্ম্মত্যাগেন ভজন্ ভক্তিপরিপাকেণ যদি কৃতার্থো ভবেত্তর্হি ন কাচিচ্চিন্তা। যদি পুনরপক্ব এব ম্রিয়েত ততো ভ্রশ্যেত বা তদাচ স্বধর্ম্মত্যাগনিমিত্তোঽনর্থঃ স্যাদিত্যাহ ততো ভজনাৎ পতেৎ কথঞ্চিৎ ভ্রশ্যেৎ ম্রিয়েত বা যদি তদাপি ভক্তিরসিকস্য কর্ম্মানধিকারান্নানর্থশঙ্কা। অঙ্গীকৃত্যাপ্যাহ। বা শব্দঃ কটাক্ষে। যত্র ক্ব বা নীচযোনাবপি অমুষ্য ভক্তিরসিকস্য অভদ্রমভূৎ কিং নাভূদেবেত্যর্থঃ। ভক্তিবাসনাসম্ভাবনাদিতি ভাবঃ। অভজদ্ভিস্তু কেবলং স্বধর্ম্মতঃ কো বার্থঃ প্রাপ্তঃ। অভজতামিতি ষষ্ঠী সম্বন্ধমাত্রবিবক্ষয়া। অতএব শ্রীভগবদ্গীতাসু। সর্ব্বান্তে সর্ব্বোপদেশসারঃ সর্ব্বধর্ম্মান্ পরিত্যজ্যেতি। একাদশস্কন্ধে চ। তস্মাত্ত্বমুদ্ধবোৎসৃজ্যেত্যাদি। তচ্চ সর্ব্বমগ্রে শরণাপত্তৌ লেখ্যামেব ॥ ৩১৩ ॥

একান্তিপ্রকরণে আজ্ঞায়ৈবমিত্যাদিনা যাল্লিখিতং তচ্চাগ্রে শরণাগতিপ্রকরণে সর্ব্ব-

অতএব ১ স্কন্ধে ৫ অধ্যায়ে ১৭ শ্লোকে ॥

স্বধর্ম্ম ত্যাগ পূর্ব্বক হরিচরণারবিন্দ ভজন করত কোন ব্যক্তি যদি অপক্ব দশাতেই তাহা হইতে ভ্রষ্ট অথবা মৃত্যু প্রাপ্ত হয়, তথাপি তাহার কখন স্বধর্ম্ম ত্যাগ জনিত অমঙ্গল অর্থাৎ নীচযোনি প্রভৃতিতে জন্ম লাভ হয়? কদাপি হয় না, হরিচরণারবিন্দ ভজন ব্যতিরেকে কেবল স্বধর্ম্ম পালন দ্বারা কোন্ ব্যক্তিই বা অর্থ লাভ করিয়াছে? ॥৩১৩

পূর্ব্বে একান্তি লক্ষণে অর্থাৎ "আজ্ঞায়ৈবং" ইত্যাদি শ্লোকে যাহা

লেখ্যঞ্চ তত্তদ্বচনৈরেতৎ সুদৃঢ়তামিয়াৎ ॥ ৩১৪ ॥

মনঃ প্রসাদকত্বং প্রথমস্কন্ধে ॥

স বৈ পুংসাং পরো ধর্ম্মো যতো ভক্তিরধোক্ষজে।
অহৈতুক্যপ্রতিহতা যয়াত্মা সুপ্রসীদতি ॥ ৩১৫ ॥

অতএবোক্তমেকাদশে ॥

ধর্ম্মঃ সত্যদয়োপেতো বিদ্যা বা তপসান্বিতা।
মদ্ভক্ত্যাপেতমাত্মানং ন সম্যক্ প্রপুনাতি হি ॥ ৩১৬ ॥

ধর্ম্মানিত্যাদিনা লেখ্যং। এতৎ কর্ম্মাধিকারনিরসনং তাৎপর্য্যদ্বারা সুদৃঢ়ং ভবতীত্যর্থঃ ॥ ৩১৪ ॥

বৈ প্রসিদ্ধৌ নিশ্চয়ে বা। পর উৎকৃষ্টো ধর্ম্মঃ স এব। যতো ধর্ম্মাৎ। অহৈতুকী হেতুঃ ফলানুসন্ধানং তদ্রহিতা। অপ্রতিহতা বিঘ্নৈরনভিভূতা। যথা ভক্ত্যা আত্মা চিত্তং স্বয়মেব সুষ্ঠুপ্রসীদতীতি আনুষঙ্গিকফলমুক্তং ॥ ৩১৫ ॥

অপেতং রহিতং ॥ ৩১৬ ॥

লিখা হইয়াছে এবং পরে শরণাগতি প্রকরণে "সর্ব্বধর্ম্মান্ পরিত্যজ্য" ইদ্যাদি শ্লোকে যাহা লিখিত হইবে তাহার তাৎপর্য্য দ্বারা এই কর্ম্মাধিকার নিরসন সুদৃঢ় হইবে ॥ ৩১৪ ॥

শ্রীভগবদ্ভক্তির মনের প্রসাদকত্ব

১ স্কন্ধে ২ অধ্যায়ে ৭ শ্লোকে যথা—

হে মুনিগণ! আপনারা আমাকে জিজ্ঞাসা করিয়াছেন যে, সর্ব্ব শাস্ত্রের সার ঐকান্তিক শ্রেয়ঃ বল, তাহা এই যে ধর্ম্ম দুই প্রকার এক প্রবৃত্তি লক্ষণ, দ্বিতীয় নিবৃত্তি লক্ষণ, আর যাহা হইতে ফলাভিসন্ধান-রহিতা এবং বিঘ্নকর্ত্তৃক অপ্রতিহতা শ্রীকৃষ্ণে ভক্তি জন্মে তাহাই পরম-ধর্ম্ম, তাহাই পরম-মঙ্গল, কেন না তদ্দ্বারা চিত্ত প্রসন্ন হয় ॥ ৩১৫ ॥

অতএব ১১ স্কন্ধে ১৪ অধ্যায়ে ২১ শ্লোকে ॥

অতএব ভক্তিসাধন ব্যতিরেকে অন্য সাধন সকল ব্যর্থ, কারণ, সত্য ও দয়াসহকৃত ধর্ম্ম বা তপস্যা-যুক্ত বিদ্যা ইহারা মদ্ভক্তিবিহীন আত্মাকে সম্যক্ প্রকারে পবিত্র করিতে পারে না ॥ ৩১৬ ॥

পরমপাবনত্বং তত্রৈব ॥

ভক্তিঃ পুনাতি মন্নিষ্ঠা শ্বপাকানপি সম্ভবাৎ ॥ ৩১৭ ॥

পরমধর্ম্মত্বং ষষ্ঠে ॥

এতাবানেব লোকেঽস্মিন্ পুংসাং ধর্ম্মঃ পরঃ স্মৃতঃ।
ভক্তিযোগো ভগবতি তন্নামগ্রহণাদিভিঃ ॥ ৩১৮ ॥

অতএবোক্তং পাদ্মে ॥

কিন্তস্য বহুভির্মন্ত্রৈঃ শাস্ত্রৈঃ কিং বহুবিস্তরৈঃ।
বাজপেয়সহস্রৈঃ কিং ভক্তির্যস্য জনার্দ্দনে ॥ ৩১৯ ॥

সর্ব্বগুণাদিসেব্যতাকারিত্বং ॥

সম্ভবাৎ জাতিদোষাদপি পুনাতি ॥ ৩১৭ ॥

তস্য ভগবতো নামগ্রহণাদিভিরিতি ভক্তের্নামগ্রহণপ্রধানতাভিপ্রেতা ॥ ৩১৮ ॥

মন্ত্রৈঃ সাধিতৈঃ কিং ॥ ৩১৯ ॥

ভগবদ্ভক্তির পরমপাবনত্ব—

ঐ একাদশস্কন্ধে ১৪ অধ্যায়ের ২০ শ্লোকে ॥

আমাতে নিষ্ঠারূপ যে দৃঢ়া ভক্তি তাহা চণ্ডালকেও জাতি দোষ হইতে পবিত্র করেন ॥ ৩১৭ ॥

ভগবদ্ভক্তির পরমধর্ম্মত্ব—

ষষ্ঠস্কন্ধে ৩ অধ্যায়ে ২২ শ্লোকে ॥

যম কহিলেন, হে দূতগণ! নামসংকীর্ত্তনাদি দ্বারা ভগবান্ বাসুদেবে যে ভক্তিযোগ তাহাই ইহলোকে পুরুষদিগের পরমধর্ম্ম, তাহাকেই ভাগবতধর্ম্ম বলে ॥ ৩১৮ ॥

অতএব পদ্মপুরাণে বলিয়াছেন ॥

যে ব্যক্তির জনার্দ্দনের প্রতি ভক্তি আছে তাঁহার বহু বহু মন্ত্র, বহু বিস্তর শাস্ত্র এবং সহস্র বাজপেয় যজ্ঞে কি হইবে ॥ ৩১৯ ॥

ভগবদ্ভক্তির সর্ব্বগুণাদিসেব্যতাকারিত্ব—

পঞ্চমস্কন্ধে শ্রীপ্রহ্লাদোক্তৌ ॥

যস্যাস্তি ভক্তির্ভগবত্যকিঞ্চনা

সর্ব্বৈর্গুণৈস্তত্র সমাসতে সুরাঃ।

হরাবভক্তস্য কুতো মহদ্গুণা

মনোরথেনাসতি ধাবতো বহিঃ ॥ ৩২০ ॥

অহঙ্কারোন্মূলনত্বং চতুর্থে শ্রীধ্রুবং প্রতি মনূক্তৌ ॥

ত্বং প্রত্যগাত্মনি তদা ভগবত্যনন্তে

অকিঞ্চনা নিষ্কিঞ্চনা শুদ্ধা বা। সর্ব্বে দেবাঃ সর্ব্বৈর্গুণৈর্ধর্ম্মজ্ঞানাদিভিঃ সহ তত্র সম্যগাসতে নিত্যং বসন্তি মহতাং গুণাঃ জ্ঞানবৈরাগ্যাদয়ঃ প্রেমবিকারা বা কুতো ভবন্তি। তত্র হেতুঃ অসতি বিষয়সুখে তুচ্ছমোক্ষসুখে বা মনোরথেন বহির্ভক্তে র্দূরে ধাবতঃ ॥ ৩২০ ॥

আত্মানমন্বিচ্ছ . বিমুক্তমাত্মদৃগিতি পূর্ব্বমুক্তং তদন্বেষণফলমাহ ত্বমিতি। তদাম্বেষণকাল এব। প্রত্যগাত্মনি পরমাত্মনি সর্ব্বান্তর্যামিনীত্যর্থঃ। অনন্তে অপরিচ্ছিন্নে আনন্দমাত্রে সুখমূর্ত্তৌ। ভগবতি শ্রীকৃষ্ণে। পরমাং নিষ্কামাং বিশুদ্ধাম্বা। শনৈকৈর্ব্বিধায়েতি

পঞ্চমস্কন্ধে ১৮ অধ্যায়ে ১১ শ্লোকে শ্রীপ্রহ্লাদের বাক্যে ॥

ফলতঃ ভগবানের প্রতি যাঁহার নিষ্কামা ভক্তিজন্মে, মনঃ শুদ্ধ হওয়াতে তিনি স্বয়ং হরিভক্ত হয়েন, তাহার পরে তাঁহার প্রতি হরির প্রসন্নতা হয়, তাহাতে দেবতা সকল ধর্ম্ম জ্ঞানাদি সহিত ঐ ব্যক্তিতে গিয়া নিত্য বসতি করেন। পরন্তু যে ব্যক্তি গৃহাদিতে আসক্ত, তাহার প্রায় ভগবদ্ভক্তি সম্ভবে না, ইহাতে তাহার মহদ্গুণ, জ্ঞান ও বৈরাগ্যাদি হইবার সম্ভাবনা কি? সে সর্ব্বদা কেবল বিষয় সুখ দর্শন করে, যদি তাহা না পায়, মনোরথ দ্বারাও তদর্থে বহির্ধাবমান হয় ॥ ৩২০ ॥

ভগবদ্ভক্তির অহঙ্কারোন্মূলনত্ব ॥

৪ স্কন্ধে ১১ অধ্যায়ে ২৯ শ্লোকে শ্রীধ্রুবের প্রতি স্বায়ম্ভুব মনুর উক্তি॥

হে তাত! তিনি সর্ব্বান্তরাত্মা, ভগবান্ অনন্ত এবং সমস্ত শক্তি-

আনন্দমাত্র উপপন্নসমস্তশক্তৌ।
ভক্তিং বিধায় পরমাং শনকৈরবিদ্যা-
গ্রন্থিং বিভেৎস্যসি মমাহমিতি প্ররূঢ়ং ॥ ৩২১ ॥
শ্রীপৃথুং প্রতি শ্রীসনকাদিভিঃ ॥
যৎপাদপঙ্কজপলাশবিলাসভক্ত্যা
কর্ম্মাশয়ং গ্রথিতমুদ্গ্রথয়ন্তি সন্তঃ।

পরমভক্তের্দুষ্করতয়া ক্রমেণৈব তৎসিদ্ধেঃ। যদ্বা। শনকৈঃ চিরং ক্রমেণ যো বিদ্যারূপো গ্রন্থিঃ তমিতি দুর্ভেদ্যতোক্তা। নন্বু তাদৃশস্য তবৈব কথং বিভেদো ঘটতে তত্রাহ উপপন্নাঃ সম্পন্নাঃ সমস্তাঃ শক্তয়ো যস্মিন্। যদ্বা। উপপন্নানাং প্রপন্নানাং সমস্তাঃ শক্তয়ো যস্মাত্তস্মিন্নিতি। এবং প্রত্যগাত্মাদিভগবন্মাহাত্ম্যজ্ঞানেন পূর্ব্বং নিষ্কামভক্ত্যকরণাদহঙ্কারাদ্যনপগমেন বৈরেণ কুবেরানুচরাস্ত্বয়া ঘাতিতা ইতি শ্রীধ্রুবং প্রতি মনোর্ব্বাক্যাভিপ্রায়ঃ। সচ কেবলং শ্রীশিবসখানুগরক্ষার্থমেব বিভীষিকয়া ন্যায়াভাসত ইত্যহং যথাকথঞ্চিদ্ভক্ত্যা মুক্তেরপি সুসিদ্ধেঃ ॥ ৩২১ ॥

এবং তাদৃশজ্ঞানেন পরম ভক্ত্যাহঙ্কারোন্মূলনং লিখিত্বা ইদানীং কথঞ্চিদপি ভজনেন তত্র স্যাদিতি দর্শয়তি যৎ পাদেতি। যস্য পাদপঙ্কজয়োঃ পলাশানি অঙ্গুলয়ঃ তেষাং বিলাসঃ কান্তিঃ তস্য ভক্ত্যা স্মৃত্যা। যদ্বা। নৃত্য গীতাদিবিলাসরূপয়াপি ভক্ত্যা কর্ম্মণ্যা-শেরতে যস্মিন্নিতি কর্ম্মাশয়োঽহঙ্কারঃ তদ্রূপং হৃদয়গ্রন্থিং কর্ম্মভিরেব গ্রথিতং দৃঢ়ং বদ্ধং সন্তো বৈষ্ণবা উদ্গ্রথয়ন্তি মোচয়ন্তি। রিক্তা নির্ব্বিশেষা সর্ব্বমূর্দ্ধন্যা মতির্যেষাং নিরুদ্ধঃ প্রত্যাহৃতঃ স্রোতোগণ ইন্দ্রিয়বর্গো যৈঃ। অরণং শরণং স্রোতোগণশব্দেনেদং সূচ্যতে যথা

সম্পন্ন ও আনন্দমাত্র তাঁহার স্বরূপ, তাঁহার প্রতি ভক্তি করিলে ক্রমে "আমি আমার" ইত্যাদি সুদৃঢ় অহঙ্কার গ্রন্থি ভেদ করিতে পারিবে ॥ ৩২১ ॥

৪ স্কন্ধে ২২ অধ্যায়ে ৩৭ শ্লোকে

পৃথুরাজার প্রতি সনকাদির বাক্য যথা—

মহারাজ! যাঁহার চরণপদ্মের অঙ্গুলি সকলের বিলাস স্মরণমাত্রে সাধুপুরুষেরা যেমন অনায়াসে কর্ম্ম দ্বারা গ্রথিত হৃদয়গ্রন্থি ছেদন

তদ্বদমরিক্তমতয়ো যতয়োনিরুদ্ধ-
স্রোতোগণাস্তমরণং ভজ বাসুদেবং ॥ ৩২২ ॥
সর্ব্বমার্গাধিকত্বং তৃতীয়ে শ্রীকাপিলেয়ে ॥
ন যুজ্যমানয়া ভক্ত্যা ভগবত্যখিলাত্মনি।
সদৃশোঽস্তি শিবঃ পন্থা যোগিনাং ব্রহ্মসিদ্ধয়ে ॥ ৩২৩ ॥
ষষ্ঠে চ ॥
সধ্রীচীনো হ্যয়ং লোকে পন্থাঃ ক্ষেমোঽকুতোভয়ঃ।

গঙ্গাদিপ্রবাহস্য কথঞ্চিদপি যত্নান্নিরোধঃ সম্ভবেদেবমিন্দ্রিয়স্যাপি। ভবতু বা কস্যচিদিন্দ্রিয়স্য সর্ব্বস্য তু ন ভবত্যেব যদি বা কদাচিৎ কস্যচিদ্যতেঃ সর্ব্বনিরোধো ভবতু নাম তথাপ্যহঙ্কারোন্মূলনং সম্যক্ ন স্যাদেবেতি। অতঃ শ্লেষেণ রিক্তমতয়ঃ নির্ব্বুদ্ধয় এবেত্যুক্তং। যথা সন্তো ভক্ত্যোদগ্রথয়ন্তি যত্র যশ্চ তদ্বন্নিতি সন্তাঃ পৃথক্ত্বেন নির্দ্দেশাদ্ভক্তিবিমুখানাং যতীনাং তদিতরত্বমপ্যুক্তং। এবং তেষাং ভক্ত্যনাদরেণ নিন্দেতি দিক্ ॥ ৩২২ ॥

যোগাদিকমপি ব্রহ্মসিদ্ধয়ে আত্মতত্ত্বপরিস্ফূর্ত্তয়ে মুক্তয়ে ইত্যর্থঃ। ভক্ত্যা সদৃশঃ শিবো নির্ব্বিঘ্নো মঙ্গলরূপো বা পন্থা নাস্তি ॥ ৩২৩ ॥

অয়ং পন্থা ভক্তিমার্গঃ সধ্রীচীনঃ সমীচীনঃ যতঃ ক্ষেমঃ কল্যাণং। ক্ষেমত্বে হেতুঃ ন কুতশ্চি-

করিয়া থাকেন যে সকল যতির মতি নির্বিষয় ও ইন্দ্রিয়গণ বিষয় হইতে প্রত্যাহৃত, তাঁহারাও সেরূপ সহজে কর্ম্মগ্রন্থি ভেদ করিতে সমর্থ হয়েন না। অতএব তুমি সেই শরণ্য-ভগবান্ বাসুদেবকে সর্ব্বান্তঃকরণে ভজনা কর ॥ ৩২২ ॥

ভগবদ্ভক্তির সকল পথ অপেক্ষা অধিকত্ব—
৩ স্কন্ধে ২৫ অধ্যায়ে ১৮ শ্লোকে ॥

কপিলদেব কহিলেন, মা! যোগিগণের ব্রহ্মজ্ঞান বিষযে সিদ্ধি নিমিত্ত অখিলাত্মা ভগবানে ভক্তিযোগ ব্যতীত শুভদায়ক আর দ্বিতীয় পথ নাই ॥ ৩২৩ ॥

৬ স্কন্ধের ১ অধ্যায়ে ১৫ শ্লোকেও ॥

ইহলোকে ভক্তিমার্গই সমীচীন পথ এবং পরমমঙ্গল দায়ক, এই

সুশীলাঃ সাধবো যত্র নারায়ণপরায়ণাঃ ॥ ৩২৪ ॥
অতএবোক্তং দ্বিতীয়ে শ্রীবাদরায়ণিনা ॥
ন হ্যতোঽন্যঃ শিবঃ পন্থা বিশতঃ সংসৃতাবিহ।
বাসুদেবে ভগবতি ভক্তিযোগোযতোভবেৎ ॥ ৩২৫ ॥
ভগবান্ ব্রহ্ম কাৎর্স্ন্যেন ত্রিরন্বীক্ষ্য মনীষয়া।

দ্বিঘ্নাদের্ভয়ং যস্মিন্। যদ্বা। ক্ষেমঃ মঙ্গলরূপোঽকুতশ্চিদ্ভয়শ্চ। তদেবাহ যত্র যস্মিন্ মার্গে সুশীলাঃ কৃপালবঃ সাধবোনিষ্কামাঃ অতো ন জ্ঞানমার্গবদসহায়তানিমিত্তং ভয়ং নাপি কর্ম্ম-মার্গবৎ মৎসরাদিযুক্তেভ্যো ভয়ং তেষাং সঙ্গত্যাচ সর্ব্বথা ক্ষেমমেবেতি ভাবঃ ॥৩২৪ ॥

অধুনা সর্ব্বমার্গফলত্বেন ভক্তেঃ সর্ব্বমার্গাধিকত্বমেব দ্রঢ়য়তি নহীতি দ্বাভ্যাং সন্তি চ সংসরতঃ পুংসো বহবো মোক্ষমার্গাঃ কিন্তু যতঃ পথোঽনুষ্ঠিতাৎ ভক্তিযোগো ভবেৎ। অতো ঽন্যঃ শিবঃ সুখরূপো নির্ব্বিঘ্নশ্চ পন্থা নাস্ত্যেবেত্যর্থঃ ॥ ৩২৫ ॥

অতস্তদাহ। ভগবান্ ব্রহ্মা কূটস্থঃ নির্ব্বিকারঃ একাগ্রচিত্তঃ সন্নিত্যর্থঃ ত্রিঃ ত্রীন্ বারান্ কাৎর্স্ন্যেন সাকল্যেন ব্রহ্ম বেদং অন্বীক্ষ্য বিচার্য্য যতঃ আত্মনি হরৌ রতির্ভবেৎ তদেব মনীষয়া অধ্যবস্যৎ সন্মার্গত্বেন সদ্বস্তুত্বেন বা নিশ্চিতবান্। এবং রতিহেতুত্বেন

পথে কোন বিঘ্নাদিরও আশঙ্কা নাই, ফলতঃ সুশীল, দয়ালু, নিষ্কাম সাধুগণ এই বর্ত্মে নিত্য বর্ত্তমান, এই কারণেই জ্ঞানমার্গের ন্যায় এই মার্গে সহায়তার অভাব নিমিত্ত ভয় অথবা কর্ম্মমার্গের ন্যায় মৎসরা-ন্বিত পুরুষ হইতে বিঘ্ন হইবার সম্ভাবনা নাই ॥

অতএব ২ স্কন্ধে ২ অধ্যায়ে ৩৩ শ্লোকে
শ্রীশুকদেব কহিয়াছেন ॥

হে রাজন্! সংসারি পুরুষদিগের মোক্ষ প্রাপ্তির পথ অনেক আছে সত্য বটে, কিন্তু এই দুই পথ অপেক্ষা সমীচীন সুখ স্বরূপ নির্ব্বিঘ্ন পথ অন্য নাই, কারণ উহা অনুষ্ঠিত হইলে ভগবান্ বাসুদেবে ভক্তিযোগ হয় ॥ ৩২৫ ॥

মহারাজ! ব্রহ্মা সমগ্র বেদ তিনবার বিচার করিয়া কিসে সেই

তদধ্যবস্যৎ কূটস্থোরতিরাত্মন্ যতোভবেৎ ॥ ৩২৬ ॥

সর্ব্বার্থসাধকত্বং বৃহন্নারদীয়ে ॥

শ্রীনারদোক্তৌ ॥

যথা সমস্তলোকানাং জীবনং সলিলং স্মৃতং।

তথা সমস্তসিদ্ধীনাং জীবনং ভক্তিরিষ্যতে ॥ ৩২৭ ॥

জীবন্তি জন্তবঃ সর্ব্বে যথা মাতরমাশ্রিতাঃ।

তথা ভক্তিং সমাশ্রিত্য সর্ব্বা জীবন্তি সিদ্ধয়ঃ ॥ ৩২৮ ॥

ধ্বজারোপণমাহাত্ম্যে শ্রীবিষ্ণুদূতোক্তৌ ॥

মহাপাতকযুক্তোবা যুক্তোবা সর্ব্বপাতকৈঃ।

ভক্তিযোগস্যৈব সন্মার্গত্বং দর্শিতং। যদ্বা। কার্য্যকারণযোরভেদবিবক্ষয়া রতিরেব ভক্তি-যোগ ইত্যভিপ্রেতং। যদ্বা। যতো ভক্তিযোগাৎ তদিতি তং ইতি ভক্তিযোগমাহাত্ম্য-মুক্তং ॥ ৩২৬ ॥

সমস্তানাং সিদ্ধীনাং অর্থানাং জীবনং ভক্তিরেবেতি তাং বিনা ন স্থ্যরিত্যর্থঃ ॥ ৩২৭ ॥

জীবন্তি সিদ্ধ্যন্তি ॥ ৩২৮ ॥

ঈপ্সিতামভীষ্টাং। পরমামুৎকৃষ্টাং। গতিং ফলং ॥ ৩২৯ ॥

পরমাত্মা হরিতে রতি হইতে পারে, ইহা একাগ্রচিত্তে চিন্তা করত বুদ্ধি দ্বারা নিশ্চয় করিয়াছিলেন ॥ ৩২৬ ॥

ভগবদ্ভক্তির সর্ব্বার্থসাধকত্ব

বৃহন্নারদপুরাণে শ্রীনারদের বাক্যে যথা—

যেমন জল সমুদায় লোকের জীবনরূপে কথিত হইয়াছে, তদ্রূপ ভক্তিসমস্ত সিদ্ধির জীবন জানিতে হইবে ॥ ৩২৭ ॥

যেমন জননীকে আশ্রয় করিয়া সমস্ত প্রাণী জীবন ধারণ করে, তদ্রূপ ভক্তিকে আশ্রয় করিয়া সর্ব্বপ্রকার সিদ্ধি জীবিত থাকে ॥৩২৮॥

ধ্বজারোপণমাহাত্ম্যে শ্রীবিষ্ণুদূতের বাক্যে ॥

মহাপাতক যুক্তই হউক বা সমুদায় পাপেই লিপ্ত হউক, ভগবদ্ভক্তি

ঈপ্সিতাং ভগবদ্ভক্ত্যা লভতে পরমাং গতিং ॥ ৩২৯ ॥

পাদ্মে বৈশাখমাহাত্ম্যে যমব্রাহ্মণসম্বাদে ॥

অপত্যং দ্রবিণং দারা হারা হর্ম্ম্যং হয়া গজাঃ।
সুখানি স্বর্গমোক্ষৌ চ ন দূরে হরিভক্তিতঃ ॥ ৩৩০ ॥

প্রথমস্কন্ধে ॥

বাসুদেবে ভগবতি ভক্তিযোগঃ প্রযোজিতঃ।
জনয়ত্যাশু বৈরাগ্যং জ্ঞানঞ্চ যদহৈতুকং ॥ ৩৩১ ॥

একাদশে চ ভগবদুদ্ধবসম্বাদে ॥

হারা মনোহরাঃ মুক্তাবল্যো বা। তৈশ্চ সর্ব্বাণি ভূষণানি উপলক্ষ্যন্তে। সুখানি রাজ্যাদিসম্পত্তয়ঃ হরিভক্তিতো দূরে ন ভবন্তি কিন্তু তদাশ্রিতানি। অতএব লভ্যন্ত ইত্যর্থঃ ॥ ৩৩০

অহৈতুকং শুষ্কতর্কাদ্যগোচরং ঔপনিষদমিত্যর্থঃ। যদ্বা। নিষ্কামজনপ্রাপ্যপদং যৎ মোক্ষাখ্যং বা তচ্চ। যদ্বা। ফলাভিসন্ধিরহিতং প্রেম চ জনয়তীত্যর্থঃ ॥ ৩৩১ ॥

দ্বারা পরম অভীষ্ট ফল-লাভ হইয়া থাকে ॥ ৩২৯ ॥

পদ্মপুরাণে বৈশাখমাহাত্ম্যে যম ব্রাহ্মণসম্বাদে ॥

পুত্র, ধন, ভার্য্যা, মুক্তামালা, অট্টালিকা, অশ্ব, গজ, সুখ সমুদায় এবং স্বর্গ ও মোক্ষ প্রভৃতি কেহই হরিভক্তির দূরবর্ত্তি নহে, সকলই হরিভক্তির আশ্রিত, সুতরাং হরিভক্তের তাহা লাভ করা সুগম ॥ ৩৩০

প্রথমস্কন্ধে ২ অধ্যায়ে ৭ শ্লোকে ॥

হে ঋষিগণ! ভগবান্ বাসুদেবে ভক্তিযোগ প্রযোজিত হইলে আশু বৈরাগ্য এবং জ্ঞান উৎপন্ন হয়, সে জ্ঞানে শুষ্ক তর্কাদি প্রবেশ করিতে পারে না ॥ ৩৩১ ॥

১১ স্কন্ধে ২০ অধ্যায়ে ৩২। ৩৩ শ্লোকে ॥

শ্রীভগবান্ ও উদ্ধবসম্বাদে ॥

যৎকর্ম্মভির্যত্তপসা জ্ঞানবৈরাগ্যতশ্চ যৎ।
যোগেন দানধর্ম্মেণ শ্রেয়োভিরিতরৈরপি।
সর্ব্বং মদ্ভক্তিযোগেন মদ্ভক্তো লভতেঽঞ্জসা।
স্বর্গাপবর্গং মদ্ধাম কথঞ্চিদ্যদি বাঞ্ছতি॥ ৩৩২॥

অতএবোক্তং দ্বিতীয়ে॥

অকামঃ সর্ব্বকামো বা মোক্ষকাম উদারধীঃ।

ইতরৈস্তীর্থযাত্রাব্রতাদিভিরপি শ্রেয়ঃসাধনৈর্যদ্ভাব্যং সত্বশুদ্ধ্যাদি তৎ সর্ব্বমনায়াসেনৈব লভতে। তথা স্বর্গমপবর্গং মদ্ধাম চ বৈকুণ্ঠং লভত এব। যদি বাঞ্ছতীতি বাঞ্ছা তু নাস্তীত্যুক্তং। তত্র কথঞ্চিদিতি স্বর্গাপবর্গয়োস্তুচ্ছতামনুভবিতুং। কিম্বা স্বর্গে দেবতাঃ শ্রীবিষ্ণুং দ্রষ্টুং স্বর্গং ভক্তিবিঘ্নসাংসারিক দুঃখতরণার্থঞ্চাপবর্গং বৈকুণ্ঠলোকে সাক্ষাৎ মৎসেবার্থং চেত্যেবং প্রকারেণ বাঞ্ছন্তি চেদিত্যর্থঃ। বৈকুণ্ঠবাঞ্ছা চ তত্রত্যবিভূতিশ্রবণাৎ ভক্তিরসপুষ্টত্বেনানন্ত্যাপেক্ষ্যত্বাদ্বা॥ ৩৩২॥

অকামঃ একান্তভক্তঃ। সর্ব্বকামঃ ব্রহ্মবর্চ্চসকামস্ত্বিত্যাদ্যষ্টশ্লোকোক্তব্রহ্মবর্চ্চসাদিকামঃ উক্তানুক্তাখিলকামো বা। উদারধীঃ মহাবুদ্ধিশ্চেৎ। তদা পরং পুরুষং শ্রীকৃষ্ণং ভজেৎ। তীব্রেণ দৃঢ়েন। যদ্বা। অকামো বৈরাগ্যকামঃ। উদারধীঃ ভগবদেকপ্রাপ্তিকামো বা

কর্ম্ম দ্বারা, তপস্যা দ্বারা, জ্ঞান দ্বারা, বৈরাগ্য দ্বারা, যোগ দ্বারা, দান-ধর্ম্ম দ্বারা বা অন্য তীর্থযাত্রা ব্রতাদি শ্রেয়ঃ সাধন দ্বারা যাহা কিছু লাভ হয়॥

আমার ভক্ত আমার ভক্তিযোগ দ্বারা এ সমুদায় অনায়াসে লাভ করেন এবং যদি বাঞ্ছা করেন, তাহা হইলে স্বর্গ, অপবর্গ (মুক্তি) অথবা আমার সালোক্যও লাভ করিতে পারেন॥ ৩৩২॥

অতএব দ্বিতীয়স্কন্ধে ৩ অধ্যায়ে ১০ শ্লোকে
কথিত হইয়াছে॥

শুকদেব কহিলেন, মহারাজ! যাহাদের উদার বুদ্ধি এবং ভগবানের একান্ত ভক্ত তাহাদের পূর্ব্ব কথিত ও অকথিত কোন কামনা থাকুক বা না থাকুক, অথবা মোক্ষেতেই স্পৃহা হউক, তাঁহারা অত্যন্ত

তীব্রেণ ভক্তিযোগেন যজেত পুরুষং পরং ॥ ৩৩৩ ॥

মোক্ষাধিকত্বং তৃতীয়ে—

কাপিলেয়ে ॥

অনিমিত্তা ভাগবতী ভক্তিঃ সিদ্ধের্গরীয়সী ॥

জরয়ত্যাশু যা কোষং নিগীর্ণমনলো যথা ॥ ৩৩৪ ॥

পঞ্চমে শ্রীঋষভদেবচরিত্রান্তে ॥

যস্যামেব কবয় আত্মানমবিরতং বিবিধ-

বৃজিনসংসারপরিতাপোপতপ্যমানমনুসবনং

অন্যৎ সমানং ॥ ৩৩৩ ॥

অনিমিত্তা নিষ্কামা সিদ্ধের্মুক্তেরপি গরীয়সী। মুক্তিশ্চানুষঙ্গিকী ভবত্যেবেত্যাহ যা ভক্তিঃ কোষং লিঙ্গশরীরং জরয়তি ক্ষপয়তি। প্রযত্নং বিনৈব সিদ্ধৌ দৃষ্টান্তঃ। নিগীর্ণঃ ভুক্তমন্নং জাঠরোঽগ্নির্যথা জরয়তীতি। দেবানাং গুণলিঙ্গানামিত্যাদিশ্লোকোঽত্র ন সংগৃহীতঃ। তত্র ভক্তিলক্ষণোক্তেঃ গরীয়স্ত্বঞ্চ ভক্তেস্তত্রৈবোক্তং নৈকাত্মতাং মে স্পৃহয়ন্তি কেচিদিত্যাদিশ্লোকপঞ্চকেন। তদত্রানুপযোগান্ন সংগৃহীতং। এবমন্যদপ্যূহ্যং ॥ ৩৩৪ ॥

ভগবতি তস্মিন্ বাসুদেবে একান্ততো ভক্তিরনয়োরপি সমনুবর্ত্তত ইতি পূর্ব্বগদ্যান্তক্তি-

---

ভক্তিযোগে নিরুপাধি পরমেশ্বরের উপাসনায় আসক্ত হয়েন ॥ ৩৩৩ ॥

ভগবদ্ভক্তির মোক্ষ অপেক্ষাও অধিকত্ব—

৩ স্কন্ধে ২৫ অধ্যায়ে ২৯ শ্লোকে ॥

কপিলদেব কহিলেন, মা! নিষ্কামা ভাগবতী ভক্তি মুক্তি অপেক্ষাও শ্রেষ্ঠা, ঐ প্রকার ভক্তি হইলে প্রসঙ্গতঃ মুক্তিও হইয়া থাকে, কেন না, সেই ভক্তি, যেমন জঠরানল ভুক্ত অন্ন জীর্ণ করে তাহার ন্যায় অচিরেই লিঙ্গশরীরকে ক্ষয় করিয়া দেন ॥ ৩৩৪ ॥

৫ স্কন্ধে ৬ অধ্যায়ে ১৭ গদ্যে শ্রীঋষভদেবের

চরিত্রের শেষে ॥

শুকদেব কহিলেন, হে রাজন্! যাহাতে পণ্ডিত সকল আপনাদের আত্মা যাহা বিবিধ পাপরূপ সংসার তাপে অনবরত তপ্ত হইতেছে,

স্নাপয়ন্তস্তয়ৈব পরয়া নির্বৃত্যা হ্যপবর্গমাত্যন্তিকং
পরমপুরুষার্থমপি স্বয়মাসাদিতং ন এবাদ্রিয়ন্তে
ভগবদীয়ত্বেনৈব পরিসমাপ্তসর্ব্বার্থাঃ ॥ ৩৩৫ ॥
দ্বাদশে চ শ্রীমার্কণ্ডেয়মুদ্দিশ্য শ্রীশিবোক্তৌ ॥
নৈবেচ্ছত্যাশিষঃ ক্বাপি ব্রহ্মর্ষির্মোক্ষমপ্যুত।
ভক্তিং পরাং ভগবতি লব্ধবান্ পুরুষেঽব্যয়ে ॥ ২৩৬ ॥

রনুবর্ত্তত এব। অতো যস্যাং ভক্তাবেব নতু যোগাদিষু অনুসবনমবিরতং চাত্মানং স্নাপয়ন্ত ইতি পরমানন্দরসময়ত্বং সূচিতং। আত্যন্তিকং পমমপুরুষার্থমপি। যদ্বা। আত্যন্তিকং সাযুজ্যরূপমপি। অতঃ পরমপুরুষার্থমপ্যপবর্গং মোক্ষং। যদ্বা। অপবর্গং আত্যন্তিক-পরমপুরুষার্থং শ্রীবৈকুণ্ঠলোকমপি। এবং সতীদং গদ্যমগ্রে স্বতঃ পরমপুরুষার্থতায়াং দ্রষ্টব্যং এবমন্যদপি জ্ঞেয়ং। স্বয়মাসাদিতং আত্মনৈব প্রাপ্তং। যদ্বা। ভগবতা স্বয়মেব দীয়-মানমপি। অনাদরে হেতুঃ। ভগবদীয়ত্বেনৈব পরিতঃ সমাপ্তাঃ সম্যক্ প্রাপ্তাঃ সর্ব্বে পুরুষার্থা যৈঃ ॥ ৩৩৫ ॥

আশিষঃ অভ্যুদয়লক্ষণাঃ। উত স্বিতৌ। তত্র হেতুঃ ভক্তিমিতি। অব্যয়ে পরিপূর্ণে পুরুষে শ্রীকৃষ্ণে ॥ ৩৩৬ ॥

তাহাকে স্নান করাইয়া তদ্দ্বারা পরমনির্বৃতি প্রাপ্ত হন, তাহাতে পরমপুরুষার্থ যে মুক্তি পদার্থ, তাহা বিনা প্রার্থনায় ভগবানের প্রসাদে আপনা হইতে উপস্থিত হইলেও তাহার প্রতি আদর করেন না, কারণ তাঁহারা ভগবানের পুরুষ, এ প্রযুক্ত সকল পুরুষার্থই সম্যক্‌রূপে প্রাপ্ত হইয়াছেন ॥ ৩৩৫ ॥

১২ স্কন্ধে ১০ অধ্যায়ে ৬ শ্লোকে
মার্কণ্ডেয়কে উদ্দেশ করিয়া শ্রীশিবের বাক্য ॥

শ্রীশিব কহিলেন, দেবি! এ ব্যক্তি অব্যয় পুরুষ ভগবানে পরম-ভক্তি লাভ করিয়াছেন, অতএব ইনি আর কোন প্রকার অভ্যুদয় বা মুক্তি পর্য্যন্ত ইচ্ছা করেন না ॥ ৩৩৬ ॥

অতএবোক্তং পঞ্চমে শ্রীভগবন্তমুদ্দিশ্য বাদরায়ণিনা ॥

যোদুস্ত্যজক্ষিতিসুতস্বজনার্থদারান্
প্রার্থ্যাং শ্রিয়ং সুরবরৈঃ সদয়াবলোকাং ।
নৈচ্ছন্নৃপস্তদুচিতং মহতাং মধুদ্বিট্-
সেবানুরক্তমনসামভবোঽপি ফল্গুঃ ॥ ৩৩৭ ॥

একাদশে চ ভগবতা ॥

ন পারমেষ্ঠ্যং ন মহেন্দ্রধিষ্ণ্যং

য এবম্ভূতোঽসৌ নৃপঃ স ক্ষিত্যাদীন্ নৈচ্ছদিতি যৎ তদুচিতং । সদয়াবলোকাং ভরতস্য দয়া যথা ভবতি এবমবলোকোযস্যাস্তামিতি পরিজনাবলোকঃ শ্রিয়ামুপচর্য্যতে । যদ্বা । সাক্ষাৎ ভূতাং ভরতং কৃপয়াবলোকয়ন্তীমপি সর্ব্বসম্পদধিষ্ঠাত্রীং লক্ষ্মীমেব । যতঃ মধুদ্বিষঃ সেবায়াং ভক্তৌ কস্যাঞ্চিদ্বা পরিচর্য্যায়ামপি অনুরক্তং মনোঽপি নতু প্রবৃত্তং সর্ব্বেন্দ্রিয়ং যেষাং তেষাং মহতাং অভবঃ মোক্ষোঽপি ফল্গুস্তুচ্ছএব ॥ ৩৩৭ ॥

রসাধিপত্যং পাতালাদিস্বাম্যং । অপুনর্ভবং মোক্ষমপি । পারমেষ্ঠ্যাদ্যপুনর্ভবান্তে·

৫ স্কন্ধে ১৪ অধ্যায়ে ৪৩ শ্লোকে ।

শ্রীপরীক্ষিতের প্রতি শ্রীশুকদেবের উক্তি ॥

মহারাজ ! সেই ভরতের চিত্ত ভগবদ্ভক্তি নিমিত্ত সততই ব্যাকুল থাকিত, ইহাতে তিনি যে দুস্ত্যজ রাজ্য ও পুত্র কলত্র ধন জন ইত্যাদিতে এবং অমরোত্তমদিগের প্রার্থনীয়া লক্ষ্মী যিনি দয়াভাজন হইবার নিমিত্ত তাঁহার প্রতি দীনভাবে অবলোকন করিতেন, তাহাতেও অনিচ্ছা প্রকাশ করেন, ইহা তাঁহার উচিত কর্ম্ম বটে, কারণ যে সকল মহৎ পুরুষের চিত্ত ভগবান্ মধুরিপুর সেবাতে অনুরক্ত, তাঁহাদের নিকট পরম পুরুষার্থ মুক্তিও অতি অকিঞ্চিৎকর হয় ॥ ৩৩৭ ॥

১১ স্কন্ধে ১৪ অধ্যায়ে ১৩ শ্লোকে

শ্রীভগবানের বাক্য ॥

ভগবান্ কহিলেন, আমাতে অর্পিতাত্মা ভক্তপুরুষ আমা ব্যতীত

ন সার্ব্বভৌমং ন রসাধিপত্যং।
ন যোগসিদ্ধীরপুনর্ভবং বা
ময্যর্পিতাত্মেচ্ছতি মদ্বিনান্যৎ ॥ ৩৩৮ ॥
অতএবোক্তং ষষ্ঠে ॥
শ্রীরুদ্রেণ ॥
বাসুদেবে ভগবতি ভক্তিমুদ্বহতাং নৃণাং।
জ্ঞানবৈরাগ্যবীর্য্যাণাং নেহ কশ্চিদ্ব্যপাশ্রয়ঃ ॥ ৩৩৯ ॥
বিষ্ণুপুরাণে চ শ্রীপ্রহ্লাদেন ॥
ধর্ম্মার্থকামৈঃ কিং তস্য মুক্তিস্তস্য করে স্থিতা।

যেষু ক্রমেণ শ্রীভগবদ্ভক্তের্ন্যূনতয়া তেষাং ন্যূনতাভিপ্রায়েণৈবং ব্যাখ্যেয়ং। পারমেষ্ঠ্যমপি নেচ্ছতি কিম্পুনর্মহেন্দ্রধিষ্ণ্যমিত্যাদি। মদ্বিনা মাং হিত্বা অন্যন্নেচ্ছতি অহমেব তস্য শ্রেষ্ঠ ইত্যর্থঃ। যদ্বা মদ্বিনা মদ্ভক্তিং বিনা অন্যৎ শ্রীবৈকুণ্ঠবাসাদিকমপি নেচ্ছতীত্যর্থঃ ॥ ৩৩৮ ॥

তদেব সর্ব্বনৈরপেক্ষ্যেণ দ্রঢ়য়তি বাসুদেব ইতি দ্বাভ্যাং। জ্ঞানবৈরাগ্যয়োর্ বীর্য্যং বলং যেষাং তয়োরপি বীর্য্যং যেভ্য ইতি বা। ব্যপাশ্রয়ঃ বিশিষ্টবুদ্ধ্যা আশ্রয়ণীয়োঽর্থো-নাস্তি ॥ ৩৩৯ ॥

করে স্থিতা অধীনাভূদিত্যর্থঃ। অতস্তস্যামাদরো নাস্তীতি ভাবঃ। যদ্বা। স্বাশ্রিতেভ্যো

অন্য ব্রহ্মালোক অথবা ইন্দ্রলোক, কিম্বা সার্ব্বভৌমপদ অথবা পাতালের আধিপত্য কিম্বা যোগসিদ্ধি বা নির্ব্বাণ মুক্তি কিছুই ইচ্ছা করেন না ॥ ৩৩৮ ॥

অতএব ৬ স্কন্ধে ১৭ অধ্যায়ে ২৬ শ্লোকে ॥

ভগবদ্ভক্তদিগের নিস্পৃহত্ব উপযুক্তই বটে, কারণ যাঁহারা ভগবান্ বাসুদেবে ভক্তি বহন করেন তাঁহারা জ্ঞান ও বৈরাগ্যের বীর্য্য সম্পন্ন, তাঁহাদের "এই বস্তু অতি উৎকৃষ্ট" এই বুদ্ধিতে আশ্রয়ণীয় অন্য পদার্থ নাই ॥ ৩৩৯ ॥

বিষ্ণুপুরাণেও শ্রীপ্রহ্লাদের বাক্য ॥

হে ভগবন্! তুমি সমুদায় জগতের মূলস্বরূপ তোমাতে যাঁহার

সমস্তজগতাং মূলে যস্য ভক্তিঃ স্থিতা ত্বয়ি ॥ ৩৪০ ॥

অতএবোক্তং নারসিংহে ॥

পত্রেষু পুষ্পেষু ফলেষু তোয়ে-
ষ্বক্রীতলভ্যেষু সদৈব সৎসু।
ভক্ত্যা সুলভ্যে পুরুষে পুরাণে
মুক্তৌ কিমর্থং ক্রিয়তে প্রযত্নঃ ॥ ৩৪১ ॥

অতএবোক্তং প্রথমস্কন্ধে ॥

আত্মারামাশ্চ মুনয়ো নির্গ্রন্থা অপ্যুরুক্রমে।

মুমুক্ষুভ্যো দাতুং করে গৃহীতেত্যর্থঃ। অতস্তস্যাং স্বার্থাভাবাত্তৈরপেক্ষমেব সিদ্ধং। সমস্তজগতাং সাধকানাং সিদ্ধানাঞ্চ সর্ব্বেষাং মূলে আশ্রয়ে। অতোমূলাপেক্ষয়া পত্রাদি স্থানীয়াম্যপেক্ষ্যাণ্যেবেতি ভাবঃ ॥ ৩৪০ ॥

অক্রীতেষু চ তেষু তথাপি লভ্যেষু সৎসু। যদ্বা। ভাবে ক্তঃ ক্রয়ং বিনাপি লভ্যেষ্বিত্যর্থঃ। এবং ভক্তিসাধনানাং সুলভতা দর্শিতা। ভক্ত্যা চ সুলভে পুরাপি নবঃ পুরাণঃ শ্রীকৃষ্ণ ইত্যর্থঃ। তস্মিন্ ইতি ভজনীয়স্য সুসাধ্যতা দর্শিতা। মুক্ত্যৈ প্রযত্নঃ কিমর্থং ক্রিয়তে। আনুষঙ্গিকত্বেন তস্যাঃ স্বতএব সিদ্ধেঃ। কিম্বা সাধ্যে সিদ্ধে সাধনপ্রয়াসানুপযোগাৎ। পরমবস্তুনি সুলভে তুচ্ছবস্ত্বর্থং প্রয়াসোঽনুচিত ইতি ॥ ৩৪১ ॥

আত্মারামা ব্রহ্মনিষ্ঠা অপি। অতএব নির্গ্রন্থা গ্রন্থিভ্যোনির্গতাঃ। তদুক্তং গীতাসু। যদা তে মোহকলিলং বুদ্ধির্ব্যতিতরিষ্যতি। তদা গন্তাসি নির্ব্বেদং শ্রোতব্যস্য শ্রুতস্য

ভক্তি আছে, তাঁহার ধর্ম্মার্থ কামে কি হইবে এবং মুক্তি তাঁহার করে অবস্থিত ॥ ৩৪০ ॥

অতএব নৃসিংহপুরাণে কথিত হইয়াছে ॥

যেমন পত্র, পুষ্প, ফল ও জল ক্রয় ব্যতিরেকেও সর্ব্বদা লাভ হয়, তদ্রূপ ভক্তি দ্বারা পুরাতন পুরুষ শ্রীকৃষ্ণ অনায়াসে লাভ হওয়ায় কি জন্য মুক্তির নিমিত্ত যত্ন করিবে ॥ ৩৪১ ॥

অতএব প্রথম স্কন্ধে ৭ অধ্যায়ে ১০ শ্লোকে ॥

সূত কহিলেন আত্মারাম মুনি সকলের কোন প্রকার হৃদয়-গ্রন্থি

কুর্ব্বন্ত্যহৈতুকীং ভক্তিমিত্থম্ভূতগুণো হরিঃ ॥ ৩৪২ ॥

শ্রীবৈকুণ্ঠলোকপ্রাপকত্বং—

বামনে ॥

যেষাঞ্চক্রগদাপাণৌ ভক্তিরব্যভিচারিণী।

তে যান্তি নিয়তং স্থানং যত্র যোগেশ্বরো হরিঃ ॥ ৩৪৩ ॥

স্কান্দে ॥

মুনির্জাপ্যপরো নিত্যং দৃঢ়ভক্তির্জিতেন্দ্রিয়ঃ।

স্বগৃহেঽপি বসন্ যাতি তদ্বিষ্ণোঃ পরমং পদং ॥ ৩৪৪ ॥

চেতি। যদ্বা গ্রন্থিরেব গ্রন্থঃ নিবৃত্তহৃদয়গ্রন্থয় ইত্যর্থঃ। নন্থ মুক্তানাং কিং ভক্ত্যেত্যাদি-সর্ব্বাক্ষেপপরিহারার্থমাহ ইত্থম্ভূতগুণ ইতি। অত্যনির্ব্বচনীযপরমাকর্ষকভক্তিগুণত্বাদিত্যর্থঃ। তচ্চ শ্রীভাগবতামৃতোত্তরখণ্ডে ব্যুৎপাদিতমেবাস্তি ॥ ৩৪২ ॥

যোগেশ্বরো ভক্তিযোগপ্রাপ্যঃ ॥ ৩৪৩ ॥

জাপ্যং ভগবতো মন্ত্রঃ নাম বা তৎপরঃ অতোদৃঢ়ভক্তিঃ। অতএব জিতেন্দ্রিয়ঃ। বিপরীতো বা হেতুহেতুমদ্ভাবঃ ॥ ৩৪৪ ॥

না থাকিলেও তাঁহারাও উরুক্রম শ্রীকৃষ্ণে ফলাভিসন্ধিরহিতা ভক্তি করিয়া থাকেন, হরির তাদৃশ অসাধারণ গুণ যে মুক্ত অমুক্ত সকলেই তদর্থ সমুৎসুক হয়েন ॥ ৩৪২ ॥

শ্রীভগবদ্ভক্তির বৈকুণ্ঠলোক প্রাপকত্ব—

যথা বামনপুরাণে ॥

যাঁহাদিগের চক্র গদা পাণিতে অব্যভিচারিণী ভক্তি আছে, তাঁহারা যে স্থানে ভক্তিযোগ প্রাপ্য হরি বিরাজমান, নিয়ত সেই স্থানে গমন করেন ॥ ৩৪৩ ॥

স্কন্দপুরাণে ॥

যে মুনি নিত্য ভগবন্মন্ত্র জপপরায়ণ, দৃঢ়-ভক্তি-সম্পন্ন এবং জিতেন্দ্রিয়, তিনি স্বীয় গৃহে বাস করিয়াই, প্রসিদ্ধ বিষ্ণুর পরমপদ বৈকুণ্ঠ প্রাপ্ত হয়েন ॥ ৩৪৪ ॥

তৃতীয়স্কন্ধে শ্রীবৈকুণ্ঠবর্ণনে ॥

যদ্বৈ ব্রজন্ত্যনিমিষামৃষভানুবৃত্ত্যা
দূরে যমা হ্যুপরি নঃ স্পৃহণীয়শীলাঃ।
ভর্ত্তুর্মিথঃ সুযশসঃ কথনানুরাগ-
বৈক্লব্যবাষ্পকলয়া পুলকীকৃতাঙ্গাঃ ॥ ৩৪৫ ॥

দশমে চ শ্রীব্রহ্মস্তবে ॥

যচ্চ নোঽস্মাকং সর্ব্বদেবানামুপরিস্থিতং ব্রজন্তি। কে অনিমিষাং দেবানামৃষভঃ শ্রেষ্ঠো হরিস্তস্যানুবৃত্ত্যা ভক্ত্যা দূরে যমো যেষাং তে। যদ্বা। দূরীকৃতযমনিয়মাঃ। দূরেঽহমিতি পাঠে দূরীকৃতাহঙ্কারা ইত্যর্থঃ। স্পৃহণীয়ং করুণাদি ভগবদ্ভজনাদি বা শীলং স্বভাবো যেষাং। যদ্বা। অস্মৎপ্রার্থ্যং শীলং যেষাং। কিঞ্চ ভর্ত্তুর্হরের্যং সুযশস্তস্য মিথঃকথনেন যঃ প্রেমাবির্ভাবস্তেন বৈক্লব্যং বৈবশ্যং তেন যা বাষ্পকলা তয়া সহ পুলকীকৃতমঙ্গং যেষাং তে। ইত্যনুবৃত্তিলক্ষণমুক্তং। যদ্বা। তথা ভূতাঃ সন্তো ব্রজন্তীতি গমনপ্রকারঃ। যদ্বা। ন উপরীতি ব্রজতাং বিশেষণং। নিরহঙ্কারত্বাদপ্যস্মত্তোঽপি যেঽধিকাস্তে ইত্যর্থঃ ॥ ৩৪৫ ॥

তৃতীয়স্কন্ধে ১৫ অধ্যায়ে ২৫ শ্লোকে ॥

শ্রীবৈকুণ্ঠবর্ণনে ॥

ব্রহ্মা কহিলেন হে দেবগণ! যাঁহারা অহঙ্কারশূন্য এবং আমাদের অপেক্ষাও অধিক যোগী, তাঁহারা এই বৈকুণ্ঠধামে গমন করিতে পারেন। তাঁহারা ভগবান্ হরির নিরন্তর অনুবৃত্তি করাতে এরূপ প্রভাবশালী যে যমও তাঁহাদের নিকট যাইতে সমর্থ হয়েন না, তাহাদের ভক্তির কথা কি বলিব পরস্পর বসিয়া ভগবানের যশঃ কথনে এমত অনুরাগ প্রকাশ করেন যে, তজ্জন্য অবশতা ও বাষ্পোদ্গম হওয়াতে শরীর লোমাঞ্চিত হয়, এই নিমিত্তও তাঁহাদের কারুণ্যাদি স্বভাব সকলেরই স্পৃহণীয় ॥ ৩৪৫ ॥

১০ স্কন্ধে ১৪ অধ্যায়ে ৫ শ্লোকে ॥

ব্রহ্মস্তবেও ॥

পুরেহ ভূমন্ বহবোঽপি যোগিন-
স্ত্বদর্পিতেহা নিজকর্ম্মলব্ধয়া।
বিবুধ্য ভক্ত্যৈব কথোপনীতয়া
প্রপেদিরেঽঞ্জোঽচ্যুত তে গতিং পরাং ॥ ৩৪৬ ॥
শ্রীভগবত্তোষণং ॥
বৃহন্নারদীয়ে ভগবত্তোষপ্রশ্নোত্তরে ॥
সর্ব্বদেবময়ো বিষ্ণুঃ শরণার্ত্তিপ্রণাশনঃ।

ভক্ত্যৈব বৈকুণ্ঠপ্রাপ্তির্নান্যথেত্যত্র সদাচারং প্রমাণয়তি। ভূমন্ হে অপরিচ্ছিন্নমাহাত্ম্য ইহ লোকে পূর্ব্বং যোগিনোঽপি সন্তঃ যোগৈ র্জ্ঞানমপ্রাপ্য পশ্চাত্ত্বদর্পিতেহাঃ ত্বয়ি অর্পিতা লৌকিক্যপি ঈহা চেষ্টা যৈস্তে। নিজকর্ম্মলব্ধয়া ত্বদর্পিতৈ র্নিজৈঃ কর্ম্মভির্ধর্ম্মলক্ষণৈর্লব্ধয়া। অর্পিতা ঈহা চ নিজকর্ম্মাণি চ। তৈর্লব্ধয়েত্যেকমৃা পদং। কথোপনীতয়া কথয়া ত্বৎসমীপং প্রাপিতয়া। যদ্বা কথয়া উপস্থাপিতয়া কথাপ্রধানয়েত্যর্থঃ। যদ্বা কথাপ্রবর্ত্তিতয়েত্যর্থঃ। ভক্ত্যৈব বিবুধ্য তত্ত্বং জ্ঞাত্বা অঞ্জঃ সুখেনৈব তে পরাং পরমাং গম্যত ইতি গতিং গম্যপদং প্রাপ্তাঃ ॥ ৩৪৬ ॥

